শুদ্ধিতত্ত্বম্ ।

স্মার্ত্ত-শ্রীরঘুনন্দন-ভট্টাচার্য্য-প্রণীতম্ ।

মহামহোপাধ্যায়-শ্রীকাশিরাম-বাচস্পতি-

বিরচিতয়া টীকয়া সহিতম্

কলিকাতা-রাজকীয় সংস্কৃতপাঠশালাস্থতম-

সংস্কৃতাধ্যাপক-বিদ্যোদয়-সম্পাদক-

ভট্টপল্লীবাস্তব্য-

পণ্ডিত-শ্রীহৃষীকেশ-শাস্ত্রিণা

বঙ্গভাষয়ানূদিতং সম্পাদিতঞ্চ ।

কলিকাতা,

৩৮।২ নং ভবানীচরণ দত্তের ষ্ট্রীট, "বঙ্গবাসী" ইলেক্‌ট্রো-মেসিন-প্রেসে

শ্রীনটবর চক্রবর্ত্তী কর্ত্তৃক

মুদ্রিত ও প্রকাশিত।

১৩১৫ সাল ।

মূল্য ৩৲ তিন টাকা ।

বিজ্ঞাপন।

প্রসিদ্ধ-স্মার্ত্ত-মহামহোপাধ্যায়-শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্য-প্রণীত শুদ্ধিতত্ত্ব নামক সুপ্রসিদ্ধ নিবন্ধ, অদ্য মহামহোপাধ্যায় শ্রীকাশিরাম বাচস্পতিকৃত সংস্কৃত টীকা, এবং মৎপ্রণীত বঙ্গভাষায় লিখিত অনুবাদ ও ব্যাখ্যানের সহিত প্রকাশিত হইল। রঘুনন্দনকৃত অষ্টাবিংশতিতত্ত্বগুলিকে এই ভাবে প্রকাশকরা আমার সঙ্কল্প; তন্মধ্যে তিনখানি মাত্র প্রকাশিত হইল, বাকী এখনও পঁচিশখানি। যদি আমার উপর শ্রীভগবানের কৃপাদৃষ্টি থাকে, বঙ্গবাসীর বর্ত্তমান স্বত্বাধিকারী পরম স্নেহাস্পদ শ্রীমান্ বরদাপ্রসাদ বসুকে তিনি সর্ব্বপ্রকার কুশলে রাখেন এবং সহৃদয় পাঠকবৃন্দের যদি এই ভাবে প্রকাশিত রঘুনন্দনের নিবন্ধগুলি রুচিকর হইতেছে বলিয়া জানা যায়, তবে অবশিষ্ট নিবন্ধগুলি যে, অতি অল্প কালের মধ্যেই প্রকাশিত হইবে, তাহাতে সন্দেহ নাই।

কম্পোজ করিবার সুবিধা হইবে বলিয়া, এই শুদ্ধিতত্ত্বের মূল ও টীকা অংশটুকু স্মৃতিশাস্ত্রে বিশেষ ব্যুৎপন্ন পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত চণ্ডীচরণ স্মৃতিভূষণ মহাশয় কর্ত্তৃক সম্মুদ্রিত পুস্তক হইতেই সংগ্রহ করা হইয়াছে, এজন্য শ্রীযুক্ত স্মৃতিভূষণ মহাশয়ের নিকট সম্পূর্ণ কৃতজ্ঞতা প্রকাশ করিতেছি। তবে এস্থলে ইহাও বক্তব্য যে, তাঁহার মুদ্রিতপুস্তকে মূলে গদ্য পদ্য একসা ক'রেই প্রকাশিত হইয়াছে, পাঠকগণের বোধসৌকর্য্যার্থ আমি এই পুস্তকে গদ্যকে গদ্য এবং পদ্যকে পদ্যাকারেই প্রকাশ করিয়াছি। আর একটি কথা, তাঁহার মুদ্রিত পুস্তকের অধিকাংশ স্থলে "প্যারা" বিভাগ বিষয়ে সম্পূর্ণ বিশৃঙ্খলতাই লক্ষিত হয়, আমরা সে দোষ শোধরাইবার অনেকটা চেষ্টা করিয়াছি, তবে কতদূর কৃতকার্য্য হইয়াছি বলিতে পারি না। তার পর অনুবাদের কথা, ইহা ভালই হোক, আর মন্দই হোক সম্পূর্ণ আমার নিজস্ব; পূর্ব্ব প্রকাশিত উদ্বাহতত্ত্ব এবং তিথিতত্ত্বের অনুবাদে যেরূপ পরিশ্রম করিয়াছি, তদপেক্ষা অধিক পরিশ্রম এবং যত্নসহকারেই এই শুদ্ধিতত্ত্বের অনুবাদ করিয়াছি, তবে "আ পরিতোষাদ্ বিদুষাং ন সাধু মন্যে প্রয়োগবিজ্ঞানম্" যে পর্য্যন্ত ইহা পাঠ করিয়া সহৃদয়গণের পরিতোষলাভ না হয়, সে পর্য্যন্ত নিজের

পরিশ্রমকে সফল মনে করিতে পারিতেছি না। যাহাহৌক, আমি সাধ্যানু-সারেই এই পুস্তকখানিকে সম্পূর্ণরূপ বিশুদ্ধভাবে মুদ্রিত করিতে চেষ্টা করিয়াছি, এবং সে বিষয়ে বঙ্গবাসীর শাস্ত্রপ্রকাশবিভাগের অধিকৃত পণ্ডিত মহাশয়গণ ইহার প্রুফসংশোধন কার্য্যে সম্পূর্ণ সহায়তা করিয়াছেন। তাঁহারা দয়াপরবশ হইয়া সেরূপ সহায়তা না করিলে, আমি যে কতকালে এই পুস্তকখানিকে লোকসমাজে প্রকাশ করিতে সমর্থ হইতাম, তাহা বলিতে পারি না। এইজন্য তাঁহাদিগকে অসংখ্য ধন্যবাদ দিতেছি।

শ্রীহৃষীকেশ শর্ম্মা।

ভূমিকা।

আজ কাল আমাদের মধ্যে সম্পূর্ণ বিকৃতভাবের প্রাদুর্ভাব পরিলক্ষিত হইলেও স্ত্রীলোকের মধ্যে ব্রত নিয়ম প্রভৃতি নিত্য নৈমিত্তিক ধর্ম্মকার্য্যের অনুষ্ঠান এবং সাধারণতঃ অশৌচ গ্রহণ, এইরূপ কতকগুলি কার্য্য এখনও সম্পূর্ণরূপে বিলোপ প্রাপ্ত হয় নাই। এক্ষণে লোকে শ্রদ্ধাতেই হৌক্, বা অশ্রদ্ধাতেই হৌক্ যাহা কিছু ধর্ম্মকার্য্যের অনুষ্ঠান করে, তাহা কিন্তু ব্যবস্থাপক সুপণ্ডিত পুরোহিতের অভাবে, ঠিক নিয়মিতরূপে সম্পাদিত হয় না বলিয়া, আমরা প্রথমে অতি-সরল বঙ্গানুবাদের সহিত তিথিতত্ত্ব প্রকাশিত করিয়াছি, এক্ষণে অশৌচগ্রহণবিষয়ক ব্যবস্থাপ্রার্থীগণ অনেকস্থলে ঠিক শাস্ত্রানুযায়ী ব্যবস্থা প্রাপ্ত হয় না, দেখিতে পাই বলিয়া, ঐরূপ সকলের অনায়াস বোধগম্য বাঙ্গালা অনুবাদের সহিত এই শুদ্ধিতত্ত্ব প্রকাশ করিলাম। দূরস্থিত অজ্ঞ-পল্লীগ্রামের কথা বলিতেছি না, এই বহু পাণ্ডিত্যপূর্ণ মহানগরী কলিকাতার মধ্যেই দেখিয়াছি, কোন ব্রাহ্মণ-প্রসূতির একটি কন্যা জন্মের দুই একদিন পরে একটি সাত আট বৎসর বয়স্ক পুত্রের মৃত্যু হইলে প্রসূতি ঐ পুত্রমৃত্যুর দশ দিনের দিনই অশৌচান্তকৃত্য করিয়া শুদ্ধ হইল, কিন্তু এবং একাদশ দিনের দিন পুরোহিত ঠাকুর আসিয়া নবজাত কন্যার ষষ্ঠী পূজা করিয়া শান্তিজল প্রদানপূর্ব্বক সব শুদ্ধ করিয়া গেলেন। স্থানবিশেষে ইহাও দেখিতে পাওয়া যায়, কোন কোন ব্রাহ্মণপ্রসূতি এককালে পুত্র ও কন্যা যমজ দুইটি সন্তান প্রসব করিয়াও একুশ দিনের দিন ষষ্ঠীপূজা এবং শান্তিজল লইয়া শুদ্ধ সাব্যস্ত হন। পুরোহিত মহাশয়গণ কোন আপত্তিই উত্থাপন করেন না। যখন উচ্চবর্ণ ব্রাহ্মণের ঘরে এই ব্যবস্থা চলিয়াছে, তখন অপর বর্ণের মধ্যে যে কীদৃশ বিশৃঙ্খলতা ঘটিতেছে, তাহা সহজেই

অনুমেয়। এই সকল বিশৃঙ্খলতা নিবারণের আশা করিয়াই অদ্য আমরা এই শুদ্ধিতত্ত্ব মূল, টীকা, এবং অতি সরল বঙ্গানুবাদের সহিত প্রকাশ করিলাম। কারণ, শুদ্ধিতত্ত্বে সকল বর্ণের সকল প্রকার অশৌচের কথা অতি বিস্তৃতভাবেই আলোচিত হইয়াছে এবং ঐ সকল বাক্যের অনুবাদ এত সরল বাঙ্গালায় করা হইয়াছে যে, অক্ষর-পরিচয়মাত্রসম্পন্ন মহিলাগণও ইহা পাঠ করিয়া আপনাদের আপনা-দের অশৌচ স্থির করিয়া লইতে পারিবেন, বিজ্ঞলোকদের ত কথাই নাই। উপরে অশৌচের প্রসঙ্গ তুলিয়াছিলাম বলিয়াই, অশৌচ সম্বন্ধে এত অধিক কথা বলিলাম, নতুবা শুদ্ধিতত্ত্বে কেবল যে অশৌচের কথাই আছে, তাহা নহে। ইহাতে (১) স্ত্রীদিগের স্বামীর সহগমন, (২) স্বামীর অনুগমন, (৩) যোনিসিদ্ধি প্রকরণ, (৪) কর্ম্মসকলের স্বভাবতঃ বহুফলোৎপাদকত্ব কথন, (৫) অশৌচসঙ্কর, (৬) গুরু অশৌচের সহিত মিলনে লঘু অশৌচের বৃদ্ধি, (৭) পূর্ব্ব উৎপন্ন পূর্ণাশৌচ কিরূপ স্থলে আরও অধিক দুইদিন, আর কিরূপ স্থলেই বা আরও অধিক তিনদিন বৃদ্ধি পাইবে, তাহার নিরূপণ (৮) অশৌচান্তদিনের কর্ত্তব্য কর্ম্ম; (৯) জননাশৌচকালে ক্ষৌরকর্ম্মের ব্যবস্থা, (১০) অপর অশৌচের মধ্যেও যে নবজাত পুত্রের জাতকর্ম্মাদি করা যাইতে পারে, তাহার ব্যবস্থা, (১১) গর্ভস্রাব জন্য অশৌচের ব্যবস্থা, (১২) স্ত্রী বালক এবং সন্তানদিগের অশৌচনিরূপণ, (১৩) পূর্ব্বযুগে প্রচলিত সন্তানসম্বন্ধীয় অশৌচের কলিকালে অপ্রচলন, (১৪) পক্ষিণীর লক্ষণ, (১৫) বিদেশস্থ ব্যক্তির মৃত্যু-শ্রবণ জন্য অশৌচ, (১৬) সপিণ্ড প্রভৃতির অশৌচ, (১৭) অশৌচকালে সন্ধ্যাদিনিত্যকর্ম্ম বর্জ্জনের কথা, এবং অশৌচী ব্যক্তির নিকট হইতে গ্রাহ্য বস্তুর নির্ণয়, (১৮) মৃত্যুর প্রকারভেদে অশৌচের প্রকারভেদ নিরূপণ, (১৯) সদ্যঃশৌচের বিচার, (২০) শবানুগমন জন্য অশৌচ, (২১) যেরূপ অশৌচে অশুচির শরীর যতকাল অস্পৃশ্য থাকিবে, তাহার নির্ণয়, (২২) দ্রব্যশুদ্ধির বিচার, (২৩) সূতিকার স্পর্শজন্য অস্পৃশ্যত্বের কথা, (২৪) একদিনে সপিণ্ডদ্বয়ের মৃত্যু জন্য অশৌচের কথা, (২৫) মুমূর্ষুর কর্ত্তব্য, (২৬) কুশপুত্রদাহের ইতি-কর্ত্তব্যতা, (২৭) স্নান হইতে তর্পণমাত্র পর্য্যন্ত প্রেত-ক্রিয়াতে মাত্র

উত্তরীয় বস্ত্রগ্রহণের অনাবশ্যকতানিরূপণ, (২৮) প্রেততর্পণাদিতে পিত্রাদি সম্বন্ধবোধক পদ ব্যবহারের অনাবশ্যকতা কথন, (২৯) যজুর্ব্বেদীয়গণের তর্পণরীতি, (৩০) শোকাপনোদন, (৩১) রাত্রিকালেও পূরকপিণ্ডদানের ব্যবস্থা, (৩২) অশৌচান্তের পরদিনে কর্ত্তব্য ষোড়শদান ও বৃষোৎসর্গ প্রভৃতি কর্ম্মের নিরূপণ, (৩৩) যথাক্রমে প্রেতকার্য্যে অধিকারীদিগের নির্দ্দেশ, (৩৪) সপিণ্ডাদিভেদে অশৌচের নিরূপণ, (৩৫)(১) পূর্ব্বোল্লিখিত ব্যবস্থা সকলের সংক্ষেপে সারসংগ্রহ, (৩৬) এবং অন্ত্যেষ্টিক্রিয়ার পদ্ধতি; এই ছত্রিশটী বিষয়ের প্রধানতঃ আলোচনা করা হইয়াছে এবং প্রসঙ্গক্রমে উল্লিখিত অপরাপর অনেক অবশ্যজ্ঞাতব্য কথারও আলোচনা করা হইয়াছে। আমরা বারম্বার বলিয়া আসিতেছি, রঘুনন্দন এইরূপ পাণ্ডিত্যের সহিত নিবন্ধগুলি নিবদ্ধ করিয়াছেন যে, তাঁহার একখানি মাত্র নিবন্ধ অভিনিবেশ সহকারে পাঠ করিলেই স্মৃতি শাস্ত্রে মোটামুটি একপ্রকার অভিজ্ঞতা জন্মে। আর একটু পরেই প্রদর্শিত এই শুদ্ধিতত্ত্বেরই সূচিপত্র দেখিয়া পাঠকগণ বুঝিতে পারিবেন, এই শুদ্ধিতত্ত্ব পাঠ করিলে কতগুলি জ্ঞাতব্য বিষয়ে অভিজ্ঞতা লাভ হয়।

এক্ষণে এই শুদ্ধিতত্ত্বের মূলতত্ত্ববিষয়ে দুইএকটি কথা বলিয়াই এই ভূমিকার উপসংহার করিব। শ্রুতিতে বলা হইয়াছে "শুচি তৎকালোপজীবী কর্ম্ম কুর্য্যাৎ" ধর্ম্মশাস্ত্রসমূহে যে সকল কর্ম্মানুষ্ঠানের বিধান করা হইয়াছে, সেই সকল কর্ম্মে অধিকার লাভের প্রতি দুইটি কারণ, (১) কর্ম্মানুষ্ঠানকারীর শুচিতা, (২) কর্ম্মানুষ্ঠানকালে তাহার বেঁচে থাকা, অর্থাৎ কর্ম্মানুষ্ঠানকালে কর্ত্তা ব্যক্তি শুচি হইয়া বেঁচে থাকিলেই, স্মৃতিশ্রুতিবিহিত কর্ম্মকলাপানুষ্ঠানে অধিকারী বা সমর্থ হইবে, কেবল তাহা নহে; তথাবিধ সমর্থ হইয়া অবশ্যকর্ত্তব্য কর্ম্ম না করিলে পাপ-

(১) এস্থলে বক্তব্য এই যে, প্রমাদবশতঃ আমাদের বিষয় প্রতিজ্ঞার অনুবাদে একটা বড়ই ত্রুটি হইয়াছে। বিষয়ের সংখ্যা ৩৫ না লিখিয়া ৩৬ লেখা হইয়াছে এবং সংক্ষেপকে একটি স্বতন্ত্র বিষয়রূপে উল্লেখ না করিয়া, সংক্ষিপ্ত "অন্ত্যেষ্টিক্রিয়া" এইরূপ ভুল লেখা হইয়াছে। ৪ পৃষ্ঠার শেষ পংক্তি দেখুন।

ভাগীও হইবে; কাজেই উক্তরূপ কর্ম্মাধিকারিগণের শুচিতা কি প্রকারে উৎপন্ন হয়, তাহা জ্ঞাপন করাই শুদ্ধিতত্ত্বের মূলতত্ত্ব। শুচিতা বলিতে বৈদিক কর্ম্মে অধিকারিত্ব-সম্পাদক ধর্ম্মবিশেষ। ইহা বর্ণাশ্রমীদিগের একপ্রকার স্বাভাবিক ধর্ম্মও বটে এবং যত্নসাধ্যও বটে। অনেক সময় স্বাভাবিক শুচিতা অশৌচ দ্বারা অন্তর্হিত হইয়া পড়ে, তখন আবার ক্রিয়াবিশেষ দ্বারা পুনর্ব্বার তাহার লাভ ব্যতিরেকে কর্ম্মানুষ্ঠান করিতে পারা যায় না, এইজন্য উহাকে যত্নসাধ্য ধর্ম্মও বলিতেছি। অশুচিতা বা অশৌচও আর একটি ধর্ম্ম, যাহার উৎপত্তিতে বৈদিক-কর্ম্মানুষ্ঠানযোগ্যতার সম্পাদক শুচিতার অন্তর্দ্ধান হয়। সুতরাং ইহাকে একটি আগন্তুক অথচ যত্ননাশ্য ধর্ম্ম বলিয়া নির্দ্দেশ করা যাইতে পারে. এই অশুচিতা মনুষ্যশরীরে নানাকারণে প্রবেশ লাভ করে বলিয়া, উহাও নানা প্রকারে পরিগণিত হইয়াছে। কি কি অশুচিতা কত কাল পর্য্যন্ত পূর্ব্বোক্ত স্বাভাবিক শুচিতাকে দুর্ব্বল করিয়া রাখে এবং কোন কোন ক্রিয়া দ্বারাই বা কর্ম্মানুষ্ঠাতৃগণ নিজ শরীরে আবিষ্কৃত ঐ সকল অশুচিতার নাশ করিয়া পুনর্ব্বার স্বকীয় স্বাভাবিক শুচিতা বা শুদ্ধিলাভ করিতে সমর্থ হয়, এই গ্রন্থে এই বিষয়েরই প্রধানরূপে আলোচনা করা হইয়াছে বলিয়া ইহার নাম "শুদ্ধিতত্ত্ব" এবং এই জন্যই ইহার প্রারম্ভে বিস্তৃতভাবে অশৌচের আলোচনা করা আবশ্যক হইয়াছে। অশৌচ সকলের মধ্যে আবার সপিণ্ডাদির জন্ম-মৃত্যুই নিবন্ধন অশৌচই প্রধান। এই জন্যই শুদ্ধিতত্ত্বের প্রারম্ভেই জন্ম-মৃত্যু জন্য অশৌচের বিস্তৃতভাবে আলোচনা করা হইয়াছে। তাই বলি, শুদ্ধিতত্ত্ব নিবন্ধখানি হিন্দুদিগের নিত্যনৈমিত্তি ক্রিয়াকলাপ অনুষ্ঠানের পক্ষে প্রধান সহায়। আপনার শরীরে শুচিতা বা অশুচিতা বিদ্যমান আছে, ইহা ভালরূপে না জানিয়া কর্ম্ম করিলে, অনেক সময় সেই সেই কর্ম্মানুষ্ঠান জন্য শারীরিক ক্লেশ ও অর্থব্যয় সকলই বৃথা হইবার সম্ভাবনা। অশুচি অবস্থায় কর্ম্ম করিলে সে কর্ম্ম যে সম্পূর্ণরূপ নিষ্ফল হয়; তাহা কি আর বলিতে হইবে? এই কারণে বৈদিককর্ম্মচিকীর্ষু ব্যক্তি মাত্রেরই এক এক খানি শুদ্ধিতত্ত্বের পুস্তক নিজস্ব করিয়া রাখা উচিত।

এস্থলে অনুবাদের কথাটার উল্লেখ করিলে নিতান্ত অসঙ্গত হইবে না। এই অনুবাদটি অনেক সাবধানতা সহকারেই করা হইয়াছে। তথাপি ইহার অনেক স্থলে অনেক প্রকার প্রমাদ থাকিবারই খুব সম্ভাবনা; অথবা সম্ভাবনা কেন বাস্তবিকও ঘটিয়াছে; যেহেতু মনুষ্য মাত্রেই ভ্রমের অধীন। তাই পরিশেষে পণ্ডিতমণ্ডলীর নিকট বদ্ধাঞ্জলি হইয়া বিনীতভাবে প্রার্থনা করিতেছি, এই অনুবাদের যে যে স্থলে তাঁহারা ভ্রমপ্রমাদ দর্শন করিবেন, নিজ মহত্ত্বগুণে সংশোধন করিয়া লইবেন, অধিক আর কি বলিব? ইতি তাং ৫ই আশ্বিন, ১৩১৫ সাল।

শ্রীহৃষীকেশ শর্ম্মা।

ভাটপাড়া।

সূচিপত্রম্।

বিষয়ঃ — পত্রাঙ্ক-পংক্ত্যঙ্কাঃ।

বিষয়াঃ	পত্রাঙ্ক-পংক্ত্যঙ্কাঃ।
পরান্নপরগৃহবাসয়োস্ত্যাজ্যতা	৫৫২। ১
পরিভুক্তাদিবস্ত্রদাননিষেধঃ	৫১৬। ৩
পর্ণনরদাহপ্রকরণম্	৩২১। ১, ৩২৮। ২
পাপরোগাণাং কথনম্	২৩৬। ৬
পুত্রজননাশৌচমধ্যে শুদ্ধিকালকথনম্	৭৮। ৬
পুত্রজন্মষষ্ঠাহকর্ত্তব্যকর্ম্মাণি	৯০। ৫
পুত্রপদস্য মুখ্যার্থনিরূপণম্	৮৭। ১
পুত্রমুখসন্দর্শনফলম্	৮৪। ১
পুত্রস্য নাড়ীচ্ছেদাৎপরত এবাশৌচপ্রবৃত্তিঃ	৮২। ৫
পূরকপিণ্ডদানকালনিয়মঃ	৪০৮। ৩, ৪২৫। ১
পূরকপিণ্ডদানদেশনিয়মঃ	৪০৯। ৩
পূরকপিণ্ডদানব্যবস্থা রজস্বলায়াঃ	৪১২। ১
পূরকপিণ্ডদানব্যবস্থা শূদ্রস্য	৪২৫। ৪
পূরকপিণ্ডদানে কন্যাধিকারকথনম্	৪২৮। ৪
পূরকপিণ্ডদানেন দেহপূর্ত্তিক্রমঃ	৪১২। ১
পূরকপিণ্ডেষু প্রথমপিণ্ডব্যবস্থতদ্রব্যনিয়মনম্	৪০৮। ২
পূরকপিণ্ডোদকাদিদানপ্রকরণম্	১৭৪। ১, ৪৩৮। ২
পূর্ণাশৌচকালনিরূপণং সর্ব্ববর্ণানাম্	৫৭। ৩
পূর্ব্বার্দ্ধে পূর্ব্বনিমিত্তস্য নিমিত্তান্তরপাতে, পরার্দ্ধে চ তদুভয়োর্জ্ঞানে পূর্ব্বনিমিত্তাশৌচকালেনৈব শুদ্ধিঃ	৯৯। ২
পূর্ব্বাশৌচপরার্দ্ধে, পরাশৌচপূর্ব্বার্দ্ধে মৃতপিতৃকস্য স্বাশৌচনিবৃত্ত্যৈব শুদ্ধিবিধানম্	৯৭। ১
পূর্ব্বাশৌচপরার্দ্ধে মৃতপিতৃকয়োর্দ্বিতীয়াশৌচনিবৃত্তিকাল এব শুদ্ধিবিধানম্	৯৮। ১
পৌরুষাদি-ফলসিদ্ধিকারণোল্লেখঃ	২৯। ৪
প্রতিগ্রহাপ্রত্যাখ্যেয়বস্তুকথনম্	৫৪৮। ৩
প্রথমাধিকারিণি কানিচিৎকর্ম্মাণি কৃত্বা মৃতে তৎপরবর্ত্ত্যধিকারিণা শিষ্টানি কর্ম্মাণি সমাপ্যানি	৪০১। ৬, ৬৭৮। ১

স্থচিপত্র-সমাপ্তিঃ ।

শুদ্ধিতত্ত্বম্।

ওঁ নমো গণেশায়।

প্রণম্য সচ্চিদানন্দং জগতামীশ্বরং হরিম্।

শুদ্ধিতত্ত্বানি তৎপ্রীত্যৈ বক্তি শ্রীরঘুনন্দনঃ ॥

সহানুগমনং নার্য্যা যোগসিদ্ধির্নয়স্তথা।

নানাফলং তথৈকস্মাদ্বাধাদেকফলং ক্বচিৎ ॥

ওঁ নমঃ শ্রীকৃষ্ণায়।

নত্বা গুরোশ্চরণপঙ্কজরজাংসি মূর্দ্ধ্না শ্রীকান্তকান্তচরণঞ্চ নিধায় চিত্তে।

শ্রীকাশিরাম-সুকৃতী কৃতিনাং হিতায় শুদ্ধের্বিবেচন বচনা বিবৃতিং তনোতি ॥

স্মৃতিশাস্ত্রাম্বুধৌ লীলাকৃতসেতুং জগদ্গুরুম্।

বিদিতং ত্রিষু লোকেষু নমামি রঘুনন্দনম্ ॥

মীমাংসাদিনানাশাস্ত্রপারদৃশ্বা বন্দ্যঘটীয়ঃ শ্রীমান্ রঘুনন্দনভট্টাচার্য্যঃ প্রাচীনবিচক্ষণগণ-নানাবিধ-ব্যাখ্যাজনিতসন্দেহস্য স্মৃতিশাস্ত্রস্য মুক্তস্তরবচনযুক্তিভ্যাং তত্ত্বং নির্ণীয় ইদানীন্তন-জনানাং সুখবোধায় নিবন্ধাংশ্চকার, তত্র চ স্মৃতিশাস্ত্রস্য স্বভাবতো দুর্গমতয়া কানিচিৎ কঠিনানি সন্তি, অতস্তানি ময়া যথামতি ব্যাখ্যায়ন্তে, তত্র শুদ্ধিতত্ত্বব্যাখ্যা—স্বকর্ত্তব্য-গ্রন্থসমাপ্তিপ্রতিবন্ধকবিঘ্নসম্ভাবনাস্তি, অতঃ সম্ভাবিততাদৃশবিঘ্নবিনাশার্থং গ্রন্থকারঃ

শ্রীগণেশকে নমস্কার। সচ্চিদানন্দ ও জগতের অধীশ্বর শ্রীহরিকে প্রণাম করিয়া তাঁহারই প্রীতির নিমিত্ত রঘুনন্দন শুদ্ধির তত্ত্ব বা রহস্য সকল বলিতেছেন। এই গ্রন্থে শুদ্ধিতত্ত্ব নিরূপণার্থ বক্ষ্যমাণ বিষয়সকলের যথাক্রমে আলোচনা করা হইবে। যথা—(১) স্ত্রীদিগের স্বামীর সহগমন, (২) স্বামীর অনুগমন, *

---

* সহগমন এবং অনুগমন, এই দুইটি শব্দের অর্থ যথাক্রমে সহমরণ এবং অনু-মরণ। সহমরণ শব্দের অর্থ স্বামীর মৃতদেহের সহিত এক চিতায় শয়ন করিয়া দগ্ধ হওয়া, অনুমরণ শব্দের অর্থ স্বামীর কোন বস্তুর সহিত ভিন্ন চিতায় শয়ন করিয়া দগ্ধ হওয়া।

অশৌচসঙ্করয়োর্বৃদ্ধিঃ স্বল্পস্য গুরুসঙ্করাৎ।
দিনদ্বয়ত্রয়াভ্যাঞ্চ পূর্ব্বমশৌচসমাপনম্॥
অশৌচান্তদিনে কৃত্যং জননেঽপি চ মুণ্ডনম্।
অন্যাশৌচস্য মধ্যে তু জাতকর্ম্মাদিকাঃ ক্রিয়াঃ॥
গর্ভস্রাবে তথাশৌচং স্ত্রিয়াং বালেঽথ সদ্‌গুণে।
কলৌ তৎপ্রতিষেধশ্চ পক্ষিণীলক্ষণং তথা॥

পরমেশ্বরপ্রণামরূপমঙ্গলং কৃতবান্। এতচ্চ শিষ্যশিক্ষার্থমাদৌ নিবধ্নাতি—প্রণম্য ত। সচ্চিদানন্দমিতি কর্ম্মধারয়শ্রবণাৎ সত্যজ্ঞানসুখস্বরূপমিত্যর্থঃ, এতচ্চ বেদান্তমতে নৈয়ায়িকমতে তু সন্তো নিত্যো চিদানন্দো জ্ঞানসুখে যস্য, তং জগতামীশ্বরং জগদ্ধেতুম্। তথাচ—জগদ্ধেতোস্তস্য জগদন্তর্গত-মৎকর্ম্মানিবন্ধং প্রতি সুতরাং হেতুত্বমতস্তৎপ্রণাম উচিত ইতি।

শুদ্ধিপদঞ্চ সংহিতাপরত্বে তত্ত্বং যথার্থবস্তুনির্ণয়ঃ প্রামাণ্যং বা, শৌচাদিপরত্বে তু তত্ত্বম্ অনারোপিতধর্ম্মঃ, স্মৃতিতত্ত্বে শুদ্ধিতত্ত্বমিতি পাঠে।অন্তর্গততত্ত্বং সপ্তম্যর্থঃ। অত্র বক্তব্যা প্রতিজ্ঞা। সহানুগমনমিত্যাদীনি নিরূপ্যন্তে ইত্যনেনান্বয়ঃ, সহগমনমনুগমনঞ্চ, সহানুমরণমিতি কচিৎ পাঠঃ। যোগসিদ্ধিনয়ো যোগসিদ্ধ্যধিকরণং, মানেনেতি একস্মাৎ কর্ম্মণো নানাবিধং ফলং জায়তে, বাধাৎ কচিদেকস্মাৎ কর্ম্মণঃ একমেব ফলং জায়তে, ন তু নানাবিধম্। অশৌচসঙ্করঃ অশৌচস্য অশৌচান্তরেণ মিশ্রণং, বৃদ্ধিরিতি, গুর্ব্বশৌচসঙ্করাৎ স্বল্পাশৌচস্য বৃদ্ধিঃ দিনদ্বয়ত্রয়েতি পূর্ণাশৌচান্তিমদিনে সজাতীয়সম্পূর্ণাশৌচান্তরপাতে দিনদ্বয়বৃদ্ধিঃ, তাদৃশান্তিমদিবসীয়ারুণোদয়কালে তাদৃশাশৌচান্তরপাতে দিনত্রয়বৃদ্ধিঃ, রাত্রিশেষে দিনদ্বয়েন প্রভাতে দিনত্রয়েণেতি বচনবলাৎ। স্ত্রিয়ামিত্যাদি—স্ত্রিয়াং মৃতায়াং, বালে মৃতে, সদ্‌গুণে চ যদশৌচং, তদপি নিরূপণীয়ং, কলাবিতি তৎপ্রতিষেধঃ

(৩) যোগসিদ্ধি প্রকরণ, (৪) কর্ম্ম সকলের স্বভাবতঃ বহুফলোৎপাদকত্ব এবং বাধস্থলে একমাত্র ফলোৎপাদকত্ব নিরূপণ, (৫) অশৌচের সঙ্কর, (৬) গুরু অশৌচের সহিত সঙ্কর হইয়া স্বল্প অশৌচের বৃদ্ধি, (৭) পূর্ব্বজাত অশৌচ কোন্ স্থলে দুই দিন বৃদ্ধি পাইবে, কোন্ স্থলে বা তিন দিন বৃদ্ধি পাইবে, তাহার নিরূপণ, (৮) অশৌচান্ত দিনের কর্ত্তব্য কর্ম্ম, (৯) জননাশৌচকালে ক্ষৌর কর্ম্মের ব্যবস্থা, (১০) অপর অশৌচের মধ্যেও যে, নবজাত পুত্রের জাতকর্ম্ম করা যাইতে পারে, তাহার ব্যবস্থা, (১১) গর্ভস্রাব ঘটিলে যেরূপ অশৌচ হইবে তাহার ব্যবস্থা, (১২) স্ত্রী, বালক এবং সদ্‌গুণের অশৌচ নিরূপণ, (১৩) পূর্ব্ব পূর্ব্ব যুগে সদ্‌গুণ ব্যক্তি বিষয়ে প্রচলিত অশৌচের কলিকালে যে প্রতিষেধ করা

বিদেশস্থস্য চাশৌচং সপিণ্ডাদেরশৌচকম্।
ত্যাগস্তত্র চ সন্ধ্যাদেরশৌচিগ্রাহ্যনির্ণয়ঃ॥
অশৌচং মৃত্যুভেদেন সদ্যঃশৌচমনন্তরম্।
শবানুগমনাশৌচমস্পৃশ্যত্বনির্ণয়ঃ॥
দ্রব্যশুদ্ধিবিচারশ্চ সূতিকাস্পর্শনে পিতুঃ।
মাতুঃ সপত্ন্যাশ্চাশুদ্ধিরেকাহমরণদ্বয়ে॥
মুমূর্ষুমৃতকৃত্যাদি তথা পর্ণনরক্রিয়া।
উদকাদিক্রিয়া তত্র প্রেতস্নানে চ বাসসঃ॥

সদ্গুণনিবন্ধনাশৌচবিশেষপ্রতিষেধঃ। তথাচ কলৌ নিগুর্ণাশৌচমেবেত্যর্থঃ। বিদেশস্থস্যাশৌচমধ্যে অজ্ঞাতমরণকস্য সপিণ্ডাদেরিত্যাদিনা সমানোদকাদিপরিগ্রহঃ, তত্রাশৌচমধ্যে সন্ধ্যাদেরিত্যাদিনা পঞ্চযজ্ঞাদিপরিগ্রহঃ অশৌচীতি অশৌচিনো জনাদ্‌যদ্বস্তু গ্রাহ্যং, তস্য নির্ণয়ঃ। মৃত্যুভেদেনেতি—সর্পাদিনা মরণে যদশৌচং তদপি নিরূপণীয়ম্ ইত্যর্থঃ। অস্পেতি—যাদৃশেঽশৌচে যাবৎকালমস্পৃশ্যত্বং তস্য, দ্রব্যেতি নির্ণয়ঃ, দ্রব্যং তাম্রাদিকম্। সূতিকাস্পর্শে সতি ভর্ত্তুঃসপত্ন্যাশ্চাশুদ্ধিরিতি পাঠঃ। সূতিকাস্পর্শনে পিতুর্ব্বিমাতুশ্চ যথা শুদ্ধিরিতি পাঠঃ ক্বচিৎ। সূতিকাস্পর্শনে পিতুর্মাতুঃ সপত্ন্যা ইতি চ ক্বচিৎ। সূতিকা প্রসবিনী তস্যাঃ স্পর্শনে জাতে, জাতস্য পিতুর্ব্বিমাতুশ্চ সূতিকাতুল্যকালমস্পৃশ্যত্বং, তচ্চ কন্যাপুত্রয়োর্জ্জননে মাতুর্দশরাত্রমস্পৃশ্যত্বং, শূদ্রায়াস্ত্রয়োদশাহমস্পৃশ্যত্বনির্ণয়ঃ। একাহেতি—একাহে জ্ঞাতিদ্বয়মরণে যাবদশৌচং, সর্ব্বগোত্রাণামস্পৃশ্যত্বমিত্যর্থঃ। প্রেত-

---

হইয়াছে, তাহা প্রদর্শন, (১৪) পক্ষিণীর লক্ষণ, (১৫) বিদেশস্থ ব্যক্তির অশৌচ, (১৬) সপিণ্ড প্রভৃতির অশৌচ, (১৭) অশৌচকালে সন্ধ্যা-বন্দনাদির পরিত্যাগের কথা, এবং অশৌচী ব্যক্তির নিকট হইতে গ্রাহ্য বস্তুর নির্ণয়, (১৮) মৃত্যুর প্রকার ভেদে অশৌচের ভেদ, (১৯) কোন্ স্থলে সদ্যঃশৌচ হইবে (সদ্যঃ সদ্যই অশৌচনাশ প্রাপ্ত হইবে) তাহার নিরূপণ; (২০) শবানুগমনে যেরূপ অশৌচ হইবে, তাহার নির্ণয়, এবং (২১) যেরূপ অশৌচে শরীর যতকাল অস্পৃশ্য হইবে, তাহার নির্ণয়, (২২) দ্রব্যশুদ্ধির বিচার, (২৩) সূতিকাস্পর্শে প্রসূত বালকের পিতা ও সপত্নীমাতা, এই উভয়ের কিরূপ অস্পৃশ্যত্ব হইবে, তাহার নিরূপণ, (২৪) একদিনে জ্ঞাতিদ্বয়ের মৃত্যুতে কিরূপ অশৌচ হইবে, তাহার নিরূপণ, (২৫) মুমূর্ষু এবং মৃতের কর্ত্তব্য নিরূপণ, (২৬) কুশপুত্র দাহের ইতিকর্ত্তব্যতা, (২৭) প্রেতস্নান হইতে তর্পণ পর্য্যন্ত প্রেতক্রিয়ার

একত্বং বিভুমন্ত্রাদেরঃ সম্বন্ধবাচকঃ।
প্রেতক্রিয়াসু সম্বুদ্ধির্যজুষাং তর্পণে সদা॥
গোত্রোক্তির্ন সগোত্রোক্তিঃ শোকাপনোদনাদিকম্।
পিণ্ডোদকাদিদানঞ্চ রাত্রাবপি চ তৎক্রিয়া॥
অশৌচান্তদ্বিতীয়াহঃকৃত্যং দানং বৃষত্যজিঃ।
প্রেতক্রিয়াসু সংক্ষেপাদধিকারিবিনির্ণয়ঃ॥
সপিণ্ডাদিভিদাশৌচং সংক্ষেপোঽন্ত্যেষ্টিপদ্ধতিঃ।
নিরূপ্যন্তেঽত্র সংক্ষেপাৎসতাং মুদমভীপ্সতা॥ ১॥

স্নানে চেতি, তথাচ—"স্নানং তর্পণপর্য্যন্তং কুর্য্যাদেকেন বাসসা।" ইতি বচনং প্রেতস্নান-তর্পণবিষয়ম্, অন্যত্র তু দ্বিবাসা এব স্নানতর্পণে কুর্য্যাদিত্যর্থঃ। অদের ইতি তথাচামুক-গোত্র প্রেত অমুক দেবশর্ম্মন্নিত্যাদিকমেব প্রযোজ্যং, ন তু পিতুরিত্যাদিকমিত্যর্থঃ। সম্বুদ্ধিরিতি তথাচ যজুর্ব্বেদিভিঃ সদা প্রেততর্পণে, প্রাত্যাহিকতর্পণে চ সম্বুদ্ধিপদমেব প্রয়োক্তব্যমিত্যর্থঃ। গোত্রোক্তিরিতি অমুকগোত্র ইত্যেবং বক্তব্যং, ন তু অমুকসগোত্র ইতি, প্রাচাং মতে অমুকসগোত্র ইত্যেভিলাপঃ। শোকেতি—অপনোদনং খণ্ডনং, রাত্রা-বিতি তৎক্রিয়া প্রেতোদ্দেশ্যকপিণ্ডোদকাদিক্রিয়া রাত্রাবপি কর্ত্তব্যা। দানমিতি নিরূ-পণীয়মিত্যর্থঃ। বৃষত্যজিঃ বৃষোৎসর্গঃ॥ ১॥

অনুষ্ঠান যে, উত্তরীয় বস্ত্র ব্যতীত একমাত্র বস্ত্র পরিধান করিয়াই করা যাইতে পারে, তাহার ব্যবস্থা; আর প্রেতস্নানাদি ভিন্ন, অন্যত্র যে, উত্তরীয় বস্ত্র গ্রহণ আবশ্যক, তাহারও ব্যবস্থা, (২৮) প্রেত-তর্পণাদিতে প্রেতের সহিত তর্পণাদি কর্ত্তার সম্বন্ধসূচক পদাদির যে ব্যবহার করিতে হইবে না, তাহার ব্যবস্থা, (২৯) যজুর্ব্বেদীয়গণ কি প্রেততর্পণে, কি প্রত্যাহিক তর্পণে, সর্ব্বদাই যে সম্বোধনের এক-বচনান্ত পদের প্রয়োগ করিবে এবং তর্পণে যে কেবল গোত্রেরই উল্লেখ করিতে হইবে, প্রাচীন পণ্ডিতসম্মত 'সগোত্র' এইরূপ পদের উল্লেখ কারতে হইবে না, তাহার ব্যবস্থা, (৩০) কিরূপে শোকের অপনোদন করিতে হইবে, তাহার ব্যবস্থা. (৩১) মৃত ব্যক্তিকে রাত্রিকালেও পিণ্ডোদকাদি প্রদান করা যে কর্ত্তব্য, তাহার ব্যবস্থা, (৩২) অশৌচান্তের পর দিন যাহা কর্ত্তব্য, যাহা দাতব্য এবং বৃষোৎসর্গও যে কর্ত্তব্য, এই সকলের নির্ণয়, (৩৩) প্রেতের শ্রাদ্ধাদি কার্য্যে যথাক্রমে যাহার যাহার অধিকার হয়, তাহার নিরূপণ, (৩৪) সপিণ্ডাদিভেদে অশৌচের নিরূপণ, এবং (৩৫) সংক্ষিপ্ত অন্ত্যেষ্টিক্রিয়ার পদ্ধতি,

অথ সহানুগমনম্।

অঙ্গিরাঃ,—"মৃতে ভর্ত্তরি যা নারী সমারোহেদ্ধুতাশনম্।
সারুন্ধতীসমাচারা স্বর্গলোকে মহীয়তে॥
তিস্রঃ কোট্যোঽর্দ্ধকোটী চ যানি লোমানি মানবে।
তাবন্ত্যব্দানি সা স্বর্গে ভর্ত্তারং যানুগচ্ছতি॥
ব্যালগ্রাহী যথা ব্যালং বলাদুদ্ধরতে বিলাৎ।
তদ্বদ্ভর্ত্তারমাদায় তেনৈব সহ মোদতে॥
মাতৃকং পৈতৃকঞ্চৈব যত্র কন্যা প্রদীয়তে।
পুনাতি ত্রিকুলং নারী ভর্ত্তারং যানুগচ্ছতি॥

অথ সহানুগমনম্। ভর্ত্তৃদেহসংস্কারাগ্নি-প্রবেশেন স্বশরীরসংস্কারঃ সহগমনম্, অনুগমনন্তু ভর্ত্তৃশরীরপ্রতিনিধিপাদুকাদিগ্রহণপূর্ব্বকসংস্কারাগ্নিপ্রবেশেন স্বশরীরসংস্কার ইতি, দ্বয়োঃ ক্রমেণ লক্ষণদ্বয়ং বোধ্যং, সংস্কারো দাহঃ। সমারোহেদিতি উভয়পরম্, এবং পরত্র ভর্ত্তারমনুগচ্ছতীত্যত্র ভর্ত্তৃপদেন ভর্ত্তৃদেহঃ, তৎপ্রতিনিধীভূতপাদুকাদিশ্চ উচ্যতে। অরুন্ধতীতি অরুন্ধত্যা বশিষ্ঠভার্য্যায়াঃ সুখপাতিব্রত্যাদিরূপো য আচারঃ ধর্ম্মস্তদ্ধর্ম্মাক্রান্তা ভবতীত্যর্থঃ। তিস্রঃ কোট্য ইত্যাদি—নন্বু মানবাধিকরণক-লোমসমসংখ্যাব্দাবচ্ছিন্নস্বর্গকামেত্যাদি সংকল্পবাক্যে উল্লেখ্যং, ন তু তিস্রঃ কোট্যোর্দ্ধকোটী চেত্যস্য উল্লেখঃ, তথাচ কিমর্থং, তিস্রঃ কোট্য ইত্যাদ্যুক্তম্? ইতি চেন্ন, তস্য প্রবোচনাবাক্যত্বেন স্তুতিতয়া বিধিশক্তেরুত্তম্ভকতয়া প্রবৃত্ত্যুপযোগিত্বাৎ, তদুক্তং ভট্টপাদৈঃ—"প্ররোচনা অঙ্গতয়ৈব যুজ্যতে" ইতি। অব্দানীতি উক্তলিঙ্গং কচিদ্ব্যভিচরতীতি ক্লীবত্বম্। ব্যালগ্রাহী আহিতুণ্ডিকঃ, বিলাদ্গর্ত্তাৎ, আদায় নরকাদুদ্ধৃত্য। নন্বু যত্র কন্যেত্যাদিনা জামাতৃকুলং

এই সকল বিষয় ক্রমশঃ সংক্ষেপে সদ্ব্যক্তিদিগের হিতাভিলাষী হইয়া বলিতেছি। ১।

সহগমন ও অনুগমন—অঙ্গিরা বলিয়াছেন, "স্বামীর মৃত্যুর পর যে স্ত্রী চিতানলে আরোহণ করে, সেই অরুন্ধতীসদৃশ-পবিত্রাচারসম্পন্না রমণী স্বর্গলোকে পূজা লাভ করে। যে রমণী স্বামীর অনুগমন করে, সে মনুষ্যশরীরে স্থিত সার্দ্ধ তিনকোটি লোম-পরিমিত বৎসর যাবৎ স্বর্গলোকে বাস করে। সাপুড়ে যেমন গর্ত্ত হইতে সাপ বাহির করে, সেই সাধ্বী স্ত্রীও সেইরূপ স্বীয় ভর্ত্তাকে অধোগতি হইতে বলপূর্ব্বক উদ্ধার করিয়া তাহার সহিত আনন্দে কালযাপন করে। যে স্ত্রী স্বামীর অনুগমন করে, সে নিজের মাতৃকুল, পিতৃকুল

তত্র সা ভর্তৃপরমা পরা পরমলালসা ।
ক্রীড়তে পতিনা সার্দ্ধং যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ।”

ভর্তৃপরমা ভর্ত্তা পরমো যস্যাঃ, সা তথা—“পরা পরমলালসে”ত্যত্র “স্তূয়মানাপ্সরোগণৈরি”তি ব্যাসেন পঠিতম্ ।

“ব্রহ্মঘ্নো বা কৃতঘ্নো বা মিত্রঘ্নো বাপি যো নরঃ ।
তং বৈ পুনাতি সা নারী ইত্যাঙ্গিরসভাষিতম্ ॥
সাধ্বীনামেব নারীণামগ্নিপ্রপতনাদৃতে ।
নান্যো ধর্ম্মো হি বিজ্ঞেয়ো মৃতে ভর্ত্তরি কর্হিচিৎ ।”

“যা নারী”ত্যুপাদানাৎ সহমরণাভাবপক্ষোঽপি সূচিতঃ । নান্যো ধর্ম্ম ইতি তু সহমরণস্তুত্যর্থম্ । তথাচ বিষ্ণুঃ,—

নত্বং তথাচ ভর্তৃকুলস্য উদ্ধারাপ্রাপ্তেবিষমশিষ্টত্বদোষ ইতি চেন্ন, যত্র ভর্তৃকুলে কন্যা দীয়তে অর্থাৎ পিত্রাদিনা ইত্যর্থাৎ। পরা শ্রেষ্ঠা, পরমলালসা পরমে ভর্ত্তরি লালসা মহানভিলাষো যস্যাঃ সা। নান্যো হি ধর্ম্ম ইতি। নম্বু অন্যো ধর্ম্মো ন ইত্যনেন অন্যধর্ম্মস্য নিষেধাৎ ব্রহ্মচর্য্যস্যাপি নিষিদ্ধত্বেন বিধবায়া নিষিদ্ধীভূতব্রহ্মচর্য্যাচরণাৎ দুরদৃষ্টাপত্তিরিতি চেন্ন, অত্র নঞোঽপ্রাশস্ত্যার্থকত্বাৎ। যা নারীত্যুপাদানাদিতি তথাহি যৎপদস্য সামানাধিকরণ্যেন বোধজনকত্বনিয়মঃ ন তু অবচ্ছেদাবচ্ছেদেন, প্রকৃতে চ নারীত্বসামানাধিকরণ্যেন বোধঃ, ন তু নারীত্বাবচ্ছেদেনেতি ভাবঃ। স্তুত্যর্থমিতি ন তু সহমরণাতি-

এবং যে কুলে প্রদত্ত হয়, অর্থাৎ শ্বশুর কুল, এই তিন কুলকে পবিত্র করে। সেই পতিদেবতা রমণী, চতুর্দ্দশ ইন্দ্রের অধিকার কাল অবধি স্বর্গলোকে উৎকৃষ্ট ভোগের সহিত বাস করে।” মূল বচনে যে ভর্তৃপরমা শব্দটি আছে, তাহার অর্থ ভর্ত্তাই পরম (উপাস্য) যার, অর্থাৎ পতিদেবতা। ব্যাসস্মৃতিতেও এই বচনটি দৃষ্ট হয়, তবে “পরা পরমলালসা” ইহার পরিবর্ত্তে “স্তূয়মানাপ্সরোগণৈঃ” এইরূপ পাঠ করা হইয়াছে। উহার অর্থ—অপ্সরাগণ কর্ত্তৃক স্তূয়মানা হইয়া। আঙ্গিরস বলিয়াছেন যে, “ঐ সাধ্বী স্ত্রী, স্বকীয় স্বামী ব্রহ্মঘ্ন, কৃতঘ্ন এবং মিত্রঘ্ন হইলেও, তাহাকে পবিত্র করে। ভর্ত্তার মৃত্যুর পর চিতানলে পতন ভিন্ন সাধ্বী রমণীদিগের আচরণীয় আর কোন প্রকার ধর্ম্মই নাই।” উপরি উক্ত অঙ্গিরার বচনে “যে স্ত্রী” এইরূপ কথা বলায়, সকলের পক্ষেই যে সহমরণ অবশ্য কর্ত্তব্য, এরূপ বুঝাইতেছে না, উহাদ্বারা কোন স্ত্রী, ইচ্ছা না হইলে, সহমরণ না করিতেও পারে; ইহাই সূচিত হইতেছে। তবে যে, আর একটী বচনে “অন্যকোন

"মৃতে ভর্ত্তরি ব্রহ্মচর্য্যং তদন্বারোহণং বা" ইতি।

ব্রহ্মচর্য্যং মৈথুনবর্জ্জনং, তাম্বূলাদিবর্জ্জনঞ্চ। যথা প্রচেতাঃ,—

"তাম্বূলাভ্যঞ্জনঞ্চৈব কাংস্যপাত্রে চ ভোজনম্।
যতিশ্চ ব্রহ্মচারী চ বিধবা চ বিবর্জ্জয়েৎ।"

অভ্যঞ্জনমায়ুর্ব্বেদোক্তপারিভাষিকম্; যথা,—

মূর্দ্ধ্নি দত্তং যদা তৈলং ভবেৎ সর্ব্বাঙ্গসঙ্গতম্।
স্রোতোভিস্তর্পয়েদ্বাহু অভ্যঙ্গঃ স উদাহৃতঃ॥
তৈলমল্পং যদঙ্গেষু ন চ স্যাদ্বাহুতর্পণম্।
সা মার্ষ্টিঃ পৃথগভ্যঙ্গো মস্তকাদৌ প্রকীর্ত্তিতঃ॥" ২

রিক্তস্য ধর্ম্মস্য নিষেধার্থমিতি ভাবঃ, তথাচান্যোঽপি ধর্ম্মোঽস্তু কিন্তু তত্রায়মুৎকৃষ্টো ধর্ম্ম ইত্যর্থঃ। তদন্বারোহণমিতি তেন ভর্ত্তৃদেহেন তৎপ্রতিনিধিনা বা, সহ হুতাশনারোহণমিত্যর্থঃ। অনুঃ সহার্থঃ। স্রোতোভিরিতি তৈলস্যেতি শেষঃ। মার্ষ্টিরিতি সংজ্ঞা পৃথগভ্যঙ্গ ইতি উক্তাভ্যঙ্গাৎ পৃথক্ অঙ্গো মস্তকাদৌ চ আয়ুর্ব্বেদে কীর্ত্তিতঃ, যথা—"অভ্যঙ্গমাচরেন্নিত্যং স জরাশ্রমবাতিকা। শিরঃশ্রবণপাদেষু তং বিশেষেণ শীলয়েৎ॥"

ধর্ম্ম নাই" এইরূপ বলা হইয়াছে, উহা সহমরণের স্তুতিবাদ মাত্র। ইহার দ্বারা এরূপ বুঝাইতেছে না যে, ভর্ত্তার মৃত্যুর পর স্ত্রীদিগের একমাত্র সহমরণই কর্ত্তব্য। কারণ, শাস্ত্রে বিধবা স্ত্রীর পক্ষে কর্ত্তব্য ব্রহ্মচর্য্যাদি অপর ধর্ম্মেরও নির্দ্দেশ করা হইয়াছে। তবে সেই সকলের মধ্যে সহমরণই শ্রেষ্ঠ, উহার তুল্য আর কিছু নাই; উহার এইরূপ তাৎপর্য্যই বুঝিতে হইবে। স্ত্রীদিগের সহমরণ ভিন্ন, অন্য প্রকার ধর্ম্মও যে, আচরণীয় আছে, সে সম্বন্ধে বিষ্ণু এইরূপ বলিয়াছেন, যথা—"স্বামীর মৃত্যু হইবার পর (স্ত্রীগণের পক্ষে) ব্রহ্মচর্য্যের অনুষ্ঠান, অথবা তদীয় চিতায় আরোহণ (এই উভয় প্রকার ধর্ম্ম নির্দ্দিষ্ট হইয়াছে)।" উপরে যে ব্রহ্মচর্য্যের কথা বলা হইল, তাহার অর্থ—মৈথুন পরিত্যাগ এবং তাম্বূলাদি ব্যবহার পরিত্যাগ। প্রচেতা ব্রহ্মচর্য্যাবস্থায় এইরূপ কার্য্য করিতে উপদেশ করিয়াছেন। যথা—"যতি, ব্রহ্মচারী এবং বিধবাগণ তাম্বূল সেবন, অভ্যঞ্জন, এবং কাংস্যপাত্রে ভোজন পরিত্যাগ করিবে।" উক্ত বচনে যে 'অভ্যঞ্জন' কথাটি আছে, তাহা একটী আয়ুর্ব্বেদোক্ত পারিভাষিক শব্দ,—যাহাকে প্রচলিত ভাষায় আভাঙ্‌ ক'রে, তেল-মাখা বলা হয়। যথা—"যেরূপ তৈল মর্দ্দনে মস্তকে ঢালা তেল আপনা আপনি সর্ব্বাঙ্গে অধিক পরিমাণে সংলগ্ন হয়, এবং উভয়

স্মৃতিঃ,—"একাহারঃ সদা কার্য্যো ন দ্বিতীয়ঃ কদাচন।
পর্য্যঙ্কশায়িনী নারী বিধবা পাতয়েৎ পতিম্ ॥
গন্ধদ্রব্যস্য সম্ভোগো নৈব কার্য্যস্তয়া পুনঃ।
তর্পণং প্রত্যহং কার্য্যং ভর্ত্তুস্তিলকুশোদকৈঃ ॥"
এতৎ তর্পণং পুত্রপৌত্রাদ্যভাববিষয়মিতি মদনপারিজাতঃ।
"বৈশাখে কার্ত্তিকে মাঘে বিশেষনিয়মঞ্চরেৎ।
স্নানং দানং তীর্থযাত্রাং বিষ্ণোর্নামগ্রহং মুহুঃ ॥" ৩
অত্র সাধ্বীমাহ হারীতঃ,—
"আর্ত্তার্ত্তে মুদিতা হৃষ্টে প্রোষিতে মলিনা কৃশা।
মৃতে ম্রিয়েত যা পত্যৌ সাধ্বী জ্ঞেয়া পতিব্রতা ॥

অয়মপি নিষিদ্ধঃ অন্যথা পৃথগিত্যাদি ব্যর্থং স্যাৎ, যদ্বা পূর্ব্বং মস্তকাদৌ প্রকীর্ত্তিতঃ কথিতো যোঽভ্যঙ্গস্তস্মাৎ ইয়ং মাষ্টিঃ পৃথগিত্যর্থঃ। তথাচ মাষ্টির্নিষিদ্ধেতি ভাবঃ ॥ ২ ॥

কুশতিলোদকৈরিত্যনন্তরং "তৎপিতুস্তৎপিতুশ্চৈব নামগোত্রাদিপূর্ব্বকমি"ত্যর্দ্ধমত্র লিখিতম্। অতো ভত্রাদের্নামগোত্রাদ্যুচ্চার্য্য তর্পণং কার্য্যমিত্যর্থঃ, তর্পণমিত্যুপলক্ষণং শ্রাদ্ধাদ্যপি কার্য্যম্। পুত্রেতি পত্নীসত্ত্বেঽপি সংস্বঙ্গরেষু তদ্গামী হ্যর্থো ভবতীতি বচনেন পুত্রাদেরেব ধনভাগিত্বাৎ তস্যৈব পিতৃতর্পণাদৌ নিত্যাধিকারঃ "গোত্ররিক্থানুগঃ পিণ্ড" ইতি বচনাদিতি ভাবঃ। তমেব নিয়মং বিবৃণোতি স্নানমিত্যাদি ॥ ৩ ॥

সাধ্বী জ্ঞেয়া পতিব্রতেতি। নন্ সাধ্বীলক্ষণস্য মরণঘটিতত্বে "সাধ্বীনামেব নারীণা-

বাহুকে প্লাবিত করে, তাহার নাম অভ্যঙ্গ। এবং যেরূপ তৈল মর্দ্দনে মস্তকে অর্পিত তৈল সর্ব্বাঙ্গে অল্প মাত্রায় সংলগ্ন হয় এবং উভয় বাহুকে প্লাবিত করে না, তাহার নাম 'তৈল-মাখা' উহা অভ্যঙ্গ হইতে পৃথক্।" ২।

স্মৃতিতে বলা হইয়াছে; "বিধবা স্ত্রী একবার মাত্র আহার করিবে, কদাচ দুইবার খাইবে না, এবং যে বিধবা হইয়া পর্য্যঙ্কে শয়ন করে, সে আপনার পতিকে অধঃপাতিত করে। সে (বিধবা) কদাচ গন্ধ দ্রব্যের সম্ভোগ করিবে না, এবং প্রত্যহ তিল, কুশ ও উদক দ্বারা ভর্ত্তার তর্পণ করিবে।" মদন-পারিজাতকার বলেন, এই যে বিধবা কর্ত্তৃক তর্পণের কথা বলা হইয়াছে, উহা যে স্থলে মৃত ব্যক্তির পুত্র-পৌত্রাদির অভাব ঘটিবে, সেই স্থলের জন্যই বুঝিতে হইবে। বিধবাগণ বৈশাখ এবং কার্ত্তিক মাসে একটা একটা ব্রতবিশেষের আচরণ করিবে, এবং স্নান, দান, ও সর্ব্বদা শ্রীবিষ্ণুর নাম জপ করিবে।" ৩।

হারীত, সাধ্বীদিগের এইরূপ লক্ষণ করিয়াছেন—"যে স্ত্রী পতির পীড়ায় আপ-

ছন্দোগপরিশিষ্টীয়মিদমিতি কল্পতরুঃ। সাধ্বীপ্রসাদেন লোকধারণমপ্যাহ মৎস্যপুরাণম্,—

"তস্মাৎ সাধ্ব্যঃ স্ত্রিয়ঃ পূজ্যাঃ সততং দেববজ্জনৈঃ।
তাসাং রাজ্ঞা প্রসাদেন ধার্য্যতে চ জগত্রয়ম্ ॥"

মহাভারতে,—"অবমত্য চ যাঃ পূর্ব্বং পতিং দুষ্টেন চেতসা।
বর্ত্তন্তে যাশ্চ সততং ভর্ত্তৃণাং প্রতিকূলতঃ ॥
ভর্ত্রনুমরণং কালে যাঃ কুর্ব্বন্তি তথাবিধাঃ।
কামাৎ ক্রোধাদ্ভয়ান্মোহাৎ সর্ব্বাঃ পূতাঃ ভবন্তু তাঃ ॥"

মগ্নিপ্রপতনাদৃতে' ইতি বচনাসঙ্গতিঃ, অগ্নিপ্রপতনাৎ পূর্ব্বং সাধ্বীত্বাকথনাদিতি চেৎ অত্র কেচিৎ—কৃশান্তং পূর্ব্বার্দ্ধং সাধ্বীলক্ষণং, পত্যৌ মৃতে সতি ম্রিয়েত ইতি তু পতিব্রতালক্ষণং ইত্যাহুঃ, তন্ন সম্যক্, "সতী সাধ্বী পতিব্রতে"ত্যমরে তয়োঃ পর্য্যায়ত্বদর্শনাৎ ম্রিয়েত ইতি বিধ্যর্থত্বাসঙ্গতেশ্চ. বস্তুতস্তু কৃশান্তমেব সাধ্বীলক্ষণং, সা সাধ্বী পত্যৌ মৃতে সতি ম্রিয়েত ইতি বিধিঃ। ন চ অসত্যা এব এতাদৃশবিধানাধাততাৎ সহমরণানধিকার ইতি বাচ্যম্, অসত্যা "অবমত্য চ যাঃ পূর্ব্বম্" ইতি বিধ্যন্তরাজ্ঞাততয়েন তত্রাধিকারাৎ, ন চ সামান্যবিধিসম্ভবে বিশেষবিধিদ্বয়কল্পনা গৌরবমিতি বাচ্যং, সাধ্ব্যাঃ সহমরণে যাদৃক্ ফলং জায়তে অসাধ্ব্যাস্তু ন তাদৃশম্, অগত্যৈব বিধিদ্বয়স্যাবশ্যকত্বাৎ। "তিথিশ্চান্দ্রমসং দিনমি"তিবৎ সা সাধ্বী জ্ঞেয়া, পতিব্রতা চ জ্ঞেয়া ইতি মুনিনা পর্য্যায়ঃ কৃতঃ, অতো ন পৌনরুক্তিদোষঃ ইতি ভাবঃ। তাসাং প্রসাদেনেত্যন্বয়ঃ। ভর্ত্রনুমরণমিতি ক্বচিৎ তথাবিধাঃ পত্যবজ্ঞাকর্ত্র্যঃ ভর্ত্তৃপ্রতিকূলাশ্চ। কামাদিতি কামাদিতোষাঃ কুর্ব্বন্তীত্যর্থঃ। মোহাদিতি যদ্যপি কেনাপ্যৌষধাদিনা মোহিতা সতী সহমরণং করোতি, তথাপি তত্তৎফলভাগিনী ভবতীত্যর্থঃ এবমৌষধাদিনা তৎপ্রবর্ত্তকস্যাপি পুরুষস্যোত্তমকর্ম্মপ্রবর্ত্তক-

নাকে পীড়িত বোধ করে, পতির আনন্দে আনন্দিত হয়, পতি বিদেশগত হইলে, মলিন ও কৃশ হয়, এবং স্বামীর মৃত্যুতে আপনিও মরিয়া যায়, তাহাকে পতিব্রতা সাধ্বী বলে।" কল্পতরুতে এই বচনটিকে ছন্দোগপরিশিষ্টীয় বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। সাধ্বীগণের পুণ্যবলে যে জগৎ অবস্থান করিতেছে, একথা মৎস্য পুরাণে বলা হইয়াছে, যথা—"অতএব মনুষ্যগণ সাধ্বী স্ত্রীদিগকে দেবতার ন্যায় পূজা করিবে, তাহাদের প্রসাদেই রাজা ত্রিজগৎ ধারণ করিতেছেন।" মহাভারতে বলা হইয়াছে,—"যে সকল স্ত্রী প্রথমে পতিকে ঘৃণার সহিত দর্শন করে, অথবা যাহারা পতির প্রতিকূলে বর্ত্তমান হয়, তাহারা সকলেও যদি যথাসময়, কামবশেই হউক, ক্রোধবশেই হউক, অথবা ভয়েতেই হউক, সহমরণ করে,

অত্র চৈহিকব্রহ্মস্বপতের্দাহনিষেধাজ্জন্মান্তরীয়তৎপাপবত এব সহমরণোদ্ধারঃ ॥ ৪

ব্রহ্মপুরাণে,—"দেশান্তরে মৃতে পত্যৌ সাধ্বী তৎপাদুকাদ্বয়ম্ ।
নিধায়োরসি সংশুদ্ধা প্রবিশেজ্জাতবেদসম্ ॥
ঋগ্বেদবাদাৎ সাধ্বী স্ত্রী ন ভবেদাত্মঘাতিনী ।
ত্র্যহাশৌচে নিবৃত্তে তু শ্রাদ্ধং প্রাপ্নোতি শাস্ত্রবৎ ॥"

ঋগ্বেদবাদাদিতি "ইমা নারীরবিধবা" ইত্যাদি বক্ষ্যমাণ-

ত্বাৎ পুণ্যভাগিত্বমপি বোধ্যম্ । অত্র চেতি ব্রহ্মস্বো বেতি বচনে চেত্যর্থঃ । ঐহিকেতি—নন্ জন্মান্তরীয়ব্রহ্মহত্যায়া স্তানে অকৃতপ্রায়শ্চিত্তস্য দাহাভাবঃ, কৃতপ্রায়শ্চিত্তস্য চ তেনৈব পাপনাশনাৎ তত্র সহমরণস্যানুপযোগিতা অনিশ্চিতজন্মান্তরীয়পাতকস্য উদ্ধারকথনে চ অনিশ্চিতৈহিকতৎপাতকস্যাপি সহমরণেনোদ্ধারাৎ ইয়ং পঙ্‌ক্তিরফলেতি চেন্ন, ঐহিকব্রহ্মস্বপতের্নিশ্চিতব্রহ্মহত্যাকস্য পত্যুর্জন্মান্তরীয়তৎপাপবতঃ অনিশ্চিততৎপাতকস্যেত্যর্থকরণাদিতি । অত্রেদং বোধ্যং নিশ্চিতব্রহ্মহত্যাকোঽপি যদি দাহব্রমেণ দহ্যতে, তত্রাপি ভ্রান্ত্যা সহমরণেনোদ্ধারঃ বোদ্ধব্যঃ ইতি । অত্র কশ্চিৎ নিশ্চিতব্রহ্মহত্যাকোঽপি দাহদোষাসহিষ্ণুনা পুত্রাদিনা যদি দহ্যতে, তত্রাপি ব্রহ্মঘ্নপতিসহমরণস্যাপি নিষিদ্ধত্বাৎ তেনোদ্ধার ইত্যাহ, বস্তুতস্তু নিষিদ্ধাচরণাৎ ব্রহ্মঘ্নদাহে পুত্রাদীনামস্তু দোষঃ পাতকে পত্যনুমরণস্য সম্ভবেৎ অনিষিদ্ধত্বাদিতি যদুচ্যতে তন্ন সমীচীনং, "পতিঃ স্ত্রীভির্ন হাতব্যো লোকেপ্সুভিরপাতকী"তি শ্রীভাগবতীয়পদ্যেঽপাতকীতি বিশেষণেন পাতকিনঃ পত্যুঃ ত্যাজ্যত্বেন বোধনাদিতি । সংশুদ্ধা কৃতস্নানাদিঃ ত্র্যহাশৌচ ইতি এতচ্চ পত্যাশৌচব্যপগমে অনুমরণে ত্র্যহাশৌচব্যবস্থয়া পিণ্ডদানং চতুর্থদিনে শ্রাদ্ধমিতি বোধ্যং, পত্যাশৌচাভ্যন্তরেঽনুমরণে তু ত্র্যহেণ পিণ্ডদানং স্বাম্যাশৌচাপগমে তু শ্রাদ্ধমিতি বোধ্যম্ ॥ ৪ ॥

তাহ'লেও পবিত্র হয় ।" পূর্ব্বে যে, "সহগামিনী ব্রহ্মঘ্ন পতিকেও উদ্ধার করে," এইরূপ বলা হইয়াছে, উহা দ্বারা "জন্মান্তরীণ ব্রহ্মহত্যা পাপ বিশিষ্ট পতিকে" এইরূপই বুঝিতে হইবে, কেন না ইহজন্মে ব্রহ্মহত্যাকারীর দাহই নাই । ৪ ।

ব্রহ্মপুরাণে বলা হইয়াছে "স্বামী দেশান্তরে মৃত হইলে, সাধ্বী স্ত্রী তাহার পাদুকাদ্বয় আপনার বক্ষঃস্থলে স্থাপনপূর্ব্বক সম্যক্ প্রকারে বিশুদ্ধ হইয়া চিতানলে প্রবেশ করিবে । ঋগ্বেদের মন্ত্র অনুসারে ঐরূপে অনুমৃতা সাধ্বী স্ত্রীর আত্মহত্যা-জনিত পাপ হইবে না । ঐরূপে স্বপতির অনুগামিনী স্ত্রীর তিন দিন অশৌচ অতীত হইবার পর শাস্ত্রবিধি অনুসারে শ্রাদ্ধ করিতে হইবে ।" মূল বচনে যে, ঋগ্বেদের মন্ত্র বলা হইয়াছে, উহাদ্বারা "এই বিধবারমণী" ইত্যাদি বক্ষ্যমাণ মন্ত্রই

মন্নাৎ । এবঞ্চ অঙ্গিরোব্রহ্মপুরাণবচনপর্য্যালোচনয়া ব্রাহ্মণ্যাদি-সকলভার্য্যাণাং স্বগতভর্তৃগতফলবিশেষার্থিনীনাং গর্ভবতীবালা-পত্যাদিব্যতিরিক্তানাং, সহমরণানুমরণয়োরধিকার ইতি বিবাদ-কল্পতরুরত্নাকরৌ । তন্ন ব্রাহ্মণ্যাদ্যনুমরণাধিকারোক্তেরসঙ্গত-ত্বস্যাত্তন্নিষেধাৎ । তথাচ মিতাক্ষরায়াং, দেববোধকৃতযাজ্ঞবল্ক্য-টীকায়াঞ্চ গোতমঃ,—

"পৃথক্চিতিং সমারুহ্য ন বিপ্রা গন্তুমর্হতি ।"

তস্মাৎ ব্রাহ্মণ্যাঃ সহমরণমেব, ইতরাসান্তু উভয়মিতি । কল্প-তরুরত্নাকরশুদ্ধিচিন্তামণিষু পাদুকাদ্বয়মিতি দর্শনাৎ পাদুকা-দিকমিত্যপপাঠঃ । কিন্তু পাদুকাদ্বয়মিত্যুপলক্ষণম্ ; উশনসা

বিবাদকল্পতরুরত্নাকরয়োর্ম্মতং দূষয়িতুমুপক্রমতি এবঞ্চেতি । অঙ্গিরোবচনং "মৃতে ভর্ত্তরি যা নারী"ত্যাদিকং ব্রহ্মপুরাণবচনং "দেশান্তরে"ত্যাদিকম্ । বালাপত্যাদীত্যাদিনা গর্ভিণীরজস্বলাদের্গ্রহণং পৃথক্চিতিমিতি, নন্বু ভর্ত্তুশ্চিতিকীলাদ্যন্তরেঽপ্যন্তরং বিধায় বিপ্রা কথং ন ম্রিয়তে ইতি চেন্ন. বিপ্রা চিতিং সমারুহ্য পৃথগ্গন্তুং নার্হতীত্যর্থাৎ, অথবা প্রমীতদেহসংস্কারকাগ্নিবিশিষ্টঃ প্রদেশশ্চিতিরিতি নাপত্তিঃ । উপলক্ষণমিতি ভর্ত্তৃসম্বন্ধি যৎকিঞ্চিদ্দ্রব্যমাদায় চিতারোহণং কর্ত্তব্যমিত্যর্থঃ । কেবল-চিতারোহণন্ত ন

বুঝিতে হইবে । বিবাদকল্পতরু এবং রত্নাকরে যে বলা হইয়াছে, "অঙ্গিরা এবং ব্রহ্মপুরাণের বচন পর্য্যালোচনা দ্বারা ইহা জানা যাইতেছে যে, গর্ভবতী এবং বালাপত্যা (শিশু সন্তানযুক্ত) স্ত্রী ভিন্ন, নিজের ও স্বামীর মঙ্গলফলপ্রার্থিনী ব্রাহ্মণাদি সকল বর্ণের ভার্য্যামাত্রেরই সহমরণে এবং অনুমরণে অধিকার আছে ।" তাহাতে বক্তব্য এই যে, ঐ বাক্যে ব্রাহ্মণী প্রভৃতির যে, অনুমরণে অধিকার আছে বলা হইয়াছে, উহা অসঙ্গত হইয়াছে, কেন না তাহাদের পক্ষে অনুমরণের নিষেধ করাই হইয়াছে । এ সম্বন্ধে মিতাক্ষরায় এবং দেববোধ কৃত যাজ্ঞবল্ক্যের টীকায় গৌতমের এইরূপ একটী বচন উদ্ধৃত হইয়াছে, যথা—"ব্রাহ্মণী পৃথক্ চিতায় আরোহণ করিয়া ভর্ত্তার অনুগমন করিবে না ।" অতএব ব্রাহ্মণী-দিগের কেবল সহমরণেই অধিকার এবং অপর জাতীয় স্ত্রীদিগের সহমরণ, অনুমরণ, এই উভয়েই অধিকার । কল্পতরুরত্নাকর এবং শুদ্ধিচিন্তামণি প্রভৃতি গ্রন্থে "পাদুকাদ্বয়" এইরূপ পাঠ উদ্ধৃত হওয়ায়, কোন কোন পুস্তকে যে "পাদুকাদ্বয়" এই স্থলে "পাদুকাদিকং" এইরূপ পাঠ আছে, সে পাঠ অপপাঠের

বিপ্রেতরাসাং দ্রব্যবিশেষমনুপাদায় পৃথক্‌চিত্যারোহণমাত্রোক্তেঃ। যথোশনাঃ,—

"পৃথক্‌চিতিং সমারুহ্য ন বিপ্রা গন্তুমর্হতি।
অন্যাসামেব নারীণাং স্ত্রীধর্ম্মোঽয়ং পরঃ স্মৃতঃ॥"

মদনপারিজাতোঽপ্যেবম্। শিষ্টাচারোঽপি তথা॥ ৫

কৃত্যতত্ত্বার্ণবে বৃহন্নারদীয়ম্,—

"বালাপত্যাশ্চ গর্ভিণ্যো হ্যদৃষ্টঋতবস্তথা।
রজস্বলা রাজসুতে নারোহন্তি চিতাং শুভে॥"

রাজসুতে ইতি সগরমাতুঃ সম্বোধনম্। বৃহস্পতিঃ,—

"বালসম্বর্দ্ধনং ত্যক্ত্বা বালাপত্যা ন গচ্ছতি।

স্মার্ত্তসম্মতমিতি ধ্যেয়ম্। দ্রব্যবিশেষমনুপাদায়েতি—নহু উশনোবচনে দ্রব্যবিশেষানুপাদানেঽপি "সাধ্বী তৎপাদুকাদ্বয়মি"তি বচনৈকবাক্যত্বাৎ পাদুকাদ্বয়ং বিনা নানুমরণমিতি চেন্ন, অনুমরণস্থলেঽপি "সহ ভর্ত্তৃশরীরেণ সংবিশন্তু হুতাশনমি"তি মন্ত্রস্য পঠনীয়ত্বাৎ তস্য সমবেতার্থত্বলাভায় ভর্ত্তৃশরীরপদস্য ভর্ত্রুপভোগ্যপরত্বাৎ, তথাচ—যথা ভর্ত্তুঃ শরীরমুপভোগ্যং তথা পাদুকাদিকমপি ইত্যনুমরণে ভর্ত্রুপভোগ্যবস্তুমাত্রলাভ ইতি ধ্যেয়ম্॥ ৫

অদৃষ্টঋতব ইতি অদৃষ্টঃ ন আগত ঋতুকালো যাসাং তাঃ, দশবর্ষাভ্যন্তরস্থা ইত্যর্থঃ।

মধ্যেই গণ্য। কিন্তু বিবেচনা করিয়া দেখিলে ইহাই প্রতীত হয় যে, "পাদুকাদ্বয়ে"র দ্বারা এস্থলে পতি সম্বন্ধীয় দ্রব্যবিশেষেরই উপলক্ষণ করা হইয়াছে মাত্র। কারণ, উশনা স্মৃতিতে ব্রাহ্মণী ভিন্ন স্ত্রীদিগের কোন দ্রব্যবিশেষ না লইয়াও পৃথক্ চিতারোহণ মাত্র উক্ত হইয়াছে। উশনার সেই বচনটি এই—"ব্রাহ্মণী পৃথক্ চিতায় আরোহণ করিয়া স্বামীর অনুগমন করিবে না। অপর বর্ণজাত স্ত্রীগণের পক্ষে এই পৃথক্ চিতায় আরোহণপূর্ব্বক স্বামীর অনুগমনই স্ত্রীজাতিকর্ত্তব্য শ্রেষ্ঠ ধর্ম্ম বলিয়া শাস্ত্রে কথিত হইয়াছে।" মদনপারিজাতকারও এইরূপ মীমাংসা করিয়াছেন। শিষ্টাচারও এইরূপ দৃষ্ট হয়। ৫।

কৃত্যতত্ত্বার্ণবে বৃহন্নারদীয় হইতে নিম্নলিখিত বচনটি উদ্ধৃত হইয়াছে—"হে কল্যাণি, রাজপুত্রি, যে সকল স্ত্রী বালাপত্যা অর্থাৎ যাহাদের কোলে শিশু-সন্তান, যাহারা গর্ভবতী, যাহাদের রজোদর্শন হয় নাই, এবং যাহারা রজঃস্বলা, ইহারা চিতারোহণ করে না।" মূল বচনস্থিত "রাজসুতে" (রাজপুত্রি) এই পদটি সগর রাজার মাতাকে সম্বোধন করিয়া বলা হইয়াছে। বৃহস্পতি

"রজস্বলা সূতিকা চ রক্ষেদ্গর্ভঞ্চ গর্ভিণী॥"

এবমস্তুতশ্চেদ্বালসম্বর্দ্ধনং স্যাত্তদা তস্যা অপ্যধিকারঃ॥ ৬॥

ব্যাসঃ,—"দ্বিনৈকগম্যদেশস্থা সাধ্বী চেৎ কৃতনিশ্চয়া।

ন দহেৎ স্বামিনং তস্যা যাবদাগমনং ভবেৎ॥"

ভবিষ্যপুরাণে,—তৃতীয়েঽহ্নি উদক্যায়া মৃতে ভর্ত্তরি বৈ দ্বিজাঃ।

তস্যানুমরণার্থায় স্থাপয়েদেকরাত্রকম্। তস্য ভর্ত্তুঃ। তথা—

"একাং চিতাং সমাসাদ্য ভর্ত্তারং যানুগচ্ছতি।

তদ্ভর্ত্তুর্যঃ ক্রিয়াকর্ত্তা স তস্যাশ্চ ক্রিয়াঞ্চরেৎ॥"

এতচ্চ পিণ্ডদানপর্য্যন্তম্।

"অত ঊর্দ্ধং রজস্বলে'তি বচনাদিতি কেচিৎ, অন্যে তু অদৃষ্টঋতব ইতি ঋতুকালেঽপি অদৃষ্টরজব: সম্ভাবিতগর্ভা ইত্যর্থঃ। গর্ভিণ্যা নিশ্চিতগর্ভাঃ, অতো ন পৌনরুক্ত্যমিত্যাহুঃ। রজস্বলেতি রজস্বলা সূতিকয়োর্গমনাভাবেঽশৌচং হেতুঃ॥ ৬॥

অস্তুতশ্চেদিতি তথাচ বালসম্বর্দ্ধনেত্যাদিকং দৃষ্টার্থকর্মিতি ভাবঃ। তস্যানুমরণার্থায় ইত্যত্রাহুঃ সহার্থঃ। পিণ্ডদানপর্য্যন্তং পূরকপিণ্ডদানপর্য্যন্তম্, পিণ্ডং দদ্যাৎ পূরকপিণ্ডং

বলেন—"বালাপত্যা স্ত্রী স্বকীয় কোলের ছেলের পোষণ পরিত্যাগ করিয়া অনুগমন করিবে না, রজস্বলা, এবং সূতিকাও অনুগমন করিবে না। গর্ভবতীর পক্ষে আপনার গর্ভরক্ষা অবশ্য কর্ত্তব্য।" উপরি উক্ত বৃহস্পতির বচনে বালাপত্যাকে স্বকীয় কোলের ছেলের পোষণ পরিত্যাগ করিয়া অনুগমন করিতে নিষেধ করায়, ঐ বালকের পোষণের ব্যবস্থা যদি অন্যের দ্বারা সম্ভবপর হয়, তাহা হইলে, বালাপত্যারও চিতারোহণ শাস্ত্রনিষিদ্ধ হয় না। ৬।

ব্যাস বলেন,—"সহগমনে কৃতনিশ্চয়া সাধ্বী যদি মৃত স্বামীর স্থিতিস্থান হইতে একদিনে যাওয়া যায়, এইরূপ দূরদেশে মাত্র অবস্থান করে, তাহা হইলে স্বামীর মৃত্যু সংবাদ শ্রবণের পর যে পর্য্যন্ত সেই সাধ্বী মৃত্যুস্থানে আগমন না করে, সে পর্য্যন্ত শবদেহের দাহ করিবে না।" ভবিষ্য পুরাণে বলা হইয়াছে "হে দ্বিজগণ! যদি রজস্বলা স্ত্রীর তৃতীয় দিনের দিন স্বামীর মৃত্যু হয়, তাহ'লে উহার অনুগমনার্থ একরাত্র শবদেহ রক্ষা করিবে।" মূল বচনে যে "তস্য" (উহার) এই কথাটি আছে, তাহার অর্থ স্বামীর। ভবিষ্য পুরাণে আরও বলা হইয়াছে "যে স্ত্রী এক চিতায় আরোহণ করিয়া স্বামীর অনুগমন করিবে, স্বামীর ঔর্দ্ধদেহিক

"যশ্চাগ্নিদাতা প্রেতস্য পিণ্ডান্ দদ্যাৎ স এব হি।" ইতি বায়ুপুরাণবচনৈকবাক্যত্বাৎ। ব্রহ্মপুরাণে,—

"শ্রাবয়েত্তু ভর্তৃজায়াস্তু সদ্ভর্তৃকুলপাবিমাং।
চিতামারোপয়ন্ প্রাজ্ঞঃ প্রমীতে ধর্ম্মমুত্তমং।"
"ইমাঃ পতিব্রতাঃ পুণ্যাঃ স্ত্রিয়ো যা যাঃ সুশোভনাঃ।
সহ ভর্ত্তৃশরীরেণ সংবিশন্তু বিভাবসুম্॥
এবং শ্রুত্বা ততো নারী শ্রদ্ধাভক্তিসমন্বিতা।
পিতৃমেধেন যজ্ঞেন ইষ্ট্বা স্বর্গমবাপ্নুয়াৎ।" প্রমীতে ভর্ত্তরি

ইতি শেষঃ। পিতৃমেধেন যজ্ঞেন চিতারোহণরূপেণ। পাদুকা-

দদ্যাৎ। একবাক্যত্বাদিতি। ন চ কথমৈকবাক্যতা সম্ভবতি "যশ্চাগ্নিদাতা প্রেতস্য" ইত্যত্র প্রেতপদোপাদানাৎ তস্যাশ্চ প্রেতত্বাভাবাদিতি বাচ্যং, প্রেতস্য সংস্কৃতাগ্নিদাহস্যেতি তদর্থাৎ ন চৈবমপি তদগ্নিনা দগ্ধস্য উদাসীনস্যাপি পিণ্ডদানাপত্তিরিতি বাচ্যং প্রেতস্য তদগ্নিনা দাহত্বেন বেদবোধিতত্বেনৈতদর্থে তাৎপর্য্যাৎ। তথাচ তস্যাঃ পুত্রাদিসত্ত্বেঽপি তত্র দিনাত্রেব পূরকপিণ্ডদানং কার্য্যম্ ইতি ভাবঃ। স্বয়ং তত্র দিনানে তু স্বস্বপুত্রেণৈব পিণ্ডদানং কার্য্যমিতি বোধ্যম্। ভর্ত্তৃজায়ামিত্যত্র ভর্ত্তৃপদং তচ্ছরীরপরং ততশ্চ শ্রবণ-কুণ্ডলবৎ তৎকালীনভর্ত্তৃশরীরসত্তাবোধনায় ভর্ত্তৃপদমিতি ভাবঃ। ইমাম্ ইতি পাঠঃ। ইম-মিতি পাঠে ধর্ম্মমিত্যস্য বিশেষণম্। শ্রাবণীয়মন্ত্রমাহ ইমাঃ পতিব্রতা ইত্যাদি। পিতৃমেধেন ইতি পিতৃপদমত্র লক্ষণয়া ত্যক্তদেহপরং, তস্য মেধো দেহদাহঃ চিতারোহণমিতি যাবৎ।

ক্রিয়ার কর্ত্তাই ঐ স্ত্রীর ঔর্দ্ধদেহিক ক্রিয়াও করিবে।" উপরে যে, ঔর্দ্ধ-দেহিক ক্রিয়ার কথা বলা হইয়াছে, উহাতে পূরকপিণ্ডদানান্ত ক্রিয়াই বুঝিতে হইবে; কারণ, তাহ'লেই "যে ব্যক্তি প্রেতের মুখাগ্নি করিবে, পূরক পিণ্ড সেই ব্যক্তিই প্রদান করিবে।" এই বায়ুপুরাণের বচনের সহিত উপরি উক্ত বচনের একবাক্যতা হয়। ব্রহ্মপুরাণে বলা হইয়াছে "প্রাজ্ঞ ব্যক্তি সেই স্বামিকুলের গৌরবরক্ষাকারিণী স্ত্রীকে যৎকালে স্বামীর চিতায় স্থাপিত করিবেন, তৎকালে সহগমনকারিণীদিগের যে সকল শ্রেষ্ঠ ধর্ম্ম লাভ হয়, তাহা শুনাইয়া দিবেন, এবং এই মন্ত্রটি পাঠ করিবেন। "এই স্থলে যে সকল পবিত্রচরিত্রা পতি-ব্রতাগণ অবস্থান করিতেছেন তাঁহারা সকলেই স্বামীর শরীরের সহিত অগ্নিতে প্রবেশ করুন। এই মন্ত্র শুনিয়া যে স্ত্রী ভক্তি ও শ্রদ্ধা সহকারে পিতৃমেধযজ্ঞ করে, সে স্বর্গলাভ করে, সে স্বর্গ প্রাপ্ত হয়।" উপরি উক্ত মূল সংস্কৃত বচনে "প্রমীতে"

স্বয়গ্রহণপূর্ব্বকানুমরণেহপি সহ ভর্ত্তৃশরীরেণেত্যনুহঃ প্রযোজ্যঃ; "দেশান্তরমৃতে পত্যাবি"ত্যাদিনা শরীরপ্রতিনিধিত্বেন তদীয়দ্রব্যবিধানাৎ। প্রতিনিধৌ চ যথাশ্রুতমন্ত্রপাঠমাহ কাত্যায়নঃ,—"শব্দেঽবিপ্রতিপত্তিরি"ত্যেতদ্বিবৃতমেকাদশীতত্ত্বে ॥ ৭ ॥

ন চ, "অগ্নিজলপ্রবিষ্টানাং ভৃগুসংগ্রামদেশান্তরমৃতানাং গর্ভাণাং জাতদন্তানাং মরণে ত্রিরাত্রেণ শুদ্ধিরি"তি কাশ্যপবচ-

তদ্রূপেণ মন্ত্রেণ ইত্যর্থঃ। অনূহ ইতি তথাহি প্রকৃতিবিকৃতিভাবস্থলে এবোহঃ অনুমরণস্ত ন সহমরণস্য বিকৃতিঃ কিন্তু প্রতিনিধিরিতি ভাবঃ; তথাচ সহ ভর্ত্তৃশরীরেণেত্যেব প্রযোজ্যং ন তু সহ ভর্ত্তৃপাদুকাদ্বয়েনেত্যাদিকমিতি ধ্যেয়ম্। শব্দেঽবিপ্রতিপত্তিরিতীতি শ্রুতশব্দাপরিত্যাগ ইত্যর্থঃ। প্রতিনিধিস্থলে শব্দে শ্রুতশব্দপ্রয়োগে কস্যাপি ন বিপ্রতিপত্তিঃ ন বিরুদ্ধা প্রতিপত্তিঃ; তথাচ প্রতিনিধিস্থলে যথাশ্রুত এব শব্দঃ প্রযোজ্য ইতি ভাবঃ। অতএব শ্রাদ্ধাদৌ মধুপ্রতিনিধিত্বেন গুড়দানেঽপি মধুবাতেতি মন্ত্রোঽবিকৃত এব পাঠ্যঃ ন তু গুড়পদোহেনেতি ॥ ৭ ॥

ন চেতি বাচ্যমিতি পরেণান্বয়ঃ। ভৃগুরুচ্চপ্রদেশঃ। সংগ্রামেতি তত্র বিমুখমৃতানাম্

শব্দের অর্থ—স্বামী মৃত হইলে, এবং পিতৃমেধ যজ্ঞ শব্দের অর্থ—চিতাধিরোহণ পাদুকাগ্রহণপূর্ব্বক অনুমরণ করিলেও "সহ ভর্ত্তুঃ শরীরেণ" (ভর্ত্তার শরীরের সহিত) ইত্যাদি মন্ত্র অবিকলই পাঠ করিতে হইবে, ভর্ত্তার পাদুকার সহিত এইরূপে মন্ত্রের পরিবর্ত্তন করিতে হইবে না; কারণ, অনুমরণের সময় যে পাদুকাগ্রহণের কথা বলা হইয়াছে, ঐ পাদুকাও "পতি দেশান্তরে মৃত হইলে," ইত্যাদি বচন দ্বারা, শরীরের প্রতিনিধিরূপেই যে গৃহীত হয়, ইহাই বুঝাইতেছে, এবং প্রতিনিধিস্থলে যে, যথাশ্রুত অর্থাৎ মন্ত্রটি প্রথমে যেমন উক্ত হইয়াছে, সেইরূপ পাঠ করিতে হইবে, সেকথা কাত্যায়ন বলিয়াছেন। যথা,—যথাশ্রুত শব্দের প্রয়োগে কোনরূপ মতভেদ দৃষ্ট হয় না" এ কথা একাদশীতত্ত্বে বিস্তৃত ভাবে আলোচিত হইয়াছে। ৭।

কেহ আশঙ্কা করিয়াছিল—আমরা কাশ্যপের একটি বচন দেখিতে পাই, "অগ্নিপ্রবিষ্ট, জলপ্রবিষ্ট, ভৃগুপতনে, সংগ্রামে বা দেশান্তরে মৃত ব্যক্তিদিগের এবং জাত-দন্ত বালকদিগের মরণে * তিন রাত্রের পর শুদ্ধি হইবে।"

(*) মূলবচনস্থিত 'গর্ভ' শব্দটীর কাশীরাম দুই প্রকার অর্থ ধরিয়াই ব্যাখ্যা করিয়াছেন, যথা,—'গর্ভ' শব্দের যদি 'ভ্রূণ' রূপ অর্থ গ্রহণ করা হয়, তাহা হইলে, সপ্তম ও

নাৎ সহমৃতায়া অপ্যগ্নিপ্রবেশেন ত্রিরাত্রাশৌচং, তত্রৈব তস্যাঃ পিণ্ডদানমিতি বাচ্যং; প্রাগুক্তং ব্রহ্মপুরাণে পৃথক্‌চিতা-সমারোহণমাত্রে ত্র্যহাশৌচবিধানাৎ, অন্যত্র ভর্ত্তৃতুল্যাশৌচ-প্রতীতেঃ। সহমরণে কাশ্যপোক্তত্রিরাত্রাশৌচাঙ্গীকারেঽপি তস্যাশৌচস্য বৃদ্ধ্যাপত্যাশৌচকালাবধিস্থায়িত্বম্।

"অন্তর্দ্দশাহে স্যাতাঞ্চেৎ পুনর্ম্মরণজন্মনী।
তাবৎ স্যাদশুচির্ব্বিপ্রো যাবত্তৎস্যাদনির্দ্দশম্॥"

ইত্যর্থঃ, সপুত্রমরণে সদ্যঃশৌচবিধানাৎ। গর্ভাণামিতি সপ্তমাষ্টমমাসয়োর্গর্ভপতনে যথেষ্টা-চরণসপিণ্ডানাং ত্রিরাত্রাশৌচবিধানাৎ তৎপরং বোধ্যং. গর্ভাণাং বালানামিত্যর্থকত্বে তু জাত-দন্তানাং বালানাং মরণে পিত্রোস্ত্র্যহাশৌচবিধানাৎ তৎপরং বোধ্যং, তত্রৈব ত্রিরাত্র এব পিণ্ডদানং পূরকপিণ্ডদানম্, অশৌচান্তাহ্ণ্য এব তদ্বিধানাৎ। প্রাগুক্তেতি "ত্র্যহাশৌচ-

এই কাশ্যপের বচনানুসারে সহমৃতা স্ত্রীরও অগ্নিপ্রবেশে মৃত্যু হওয়ায় ত্রিরাত্র অশৌচ হইবে, কাজেই ঐ ত্রিরাত্রাশৌচের মধ্যেই তার পূরক পিণ্ড দান করাইত উচিত হয়? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতে-ছেন, "ন চ বাচ্যম্" একথা বলিতে পার না। পূর্ব্বেই এই আপত্তির উত্তর এক প্রকার বলা হইয়াছে, কারণ ব্রহ্মপুরাণের বচনে কেবলমাত্র পৃথক্ চিতায় আরোহণ কারীর পক্ষেই ত্রিরাত্রাশৌচের বিধান করায়, পৃথক্ চিতারোহণ ভিন্ন স্থলে যে, স্ত্রীর অশৌচ স্বামীর অশৌচের তুল্য হইবে, ইহাই প্রতীত হইতেছে। আরও একটী কথা, যদিও তোমার জেদের অনুরোধে সহমরণে কাশ্যপোক্ত তিনরাত্রি মাত্র অশৌচ স্বীকার করা যায়, তাহইলেও সেই অশৌচ পতির মৃত্যুজন্য অশৌচের যোগে বৃদ্ধি পাইয়া পতির অশৌচের অন্তদিন অবধি স্থায়ী হইবে। কারণ "পূর্ব্বজাত দশাহ অশৌচের মধ্যে যদি আর একটি জনন বা মরণাশৌচ সম্ভবটিত হয়, তাহ'লে পূর্ব্বোক্ত দশাহ অশৌচের যে কাল পর্য্যন্ত অন্ত না হয়, ব্রাহ্মণ সেই পর্য্যন্ত অশুচি

অষ্টম মাসের গর্ভ পতনে যথেষ্টাচারী সপিণ্ড দিগের যে, ত্রিরাত্রাশৌচ বিহিত হইয়াছে, কাশ্যপের এই বচনটীকে তদ্বিষয়কই বুঝিতে হইবে, আর গর্ভ' শব্দের যদি 'বালক'রূপ অর্থ ধরা হয়, তাহা হইলে, জাতদন্ত পদটি উহার বিশেষণ, এবং জাতদন্ত বালকের মৃত্যুতে পিতামাতার যে ত্রিরাত্রাশৌচ বিহিত হইয়াছে, এই বচনটি তদ্বিষয়কই বুঝিতে হইবে।

ইতি মনুক্তাশৌচসঙ্করে পরাশৌচস্য পূর্ব্বাশৌচকালাবধিস্থায়িত্বপ্রতীতেঃ। ততশ্চ যথাশৌচকালসঙ্কোচে তন্মধ্য এব সঙ্কলয্য পিণ্ডদানম্, তথশৌচকালবৃদ্ধাবপি যাবদশৌচং যথাক্রমং দশপিণ্ডা দেয়া ইতি। ৮।

অতএব জিকনীয়ান্ত্যেষ্টিবিধ্যনুমরণবিবেকয়োর্ব্যাসঃ,—
"সংস্থিতং পতিমালিঙ্গ্য প্রবিশেদ্‌যা হুতাশনম্।
তস্যাঃ পিণ্ডাদিকং দেয়ং ক্রমশঃ পতিপিণ্ডবৎ॥" বিষ্ণুঃ,—
"অন্বিতা পিণ্ডদানস্তু যথা ভর্ত্তুর্দিনে দিনে।
তদন্বারোহণী যস্মাত্তস্মাৎ সা নাত্মঘাতিনী॥"
অত্রানুঃ সহার্থঃ। "পতিমালিঙ্গ্যে"ত্যনেনৈকবাক্যত্বাৎ

নিবৃত্তে তু শ্রাদ্ধং প্রাপ্নোতি শাস্ত্রবদি"তি প্রাগুক্তেত্যর্থঃ। তস্য বৃদ্ধ্যা ত্রিরাত্রাশৌচস্য বৃদ্ধ্যা তাবৎ স্যাদশৌচমিতি পরাশৌচনিমিত্তেনেত্যর্থঃ। তদিতি পূর্ব্বাশৌচনিমিত্তমিত্যর্থঃ, অনির্দশমিতি অনির্গতদশকালমিত্যর্থঃ, অতো ন মাসাশৌচাদিষ্বতে দোষ ইতি। সংকলয্য সমতয়া বিভজ্য ত্রিরাত্রাশৌচে বিভাগে শেষদিনে পিণ্ডচতুষ্টয়দানেঽপি সমত্বং দশমস্য শেষদিনসমাপ্যত্বাৎ, মাসাশৌচাদৌ সংকলনপ্রকারান্তরং বক্ষ্যতীতি ধ্যেয়ম্॥ ৮॥

সংস্থিতং মৃতম্, ক্রমশো মরণক্রমেণ। তথাচাদৌ তন্ত্রে পিণ্ডাদিকং দত্ত্বা পশ্চাৎ পত্ন্যৈ দেয়মিতি ভাবঃ। অন্বিতেতি সহমৃতেত্যর্থঃ। তদন্বারোহণী তেন সহ চিতারোহণী। অন্বি-

---

হইবে।" এই মনুবচন দ্বারা অশৌচ সঙ্কর ঘটিলে পরজাত অশৌচের যে পূর্ব্বজাত অশৌচের সহিত শেষ হয়, ইহাই প্রতীত হইতেছে। অতএব অশৌচের সঙ্কোচ হ্রাস হইলে, যেমন সেই সঙ্কুচিত অশৌচকালের মধ্যে সঙ্কলন হিসাব করিয়া পূরকপিণ্ডদান করিতে হয়, সেইরূপ অশৌচ কালের বৃদ্ধি স্থলেও যতকাল অশৌচ থাকিবে, তন্মধ্যে দশপিণ্ড দিতে হইবে। ৮।

এই জন্যই জিকণ প্রণীত অন্ত্যেষ্টিবিধি নামক গ্রন্থে এবং অনুমরণবিবেক নামক গ্রন্থে ব্যাসের এইরূপ একটি বচন উদ্ধৃত হইয়াছে—"যে স্ত্রী মৃত পতিকে আলিঙ্গন করিয়া হুতাশনে প্রবেশ করে, পতির পূরক পিণ্ডের ন্যায় ক্রমশঃ তাহারও পূরক পিণ্ড দান করিতে হইবে।" বিষ্ণু বলিয়াছেন—"স্বামীর সহিত একচিতারোহণকারিণী রমণীকে যখন প্রতিদিন স্বামীর সহিত পিণ্ডদান করা হয়, অতএব তাহাকে আত্মঘাতিনী বলা যায় না।" ঐ মূল বচনে যে 'অনু' শব্দ আছে তাহার অর্থ—সহ। কেননা, তাহা হইলে, "পতিকে আলিঙ্গন করিয়া" ইত্যাদি বচনের সহিত এই

স্বাম্যশৌচাভ্যন্তরে পৃথক্‌চিতাবৃতায়াস্ত্র্যহেণ পিণ্ডদানং, স্বাম্যশৌচাপগমে তু শ্রাদ্ধম্।

"অন্বিতায়াঃ প্রদাতব্যা দশপিণ্ডাস্ত্র্যহেণ তু।

স্বাম্যশৌচব্যতীতে তু তস্যাঃ শ্রাদ্ধং বিধীয়তে॥" ইতি জিকনধৃতপৈঠীনসিবচনাৎ। আগ্নিপুরাণস্থেদমিতি শূলপাণিঃ। অত্রানুঃ পশ্চাদর্থঃ। অতীতে তু তত্র শৌচে পাদুকাদ্বয়মুপাদায় জ্বলদগ্নিপ্রবেশে ত্র্যহাশৌচব্যবস্থয়া পিণ্ডদানং, চতুর্থদিনে শ্রাদ্ধং, পূর্ব্বোক্তব্রহ্মপুরাণবচনাৎ॥ ৯॥

তায়াঃ পশ্চানুমৃতয়াস্ত্র্যহেণ ত্বিতি অত্রাহহং স্বার্থলক্ষণয়া ত্র্যহপদম্ অনুমরণদিনমারভ্য ত্র্যহব্যাহৈকাহকালপরং, ত্র্যহানধিকদিনে তাৎপর্য্যাৎ, ততশ্চ পত্যশৌচমধ্যেঽনুমৃতায়াস্ত্র্যহপদমুপাদার্থে অনুমরণদিনমারভ্য ত্র্যহে প্রাপ্তে তত্রৈব দশপিণ্ডা দেয়াস্তদভাবে তু অনুমরণদিনমারভ্য দ্ব্যহৈকাহয়োরপি দশপিণ্ডা দেয়া ইতি ধ্যেয়ম্। স্বাম্যশৌচ ইতি—নহু স্বাম্যশৌচ ইত্যভিধানাৎ তাবৎ পর্য্যন্তং তস্যা অশৌচং নাস্তীতি প্রতীয়তে, তথাচ স্বাম্যশৌচাপগমে তস্যা অশৌচান্তদ্বিতীয়দিনকৃত্যলোপাপত্তিরিতি চেন্ন, স্বাম্যশৌচেন গুরুণা বৃদ্ধ্যা তদশৌচস্যাপি তাবৎ পর্য্যন্তস্থায়িত্বাভ্যুপগমাৎ অন্তরা স্বাম্যশৌচস্যাপি সত্ত্বেন "স্বাম্যশৌচব্যতীতে ত্বি"ত্যুক্তমিতি ধ্যেয়ম্। পূর্ব্বোক্তেতি "দেশান্তরমৃতে পত্যাবি"ত্যাদি "ত্র্যহাশৌচে নিবৃত্তে তু শ্রাদ্ধং প্রাপ্নোতি শাশ্বতং" ইত্যন্ত পূর্ব্বোক্তেত্যর্থঃ॥ ১॥

বচনের একবাক্যতা হয়। অতএব এইরূপ ব্যবস্থা স্থির হইল যে, স্বামীর অশৌচের মধ্যে পৃথক্ চিতায় আরোহণকারিণীর তিনদিনে পূরক পিণ্ড দান করিবে। স্বামীর অশৌচের অন্ত হইলে কিন্তু শ্রাদ্ধ করিবে। কারণ, আমরা জিকন কর্ত্তৃক উদ্ধৃত পৈঠীনসীর একটি বচন দেখিতে পাই যে, "অনুমরণকারিণীর উদ্দেশে তিন দিনেই দশ পিণ্ড দান করিবে এবং স্বামীর অশৌচ অতীত হইলে তাহার শ্রাদ্ধ করিবে।" শূলপাণি এই বচনটিকে অগ্নিপুরাণীয় বলিয়া স্থির করিয়াছেন। ঐ বচনস্থিত অনুশব্দের পশ্চাৎ অর্থ অর্থাৎ স্বামীর দাহের পর। কিন্তু স্বামীর মৃত্যু জন্য অশৌচকাল অতীত হইবার পর যদি কোন স্ত্রী মৃত স্বামীর পাদুকাদি গ্রহণপূর্ব্বক জ্বলন্ত চিতানলে প্রবেশ করে, তাহ'লে তাহার পক্ষে ত্রিরাত্র মাত্র অশৌচের ব্যবস্থা থাকায়, তাহার তিন দিনেই পূরক পিণ্ড এবং চতুর্থ দিনে শ্রাদ্ধ করিবে। পূর্ব্বোল্লিখিত ব্রহ্মপুরাণের বচনে ঐরূপই বিধান করা হইয়াছে। ৯।

যত্র তু ভর্তুঃ সংগ্রামহতত্বাদিনা সদ্যঃশৌচং তত্র পৃথক্ চিতামৃতাশৌচস্য পূর্ব্বোক্তব্রহ্মপুরাণবচনাৎ ত্রিরাত্রত্বেন বহু-কালব্যাপিত্বেন গুরুত্বাৎ তেনৈব পূর্ব্বাশৌচস্য ব্যপগমাৎ তত্র ভর্তুরপি ত্র্যহেণ পিণ্ডদানং, তত্রাপ্যেকচিতারোহণে তন্ত্র শৌচ-ব্যপগমাৎ শুদ্ধিঃ।

"সংস্থিতং পতিমালিঙ্গ্যে"তি "অস্থিতাপিণ্ডদানমি"তি পূর্ব্বোক্তবচনাভ্যামেকবাক্যত্বাৎ অগ্নিপ্রবেশে সুমন্তুনা সদ্যঃ শৌচবিধানাচ্চ। যথা—

সদ্যঃশৌচমেকাহাশৌচং, যাবদশৌচং পিণ্ডান্ দদ্যাদিতি বচনাদশৌচমধ্যে পিণ্ডদানস্যুরোধাৎ, তত্র সদ্যঃপক্ষস্য একাহার্থাভ্যুপগমাৎ ইতি পৃথক্চিতামৃতায়া ভর্তুরপি ত্র্যহেণ পিণ্ডদানমিত্যন্বয়ঃ। পূর্ব্বোক্তেতি দেশান্তরমৃতে পত্যাবিত্যাদি পূর্ব্বোক্তেত্যর্থঃ। অথ বৃদ্ধিমত্ত্বাদিতি—অথ বৃদ্ধিমত্ত্বপ্রয়োজকত্বঞ্চ বহুকালীনত্বাদিকং বোধ্যং, তেনৈব পৃথক্চিতা-মৃতায়া অশৌচেনৈব পূর্ব্বাশৌচস্য ভর্তুরপি ত্র্যহেণেতি; তথাচ ত্রিরাত্রাশৌচেন গুরুণা লঘোঃ সদ্যঃশৌচস্য বৃদ্ধ্যা ভর্তৃশৌচমপি ত্র্যহপর্য্যন্তস্থায়ীতি ভাবঃ। তত্রাপি পত্যুঃ সদ্যঃশৌচস্থলেঽপি পতিতুল্যাশৌচং কল্প্যতে ইতি ভাবঃ। সংস্থিতমিতি—"সংস্থিতং পতিমালিঙ্গ্য প্রবিশেদ্‌যা হুতাশনম্।" ইত্যাদি পূর্ব্বমুক্তম্, অস্থিতা পিণ্ডদানন্তু যথা ভর্তুর্দিনে দিনে ইতি। অত্র চ পত্যুঃ সদ্যঃ শৌচস্থলে সহ-মৃতায়া যদি ত্র্যহাশৌচং স্বীক্রিয়তে, তদা যাবদশৌচং পিণ্ডান্ দদ্যাদিতি বচনাৎ

কিন্তু যেস্থলে স্বামীর যুদ্ধ ক্ষেত্রে হত হওয়া প্রভৃতি কারণ নিবন্ধন সদ্যঃশৌচ হইবে, অর্থাৎ এক দিনেই অশৌচের অপগম হইয়া শুদ্ধি হইবে, সেরূপ স্থলে স্ত্রী যদি ভর্ত্তার অশৌচ কালের মধ্যে ভিন্ন চিতায় আরোহণ করে, তাহ'লে পৃথক্ চিতারোহণে মৃতা স্ত্রীর অশৌচ, পূর্ব্বোক্ত ব্রহ্মপুরাণের বচনানুসারে ত্রিরাত্র স্থায়ী হওয়ায় স্বামীর অশৌচ অপেক্ষা বহুকালব্যাপী সুতরাং উহাকে গুরু বলিতে হইবে, কাজেই ঐ স্ত্রীর অশৌচের সহিতই পূর্ব্ব অশৌচ অর্থাৎ স্বামীর অশৌচ অপগত হইবে এবং স্বামীর পূরক পিণ্ডও তিন দিনের দিন দিতে হইবে। কিন্তু যদি সংগ্রামে নিহত প্রভৃতি স্বামীর সহিত স্ত্রী এক চিতায় আরোহণ করে, তাহ'লে স্বামীর অশৌচের নিবৃত্তির সহিতই শুদ্ধি হইবে। পূর্ব্বোল্লিখিত "মৃত পতিকে আলিঙ্গন করিয়া," ইত্যাদি এবং "স্বামীর সহিত এক চিতারোহণকারিণী রমণীকে" ইত্যাদি বচন দ্বারা ঐরূপই স্থির করা হইতেছে, এবং অগ্নি-প্রবেশে মৃত ব্যক্তির সুমন্তু যে, সদ্যঃশৌচ বিধান করিয়াছেন [illegible]

"ভৃগ্বগ্নিজলসংগ্রামদেশান্তরস্থসন্ন্যাসানশনাশনিমহাধ্বনিকানামুদকক্রিয়া কার্য্যা সদ্যঃশৌচং ভবতীতি।"

ভৃগুরুচ্চদেশঃ, মহাধ্বনিকঃ পুণ্যার্থং হিমালয়াবধিকমহাপথগমনেন সম্পাদিতমরণঃ। ন চৈতৎ "সদ্যঃশৌচং নিত্যং বেদাধ্যাপকৈরগ্নিহোতৃভিরেকাহাশৌচিভিশ্চ কর্ত্তব্যমি"তি হার-

---

ভর্তুরেকাহেনৈব পিণ্ডদানং, সহমৃতায়াস্ত্র্যহেণ স্যাৎ, তথা সতি পতিপিণ্ডদানতুল্যাপিণ্ডদানং ন স্যাৎ, যদি চ সহমৃতায়াস্ত্র্যহাশৌচাঙ্গীকারেঽপি একাহেনৈব পিণ্ডদানং, তদা যাবদশৌচমিত্যস্য ব্যাঘাতঃ স্যাদিতি, এতচ্চাশৌচমধ্যে সহমরণে বোধ্যং, তত্রাপি ভর্ত্রশৌচব্যপগমে সহমরণে ত্রিরাত্রমশৌচম্, অগ্নিজলপ্রবিষ্টানাং গর্ভাণাং জাতদন্তানাং মরণে ত্রিরাত্রেণ শুদ্ধিরিতি পূর্ব্বোক্তকাশ্যপবচনাদিতি ধ্যেয়ম্। নন্ত্র্যহাশৌচেন গুরুণা লঘুনঃ সদ্যঃশৌচস্য কথং ন বৃদ্ধিস্তত্রাহ—অগ্নিপ্রবেশে সুমন্তুনা ইতি। নন্বগ্নিপ্রবেশে কাশ্যপেন ত্রিরাত্রাশৌচমুক্তং, সুমন্তুনা সদ্যঃশৌচং, তথাচানয়োর্ব্বিরোধ ইতি চেন্ন, যত্র পত্যুঃ সদ্যঃশৌচং তত্র সহমৃতায়া অপি সদ্যঃশৌচম্, অন্যত্র তু ত্রিরাত্রাশৌচমিতি বিরোধাভাবাদিতি ধ্যেয়ম্। দেশান্তরস্থেঽশৌচমধ্যেঽজ্ঞাতমরণকে ইত্যর্থঃ। সন্ন্যাসীতি অত্র সন্ন্যাসী ত্রিদণ্ডী বোধ্যঃ, অন্যসন্ন্যাসিমরণেঽশৌচাভাবাদিতি। শিখা-যজ্ঞোপবীত-বংশদণ্ডরূপ-দণ্ডত্রয়ধারণাৎ ত্রিদণ্ডী সন্ন্যাসিবিশেষঃ। একাহাশৌচিভিরিতি যত্রাশেষৈঃ পূর্ণ শৌচং, তত্র একাহাশৌচিভিরিত্যর্থঃ। বচনান্তরেতি। "সংস্থিতং পতিমালিঙ্গ্য প্রবিশেদ্‌যা হুতাশনম্।" তস্যাঃ পিণ্ডাদিকং দেয়ং ক্রমশঃ পতিপিণ্ডবৎ" "অন্বিতা পিণ্ডদানন্তু যথা ভর্তুর্দিনে দিতে।" ইত্যাদি

খাটিতেছে; সুমন্তুর বচনটি যথা,—"ভৃগুপতনে, অগ্নিপ্রবেশে, জলে ডুবে, যুদ্ধক্ষেত্রে, দেশান্তরে, সন্ন্যাস গ্রহণের পর, অনশন (না খাওয়া) ব্রত করিয়া, বজ্রাঘাতে এবং মহাপথ গমনে মৃত ব্যক্তিদিগের উদকক্রিয়া অবশ্য কর্ত্তব্য, কিন্তু তাহাদের সদ্যঃশৌচ (সদ্য সদ্যই অশৌচের অপগম ও শুদ্ধি) হইবে। "মূল বচনে যে "ভৃগু" কথাটি আছে, তাহার অর্থ উচ্চদেশ, "মহাধ্বনিক" শব্দের অর্থ যে ব্যক্তি পুণ্য সঞ্চয়ার্থ হিমালয়াবধিক মহাপথ গমন দ্বারা আপনার মৃত্যুর সম্পাদন করিয়াছে। কেহ বলিয়াছিল, হারলতা নামক গ্রন্থে যে, "বেদাধ্যাপক, অগ্নিহোত্রী প্রভৃতি একাহাশৌচী ব্যক্তিগণ নিত্যই সদ্যঃ শৌচ করিবে।" এইরূপে সদ্যঃ শৌচের অধিকারী নির্দ্দিষ্ট হইয়াছে, সুমন্তু কর্ত্তৃক ভৃগুপতনাদিতে মৃত ব্যক্তির, সদ্যঃ শৌচের বিধানও তাহাদের সম্বন্ধেই বুঝিতে হইবে। তুমি যে সংগ্রামে নিহত স্বামীর সহিত একচিতাধিরোহণে মৃতার পক্ষে লাগাইতেছ তাহা নহে। স্মার্ত্ত বলিতেছেন—একথা বলিতে পার না, কেননা, সুমন্তুর উক্ত বচনের

লতাদত্তবিষয়ত্বেন নৈতদ্বিষয়কমিতি বাচ্যং, তন্মাত্রবিষয়কত্বে প্রমাণাভাবাৎ, সামান্যমুখপ্রবৃত্ততয়া, বচনান্তরসম্বাদিতয়া চৈতদ্বিষয়কমপি।

অন্যথা কাশ্যপোক্তত্রিরাত্রাশৌচমপি অগ্নিজলসংগ্রামপ্রবিষ্টানাং প্রমাদাদেব মরণ ইতি হারলতাদর্শনাদনুমরণবিষয়কং

বচনৈকবাক্যতয়া ইত্যর্থঃ। এতদ্বিষয়কমপীতি তথা চ সদ্যঃশৌচবিধায়ক ভৃগ্বগ্ন্যাদিসুমন্তুবচনস্য একাহাশৌচী চ, এতচ্চ, দ্বয়মেব বিষয়ো নান্যদিতি সিদ্ধান্ত ইতি বোধ্যম্। অন্যথেতি হারলতাকারেণ যো বিষয়ো দর্শিতঃ স এব বিষয়োঽস্য ইতি চেত্যর্থঃ। কাশ্যপোক্তেতি অগ্নিজলপ্রবিষ্টানাং জাতদন্তানাং গর্ভাণাং মরণে ত্রিরাত্রেণ শুদ্ধিরিতি কাশ্যপেনোক্তেত্যর্থঃ। অনুমরণবিষয়কং ন স্যাদিতি—নন্বু কাশ্যপবচনস্য অনুমরণবিষয়কত্বাভাবে কা ক্ষতিঃ "ত্র্যহাশৌচনিবৃত্তে তু শ্রাদ্ধং প্রাপ্নোতি শাস্ত্রবিদি"তি ব্রহ্মপুরাণবচনাদেবানুমরণে ত্র্যহাশৌচপ্রাপ্তেরিতি চেন্ন, বিধিদ্বয়কল্পনাপত্তেঃ, তথাহি—প্রমাদাদগ্ন্যাদিমরণে ত্র্যহাশৌচং কুর্য্যাৎ ইত্যেকো বিধিঃ, অনুমরণে ত্র্যহাশৌচং কুর্য্যাদিত্যপরঃ, অনুমরণস্য কাশ্যপবচনবিষয়ত্বে তু একো বিধিঃ। তথাহি অবৈধবুদ্ধিপূর্ব্বককমরণান্যবহ্ন্যাদিমরণে ত্র্যহাশৌচং কুর্য্যাদিতি, অগ্ন্যাদিমরণে ত্র্যহাশৌচং কুর্য্যাৎ ইতি সামান্যবিধিস্তু ন সম্ভবতি, অবৈধবুদ্ধিপূর্ব্বক-বহ্ন্যাদিমরণে আত্মঘাতিত্বাদশৌচাভাবাদিতি ধ্যেয়ম্। কাশ্যপবচনমিতি অগ্নিজলপ্রবিষ্টানামিত্যাদি ত্রিরাত্রবিধায়ককাশ্যপবচনমিত্যর্থঃ। ব্রহ্ম-

যে, কেবল মাত্র বেদাধ্যাপকাদিই বিষয় তাহার কোন প্রমাণ নাই অর্থাৎ সুমন্তু-বচনের তথাবিধ একাহাশৌচী এবং এইরূপে সহমৃতা, এই উভয়ই বিষয়। আরও দেখ, উক্ত বচনটি যখন সামান্যতঃ সকল প্রকার অগ্নিপ্রবেশে মৃত্যুবিষয়ে উক্ত হইয়াছে, এবং "মৃতপতিকে আলিঙ্গন করিয়া" ইত্যাদি বচনান্তরের সহিত উহার অর্থের সমন্বয় ঘটিতেছে, তখন উহাকে একচিতারোহণমৃতাবিষয়কও বলা যাইতে পারে। তাহা না বলিয়া যদি হারলতার বাক্যকে প্রমাণ করিয়া ভৃগুপতনাদিতে মৃত্যু জন্য সদ্যঃশৌচ কেবল বেদাধ্যাপকাদির পক্ষেই বলা হয়, তবে হারলতার আর একটী বাক্য আছে যে, "কাশ্যপ যে অগ্নি, জল ও সংগ্রামে প্রবিষ্টদিগের ত্রিরাত্রাশৌচের কথা বলিয়াছেন, উহা প্রমাদবশতঃ অগ্নিতে জলে বা সংগ্রামে যাহারা মৃত হয়, তাহাদের পক্ষেই বুঝিতে হইবে; ইচ্ছাপূর্ব্বক অগ্নিপ্রভৃতিতে প্রবিষ্ট হইয়া মৃত ব্যক্তিদিগের পক্ষে নহে।" এই বাক্যানুসারে অনুমৃতাদিগেরও ত্রিরাত্রাশৌচ হইতে পারে না। অতএব কাশ্যপের বাক্যটিকে ব্রহ্মপুরাণে ত্রিরাত্রশৌচ-বিধায়ক বচনের সহিত একবিষয়কই বুঝিতে হইবে।

ন স্যাৎ, তস্মাৎ কাশ্যপবচনং ব্রহ্মপুরাণসমানবিষয়কমিতি সুমন্তুবচনঞ্চ সংগ্রামহতভর্তৃসহগমনবিষয়কমপীতি॥ ১০॥

ন চাত্র যোগসিদ্ধ্যধিকরণবিরোধান্ন সমুচ্চিতফলসিদ্ধিরিতি বাচ্যম্, যোগসিদ্ধ্যধিকরণে "হি যঃ পুত্রকামো, যঃ পশুকাম" ইত্যাদিনা যজ্ঞক্রতুমুপক্রম্য "একস্মৈ বা কামায়ান্যে যজ্ঞক্রতব

পুরাণেতি ব্রাহ্মণাশৌচনিবৃত্তেষ্বিত্যাদি ত্রিরাত্রবিধায়ক-ব্রহ্মপুরাণেত্যর্থঃ। সুমন্তুবচনঞ্চেতি ভৃগ্বগ্নীত্যাদি সদ্যঃশৌচবিধায়ক-সুমন্তুবচনঞ্চেত্যর্থঃ॥ ১০॥

..অথ যোগসিদ্ধ্যধিকরণম্। নমু সকৃদনুষ্ঠিতেন সহমরণেন নানাফলং জায়তে ইতি সিদ্ধান্তঃ স কথং সংগচ্ছতাং, তথাহি যথা দর্শপৌর্ণমাসয়োর্নানাফলজনকত্বেঽপি সকৃদনুষ্ঠানাদেকমেব ফলং জায়তে, ন তু নানাফলং, তয়োর্নানাফলজনকত্বন্ত অনুষ্ঠানভেদাৎ, তথেহাপি ভবিষ্যতীত্যাশঙ্কতে ন চেতি ; বাচ্যমিতি পরেণান্বয়ঃ। অত্র সহমরণস্থলে ন সমুচ্চিতফলসিদ্ধিঃ সকৃদনুষ্ঠানায় নানাফলসিদ্ধিঃ। হি যতঃ, য ইতি যঃ পুত্রকামঃ স পুত্রেষ্টিং কুর্য্যাৎ যঃ পশুকামঃ স পশ্বিষ্টিং কুর্য্যাৎ, ইত্যর্থঃ। যজ্ঞেতি যজ্ঞাশ্চ ক্রতবশ্চ তানিত্যর্থঃ, সসোমকো যজ্ঞঃ, অসোমকঃ ক্রতুরিতি তয়োর্ভেদঃ, অতো ন পৌনরুক্ত্যম্। কেচিত্তু সযূপো যজ্ঞঃ, নির্যূপঃ ক্রতুঃ ইতি ভেদমাহুঃ। একস্মৈঃ ইতি পাঠঃ. একৈকস্মৈ ইতি কচিৎ,বা শব্দ এবকারার্থঃ। কামায় ফলায়। তথাচ একমাত্রফলায় তত্তদপরফলাভাববিশিষ্ট-

---

ব্রহ্মপুরাণে যেরূপ চিতানলে প্রবেশ স্থলে ত্রিরাত্রশৌচ বিহিত হইয়াছে, কাশ্যপের বচনেও সেইরূপ অগ্নিপ্রবেশে মৃত্যুই অভিপ্রেত বলিতে হইবে, কাজেই সুমন্তুর বাক্যটিকেও সংগ্রামনিহত স্বামীর সহমরণ বিষয়ক বলিতে হইবে। ১০।

কেহ বলিয়াছিল, উক্ত সহমরণ বিষয়ক বচনে যে স্বর্গবাসাদি বিবিধ ফলের কথা বলা হইয়াছে, ঐ বিবিধ ফল কখনই এক ব্যক্তির সিদ্ধ হইতে পারে না,—একই ব্যক্তি যখন একবার একটীমাত্র ক্রিয়ারই অনুষ্ঠান করিতেছে, তখন সেই একবারমাত্র অনুষ্ঠিত একটি ক্রিয়া হইতে বিবিধ ফলের সিদ্ধি কিরূপে হইবে? ঐরূপ এক ক্রিয়া হইতে বিবিধ ফলসিদ্ধি স্বীকার করিলে মীমাংসোক্ত যোগসিদ্ধিপ্রকরণে, 'একবারমাত্র অনুষ্ঠিত কর্ম্ম হইতে, একই কর্ত্তা নানা ফল লাভ করিতে পারে না,' এইরূপ যে সিদ্ধান্ত করা হইয়াছে, তাহার সহিত বিরোধ হইয়া পড়ে। স্মার্ত্ত বলিতেছেন, এ কথা বলিতে পার না ; দেখ, যোগসিদ্ধির অধিকরণে "যে পুত্রাভিলাষী" "যে পশু-অভিলাষী," ইত্যাদি আরম্ভক বাক্যদ্বারা যজ্ঞ এবং ক্রতু সকলের প্রকরণ তুলিয়া "যে কোনও একটী কামনার নিমিত্ত

আহ্রিয়ন্তে, সর্ব্বেভ্যো দর্শপৌর্ণমাসাবি"ত্যুক্তং তত্র তত্তদ্বিধি-বাক্যেষু নিরপেক্ষফলশ্রুতেঃ কামনাভেদান্ন কর্ত্রৈক্যম্। ততশ্চ সর্ব্বশব্দেন প্রকৃতবাচিনা নিরপেক্ষাণামেব পুত্রাদিফলানাং দর্শপৌর্ণমাসসম্বন্ধেঽবগতে প্রয়োগভেদাদেব ভবতু তত্র তত্তৎ-

তত্তদেকফলায়েতি যাবৎ ইতি। এতদভিধানঞ্চ দর্শপৌর্ণমাসয়োরুৎকর্ষজ্ঞাপনার্থম্। অন্যে দর্শপৌর্ণমাসা ভিন্নাঃ। সর্ব্বেভ্য ইতি একমাত্রতত্তৎসর্ব্বফলমুদ্দিশ্যেত্যর্থঃ। নিরপেক্ষ-ফলশ্রুতেঃ একমাত্রফলশ্রুতেঃ। তত্তদপরফলাভাববিশিষ্টতত্তদেকফলশ্রুতেরিতি যাবৎ। ন কর্ত্রৈক্যং, ন নানাফলকামনাবিশিষ্টত্বেন কর্ত্রৈক্যং ন নানাফলবিশিষ্ট একঃ কর্ত্তেতি যাবৎ, যদ্বা কর্ত্রৈক্যমিতি ভাবপ্রধানো নির্দ্দেশঃ। তথাচ—ন কর্তৃত্বৈক্যমিত্যর্থঃ, কামনা-প্রযোজ্যায়াঃ কৃতিরূপকর্তৃতায়াঃ কামনাভেদেন ভেদাৎ। এবঞ্চ কর্ত্তুরেকত্বসম্ভবেঽপি ন ক্ষতিরিতি ধ্যেয়ম্। তথাচ প্রকৃতে সর্ব্বশব্দস্য প্রক্রান্তবাচিত্বাৎ পূর্ব্বং যদ্রূপেণোপস্থিতং পুত্রাদিরূপং ফলং, তদ্রূপেণ পুত্রত্বাদিনা পুত্রাদিফলবাচকেনেত্যর্থঃ। নিরপেক্ষাণামিতি তত্তদপরফলাভাববিশিষ্টানামিত্যর্থঃ, তথাচ পুত্রকামো দর্শপৌর্ণমাসৌ কুর্য্যাৎ, পশুকামো দর্শপৌর্ণমাসৌ কুর্য্যাদিত্যাদিরূপেণ নানৈব বিধিঃ ন তু পুত্রাদিসমুচ্চিতফলকামো দর্শ-পৌর্ণমাসৌ কুর্য্যাদিত্যেকো বিধিরিতি। এবঞ্চ প্রত্যেকফলকামনাবৎ পুরুষকৃতিসাধ্যত্বং দর্শপৌর্ণমাসয়োঃ সর্ব্বেভ্যো দর্শপৌর্ণমাসাবিতি শ্রুত্যা বোধ্যতে ইতি ভাবঃ। সম্বন্ধে অবগতে

নানাবিধ যজ্ঞ ও ক্রতুর আহরণ করা হয়, এবং ঐ সকল কামনার জন্য দর্শ এবং পৌর্ণমাস যাগ (আহৃত হয়)" এই কথা বলা হইয়াছে মাত্র। এক্ষণে দেখ,- ঐ যোগসিদ্ধির অধিকরণে যে কয়টি বিধিবাক্য অর্থাৎ যজ্ঞবিধায়ক বাক্য আছে, তাহাতে নিরপেক্ষ অর্থাৎ স্বতন্ত্র স্বতন্ত্র ফলের কথা থাকায়, কামনা-ভেদের প্রতীতি নিবন্ধন কর্ত্তার ('ঐ সকল যজ্ঞাদির অনুষ্ঠাতার) ঐক্য কিছুই প্রতীত হইতেছে না। ইহার তাৎপর্য্য এই যে, যোগসিদ্ধির অধিকরণে বলা হইয়াছে, 'যে অমুক বস্তু কামনা করিবে, সে অমুক যজ্ঞের বা ক্রতুর অনু-ষ্ঠান করিবে'; এইরূপ পৃথক্ পৃথক্ কাম্যফলের জন্য পৃথক্ পৃথক্ রূপ যজ্ঞের বা ক্রতুর অনুষ্ঠানের বিধি করায়, একই ব্যক্তি যে ঐ সকল প্রকার যজ্ঞ বা ক্রতুর অনুষ্ঠানকারী হইবে। এরূপ প্রতীতি হইতেছে না। আরও দেখ, "সর্ব্বফল কামনার জন্য দর্শ পৌর্ণমাস যজ্ঞ" এই বাক্যে যে সর্ব্বশব্দটী আছে, উহা পূর্ব্বোক্ত পৃথক্ পৃথক্ রূপে অভিহিত কার্য্যফলের প্রত্যেকেরই বাচক, সুতরাং উহা দ্বারা পরস্পর নিরপেক্ষ পুত্রকামনাদিরূপ নানা ফলের সহিত দর্শ-পৌর্ণমাস যাগের সম্বন্ধ জ্ঞাত হওয়ায়, কামনানুসারে কর্ম্মের অনুষ্ঠান-

ফলসিদ্ধিঃ। তথাচ তদধিকরণে সিদ্ধান্তসূত্রম,—"যোগসিদ্ধির্ব্বা অর্থস্যোৎপত্ত্যযোগিত্বাদি"তি। অস্যার্থঃ—'বা'শব্দঃ সিদ্ধান্ত-দ্যোতনার্থঃ। "সর্ব্বেভ্যো দর্শপৌর্ণমাসাবি"ত্যত্রার্থস্য তত্তৎফলস্য যোগেন প্রয়োগভেদেন সিদ্ধিঃ, উৎপত্ত্যযোগিত্বাৎ সর্ব্বশব্দানু-কর্ষণীয়ানাং "যঃ পুত্রকামোঽযঃ পশুকাম" ইত্যাদ্যুৎপত্তিবাক্যে ফলানাং যুগপদসম্বন্ধাৎ।

প্রয়োগভেদাৎ অনুষ্ঠানভেদাৎ, তত্র দর্শপৌর্ণমাসস্থলে, তদধিকরণে যোগসিদ্ধ্যধিকরণে ইত্যর্থঃ। প্রয়োগভেদেন সিদ্ধিরিতি প্রয়োগভেদেনৈব সিদ্ধিঃ একানুষ্ঠানাদসিদ্ধিরিতি যাবৎ, তত্তৎ ফলং পক্ষঃ, একানুষ্ঠানজন্যত্বাভাবঃ সাধ্যঃ, উৎপত্ত্যযোগিত্বাদিতি হেতুঃ তথাচ সর্ব্বেভ্যো দর্শপৌর্ণমাসাবিত্যত্র সর্ব্বপদানুকর্ষণীয়তত্তৎফলং দর্শপৌর্ণমাসয়োরেকানুষ্ঠান-জন্যত্বাভাববৎ তয়োরেকানুষ্ঠানজন্যত্বেন শাস্ত্রাপ্রতিপাদিতত্বাৎ যৎ, একানুষ্ঠানজন্যত্বেন শাস্ত্রাপ্রতিপাদিতং, তৎ একানুষ্ঠানজন্যত্বাভাববদিতি নিয়ম ইতি উৎপত্তিবাক্যে প্রধানবিধি-বাক্যে, প্রাধান্যঞ্চ অঙ্গবিধ্যধিকারবিধিপ্রয়োগবিধ্যপেক্ষয়া যোষাম্ যুগপদসম্বন্ধাৎ যুগপদ্দর্শ-

ভেদেই একএকটী কার্য্যের জন্য এক একটী মাত্র ফলের সিদ্ধি হইবে, ইহাই স্থির হইতেছে। অর্থাৎ যে পুত্রকামনায় দর্শ-পৌর্ণমাস যাগ করিবে তাহার ঐ দর্শ-পৌর্ণমাস যাগ হইতে একমাত্র পুত্রলাভরূপ ফলের সিদ্ধি হইবে, এবং যে পশুকামনায় দর্শ-পৌর্ণমাস যাগ করিবে, তাহার ঐ দর্শ-পৌর্ণমাসের অনুষ্ঠান হইতে একমাত্র পশুলাভরূপ ফলের সিদ্ধি হইবে, ইত্যাদি রূপ বোধই হইতেছে, তাহাতে ক্ষতি কি? কিন্তু উহা দ্বারা এমন কিছু স্থির হইতেছে না যে, এক ব্যক্তি একবার অনুষ্ঠিত একটিমাত্র কর্ম্ম হইতে ঐ কর্ম্ম-ঘটিত বিধিবাক্য দ্বারা প্রতিপাদিত নানা ফলের লাভ করিতে অক্ষম হইবে। দেখ, ঐ যোগসিদ্ধির অধিকরণের সিদ্ধান্ত সূত্রটী দেখিতে এইরূপই বুঝা যায়, ঐ সূত্রটী এইরূপ— "অর্থের উৎপত্তির অসম্বন্ধ হওয়ায় যোগসিদ্ধিই" এই সূত্রের স্মার্ত্ত এইরূপ অর্থ করিয়াছেন,—এই সূত্রস্থিত "বা" (ই) শব্দটী সিদ্ধান্তের দ্যোতক। "সকল কামনার জন্যই দর্শ-পৌর্ণমাস যাগ" এই বাক্যে অর্থের অর্থাৎ নানাবিধ কাম্য ফল সকলের প্রতিপাদক বিধিবাক্যগুলি ভিন্ন ভিন্ন, সুতরাং সর্ব্বশব্দের দ্বারা অপেক্ষিত যে "পুত্রাভিলাষী, যে পশু অভিলাষী" ইত্যাদি উৎপত্তিবাক্যে অর্থাৎ বিধিবাক্যে নির্দ্দিষ্ট ফল সকলের কখনই যুগপৎ (এককালে) একটি অনুষ্ঠাতার সহিত সম্বন্ধ হইতে পারে না, কাজেই ঐ স্থলে যোগসিদ্ধি অর্থাৎ

ন চার্থস্য নানাবিধস্য উৎপত্ত্যযোগিত্বাৎ মহেন্দ্রাদিতত্তল্লোক-বাসাদীনাম্ একদোৎপত্ত্যসম্ভবাদিতি ব্যাখ্যানং যুক্তমিতি বাচ্যং, তড়াগোৎসর্গাদৌ একস্মাৎ কর্ম্মণঃ ক্রমিকনানা-ফলোক্তেঃ। তথাচ মৎস্যপুরাণম্,—

"এতান্মহারাজ বিশেষধর্ম্মান্ করোতি যোর্ব্ব্যামতিশুদ্ধবুদ্ধিঃ।
স যাতি রুদ্রালয়মাশু পূতঃ কল্পাননেকান্ দিবি মোদতে চ॥
অনেকলোকান্ সুমহত্তপাদীন্ ভুক্ত্বা পরার্দ্ধদ্বয়মঙ্গনাভিঃ।
সহৈব বিষ্ণোঃ পরমং পদং যৎ প্রাপ্নোতি তদ্‌যাগবলেন ভূয়ঃ॥"

পৌর্ণমাসানম্বয়াৎ, তত্র চ "পুত্রকামো দর্শপৌর্ণমাসৌ কুর্য্যাদি"ত্যাদিবিধিভিন্নবিধিত্বং হেতু-র্বোধ্যঃ, একানুষ্ঠানজন্যত্বেন শাস্ত্রাপ্রতিপাদিতত্বাদিতি তু যুগপদিত্যাদেঃ পর্য্যবসিতার্থ ইতি কেচিৎ। অর্থস্যোৎপত্ত্যযোগিত্বাদিতি—অন্যথা ব্যাচক্ষতে, এতদ্‌বয়তি নচেতি, বাচ্যমিতি পরেণান্বয়ঃ, নানাবিধস্যেতি ফলস্যেতি শেষঃ, ক্বচিত্তু নানাবিধফলস্যেত্যেব পাঠঃ। এক-দোৎপত্ত্যসম্ভবাদিতি—তথাচ নানাবিধং তত্তৎ ফলম্ একানুষ্ঠানজন্যং যুগপদসম্ভবোৎপত্তিক-ত্বাদিতি, সহমরণস্থলে তু যদৃশং ফলমুক্তং, তত্তৎ সর্ব্বং যুগপৎসম্ভবোৎপত্তিকং ন বেত্য-ভিপ্রায়ঃ। ক্রমিকেতি তথাচ একানুষ্ঠানজন্যত্বসাধকৌ যুগপদসম্ভবোৎপত্তিকত্বরূপৌ হেতু-

একটি একটি কর্ম্মের এক একটি স্বতন্ত্র স্বতন্ত্র ফলই স্বীকৃত হইয়া থাকে, কিন্তু সহমরণ স্থলে একই উৎপত্তি-বাক্যে নানা ফলের উল্লেখ থাকায়, উহা যোগসিদ্ধির অধিকরণের অধীন হইবে কেন? যদি বল, উক্ত যোগসিদ্ধি স্থলে নানাবিধ কাম্যফলের একই উৎপত্তিবাক্যের সহিত অসম্বন্ধ নিবন্ধন, যেমন পৃথক্ পৃথক্ রূপে সিদ্ধি হয়, সেইরূপ এই সহমরণ স্থলেও ইন্দ্রলোকবাসাদি নানাবিধ কাম্যফলঘটিত উৎপত্তিবাক্য অর্থাৎ বিধিবাক্যগুলিও পরস্পর বিভিন্ন, সুতরাং উহাদের প্রত্যেকের সহিত ঐ সমুদয় ফলের যুগপৎ অসম্বন্ধ হেতু ঐ ফলগুলিরও পৃথক্ পৃথক্ রূপেই সিদ্ধি হইবে অর্থাৎ একই সহমরণকারিণী যে সমুদয় ফল প্রাপ্ত হইবে তাহা নহে, কোনও সহমরণকারিণী ইন্দ্রলোকে বাস করিবে, কোনও সহমরণকারিণী স্বর্গে বাস করিবে, ইত্যাদিরূপ যুক্তি অনুসারে যোগসিদ্ধির অনুকূল ব্যাখ্যা করাই যুক্ত। এইরূপ আশঙ্কার উত্তরে আমি বলিব যে, এরূপ ব্যাখ্যাও করিতে পার না; কারণ, তড়াগোৎসর্গাদি স্থলে একবারমাত্র অনুষ্ঠিত একই কর্ম্ম হইতে ক্রমশঃ যে নানাবিধ ফল সিদ্ধ হয়, তাহা বলা হইয়াছে। এ সম্বন্ধে মৎস্যপুরাণের বচন দেখ,—"হে মহারাজ! যে ব্যক্তি

তথেহাপি সর্ব্বনামপদাভাবাদার্থবাদিকফলানি সমুচ্চিতান্যেব কামনাবিষয়ো লাঘবাৎ।

আর্থবাদিকসমুচ্চিতনানাফলবিষয়কবিধিরপ্যেক এব কল্প্যতে লাঘবাৎ, ন হি নিমিত্তসাধারণ্যে বাংকৎ দিনা নৈমিত্তিকানাং

ব্যভিচারীতি ভাবঃ। অঙ্গনাভিঃ স্বস্ত্রীভিঃ সহৈব তদ্যোগবলেন তড়াগোৎসর্গাদিবলেন, ইহাপি সহমরণস্থলেঽপি, আর্থবাদিকেতি বিধিভিন্নবাক্যমর্থবাদঃ, স চ ত্রিবিধঃ, যথোক্তং ভট্টৈঃ—"বিরোধে গুণবাদঃ স্যাৎ অনুবাদোঽবধারিতে। ভূতার্থবাদস্তদ্ধানাবর্থবাদস্ত্রিধা মতঃ॥" সতি বিরোধে তদ্ভঙ্গনায় যত্র লক্ষণয়ান্বয়বোধস্তত্র গুণবাদঃ, যথা—যজমানঃ প্রস্তর ইত্যত্র প্রস্তরস্য কুশমুষ্টের্যাগকর্তৃত্ববিরোধাৎ সামানাধিকরণ্যোপপত্তয়ে গৌণ্যা বৃত্ত্যা প্রস্তরবিশিষ্টো লভ্যতে, তস্যাভেদেনান্বয়ঃ। অবধারিতে ইতি—প্রকরণান্তরেণাবধারিতস্যার্থস্য পুনঃ কথনমনুবাদঃ, যথা অগ্নির্হিমস্য ভেষজং নাস্তরীক্ষেঽগ্নিশ্চেতব্য ইত্যাদৌ। তদ্ধানৌ তয়োর্বিরোধাবধারণয়োরভাবে যত্র ভূতার্থকথনং, স ভূতার্থবাদঃ, যথা—'রামো রাজা বভূব' ইত্যাদৌ "ইন্দ্রঃ সুরপতিশ্চৈব বজ্রহস্তো মহাবল" ইত্যাদৌ চ। অত্র বিধিসমভিব্যাহৃতার্থবাদস্য প্রামাণ্যং তদ্ভিন্নস্য ন প্রামাণ্যম্ অগৃহীতগ্রাহকস্যৈব প্রামাণ্যাদলমতিবিস্তরেণ। লাঘবাৎ কামনায়া ঐক্যেন লাঘবাৎ, তথাহি সমুচ্চিতফলকামা সহমরণং কুর্য্যাদিতি বিধেঃ কামনৈক্যম্, এতৎফলকামা সহমরণং কুর্য্যাৎ, তৎফলকামা চ সহমরণং কুর্য্যাদিতি ক্রমেণ প্রত্যেকবিধিত্বে তু কামনায়া নানাত্বাৎ গৌরবং স্যাদিতি ভাবঃ। বিধিরপীতি তথাচ সমুচ্চিততত্তন্নানাফলকামা সহমরণং কুর্য্যাদিতি সামান্যতঃ একবিধিকল্পনেন নানাবিধিকল্পনাপেক্ষয়াপি লাঘবসম্ভবাদিতি ভাবঃ। নমু তড়াগোৎসর্গাদাবপি পৃথগনুষ্ঠানাদেব তত্তৎফলসিদ্ধিরস্তু, ইত্যাশঙ্কায়ামাহ—ন হীতি। যদ্বা নমু তড়াগোৎসর্গাদৌ যথা ক্রমিকফলং তথাত্রাপি ভবতু, নত্বেকদা নানাফলমিত্যাশঙ্কায়ামাহ—ন হীতি—নিমিত্তসাধারণ্যে নিমিত্ত-

---

পৃথিবীতে এই সকল বিশেষ বিশেষ ধর্ম্মের অনুষ্ঠান করে, সে ব্যক্তি শীঘ্র পূত হইয়া রুদ্রালয়ে গমন করে, এবং অনেক কল্প ধরিয়া স্বর্গে আনন্দের সহিত বাস করে, এবং শোভন মহঃ ও তপঃ প্রভৃতি লোকও দিব্যাঙ্গনার সহিত পরার্দ্ধদ্বয় পরিমিত কাল পর্য্যন্ত ভোগ করিয়া, ঐ যজ্ঞপ্রভাবে পুনর্ব্বার বিষ্ণুর পরম পদ প্রাপ্ত হয়।" উক্ত স্থলে যেমন একই কর্ম্ম হইতে নানাবিধ ফলের ক্রমশঃ প্রাপ্তির কথা উক্ত হইয়াছে, সেইরূপ এই সহমরণ স্থলেও বিধিবাক্যে কোনওরূপ সর্ব্বনাম পদের প্রয়োগ না থাকায়, সহমরণের শ্রেষ্ঠতাসূচক যে সকল ফল উক্ত হইয়াছে, তৎসমুদয় সমুচ্চিত হইয়াই (সম্মিলিত হইয়াই) এক ব্যক্তিরই কামনার বিষয় হইয়া থাকে। এইরূপ বলাতেই লাঘব হয়। যদি বল, তড়াগোৎসর্গ বিষয়ক বিধিবাক্যে ক্রমশঃ নানাফল প্রাপ্তির কথা থাকায়

পর্য্যায়তা সম্ভবতি, বহ্নিসামীপ্যে দাহপ্রকাশয়োঃ পর্য্যায়তায়া অদর্শনাৎ; তস্মাৎ সকৃদনুষ্ঠিতেন কর্ম্মণা যথৈকং ফলং নিষ্পাদ্যতে, তথা বাধকং বিনা ফলান্তরমপি বিনিগমকা-

ভাবাদেকমেককার্য্যজনকৈককারণসত্ত্বে ইতি যাবৎ, বাধকম্ একদা নানালোকগমনাদিরূপ-ফলাসম্ভবরূপবাধকং, তথাচ যদ্‌যদেকদা সম্ভবতি, তেষাং ন ক্রমিকত্বং, যেষাং তু ন সম্ভব-স্তেষামগত্যা ক্রমিকত্বং স্বীক্রিয়ত ইতি ভাবঃ। নৈমিত্তিকানাং ফলানাং পর্য্যায়তা ক্রমি-কত্বং, বিনিগমকাভাবাদিতি, আদৌ অমুকস্যৈব উৎপত্তিরিত্যত্র বিনিগমকাভাবাৎ, নিয়ামকা-ভাবাদিত্যর্থঃ, বিনিগমনাবিরহাদিতি পাঠঃ কচিৎ, একতরপক্ষপাতিনী যুক্তির্বিনিগমনা,

ঐ স্থলে নানাফলপ্রাপ্তিঘটিত একটি বিধির কল্পনায় কোন দোষ হইতেছে না, কিন্তু সহমরণ-বিধিবাক্যে উক্ত বহুফলে ক্রমিকত্ব নির্দ্দিষ্ট না হওয়ায় এবং এক-কালে বহুফলের উৎপত্তির অসম্ভব হওয়ায়, উহাদের এক একটি ফলের জন্য এক একটি স্বতন্ত্র বিধির কল্পনা করাই যুক্তিসিদ্ধ, কাজেই তুমি যে বলিতেছ, একই সহমরণকারিণী নানাফল প্রাপ্ত হইবে, তাহা আর হইল না, এ কথাও বলিতে পার না। দেখ, ঐ সকল আর্থবাদিক অর্থাৎ সহমরণের শ্রেষ্ঠতা-সূচক ফলের জন্য প্রত্যেকে ভিন্ন ভিন্ন বিধির কল্পনা করা অপেক্ষা সমুচ্চিত (সম্মিলিত) আর্থবাদিক নানা ফলের জন্য একটি মাত্র বিধির কল্পনা করাতেই লাঘব হয়, এক একটি ফলের জন্য এক একটি স্বতন্ত্র বিধিবাক্য কল্পনারূপ গৌরব অবলম্বন অপেক্ষা, একটি বিধিকল্পনা যে লাঘব তাহাতে সন্দেহ নাই, তবে নানা ফলের এককালে উৎপত্তির সম্ভব না থাকিলেও কামনায় উহাদের ক্রমিকত্ব উদ্ভাবিত করিয়া সঙ্কল্প করিলে, উহাদের ক্রমশই উৎপত্তি হইবে। আর একটি কথা, একই নিমিত্ত অর্থাৎ কর্ম্মরূপ কারণ হইতে যদি বহু ফলোৎ-পত্তির কথা থাকে, তাহা হইলে কোনওরূপ বাধক না ঘটিলে ঐ সকৃৎ অনুষ্ঠিত কর্ম্মরূপ কারণ হইতে ঐ সকল ফল যুগপৎই উৎপন্ন হইয়া থাকে, ক্রমশঃ নহে; কেনন, বহ্নির সামীপ্যরূপ কারণ উপস্থিত হইলে, তজ্জন্য দাহ এবং প্রকাশ (আলোক) যুগপৎই সংঘটিত হয়, উহাদের কখনই ক্রমশঃ উৎপত্তি দৃষ্ট হয় না। অতএব যে কর্ম্মের বহুফল উক্ত হইয়াছে, সেই কর্ম্মটী একবার মাত্র অনুষ্ঠিত হইলে তোমার মতে যেমন উক্ত বহুফলের এককালে উৎপত্তির অসম্ভব হেতু মধ্যে অন্যতম কোনও একটী ফল উৎপন্ন হয়, আমি বলিতেছি, এককালে বহুফলোৎপত্তির প্রতি কোনরূপ

ভাবাৎ। জ্যোতিষ্টোমাদেস্তু ষষ্টিবর্ষাদ্যবচ্ছিন্নফলাদিশ্রুতেঃ পৃথগনুষ্ঠানাদেব পৃথক্ফলসিদ্ধিরিতি। অন্যথা ষষ্টিসংখ্যাদ্যভিধানং ব্যর্থং স্যাৎ। যত্র তু কর্ম্মফলে কালবিশেষো নোক্তস্তত্রাপি তৎকর্ম্মসম্পাদকানুরূপেণ কালবিশেষো বোধ্যঃ, ফলস্য

তদ্বিরহাদিত্যর্থঃ। নন্থ জ্যোতিষ্টোমাদেঃ ষষ্টিবর্ষাদ্যবচ্ছিন্নস্বর্গাদিফলমুক্তম্, এবঞ্চ একস্মিন্ জ্যোতিষ্টোমে কৃতে, কথং ন নানাষষ্টিবর্ষাবচ্ছিন্নফলং ধারাবাহিকতয়া জায়তে, তত্রাহ—জ্যোতিষ্টোমাদেরিতি। পৃথক্ ফলসিদ্ধিন নাষষ্টিবর্ষাদ্যবচ্ছিন্নফলসিদ্ধিঃ। অন্যথেতি বিনিগমনাবিরহাৎ জ্যোতিষ্টোমাদেঃ স্বোত্তরকালত্বব্যাপকফলজনকত্বে ইত্যর্থঃ। একষষ্টিবর্ষাবচ্ছিন্নফলস্যোত্তরঃ ষষ্টিবর্ষাদ্যবচ্ছিন্নফলান্তরস্যোৎপত্তৌ, তদনন্তরঞ্চ অন্যস্যোৎপত্তৌ, ফলস্যোত্তরকালব্যাপকত্বং ফলত আয়াতমিতি ভাবঃ। কর্ম্মসম্পাদকেতি কর্ম্মসম্পাদকৌ আয়াসধনব্যয়ৌ তদনুরূপেণেত্যর্থঃ, তথাহি ষষ্টিবর্ষাবচ্ছিন্নফলজনকে জ্যোতিষ্টোমে যাবান্ আয়াসঃ, ধনব্যয়শ্চ দৃষ্টঃ, যত্র যাগে তত্তুল্যৌ আয়াসধনব্যয়ৌ দৃষ্টৌ, তত্রাপি ষষ্টিবর্ষাবচ্ছিন্নমেব ফলং, যত্র তু আয়াসধনব্যয়য়োস্ততো ন্যূনাধিক্যত্বং দৃষ্টং, তত্র

বাধক না থাকিলে সকল ফলগুলিই কেননা উৎপন্ন হইবে? কারণ সেই কর্ম্মটীর অনুষ্ঠানে উক্ত ফলসমূহের মধ্যে একটী মাত্র বিশেষ ফলই যে উৎপন্ন হইবে, এ সম্বন্ধে কোনও সাধক হেতু দৃষ্ট হয় না। তবে যদি বল আচ্ছা, জ্যোতিষ্টোম যাগের অনুষ্ঠানে ষাট বৎসর স্বর্গভোগরূপ ফল উক্ত হইয়াছে, তোমার মতে একবার মাত্র অনুষ্ঠিত কর্ম্ম হইতে যদি বহু ফল লাভ সম্ভবপর হয়, তবে একবার মাত্র অনুষ্ঠিত জ্যোতিষ্টোম যাগ হইতে বহু ষাট বৎসর স্বর্গভোগরূপ ফলোৎপত্তি না হয় কেন? ইহার উত্তরে আমি বলিব, বিধিবাক্যে ষাট বৎসর মাত্র স্বর্গভোগরূপ ফলের কথা থাকায়, একবার মাত্র অনুষ্ঠিত জ্যোতিষ্টোম হইতে বহু ষাট বৎসর স্বর্গভোগরূপ ফল উৎপন্ন হইতে পারে না, কিন্তু প্রত্যেক ষাট বৎসর স্বর্গভোগরূপ ফলের জন্য পৃথক্ পৃথক্ বার যজ্ঞের অনুষ্ঠান আবশ্যক। এরূপ যদি শাস্ত্রের অভিপ্রায় না হইত, তাহা হইলে বিধিবাক্যে ষাট বৎসর স্বর্গভোগরূপ ফলের নির্দ্দেশ করাই ব্যর্থ হইত, বহুকাল বা অনন্তকাল স্বর্গভোগ হইবে, এইরূপে ফল নির্দ্দেশ করাই যুক্তিসঙ্গত হইত। যেস্থলে কর্ম্মফল বিষয়ে কালবিশেষের নির্দ্দেশ করা হয় নাই, অর্থাৎ অমুক কর্ম্মের অনুষ্ঠান করিলে এইরূপ এতকাল স্বর্গাদিভোগ হইবে, এরূপ বলা হয় নাই, সেস্থলে তৎতুল্য ক্লেশ ও ধনব্যয় দ্বারা সাধিত কর্ম্মের ফলভোগের নিমিত্ত শাস্ত্রে যতকাল নির্দ্দিষ্ট হইয়াছে, ঐ কর্ম্মটির ফলও যে ততকালই ভোগ করিতে হইবে,

কর্ম্মনিষ্পত্তেস্তেষাং লোকবৎ পরিমাণতঃ ফলবিশেষঃ স্যাদিতি ন্যায়াৎ। তেষাং কর্ম্মণাং, লোকবৎ কৃষ্যাদিবৎ।

তথাচ মৎস্যপুরাণে,—

"পৌরুষাং দৈবসম্পত্ত্যা কালে ফলতি পার্থিব।
ত্রয়মেতন্মনুষ্যাণাং পিণ্ডিতং স্যাৎ ফলাবহম্‌॥
কৃষের্ব্বৃষ্টিসমাযোগাদ্দৃশ্যন্তে ফলসিদ্ধয়ঃ
তাস্তু কালে প্রদৃশ্যন্তে নৈবাকালে কথঞ্চন॥"

পৌরুষং পুরুষসাধ্যমৈহিকক্রিয়াবৃন্দম্‌। দৈবং সুখাদ্যুৎপাদনোন্মুখীভূতাদৃষ্টং পূর্ব্বজন্মকৃতম্‌। তথাচ যাজ্ঞবল্ক্যঃ—

"তত্র দৈবমভিব্যক্তং পৌরুষং পৌর্ব্বদেহিকম্‌।"

ফলস্যাপি ন্যূনাধিককালাবচ্ছিন্নত্বং বোধ্যমিতি। কর্ম্মনিষ্পত্তেঃ কর্ম্মনিষ্পত্ত্যধীনত্বাৎ। তেষাং কর্ম্মণাং পরিমাণতঃ স্বল্পত্ববহুত্বতঃ ফলবিশেষঃ ফলস্য স্বল্পত্ববহুত্বরূপফলবিশেষঃ। কৃষ্যাদিবদিতি যথা কর্ষণাদিতারতম্যেন ধান্যাদিরূপফলস্য তারতম্যং তথেত্যর্থঃ। ফলস্য কর্ম্মনিষ্পত্ত্যধীনত্বমুক্তং, তদ্দর্শয়তি—তথা চেতি। পিণ্ডিতং মিলিতং, কালস্য কারণতায়াম্‌ অন্বয়ব্যতিরেকৌ দর্শয়তি। ক্রিয়াবৃন্দং কৃষেরিতি ব্যাপারকূটঃ। সুখাদীতি সুখাদ্যুৎপাদনোন্মুখীভূতত্বঞ্চ সুখাদ্যুৎপত্ত্যব্যবহিতপূর্ব্বকালবৃত্তিত্বং, সদাপোত্তাবতা অন্যস্য হেতুত্বং নির্ব্বীজং, তথাপি তস্য বেদেন বোধনাদদোষ ইতি ভাবঃ।

ইহাও বুঝিতে হইবে। কেননা, ফল সকল কর্ম্মানুসারীই হইয়া থাকে, অতএব একবিধ আয়াস ও ধনব্যয় দ্বারা সাধিত কর্ম্ম সকল হইতে একরূপই ফল হইয়া থাকে, এই ন্যায়ই এ বিষয়ে প্রমাণ। এ সম্বন্ধে মৎস্যপুরাণে এইরূপ বলা হইয়াছে,—"হে রাজন্‌! দৈববলের সহিত যুক্ত হইয়া, পুরুষকার যথোচিত কালে ফল প্রসব করে। ইহাতে বুঝা যাইতেছে যে, পুরুষকার, দৈব এবং কাল এই তিনটী মিলিত হইয়া মনুষ্যদিগের অভিলষিত ফল উৎপাদন করে। যেমন বৃষ্টির সংযোগে কৃষির ফলসিদ্ধি দৃষ্ট হয় বটে, কিন্তু সেই ফলসিদ্ধির নিমিত্ত নিয়মিতকাল নির্দ্দিষ্ট হইয়াছে, সেই নির্দ্দিষ্টকাল ভিন্ন অপর কালে কখনই ফলসিদ্ধি হয় না।" মূলবচনে যে 'পৌরুষ' শব্দটী আছে, তাহার অর্থ পুরুষসাধ্য, অর্থাৎ পুরুষের ক্ষমতার দ্বারা সম্পাদ্য ঐহিক ক্রিয়াকলাপ। 'দৈব' শব্দের অর্থ সুখাদির উৎপাদনে উন্মুখীভূত অদৃষ্ট, পূর্ব্বজন্মকৃত কর্ম্ম। দৈবসম্বন্ধে যাজ্ঞবল্ক্য এইরূপ বলিয়াছেন,—"উহাদের মধ্যে দৈব পূর্ব্বদেহকৃত অভিব্যক্ত

অভিব্যক্তং ফলোন্মুখীভূতম. কালে তত্তৎকালে, কার্য্যজননোন্মুখীভূতে। অতএব সর্ব্বৈর্নিবন্ধৃভিঃ“বাধকং বিনা একস্মাৎ প্রায়শ্চিত্তাৎ নানাপাপধ্বংস” ইত্যুক্তম্। তথা বৃষোৎসর্গজলাশয়োৎসর্গ-দুর্গাপূজা-তন্মাহাত্ম্য-পাঠ-নন্দা-গঙ্গাস্নানাদিষ্বেকশাস্ত্রোক্তমিলিতফলবাচকপদযুক্তানি সঙ্কল্পবাক্যান্যুক্তানি ॥১১॥

তথাচ ভবদেবভট্টাঃ,—“একস্মৈ বা কামায় অন্যে যজ্ঞক্রতব আহ্রিয়ন্তে।” ইতি সঙ্কীর্ত্ত্য “সর্ব্বেভ্যো দর্শপৌর্ণমাসাবি”তি প্রয়োগভেদবিধানাৎ ভবতু তত্র পৃথগনুষ্ঠানসাধ্যত্বং,

---

অতএব একস্মাৎ কর্ম্মণো নানাফলোৎপত্তেরেব। নিবন্ধৃভিরিতি উক্তমিতি পরেণান্বয়ঃ। লঘুপ্রায়শ্চিত্তাৎ গুরুপাপনাশাসম্ভবাৎ একস্মাৎ প্রায়শ্চিত্তাৎ নানোপপাতকনাশাসম্ভবাচ্চ উক্তং বাধকং বিনেতি, অত্র চ পাপে গুরুণি গুরুণি ইত্যাদি। “গোঘ্নবদ্বিহিতঃ কল্পশ্চান্দ্রায়ণমথাপি বা। অভ্যাসে তু তয়োর্ভ্রষ্টস্ততঃ শুদ্ধিমবাপ্নুয়াৎ” ইত্যাদি বাধকং বোধ্যম্ ॥ ১১ ॥

ভবদেবভট্টা ইতি আহুরিতি পরেণান্বয়, প্রয়োগবিধানাদিতি প্রয়োগবিধেরিত্যর্থঃ। সর্ব্বেভ্যো দর্শপৌর্ণমাসাবিত্যনেন দর্শপৌর্ণমাসৌ তত্তৎ তৎপরিপাটীকথনাদিতি ভাবঃ।

কর্ম্ম।” “অভিব্যক্ত” শব্দের অর্থ ফলোৎপাদনে উন্মুখীকৃত, এবং উক্তবচনে যে “কালে” এই সপ্তম্যন্ত পদ আছে, তাহার অর্থ কার্য্যের উৎপাদনে উন্মুখীভূত সেই সেই কালবিশেষ উপস্থিত হইলে। এইহেতু, সমুদয় নিবন্ধকারগণ বিশেষরূপ বাধক না থাকিলে একই প্রায়শ্চিত্ত হইতে নানাবিধ পাপের যে ধ্বংস হয়, তাহা বলিয়াছেন। এবং তাঁহারা বৃষোৎসর্গ, জলাশয়োৎসর্গ, দুর্গাপূজা, দুর্গার মাহাত্ম্য পাঠ, এবং নন্দায় গঙ্গাস্নানাদি কার্য্যে এক বিধিবাক্যোক্ত নানাবিধ মিলিত ফলের জ্ঞাপক সঙ্কল্পবাক্য সকলও বলিয়াছেন ॥ ১১ ॥

উপরে যে আমি সিদ্ধান্ত করিলাম,—ভিন্ন ভিন্ন কামনায় যে সকল কর্ম্মের পৃথক্ পৃথক্ ভাবে অনুষ্ঠান হইবে তাহাদের ফলও পৃথক্ পৃথক্ হইবে, অর্থাৎ সেইরূপ একটী কর্ম্ম হইতে একবারে অনেক প্রকার ফল সিদ্ধ হইবে না, কিন্তু একবার অনুষ্ঠিত বহু ফলজনক কর্ম্ম হইতে বহু কাম্যফল সিদ্ধ হইতে পারিবে। একথা ভবদেব ভট্টও বলিয়াছেন। তিনি “যে কোনও একটী কামনার নিমিত্ত নানাবিধ যজ্ঞ ও ক্রতুর আহরণ করা হয়,” এই কথা বলিয়া “সকল কামনার জন্য দর্শ এবং পৌর্ণমাস যজ্ঞের অনুষ্ঠান হইতে পারে” এইরূপে কামনা-ভেদে দর্শ এবং

ব্রহ্মবধপ্রায়শ্চিত্তে তু তথাভূতে পৃথগনুষ্ঠানসাধ্যত্বপ্রতিপাদক-বচনাভাবাৎ অনেকফলানাঞ্চ তন্ত্রেণ দশহরাস্নানেন এক-কামনাবিষয়ত্বসম্ভবাৎ তন্ত্রত্বমিত্যাহুঃ। হরিনাথোপাধ্যায়াস্তু বৃষোৎসর্গফলান্যুদ্দেশ্য এতানি চার্থবাদিকফলানি সমুচ্চিতা-

তথাভূতে, নানাব্রহ্মবধজন্যপাপক্ষয়োদ্দেশেন কৃতে ভূতে। তন্ত্রেণ লাঘবেন। দশহরেতি—তত্র দশবিধপাপক্ষয়দর্শনাদিতি ভাবঃ। তন্ত্রত্ব সকৃদনুষ্ঠানসাধ্যত্বম্, অস্য চ অনেকফলানাঞ্চেতি পূর্ব্বেণান্বয়ঃ। হরিনাথোপাধ্যায়াস্ত্বিতি আহুরিতি পরেণান্বয়ঃ। উদ্দিশ্য নামমাত্রেণ সংকীর্ত্ত্য, 'নামমাত্রসংকীর্ত্তনমুদ্দেশ' ইতি তল্লক্ষণাৎ। আর্থবাদিকেতি অর্থ-

পৌর্ণমাস যাগের অনুষ্ঠানভেদ বিধান করায়, ঐ দর্শ-পৌর্ণমাস যাগের পৃথক্ পৃথক্ কামনায় পৃথক্ পৃথক্ অনুষ্ঠান হইতে পৃথক্ পৃথক্ ফলসিদ্ধি হউক না কেন, অর্থাৎ একবার মাত্র অনুষ্ঠিত দর্শ-পৌর্ণমাস যাগ হইতে উক্ত সমুদয় ফলের সিদ্ধি নাই বা হইল, কিন্তু ব্রহ্মবধপ্রায়শ্চিত্তরূপ কর্ম্মটি বহুবিধপাপনাশন-রূপ কাম্যফলের জনক হইলেও উহার যে পৃথক্ পৃথক্ পাপনাশন-কামনায় পৃথক্ পৃথক্ ভাবে অনুষ্ঠান করিতে হইবে, এরূপ বিধির প্রতি-পাদক কোনওরূপ বচন না থাকায়, এক প্রযত্নে বহুফল-সাধনরূপ লাঘব-মূলক যুক্তি অনুসারে, এবং সকৃদনুষ্ঠিত দশহরাস্নানের দশবিধ পাপনাশক শক্তি বিষয়ে প্রদর্শিত যুক্তি অনুসারে, তাদৃশ প্রায়শ্চিত্তসাধ্য সমুদয় ফল-গুলিই এককামনার বিষয় হওয়াতে, একানুষ্ঠানে উহাদের সকলের সিদ্ধি হইতে পারে, এই কথা বলিয়াছেন। হরিনাথ উপাধ্যায় বৃষোৎসর্গের সমুদয় ফলগুলির উল্লেখ-প্রসঙ্গে বলিয়াছেন, "এই সকল আর্থবাদিক ফলের সম্মিলিত হইয়া একই কামনার বিষয়ীভূত হওয়াই যুক্তিসিদ্ধ, কেননা এস্থলে সঙ্কল্পবাক্যে পুরুষের অর্থাৎ অনুষ্ঠানকারীর কামনাসংঘটিত বিশেষণটি কল্পনীয়, শাস্ত্রে নির্দ্দিষ্ট হয় নাই, তৈয়ার করিয়া লইতে হইবে; পুরুষের বিশেষণটি যখন কল্পনীয় (তৈয়ার করিয়া লইতে হইবে), তখন যতগুলি কাম্যফল বিধি-বাক্যে উক্ত হইয়াছে, ঐ সব গুলিকে এক কামনার বিষয় করিয়া বাক্যের কল্পনা (রচনা) করাই ত উচিত, তাহাতেই লাঘব হয়। ইহার তাৎপর্য্য এই যে, "পূর্ব্বোক্ত সমুদয় ফলের মধ্যে যে কোন একটি ফল-কাম হইয়া দর্শ-পৌর্ণমাস যাগ করিবে।" এই বিধিবাক্যে অনুষ্ঠাতা অমুক ফলকাম হইয়া দর্শ-পৌর্ণমাস যাগ করিবে, অমুক ফলকাম হইয়া দর্শ-পৌর্ণমাস যাগ করিবে

ন্বেব কামনাবিষয়ঃ পুরুষবিশেষণত্বস্য কল্প্যত্বাৎ, তথাচ মিলিতা-নামেককামনাবিষয়ত্বকল্পনমগ্নীষোময়োরিব দেবতাত্বে লাঘব-ন্যায়স্যাবিশিষ্টত্বাদিত্যাহুঃ ॥ ১২ ॥

অথবা "য এতা রাত্রীরধীয়ীত তস্য পিতরো ঘৃতকুল্যা,

বাদোপস্থিতেত্যর্থঃ। পুরুষবিশেষণত্বস্যেতি ফলস্য কামনাদ্বারা পুরুষবিশেষণত্বং, ততশ্চ সমুচ্চিতফলকামশ্চেদধিকারী, তদা এককামনাদ্বারা নানাফলানাং পুরুষবিশেষণত্বং, তত্র চ কামনায়া ঐক্যাৎ লাঘবং, প্রত্যেকফলকামশ্চেদধিকারী তদা তত্তৎফলানাং বিভিন্নকামনা-দ্বারা পুরুষবিশেষণত্বং, তত্র চ কামনানাং নানাত্বাৎ গৌরবমিতি। কল্প্যত্বাদিতি—যত্র তু কল্প্যত্বং নাস্তি, কিন্তু শ্রূয়মাণত্বং যথা সর্ব্বেভ্যো দর্শপৌর্ণমাসাবিত্যাদৌ তত্র গৌরবং প্রামাণিকত্বান্ন দোষাবহং, তদুক্তং 'প্রামাণিকং গৌরবং ন দোষায়েতি অগ্নীষোময়োরিতি অগ্নীষোমাভ্যাং যজেত, ইত্যত্র অগ্নীষোময়োরগ্নিত্বাদিরূপপ্রত্যেকধর্ম্মপুরস্কারেণ দেবতাত্বে গৌরবাৎ তত্রাগ্নিবিশিষ্টসোমত্বেন একস্যৈব দেবতাত্বং লাঘবস্যাৎ যথা কল্প্যতে, তথা প্রকৃতেঽপি স লাঘবন্যায়োঽবিশিষ্ট ইতি ভাবঃ। কেচিত্তু অগ্নীষোমীয়ং পশুমালভেত ইত্যত্র দেবতাত্বস্য ঐক্যে লাঘবাৎ একমেব পশ্বালম্ভনং ক্রিয়তে প্রত্যেকরূপেণ দেবতাত্বে তু পশুদ্বয়ালম্ভনং প্রসজ্যেত, এবমগ্নীমারুতীমনড্বাহীমালভেত ইত্যাদাবপি বোধ্যমিত্যাহুঃ ॥ ১২ ॥

রাত্রীরিতি বেদভাগবিশেষানিত্যর্থঃ। ঘৃতকুল্যা ইতি ঘৃতকুল্যা মধুকল্যা ইতি চ

এইরূপ প্রত্যেক বিধিতেই পুরুষের এক একটি মাত্র কাম্যফলঘটিত বিশেষণ নির্দ্দিষ্ট হইয়াছে। কাজেই লাঘব যুক্তির অনুসারে সব ফলগুলিকে একই কামনার বিষয় করা যাইতে পারে না, কিন্তু যে স্থলে ঐরূপ বিশেষণের নির্দ্দেশ করা হয় নাই, উহা প্রস্তুত করিয়া লইতে হইবে, তখন লাঘব যুক্তির অনুসরণ করিয়া সমুদয় ফলগুলিকে একই কামনার বিষয় করাই সঙ্গত। মিলিত বস্তুকে এক-যোগে কল্পনা করার পক্ষে আর একটি শাস্ত্রীয় উদাহরণ দেখাইতেছি,—দেখ, যেমন মিলিত অগ্নি ও সোমের পৃথক্ পৃথক্‌রূপে দেবতাত্ব কল্পনা না করিয়া লাঘবযুক্তিবশতঃ মিলিত অগ্নীষোমকেই দেবতারূপে কল্পনা করা হইয়া থাকে, এ স্থলেও উক্ত লাঘবমূলক যুক্তি সমানভাবেই খাটিতেছে, অর্থাৎ যে লাঘব-যুক্তিবশে অগ্নি ও সোমকে মিলিতভাবে দেবতারূপে কল্পনা করা যায়, সেই লাঘব-যুক্তিবশে মিলিত নানা ফলকে এককামনার বিষয়ীভূত কল্পনা না করা যাইতে পারিবে কেন? ॥ ১২ ॥

কেহ বলিয়াছেন "যে ব্যক্তি এই সকল রাত্রি অর্থাৎ বেদভাগ বিশেষ অধ্যয়ন

মধুকুল্যা ক্ষরন্তে" ইত্যত্রাপি বৈকল্পিকাশ্রয়োপগমে জাতেষ্টি-ন্যায়ভঙ্গপ্রসঙ্গাৎ, লাঘবাদ্বিকল্পেঽষ্টদোষাচ্চ ॥ ১৩ ॥

শশিরূপং ক্ষরন্ত ইতি ক্ষর সঞ্চলনে, গচ্ছন্তি প্রাপ্নুবন্তীতি যাবৎ। "কুল্যাল্পা কৃত্রিমা সরি-দি"ত্যমরঃ। তথাচ পিতৃণাং ঘৃতকুল্যা-মধুকুল্যোভয়প্রাপ্তিকাম এতা ঋচ্ছৌরধীয়ীতেতি সমুচ্চিতফলাবিধিরিত্যর্থঃ। ঘৃতকুল্যাকামঃ মধুকুল্যাকাম ইতি প্রত্যেকবিধিত্বে তু প্রত্যেককামনা অধিকারঃ স্যাদিতি ভাবঃ। বৈকল্পিকেতি মধুকুল্যাভাববিশিষ্টঘৃতকুল্যা-কামস্য ঘৃতকুল্যাভাববিশিষ্টমধুকুল্যাকামস্য নিযোজ্যত্বেন বৈকল্পিকাশ্রয়োপগমে ইত্যর্থঃ। অপরফলাভাববৈশিষ্ট্যলাভস্তু বাক্যমাত্রস্য সাবধারণপরত্বনিয়মাদিতি ভাবঃ। জাতেষ্টীতি— পুত্রে জাতেঽয়ণিঃ মথিত্বা বৈশ্বানরং দ্বাদশকপালং চরুং নির্ব্বপেৎ পুত্রপূতত্বকাম' ইতি শ্রুত্যা যদ্ধবনমুক্তং, তত্র পুত্রজন্মরূপনিমিত্তনিশ্চয়পুত্রপূতত্বকামনোভয়বানধিকারী, যথা কল্প্যতে তথেহাপি সমুচ্চিতফলকামনাবানেবাধিকারী কল্প্যতে, বৈকল্পিকাশ্রয়োপগমে তু তন্নয়ভঙ্গপ্রসঙ্গঃ স্যাৎ, তথাহি প্রত্যেকাভাববিশিষ্টপ্রত্যেকস্যাধিকারিত্বাৎ কেবলপুত্রজন্ম-নিশ্চয়াৎ কেবলপুত্রপূতত্বকামনাতশ্চ জাতেষ্টিঃ প্রসজ্যেত ইতি ভাবঃ। নন্বু তন্নয়ভঙ্গে কিং নশ্ছিন্নং তত্রাহ লাঘবাদিতি, তথাচ বৈকল্পিকবিধিদ্বয়কল্পনে তাৎপর্য্যদ্বয়কল্পনাদ্গৌরবং বিধ্যৈক্যে তু তাৎপর্য্যৈককল্পনা লাঘবমিতি ভাবঃ। অষ্টদোষাচ্চেতি "প্রমাণত্বাপ্রমাণত্ব-

---

করে, তাহার পিতৃগণ ঘৃতকুল্যা, মধুকুল্যা, প্রাপ্ত হয়" এই স্থলে "ঘৃতকুল্যা প্রাপ্ত হয়" অথবা "মধুকুল্যা প্রাপ্ত হয়" এইরূপ ঘৃতকুল্যাদিপ্রাপ্তিরূপ ফল যেমন একসঙ্গে কামনার বিষয় না হইয়া, বিকল্পে উহাদের একটি অথবা অন্যটি, এইরূপে কামনার বিষয় হইয়াছে, সেইরূপ সহমরণের প্রশংসাসূচক যে সকল ফল উক্ত হইয়াছে, তাহারাও সেইরূপ বিকল্পে (অর্থাৎ এটা, বা ওটা এইরূপে) কামনার বিষয় হউক, এই কথাই বলিব। ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন,—উপরে যে "তাহার পিতৃগণ ঘৃতকুল্যা ও মধুকুল্যা প্রাপ্ত হয়" এইবাক্যে ঘৃতকুল্যাদিপ্রাপ্তিরূপ ফল যে বিকল্পে কামনার বিষয় হয়, এইরূপ বলিতেছ, তাহা নহে, ঘৃতকুল্যাপ্রাপ্তি ও মধুকুল্যাপ্রাপ্তিরূপ ফলদ্বয় সমুচ্চিত (মিলিত) হইয়াই কামনার বিষয় হইয়া থাকে, অর্থাৎ পিতৃগণের ঘৃতকুল্যা ও মধুকুল্যা, এই উভয়প্রাপ্তিকাম (অভিলাষী) হইয়াই এই সকল বেদভাগ অধ্যয়ন করিবে, এইরূপ সমুচ্চিতোভয়ফললাভাভি-লাষার জন্যই ঐ বিধি করা হইয়াছে, এইরূপই বলিতে হইবে। যদি ঐ স্থলে বৈকল্পিক পক্ষ স্বীকৃত হইত অর্থাৎ 'ঘৃতকুল্যা-কাম হইয়া,' অথবা 'মধুকুল্যা-কাম' হইয়া ঐ সকল বেদভাগ অধ্যয়ন করিবে" এইরূপ বিধি স্বীকৃত হইত, তাহা হইলে, মধুকুল্যা লাভে অনিচ্ছু ঘৃতকুল্যাভিলাষী, অথবা ঘৃতকুল্যা লাভে অনিচ্ছু মধুকুল্যাভিলাষী ব্যক্তিই ঐরূপ বেদভাগ অধ্যয়ন করিবে, এইরূপই বিধি হইয়া

পরিত্যাগপ্রকল্পনাৎ। তদুজ্জীবনহানাভ্যাং বিকল্পে চাষ্টদোষতা ॥" ব্রীহিভির্যজেত যবৈর্বা যজেত ইতি শ্রূয়তে, বিকল্পশ্চ অন্যতরব্যবচ্ছেদেন অন্যতরান্বয়ঃ, তেন ব্রীহৌ যবাভাবঃ সহকারী, যবে চ ব্রীহ্যভাবঃ ইতি প্রমাণত্বমন্যতরস্য সমভিব্যাহৃতপদার্থেঽন্বয়াৎ, অপ্রমাণত্বম্ অন্যতরাভাবে সমভিব্যাহৃত পদার্থস্য অপ্রতীতৌ অন্বয়ঃ, তদুজ্জীবনং শাব্দবোধজনিকায়াঃ শক্তেঃ কল্পনং, হানং তাদৃশশক্তেঃ কুণ্ঠনম্। তত্র ব্রীহিপ্রয়োগে যবৈরিতি পদাৎ প্রতীতং যদ্যবে তৃতীয়ার্থসাধনত্বান্বয়রূপং যবাপ্রামাণ্যং তৎকল্পনম্ অন্যথা সমুচ্চয়েঽপি যাগসিদ্ধিঃ স্যাৎ, অতএব বিকল্পেনোভয়ঃ শাস্ত্রার্থ ইত্যুক্তং, তথা প্রয়োগান্তরে যবে উপাদীয়মানে পরিত্যক্তযবপ্রামাণ্যোজ্জীবনং স্বীকৃতযবাপ্রামাণ্যহানি-রিতি চত্বারো দোষা এবং ব্রীহাবপি চত্বার ইত্যষ্টদোষা ইচ্ছা বিকল্পে। তথাচোক্তম্—"এবমিষ্টোঽষ্টদোষোঽপি যদ্ব্রীহিযববাক্যয়োঃ। বিকল্প আশ্রিতস্তত্র গতিরন্যা ন বিদ্যতে" ইতি। নমু পুরোডাশৈর্যজেত ইতি শ্রূয়তে তত্র পুরোডাশায় ব্রীহিযবৌ বিহিতৌ তত্রাগ্নেয়াদিবৎ সমুচ্চয়রূপগতিরস্তিতি চেন্ন প্রকৃতক্রতুসাধনীভূতপুরোডাশদ্রব্যপ্রকৃতিতয়া হি যজেতেত্যস্য দ্বিরুপাদানাৎ পরস্পরানপেক্ষৌ ব্রীহিযবৌ বিহিতৌ শক্তশ্চ তৌ প্রত্যেকং পুরোডাশং সম্পাদয়িতুং, তত্র যদি মিশ্রাভ্যাং পুরোডাশঃ সম্পাদ্যেত তদা ব্রীহিভির্যজেত যবৈর্যজেত ইতি বাক্যয়োঃ পরস্পরানপেক্ষত্ববাধঃ স্যাদিতি, যত্র তু সমুচ্চয়াদিরূপং গত্যন্তরমস্তি তত্র বিকল্পো নাশ্রিয়তে অষ্টদোষদুষ্টত্বাদিতি ভাবঃ ॥ ১৩ ॥

দাঁড়াইত। কিন্তু ঐরূপ বিকল্পঘটিত বিধি স্বীকার করিলে, জাতেষ্টিসম্বন্ধীয় নিয়মের ভঙ্গ হইয়া পড়ে। ইহার তাৎপর্য্য এই, একটি শ্রুতি আছে "পুত্র উৎপন্ন হইলে, অরণি কাষ্ঠদ্বয় ঘর্ষণ করিয়া অগ্নি উৎপাদনপূর্ব্বক পুত্রের পবিত্রতাভিলাষী ব্যক্তি দ্বাদশকপালে (পাত্রে) সংস্কৃত বৈশ্বানর দেবতা সম্বন্ধীয় চরুদ্বারা হোম করিবে।" এই শ্রুতির দ্বারা যে হোম করিবার কথা বলা হইয়াছে, ঐ হোমে, পুত্রের উৎপত্তিবিষয়ে নিশ্চয় বিশিষ্ট, অর্থাৎ 'পুত্র জন্মিয়াছে,' এইরূপ যাহার স্থির হইয়াছে, এবং ঐ নবজাত পুত্রের পবিত্রতা সম্পাদনে যাহার অভিলাষ হইয়াছে, এইরূপ ব্যক্তি যেমন অধিকারিরূপে কল্পিত হইয়া থাকে, সেইরূপ উক্ত স্থলেও সমুচ্চিত ফল-কামনাবিশিষ্ট ব্যক্তিকেই অধিকারিরূপে কল্পনা করা যুক্তিযুক্ত। তাহা না করিয়া, যদি উক্ত স্থলে বিকল্পঘটিত বিধি স্বীকার কর, তা হইলে "জাতেষ্টি" স্থলেও বৈকল্পিক বিধি স্বীকার করিতে হইবে। "জাতেষ্টি" স্থলে কিন্তু বৈকল্পিক-বিধি স্বীকার করিলে, পুত্রজন্মনিশ্চয়বান্ ব্যক্তি পুত্রের পবিত্রত্বাভিলাষী হইয়া হবন করিয়া থাকে, এইরূপ যে, পূর্ব্বাপর প্রচলিত নিয়ম আছে, সেই নিয়ম-ভঙ্গের প্রসক্তি হইয়া পড়ে, অর্থাৎ বিকল্প স্বীকার করিলে পুত্রের পবিত্রতা কামনায় অভাববিশিষ্ট ব্যক্তি পুত্রজন্ম নিশ্চয় করিয়া অথবা পুত্রজন্মের নিশ্চয়াভাব-বিশিষ্ট ব্যক্তি পুত্রের পবিত্রত্বাভিলাষী হইয়া তথাবিধ হোমের অধিকারী হইবে,

বিধিটি এইরূপ হইয়া দাঁড়ায়; তাহ'লে যাহার কেবলমাত্র পুত্রজন্মনিশ্চয় হইয়াছে, পুত্রের পবিত্রত্বকামনা নাই, সে ব্যক্তিও জাতেষ্টি হোম করিতে অধিকারী হয়, এবং যাহার পুত্রজন্ম নিশ্চয় নাই, কেবলমাত্র পুত্রের পবিত্রত্ব কামনা আছে, সে ব্যক্তিও জাতেষ্টি হোম করিতে অধিকারী হয়। সুতরাং পুত্রজন্মনিশ্চয়বিশিষ্ট ব্যক্তিই পুত্রের পবিত্রতাভিলাষী হইয়াই হোম করিবে, এইরূপ যে নিয়ম আছে, সেই নিয়মভঙ্গের প্রসক্তি হইয়া পড়ে। যদি বল, ঐ নিয়মের ভঙ্গ হয়, হইলই বা তাহাতে ক্ষতি কি? ইহার উত্তরে বলিব—বৈকল্পিক বিধি স্বীকারে কেবল যে নিয়মভঙ্গ হয়, তাহা নহে, উহাতে গৌরব-পক্ষেরও অবলম্বন করা হয়, "কারণ" বিকল্প স্বীকার করিলে "এইরূপ কামনা করিয়া অমুক কর্ম্ম করিবে", অথবা "সেইরূপ কামনা করিয়া অমুক কর্ম্ম করিবে," এইরূপ দুইটী স্বতন্ত্র স্বতন্ত্র বিধি কল্পনার আবশ্যকতা হইয়া উঠে; দুইটী বিধির কল্পনা করিলে, উহাদের প্রত্যেকের ভিন্ন ভিন্ন তাৎপর্য্যের কল্পনাও অপরিহার্য্য হইয়া পড়ে; সুতরাং বিকল্পস্বীকারে যে গৌরবপক্ষ অবলম্বন করা হয়, ইহাতে সন্দেহ কি? কিন্তু বিকল্প স্বীকার না করিয়া যদি সমুচ্চিত ফল কামনা-বিষয়ক বিধির স্বীকার করা যায়, তাহা হইলে অমুক, "অমুক ফল কামনা করিয়া এই কর্ম্ম করিবে" এই রূপ একটি মাত্র বিধির কল্পনা করিলেই চলে। আর বিধির ঐক্য হইলে তাৎপর্য্যেরও আপনা হইতে ঐক্য হয়, সুতরাং বিকল্প অপেক্ষা সমুচ্চিত ফল কামনার স্বীকারে যে লাঘব আছে, ইহা অস্বীকার করিবার যো নাই। লাঘবপক্ষই যে সর্ব্বপ্রকারে অবলম্বনীয়, ইহাতে কাহারও বিবাদ নাই। তদ্ভিন্ন বিকল্প স্বীকার করিলে শাস্ত্রসম্মত আট প্রকার দোষের সম্ভাবও অবশ্য স্বীকার করিতে হয়। নির্দ্দোষ পক্ষ থাকিতে দোষযুক্ত পক্ষের অবলম্বন যে কখনই কর্ত্তব্য নহে, ইহা বলা বাহুল্য *॥ ১৩॥

* বিকল্পপক্ষে শাস্ত্রকারেরা বক্ষ্যমাণ আটটী দোষের কল্পনা করিয়াছেন (১) প্রমাণত্ব, (২) অপ্রমাণত্ব, (৩) পরিত্যাগ, (৪) প্রকল্পন। ইহাদের প্রত্যেকের (১) উজ্জীবন এবং (২) হান। এই আটটী দোষ বিকল্পে অপরিহরণীয়। দেখ, একটী শ্রুতি দৃষ্ট হয় "ব্রীহিদ্বারায় যাগ করিবে," অথবা "যবের দ্বারা যাগ করিবে" এইস্থানে ব্রীহি দ্বারায় যাগ করিবে, না হয় যব দ্বারা যাগ করিবে, এইরূপ বিকল্প স্বীকার করিলে, 'যাগ করিবে' এই বিধিটি উহাদের মধ্যে (ব্রীহি ও যবের মধ্যে) একতর হইতে ব্যবচ্ছিন্ন হইয়া অন্যতরের সহিত অন্বিত হয়, অর্থাৎ হয় ব্রীহি দিয়া যাগ করিবে, না হয় যব দিয়া যাগ করিবে, এই আকার প্রাপ্ত হয়, সুতরাং যবের অভাব, ব্রীহি দিয়া যাগের সহকারী এবং ব্রীহির অভাব, যব দিয়া যাগের স[illegible] হওয়ায়, যে স্থানে ব্রীহি দিয়া যাগ করা

যথা একস্য কার্য্যস্য নিযোজ্যাকাঙ্ক্ষায়াং সকলার্থবাদোপস্থিতফলকাম এক এব নিযোজ্যঃ স্বীকৃতঃ, তদ্বদত্রাপীতি। অথানুৎপন্নব্রহ্মহত্যাদিপতিকায়াস্তৎপূতত্বরূপফলবাধাৎ তত্তৎকামনাবিরহেণানধিকারঃ স্যাদিতি চেৎ, উক্তযুক্ত্যা সমুচ্চিতফলসিদ্ধের-

একস্যেতি অধ্যয়নাদিরূপৈককর্ম্মণঃ ইত্যর্থঃ। নিযোজ্যেতি নিযোজ্যঃ কর্ত্তা অধিকারীতি যাবৎ, অস্মিন্ কর্ম্মণি কোঽধিকারীত্যাকাঙ্ক্ষায়ামিত্যর্থঃ। অত্রাপি সহমরণেঽপি। নন্বু সকলার্থবাদোপস্থিতফলকামনয়া অধিকারিত্বে যত্র কস্যচিৎ ফলস্য বাধাৎ সমুচ্চিতফলকামনা ন সম্ভবতি তত্র কা গতিরিত্যাশঙ্ক্যতে অথেতি। তৎকামনাবিরহেণ সকলার্থবাদোপস্থিতফলকামনাবিরহেণ। অনধিকার ইতি যতঃ কামো কামনাবান্ অধিকারীত্যুক্তমিতি ভাবঃ। অনন্যথেতি অনন্যথাসিদ্ধঃ বিধিকল্পনাতোঽন্যপ্রকারেণাসিদ্ধঃ বিধিকল্পনাদ্বারা প্রমাণীকৃত ইতি যাবৎ, তাদৃশার্থবাদবলেনেত্যর্থঃ; যদ্বা অন্যথা ফলোপস্থাপকত্বাদন্যপ্রকারেণ বিরোধিনা অসিদ্ধঃ তত্তৎফলোপস্থাপক ইতি যাবৎ, তাদৃশার্থবাদবলে-

পূর্ব্বোক্ত বৃষোৎসর্গাদি স্থলে উক্তরূপ একটী কার্য্যের অধিকারী কিরূপ হইবে? এইরূপ আকাঙ্ক্ষায় যেমন সমুচ্চিত অর্থবাদিক সমুদয় ফলাভিলাষী এক ব্যক্তিই কর্ত্তারূপে স্বীকৃত হইয়াছে, সহমরণ স্থলেও সেইরূপ সমুচ্চিত ফলাভিলাষী একই কর্ত্তা স্বীকার করাই যুক্তিসঙ্গত। এক্ষণে কেহ আশঙ্কা করিয়াছিল, যদি তোমার এইরূপ সিদ্ধান্তই হইল, যে, সহমরণে যতগুলি ফল উক্ত হইয়াছে, সমুচ্চিত তৎসমুদয় ফলাভিলাষিণীরই অধিকার হইবে, তাহা হইলে দেখ, সহমরণে ব্রহ্মহত্যাকারী পতিকে পবিত্র করাও একটী ফলরূপে নির্দ্দিষ্ট হইয়াছে, কিন্তু যাহার পতি ব্রহ্মহত্যা করে নাই, তাহার পক্ষে তাহাকে পবিত্রকরারূপ ফলের বাধ হওয়াতে, তথাবিধ ফলকামনার অভাব নিবন্ধন তাহার সহমরণে অধিকার না হউক? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন,—ইহাই যদি তোমার আপত্তি হয়, তবে শুন, উপরি উক্ত যুক্তি অনুসারে সহমরণ-বিধি-বাক্যের সহিত উল্লিখিত সমুদয় ফলগুলিরও যে মিলিতভাবে সিদ্ধি

হয়, সেইস্থলে ব্রীহির প্রমাণত্ব এবং যবের অপ্রমাণত্ব স্বীকার করা হয় এবং যে স্থলে যব দিয়া যাগ করা হয় সে স্থলে যবের প্রমাণত্ব ও ব্রীহির অপ্রমাণত্ব স্বীকৃত হয়। উজ্জীবন শব্দের অর্থ—শাব্দবোধকারিণী শক্তির কল্পনা; হান শব্দের অর্থ—তথাবিধ শক্তির কুণ্ঠন। যখন যাহার প্রমাণত্বে করা হয় তখন তাহাতেই শাব্দবোধকারিণী কল্পনা করা হয়, এবং যাহার অপ্রমাণত্বে করা হয়, তখন তাহাতে শাব্দবোধকারিণী শক্তির কুণ্ঠন করিতে হয়।

নন্যথাসিদ্ধার্থবাদবলেন সন্দিগ্ধপাপধ্বংসকামনায়া এবাধিকারো মঙ্গলবৎ, সতি জন্মান্তরীয়ে তাদৃশপাতকে, সংসর্গাদি কৃতে বা, তদ্ধ্বংসোঽপি জায়তে, অসতি তু ন তথা, প্রতিযোগিরূপ-সহকারিবিরহাৎ, নির্ব্বিঘ্নস্য কৃতমঙ্গলবৎ, মহাদাননির্ণয়োঽপ্যে-

নেত্যর্থঃ। সন্দিগ্ধেতি সন্দিগ্ধং যৎ পাপং তদ্ধ্বংসকামায়া ইত্যর্থঃ। মঙ্গলবদিতি যথা গ্রন্থসমাপ্তিপ্রতিবন্ধকীভূতবিঘ্নস্য সন্দিগ্ধত্বেঽপি, তদ্ধ্বংসকামস্য মঙ্গলেঽধিকারস্তথেত্যর্থঃ। সংসর্গেতি ব্রহ্মহত্যাদিজন্যপাপিনো যঃ সংসর্গী, তস্য যৎ সংসর্গজন্যং পাপং ভবতি, তদপি ব্রহ্মহত্যাদিজন্যপাপস্বরূপমেব, অতস্তদ্ধ্বংস ইতি ভাবঃ। প্রতিযোগীতি প্রতি-যোগিতাসম্বন্ধেন ধ্বংসত্বাবচ্ছিন্নং প্রতি তাদাত্ম্যসম্বন্ধেন প্রতিযোগিনঃ কারণত্বাৎ সহমরণরূপৈককারণসত্ত্বেঽপি, প্রতিযোগিরূপকারণান্তরবিরহেণ কারণকলাপরূপসামগ্রী-বিরহান্ন ফলোৎপত্তিরিতি ভাবঃ। নির্ব্বিঘ্নস্যেতি যথা যতো বিঘ্নবিরহস্য পুংসঃ কৃতেঽপি

হয়, ইহা অবশ্য স্বীকার করিতে হইবে, অতএব স্থলবিশেষে উহাদের মধ্যে কোন একটি ফলোৎপত্তির প্রতি হেতুর প্রত্যক্ষ অনুভব হউক, বা না হউক, কর্ম্মের অনুষ্ঠান করিলেই তথাপি অপর ফলের সহিত মিলিত হইয়া সেই ফলটিরও সিদ্ধি হওয়া যখন স্থির হইল, তখন উক্ত কর্ম্মঘটিত বিধিবাক্যের সমভিব্যাহৃত অর্থবাদ (নানাবিধ ফল সিদ্ধির জ্ঞাপকবাক্য) গুলিও অনন্যথাসিদ্ধ, অর্থাৎ যোল্লিখিত সমুদয় ফলেরই অবিকল সিদ্ধিকারক হওয়ায়, ঐ সকল অর্থবাদের প্রভাবেই আমার পতির সাক্ষাৎ সম্বন্ধে কোনরূপ ব্রহ্মহত্যার অনুভব না হইলেও কি জানি যদি অজ্ঞাতভাবে তদ্রূপ কোন পাপ থাকে, তবে আমার এই সহমরণ দ্বারা সেই পাপ হইতেও পতির উদ্ধার হইবে," এইরূপ দৃঢ় বিশ্বাস প্রাপ্ত হইয়া, যদি কোন রমণী ধ্বংস কামনায় সহমরণে প্রবৃত্তা হয়, তবে সে রমণী সহমরণে অধিকারিণী না হইবে কেন? দেখ, যেমন কেবলমাত্র গ্রন্থ পরিসমাপ্তির প্রতি প্রতিবন্ধক বিঘ্নসমূহের বিনাশার্থই গ্রন্থারম্ভে মঙ্গলাচরণের বিধান করা হইলেও, যাহার গ্রন্থ পরিসমাপ্তির প্রতি প্রতিবন্ধক বিঘ্ন প্রত্যক্ষ বিদ্যমান থাকে, সেও মঙ্গলাচরণ করে, এবং যাহার সেরূপ বিঘ্ন প্রত্যক্ষ বিদ্যমান না থাকে, সেও বিঘ্নের আশঙ্কায় মঙ্গলাচরণ করে, এস্থলেও সেই-রূপ বুঝিতে হইবে। ফল কথা, অপর স্থলে কর্ম্মানুষ্ঠানের প্রতি প্রকৃত নিমিত্ত নির্ণয়কারী ব্যক্তিরই কর্ম্মে অধিকার হইয়া থাকে, কিন্তু পাপ-ধ্বংসবিধায়ক কর্ম্মে পাপরূপ নিমিত্তের অস্তিত্ব-সন্দেহেও পাপধ্বংসে প্রবৃত্ত অনুষ্ঠানকারীর অধিকার হয়। এস্থলে ইহাও বক্তব্য এই

যম, এবং দশহরাদাবপি। অতএব বিশ্বামিত্রেণ পাপসন্দেহে-ঽপি প্রায়শ্চিত্তমুক্তম্। যথা—

"কৃচ্ছ্রচান্দ্রায়ণাদীনি শুদ্ধ্যভ্যুদয়কারণম্।

মঙ্গলে বিঘ্নরূপকারণান্তরবিরহাৎ ন বিঘ্নধ্বংসো জায়তে, তথেত্যর্থঃ। এবমিতি দশহরায়াং গঙ্গাস্নাতুঃ দশবিধপাপসত্ত্বে তদ্ধ্বংসো জায়তে, তদসত্ত্বে তু পাপরূপসহকারি-বিরহাৎ ন তদ্ধ্বংস ইতি ভাবঃ। নমু নিশ্চিতব্রহ্মহত্যাকস্য পত্যুর্দাহনিষেধাৎ সহমরণেন নোদ্ধারঃ, ব্রহ্মহত্যাজন্যপাপসন্দেহে চ কথমধিকারঃ? নিমিত্তনিশ্চয়াভাবাৎ, অতএবোক্তং "নৈমিত্তিকে নিমিত্তনিশ্চয়বানধিকারী"ত্তি, অত আহ "অতএবে"তি সন্দিগ্ধপাপধ্বংসকাম-নয়া অধিকারাদিত্যর্থঃ। পাপসন্দেহেঽপীতি তথাচান্যনৈমিত্তিকে কর্ম্মণি নিমিত্তনিশ্চয়-মাত্রস্যাধিকারত্বেঽপি, পাপধ্বংসফলে তন্নিশ্চয়বদ্বচনবলেন তৎসন্দেহোঽপি অধিকারিতা-

---

যে, সন্দিগ্ধ পাপের ধ্বংস কামনায় ● সহমরণাধিকারের কথা বলা হইল, ইহাতে কেহ আশঙ্কা করিয়াছিল, সন্দিগ্ধ পাপের ধ্বংস কামনায় স্ত্রী সহমরণ করিল বটে, কিন্তু তাহার পতির বাস্তবিক কোনরূপ পাপের বিদ্যমানতা না থাকায়, ঐ কর্ম্মের পাপ ধ্বংসরূপ ফল আর হইল না। সুতরাং সেরূপ স্থলে পাপের ধ্বংসপ্রতিপাদক বেদবাক্যানুযায়ী ফলোৎপত্তি হওয়ায়, ঐ বেদবচনের এক প্রকার অপ্রামাণ্যই হইল; ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, দেখ, ঐ বেদবচনের তাৎপর্য্য এইরূপ নহে যে, পাপের ধ্বংস হইতেই হইবে; কিন্তু কাহারও যদি জন্মান্তরীণ, অথবা সংসর্গকৃত তথাভূত ব্রহ্মহত্যাদি পাপ বিদ্যমান থাকে, তাহা হইলেই স্ত্রীর সহমরণ দ্বারা তাহারই ধ্বংস হইবে, আর যদি কোনরূপ তথাভূত পাপ বিদ্যমান না থাকে, তা'হলে পাপধ্বংসের প্রতিযোগিরূপ পাপের অভাবে, কাহার আর ধ্বংস হইবে? যেমন, বিঘ্নসন্দেহে মঙ্গলাচরণ করিলে যাহার বিঘ্ন আছে, ঐ মঙ্গলাচরণ দ্বারা তাহারই বিঘ্নের নাশ হয়, আর যাহার বিঘ্ন নাই, তাহার আর কিসের নাশ হইবে? অবিদ্যমান বিঘ্নের নাশ হওয়ায়, যেমন মঙ্গলাচরণ বিধায়ক বেদবচনের অপ্রামাণ্য হয় না, এস্থলেও সেইরূপ। মহাদাননির্ণয়নামক গ্রন্থেও এই কথা বলা হইয়াছে। দশহরাস্নানে যে দশবিধ পাপের ধ্বংসের কথা বলা হইয়াছে, সে স্থলেও এইরূপ সিদ্ধান্ত করিতে হইবে যে, যেস্থলে দশবিধ পাপ বিদ্যমান থাকিবে, সেই স্থলেই পাপের ধ্বংস হইবে, পাপ না থাকিলে পাপের ধ্বংস হইল না বলিয়া কিছু স্নান বিধায়ক বেদবচনের অপ্রামাণ্যও হইবে না। এই জন্যই বিশ্বামিত্র পাপের সন্দেহেও প্রায়শ্চিত্ত করিবার কথা বলিয়াছেন,—পাপ প্রকাশিতই থাকুক, আর গুপ্তই

প্রকাশে চ রহস্যে চ সংশয়েঽনুক্তকেঽস্ফুটে॥" অনুক্তকে অতিপাতকাদ্যষ্টান্যতমত্বেন বিশেষতোঽনুক্তে, প্রকীর্ণকে ইতি যাবৎ। অস্ফুটে বহুভিরজ্ঞাতে। বস্তুতস্তু মিলিতফলদানযোগ্যানামপি শ্রাদ্ধাদিকর্ম্মণাং প্রত্যেকফলসম্পাদকত্বম্। তথাহি "অথৈতন্মনুঃ শ্রাদ্ধশব্দং কর্ম্ম প্রোবাচ প্রজানিঃশ্রেয়সার্থমি"ত্যাপস্তম্বোক্তাদিবিশিষ্টফলার্থিনঃ, কেবলরাগিণঃ,

সম্পাদক, ইতি ভাবঃ। শুদ্ধ্যভ্যুদয়ঃ শুদ্ধেরুৎপত্তিঃ, তৎকারণং, যদ্বা শুদ্ধেঃ পাপধ্বংসস্য, অভ্যুদয়স্য চ চন্দ্রলোকাবাপ্ত্যাদেঃ, কারণমিত্যর্থঃ। প্রকাশে বহুভিজ্ঞাতে পাপে ইতি শেষঃ, রহস্যে ত্রিভিরজ্ঞাতে সংশয়ে পাপস্যেতি ভাবঃ। বিশেষতঃ ইতি ইদমতিপাতকং, মহাপাতকং বা, ক্ষুদ্রা ইতি বিশেষতঃ ইত্যর্থঃ। প্রকীর্ণক ইতি—নববিধপাপান্তর্গতৈকবিধপাপে ইত্যর্থঃ। অজ্ঞাতে বিশেষতোঽজ্ঞাতে। ননু যত্র পত্যুঃ ব্রহ্মহত্যাদিজন্যপাপসন্দেহস্তত্র সমুচ্চিতফলকামনায়া উপপত্ত্যাবপি যত্র পত্যুস্তাদৃশপাপানস্তিত্বনিশ্চয়ঃ, ন তত্র সমুচ্চিতফলকামনাসম্ভবঃ, অত আহ "বস্তুত"স্ত্বিতি অথেত্যাদি আপস্তম্বসূত্রম্। শ্রাদ্ধশব্দং শ্রাদ্ধনামকম্। প্রজেতি প্রজা চ, নিঃশ্রেয়সঞ্চ তদর্থমিত্যর্থঃ। নিঃশ্রেয়সং মোক্ষঃ। বিশিষ্টেতি প্রজা মোক্ষাদি সমুচ্চিতেত্যর্থঃ। কেবলরাগিণঃ মোক্ষাতিরিক্তফলার্থিনঃ, তথা চাধিকারিত্রয়মিতি ভাবঃ। বিশিষ্টফলানর্থিন ইতি পাঠে

থাকুক, সংশয়ের বিষয়ীভূতই হইক, আর অনুক্তই হউক, অর্থাৎ অতিপাতকাদি স্বরূপে নির্দ্দিষ্ট নাই হউক, অথবা অস্ফুটই থাকুক, এই সকল প্রকার অবস্থাতেই ঐ পাপের নিমিত্ত যথাযথ কৃচ্ছ্র ও চান্দ্রায়ণাদিরূপ প্রায়শ্চিত্ত কর্ত্তব্য, কারণ ঐ প্রায়শ্চিত্ত সকল, শুদ্ধি এবং অভ্যুদয়ের হেতু।" মূল বচনে যে "অনুক্ত" শব্দ আছে তাহার অর্থ—অতিপাতকাদি অষ্টবিধ পাতকের অন্যতমরূপে অনির্দ্দিষ্ট, এবং "অস্ফুট" শব্দের অর্থ—বহু ব্যক্তি-কর্তৃক অজ্ঞাত। বাস্তবিক কথা এই যে, সহমরণে সমুচ্চিত (একযোগে) বহু ফল প্রাপ্ত হইবার কথা বলা হইয়াছে, বলিয়াই একেবারে সকল ফলগুলির কামনা না করিলে যে, সহমরণে একেবারে অধিকার হইবে না, তাহা নহে। দেখ, শ্রাদ্ধাদি কর্ম্ম সমুচ্চিত বহু ফলের দানযোগ্যরূপে নির্দ্দিষ্ট হইলেও, উহারা স্থলবিশেষে ঐ সমুচ্চিত ফলের মধ্যে প্রত্যেক অর্থাৎ এক একটী ফলও সম্পাদন করিয়া থাকে, অর্থাৎ শ্রাদ্ধাদি কর্ম্মের অনেকগুলি ফল উক্ত হইলেও, উহারা যেমন সময় সময় ঐ সমুদয় ফলগুলি উৎপাদন করে, তেমনই আবার সময় বিশেষে উহাদের মধ্যে এক একটী ফলও উৎপাদন করে। এ সম্বন্ধে আপস্তম্বের একটী

কেবলমুমুক্ষোরপি, প্রত্যেকফলসিদ্ধিঃ, সাঙ্গাদ্ধি বৈদিককর্ম্মণ ইষ্টসম্পাদকত্বনিয়মাৎ। তথাচ মার্কণ্ডেয়পুরাণম্,—

"পিতৃন্নমস্যে দিবি যে চ মূর্ত্তাঃ স্বধাভুজঃ কাম্যফলাভিসন্ধৌ।
প্রদানশক্তাঃ সকলেপ্সিতানাং বিমুক্তিদা যেহনভিসংহিতেষু।"

অনভিসংহিতেষু কাম্যফলেষ্বিতি শেষঃ, অতএব গ্রহযজ্ঞে "বৃষ্ট্যায়ুঃপুষ্টিকামো বা" ইতি "সমস্তপদোপাত্তানামপি প্রত্যেক-ফলকামনাসম্বন্ধ" ইতি ভূপালঃ। এবঞ্চ

তৎ কেবলরাগিণ ইত্যাদের্বিশেষণং বোধ্যম্। "কেবলরাগিণ" ইত্যয়ং কেবলমুমুক্ষোরিতি চ সমুচ্চিতফলজননযোগ্যানামপি কর্ম্মণাং প্রত্যেকফলজনকত্বে দৃষ্টান্তঃ। "সাঙ্গেতি" মুমুক্ষোঃ কামনায়া অভাবেহপি সংকল্পাদিরূপাঙ্গস্য সত্ত্বাৎ, কর্ম্মণঃ সাঙ্গত্বং বোধ্যং, স্বধেতি স্বধা পিতৃণামন্নং কবাং, তদ্ভুজ ইত্যর্থঃ। অনভিসংহিতেষু অনুসন্ধানাবিষয়েষু যত্র তু কাম্যফলস্য মোক্ষস্য চ উভয়োরেবানুসন্ধানং, তত্র দ্বয়ং ভবত্যেব, দীক্ষাদি-কর্ম্মণশ্চতুর্ব্বর্গপ্রাপ্তিকামনয়া কর্ত্তব্যত্বোপদেশাদত্রাপি তথেতি বোধ্যম্, অতএব মিলিত-ফলজনকস্যাপি প্রত্যেকফলজনকত্বাদেব। ভূপালো ভোজরাজঃ। মিলিতফলানাং জনকস্য কর্ম্মণঃ প্রত্যেকফলং, প্রত্যেকস্যাপি জনকত্বমুক্ত্বা প্রসঙ্গসঙ্গত্যা মিলিতফলজন-

সূত্র দেখ,—"প্রজা অর্থাৎ বংশপরম্পরার বৃদ্ধি এবং নিঃশ্রেয়সের (মোক্ষের) জন্য মনু এই শ্রাদ্ধ নামক কর্ম্মানুষ্ঠানের কথা বলিয়াছেন।" এই আপস্তম্বের সূত্রে উক্ত 'বিশিষ্ট ফলার্থী' (সমুচ্চিত প্রজা ও মোক্ষরূপ ফলাভিলাষী) কিম্বা কেবল মাত্র বিষয়াসক্ত, অথবা কেবলমাত্র মুমুক্ষু, এই ত্রিবিধ ব্যক্তিরই শ্রাদ্ধ হইতে নিজ নিজ অভিলষিত ফলের প্রাপ্তি হইয়া থাকে; কেন না, সাঙ্গবৈদিক কর্ম্ম হইতে সকলের সকল প্রকার অভিলষিত ফলের সিদ্ধি হইবারই নিয়ম দৃষ্ট হয়। শ্রাদ্ধ হইতে যে, বিষয়াসক্ত এবং মুমুক্ষু, এই উভয়বিধ ব্যক্তিরই নিজ নিজ অভিলষিত ফললাভ হয়, তদ্বিষয়ে মার্কণ্ডেয়ের একটী বচনও আছে, যথা,—"দিব্য-লোকে দিব্যমূর্ত্তিধারী স্বধাভোজী পিতৃগণকে প্রণাম করি, যাঁহারা কাম্যফলের অভিলাষী ব্যক্তিদিগকে নিজ নিজ ঈপ্সিত ফল প্রদান করেন, এবং ঐ ফলবিষয়ে অভিসন্ধিশূন্য ব্যক্তিদিগকে মুক্তি প্রদান করেন।" ইহাতে সিদ্ধ হইল, কোন কর্ম্মের অনুষ্ঠানে বহুফল সিদ্ধ হইবার কথা থাকিলেও উহাদের যে কোন একটি ফলের কামনা করিয়া, অথবা ঐ সমস্ত ফলেরই একযোগে কামনা না করিয়া, দু একটি মাত্রেরই কামনা করিয়াও ঐ কর্ম্মের অনুষ্ঠান করা যাইতে পারে। এই জন্যই গ্রহযজ্ঞ বিষয়ে বৃষ্টি, আয়ু এবং পুষ্টি, এই

"ঋক্পূত্যাং যাভ্যাং তিলব্রীহিগোধূমযবকল্পিতম্।
হবিঃ প্রজুহুয়াল্লক্ষং বাসরেণৈকবিংশতাবি"তি বৌধায়ন-বচনে তিলাদীনাং সতি সম্ভবে সমুচ্চয়ঃ, অসতি তু বিকল্প ইতি কর্ম্মবিপাকে বিশ্বেশ্বরভট্টাঃ। এবঞ্চ সমাধিনা ত্যক্তদেহস্য মুক্তস্য ধৃতরাষ্ট্রস্য পর্ণোটজাগ্নিনা দেহদাহকালে

কামামপি প্রত্যেকস্য ফলজনকত্বমাহ এবঞ্চেতি। কল্পিতমিতি পুরোডাশমিত্যর্থঃ। নমু যত্র পত্যামু্ক্তত্বং, তত্র পত্যা সহ মোদমানত্বাদ্যভাবাৎ সহমরণাদিকং ন স্যাৎ? তত্রাহ এবঞ্চেতি সমুচ্চিতফলকামনাধিকারস্য প্রত্যেকফলকামাধিকারিত্বাদেবেত্যর্থঃ। এতচ্চ একত্র দৃষ্ট ইতি ন্যায়াৎ অনুমানবলভ্যং, তথাহি এতৎ কর্ম্ম তত্তৎপ্রত্যেকফলকামাধিকারিকং, সমুচ্চিততত্তৎফলকামাধিকারিকত্বাৎ, যৎকর্ম্ম সমুচ্চিতফলকামাধিকারিকং ভবতি তৎ প্রত্যেকফলকামাধিকারিকমপি ভবতীতি ব্যাপ্তেরিতি বোধ্যম্। কাশ্যাদিমৃতস্যাপীতি সহ-যোগে তৃতীয়াপ্রাপ্তাবপি সম্বন্ধবিবক্ষয়া ষষ্ঠীতি বোধ্যম্, তথাচ পত্যামু্ক্তত্বস্থলে পত্যা সহ মোদমানত্বাদিরূপফলাসম্ভবেঽপিফলান্তরসম্ভবাৎ তৎকামনয়ৈব সহমরণং সংগচ্ছতে,

ফলগুলি একেবারে সমাস করিয়া একপদে নিবিষ্ট হইলেও ভূপাল (ভোজরাজ) বলিয়াছেন, উহাদের মধ্যে এক একটি ফলের সহিতও কামনার সম্বন্ধ হইতে পারে। এইরূপ সিদ্ধান্ত স্থির হওয়াতেই, অর্থাৎ যে স্থলে কোনও একটি কর্ম্মবিশেষের অনুষ্ঠান দ্বারা কতকগুলি ফল মিলিতরূপে প্রাপ্তি হইবার কথা বলা হইয়াছে, সে স্থলে মিলিত সমুদয় ফলের কামনায় অথবা উহাদের মধ্যে কোনও একটী ফলের কামনায়ও ঐ কর্ম্ম করা যাইতে পারিবে এইরূপ স্থির সিদ্ধান্ত হওয়াতেই, বৌধায়নের—"এই দুইটী ঋক্ পাঠ করত তিল, ব্রীহি, গোধূম, এবং যব দ্বারা একুশদিনে লক্ষ আহুতি দান করিবে।" এই বচনটির বিশ্বেশ্বর ভট্ট কর্ম্মবিপাক নামক গ্রন্থে এইরূপ তাৎপর্য্য প্রদর্শন করিয়াছেন যে, ঐ বচনোক্ত তিলাদি যাবৎ বস্তু যদি পাওয়া যায়, তাহা হইলেই ঐ সমুদয় বস্তু একত্র করিয়া তাহাদের দ্বারা হবন করিবে, আর যদি সমুদয় বস্তুর না মিলিবার সম্ভাবনা থাকে, তাহ'লে উহাদের মধ্যে যে কোনও একটী বস্তু দ্বারা হবন করিবে।" ইহাতে দেখান হইয়াছে যে, বিধিবাক্যে সমুচ্চিত ভাবে উক্তদিগের মধ্যেও ইচ্ছানুসারে যে কোন একটির গ্রহণ করা যাইতে পারে। অধিক কি একেবারে ফলের কামনাশূন্য রমণীরও সহমরণে অধিকার হইবে। দেখ, সমাধিপূর্ব্বক দেহত্যাগকারী অতএব মুক্তিপ্রাপ্ত ধৃতরাষ্ট্রের শরীর যৎকালে পর্ণকুটীরসংলগ্ন অগ্নিদ্বারা দগ্ধ হইয়াছিল, তাঁহার পত্নী

তৎপত্ন্যা গান্ধার্য্যা অগ্নিপ্রবেশদর্শনাদিদানীং গঙ্গাদিমৃতস্য মুক্তস্যাপি পত্যুস্তৎপত্ন্যাঃ সহমরণং সঙ্গচ্ছতে। তদুক্তং ভাগবতে,—

"দহ্যমানেঽগ্নিভির্দ্দেহে পত্যুঃ পত্নী সহোটজে।
বহিঃ স্থিতাপি তৎ সাধ্বী তমগ্নিমনুবেক্ষ্যতি॥"

অনুবেক্ষ্যতি অনুপ্রবেশং করিষ্যতীতি যুধিষ্ঠিরায় নারদস্য ভবিষ্যৎকথনম্‌।

"দয়িতং যান্যদেশস্থং মৃতং শ্রুত্বা পতিব্রতা।
সমারোহতি শীঘ্রাগ্নৌ তস্যাঃ সিদ্ধিং নিবোধত॥"

মিলিতফলজনকস্যাপি প্রত্যেকফলজনকত্বাদিতি স্মার্ত্তমতম্‌। অন্যে তু নম্ন ধৃতরাষ্ট্রেণ গান্ধার্য্যাঃ সহমৃমণদৃষ্টান্তেন ভবতু মুক্তেন পত্যা পত্ন্যাঃ সহমরণসিদ্ধিঃ, পত্যুর্মুক্তত্বেন জীবভাবাভাবাৎ ইন্দ্রিয়াদ্যভাবেন দেহান্তরপ্রাপ্ত্যভাবাৎ কেন সহ তৎপত্ন্যাঃ ক্রীড়নাদিসিদ্ধিঃ? তথাচ—"ইন্দ্রিয়াণি চ সূক্ষ্মাণি যাশ্চান্যাঃ পঞ্চ দেবতাঃ। জীবেন সহ গচ্ছন্তি যাবত্তত্বং ন বিন্দতি॥" ইতি বিবদন্তঃ কৃতিনস্তত্র স্ত্রিয়া সহাদধিরে; যথা তত্র ফলবাদিনঃ,—"অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভম্‌। "না ভুক্তং ক্ষীয়তে কর্ম্ম কল্পকোটি-শতৈরপি॥" ইতি দর্শনাৎ পত্যন্তরেণ সহ স্ত্রিয়াস্তৎকর্ম্মজন্যফলভোগঃ, ন চ সাধ্ব্যাস্তস্যাঃ কথং পত্যন্তরসংসর্গ ইতি বাচ্যং, পদ্মপুরাণে প্রাণিধিনাম্নো বৈশ্যস্য ভার্য্যায়াঃ সাধ্ব্যাঃ পদ্মাবত্যাঃ প্রস্তাবে তথোক্তত্বাৎ, যথা প্রয়াগে পদ্মাবত্যুদ্দেশেন ত্যক্তদেহস্য চণ্ডালস্য তৎপতিসদৃশরূপধারণেন তদ্গৃহগমনে দৈবাৎ প্রবাসহপ্রাণিধ্যাগমনেন চ তস্যা

গান্ধারী সেই অগ্নিতে প্রবিষ্ট হইয়া সহমরণ করিয়াছিলেন, এই বৃত্তান্ত-দর্শনে আজকাল গঙ্গাদিতীর্থ স্থানে মৃত অতএব মুক্তিপ্রাপ্ত পতির সহিতও স্ত্রীলোকগণ যে সকল প্রকার কামনাশূন্য হইয়াই সহমরণ করে, তাহাও সঙ্গত বলিয়া প্রতীত হইতেছে। অর্থাৎ ফলপ্রাপ্তি হউক বা নাই হউক, সহমরণ অসিদ্ধ হইবে না। গান্ধারী যে ধৃতরাষ্ট্রের সহমৃতা হইয়াছিলেন, ভাগবতে তাহা এইরূপে বর্ণিত হইয়াছে, যথা, "যৎকালে উটজের সহিত স্বামীর দেহ অগ্নিদ্বারা দহ্যমান হইবে, তখন সেই সাধ্বী বহিঃস্থিতা হইয়াও ঐ অগ্নিতে প্রবেশ করিবেন"—এই কথাটী যুধিষ্ঠিরের নিকট নারদের ভবিষ্যদ্বাক্য বলিয়া "অনুবেক্ষ্যতি' (প্রবেশ করিবেন) এই ক্রিয়া পদটী ভবিষ্যৎ কালে প্রযুক্ত হইয়াছে। "যে পতিব্রতা স্বীয় বিদেশস্থ পতিকে মৃত শুনিবামাত্র কাল-

ইতি ব্যাসবচনাদিনা সহমরণানুমরণয়োর্নিরবকাশনৈমিত্তিককাম্যত্বেন মলমাসাদাবপি কর্ত্তব্যতা।

"নৈমিত্তিকানি কাম্যানি নিপতন্তি যথা যথা।

তথা তথৈব কার্য্যাণি ন কালস্তু বিধীয়তে॥" ইতি দক্ষবচনাৎ॥১৪॥

সহমরণপ্রয়োগঃ।

তদয়ং প্রয়োগঃ—পুত্রাদিনা স্বগৃহ্যোক্তবিধিনা অগ্নৌ দত্তে, ভর্ত্তৃজ্বলচ্চিতায়াং সহগন্ত্রী সাধ্বী স্নাতা, পরিহিতবাসোযুগ্মা,

অনয়োঃ কো মে পতিরিতি সংশয়ে জাতে, তস্যাঃ সুবর্ণাদিনা তুষ্টেন শ্রীবিষ্ণুনা তাভ্যাং সহ মোদনং প্রতিপাদিতমিত্যাহুঃ। মুক্তিবাদিনস্তু সহমৃতায়া উদ্দেশ্যা ভর্ত্তুর্গতিরেব গতিঃ বৈদিককর্ম্মণঃ কর্ত্তুরুদ্দেশ্যফলদায়িত্বাদিত্যাহুঃ। উভয়ার্থসম্পাদনবাদিনস্তু যাবতা কালেন কর্ম্মফলভোগঃ সম্পদ্যতে, সৌভর্য্যাদিবৎ তাবন্তং কালং সংকল্প্য কায়ব্যূহেন ভোগং সমাপ্য, উদ্দেশ্যো ভর্ত্তা মুক্তিমেতি, উদ্দেশিকা তু ভার্য্যা পুনর্জ্জায়তে, মুক্তেঃ কালবিলম্বস্তু বৈদিককর্ম্মজন্যফলস্য প্রতিবন্ধকত্বস্বীকারেণ সমাধেয় ইত্যাহুঃ। শীঘ্রেতি শীঘ্রা সতীত্যর্থঃ। নিরবকাশেতি "শীঘ্রে"তি শ্রবণাৎ নিরবকাশত্বং বোধ্যম্, তথাচ নিরবকাশত্বং নৈমিত্তিকত্বঞ্চ ইতি হেতুদ্বয়মিত্যর্থঃ। বিধীয়তে ইতি বিহিতাবিহিতত্বেন বিচার্য্যতে ইত্যর্থঃ॥ ১৪॥

বিলম্ব না করিয়াই চিতাগ্নিতে আরোহণ করেন, তাঁহারও যে সহমরণ সিদ্ধ হয়, ইহা জানিবে।" ইত্যাদি ব্যাসবচন দ্বারা জানা যাইতেছে যে, সহমরণ এবং অনুমরণ এই দুইটী কার্য্য নিরবকাশ (কালবিলম্ব সহনে অক্ষম, এইরূপ) নৈমিত্তিক কর্ম্ম; সুতরাং পতির মৃত্যুরূপ নিমিত্ত যখনই উপস্থিত হইবে, তখনই অবিলম্বে উহাদের অনুষ্ঠান কর্ত্তব্য, অতএব মলমাসাদিতেও উহাদের অনুষ্ঠান হইতে পারে। নৈমিত্তিক কাম্য কর্ম্ম সকলের যে, নিমিত্তের উপস্থিতিমাত্রেই অনুষ্ঠান করা আবশ্যক, এ সম্বন্ধে একটী বচন দৃষ্ট হয় যথা,—"নিমিত্তবিশেষের অধীন কর্ম্মসকলের অনুষ্ঠানকাল যেমন যেমন উপস্থিত হইবে, তেমন তেমনই উহাদিগের অনুষ্ঠান করিবে, শুদ্ধ কালাদির প্রতীক্ষা করিবে না। ১৪।

সহমরণপ্রয়োগ।

একণে সহমরণের অনুষ্ঠান পদ্ধতি লিখিত হইতেছে। অগ্নিদানে অধিকারী পুত্রাদি কর্ত্তৃক নিজ নিজ গৃহ্য শাস্ত্রোক্ত বিধি অনুসারে চিতায় অগ্নি প্রদত্ত হইলে,

কুশহস্তা, প্রাঙ্মুখী, উদঙ্মুখী বা, দৈবতীর্থেনাচান্তা, তিলজলকুশ-ত্রয়মাদায়—"ওঁ তৎসদি"তি ব্রাহ্মণৈরুচ্চারিতে নারায়ণং সংস্মৃত্য "নমোঽদ্যামুকে মাসি, অমুকে পক্ষে, অমুকতিথৌ, অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী, অরুন্ধতীসমাচারত্বপূর্ব্বক-স্বর্গ-লোকমহীয়মানত্ব-মানবাধিকরণক-লোমসংখ্যাব্দাবচ্ছিন্ন-স্বর্গবাস-ভর্ত্তৃসহিতমোদমানত্ব-মাতৃপিতৃশ্বশুর-কুলত্রয়পূতত্ব-চতুর্দ্দশেন্দ্রাব-চ্ছিন্নকালাধিকরণকাপ্সরোগণস্তূয়মানত্ব-পতিসহিতক্রীড়মানত্ব-ব্রহ্মঘ্ন কৃতঘ্ন মিত্রঘ্নপতিপূতত্বকামা, ভর্ত্তৃজ্বলচ্চিতারোহণমহং করিষ্যে।" অনুমরণে তু "ভর্ত্তৃজ্বলচ্চিতারোহণমি"ত্যত্র "জ্বলদগ্নি-

---

"প্রাঙ্মুখী উদঙ্মুখী বে"তি আচমনে অন্বিতং, সংকল্পে তু উদঙ্মুখত্বমেব "সাধারণে চোত্তরাস্ত" ইতি বচনাৎ, স্বর্গলোকমহীয়মানত্বেতি স্বর্গলোকাধিকরণকগমন-কর্ত্তৃত্বেত্যর্থঃ। মহীঙ্ গতাবিত্যস্য কণ্ড্বাদিগণপঠিতস্য রূপং পবমানাদিবৎ অবর্ত্তমানকালে শানঃ, অতো ন স্বর্গলোকগচ্ছত্বকাম ইত্যাদয়ঃ প্রয়োগাঃ। ভর্ত্তৃসহিতমোদমানত্বেতি ভর্ত্তৃসহিতা অসৌ, মোদমানা চেতি, তথেত্যর্থঃ। পতিসহিতক্রীড়মানত্বেতি অত্রাপি পূর্ব্ববৎ কর্ম্মধারয়ঃ, "অনুমরণে" ত্বিতি

স্বামীর সেই প্রজ্জ্বলিত চিতায় সহমরণকারিণী সাধ্বী স্নান করিয়া বস্ত্রযুগল (পরি-ধেয় এবং উত্তরীয়) পরিধানপূর্ব্বক, কুশ হস্তে পূর্ব্বমুখী বা উত্তরমুখী হইয়া উপবেশন করিবে, পরে দৈবতীর্থ অর্থাৎ অঙ্গুলি সকলের অগ্রভাগ দ্বারা মুখে জলের ছিটা দিয়া আচমন করিয়া তিল, জল এবং কুশনির্ম্মিত ত্রিপত্র গ্রহণ করিবে, অনন্তর ব্রাহ্মণগণ "ওঁ তৎসৎ" এই কথা উচ্চারণ করিলে নারায়ণ স্মরণপূর্ব্বক "নমঃ আজ অমুক মাসে, অমুক পক্ষে, অমুক তিথিতে, অমুক গোত্র শ্রীঅমুকী দেবী অরুন্ধতীর মত সদাচারের সহিত স্বর্গলোকে গমন করে। মনুষ্য শরীরে যতগুলি লোম আছে, তাবৎ বৎসর স্বর্গলোকে বাস, এবং স্বামীর সহিত আনন্দে যাপন, মাতা, পিতা এবং শ্বশুর, এই তিন কুলকে পবিত্রীকরণ, যথাক্রমে চতুর্দশ ইন্দ্রের আধিপত্যকাল ব্যাপিয়া অপ্সরোগণ কর্তৃক স্তূয়মান হওয়া, এবং পতির সহিত ক্রীড়াকরণ, এবং ব্রহ্মহত্যাকারী কৃতঘ্ন ও মিত্রদ্রোহী পতিকে পবিত্রকরণ, এই সকল ফলের অভিলাষিণী হইয়া স্বামীর প্রজ্বলিত চিতায় আমি অধিরোহণ করিতেছি।" এইরূপ সঙ্কল্প করিবে, অনুমরণ স্থলেও সঙ্কল্প-বাক্যের অপর পদগুলি ঠিক ঐরূপই থাকিবে, কেবল "স্বামীর প্রজ্বলিত চিতায়

প্রবেশেন ভর্ত্রনুমরণমি”তি সঙ্কল্প্য—“অষ্টৌ লোকপালা আদিত্যচন্দ্রানিলাগ্ন্যাকাশ-ভূমিজলহৃদয়াবস্থিতান্তর্যামিপুরুষযম-দিনরাত্রিসন্ধ্যাধর্ম্মা যূয়ং সাক্ষিণো ভবত, জ্বলচ্চিতারোহণেন ভর্ত্তৃশরীরানুগমনমহং করিষ্যে” ইতি। অনুমরণে তু “ভর্ত্তৃশরীরানুগমনমি”ত্যত্র “ভর্ত্রনুমরণমি”তি চোচ্চার্য্য চিতাগ্নিংত্রিঃ প্রদক্ষিণীকৃত্য—

“ওঁ ইমা নারীরবিধবা সুপত্নীরঞ্জনেন সর্পিষা সংবিশন্তু।

অনশ্রবো অনমীরা সুরত্না আরোহন্তু জলযোনিমগ্নে॥” ইতি

ঋগ্বেদোক্তে মন্ত্রে—

শৌচস্যাধিকদিনদ্বয়াবস্থানপ্রতিপাদকং “রাত্রিশেষে” ইত্যাদিবচনং বিরুধ্যেত, পূর্ব্বাশৌচস্য দিনদ্বয়াদিবৃদ্ধিস্বীকারে তু “অনির্দ্দশ”মিত্যত্র দশপদং পূর্ব্বাশৌচনাশককালোপলক্ষণং, বক্তব্যমতো ন বিরোধ ইতি ভাবঃ। নবন্তর্দ্দশাহে ইতি বচনং নবমদিনাভ্যন্তরপাতি-সজাতীয়াশৌচপরং বক্তব্যং, রাত্রিশেষে দিনদ্বয়েনেতি বচনন্তু দশমদিনপাতিতাদৃশাশৌচবিষয়ক-মতো ন বিরোধ ইত্যত আহ যাবদিত্যাদি। একবাক্যতয়া ইতি পরাশৌচস্য পূর্ব্বাশৌচ-নাশককালনাশ্যত্বমাদায় একবাক্যত্বং বোধ্যং, তথাহি অনির্দ্দশমিত্যনেন পূর্ব্বাশৌচনাশক-কালনাশ্যত্বং প্রতিপাদিতম্, রাত্রিশেষে দিনদ্বয়েনেত্যনেন চ পূর্ব্বাশৌচনাশকেন দ্বাদশদিনেন পরাশৌচস্যাপি নাশ্যত্বং প্রতিপাদিতম্, অত একবাক্যত্বমিতি ভাবঃ। অন্যথা একবাক্য-ত্বাভাবে কল্পনেতি অন্তর্দ্দশাহে ইতি বচনস্য নবমদিনাভ্যন্তরপাতিসজাতীয়াশৌচবিষয়কত্বং, “রাত্রিশেষে” ইত্যস্য তু দশমদিনপাতিতাদৃশাশৌচবিষয়কত্বমিতি বিষয়ভেদকল্পনেত্যর্থঃ। মিশ্রবক্তমুখ্যাপন্নতি অথবেতি অন্যথেতি একবাক্যত্বাভাবে ইত্যর্থঃ। কল্পনাগৌরবমিতি পূর্ব্বোক্তরীত্যা বিষয়ভেদকল্পনাগৌরবমিত্যর্থঃ। পাপেতি পাপমশৌচং দ্বিতীয়েন নিমি-ত্তেন প্রথমপাপমেবাভিবর্দ্ধতে ইত্যন্বয়ঃ। আদ্যপাপেতি আদ্যপাপঞ্চ দ্বিতীয়নিমিত্তঞ্চ তাভ্যামিত্যর্থঃ। তদত্যয় ইতি অভিবৃদ্ধং যৎ পাপং কিংবা অঘান্তরং যদ্‌জাতং

অল্পকালব্যাপী (পরজাত) অশৌচ পূর্ব্বাশৌচের সহিতই নাশ পাইবে” ইত্যাদি, এবং “রাত্রিশেষে অর্থাৎ দশম দিনে আর একটী অশৌচ ঘটিলে দিনদ্বয় বৃদ্ধি পাইবে” ইত্যাদি বচনের একবাক্যতা দ্বারা অর্থাৎ একশ্রুতিমূলকত্ব কল্পনা দ্বারা পূর্ব্বাশৌচটীও যে আরও দুই দিন অধিক অবস্থান করিবে, এই কথাই বলিতে হইবে, এরূপ না বলিলে কল্পনাগৌরব স্বীকার করিতে হয়, অতএব বলিতে হইবে যে, প্রথমোৎপন্ন পাপের নিমিত্ত দ্বারা জনিত পাপের অবস্থিতি কালের মধ্যে আর একটি পাপের নিমিত্তের উৎপত্তি হইলে, প্রথম পাপও বৃদ্ধি পায়, অথবা প্রথম পাপ নিমিত্ত এবং দ্বিতীয় পাপ নিমিত্ত মিলিত হইয়া অপর একটী পাপবিশেষকে উৎপাদন করে, এই উভয় প্রকার মতেই পূর্ব্বোক্ত উভয়বিধ পাপের অধিকারীই বর্দ্ধিত প্রথম পাপের, অথবা প্রথম এবং দ্বিতীয় পাপের সম্মিলনে সমুৎপন্ন অভিনব অপরবিধ পাপবিশেষের অবসানই অশৌচান্তের কাল।

অতএব পূর্ব্বাশৌচান্তদিনকৃত্যমপি দ্বাদশদিনে ক্রিয়তে। তৎকরণাদেব চ শুদ্ধিঃ। তথাচাদিপুরাণম্,—

"যস্য যস্য তু বর্ণস্য যদ্‌যৎ স্যাৎ পশ্চিমং ত্বহঃ।
স তত্র বস্ত্রশুদ্ধিঞ্চ গৃহশুদ্ধিং করোত্যপি॥
সমাপ্য দশমং পিণ্ডং যথাশাস্ত্রমুদাহৃতম্।
গ্রামাদ্বহিস্ততো গত্বা প্রেতস্পৃষ্টে চ বাসসী॥
অন্ত্যানামাশ্রিতানাঞ্চ ত্যক্ত্বা স্নানং করোত্যপি।
শ্মশ্রুলোমনখানাঞ্চ যৎ ত্যাজ্যং তজ্জহাত্যপি॥
গৌরসর্ষপকল্কেন তিলতৈলেন সংযুতঃ।
শিরঃস্নানং ততঃ কৃত্বা তোয়েনাচম্য বাগ্‌যতঃ॥
বাসোযুগ্মং নবং শুভ্রমব্রণং শুদ্ধমেব চ।
গৃহীত্বা গাং সুবর্ণঞ্চ মঙ্গলানি শুভানি চ॥

তন্নাশকাল ইত্যর্থঃ। অঘান্তরজননপক্ষে পূর্ব্বজাতমশৌচং স্বস্বজাত্যুক্তাশৌচকালেন নশ্যতি, ন তু তস্যাধিকদিনদ্বয়াবস্থায়িত্বম্ এতৎকল্পে স্ব-স্ব প্রযোজ্যাশৌচান্ত্যতয়ান্তদিনমেব অশৌচান্তদিনমিতি ভাবঃ। পাপমশৌচম্. অতএব পূর্ব্বাশৌচস্য বৃদ্ধিরেব। অন্ত্যানাং চাণ্ডালাদীনাম্, আশ্রিতানাং নাপিতানাং, মুক্ত্বা ত্যক্ত্বা দত্ত্বেতি বা পাঠঃ। শ্মশ্রুলোমেতি শ্মশ্রুলোমনখানাং মধ্যে যৎ ত্যাজ্যং, তৎ জহাতি ন তু শিখাদিকং জহাত্যা-

টীকাকারগণ উপরিউক্ত পাপশব্দের "অশৌচ" এইরূপ অর্থ করিয়াছেন। এই জন্যই উক্তরূপ স্থলে পূর্ব্বাশৌচের অন্তদিনে কর্ত্তব্য ক্ষৌরাদিকর্ম্ম দ্বাদশ দিনেই করা হয়, এবং দ্বাদশ দিনে উহা করিলে শুদ্ধি হয়। আদিপুরাণে অশৌচান্ত দিনে কর্ত্তব্য-কর্ম্মের এইরূপে উল্লেখ করা হইয়াছে, যথা, "প্রত্যেক বর্ণই স্ব স্ব বর্ণের নিমিত্ত নির্দ্দিষ্ট অশৌচের পশ্চিম দিনে বস্ত্রশুদ্ধি ও গৃহশুদ্ধি করিবে, পরে যথাশাস্ত্র বিহিত দশম পিণ্ড প্রদান করিয়া গ্রামের বাহিরে গমনপূর্ব্বক প্রেতস্পৃষ্ট অর্থাৎ অশৌচ-কালীন পরিহিত পরিধেয় এবং উত্তোরীয় বস্ত্র আশ্রিত নাপিত এবং অন্ত্যজাতি-দিগকে ত্যাগ করিয়া স্নান করিবে এবং শ্মশ্রু, লোম এবং নখ প্রভৃতি অবশ্য পরিত্যাজ্য বস্তু সকল পরিত্যাগ করিবে। পরে শ্বেতসর্ষপের খোল মিশ্রিত তিলতৈল মস্তকে মাখিয়া স্নান করিবে, তাহার পর বাগ্‌যত হইয়া জলের দ্বারায় আচমন করিয়া নবীন, পরিশুদ্ধ, অচ্ছিন্ন এবং শুভ্র বস্ত্রযুগ্ম পরিধানপূর্ব্বক গো, সুবর্ণ, এবং

স্পৃষ্ট্বা সংকীর্ত্তয়িত্বা চ পশ্চাৎ শুদ্ধো ভবেন্নরঃ ॥” পশ্চিমং “দিনং” অশৌচান্তিমাদিনং, গৃহশুদ্ধিং প্রাক্তনপাকভাণ্ডত্যাগঃ, উপলেপনাদিনা ত্যাজ্যং ত্যাগার্হং, যৎ সদা ত্যাজ্যং, তদিত্যর্থঃ। যথা মিতাক্ষরায়াম্‌,—

“মুণ্ডয়েৎ সর্ব্বগাত্রাণি কক্ষবক্ষঃশিখাবহিঃ।” ক্রমমাহ বরাহপুরাণম্‌,—

“শ্মশ্রুকর্ম্ম কারয়িত্বা নখচ্ছেদমনন্তরম্‌।” গোভিলঃ,—

“কেশশ্মশ্রুলোমনখানি বাপয়ীত শিখাবর্জ্জম্‌।” অশৌচাধিকারে আপস্তম্বঃ,—

“অনুভাবিনাঞ্চ পরিবাপনমি”তি। অনু পশ্চাৎ ভবন্তীত্যনুভাবিনঃ কনিষ্ঠাস্তেষাং পুরুষাণাং পরিবাপনমিতি রত্নাকরাদয়ঃ। তন্ন, শ্রীপতিরত্নমালায়াং জননাশৌচেঽপি মুণ্ডনবিধানাৎ। যথা—

ত্যর্থঃ। কক্ষেনেতি কক্ষং বগলীতি প্রসিদ্ধম্‌, অন্যৎ মষিকাদিভিরস্পৃষ্টং, তল্লেপনাদিনা গৃহলেপাদিনা। কক্ষোপস্থশিখ বর্জিতমিতি কক্ষবক্ষঃশিখা বহিরিতি পাঠান্তরম্‌। বাপয়ীতেতি কেশাদীনাং বপনং কারয়েদিত্যর্থঃ। কনিষ্ঠাঃ মৃতস্য বয়ঃকনিষ্ঠাঃ তেষামিতি ন তু মৃতস্য বয়োজ্যেষ্ঠানাং বাপনমিতি রত্নাকরাদীনামভিপ্রায়ঃ। পুরুষাণামিতি তথাচাপস্তম্বসূত্রে অনুভাবিনাঞ্চেতি যৎ শ্রুতং তত্র পুংস্ত্বং বিবক্ষিতম্‌ ইতি ভাবঃ। জননাশৌচেঽপি

শুভ মাঙ্গল্য দ্রব্য সকল স্পর্শ এবং উহাদের নাম কীর্ত্তন করিয়া শুদ্ধ হইবে।” উক্ত বচনে, যে পশ্চিম দিন বলা হইয়াছে, উহার অর্থ অশৌচের অন্ত্যদিন এবং গৃহশুদ্ধির অর্থ পূর্ব্বব্যবহৃত পাকপাত্র পরিত্যাগ এবং ঘর-গোবর দেওয়া প্রভৃতি। অবশ্যত্যাজ্য বলিতে, যাহা সর্ব্বদা কামিয়ে ফেলে দেওয়া হয়। মিতাক্ষরাতে অশৌচান্ত দিনে কামাইবার বিষয়ে এইরূপ একটী বচন উদ্ধৃত হইয়াছে, যথা,—“কক্ষ (বগল), বক্ষস্থল, এবং শিখা ছাড়া অপর সমুদয় গাত্রস্থ লোম মুণ্ডন করিবে।” বরুণপুরাণে ক্ষৌরের ক্রম এইরূপে বলা হইয়াছে, “অগ্রে গোঁপ দাড়ী কামাইয়া পরে নখ কাটিবে।” গোভিল বলিয়াছেন, “শিখা ত্যাগ করিয়া, সমুদয় কেশ গোঁপ দাড়ী, লোম এবং নখ ছেদন করিবে।” অশৌচের প্রসঙ্গে আপস্তম্বের একটী সূত্র দৃষ্ট হয়। “অনুভাবিদিগের ক্ষৌরকর্ম্ম” এই সূত্রের রত্নাকর প্রভৃতি

আজ্ঞয়া নরপতের্দ্বিজন্মনাং দারকর্ম্মমৃতসূতকেষু চ।
বন্ধমোক্ষমখদীক্ষণেষপি ক্ষৌরমিষ্টমখিলেষু চোড়ুষু॥”

তস্মাদনুভাবিনাং স্বাশৌচমনুভবতাম্। “কৃত্ত-কেশনখ-শ্মশ্রুর্দ্দান্তঃ শুক্লাম্বরঃ শুচিরি”তি মনূক্তপ্রাপ্তমুণ্ডনানাং সমাবৃত্তানামপি সর্ব্বাশৌচে মুণ্ডনম্ ॥ ১৯ ॥

যৎ পুনরাপস্তম্বঃ,—“ন সমাবৃত্তা বপেয়ুরন্যত্র বীহারাদি-ত্যেকে।” তথাপি ব্রাহ্মণম্,—“এষ রিক্তো বানপিহিত-স্তস্যৈতদপিধানং যৎ শিখেতি” কেচিদাচার্য্যা মন্যন্তে

মুণ্ডনবিধানাদিতি তথাচ জাতব্যক্তের্মুণ্ডনযোগ্যকনিষ্ঠাসম্ভবাদেতাদৃশব্যাখ্যানমযুক্তমিতি-ভাবঃ। দারকর্ম্ম বিবাহঃ অখিলেষু চোড়ুষু জন্মনক্ষত্রাদিষপি। নন্ তর্হি অনুভাবিনা-মিত্যস্য কোঽর্থঃ? তত্রাহ তস্মাদিতি।—স্বাশৌচমনুভবতাং স্বাশৌচস্য নিশ্চয়বতাং তাদৃশনিশ্চয়শ্চ সপিণ্ডাদিনা; তথাচ নৈমিত্তিকে নিমিত্তনিশ্চয়বান্ অধিকারীতি ভাবঃ। ক্লৃপ্তেতি কৃত্তেত্যর্থঃ। দান্তো জিতেন্দ্রিয়ঃ তপঃক্লেশসহো বা। সমাবৃত্তানাং গৃহস্থানাম্ ॥১৯॥
নন্ সমাবৃত্তানামশৌচে মুণ্ডনং কথং ভবদ্ভিরুচ্যতে? আপস্তম্বেন তেষাং তন্নিষেধাৎ

গ্রন্থে এইরূপ অর্থ করা হইয়াছে, অনুভাবী অর্থাৎ মৃতব্যক্তির পশ্চাৎ জাত যে, কনিষ্ঠ প্রভৃতি তাহাদেরই ক্ষৌরকর্ম্ম কর্ত্তব্য। এরূপ ব্যাখ্যা সঙ্গত বলিয়া বোধ হয় না, কারণ শ্রীপতিরত্নমালা নামক গ্রন্থে জননাশৌচেও মুণ্ডনের কথা বলা হইয়াছে, “রাজার আজ্ঞায় দ্বিজাতিদিগের বিবাহ, মৃতাশৌচ, জননাশৌচ, কারাবন্ধন, কারা হইতে মুক্তি, এবং যজ্ঞে দীক্ষা, এই সকল অবসরে সমুদয় নক্ষত্রেই ক্ষৌরকর্ম্ম বিধেয়। অতএব আপস্তম্বের সূত্রে “অনুভাবী” এই যে কথাটী আছে, উহার অর্থ যাহাদের নিজের অশৌচের নিশ্চয় হইয়াছে। “কেশ, নখ, এবং শ্মশ্রু কর্ত্তন করিয়া, দান্ত, শুক্লাম্বরধারী এবং শুচি হইবে।” এই বচনের দ্বারা মনু যে সকল ব্যক্তির পক্ষে মুণ্ডন বিধান করিয়াছেন, ঐ সকল ব্যক্তি কেবল মাত্র সমাবৃত্ত হইলেও অর্থাৎ গুরুগৃহ হইতে গৃহে আগমনের পর যথাবিধি দারপরিগ্রহপূর্ব্বক রীতিমত গৃহস্থাশ্রম গ্রহণ না করিলেও, সকল প্রকার অশৌচে যে মুণ্ডনের অধিকারী, ইহাই বুঝিতে হইবে ॥ ১৯ ॥

আমরা যে আবার আপস্তম্বে দেখিতে পাই,—“কেহ কেহ বলেন, বীহার ভিন্ন অন্য সময় সমাবৃত্তগণ বপন (ক্ষৌর) করিবে না।” ব্রাহ্মণেও ইহার প্রমাণ দেখা যায়। “এই ব্যক্তি অনপিহিত হইয়া রিক্ত হয়, শিখাই ইহার অপিধান;

বীহারাদ্দর্শপৌর্ণমাসাঙ্গযাগবিশেষাদন্যত্র সমাবৃত্তা গৃহস্থা ন বপেয়ুঃ। অত্র প্রমাণম্—“অথাপী”তি। ব্রাহ্মণং মন্ত্রেতরবেদ-ভাগ” ইতি মাধবাচার্য্যাঃ। এষ গৃহস্থঃ অনপিহিতঃ আবরণ-শূন্যঃ সন্ রিক্তস্তুচ্ছো ভবতি তস্য যচ্ছিখা তদেব পিধানং, তেন বীহারাদিকং বিনা ন গৃহস্থঃ শিরো মুণ্ডয়েদিত্যেকেষাং মতমিতি, তৎ কাম্যপরম্। যথা দানধর্ম্মে,—

“কেশশ্মশ্রু ধারয়তামগ্র্যা ভবতি সন্ততিঃ।” এবং কেশ-শ্মশ্রুধারিণামশৌচেঽপি মাতৃপিতৃমরণ এব মুণ্ডনম্। যথা বিষ্ণুঃ,—

তত্রাহ যৎপুমরিতি। অগ্র্যা শ্রেষ্ঠা, কেশশ্মশ্রুধারিণামিতি কামনয়া কেশশ্মশ্রুধারিণাং

এই কথা কোনও কোনও আচার্য্যেরা বলিয়া থাকেন।” আপস্তম্বের এই বাক্যের স্মার্ত্ত এইরূপ ব্যাখ্যা করিয়াছেন,—বীহার শব্দের অর্থ দর্শ-পৌর্ণমাস যাগের অঙ্গী-ভূত যাগবিশেষ, ঐ যাগানুষ্ঠান ব্যতীত অন্য সময় সমাবৃত্ত অর্থাৎ গৃহস্থগণ বপন করিবে না, এ বিষয়ে আপস্তম্বই “অথাপি” বলিয়া ব্রাহ্মণ গ্রন্থ হইতে প্রমাণ দিতেছেন। উহার ব্যাখ্যা যথা,—মাধবাচার্য্য ব্রাহ্মণ শব্দের অর্থ “মন্ত্রভিন্ন বেদভাগ” এইরূপ করিয়াছেন, ঐ ব্রাহ্মণে দৃষ্ট হয়, “এষ” অর্থাৎ গৃহস্থ অনপিহিত অর্থাৎ আবরণশূন্য হইয়া রিক্ত অর্থাৎ তুচ্ছ হয়, ঐ গৃহস্থের শিখাই আবরণ, (১) অত-এব বীহারাদি ব্যতীত গৃহস্থ মস্তক মুণ্ডন করিবে না।” এইরূপ কাহারও কাহারও মত। এই যে আপস্তম্বের বচনে বীহারাদি ব্যতীত মস্তকমুণ্ডনের নিষেধ দৃষ্ট হয়, ঐ নিষেধকে কাম্য মুণ্ডন বিষয়েই অর্থাৎ মঙ্গল কামনায় কেশশ্মশ্রুধারীদিগের ক্ষৌর কর্ম্ম বিষয়কই বলিতে হইবে। কেন না, কোন মঙ্গল কামনায় কেশশ্মশ্রু ধারণ যে, গৃহস্থের একটী কর্ত্তব্য কর্ম্ম, এ কথা দানধর্ম্মে বলা হই-য়াছে। যথা,—“যাহারা কেশশ্মশ্রু ধারণ করে, তাহাদের সন্ততিগণ সমাজে অগ্র-

---

(১) শিখাই আবরণ, ইহা ব্রাহ্মণে কিরূপ তাৎপর্য্যে প্রযুক্ত হইয়াছে তাহা ঠিক বলিতে পারি না। যাহা হউক, আজকাল শিখাধারীরা সমস্ত দোষ আচরণ করে বলিয়া উহাকে চলিত ভাষায় ‘হজমীগুলি’ বলা হয়; সহস্র অকার্য্যকারী মস্তকে একটী শিখা রাখিলেই বস্; আর তাহার সম্মুখে দাঁড়ায় কে? কেবা তাহার অকার্য্য ঘোষণ করিতে সমর্থ হয়? এই কারণেই উহাকে “আবরণ” বলা যাইতে পারে।

"প্রয়াগে তীর্থযাত্রায়াং মাতৃপিতৃবিয়োগতঃ।
কচানাং বপনং কার্য্যং বৃথা ন বিকচো ভবেৎ।" অতএবা-দিপুরাণে "যৎ ত্যাজ্যমি"ত্যুক্তম্। মঙ্গলানি ত্বাদর্শঘৃতপ্রদীপ-প্রভৃতীনি, শুভানি দোষরহিতানি। পিণ্ডদানম্ অন্ত্যজেভ্যো বাসোদানঞ্চ আদ্যক্রিয়াধিকারিণঃ। অন্যৎ সর্ব্বমশৌচিমাত্রস্য। পরদিনেঽপি স্নানগবাদিস্পর্শনব্রাহ্মণস্বস্তিবাচনৈর্ব্বিনাপ্যশৌচ-স্থিতিঃ। তথাচ দেবলঃ,—

পিতৃমাতৃমরণ এব মুণ্ডনং, নান্যস্মিন্নশৌচে ইত্যেবকারব্যবচ্ছেদ্যম্,অতঃ কামনয়া কেশাদি-ধারিণামপি বীহারপ্রয়াগাদৌ মুণ্ডনমবিরুদ্ধমিতি ধোয়ম্। কচানাং বপনং কার্য্যমিত্যেত-দপি বোধ্যং, পিতৃমাতৃমরণে অকৃতচূড়োঽপি ক্ষুরেণ মুণ্ডনং কারয়েদিতি গুরবঃ। যৎপেতি নিরুক্তং যৎ প্রয়াগাদিরূপং নিমিত্তং,তদ্বিনা কামনয়া কেশাদিধারী ন বিকচো ভবেদিত্যর্থঃ। অতএব বেতি কামনয়া কেশাদিধারিণাং পিতৃমাতৃমরণাতিরিক্তাশৌচস্থলে মুণ্ডননিষেধা-দেবেত্যর্থঃ। মঙ্গলানি শুভানি চ স্পৃষ্ট্বেত্যুক্তং, তদ্ব্যাচষ্টে আদর্শেত্যাদিনা। আদ্যক্রিয়েতি আদ্যা মধ্যা উত্তরা চেতি ত্রিবিধা ক্রিয়া; তত্রাদ্যা অগ্নিদানাদিপূরকপিণ্ডদানপর্য্যন্তা

গণ্য হয়।" এইরূপ কামনাপূর্ব্বক কেশশ্মশ্রুধারীদিগের অশৌচের মধ্যে কেবল-মাত্র মাতৃপিতৃমরণজন্য অশৌচেই মুণ্ডন কর্ত্তব্য। এ বিষয়ে বিষ্ণু এইরূপ বলিয়া-ছেন, যথা,—"প্রয়াগে, তীর্থযাত্রায়, এবং মাতৃপিতৃবিয়োগে, এই কয়টী সময়েই কেশের ছেদন করিবে, বৃথা কেশশূন্য হইবে না।" এইজন্যই পূর্ব্বোক্ত আদিপুরা-ণের বচনে "যাহা ত্যাজ্য, (২) অর্থাৎ সর্ব্বদা কামিয়ে ফেলা হয়।" এইরূপ বলা হইয়াছে। ঐ আদি পুরাণে যে, মঙ্গল ও শুভ দ্রব্য স্পর্শ করিবার কথা বলা হইয়াছে, ঐ মঙ্গলদ্রব্য শব্দের অর্থ আরসী, ঘৃত, এবং প্রদীপ, ইত্যাদি এবং 'শুভ' শব্দের অর্থ দোষশূন্য। ঐ আদিপুরাণে, অশৌচের প্রত্যেক দিন যে, পিণ্ডদানের কথা ও অন্ত্যজদিগকে বস্ত্র দানের কথা বলা হইয়াছে, ঐ বিধানটী কেবল আদ্যশ্রাদ্ধের অধিকারীর পক্ষেই বুঝিতে হইবে। আর যে সকল কথা বলা হইয়াছে, তাহা সমুদয় অশৌচিব্যক্তিদিগের পক্ষেও বুঝিতে হইবে। অশৌ-চান্ত দিনের পরবর্ত্তী দিনে যেপর্য্যন্ত স্নান, গবাদিস্পর্শ এবং ব্রাহ্মণগণ দ্বারা স্বস্তিবাচন না করা হয়, সে পর্য্যন্ত অশৌচ বর্ত্তমান থাকে। এ সম্বন্ধে দেবল

(২) পিতৃমাতৃমরণ ভিন্ন অপর সপিণ্ডাশৌচে নিত্য যাহা কামান হয়, কেবল তাহাই কামাইবার ব্যবস্থা।

"অথাহঃসু নিবৃত্তেষু সুস্নাতাঃ কৃতমঙ্গলাঃ।

আশুচ্যাদ্বিপ্র মুচ্যন্তে ব্রাহ্মণান্ স্বস্তিবাচ্য চ॥" অস্য বক্ষ্যমাণব্যাখ্যানাৎ সর্ব্বং স্ফুটীভবিষ্যতি। মঙ্গলান্যাহ দেবলঃ,—

"লোকেঽস্মিন্মঙ্গলান্যষ্টৌ ব্রাহ্মণো গৌর্হুতাশনঃ।

হিরণ্যং সর্পিরাদিত্য আপো রাজা তথাষ্টমঃ॥

এতানি সততং পশ্যেৎ নমস্যেদর্চ্চয়েত্তু যঃ।

প্রদক্ষিণঞ্চ কুর্ব্বীত তস্য চায়ুর্ন হীয়তে॥" অভিপ্রেতার্থসিদ্ধির্মঙ্গলং, তদ্ধেতুতয়া ব্রাহ্মণাদ্যপি। গোপ্রণামে ব্রহ্মপুরাণং,—

"সদা [illegible]বঃ প্রণম্যাস্তু মন্ত্রেণানেন পার্থিব॥

তদধিকারিণশ্চ অগ্নিদাতুরিত্যর্থঃ। অশৌচস্থিতিরিতি দশমদিনাভ্যুক্ষণ এবাশৌচনাশ ইতি মতে তু বৈদিককর্ম্মানর্হত্বস্থিতিরিত্যর্থঃ। অত্রেদং বোধ্যম্,—অশৌচনাশং প্রতি তত্তৎকালঃ স্নানাদিকঞ্চ দণ্ডচক্রাদিন্যায়েন হেতুঃ, ননু কথং তর্হি একাদশাহাদেরশৌচান্তদ্বিতীয়দিনত্বমিতি চেন্ন যতস্তত্রাশৌচান্তপদেন লক্ষণয়া দশমদিনাদিরুচ্যতে ইত্যদোষঃ, ন চ লাক্ষণিকপদেন কথম্ অশৌচান্তাৎ দ্বিতীয়েঽহনীত্যভিলপ্যতে ইতি বাচ্যম্, অশৌচান্তাৎ দ্বিতীয়েঽহ্নি শয্যাং দদ্যাদ্বিলক্ষণামিত্যাদি বিধিপ্রাপ্তত্বাদিতি। আশুচাদিতি নিষেধার্থকেন অশব্দেন সহ শুচিশব্দস্য সমাসং কৃত্বা টাপ্ বিধেয়ঃ, নঞা সহ সমাসে তু সতি শুচিশব্দস্য নিত্যবৃদ্ধ্যর্হত্বাৎ আশৌচাদিতি স্যাৎ। বক্ষ্যমাণেতি যথাশক্তি কেবলজলাদিস্পর্শেঽপি অশৌচনাশ ইত্যাদিকং বক্ষ্যমাণম্। অভিপ্রেতেতি অভিপ্রেতস্যার্থস্য

এইরূপ বলিয়াছেন, "হে বিপ্র, অশৌচের দিন সকল নিঃশেষিত হইলে, উত্তমরূপে স্নান করিয়া মঙ্গল দ্রব্য স্পর্শপূর্ব্বক ব্রাহ্মণদিগকে স্বস্তিবাচন করাইয়া, অশৌচ হইতে মুক্তিলাভ করে।" পরে যে ব্যাখ্যা করা হইবে, তাহাতে এই বচনের মর্ম্মার্থ সকল পরিস্ফুট হইবে। দেবল, মঙ্গল দ্রব্যের এইরূপ গণনা করিয়াছেন যথা,—"ইহলোকে ব্রাহ্মণ, গো, হুতাশন, সুবর্ণ, ঘৃত, সূর্য্য, জল এবং রাজা এই আটটী মঙ্গল দ্রব্য; এই সকল মঙ্গলদ্রব্যকে যে সর্ব্বদা দর্শন করে, প্রণাম করে, এবং পূজা ও প্রদক্ষিণ করে, তাহার আয়ুঃক্ষয় হয় না।" ফল কথা, অভিপ্রেত অর্থের সিদ্ধির নামই মঙ্গল, পূর্ব্বোক্ত ব্রাহ্মণাদি ঐ অভিপ্রেতার্থ সিদ্ধির হেতুভূত বলিয়া উহারাও "মঙ্গল" নামে অভিহিত হয়। গোরুর প্রণাম বিষয়ে

নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এব চ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ ॥
মন্ত্রস্য স্মরণাদেব গোদানফলমাপ্নুয়াৎ ॥” ভবিষ্যে,—
“গামালভ্য নমস্কৃত্য কৃত্বা চৈব প্রদক্ষিণম্।
প্রদক্ষিণীকৃতা তেন সপ্তদ্বীপা বসুন্ধরা ॥
গবামস্থি ন লঙ্ঘেত মৃতে গন্ধং ন বর্জ্জয়েৎ।
যাবদাঘ্রাতি তদ্গন্ধং তাবদ্গন্ধেন যুজ্যতে ॥” বিষ্ণুঃ,—
“গোমূত্রং গোময়ং ক্ষীরং সর্পির্দধি চ রোচনা।
ষড়ঙ্গমেতন্মাঙ্গল্যং পবিত্রং সর্ব্বদা গবাম্ ॥” ষড়ঙ্গং ষট্-প্রকারম্ ॥ ২০ ॥

সিদ্ধিকৃৎপত্তির্মঙ্গলম্ ইত্যর্থঃ। অভিপ্রেতস্যার্থস্য সিদ্ধির্যস্মাৎ ইত্যর্থকতয়া মঙ্গল-বিশেষণত্বে ক্লীবলিঙ্গত্বাপত্তিঃ, অত উদ্দেশ্যবিধেয়ভাবেনান্বয়ঃ কৃতঃ, যদ্বা রেফরহিতং এবং পাঠঃ। তদ্ধেতুতয়া ব্রাহ্মণদর্শনাদিরূপমঙ্গলহেতুত্বয়েতি ব্যাখ্যেয়ম্। আলভ্য স্পৃষ্ট্বা স্পৃষ্ট্বা বা নমস্কৃত্য কৃত্বা চৈবেতি পাঠঃ। পুরস্কৃত্য কৃতং যেনেতি পাঠান্তরম্। গন্ধেন গন্ধাখ্যস্বর্গেণ, রোচনা গো রোচনা ॥ ২০ ॥

ব্রহ্মপুরাণে এই মন্ত্রটী উক্ত হইয়াছে,—“হে পার্থিব! গোদিগকে সর্ব্বদা এই মন্ত্র দ্বারা প্রণাম করিবে, শ্রীমতী গোদিগকে নমস্কার, সৌরভেয়ীদিগকে নমস্কার, ব্রহ্মসুতাদিগকে নমস্কার, পবিত্রাদিগকে নমস্কার। এই মন্ত্রের স্মরণ মাত্রেই গোদানের ফল প্রাপ্ত হয়।” ভবিষ্যে বলা হইয়াছে “যে ব্যক্তি গোকে প্রাপ্ত হইয়া প্রণামপূর্ব্বক প্রদক্ষিণ করে, সে সপ্তদ্বীপের সহিত সমুদয় পৃথিবী প্রদক্ষিণের ফল প্রাপ্ত হয়। গোর অস্থি লঙ্ঘন করিবে না, এবং মৃত গোর শরীর হইতে নিঃসৃত যে গন্ধ বায়ু প্রভৃতি দ্বারা নাসিকারন্ধ্রে আনীত হয়, তাহা দুর্গন্ধ বলিয়া ঘৃণা সহকারে পরিত্যাগ করিবে না, কারণ যে কাল পর্য্যন্ত ঐ গন্ধ আঘ্রাণ করিবে, তাবৎকাল সুগন্ধময় স্বর্গলোকে বাস করিবে।” বিষ্ণু বলিয়াছেন “গোমূত্র, গোময়, দুগ্ধ, ঘৃত, দধি, এবং গোরোচনা, গো সম্বন্ধীয় এই ছয় প্রকার বস্তু মাঙ্গল্য এবং সর্ব্বদা পবিত্র।” ২০।

অত্র "বৈদিককর্ম্মানর্হত্বপ্রযোজকসংস্কারবিশেষরূপমশৌচম্, বৈদিককর্ম্মার্হত্বপ্রযোজকসংস্কাররূপং শৌচম্। ন চ অশৌচাভাব এব শুদ্ধির্ন সংস্কারবিশেষ ইতি বাচ্যম্, "অঘানাং যৌগপদ্যে ত্বি"তি "ন বর্দ্ধয়েদঘাহানি" ইত্যেতাভ্যামশৌচে পাপপর্য্যায়াঘপদপ্রদর্শনাৎ অশৌচপদস্য যথাভাবরূপত্বং তথা।

"দেবাশ্চ পিতরশ্চৈব পুত্ত্রে জাতে দ্বিজন্মনাম্।
আয়ান্তি তস্মাত্তদহঃ পুণ্যং ষষ্ঠঞ্চ সর্ব্বদে"ত্যাদিত্যপুরাণী-

---

অথাশৌচপদার্থো নির্ণীয়তে অত্রেতি। বৈদিককর্ম্মানর্হত্বমাত্রস্যাশৌচত্বে পতিতাদেরপি বৈদিককর্ম্মানর্হত্বাৎ তত্রাতিব্যাপ্তিরতঃ প্রযোজকসংস্কারেতি, তস্যাপ্যঞ্চ পাতিত্যপ্রযোজকে মহাপাতকাদাবতিব্যাপ্তমতো বিশেষ ইতি। তথাচ তেষাং ভেদো নিবেশনীয় ইতি ভাবঃ। এবঞ্চ মহাপাপাদিভিন্নত্বে সতি বৈদিককর্ম্মানর্হত্বপ্রযোজকসংস্কারোঽশৌচমিতি, যদ্বা সংস্কারবিশেষপদেনাত্র বিজাতীয়সংস্কার উচ্যতে তাদৃশবৈজাত্যঞ্চ নান্যত্র স্বীক্রিয়তে, অতো নাতিব্যাপ্তিঃ, অত্র সংস্কারপদেনাদৃষ্টমুচ্যতে, সংস্কারঃ পুংস এবেষ্টঃ প্রোক্ষণাভ্যুক্ষণাদিভিরিত্যাদৌ অদৃষ্টে সংস্কারপদপ্রয়োগাদিতি। এবং শৌচলক্ষণেঽপি বোধ্যম্। শুদ্ধিঃ শৌচং দ্বিজন্মনামিত্যুপলক্ষণম্। ষষ্ঠঞ্চেতি তদহঃ পুণ্যং ষষ্ঠঞ্চাহঃ পুণ্যমিত্যর্থঃ। সর্ব্বদেতি অশৌচান্তরপাতেঽপীত্যর্থঃ। অত্র প্রাঞ্চঃ বেদবোধিতকর্ম্মার্হতা শুদ্ধিঃ, সা চ যৎকর্ম্ম সম্পাদনায় যেষাং কালপাত্রাদীনাং যাদৃশং বিধিবোধিতত্বং তৎকর্ম্মণি তেষাং তাদৃশবিধিবোধিতত্বম্ অর্হতা সৈব শুদ্ধিরিত্যর্থঃ। নচাকৃতে কর্ম্মাঙ্গে আচমনে সত্যা-

---

এস্থলে বক্তব্য এই যে, শাস্ত্রে বৈদিক কর্ম্মের (বেদবিহিত কর্ম্মের) অনুষ্ঠান বিষয়ে অযোগ্যত্বসম্পাদক সংস্কারবিশেষ (অদৃষ্টবিশেষ) কেই অশৌচ বলা হইয়া থাকে, এবং বৈদিক কর্ম্মের অনুষ্ঠান বিষয়ে যোগ্যত্বসম্পাদক সংস্কারবিশেষকেই শৌচ বলা হইয়াছে। অতএব কেহ যে, বলিয়াছিল, "শুদ্ধি বা শৌচকে সংস্কারবিশেষ না বলিয়া, 'অশৌচের অভাব' এইরূপ বলিলেই ত লাঘব হয়, এ কথা আর বলিতে পার না, অর্থাৎ শৌচকে অশৌচাভাব রূপে নির্দ্দেশ করিতে পার না; দেখ, "অঘসমূহের এককালীনত্বে" এবং "অঘ সম্বন্ধী দিনকে বাড়াইবে না" ইত্যাদি দুইটী বচন দ্বারা যেমন অশৌচ স্থলে পাপবাচক অঘশব্দটীর ব্যবহার দর্শনে অশৌচ পদার্থ টী একটী ভাব পদার্থরূপে প্রতীত হইতেছে, সেইরূপ "দ্বিজাতিগণের পুত্ত্র জন্মগ্রহণ করিলে দেবগণ পিতৃগণ সেস্থলে আসিয়া উপস্থিত হন, এইজন্য ঐ জন্মদিন এবং ষষ্ঠদিন সর্ব্বদা পুণ্য।" এই আদিত্যপুরাণীয় বচনে শৌচস্থলে "পুণ্য" এই পদটীর ব্যবহার দর্শনে শৌচও

যেন শৌচে পুণ্যপদদর্শনাৎ শৌচস্যাপি ভাবরূপতা প্রতীয়তে। তদহরিত্য'চ্ছিন্ননাড়ীপর্য্যন্তপরং, তথাচ দানদর্পণে বরাহপুরাণম্,—

যপি শুদ্ধৌ কর্ম্মার্হত্বাযোগাদব্যাপ্তিরিতি বাচ্যং, অস্তি হি তত্রাপি কর্ম্মার্হত্বং কিন্তু উত্তরীয়ধারণাদ্যঙ্গান্তরাকরণ ইব অকৃতে কর্ম্মাঙ্গাচমনেঽঙ্গবাধাৎ কর্ম্মৈব তাবদ্বিগুণং ভবতি, ন তু তত্র নাস্তি শুদ্ধিরিতি, অতএব তদাচমনং কর্ম্মাঙ্গমুচ্যতে। নম্বশৌচং কিং? তত্র কশ্চিৎ শাস্ত্রাতিরিক্তপ্রযত্নাপনেয়ত্বে সতি সজাতীয়স্পর্শানর্হত্বাপাদকত্বমিতি অশৌচলক্ষণমাহ। তদযুক্তং, অতীতেঽস্পৃশ্যত্বে সতি অব্যাপ্তেঃ, সপিণ্ডজননকন্যাজননাদাবব্যাপ্তেশ্চ। নাপি শাস্ত্রাতিরিক্তপ্রযত্নাপনেয়ত্বে সতি কর্ম্মানর্হত্বাপাদকমশৌচমিতি সদ্যঃশৌচস্থলে স্নানাপনেয়াশৌচেঽব্যাপ্তেঃ। "জানূর্দ্ধে ক্ষতজে জাতে নিত্যকর্ম্মাণি নাচরেৎ। সূতকে চ সমুৎপন্নে ক্ষুরকর্ম্মণি মৈথুনে। ধূমোদ্গারে তথা বান্তে নিত্যকর্ম্মাণ্যপি ত্যজেৎ। জলৌকাং গূঢ়পাদঞ্চ কৃমিগণ্ডুপদাদিকম্। কামাদ্ধস্তেন সংস্পৃশ্য নিত্যকর্ম্মাণি নাচরেৎ।" ইতি কালিকাপুরাণে কর্ম্মানর্হত্বপ্রতিপাদনাৎ রক্তপাতক্ষৌরকর্ম্মমৈথুনধূমোদ্গারবান্তকামকৃতজলৌকাদিস্পর্শেষ্বতিব্যাপ্তেশ্চ স্ত্রীণাং রজোযোগেঽতিব্যাপ্তেশ্চ। ন চ "রাত্রিভির্ম্মাসতুল্যাভিঃ গর্ভস্রাবে বিশুধ্যতি। রজস্যুপরতে সাধ্বী স্নানেন স্ত্রী রজস্বলা॥" ইতি মনুনাশৌচপ্রকরণে পঠিতত্বাৎ স্ত্রীরজোযোগেঽশৌচত্বমিষ্টমেবেতি বাচ্যং, যতো লক্ষণানুরোধেন লক্ষ্যকল্পনং, ন তু লক্ষণানুরোধেন লক্ষ্যকল্পনং, ন চ ক্বাপি শাস্ত্রে লোকে বা স্ত্রীরজোযোগেন রক্তপাতাদিনা চাপবিত্রমাত্রেঽশৌচপদব্যবহারো দৃশ্যতে। প্রত্যুত "উদক্যাশৌচিভিঃ স্নায়াৎ, সংস্পৃষ্টস্তৈরুপস্পৃশেৎ।" ইতি যাজ্ঞবল্ক্যেন রজস্বলাশৌচিনোর্ভেদেন নির্দ্দেশং কৃত্বা স্ত্রীরজোযোগেঽশৌচপদপ্রয়োগো নিরস্তঃ। নমু গর্ভস্রাবাশৌচপ্রসঙ্গেন স্ত্রীরজোযোগেঽপি শুদ্ধিরুক্তা ন চ তদশৌচম্, অন্যথা অশৌচান্তকৃত্যান্যপি তত্র প্রসজ্জেরন্।" সর্ব্বগোত্রমসংস্পৃশ্যং তত্র স্যাৎ সূতকে সতি। মধ্যেঽপি সূতকে দদ্যাৎ পিণ্ডান্ প্রেতস্য তৃপ্তয়ে॥" ইতি ভবিষ্যপুরাণবচনাৎ মরণান্তরপাতবৎ রজোযোগমধ্যেঽপি রজস্বলায়াঃ প্রেতপিণ্ডদানপ্রসঙ্গঃ স্যাৎ, জাতরক্তপাতাদেরন্নভক্ষণপ্রায়শ্চিত্তপ্রসঙ্গশ্চ স্যাৎ, বস্তুতস্তু অশৌচশব্দো জন্মমরণনিবন্ধনশুচিত্বাভাবে যোগরূঢ়ঃ। অতএবাশৌচস্য প্রবক্ষ্যামি মৃত্যুপ্রসবকারণমিতি দক্ষেণাশৌচস্বরূপং নিরূপিতম্। তস্মাজ্জন্মমরণনিবন্ধনং বেদবোধিতকর্ম্মানর্হত্বমশৌচলক্ষণম্। ন চাশৌচান্নভক্ষণসহরোদনশবস্পর্শাদাশৌচেঽব্যাপ্তিরিতি বাচ্যম্, অন্নভক্ষণাদি-সহকারেণ জননমরণয়োরেব কর্ম্মানর্হত্বপ্রযোজকত্বাৎ, রাহুদর্শনে তু গ্রহণে শাবমাশৌচমিতি ব্রহ্মাণ্ডপুরাণবচনেন পক্বান্নপাকস্থালীত্যাগঃ. শুদ্ধিস্নানাদীনাং শাবাশৌচধর্ম্মাণামিতিদেশ এব, ন তু তত্রাশৌচম্, অথবা

যে, একটী ভাবরূপ পদার্থ তাহাও প্রতীত হইতেছে। উক্ত বচনে যে, সেইদিন অর্থাৎ পুত্রজন্মদিনকে শুচি বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে, উহাতে যে পর্য্যন্ত নাড়ীচ্ছেদ না হয়, সেই পর্য্যন্তই যে শুচি, ইহাই বলিতে হইবে। এ সম্বন্ধে

"যাবৎ বালং সুতে জাতে ন নাড়ী ছিদ্যতে পুনঃ।
চন্দ্রসূর্য্যোপরাগেণ তমাহুঃ সময়ং সমম্॥" কৃত্য-চিন্তামণৌ দেবলঃ,—
"জাতে পুত্রে পিতা শ্রুত্বা সচেলং স্নানমাচরেৎ।
ব্রাহ্মণেভ্যো যথাশক্তি দত্ত্বা বালং বিলোকয়েৎ॥" এতেন
"সূতকে তু মুখং দৃষ্ট্বা" জাতস্য জনকস্ততঃ।
কৃত্বা সচেলং স্নানন্তু শুদ্ধো ভবতি তৎক্ষণাৎ॥
অন্যাশ্চ মাতরস্তদ্বত্তদ্‌গেহং ন ব্রজন্তি চেৎ।
সপিণ্ডাশ্চৈব সংস্পৃশ্যাঃ সন্তি সর্ব্বেঽপি নিশ্চয়ঃ॥" ইত্যাদি-পুরাণবচনে "মুখং দৃষ্ট্বা" ইতি বিশেষণাৎ পুত্রজন্মনি পিতুর্যৎ

বেদবোধিতকর্ম্মানর্হত্বাপাদকো জননমরণজন্যঃপুরুষবিশেষো বিশেষ ইত্যাহুঃ। অচ্ছিন্ন-নাড়ীতি, তথাচ পুত্রজন্মনিমিত্তকং বৃদ্ধিশ্রাদ্ধং তদুত্তরং জাতকর্ম্ম চ নাড়ীচ্ছেদাৎ পূর্ব্বমেব কর্ত্তব্যং, ন তু নাড়ীচ্ছেদাৎ পরং, তদ্বাশক্তৌ অশৌচান্তে কর্ত্তব্যং নাড়ীচ্ছেদাৎ পূর্ব্বমপি শুদ্ধিঃ এতৎকর্ম্মণ্যেব নান্যস্মিন্ কর্ম্মণীতি বোধ্যম্। চন্দ্রসূর্য্যোপ-রাগেণ চন্দ্রসূর্য্যগ্রহণোপলক্ষিতকালেন সমমিত্যর্থঃ। সচেলস্নানমিতি, পরিহিতবস্ত্রং প্রক্ষাল্য পুনস্তৎ পরিধায় কৃতং স্নানং সচেলস্নানং, তদাচরেদিত্যর্থঃ। এতেন বক্ষ্যমাণ-দোষেণ হেয়মিতি পরেণান্বয়ঃ। শুদ্ধো ভবতি, অস্পৃশ্যত্বাচ্ছুদ্ধো ভবতি, স্পৃশ্যো ভবতীতি যাবৎ। তদ্বৎ জাতস্য পিতৃবৎ। তথাচ বিমাতরোঽপি সচেলস্নানাৎ শুদ্ধা ভবন্তী-

---

দানদর্পণ নামক গ্রন্থে বরাহপুরাণের একটী বচন উদ্ধৃত হইয়াছে, যথা—"পুত্র জন্মাইবার পর যে পর্য্যন্ত নাড়ীচ্ছেদ না করা হয়, সেই সময় টুকুকে চন্দ্র-সূর্য্য-গ্রহণ কালের মত পবিত্র বলা হইয়াছে।" কৃত্যচিন্তামণি নামক গ্রন্থে দেবলের এইরূপ একটী বচন উদ্ধৃত হইয়াছে—"পুত্র জন্মাইলে পিতা ঐ কথা শুনিয়া যেরূপ কাপড় চোপড় পরিয়া থাকিবে, সেইসব লইয়াই স্নান করিবে, এবং যথাশক্তি ব্রাহ্মণদিগকে দান করিয়া নবজাত বালককে দেখিবে।" দেবলের এই বচনে পুত্রজন্ম শ্রবণ করিয়াই স্নান করিবার স্পষ্ট বিধান থাকাতে, "পুত্র জন্মাইলে পিতা জাত পুত্রের মুখ দেখিয়া পরিহিত কাপড় চোপড়ের সহিতই স্নান করিয়া শুদ্ধ হইবে, নবজাত পুত্রের সপত্নী মাতাগণ যদি সে গৃহে গমন না করে, অর্থাৎ সূতিকা স্পর্শ না করে, তাহা হইলে, তাহারা পিতার ন্যায় স্নান মাত্রেই শুদ্ধ হয়, এবং সমুদয় সপিণ্ডগণ যে সংস্পৃশ্য

স্নানমুক্তং, তৎ "মুখদর্শনানন্তরমেবে"তি হারলতোক্তং হেয়ম্‌। এবং হি বিদেশস্থস্য পিতুঃ পুত্রজন্মশ্রবণে তন্মুখদর্শনাবধি অঙ্গাস্পৃশ্যত্বং স্যাৎ, কিন্ত্বাদিপুরাণং মুখদর্শনানন্তরং পুনঃ স্নানার্থম্‌। "অত্রান্যাশ্চে"তি চকারেণ শুদ্ধা ইতি প্রাপ্তৌ, তদ্বদিতি পিতৃতুল্যতার্থং, তেন যথা পিতুঃ স্নানাদঙ্গাস্পৃশ্যত্বনিবৃত্তিঃ, "সূতিকাস্পর্শে তৎসমকালাস্পৃশ্যত্বঞ্চ মাতুরেব সূতকং, তাং স্পৃশতঃ পিতুর্নেতরেষামি"তি সুমন্তুবচনাৎ অত্র সূতকমস্পৃশ্যত্বং,

---

তার্থঃ। তদ্দোষমিতি সূতিকাস্পর্শোপলক্ষকং তথাচ সূতিকাস্পর্শে সতি, ন স্নানাদঙ্গাস্পৃশ্যত্বনিবৃত্তিরিতি ভাবঃ। মুখদর্শনানন্তরমিতি তথাচ হারলতামতে মুখদর্শন নন্তরমেব সচেলস্নানম্‌ অঙ্গাস্পৃশ্যত্বাৎ শুদ্ধিজনকং, ন তু তৎপূর্ব্বমিত্যর্থঃ। নন্বু তর্হি সুতকে তু মুখমিত্যাদিপুরাণবচনস্য কো বিষয়স্তত্রাহ কিন্ত্বিতি—তথাচ স্মার্ত্তমতে পুত্রজন্মশ্রবণানন্তরমেব সচেলস্নানম্‌ অঙ্গাস্পৃশ্যত্বাৎ শুদ্ধিজনকমিত্যর্থঃ। চকারেণেতি তথাচ তদাদিতাস্য শুদ্ধা ইত্যর্থো নেতি ভাবঃ। তৎসমকালেতি সূতিকাসমকালেত্যর্থঃ। নেতরেষামিতি ন জাতবালকাদীনামিত্যর্থঃ, তথাচ পঠন্তি "সপিণ্ডাশ্চৈব সংস্পৃশ্যাঃ সন্তি সর্ব্বে চ নিত্যশ" ইতি। যদি সপিণ্ডাঃ সূতিকাস্পর্শং ন কুর্ব্বন্তি তদা স্পৃশ্যাঃ, সূতিকাস্পর্শে তু সপিণ্ডানাং

থাকে, অর্থাৎ অস্পৃশ্য হয় না ইহা নিশ্চয়।" এই আদি পুরাণের বচনে স্থিত "মুখ দেখিয়া" এই বিশেষণ পদ দর্শনে হারলতা গ্রন্থে যে সিদ্ধান্ত করা হইয়াছে, যে, "পুত্র জন্মাইবার পর শাস্ত্রে পিতার যে স্নান করিবার কথা বলা হইয়াছে, ঐ স্নান মুখ দর্শনের পরই কর্ত্তব্য" ঐ সিদ্ধান্ত হেয় হইয়া পড়িল। এইরূপই যদি হয়, অর্থাৎ, হারলতার সিদ্ধান্তই যদি গ্রহণ করা হয়, তাহা হইলে পুত্রজন্মকালে বিদেশস্থিত পিতার যে পর্য্যন্ত পুত্রের মুখদর্শন না ঘটে, সেই কাল পর্য্যন্ত অঙ্গাস্পৃশ্যত্ব অনিবার্য্য হইয়া উঠে,—তবে আদিপুরাণে যে "মুখদর্শন করিয়া স্নান করিবে" এইরূপ বলা হইয়াছে, উহা দ্বারা মুখদর্শন করিয়া যে আর একবার স্নান করিতে হইবে, তাহারই বিধান করা হইয়াছে। উপরি উক্ত আদি পুরাণের বচনে "অন্যাশ্চ" এই চকার দ্বারাই তাহারাও যে স্নান দ্বারা শুদ্ধ হয়, এইরূপ অর্থের প্রতীতি হইলেও আবার যে "তদ্বৎ" (পিতার ন্যায়) বলা হইয়াছে, ইহার তাৎপর্য্য এই যে—পিতার ন্যায়, সপত্নীপুত্রের জন্ম হইলে, তাহাদেরও অঙ্গাস্পৃশ্যত্ব হয় এবং যেমন স্নান দ্বারা পিতার অঙ্গাস্পৃশ্যত্ব নিবৃত্ত হয়, তেমনি তাহাদেরও স্নান দ্বারা ঐ অঙ্গস্পৃশ্যত্বের নিবৃত্তি হয়। এবং সূতিকাস্পর্শকারী পিতার মাতারই তুল্য

তথা সূতিকাসপত্নীনাং জ্ঞেয়ম্, অতস্তদগৃহগমনং তৎস্পর্শোপলক্ষণং, তাসু মাতৃপদপ্রয়োগোহপ্যেতদর্থক ইতি। অত্র মাতুরেবেত্যেবকারেণ অন্যেষাং বালকাদীনাং স্পৃশ্যতা সদা প্রতীয়তে। তদুক্তঞ্চ "অত ঊর্দ্ধমসমালম্ভনমা দশরাত্রাদি"তি গোভিলসূত্রেণ নাড়ীচ্ছেদাৎ পরতো মাতুরঙ্গস্পর্শাভাবো দশরাত্রাবধি প্রতীয়তে ইতি। তেন "মাতা শুধ্যেদ্দশাহেন স্নানাত্তু স্পর্শনং পিতুরি"ত্যনেন প্রাপ্তস্য মাতুরঙ্গাস্পৃশ্যত্বস্য নাড়ীচ্ছেদোত্তরত্বমপ্রাপ্তং বিধীয়তে লাঘবাৎ, অন্যথা শ্রুত্যন্তর-

---

স্নানমাত্রাৎ শুদ্ধিরিতি বৃদ্ধাঃ; তৎস্পর্শে তু সূতিকাস্পর্শে ইত্যর্থঃ। এবঞ্চ তাসাং সপত্নীপুত্রজননাশৌচসপিণ্ডান্তরজননাশৌচাপেক্ষয়া অধিকশুদ্ধিরিতি বোধ্যম্। অত ঊর্দ্ধং নাড়ীচ্ছেদাদূর্দ্ধম্, অসমালম্ভনম্ অস্পৃশ্যত্বম্, অঙ্গাস্পর্শাভাবঃ। অঙ্গাস্পৃশ্যত্বং বিধীয়তে ইতি অত ঊর্দ্ধমসমালম্ভনমিতি সূত্রেণ বিধীয়তে ইত্যর্থঃ। তথাচ এতৎসূত্রস্যাস্যাংশে অনুবাদকত্বমিতি ভাবঃ। লাঘবাদিতি তথাচ একনাড়ীচ্ছেদাৎ পরম্ অস্পৃশ্যত্বমত ঊর্দ্ধমিতি

অঙ্গাস্পৃশ্যত্ব যুক্ত অশৌচ হইবে।" এই সুমন্তবচন দ্বারা সূতিকাস্পর্শকারী পিতার সূতিকার তুল্যকাল অঙ্গাস্পৃশ্যত্ব যুক্ত অশৌচ যেমন উক্ত হইয়াছে, সূতিকার (প্রসবকারিণীর) সপত্নীগণের পক্ষেও সেইরূপ বুঝিতে হইবে। অর্থাৎ সপত্নীপুত্র জন্মাইবার পর স্নান মাত্রেই তাহাদের অঙ্গাস্পৃশ্যত্ব যাইবে। আর যদি তাহারা প্রসূতিকে স্পর্শ করে, তাহা হইলে প্রসূতি যাবৎকাল অস্পৃশ্য ও অশুচি থাকিবে, উঁহারাও তাবৎকাল অস্পৃশ্য অশুচি থাকিবে। অতএব আদি পুরাণে যে তৎগৃহ গমনের কথা আছে, উহার এস্থলে যে সূতিকাস্পর্শরূপ লাক্ষণিক অর্থই গৃহীত হইয়াছে, ইহাই বুঝিতে হইবে। তাহার ঘরে প্রবেশরূপ মুখ্য অর্থ মাত্র এস্থলে গৃহীত হয় নাই, 'কেবল ঘরে প্রবেশ করিলেই উঁহারা মাতৃতুল্য অস্পৃশ্য ও অশুচি হইবে না। এইরূপ অর্থ বোধ করাইবার জন্যই উক্ত বচনে তাহাদিগকে মাতা বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। উক্ত সুমন্তর বচনে "মাতুরেব" (মাতারই) এই এবকার দ্বারা কেবল মাত্র মায়েরই যে অঙ্গাস্পৃশ্যত্ব হয়, এবং তৎস্পর্শেই পিত্রাদির অস্পৃশ্যত্ব হয়, এবং নবজাত বালকাদির স্পর্শে অস্পৃশ্যত্ব যে হয় না, ইহাই জানান হইয়াছে। "নাড়ীচ্ছেদের পর দশরাত্রি পর্য্যন্ত স্পর্শ করিবে না।' এই গোভিলসূত্রানুসারে নাড়ীচ্ছেদের পর হইতে দশরাত্র পর্য্যন্ত মাতার অঙ্গ যে,

কল্পনাপত্তিঃ স্যাৎ। এবঞ্চ নাড়ীচ্ছেদাৎ প্রাক্ মাতুঃ স্পর্শে দোষাভাবঃ। এবমেব ভট্টনারায়ণচরণাঃ। গর্গঃ,—

"শ্রুত্বা পুত্রস্য বৈ জন্ম কৃত্বা বেদোদিতাঃ ক্রিয়াঃ।

অচ্ছিন্ননালং পশ্যেত্তং দত্ত্বা রুক্মং ফলান্বিতম্।" রাগপ্রাপ্তদর্শনেঽপি—

সূত্রেণ বিধীয়তে, অপরঞ্চ জননাবধ্যস্পৃশ্যত্বং মাতা শুধ্যেদিত্যনেন বিধীয়তে ইতি অস্পৃশ্যত্বদ্বয়কল্পনামপেক্ষ্য একস্যৈবাস্পৃশ্যত্বকল্পনে লাঘবমিতি ভাবঃ। অন্যথা ইতি "মাতা শুধ্যে" দশাহেন ইত্যস্য জননাবধি দশাহেন "মাতা শুধ্যে"দিত্যর্থকত্বে ইত্যর্থঃ। অশ্রুতেতি। মাতা শুধ্যেদিত্যত্র অশ্রুতস্য জননাবধীত্যস্য কল্পনেত্যর্থঃ। যদ্বা অত ঊর্দ্ধমিতি সূত্রেঽশ্রুতস্য জননাবধ্যস্পৃশ্যত্বকল্পনেত্যর্থঃ। নম্বু পুত্রদর্শনস্য রাগপ্রাপ্তত্বাৎ

অস্পৃশ্য থাকে, ইহাই প্রতীত হইতেছে। অতএব "মাতা দশ রাত্রের পর শুদ্ধিলাভ করিবে, এবং স্নানের পরেই পিতার স্পর্শনিযোগ্যত্ব হইবে" এই বচনদ্বারা মাতার শরীর অস্পৃশ্য হইবে, এইরূপ মাত্র বিধান করা হইলেও, কিন্তু 'ঐ অস্পৃশ্যত্ব কখন হইতে মাতার শরীরে প্রবৃত্ত হইবে' ঐ বিধান দ্বারা এরূপ নির্দ্ধারিত না হওয়ায়, নাড়ীচ্ছেদের পরেই যে উহার প্রবৃত্তি হইবে, গোভিলসূত্রে এইটুকু মাত্র বিহিত হইল, এইরূপ সিদ্ধান্ত করিলেই লাঘব হয়। অর্থাৎ, "দশ রাত্রের পর মাতা শুদ্ধিলাভ করিবে।" এই বচনদ্বারা পুত্রজন্মের পর হইতেই মাতার অস্পৃশ্যত্বের যদি বিধান করা হয়, এবং "নাড়ীচ্ছেদের পর দশরাত্রি পর্য্যন্ত স্পর্শ করিবে না।" এই গোভিলসূত্র দ্বারা যদি নাড়ীচ্ছেদের পর আবার অন্য প্রকার অস্পৃশ্যত্বের বিধান স্বীকার করা হয়, তাহা হইলে দুই প্রকার অস্পৃশ্যত্ব স্বীকার করিতে হয়। তদপেক্ষা—"মাতা দশরাত্রে শুদ্ধিলাভ করিবে।" এই বচনদ্বারা মাতার যে দশরাত্রিব্যাপী অস্পৃশ্যত্বের কথা বলা হইয়াছে, ঐ অস্পৃশ্যত্বই নাড়ীচ্ছেদের পর উৎপন্ন হয়। এইরূপ বলিলে আর দুইটি স্বতন্ত্র অস্পৃশ্যত্ব স্বীকার করিতে হয় না; সুতরাং লাঘব হয়, এরূপ না বলিলে, দুইটী স্বতন্ত্র অস্পৃশ্যত্ব বিষয়ক বচনের মূলীভূত দুইটী বিভিন্ন প্রকার শ্রুতিরও কল্পনা করা অপরিহার্য্য হইয়া পড়ে; সুতরাং "নাড়ীচ্ছেদের পরই মাতার অস্পৃশ্যত্ব হয়," এইরূপ সিদ্ধান্তই স্থির হইল। আর এইরূপ সিদ্ধান্ত স্থির হইয়াছে বলিয়াই, ভট্ট নারায়ণ নাড়ীচ্ছেদের পূর্ব্বে মাতার স্পর্শে যে, আর কোন দোষ হয় না, এইরূপ ব্যবস্থা করিয়াছেন।

"পুন্নাম্নো নরকাদ্ যস্মাৎ ত্রায়তে পিতরং সুতঃ।
মুখসন্দর্শনেনাপি তদুৎপত্তৌ যতেত সঃ॥" ইতি বৃহস্পত্যুক্তনরকনিস্তারায়,
"ঋণমস্মিন্ সন্নয়তি অমৃতত্বঞ্চ বিন্দতি।
পিতা পুত্রস্য জাতস্য পশ্যেচ্চ জীবতো মুখমি"তি বশিষ্ঠোক্তঋণাপনয়নায় চ। যৎ পশ্যেদিতি নিয়মাভিধানং তৎ অকৃতপুত্রকার্য্যপুত্রপরং, সৎপুত্রস্তু মুখদর্শনং বিনাপি নরকনিস্তারকঃ। তথা চ। বিষ্ণুপুরাণম্,—

কথং তত্র পশ্যেদিতি বিধিঃ, অপ্রাপ্তপ্রাপকস্যৈব বিধিত্বাৎ; তত্রাহ রাগপ্রাপ্তদর্শনেঽপীতি। নিয়মাভিধানমিতি পরেণান্বয়ঃ। তথাচ নায়ং বিধিঃ কিন্তু নিয়মঃ, তথাচোক্তং—"বিধিরত্যন্তমপ্রাপ্তৌ নিয়মঃ পাক্ষিকে সতি" ইতি। পুন্নাম্ন ইতি। তথাচ পুতস্ত্রায়তে ইতি পুত্রঃ। ইত্যেষা পুত্রশব্দস্য ব্যুৎপত্তিরিতি ভাবঃ। ঋণমস্মিন্নিতি অস্মিন্ জাতে আত্মনঃ পিতৃঋণং সংক্রাময়তীত্যর্থঃ। অমৃতত্বমিতি বংশাবিচ্ছেদেনাত্মনোঽমরণমিব প্রাপ্নোতি; তথাচ "পুত্রেণ লোকান্ জয়তি পৌত্রেণানন্দমশ্নুতে। অথ

গর্গ বলেন,—"পুত্রের জন্ম শ্রবণানন্তর বেদোক্ত কার্য্য সকলের অনুষ্ঠান করিয়া ফলের সহিত সুবর্ণ দানপূর্ব্বক নাড়ীচ্ছেদের পূর্ব্বে ঐ পুত্রকে দর্শন করিবে।" সৎপুত্রমুখদর্শনরূপ কার্য্যটি মনুষ্যদিগের রাগপ্রাপ্ত, সকলেরই স্বভাবতঃ সৎপুত্রের মুখ দর্শন বিষয়ে প্রবল ইচ্ছা দৃষ্ট হয়, 'আমার একটি বংশোজ্জ্বল পুত্র হউক', এইরূপ ইচ্ছা সকলেরই হয়। যাহা হৌক এইরূপে যদিও পুত্রমুখদর্শন কার্য্যটি মানবগণের স্বাভাবিক ইচ্ছার বিষয়ীভূত হইয়াছিল, উহার জন্য আবার বিধি করা হইল কেন? এইরূপ আশঙ্কার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন,—"এই পুত্রমুখ দর্শন কার্য্যটি রাগপ্রাপ্ত হইলেও "যেহেতু পুত্র কেবলমাত্র নিজের মুখ দেখাইয়াই পিতাকে পুন্নাম নরক হইতে ত্রাণ করে, এই নিমিত্ত পুত্রোৎপাদন বিষয়ে পিতা যত্ন করিবে।" এই বৃহস্পতিবচনে উক্ত পুত্রমুখদর্শনের নরক হইতে নিস্তারলাভরূপ ফল প্রাপ্তির কথা থাকায়, এবং "পুত্র জন্মাইলে পিতার পিতৃঋণাদি ঋণত্রয় অপনীত হয়, ও অমৃতত্ব লাভ হয়, এই জন্য পিতা উৎপন্ন পুত্রের জীবিতাবস্থাতেই মুখ দর্শন করিবে। এই বশিষ্ঠের বচনে পুত্রমুখদর্শনের ঋণত্রয় অপনয়নরূপ প্রয়োজন নির্দ্দিষ্ট হওয়ায়, পুত্রমুখদর্শনমাত্রেই যখন নরক হইতে উদ্ধার এবং ঋণত্রয়ের নাশ হয়, তখন

সৎপুত্রেণ তু জাতেন বেণোঽপি ত্রিদিবং যযৌ।

পুন্নাম্নঃ নরকাত্ত্রাতঃ স তেন সুমহাত্মনা॥” ‘তেন সুপুত্রেণ, মৃতবেণদক্ষিণহস্তমন্থনজাতেন পৃথুনা। ব্রহ্ম-পুরাণেঽপি

“সমুৎপন্নেন ভো বিপ্রাঃ সৎপুত্রেণ মহাত্মনা।

ত্রাতঃ স পুরুষব্যাঘ্রঃ পুন্নাম্নো নরকাত্তদা॥” পিণ্ডদাতৃত্ব-মাত্রেণৈব ঋণাপনয়মাহুঃ শঙ্খলিখিতপৈঠীনসয়ঃ—

পুত্রস্ত পৌত্রেণ ব্রহ্মাপ্নোতি পিতৃপমিতি। “সৎ পুত্রমিতি তথাচ সৎপুত্রস্ত ন

পুত্র সৎ বা অসৎ হইবে, এইরূপ বিচার না করিয়া, পুত্র জন্মাইলেই তাহার মুখ যে, অবশ্যই দেখিতে হইবে, উক্ত গর্গবচন দ্বারা এইরূপই নিয়ম করা হইয়াছে। অর্থাৎ রাগপ্রাপ্ত কার্য্যটী কর্ত্তার সম্পূর্ণ ইচ্ছাধীনই থাকে, কর্ত্তার ইচ্ছা হয়, উহা করে, ইচ্ছা না হয়, করে না, কিন্তু পুত্রের মুখদর্শন রাগপ্রাপ্ত হইলেও উহা যে অবশ্য কর্ত্তব্য, ইহাই উক্ত গর্গবচন দ্বারা নিয়ম করিয়া বলা হইয়াছে। পুত্র হইলেই তাহার মুখ দেখিতে হইবে। তাহার সৎ বা অসৎ হইবার সম্বন্ধে কোন বিচারই করিবে না। কারণ, সৎপুত্র নিজের মুখদর্শন না করাইয়াও নরক হইতে পিতার নিস্তারক হইয়া থাকে। এ সম্বন্ধে বিষ্ণুপুরাণে এইরূপ বলা হইয়াছে। যথা,—‘সৎপুত্র জন্মাইবামাত্র বেণও সুরলোকে গমন করিয়াছিলেন, এবং সেই নৃপতি, মহাত্মা পুত্রের প্রভাবে পুন্নাম নরক হইতেও উদ্ধৃত হইয়াছিলেন। মূল বচনে যে, ‘তেন’ (তৎকর্ত্তৃক) এই কথাটি আছে, উহার অর্থ বেণ রাজার মৃত্যুর পর, তাহার দক্ষিণ হস্ত মন্থনে উৎপন্ন সৎপুত্র কর্ত্তৃক, উহার দ্বারা ইহাই জানা যাইতেছে যে, বেণ রাজা পুত্রের মুখদর্শন না করিয়াও কেবল সৎপুত্রের জন্মপ্রভাবেই নরক হইতে উদ্ধৃত হইয়াছিলেন। ব্রহ্মপুরাণেও ঐ কথার উল্লেখ করা হইয়াছে, যথা,—“হে ব্রাহ্মণগণ! সেই মহাত্মা সৎপুত্র উৎপন্ন হইবামাত্রই, সেই পুরুষশ্রেষ্ঠ বেণ পুন্নাম নরক হইতে উদ্ধৃত হইয়াছিলেন।” উপরি উক্ত বশিষ্ঠবচনে, পুত্রের মুখদর্শনে যে পিতৃগণের ঋণাপনয়নের কথা বলা হইয়াছে, পূর্ব্বোক্ত নরক হইতে উদ্ধার যেমন পুত্রমাত্রেরই মুখদর্শনে হইয়া থাকে, ঐ ঋণাপনয়ন কিন্তু সেরূপে হয় না, যে সকল পুত্র পিণ্ডদানে যোগ্য, তথাবিধ পিতৃ-

"যত্র ক্বচন জাতেন পিতা পুত্রেণ নন্দতি।
তেন চানৃণ্যতাং যাতি পিতৄণাং পিণ্ডদেন বৈ॥" বিষ্ণু-ধর্ম্মোত্তরে,—

"দেবানাঞ্চ পিতৄণাঞ্চ ঋষীণাঞ্চ তথা নরঃ।
ঋণবান্ জায়তে যস্মাত্তস্মাম্মোক্ষে যতেৎ সদা॥
দেবানামনৃণো জন্তুর্যজ্ঞৈর্ভবতি নারদ।
অল্পবিত্তস্তু পূজাভিরুপবাসত্রয়ৈস্তথা॥
শ্রাদ্ধেন প্রজয়া চৈব পিতৄণামনৃণো ভবেৎ।
ঋষীণাং ব্রহ্মচর্য্যেণ শ্রুতেন তপসা তথা।"

"পুন্নাম্নো নরকাদ্‌যস্মাদি"ত্যাদিকস্তু পুত্রোৎপত্তিস্তাবকং, নত্বতদ্রূপস্য পুত্রত্বাভাবপরম্ ; "দশাস্যাং পুত্রানাধেহী"তি

মুখদর্শননিয়মঃ ইতি ভাবঃ। যত্র কচনেতি সবর্ণায়ামসবর্ণায়াং বা অঙ্গরূপেণ বা ইত্যর্থঃ। পিতৃণাং পিণ্ডদেন তেন পুত্রেণেত্যর্থঃ। অনল্পবিত্ত ইত্যস্ত পূর্ব্বেণান্বয়ঃ, যদ্বা ন বিদ্যতে-ঽল্পমপি বিত্তমস্যেতি বিগ্রহঃ ; ক্বচিত্তু অল্পবিত্তস্ত ইতি পাঠঃ। 'অতদ্রূপস্যে'তি পুন্নাম-

---

দাতৃস্বরূপ-যোগ্যতাবিশিষ্ট পুত্রের মুখদর্শনই যে পিতৃগণের আনৃণ্যের প্রতি হেতু, ইহা শঙ্খ, লিখিত, এবং পৈঠীনসি বলিয়াছেন। যথা,—"সবর্ণা বা অসবর্ণা যে কোনও প্রকার পত্নীতে পুত্র উৎপন্ন হইলেই পিতার আনন্দ হয়, কিন্তু যে পুত্র পিণ্ডদানের অধিকারী হয়, তাহার দ্বারাই পিতৃগণের ঋণ হইতে পিতা মুক্তি লাভ করেন।" বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে, "যেহেতু মনুষ্য, জন্ম গ্রহণ করিবামাত্রই দেবগণের নিকট, পিতৃগণের নিকট, এবং ঋষিগণের নিকট ঋণে আবদ্ধ হয়, অতএব সর্ব্বদা ঐ ঋণত্রয় হইতে মুক্তিলাভের চেষ্টা করিবে, অর্থাৎ ঐ ঋণ-ত্রয় হইতে মুক্তিলাভ করাই মনুষ্যদিগের প্রধান লক্ষ্য হইবে। হে নারদ! মনুষ্য যজ্ঞানুষ্ঠানের দ্বারা দেবগণের ঋণ হইতে মুক্তিলাভ করে, যাহার যজ্ঞানু-ষ্ঠানের সামর্থ্য নাই, এইরূপ অল্পবিত্ত সম্পন্ন ব্যক্তিরা পূজা এবং উপবাসত্রয় দ্বারা দেবঋণ হইতে মুক্ত হয়, শ্রাদ্ধ এবং পুত্র উৎপাদন করিয়া পিতৃঋণ হইতে মুক্ত হয়, এবং ব্রহ্মচর্য্য, শাস্ত্রাধ্যয়ন ও তপশ্চরণ দ্বারা ঋষিগণ হইতে মুক্তি-লাভ করে। কেহ আশঙ্কা করিয়াছিল, 'পিতাকে যে পুন্নাম নরক হইতে ত্রাণ

শ্রুতৌ, "বহব স্যুর্যদা পুত্রা" ইত্যাদিস্মৃতৌ চ, ঔরসমাত্রে পুত্রপদপ্রয়োগবিধানাৎ। অন্যথা,—

"শ্রুতিস্মৃতিবিরোধে তু শ্রুতিরেব গরীয়সী।

অবিরোধে সদা কার্য্যং স্মার্ত্তং বৈদিকবৎ সদা॥" ইতি জাবালোক্তং শ্রুতের্ব্বলবত্ত্বং বাধ্যতে। ক্ষেত্রজাদৌ তু পুত্রপদং গৌণমেব; যথা—

নরকত্রাণকর্ত্তৃত্বাভাববিশিষ্টস্য দ্বিতীয়াদিপুত্রস্য ইত্যর্থঃ। 'ঔরসমাত্রে' ইতি, তথাচ পুন্নামনরকত্রাণকর্ত্তৃত্বং, ন পুত্রপদশক্যতাবচ্ছেদকং, কিন্তু স্বজন্যপুংস্ত্বমেবেতি ভাবঃ। শ্রুতেরিতি—প্রকৃতে "দশাস্যাং পুত্রানাধেহী"তি শ্রুতেঃ। বাধ্যেতেতি "পুন্নাম্নো নরকাদ্‌যস্মা"দিত্যাদি স্মৃত্যা ইতি পূরণীয়ম্। গৌণমিতি পিণ্ডদাতৃত্বাদিরূপগুণযোগাদ্ গৌণমিত্যর্থঃ।

করে, তাহার নামই 'পুত্র', এই ব্যুৎপত্তিলভ্য অর্থবশে পুন্নামনরকত্রাতাই পুত্র শব্দের প্রতিপাদ্য হওয়ায়, একমাত্র জ্যেষ্ঠপুত্রেই 'পুত্র' এই পদের প্রয়োগ করা উচিত, কিন্তু আমরা অপর পুত্রেতেও 'পুত্র' পদটীর প্রয়োগ দেখিতে পাই, ইহা কিরূপ হইল? তাহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, "এই যে, 'পুন্নাম নরক হইতে পিতাকে ত্রাণ করে,' এইরূপ বলা হইয়াছে, উহা দ্বারা পুত্রোৎপাদন যে, অবশ্য কর্ত্তব্য, সেই বিষয়ে মনুষ্যের প্রবৃত্তি জন্মাইয়া দেওয়া হইয়াছে মাত্র। উহা দ্বারা 'যে পুত্র স্বকীয় জন্মদ্বারা পিতাকে পুন্নাম নরক হইতে উদ্ধার করে না, তাহাকে যে পুত্র বলা হইবে না,' এরূপ কোনও বিধান করা হয় নাই। কেননা, "এই স্ত্রীতে দশটী পুত্রের উৎপাদন কর", এই শ্রুতিবাক্যে, এবং "যদি বহুপুত্র হয়" এই স্মৃতিবাক্যে, ঔরসজাত পুংঅপত্য মাত্রেতেই 'পুত্র' এই পদটীর ব্যবহার দৃষ্ট হইতেছে। এরূপ যদি না বল, অর্থাৎ ঔরস মাত্রেই পুত্র পদটীর ব্যবহারকে শাস্ত্রসম্মত না বল, তাহা হইলে, "শ্রুতি এবং স্মৃতির বিরোধ উপস্থিত হইলে অর্থাৎ শ্রুতির দ্বারা একরূপ অর্থ, এবং স্মৃতির দ্বারা তাহার উল্টা অর্থ প্রতীত হইলে, শ্রুতিকেই মান্য করিয়া চলিতে হইবে, এবং যে স্থলে উভয়ের মধ্যে কোনরূপ বিরোধ না ঘটিবে, সে স্থলে বেদবচনের ন্যায়, স্মৃতি-বচনেরও সর্ব্বদা অনুসরণ করিবে" এই জাবালির বচনে শ্রুতির যে প্রধানত্ব প্রতিপাদন করা হইয়াছে, তাহা বাধিত হইয়া পড়ে, অর্থাৎ "এই স্ত্রীতে দশ পুত্র উৎপাদন কর" এই শ্রুতিবাক্য দ্বারা ঔরস পুং অপত্য মাত্রই যে,

"ক্ষেত্রজাদীন্ সুতানেতানেকাদশ যথোদিতান্।
পুত্রপ্রতিনিধীনাহুঃ ক্রিয়ালোপান্মনীষিণঃ॥" ইতি মনূক্তেঃ॥ ২১॥

"ক্ষেত্রজাদী"নিতি। যথা "ঔরসঃ পুত্রিকাপুত্রঃ ক্ষেত্রজো গূঢ়সম্ভবঃ। কানীনশ্চ পুনর্ভবো দত্তঃ ক্রীতঃ স্বয়ং কৃতঃ। স্বয়ং দত্তঃ সহোঢ়োঽপবিদ্ধো দ্বাদশঃ স্মৃতঃ।" যাজ্ঞবল্ক্যঃ,—"ঔরসো ধর্ম্মপত্নীজস্তৎসমঃ পুত্রিকাসুতঃ। ক্ষেত্রজঃ ক্ষেত্রজাতস্তু সগোত্রেণেতরেণ বা। গৃহে প্রচ্ছন্ন উৎপন্নো গূঢ়জস্তু সুতঃ স্মৃতঃ। কানীনঃ কন্যকাজাতো মাতামহসুতো মতঃ। অক্ষতায়াং ক্ষতায়াং বা জাতঃ পৌনর্ভবঃ সুতঃ। দদ্যান্মাতা পিতা বা যং স পুত্রো দত্তকো ভবেৎ। ক্রীতস্তু তাভ্যাং বিক্রীতঃ কৃত্রিমঃ স্যাৎ স্বয়ং কৃতঃ। দত্তাত্মা তু স্বয়ং দত্তো গর্ভভিন্নঃ সহোঢ়জঃ। উৎসৃষ্টো গৃহ্যতে যস্তু সোঽপবিদ্ধো ভবেৎ সুতঃ। পিণ্ডদোঽংশহরশ্চৈষাং পূর্ব্বাভাবে পরঃ পরঃ। সজাতীয়েষ্বয়ং প্রোক্তস্তনয়েষু বিধিঃ স্মৃতঃ॥" তনয়েষু প্রোক্তোঽয়ং বিধিঃ সজাতীয়ে ইত্যর্থঃ। বিধিঃ স্মৃতঃ ইত্যত্র যথাবিধিরিত্যপি পাঠঃ। ধর্ম্মপত্ন্যাং স্বয়মুৎপাদিত ঔরস ইত্যর্থঃ। যথা বিষ্ণুঃ,—স্বক্ষেত্রে স্বয়মুৎপাদিতঃ প্রথম ইতি তৎসম ইতি, "তস্যাং যো জায়তে পুত্রঃ স মে পুত্রো ভবেদি"তি বচনা, অভিসন্ধিনা বা নিয়ম্য যা দত্তা, সা পুত্রিকা, তৎসুত ঔরসসম ইত্যর্থঃ। অত্র পুত্রিকায়া অভাবে তৎপুত্র ইতি বোধ্যম্। "আজ্যং বিনা যথা তৈলং সদ্ভিঃ প্রতিনিধীকৃতম্। তথৈকাদশপুত্রাশ্চ পুত্রিকৌরসয়োর্ব্বিনে"তি বৃহস্পতিবচনাৎ। মনুরপি "তেন মাতামহঃ পৌত্রী"তি। ভর্ত্রাজ্ঞয়া যস্য ক্ষেত্রে জনিতঃ স তস্য ক্ষেত্রজঃ, "মাতামহসুত" ইতি বোঢ়রপি পুত্রান্তরাসত্ত্বে স এব পুত্রঃ। "অদত্তায়াস্তু যো জাতঃ সবর্ণেন পিতুর্গৃহে। স কানীনঃ সুতস্তস্য যস্য সা দীয়তে পুন"রিতি ব্রহ্মপুরাণবচনাৎ, অক্ষতযোন্যাং, ক্ষতযোন্যাং বা, পুনরূঢ়ায়াং যো জাতঃ স পৌনর্ভবঃ জনকসুতঃ, "তাভ্যাং" মাতাপিতৃভ্যাং ক্রেতুঃ পুত্রার্থং বিক্রীতঃ। যথা মনুঃ, "ক্রীণীয়াদ্যস্ত্বপত্যার্থং মাতাপিত্রো-

---

'পুত্র' শব্দটী ব্যবহারযোগ্য, ইহাই স্থির হইতেছে, এক্ষণে যদি "পিতাকে পুন্নাম নরক হইতে যে উদ্ধার করে, 'এই স্মৃতিবাক্যের অনুরোধে একমাত্র জ্যেষ্ঠ পুত্রেই পুত্র শব্দটীর ব্যবহার শাস্ত্রসম্মত বলিয়া স্থির করা হয়, তাহা হইলে, পূর্ব্বোক্ত শ্রুতির অমান্য করা হয়, সুতরাং ঔরস পুং অপত্যমাত্রেই পুত্র পদের ব্যবহার শাস্ত্রসম্মত হইল। তবে ক্ষেত্রজাদিতে যে, 'পুত্র' শব্দের ব্যবহার করা হয়, ঐ সকল স্থলে পুত্র শব্দটি মুখ্য অর্থে ব্যবহৃত না হইয়া, গৌণ অর্থেই যে ব্যবহৃত হইয়াছে, এইরূপই বুঝিতে হইবে। উহারা যে, মুখ্য পুত্র নহে, অর্থাৎ উহাদের জন্য 'পুত্র' শব্দটী যে কখনই মুখ্যরূপে ব্যবহৃত হইতে পারে না, তাহা, "এই যে, 'ক্ষেত্রজ' প্রভৃতি একাদশবিধ সুত পরি-

কনকং বালকেনাপি ধারণীয়ং, সর্ব্বরত্নপবিত্রদেবতাত্মকত্বাৎ। যথা রামায়ণে মহাভারতে চ পরশুরামং প্রতি বশিষ্ঠবাক্যম্‌,—

"সর্ব্বরত্নানি নির্ম্মথ্য তেজোরাশিসমুদ্ভবম্‌।
সুবর্ণমেভ্যো বিপ্রেন্দ্র রত্নং পরমমুত্তমম্‌॥
এতস্মাৎ কারণাদেব গন্ধর্ব্বোরগরাক্ষসাঃ।
মনুষ্যাশ্চ পিশাচাশ্চ প্রযতা ধারয়ন্তি তৎ॥" তথা,—

র্ধমস্তিকাং। তস্য স পুত্রঃ", "দত্তাত্মে"তি যথা মনুঃ, "মাতাপিতৃবিহীনো যস্ত্যক্তো বা স্যাদকারণাৎ। আত্মানং স্পর্শয়েদ্‌যস্তু স্বয়ং দত্তঃ স উচ্যতে॥" গর্ভেণ সহোঢ়ায়াঃ গর্ভজাতঃ সহোঢজঃ। এষাং সজাতীয়ানামেব পুত্রাণাং সাক্ষাদধিকারে এব ক্রমঃ, দ্রব্যানুমতিদ্বারা তু সর্ব্বেষাং যুগপদধিকারোঽস্ত্যেবেতি সংক্ষেপঃ। ক্রিয়ালোপাদ্ধেতোঃ॥ ২১

সর্ব্বরত্নেতি সর্ব্বেষাং রত্নানাং মধ্যে পবিত্রত্বাৎ দেবতাত্মকত্বাচ্চ যথা সর্ব্বরত্নাত্মকত্বাৎ পবিত্রাত্মকত্বাৎ দেবতাত্মকত্বাচ্চ তথাহি তত্তদ্‌গ্রহবৈগুণ্যেন তত্তদ্‌দ্রব্যধারণমুক্তং, সুবর্ণধারণমুক্তং, সুবর্ণধারণে তু তত্তদ্ধারণফলং ভবতীত্যর্থঃ। যথা রাজমার্ত্তণ্ডে, দোষো ন স্যাদ্‌গ্রহাণামশিশিরকিরণে তাম্রমিন্দৌ চ শঙ্খম্‌, পৃথ্বীপুত্রে প্রবালং শশধরতনয়ে শাতকৌম্ভং ভুজেন। দেবাচার্য্যে চ মুক্তাং মণিমসুরগুরৌ সীসকং সূর্য্যসূনৌ, রাহৌ লৌহং হনিষ্টে কমলজতনয়ে রাজপট্টং বিভর্ত্তুঃ॥ শাতকৌম্ভং সুবর্ণং, কমলজতনয়ে কেতৌ, রাজপট্টং কর্ব্বুরমণীতি প্রসিদ্ধম্‌। বুদ্ধিপ্রকাশে চ, "তাম্রাদীনামভাবে তু সুবর্ণং

গণিত হইয়াছে, ক্রিয়ালোপের আশঙ্কা বশতই উহারা পুত্রের প্রতিনিধিরূপে গৃহীত হয়, এই কথা পণ্ডিতগণ বলিয়াছেন।" এই মনুবচনে স্থিত 'পুত্রপ্রতিনিধি' এই শব্দটি দ্বারাই স্পষ্টরূপেই প্রতীত হইতেছে। ২১।

সুবর্ণ ধারণ যে, বয়স্থ ব্যক্তিদিগেরই একমাত্র কর্ত্তব্য তাহা নহে, সদ্যোজাত বালকেরও সুবর্ণ ধারণ কর্ত্তব্য; কারণ উহা দেবতা স্বরূপ হওয়ায়, নিখিল রত্ন অপেক্ষা পবিত্র। এ সম্বন্ধে রামায়ণ ও মহাভারতে, পরশুরামের প্রতি বশিষ্ঠের বাক্যটি অবলোকন কর,—"হে বিপ্রেন্দ্র! সমুদয় রত্নের মন্থনজাত তেজোরাশি হইতে উৎপন্ন সুবর্ণ সমুদয় রত্ন হইতে শ্রেষ্ঠ রত্ন। এই কারণেই গন্ধর্ব্ব, উরগ, রাক্ষস, মনুষ্য ও পিশাচগণ পবিত্র হইয়া উহা ধারণ করে; এবং এই জন্য

"তস্মাৎ সর্ব্বপবিত্রেভ্যঃ পবিত্রং পরমং স্মৃতম্।" তথা,—
"অগ্নির্বৈ সকলা দেবাঃ সুবর্ণস্তু তদাত্মকম্।
তস্মাৎ সুবর্ণং দদতা দত্তাঃ স্যুঃ সর্ব্বদেবতাঃ॥" তস্মাৎ তৎ পাদাদৌ ন ধার্য্যং, দেবতাত্মকত্বাদিতি প্রসঙ্গাদুক্তম্ ॥২২॥

বিষ্ণুধর্ম্মোত্তরে,—
সূতিকাবাসনিলয়া জন্মদা নাম দেবতাঃ।
তাসাং যাগনিমিত্তার্থং শুদ্ধির্জ্জন্মনি কীর্ত্তিতা।
ষষ্ঠেঽহ্নি রাত্রিযাগস্তু জন্মদানাঞ্চ কারয়েৎ॥" অত্র যাগনিমিত্তার্থমিত্যুপাদানাৎ তৎকর্ম্মণ্যেব শুদ্ধির্নান্যস্মিন্। অত্র

দক্ষিণে ভুজে" ইতি। পবিত্রত্বাৎ ; ন রক্ষোভয়ং যথা, "শুচের্ব্বিভ্যতি রক্ষাংসী"তি দেবতাত্মকত্বাচ্চ ন রাক্ষসাদিভয়ং দেবতানাং স্বতো রাক্ষসাদিহন্তৃত্বাৎ, এভ্যো রত্নেভ্যঃ, যদ্বা এভ্যো বিপ্রেভ্যো দীয়তামিতি শেষঃ। "সর্ব্বদেবতা" ইতি ন চ সর্ব্বাসাং দেবতানাং দানাসম্ভবঃ তাসু স্বত্বাভাবাদিতি বাচ্যং, সর্ব্বা দেবতা যস্মেতি বিগ্রহেণ সর্ব্বদেবতাপদস্য শালগ্রামশিলাপরত্বাৎ, যদ্বা সর্ব্বদেবতাঃ সর্ব্বদেবতাপ্রতিমাঃ, যদ্বা সর্ব্বদেবতাপদেনাভয়ং বক্তব্যং, তদুক্তং অভয়ং সর্ব্বদৈবত্যমিতি ॥ ২২ ॥

(ইহা) যাবৎ পবিত্র বস্তুর মধ্যে পরম পবিত্র বলিয়া শাস্ত্রে কথিত হইয়াছে।" সুবর্ণ সম্বন্ধে আরও বলা হইয়াছে; "অগ্নি সমুদয় দেবতাস্বরূপ, এবং এই সুবর্ণ যেহেতু অগ্নিস্বরূপ, অতএব সুবর্ণ দান করিলে সমুদয় দেবতা দান করা হয়।" অতএব এই সুবর্ণ যে পাদাদি অঙ্গে ধারণ করিবে না, এ কথাও প্রসঙ্গাধীন বলা হইয়াছে। ২২।

বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে "জন্মদ নামক দেবগণ নিয়মপূর্ব্বক সূতিকাগৃহে বাস করেন, তাঁহাদের আগমনের নিমিত্তই জন্মকাল শুদ্ধরূপে কীর্ত্তিত হইয়াছে। জন্ম হইতে ষষ্ঠদিনের রাত্রিকালে জন্মদ দেবতাদিগের নিমিত্ত যাগ করাইবে।" এই বচনে "তাঁহাদিগের যাগের নিমিত্ত" এই কথা বলায় বুঝিতে হইবে যে, ঐ যাগ-কর্ম্মের জন্যই জননাশৌচের মধ্যেও মাত্র ঐদিনে শুদ্ধি (পবিত্রতা) হইবে, তদ্ভিন্ন অপর কর্ম্মের জন্য শুদ্ধি বা অধিকার হইবে না; উক্ত বচনে যে "কারয়েৎ" (করাইবে) এইরূপ নিজন্ত ক্রিয়াপদ প্রযুক্ত হইয়াছে, উহা দ্বারা, জন্মদেবতাদিগের উদ্দেশে যে রাত্রিজাগরণ কর্ম্ম বিহিত হইয়াছে।

"কারয়েদি"ত্যন্যগোত্রজাভিপ্রায়েণ, পিতুস্তাৎকালিকশুদ্ধিস্তু 'পুত্রজন্মে'তি শ্রুতেঃ। তথান্যাশৌচমধ্যেঽপি জাতকর্ম্মষষ্ঠীপূজে কর্ত্তব্যে। তথাচ মিতাক্ষরায়াং পরিশেষখণ্ডে প্রজাপতিঃ,—

"অশৌচে তু সমুৎপন্নে পুত্রজন্ম যদা ভবেৎ।
কর্ত্তুস্তাৎকালিকী শুদ্ধিঃ পূর্ব্বাশৌচাদ্বিশুধ্যতি ॥"

অন্যগোত্রজেতি তথাচ পিতুরেব তাৎকালিকী শুদ্ধির্ন সপিণ্ডান্তরাণামিতি ভাবঃ। পরে তু রামো রাজ্যমকারয়দিতিবৎ স্বার্থে ণিচিত্যাহুঃ, সমুৎপন্নেঽতীতোৎপত্তিকে, অত্র চাশে চস্য অতীতোৎপত্তিকত্বমবিবক্ষিতং, তেন পশ্চাদুৎপন্নেঽপি অশৌচান্তরে কর্ত্তুস্তৎকর্ম্মণি শুদ্ধির্বোধ্যা, পূর্ব্বাশৌচাদ্বিশুধ্যতীতি তৎকালে তৎকর্ম্মণি শুদ্ধঃ সন্নধিকারী

পিতার অবর্ত্তমানে অপর কেহ গোত্রজ সপিণ্ড যদি জাতকর্ম্মের অধিকারী হয়, তবে তাদৃশ স্থলের জন্যই ঐ পদটি যে, প্রযুক্ত হইয়াছে, এইরূপ অর্থই বুঝিতে হইবে। অর্থাৎ সপিণ্ডগণের অশৌচ থাকায়, তাহারা নিজে না করিয়া অপর দ্বারা করাইবে; কেননা, পিতার যে তৎকালীন কর্ম্মের অনুষ্ঠানের নিমিত্ত পবিত্রতা বা অধিকার হয়, ইহা বক্ষ্যমাণ প্রজাপতির বচনস্থিত "পুত্রজন্ম" এই কথাটি দ্বারাই বুঝা যাইতেছে, সুতরাং পিতা যখন ঐ সকল কর্ম্ম স্বয়ং করিতে অধিকারী, তখন তাঁহার পক্ষে 'কারয়েৎ' এই কথাটির ব্যবহার আর খাটে না। যখন তাঁহার স্বয়ং করিবার অধিকার আছে, তখন "করিবে" এইরূপ বিধান না হইয়া "করাইবে", এইরূপ বিধান তাহার পক্ষে কখনই সম্ভব হয় না, টীকাকার বলেন "কারয়েৎ" এই পদটিকে যদি স্বার্থে 'ণিচ" দ্বারা সিদ্ধ করা যায়, তবে উহার অর্থ "করাইবে" না হইয়া "করিবে" এইরূপই হয়, সুতরাং আর কোন গোল থাকে না। এক্ষণে যদি স্থির হইল যে, পুত্র জননাশৌচের মধ্যেও ঐ জন্মকালীন কর্ম্মমাত্রের অনুষ্ঠান বিষয়ে পিতার স্বয়ং করিবার অধিকার হয়, তখন পূর্ব্বজাত অপর একটি অশৌচের মধ্যে পুত্রের জন্ম হইলেও, ঐ প্রথমাশৌচের বিদ্যমানতা থাকিতেও, উহার মধ্যে পুত্রজন্মরূপ নিমিত্তাধীন জাতকর্ম্ম ও ষষ্ঠীপূজা করা যাইতে পারিবে। অপর অশৌচের মধ্যেও যে, পুত্রজন্মরূপ নিমিত্তাধীন কর্ম্মের অনুষ্ঠানে কোনরূপ বাধা হইবে না, তদ্বিষয়ে প্রমাণস্বরূপ প্রজাপতির একটি বচন মিতাক্ষরার পরিশেষ খণ্ডে উদ্ধৃত হইয়াছে, যথা "অপর একটি অশৌচের মধ্যে যদি কাহারও পুত্র জন্মগ্রহণ করে, তাহা হইলে, জন্মকালীন কর্ম্মানুষ্ঠানকারী

অত্র "পুত্রজন্মে"তি শ্রুতেঃ শূদ্রস্যাপ্যধিকারঃ ।" এবং ষষ্ঠ-দিনকৃত্যেঽপি পুত্ররক্ষায়াঃ কর্ত্তব্যত্বাৎ ।

অতঃ প্রাগুক্তাদিত্যপুরাণে দ্বিজন্মনামিত্যুপলক্ষণম্ । ততশ্চ শুদ্ধ্যশুদ্ধ্যোঃ সংস্কাররূপত্বেন একপুরুষস্য একদোভয়স্থিতি-র্ঘটতে । অশুদ্ধের্ভাবরূপত্বে শুদ্ধেস্তদভাবরূপত্বে তু নৈবং, বিরোধাৎ । অতএব শঙ্খঃ,—

ভবতীর্থঃ, নতু পূর্ব্বাশৌচান্মুক্তিঃ, অত্রাপ্যাশৌচস্য পূর্ব্বত্বমবিবক্ষিতং, তথাচ পূর্ব্বজাতং বা, পরজাতং বা অশৌচান্তরং ন জাতকর্ম্মষষ্ঠীপূজয়োঃ প্রতিবন্ধকমিতি । "কর্ত্তব্যত্বা"-দিতি সর্ব্বেষাম্ অবশ্যং কর্ত্তব্যত্বাদিতি ভাবঃ । "প্রাগুক্তে"তি "দেবাশ্চ পিতরশ্চৈব পুত্রে জাতে দ্বিজন্মনা"মিতি প্রাগুক্তবচনে দ্বিজন্মনামিত্যুপলক্ষণমিতি ভাবঃ । নৈবমিতি ন ঘটতে ইত্যর্থঃ । "বিরোধা"দিতি ভাবাভাবয়োরেকাধিকরণে এককালাবচ্ছেদসত্তা-

পিতার তৎকালীন কর্ম্মমাত্রেরই অনুষ্ঠানের নিমিত্ত পবিত্রতা বা অধিকার হইবে, এবং পূর্ব্বজাত অশৌচও ঐ কর্ম্মানুষ্ঠানের পক্ষে বাধক হইবে না।" এই বচনে, "পুত্রজন্ম" এই কথাটীর সামান্যতঃ ব্যবহার থাকায়, অর্থাৎ জাতিবিশেষের নির্দ্দেশ না থাকায়, জাতকর্ম্মাদির অনুষ্ঠান বিষয়ে শূদ্রেরও যে অধিকার, ইহা বুঝিতে হইবে; এবং ষষ্ঠ দিনে কর্ত্তব্যরূপে বিহিত কর্ম্মেও শূদ্রের অধিকার বুঝিতে হইবে, কারণ পুত্রের রক্ষা সকলেরই কর্ত্তব্য। অতএব পূর্ব্বোক্ত আদিত্যপুরাণের "দ্বিজাতিগণের পুত্র জন্মগ্রহণ করিলে" ইত্যাদি বচনে যে "দ্বিজাতি" শব্দটী প্রযুক্ত হইয়াছে—উহা দ্বারা যে সমুদয় বর্ণেরই উপলক্ষণ করা হইয়াছে, ইহাও বুঝিতে হইবে। এক্ষণে দেখ, উপরে যে বিচার করা হইল, তাহা দ্বারা, আমি আগে যে, শুদ্ধি এবং অশুদ্ধি এই দুইটীকেই ভাব পদার্থরূপে নির্দ্দেশ করিয়াছি, অর্থাৎ জাতিমরণাদি জন্য অপবিত্রতা বা কর্ম্মে অনধিকার সম্পাদক ধর্ম্মবিশেষই অশুদ্ধি বা অশৌচ, এবং ঐ অশুদ্ধির নাশ জন্য পবিত্রতা বা কর্ম্মাধিকার সম্পাদক ধর্ম্মবিশেষই শুদ্ধি, এইরূপ সিদ্ধান্ত করিয়াছি, তাহাই সমর্থিত হইল, কাজেই শুদ্ধি যে, অশুদ্ধির অভাবস্বরূপ এমন কথা আর বলা গেল না। কেন না, যদি অশুদ্ধিকে একটী ভাবরূপ পদার্থ বল, এবং সেই অশুদ্ধির অভাবকে শুদ্ধি বল, তাহা হইলে এককালে একই ব্যক্তিতে, পরস্পরবিরুদ্ধ পদার্থদ্বয়ের স্থিতি সিদ্ধ হইতে পারে না, তাহাতে বিরোধ উপস্থিত হয়। অর্থাৎ, অন্ধকারের অভাব আলোক, এই নিমিত্ত, আলোক এবং অন্ধকার এই দুইটী পরস্পর বিরোধী পদার্থ যেমন এককালে এক

"ততঃ শ্রাদ্ধমশুদ্ধৌ তু কুর্য্যাদেকাদশে তথা।

কর্ত্তুস্তাৎকালিকী শুদ্ধিরশুদ্ধঃ পুনরেব সঃ॥" অশুদ্ধৌ চতুর্থাহাদৌ। কথমশুদ্ধৌ শ্রাদ্ধং? কালাশৌচাধিকরণে শৌচস্যাধিকারিবিশেষণত্বাদিত্যাহ "কর্ত্তুস্তাৎকালিকী"তি।

দিতি ভাবঃ। অতএব শুদ্ধ্যশুদ্ধ্যোঃ সংস্কাররূপেত্বনাবিরোধাদেব। "শ্রাদ্ধ"মিতি

স্থানে থাকিতে পারে না, সেইরূপ অশুদ্ধির অভাবকে শুদ্ধি বলিলে, উহারা (শুদ্ধি এবং অশুদ্ধি) উভয়ে পরস্পর বিরোধী হইয়া উঠে, সুতরাং উহারা উভয়ে এককালে এক ব্যক্তিতে বর্ত্তমান থাকিতে পারে না। কিন্তু উভয়েই ভাবরূপ পদার্থ হওয়ায়, এককালে একই ব্যক্তিতে উভয়ের অবস্থান সংঘটিত হইতে পারিল। অর্থাৎ আমার মতে উহারা পরস্পর সেরূপ বিরোধী নহে, উভয়েই ভাবরূপ পদার্থ, কাজেই এককালে এক ব্যক্তিতে উভয়ের বিদ্যমানতা অসম্ভব হইল না। এইজন্য যৎকালে ব্যক্তিবিশেষের পূর্ব্বজাত অশৌচনিমিত্ত সাধারণ বৈদিককর্ম্মে অনধিকার সম্পাদক অপবিত্রতারূপ একটী ধর্ম্মবিশেষ সংঘটিত হইয়াছে, তৎকালে সেই ব্যক্তিতেই পুত্রজন্মাদিরূপ বিশেষ নিমিত্ত নিবন্ধন কেবলমাত্র জাতকর্ম্মাদিরূপ কতিপয় কর্ম্মবিশেষে অধিকার সম্পাদক পবিত্রতাস্বরূপ আর একটী ধর্ম্মবিশেষ যে বিদ্যমান হইবে, তাহাতে বাধা কি? দেখ, সাধারণ কর্ম্ম সম্পাদনে অযোগ্য ব্যক্তিকেও বিশেষ কর্ম্ম সম্পাদনে যোগ্যরূপে সচরাচর দেখিতে পাওয়া যায়। এই হেতু অর্থাৎ একটী অশৌচের মধ্যে একই ব্যক্তির কর্ম্মবিশেষের নিমিত্ত শুদ্ধি হইতে পারে বলিয়াই আমরা শাস্ত্রে বক্ষ্যমাণ বিধান দেখিতে পাই। যথা, "তাহার পর অশুদ্ধি অর্থাৎ অশৌচের মধ্যে একটী শ্রাদ্ধ করিবে, এবং একাদশ দিনে আর একটী শ্রাদ্ধ করিবে," এই যে অশৌচের মধ্যে শ্রাদ্ধের বিধান করা হইল, ইহাতে, "ঐ শ্রাদ্ধানুষ্ঠান কালমাত্র কর্ত্তার শুদ্ধি হইবে, তাহার পর সে পূর্ব্ববৎ অশুচিই থাকিবে।" এইরূপই বুঝাইতেছে। উক্ত বচনে যে, অশুদ্ধিতে শ্রাদ্ধের কথা বলা হইয়াছে, উহাদ্বারা যমকর্ত্তৃক বিহিত চতুর্থ দিনাদিতে কর্ত্তব্য নবশ্রাদ্ধ নামক শ্রাদ্ধবিশেষেরই উট্টঙ্কন বা সূচনা করা হইয়াছে। কেহ আশঙ্কা করিয়াছিল, শঙ্খ এই যে, অশুদ্ধিতে শ্রাদ্ধবিধান করিলেন, ইহা কিরূপ হইল, কালাশৌচ প্রকরণে কর্ম্মাধিকারীর শৌচযুক্ত এইরূপ বিশেষণ কথিত হওয়ায়, অশুচি ব্যক্তির পক্ষে শ্রাদ্ধ করিতে বিধান করা অনুজ্ঞাত হইল কিরূপে? ইহার উত্তর বলিতেছেন,

শ্রাদ্ধবিধানাক্ষেপাৎ তন্মাত্রনিষ্ঠা শুদ্ধিঃ কল্প্যতে, স পুনরশুদ্ধ এব কর্ম্মান্তরে ইতি শ্রাদ্ধবিবেকঃ। এবং শুদ্ধের্ভাবরূপত্বে অশৌচস্য তদভাবরূপত্বেঽপি বিরোধঃ। তথাত্বে অশৌচসঙ্করোঽপি ন স্যাৎ, একস্মিন্ শুদ্ধ্যভাবরূপে অশৌচে সতি, অপরস্য তদ্রূপস্য তদানীং শুদ্ধিরূপপ্রতিযোগ্যন্তরাভাবাদসম্ভবাৎ। তস্মাৎ শুদ্ধ্যশুদ্ধ্যোর্ভাবরূপত্বম্ ॥ ২৩ ॥

একোদ্দিষ্টরূপং কাম্যং নবশ্রাদ্ধমিত্যর্থঃ। তথাচ যমঃ, চতুর্থে পঞ্চমে চৈব নবমৈকাদশে তথা। যদত্র দীয়তে জন্তোস্তন্নবশ্রাদ্ধমিষ্যতে। ইতি কালাশৌচেতি শুচিতৎকালজীবী কর্ম্ম কুর্য্যাৎ” ইত্যত্রেত্যর্থঃ ॥ ২৩ ॥

শ্রাদ্ধকর্ত্তার “তৎকালমাত্র শুদ্ধি হইবে,” এই বাক্য দ্বারা পূর্ব্বোক্ত শ্রাদ্ধ বিধানেরই আক্ষেপ হেতু কেবল ঐ চতুর্থাদি দিনবিহিত শ্রাদ্ধকাল মাত্রেই তাহার শুদ্ধি হইবে, কিন্তু কর্ম্মান্তরে তাহাকে অশুদ্ধ বলিয়াই গণ্য করা হইবে, শ্রাদ্ধ বিবেককার ঐ বচনের এইরূপ ব্যাখ্যাই করিয়াছেন। এইরূপ যদি হইল, তাহা হইলে অন্যদিকে শুদ্ধিকে একটী ভাবরূপ পদার্থ বলিয়া স্বীকার ক'রে, অশৌচকে তাহার অভাবরূপ স্বীকার করিলেও বিরোধ ঘটে। কেবল তাহাই নহে, অশৌচকে শুদ্ধির অভাবরূপ স্বীকার করিলে, স্মার্ত্তগণ এক অশৌচের মধ্যে অপর অশৌচের সংঘটনে যে অশৌচসঙ্করের কথা বলিয়াছেন, তথাবিধ অশৌচসঙ্করও আর হইতে পারে না, কারণ শুদ্ধির অভাবরূপ একটি অশৌচ যেখানে বিদ্যমান আছে, সেই স্থলে ঐ অভাবের প্রতিযোগী শুদ্ধি তখনই থাকিতে পারে না, এক্ষণে দেখ, যদি প্রতিযোগিরূপ শুদ্ধিই বিদ্যমান না থাকিল, তবে আবার তাহার অভাব ঘটিবে কিরূপে? সুতরাং একটী অশৌচ বিদ্যমান থাকিতে, আর একটি অশৌচের উৎপত্তির অবসর না হওয়ায়, অশৌচসঙ্কর হইতেই পারিল না। ইহার তাৎপর্য্য এই যে, যাহার অভাব ধরা হয়, সেই বস্তুকে ঐ অভাবের প্রতিযোগী বলিয়া নির্দ্দেশ করা হয়, ঘটের অভাবের প্রতিযোগী ঘট, এইরূপ শুদ্ধির অভাবের প্রতিযোগী শুদ্ধি। অভাব ও তাহার প্রতিযোগী কখনই এককালে একত্র থাকিতে পারে না। এক্ষণে দেখ, শুদ্ধির অভাব যদি অশৌচ হইল, তাহা হইলে, যে স্থলে একটী অশৌচ বিদ্যমান রহিয়াছে, সেই স্থলে যে শুদ্ধি নাই, ইহা অবশ্য

যদা তু সপিণ্ডমরণাশৌচদশদিনে অপরসপিণ্ডমরণে পূর্ব্বাশৌচস্য দিনদ্বয়বৃদ্ধ্যা একাদশদ্বাদশদিনে বা পিত্রাদিমরণং, তদা পূর্ব্বাশৌচদ্বাদশাহেন বহুকালব্যাপিনা গুরুণা লঘুকালব্যাপিনঃ পরতরাশৌচস্য শুদ্ধিঃ। "অঘানাং-যৌগপদ্যে তু জ্ঞেয়া শুদ্ধির্গরীয়সা।" ইতি দেবলবচনাদত্র চ প্রথমমৃতপিতৃকেণ স্বাবধ্যে-

---

শুদ্ধ্যভাবরূপে শুদ্ধিধ্বংসরূপে। তদ্রূপস্য শুদ্ধিধ্বংসরূপস্য। ইদানীং ব্যবস্থামাহ "যদা" ইতি। "দ্বাদশদিনে বে"তি মরণদ্বয়ে নরষ্টে তাদৃশমদ্বৃদ্ধিমদশৌচং জাতং, তস্য তদন্তিমদিনে পিত্রাদিমরণেঽপি ন দিনদ্বয়াদিবৃদ্ধি রিতিবোধ্যং। যৌগপদ্যে ইতি যৌগপদ্যম্ এককালাবচ্ছেদেন একাধিকরণবৃত্তিত্বম্,"অত্র চে"তি এতাদৃশবিষয়েচেত্যর্থঃ।

স্বীকার করিতে হইবে, সুতরাং, শুদ্ধিরূপ প্রতিযোগীর অভাবে একই ব্যক্তিতে দ্বিতীয় অশৌচ আর হইবে কিরূপে? অতএব শুদ্ধি ও অশুদ্ধি এই উভয়কেই ভাবরূপ পদার্থ বলিয়া স্বীকার করিতে হইবে। ২৩।

এক্ষণে ইহাও বক্তব্য যে, যে স্থলে কোনও এক সপিণ্ডের মৃত্যুর দশ দিনের দিন আর একটী সপিণ্ডের মৃত্যু নিবন্ধন পূর্ব্বাশৌচের দিনদ্বয়বৃদ্ধি ঘটিয়াছে, সুতরাং ঐ পূর্ব্বাশৌচ একটী গুরু অশৌচ হইয়া দাঁড়াইয়াছে,—এরূপ অবস্থায় যদি ঐরূপ দিনদ্বয়বৃদ্ধিপ্রাপ্ত পূর্ব্বাশৌচের একাদশ বা দ্বাদশ দিনে যদি কাহারও পিতা আদি মহাগুরুর মরণ ঘটে, তাহা হইলে, ঐ বহুকালব্যাপী, অতএব গুরুত্বপ্রাপ্ত পূর্ব্বাশৌচের দ্বাদশ দিনেই লঘুকাল অর্থাৎ দশ দিনমাত্র ব্যাপী, পরজাত স্বকীয় পিতৃমরণ জন্য অশৌচেরও শুদ্ধি হইবে। কারণ, "অশৌচ সকলের যৌগপদ্য অর্থাৎ এককালে সংঘটন হইলে, সর্ব্বাপেক্ষা গুরু-অশৌচের সহিতই লঘু অশৌচের নিবৃত্তি হয়।" এইরূপ একটী দেবলের বচন দেখিতে পাওয়া যায়। তাহাতে সকলের শেষে যাহার পিতার মৃত্যু হইয়াছে, তাহার অশৌচ যেন বৃদ্ধি প্রাপ্ত পূর্ব্বাশৌচের দ্বাদশ দিনের দিন শেষ হইবে, একথা বুঝিলাম; কিন্তু যাহার পিতার মৃত্যুতে প্রথমেই সপিণ্ডদিগের দশ দিন অশৌচ হইয়াছিল, এবং ঐ পূর্ব্বাশৌচের দশ দিনের দিন আবার যে দ্বিতীয় ব্যক্তির পিতার মৃত্যু নিবন্ধন সাধারণ সপিণ্ডদিগের ঐ প্রথমজাত অশৌচের দুই দিন বৃদ্ধি হইয়াছিল; এই দুই জনের মধ্যে প্রথম মৃত-পিতৃক এবং শেষ মৃতপিতৃক ব্যক্তির পক্ষে এ স্থলে কিরূপ ব্যবস্থা হইবে? ইহার উত্তরে বলিতেছেন, সর্ব্বের আগে যাহার পিতার মৃত্যু হইয়াছে,

কাদশাহ এব কৃত্যং, দ্বিতীয়মৃতপিতৃকেণ পরার্দ্ধপতিতত্বেন পিতৃমরণাবধ্যেকাদশাহ এব কৃত্যং, বৃদ্ধীভূতদিনদ্বয়াভ্যন্তরে তৃতীয়মৃতপিতৃকেণ পূর্ব্বমৃতত্রয়োদশাহ এব কৃত্যং, সপিণ্ড-মাত্রেণ তু পূর্ব্বমৃতত্রয়োদশাহ এব কৃত্যম, কর্ত্তব্যমিতি প্রথমমৃতপিতৃকেণ তু একাদশাহ-দ্বাদশাহান্যতরমৃতস্য তদবধি-দশাহাশৌচমেব কর্ত্তব্যমিতি। ততশ্চাশৌচবৃদ্ধ্যন্তদ্বিতীয়দিন-

---

একাদশাহ এবেতি স্বপিতৃমরণাবধ্যেকাদশাহ এবেত্যর্থঃ। জ্ঞাতিমরণাশৌচাপেক্ষয়া পিতৃমরণাশৌচস্য অধবৃদ্ধিমত্ত্বেন তস্য ন দিনদ্বয়াদিবৃদ্ধিঃ, তস্যাঃ সমানাশৌচবিষয়কত্বাদিতি বোধ্যম্। "কৃত্য"মিতি কর্ত্তব্যমিতি পরেণান্বিতং, স্বপিতৃমরণে ইত্যর্থঃ; তথাচ অধবৃদ্ধিমতঃ স্বপিতৃমরণাশৌচস্য পূর্ব্বাশৌচপরার্দ্ধপাতিত্বাৎ ন পূর্ব্বাশৌচেন শুদ্ধিরিতি ভাবঃ। ত্রয়োদশাহ এবেতি স্বপিতৃমরণাশৌচাপেক্ষয়া পূর্ব্বমরণাশৌচস্য দ্বাদশাহরূপ-বহুকালব্যাপিত্বেন গুরুত্বাৎ পূর্ব্বমরণাশৌচেন শুদ্ধিরিতি ভাবঃ। তদবধি দশাহেতি প্রথমমৃতপিতৃকস্য একাদশাহে স্বপিতৃমরণাশৌচনিবৃত্তেঃ সাঙ্কর্য্যাভাবাদিতি ভাবঃ।

সে ঐ মৃত্যু ঘটনার দিন হইতে এগার দিনের দিনই পিতৃকার্য্য করিবে, দ্বিতীয় মৃতপিতৃক অর্থাৎ প্রথম অশৌচের দশ দিনের দিন যাহার পিতার মৃত্যু হইয়াছে, প্রথমাশৌচের পরার্দ্ধে তাহার মহাগুরু নিপাত জন্য অশৌচ সঙ্ঘটিত হওয়ায়, তাহার পক্ষে ঐ পিতৃমরণাশৌচ, মরণের দিন হইতেই আবার সম্পূর্ণ দশ দিন অবধিই স্থায়ী হইবে, সুতরাং সেও নিজ পিতৃমরণের এগার দিনের দিনই পিতৃকৃত্য করিবে, আর দশ দিনের দিন সঙ্ঘটিত দ্বিতীয় মৃত্যু নিবন্ধন বৃদ্ধিপ্রাপ্ত প্রথমাশৌচের দিনদ্বয়ের মধ্যে অর্থাৎ প্রথমাশৌচের এগার বা বার দিনের দিন যাহার পিতার মৃত্যু হইয়াছে, সেই তৃতীয় মৃত পিতৃক ব্যক্তি প্রথমাশৌচের তের দিনের দিনই পিতৃকার্য্য করিবে, সাধারণ সপিণ্ডগণও ঐ তের দিনের দিনই নিজ নিজ সন্ধ্যাবন্দনাদি ধর্ম্মকার্য্য করিবে। যাহার পিতৃমরণের দশ দিনের দিন দ্বিতীয় সপিণ্ডের মৃত্যু হইয়াছিল, ঐ দ্বিতীয় মৃত্যুনিবন্ধন সাধারণ সপিণ্ডগণের মত তাহার অশৌচের আর দুই দিন বৃদ্ধি হইবে না। কারণ, সপিণ্ডমরণাশৌচাপেক্ষা স্বীয় পিতৃমরণাশৌচ অধিক অশুদ্ধিজনক, সুতরাং গুরু। তবে, পূর্ব্বাশৌচের অন্ত দিনের দিন আর একটি সপিণ্ডের মরণে দুই দিন পূর্ব্বাশৌচের যে বৃদ্ধির কথা বলা হইয়াছে, তাহাকে সমান অশৌচ স্থলেই, অর্থাৎ পূর্ব্বাশৌচ এবং পরাশৌচ যে স্থলে একজাতীয় হইবে, সেই স্থলেরই

কৃত্যং শয্যাদানাদি অত্রাপি সংগচ্ছতে। পূর্ব্বাশৌচপরার্দ্ধ-পরাশৌচপূর্ব্বার্দ্ধমৃতপিতৃকস্য স্বাশৌচনিবৃত্তিকাল এব শুদ্ধিঃ॥

পূর্ব্বপরার্দ্ধেতি একাশৌচস্য পূর্ব্বার্দ্ধে অপরাশৌচস্য চ পরার্দ্ধে মৃতপিতৃকস্যেত্যর্থঃ। স্বাশৌচেতি তৃতীয়াশৌচেত্যর্থঃ। কচিত্তু তৃতীয়াশৌচেত্যেব পাঠঃ। তথাচ পরাশৌচস্য

কথা বলিয়া বুঝিতে হইবে। ঐ পূর্ব্বজাত অশৌচের দশ দিনের দিন যাহার পিতার মৃত্যুনিবন্ধন অপর সপিণ্ডদিগের পূর্ব্বাশৌচের দুই দিন বৃদ্ধি হইয়াছিল, সেই দ্বিতীয় মৃতপিতৃক ব্যক্তি, পূর্ব্বাশৌচের পরার্দ্ধে স্বকীয় মহাগুরুর নিপাত হওয়াতে, স্বীয় পিতৃমরণ জন্য অশৌচের, মৃত্যুদিন হইতেই সম্পূর্ণ দশ দিন ভোগ করিবে। কিন্তু পূর্ব্বাশৌচের দশ দিনের দিন দ্বিতীয় সপিণ্ডের মৃত্যু নিবন্ধন অতিরিক্ত দুই দিন বৃদ্ধিপ্রাপ্ত পূর্ব্বাশৌচের একাদশ বা দ্বাদশ দিনের দিন যাহার পিতার মৃত্যু হইয়াছে, ঐ তৃতীয় মৃতপিতৃক ব্যক্তির পিতৃমরণ জন্য অশৌচ, উক্তরূপ বৃদ্ধিপ্রাপ্ত পূর্ব্বাশৌচের সহিতই শেষ হইবে, কারণ পূর্ব্বাশৌচ দুইদিন বৃদ্ধি পাইয়া বারদিন স্থায়ী হওয়ায়, তাহার পক্ষে ঐরূপ দীর্ঘকালস্থায়ী পূর্ব্বাশৌচ, দশদিন মাত্র স্থায়ী পিতৃমরণাশৌচাপেক্ষা গুরু হইয়াছিল, ঐ গুরু অশৌচের সহিত পিতৃমরণ জন্য লঘু অশৌচের শেষ হওয়াই শাস্ত্রসম্মত। কাজেই তৃতীয় মৃতপিতৃক ব্যক্তি পূর্ব্বাশৌচের ত্রয়োদশ দিনের দিনই নিজ পিতৃশ্রাদ্ধ করিবে। কিন্তু যাহার পিতার মৃত্যুতে প্রথম দশ দিন অশৌচ হইয়াছিল, দ্বিতীয় সপিণ্ডের মৃত্যুনিবন্ধন তাহার অশৌচের আর বৃদ্ধি না হওয়ায়, উহার কিন্তু পিতৃমরণের একাদশ বা দ্বাদশ দিনে মৃত তৃতীয় সপিণ্ডের অশৌচ ঐ তৃতীয় ব্যক্তির মৃত্যু দিন হইতে সম্পূর্ণ দশ দিনই হইবে। কেন না, ঐ অশৌচের সহিত তাহার নিজ অশৌচের কোনরূপ সাঙ্কর্য্য হয় নাই। সেই প্রথম মৃতপিতৃক ব্যক্তির নিজাশৌচের একাদশাহে তৃতীয় সপিণ্ডের মৃত্যু জন্য একটী সম্পূর্ণরূপ নূতন অশৌচের উৎপত্তি হেতু, যদি পিতৃমরণাশৌচান্ত-দিন-কর্ত্তব্য শয্যাদানাদির ব্যাঘাত হয়, তবে ঐ তৃতীয় সপিণ্ডের মৃত্যুতে তাহার যে নূতন অশৌচ হইয়াছিল, সেই অশৌচান্ত দ্বিতীয় দিনেও সে ঐ সকল কার্য্য করিতে পারিবে। প্রথমে একটি সপিণ্ডের মৃত্যুনিবন্ধন প্রথমে দশ দিন অশৌচ হইয়াছে, ঐ পূর্ব্বাশৌচের পরার্দ্ধে, প্রথম পাঁচদিনের পর নয়দিনের মধ্যে আর একটি সপিণ্ডের মৃত্যু হইয়াছে, এবং সেই দ্বিতীয়-সপিণ্ডমৃত্যুর পূর্ব্বার্দ্ধে অর্থাৎ

পূর্ব্বপরার্দ্ধমৃতপিতৃকয়োঃ দ্বিতীয়াশৌচনিবৃত্তিকাল এব শুদ্ধিঃ

"পরতঃ পরতঃ শুদ্ধিরঘবৃদ্ধৌ বিধীয়তে।
স্যাচ্চেৎ পঞ্চতমাদহ্নঃ পূর্ব্বেণাপ্যনুশিষ্যতে॥"

পূর্ব্বাশৌচাধীনত্বাৎ তৎপূর্ব্বার্দ্ধপাতিত্বমকিঞ্চিৎকরমিতি ভাবঃ। "পরতঃ পরতঃ"ইতি পরার্দ্ধে চেৎ তদাঘবৃদ্ধিমতা পরেণৈব শুদ্ধির্ন তু পূর্ব্বেণেত্যর্থঃ। পঞ্চতমাদহ্ন ইতি প্রাগিতি শেষঃ।

মৃত্যুদিন হইতে প্রথম পাঁচদিনের মধ্যে আবার অপর একটি তৃতীয় সপিণ্ডের মৃত্যু হইলে, ইহাদের মধ্যে সর্ব্বশেষে যাহার পিতার মৃত্যু হইয়াছে, সেই তৃতীয় মৃতপিতৃক ব্যক্তির নিজ পিতৃমরণ দিন হইতে সম্পূর্ণ দশ দিন অশৌচ ভোগ করিবার পরই শুদ্ধি হইবে। দেখ, এ স্থলে প্রথমাশৌচের নয় দিনের মধ্যে সঙ্ঘটিত দ্বিতীয় সপিণ্ডমৃত্যু জন্য অশৌচ সাধারণ সপিণ্ড-দিগের পক্ষে পূর্ব্বাশৌচনাশ্য হওয়ায়, সাধারণ সপিণ্ডদিগের পক্ষে ঐ দ্বিতীয়া-শৌচটি না হইবার মধ্যেই হইয়াছিল, এক্ষণে সেই সাধারণ সপিণ্ডদিগের মধ্যে যদি কাহারও পিতার ঐরূপ অপ্রবল দ্বিতীয়াশৌচের পূর্ব্বার্দ্ধে মৃত্যু ঘটে, তাহলে ঐ মৃত্যুকে পূর্ব্বাশৌচের পরার্দ্ধে সঙ্ঘটিত বলিয়াই গণ্য করা কর্ত্তব্য। অতএব এরূপ স্থলে তৃতীয় মৃতব্যক্তির অশৌচ তদীয় পুত্রের পক্ষে ঐ মৃত্যু-দিন হইতে সম্পূর্ণ দশদিনই হইবে। কিন্তু সপিণ্ডমরণ জন্য পূর্ব্বজাত অশৌচের পরার্দ্ধের মধ্যে ক্রমে ক্রমে (একদিন অন্তর) যদি দুইজন বা ততোধিক লোকের পিতার মৃত্যু হয়, তাহা হইলে উহাদিগের প্রত্যেকের দ্বিতীয়াশৌচের অর্থাৎ নিজ নিজ পিতৃমরণ জন্য অশৌচের পূর্ব্বাশৌচকাল অতীত হইবার পরই শুদ্ধি হইবে। কারণ একটি বচন আছে, "অশুদ্ধিবর্দ্ধক অশৌচ সকল পরার্দ্ধে সঙ্ঘটিত হইলে, উহাদের প্রত্যেকে যেমন পরে পরে সঙ্ঘটিত হইবে, সেইরূপ পরে পরেই শেষ হইবে। কিন্তু তথাবিধ অশুদ্ধিবর্দ্ধক অশৌচ সকল পূর্ব্বা-শৌচের প্রথম পাঁচ দিনের মধ্যে ক্রমে ক্রমে উৎপন্ন হইলেও পূর্ব্বজাত প্রথম অশৌচের সহিতই উহাদের সকলের নিবৃত্তি হইবে।" এই বচনে "পরতঃ পরতঃ" এইরূপ দুইবার বলা হইয়াছে, উহার মধ্যে একটি "পরতঃ" শব্দের অর্থ অবধারণ; কেননা, একটি "পরতঃ" শব্দের অবধারণরূপ অর্থ না করিলে, একটি "পরতঃ" শব্দ দ্বারাই অর্থ-নির্ব্বাহ হওয়ায়, দ্বিতীয় "পরতঃ" শব্দের প্রয়োগ ব্যর্থ হইয়া পড়ে। ইহার তাৎপর্য্য এই যে, উক্ত বচনের পরার্দ্ধে প্রথম পাঁচ দিনের মধ্যে অশুদ্ধিবর্দ্ধক অশৌচ যতই পরে পরে হউক না কেন, ঐ সকলেরই

ইত্যত্র পরতঃ পরত ইত্যবধারণার্থত্বাৎ, অন্যথা বৈয়র্থ্যত্বাৎ ।২৪ এবং পূর্ব্বার্দ্ধে নিমিত্তান্তরপাতে পরার্দ্ধে উভয়োর্জ্ঞানে শুরুণঃ পরনিমিত্তস্যাপি পূর্ব্বনিমিত্তাশৌচকালেনৈব শুদ্ধিঃ,

---

পূর্ব্বাশৌচেন শুদ্ধিরনুশিষাতে ইত্যর্থঃ। অন্যথা অবধারণার্থকত্বাভাবে। বৈয়র্থ্যাদিতি একস্য পরত ইত্যস্য বৈয়র্থ্যাদিত্যর্থঃ। তথাহি পরতঃ শুদ্ধিরিতি অধস্তনে পরেণ শুদ্ধিরিত্যর্থকত্বেন ব্যাখ্যায় তদপবাদকত্বেন স্যাচ্চেদিত্যাদিকং ব্যাখ্যেয়মিতি ভাবঃ ॥ ২৪ ॥

নন্বশৌচং প্রতি স্বরূপসন্নিমিত্তং ন, কিন্তু নিমিত্তনিশ্চয় এব, তথাচ যত্র নিমিত্তদ্বয়ং পৌর্ব্বাপর্য্যেণ জাতং, পূর্ব্বার্দ্ধে চ অজ্ঞাতং, তত্র পূর্ব্বার্দ্ধে তন্নিশ্চয়াভাবাৎ তদানীং তেন

পূর্ব্বাশৌচের সহিত শুদ্ধি হইবে, এইরূপ বিশেষ বিধান করায়, দ্বিতীয়ার্দ্ধে উল্লিখিত বিধানটি যে পূর্ব্বাশৌচের পরার্দ্ধে সঙ্ঘটিত অশুদ্ধিবর্দ্ধক অশৌচ-বিষয়ক, ইহা আপনা হইতেই প্রতীত হইতেছে। সুতরাং এইরূপ স্থলে আবার পরার্দ্ধের জ্ঞাপক "পরতঃ" এইরূপ শব্দের ব্যবহার করার কিছুমাত্র প্রয়োজন দৃষ্ট হয় না। কেবলমাত্র "পরতঃ" শুদ্ধিঃ বলিলেই পরপরজাত অশৌচগুলির নিজ নিজ কালেই শুদ্ধি হইবে, এইরূপ অর্থেরই বোধ হইত, এমন স্থলে দুই বার উল্লিখিত "পরতঃ" শব্দের মধ্যে একটির অর্থ অবধারণ রূপ না করিলে, উহার প্রয়োগ ব্যর্থ হইয়া পড়ে (১)। ২৪।

কেহ আশঙ্কা করিয়াছিল, একটি পূর্ব্বজাত অশৌচের নিমিত্ত ঘটনার পূর্ব্বার্দ্ধেই সপিণ্ডমরণরূপ আর একটি অশৌচের নিমিত্ত ঘটিয়াছে, কিন্তু ঐ পূর্ব্বার্দ্ধের মধ্যে পূর্ব্বাশৌচনিমিত্ত, এবং পরাশৌচনিমিত্ত, এই দুইএর কিছুরই জ্ঞান হয় নাই, অনন্তর পূর্ব্বার্দ্ধ অতীত হইবার পর, উভয় নিমিত্তেরই জ্ঞান হইল,

---

(১) অন্যতর টীকাকার গোস্বামী ভট্টাচার্য্য একটি "পরতঃ" শব্দের অর্থ "পরার্দ্ধে" এবং দ্বিতীয় "পরতঃ" শব্দের "পরেণাশৌচেন শুদ্ধিঃ" (পরজাত স্বকীয় অশৌচের অপগমেই শুদ্ধি হইবে), এইরূপ অর্থ করিয়া স্মার্ত্তের পংক্তির এইরূপ ব্যাখ্যা করিয়াছেন। বহু দশরাত্র অশৌচের সন্নিপাত হইলে প্রথম জাত দশরাত্র অশৌচের সহিতই অপর দশরাত্রগুলির শুদ্ধি হইবে, ইত্যাদি; এই সামান্য বিধি থাকিতে আবার "পরতঃ শুদ্ধিঃ" ইত্যাদি বচনের দ্বারাও যদি সেইরূপই আর একটি সামান্য বিধান করা যায়, তাহা হইলে, এই বচনের কোনও সার্থকতাই থাকে না; সুতরাং এই "পরতঃ" ইত্যাদি বচনটি যাহাতে ব্যর্থ না হয়, তজ্জন্য ইহাকে কেবল "অশুদ্ধিবর্দ্ধক" অশৌচ বিষয়েরই বিশেষ বিধান রূপে অবধারণ করিতে হইবে।

"বিপত্তস্তু বিদেশস্থমি"তি বক্ষ্যমাণবচনাৎ। "অথ সর্ব্বস্মৃতি-প্রবলমনুস্মৃতাব"স্তর্দ্দশাহ" ইতি শ্রবণাদ্‌যদি নিমিত্তস্য মরণাদেঃ

নাশৌচং জনিতমিতি কথং তত্র পূর্ব্বাশৌচেন শুদ্ধিঃ? ইত্যাশঙ্ক্য সমাধত্তে "এবং পূর্ব্বার্দ্ধে" ইতি। অশৌচদ্বারা নিমিত্তসাঙ্কর্য্যবাদিনঃ স্মার্ত্তাঃ কালদ্বারা নিমিত্তসাঙ্কর্য্যবাদি-

এরূপ স্থলে পূর্ব্বার্দ্ধে নিমিত্তের অজ্ঞান নিবন্ধন এই কালে কোন অশৌচ হয় নাই, তারপর পরার্দ্ধে উভয় নিমিত্তেরই জ্ঞান হওয়ায়,সেই সময়ই উভয় অশৌচের যৌগপদ্য বা সাঙ্কর্য্য ঘটিল, পরন্তু তৎকালে পূর্ব্বাশৌচ অপেক্ষা পরাশৌচটি অধিক কাল স্থায়িরূপে জ্ঞাত হওয়ায়, উহাকেই গুরু বলিতে হয়; তাহা হইলে, পূর্ব্বজাত নিমিত্ত জন্য অশৌচের অপগমের সহিত শুদ্ধি না হইয়া, পরজাত নিমিত্ত জন্য অশৌচকালের শেষের সহিতই শুদ্ধি না হইবে কেন? ইহার খণ্ডন করিবার নিমিত্ত রঘুনন্দন বলিতেছেন, এইরূপ যদি স্থির হইল যে, কোন একটি অশৌচের পূর্ব্বার্দ্ধের মধ্যে ক্রমে ক্রমে কতকগুলি অশুদ্ধিবর্দ্ধক অশৌচের সন্নিপাত হইলেও পূর্ব্বাশৌচের সহিতই ঐ সকল অশৌচগুলিরই শেষ হইবে, তবে কোন একটি অশৌচ-নিমিত্ত-সজ্বটনের পূর্ব্বার্দ্ধের মধ্যে অপর একটি অশৌচের নিমিত্ত সজ্বটিত হইয়াছে, অথচ পূর্ব্বনিমিত্ত ঘটনার পরার্দ্ধে উভয়ের জ্ঞান হইয়াছে, এরূপ স্থলে পরনিমিত্ত জন্য অশৌচকে গুরুরূপ স্বীকার করিলেও পূর্ব্বনিমিত্ত জন্য অশৌচকালের সহিতই উহার শেষ হইবে। কেননা, এরূপ স্থলে নিমিত্তের শ্রবণ বা জ্ঞান পরে ঘটিলেও অশৌচের উৎপত্তি যে, নিমিত্ত ঘটনার দিন হইতে হইবে, সে বিষয়ে "যদি কোন বিদেশস্থিত ব্যক্তির মৃত্যুর পর দশ দিনের মধ্যে তাহাকে "মৃত" বলিয়া শ্রবণ করে, তবে ঐ শ্রবণদিন হইতে যে পর্য্যন্ত দশ দিন পূর্ণ না হয়, সেই কয়টি দিন মাত্র অশুচি থাকিবে।" এই বক্ষ্যমাণ বচনটি প্রমাণ; কারণ, এই বচন দ্বারা নিমিত্তের শ্রবণ বা জ্ঞান পরে হইলেও নিমিত্ত ঘটনার দিন হইতেই যে অশৌচের উৎপত্তি হইবে, ইহাই স্পষ্ট প্রতীত হইতেছে; সুতরাং এই বচনবলেই আশঙ্কিত স্থলেও, উভয় নিমিত্তের জ্ঞান বাশ্রবণ পরে হইলেও, ঐ নিমিত্ত জন্য অশৌচগুলিকে পূর্ব্বোৎপন্ন বলিয়াই বুঝিতে হইবে, তা'হলেই পূর্ব্বনিমিত্ত জন্য অশৌচ কালের সহিতই পরনিমিত্ত জন্য অশৌচের শুদ্ধি হওয়াই ব্যবস্থা সিদ্ধ হইল। ইহার উপর কেহ বলিয়াছিল, তুমি যে, উক্ত স্থলে নিমিত্ত জ্ঞান না হইলেও, নিমিত্তের সহিতই অশৌচের

কালমধ্যে নিমিত্তান্তরমুৎপদ্যতে, তদা পূর্ব্বনিমিত্তকালমাত্রমশৌচম্। ততশ্চ কালদ্বারা নিমিত্তযৌগপদ্যমেব শুদ্ধিপ্রযো-

চূড়ামণিমতং নিরসিতুমুপক্রমতি অথেতি। "বেদার্থোপনিবন্ধৃত্বাৎ প্রাধান্যং হি মনোঃ স্মৃতম্" ইত্যত উক্তং সর্ব্বস্মৃতিপ্রবলেতি। কালমধ্যে দশাহাদিকালমধ্যে। কালদ্বারা দশাহাদিকালদ্বারা। নিমিত্তযৌগপদ্যং মরণাদিরূপনিমিত্তানাম্ একবালবৃত্তিত্বং শুদ্ধিপ্রযোজকং

উৎপত্তি হইয়া থাকে, এইরূপ স্থির করিয়া, পূর্ব্বনিমিত্ত জন্য অশৌচের সহিতই পরনিমিত্ত জন্য অশৌচের শেষ হইবে, এইরূপ মীমাংসা করিলে, ঐ মতের সহিত আমার মতের প্রায় ঐক্য থাকিলেও কিছু বৈষম্যও আছে। তুমি অশৌচ নিমিত্তের সাঙ্কর্য্যের সহিত আবার তজ্জন্য অশৌচেরও সাঙ্কর্য্য স্বীকার করত পূর্ব্বজাত অশৌচের সঙ্গেই পরজাত অশৌচের শুদ্ধি হইবার কথা বলিতেছ। আমি বলিতেছি, ঐরূপস্থলে কেবলমাত্র নিমিত্তের সাঙ্কর্য্যই ঘটিয়া থাকে। কতকগুলি নিমিত্তের একটি নির্দ্দিষ্ট কালের মধ্যে সঙ্ঘটনই ঐ নির্দ্দিষ্ট কালের অবসানে শুদ্ধির বিধায়ক হয়। তুমি একটি নির্দ্দিষ্ট কালের মধ্যে কতকগুলি অশৌচ নিমিত্ত সঙ্ঘটিত হইলে, প্রত্যেক নিমিত্ত জন্য অশৌচের উৎপত্তি স্বীকার করিয়া, ঐ সকল অশৌচেরও সাঙ্কর্য্য হইয়া, পূর্ব্বাশৌচের সহিত পরাশৌচের শুদ্ধির কথা বলিতেছ। আমি বলিতেছি, কেবলমাত্র একটি বা ততোধিক নিমিত্তের কোন একটি নির্দ্দিষ্ট কালের মধ্যে সঙ্ঘটনেই সেই নির্দ্দিষ্ট কালের শেষ পর্য্যন্ত একটা অশুচিতা জন্মে, এবং ঐ নির্দ্দিষ্ট কাল শেষ হইলে, সেই অশুচিতারও শেষ হয়; প্রত্যেক নিমিত্ত জন্য এক একটি স্বতন্ত্র স্বতন্ত্র অশৌচ আর উৎপন্ন য় না, কাজেই অশৌচের সাঙ্কর্য্যও আর হয় না। আমার এই মতই যে, শাস্ত্রপ্রমাণসঙ্গত, তাহা তুমি একটু চিন্তা করিলেই বুঝিতে পারিবে; দেখ, "সাক্ষাৎ বেদার্থের অভিব্যক্তি করে বলিয়াই অপর অপর স্মৃতি অপেক্ষা মনুস্মৃতিই প্রবল," এই বচনানুসারে অন্যান্য স্মৃতিনিবন্ধ হইতে মনুস্মৃতির প্রাবল্য অব্যাহতরূপে প্রতিপন্ন হইতেছে। এবম্বিধ মনুস্মৃতিতে কোন একটি নির্দ্দিষ্ট কালের মধ্যে সঙ্ঘটিত একাধিক নিমিত্তের যৌগপদ্যকেই (এককালে সঙ্ঘটনকেই) সেই নির্দ্দিষ্ট কাল পর্য্যন্ত অশুদ্ধির প্রয়োজক বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। দেখ, মনু বলিতেছেন,—"যদি একটি অশৌচের নিমিত্তের, মরণ আদির, সঙ্ঘটন হইবার পর দশ দিনের মধ্যে আবার অন্য একটি মরণ বা জননরূপ অশৌচনিমিত্তের সঙ্ঘটন হয়, তাহ'লে

ষকং, ন তু নৈমিত্তিকাশৌচদ্বারা যৌগপদ্যমপীতি। ইত্থঞ্চ পূর্ব্বনিমিত্তে জ্ঞাতেঽজ্ঞাতে বা পরনিমিত্তং পূর্ব্বনিমিত্তকালা-

---

পূর্ব্বনিমিত্ত সঙ্ঘটনের দশ দিন যে পর্য্যন্ত শেষ না হইবে, তাবৎকালই ব্রাহ্মণ অশুচি থাকিবে।" এই বচনে "অন্তর্দ্দশাহে" এই নির্দ্দিষ্ট কালবাচক শব্দটীর ব্যবহার দ্বারা এইরূপ তাৎপর্য্যেরই প্রতীতি হইতেছে। কেবলমাত্র কতকগুলি অশৌচনিমিত্তের যুগপৎ সঙ্ঘটনই যে, একটি নির্দ্দিষ্ট কালের জন্য অশুদ্ধির জনক হয়, এই কথাটি একটু পরিষ্কার করিয়া বলিতে গেলে, এইরূপ বলিতে হয়, কতকগুলি অশৌচনিমিত্তের যুগপৎ সঙ্ঘটনস্থলে উহাদের মধ্যে প্রথম নিমিত্তের ঘটনার দিন হইতে যাবৎকাল অশৌচ হইবার কথা, তাবৎকাল মাত্রই অশুদ্ধি হয়, ঐ কাল অতীত হইবার পর আর অশৌচ থাকে না। উক্ত মনুবচন হইতে একাধিক নিমিত্তের এককালে সঙ্ঘটনই যে, ঐ নির্দ্দিষ্টকাল পর্য্যন্ত অশুদ্ধির প্রয়োজক হয়, এইরূপ অর্থেরই বোধ হইতেছে; কিন্তু ঐ সঙ্গে এরূপ অর্থেরও বোধ হইতেছে না যে, ঐ সময়ের মধ্যে উহাদের প্রত্যেক নিমিত্ত হইতে স্বতন্ত্র স্বতন্ত্র অশৌচ উৎপন্ন হইয়াও পরস্পর সঙ্কর (সম্মিলিত) হয়, এবং উহাদের মধ্যে পূর্ব্বনিমিত্তজাত প্রথম অশৌচ দ্বারা (তাহার সহিতই) অপর নিমিত্ত জন্য অশৌচগুলিরও শুদ্ধি হয়। যদি এইরূপ হইল, অর্থাৎ উক্ত মনুবচন দ্বারা কেবলমাত্র নিমিত্তের সাঙ্কর্য্যই নির্দ্দিষ্ট কালের জন্য অশুদ্ধির জনকরূপে বিবক্ষিত হইয়াছে, এবং ঐ সকল নিমিত্ত জন্য ভিন্ন ভিন্ন অশৌচের উৎপত্তি ও তাহাদের সাঙ্কর্য্য বিবক্ষিত হয় নাই, এইরূপ সিদ্ধান্ত হইল, তাহ'লে কোন একটি একাধিক অশৌচনিমিত্তের যুগপৎ, সঙ্ঘটনস্থলে পূর্ব্বজাত নিমিত্তটি জ্ঞাতই হউক, বা অজ্ঞাতই থাকুক, পরনিমিত্ত, পূর্ব্বজাত নিমিত্তের নির্দ্দিষ্ট কাল অতীত হইবার পর, অথচ স্বকীয় নির্দ্দিষ্ট কালের মধ্যে শ্রুত হইলেও আর স্বতন্ত্র অশৌচ উৎপাদন করিবে না। কেননা, তৎকালীন অশৌচের প্রতি (পূর্ব্বনিমিত্তের নির্দ্দিষ্ট কাল অতীত হইবার পর, অথচ পরনিমিত্তের নির্দ্দিষ্ট কালের মধ্যে একটি স্বতন্ত্র অশৌচ উৎপাদন বিষয়ে) পরনিমিত্ত আর কারণ হইতে পারিবে না। ইহার তাৎপর্য্য এই যে, উক্ত মনুবচনের অনুসারে একাধিক নিমিত্তের এককালে সম্মিলন দ্বারা পূর্ব্বজাত নিমিত্তের উৎপত্তিদিন হইতেই ঐ পূর্ব্বনিমিত্তের জ্ঞান হউক, বা নাই হউক, একটিমাত্র অশৌচ উৎপন্ন হইয়া পূর্ব্বনিমিত্তের নির্দ্দিষ্টকাল

তুপরি যাবধিদশাহাভ্যন্তরে শ্রুতমপি নাশৌচং জনয়তি, তস্য তৎকালীনমশৌচং প্রত্যনিমিত্তত্বাৎ। ইত্থঞ্চ অশ্রুতপূর্ব্বনিমিত্তস্য তৎকালমধ্যপাতি-দ্বিতীয়নিমিত্তশ্রবণে যত্তদবধি অশৌচাচরণং, তদ্ভ্রান্ত্যা এব", ইত্যাহুঃ ; তচ্চিন্ত্যং, মরণাদিসম্বন্ধিত্বেন

পরাশৌচহ্রাসেন শুদ্ধিপ্রযোজকম্। তস্য দ্বিতীয়নিমিত্তস্য। তৎকালীনাশৌচং প্রতি পূর্ব্বাশৌচকালোত্তরকালীনাশৌচং প্রতি। পূর্ব্বনিমিত্তে জ্ঞাতে সতি ন পরাশৌচাচরণমত উক্তম্ "অশ্রুতপূর্ব্বে"তি। শ্রবণে ইতি পূর্ব্বনিমিত্তকালাভ্যন্তরীতি বোধ্যম্। তদবধি দ্বিতীয়নিমিত্তাবধি। এতন্মতস্য দূষণে হেতুমাহ মরণাদীতি। মনুবচনং দশাহপদশ্রবণাৎ ব্রাহ্মণমাত্রবিষয়কং স্যাৎ, ন তু সর্ব্ববর্ণসাধারণাঞ্চ অশৌচান্তর্ভাবং বিনা ন সম্ভবতীতি ভাবঃ।

অবধিই স্থায়ী হয়, প্রত্যেক নিমিত্ত আর স্বতন্ত্র স্বতন্ত্র অশৌচউৎপত্তির হেতু হয় না। যখন এইরূপ স্থির হইল যে, নিমিত্তের সাঙ্কর্য্যস্থলেও প্রথমজাত নিমিত্তের জ্ঞান না হইলেও ঐ প্রথম নিমিত্তের উৎপত্তির দিন হইতেই একটিমাত্র অশৌচ উৎপন্ন হইয়া, ঐ প্রথম নিমিত্তের নির্দ্দিষ্ট কাল পর্য্যন্তই স্থায়ী হইবে, অপর নিমিত্ত জন্য স্বতন্ত্র অশৌচ আর একেবারেই হইবে না, তখন কেহ কেহ যে, নিমিত্তের সাঙ্কর্য্যস্থলে পূর্ব্বনিমিত্তটি সম্পূর্ণরূপে অজ্ঞাত হইলে, ঐ পূর্ব্ব নিমিত্তের নির্দ্দিষ্ট কালের মধ্যে সঙ্ঘটিত পরনিমিত্ত মাত্রের শ্রবণ ঘটিলে, ঐ পরনিমিত্তেরই নির্দ্দিষ্ট কালের শেষ না হওয়া পর্য্যন্ত, অশৌচ গ্রহণের ব্যবস্থা দেন, ঐরূপ ব্যবস্থা যে, সম্পূর্ণ ভ্রান্তিমূলক তাহাই ঠিক হইল। রঘুনন্দন এই পর্য্যন্ত নিমিত্তসাঙ্কর্য্য বাদীর মত উঠাইয়া বলিতেছেন, "তচ্চিন্ত্যম্" এইরূপ মত যাঁহারা প্রকাশ করেন, তাঁহাদের কথাও ঠিক নহে, দেখ, তাঁহারা যে, মনুবচনটীকে প্রমাণ করিয়া একাধিক অশৌচনিমিত্তের যুগপৎ সঙ্ঘটনকেই নির্দ্দিষ্ট কালের অবসান দ্বারাই শুদ্ধির হেতু বলিয়া নির্দ্দেশ করিতেছেন, উহাতে মরণাদিরূপ অশৌচনিমিত্তের সহিত "দশাহ" (দশ দিনের ভিতর) এই কথাটীর যোগ থাকায়, ঐ কালটী যে, সকল বর্ণেরই মরণাদিরূপ অশৌচনিমিত্তের সহিত সম্বন্ধ, অর্থাৎ উহাতে ব্রাহ্মণাদি চারিবর্ণেরই যে অশৌচের নিমিত্তীভূত মরণাদির, অশৌচ উৎপাদন বিষয়ে সাধারণরূপে একটী কাল নির্দ্দিষ্ট হইয়াছে, এরূপ বোধ হইতেছে না। কেননা, ক্ষত্রিয়াদি সকল বর্ণেরই যে, প্রথমজাত অশৌচনিমিত্তের নির্দ্দিষ্টকালের প্রথম হইতে দশ

সর্ব্ববর্ণসাধারণকালস্য বোধকাভাবাৎ অশৌচান্তর্ভাবেণৈব তদ্বোধনম্, অতএব মনুনৈব "ন বর্দ্ধয়েদঘাহানী"ত্যুক্তং, ততশ্চ

মরণাদিসম্বন্ধিত্বেন অসর্ব্ববর্ণবিষয়কং, মরণজননসম্বন্ধিকালত্বেন। সর্ব্ববর্ণসাধারণকালস্য সর্ব্ববর্ণসাধারণৈককালস্য। বোধকাভাবাৎ সর্ব্ববর্ণানামিয়ান্ মরণজননকাল ইতিবোধক-মনুবচনাভাবাৎ। অশৌচান্তর্ভাবেণৈব স্বজন্যাশৌচাধিকরণত্বেনৈব। তদ্বোধনং মরণাদি-সম্বন্ধি সর্ব্ববর্ণসাধারণকালবোধনম্। অতএব সর্ব্ববর্ণসাধারণ্যায় অশৌচান্তর্ভাবাদেব।

দিনের মধ্যে নিমিত্তান্তরের সংঘটনে, ঐ দশ দিন অতীত হইবার পরই শুদ্ধি হইবে, এইরূপ বলা যাইতে পারে না; কেবলমাত্র ব্রাহ্মণের পক্ষেই ঐরূপ ব্যবস্থা হইতে পারে বটে, তবে যদি উঁহাকে মরণাদিরূপ অশৌচনিমিত্তের সহিত সম্বন্ধ না করিয়া, ঐ মরণাদিরূপ নিমিত্তদ্বারা জনিত অশৌচের অধিকরণ-স্বরূপ একটা মোটা কাল বলিয়া ধরা যায়, তাহ'লে বচনে 'দশাহ'রূপে উল্লিখিত হইলেও সর্ব্ব-বর্ণ-সাধারণের পূর্ণাশৌচের কালরূপে কথঞ্চিৎ বোধ করা যাইতে পারে। এই হেতু অর্থাৎ উক্ত বচনস্থিত 'দশাহ'কে সকল বর্ণ-সাধারণের মরণাদিরূপ নিমিত্তদ্বারা উৎপাদিত পূর্ণাশৌচের অধিকরণকালরূপে বোধ করা শাস্ত্রের অভিপ্রেত বলিয়াই, মনু নিজেই আবার আর একটি বচনে "ন বর্দ্ধয়ে-দঘাহানি" (অশৌচের দিন বাড়াইবে না), এই কথা বলিয়াছেন। "দশদিনের পর আর নিমিত্ত সম্বন্ধে নির্দ্দিষ্ট দিনের বৃদ্ধি করিবে না" এইরূপ না বলিয়া, তিনি যে "অশৌচের দিন বাড়াইবে না" এইরূপ বলিয়াছেন, তাহাতে পূর্ব্বোক্ত বচনে ব্যবহৃত 'দশাহ' কথাটি যে, প্রত্যেক বর্ণের মরণাদিরূপ অশৌচনিমিত্তদ্বারা উৎ-পাদিত নিজ নিজ পূর্ণাশৌচেরই অধিকরণকালের বোধক, ইহাই প্রতীত হইতেছে। অতএব উক্ত মনুবচনের "কতকগুলি অশৌচনিমিত্তের যুগপৎ সঙ্ঘটনই একটি নির্দ্দিষ্ট কাল দ্বারা শুদ্ধির জনক হয়," এইরূপ ব্যাখ্যা না করিয়া, একটি নির্দ্দিষ্ট কালের মধ্যে মরণাদিরূপ একাধিক অশৌচনিমিত্তের সঙ্ঘটন, স্বজন্য অশৌচ দ্বারাই যে, ফলোপধায়ক (হ্রাস ও বৃদ্ধিরূপ ফলের জনক) হয়, অর্থাৎ মরণাদিরূপ একাধিক অশৌচ নিমিত্তের একটি নির্দ্দিষ্ট কালের মধ্যে সম্মিলন হইলে, উহাদের প্রত্যেক নিমিত্ত হইতে স্বতন্ত্র স্বতন্ত্র অশৌচ উৎপন্ন হইয়া, আপনাদের মধ্যেই কাহারও বৃদ্ধি এবং কাহারও হ্রাসের কারণ হয়, এইরূপ ব্যাখ্যা করাই যুক্তিযুক্ত; কেননা এইরূপ ব্যাখ্যাতেই

মরণাদিসম্বন্ধিস্বস্বাশৌচাহঃপরং দশাহপদমবশ্যং বাচ্যং, তত্তশ্চ লাঘবাৎ স্বব্যাপারত্বাচ্চ অশৌচদ্বারৈব নিমিত্তানাং সাঙ্কর্য্যাৎ ফলোপধায়কং বাচ্যম্, অশৌচরূপব্যাপারানুবন্ধেন প্রথমস্যাপি মরণাদেস্তদা সত্ত্বাৎ। তথাচ শঙ্খঃ,—

"অঘাহানী"ত্তি তথাচ দশাহপদমনুক্ত্বা সর্ব্ববর্ণসাধারণ্যায় অঘপদং দত্তমিতি ভাবঃ। ননু "অন্তর্দ্দশাহে" ইত্যস্য স্বস্বাশৌচস্বরূপযোগ্যকালপরত্বং বক্তব্যং, সাঙ্কর্য্যমপি তাদৃশ-কালদ্বারৈব বাচ্যন্তত্রাহ লাঘবাদিতি। তদ্যোস্তাদৃশকালস্য বাহুল্যাপেক্ষয়া লঘুনস্তাদৃশা-শৌচস্য দ্বারত্বলাঘবাদিত্যর্থঃ। হেত্বন্তরমপ্যাহ স্বব্যাপারত্বাচ্চেতি। অশৌচস্যৈব মরণাদি-জন্যত্বাং তদ্ব্যাপারত্বং সম্ভবতি, ন তু কালস্য মরণাদ্যজন্যত্বাৎ, তথাচ কালদ্বারা যৎসাঙ্কর্য্য-মুক্তং, তন্ন সমীচীনং, কালস্য মরণাদিব্যাপারত্বরূপদ্বারত্বাভাবাদিতি ভাবঃ। ফলোপধায়কং হ্রাসবৃদ্ধিরূপফলজনকম্। ননু আদ্যক্ষণে সম্বন্ধরূপস্য জনমস্য দ্বিতীয়ক্ষণাদ্যবস্থাবাৎ

লাঘব হয়; দেখ, পূর্ব্বোক্ত নিমিত্তসাঙ্কর্য্যবাদীদিগের মতানুসারে ঐ বচনটির ব্যাখ্যা করিতে হইলে, এইরূপ বলিতে হইবে, যে, ব্রাহ্মণদিগের পূর্ব্বজাত অশৌচনিমিত্তের উৎপত্তি হইতে দশদিনের মধ্যে আর একটি অশৌচ নিমিত্তের সঙ্ঘটন হইলে, উক্ত দশদিনের পরই শুদ্ধি হইবে, ক্ষত্রিয়-দিগের পূর্ব্বজাত অশৌচনিমিত্তের উৎপত্তিদিন হইতে বার দিনের মধ্যে নিমিত্তান্তরের সঙ্ঘটন হইলে, উক্ত বার দিনের পরই শুদ্ধি হইবে, এইরূপ প্রত্যেক বর্ণের জন্য স্বতন্ত্র স্বতন্ত্র বিধানের কল্পনা না করিলে আর চলে না। এইরূপ ভিন্ন ভিন্ন বিধির কল্পনায় যে, গৌরব হয়, তাহা অবশ্যই স্বীকার্য্য; কিন্তু কোন একটি পূর্ব্বজাত অশৌচনিমিত্তদ্বারা উৎপাদিত অশৌচের নির্দ্দিষ্টকাল মধ্যে অপর নিমিত্তদ্বারা আর একটি অশৌচ উৎপাদিত হইলে, পূর্ব্বাশৌচের সহিতই পরাশৌচের শুদ্ধি হইবে, এইরূপ ব্যাখ্যা দ্বারাই সর্ব্ব-বর্ণ-সাধারণ একই নিয়ম করা হয়, সুতরাং ইহাকে লাঘব পক্ষই বলিতে হইবে। উক্তরূপ ব্যাখ্যা দ্বারা কেবলমাত্র যে, লাঘব পক্ষের আশ্রয় গ্রহণ করা হয়, তাহা নহে, ঐরূপ ব্যাখ্যা করিবার সপক্ষে আরও একটি কারণ আছে, দেখ, জন্য জনক স্থলে এইরূপ একটি নৈসর্গিক নিয়ম দৃষ্ট হয় যে, জনক-পদার্থ মাত্রই নিজ নিজ ব্যাপার দ্বারা স্বকীয় উৎপাদ্য বস্তুর উৎপাদন করে। ব্যাপার শব্দের অর্থ এইরূপ একটি কার্য্যবিশেষ, যাহা কোন জনক পদার্থ হইতে

"সমানাশৌচং প্রথমে প্রথমেন সমাপয়েৎ।" এতচ্চাশৌচসাঙ্কর্য্যং বক্ষ্যমাণোশনোবচনে স্ফুটীভবিষ্যতি। অতএব সর্ব্বৈর্নিবন্ধৃভি"রশৌচসঙ্কর" ইতি প্রতিজ্ঞায়াং নির্দ্দিশ্যতে ইতি।

"অন্তর্দ্দশাহ" ইতি কালোপাদানং তৎকালাভ্যন্তর এব

কথং তেন সাঙ্কর্য্য, তত্রাহ অশৌচরূপেতি। ব্যাপারানুবন্ধেন ব্যাপারসম্বন্ধেন। যথা স্বর্গাব্যবহিতপূর্ব্বং যাগাদেরসত্ত্বেঽপি অপূর্ব্বরূপব্যাপারদ্বারা সত্ত্বং, তথেহাপীতি ভাবঃ। মরণাজ্ঞানে স্বরূপসংসাঙ্কর্য্যাসত্ত্বেঽপি তন্নিরাসার্থম্ অশৌচদ্বারা তত্র সাঙ্কর্য্যং বিবক্ষিতম্। এবং শরীরপ্রাণসংযোগধ্বংসরূপপ্রাণবিয়োগস্য মরণস্য দশাহাদ্যুত্তরকালেঽসত্ত্বেঽপি নাশৌচদ্বারা সত্ত্বম্. অশৌচস্য ধ্বংসাৎ এতদর্থমপি মরণসঙ্কর ইতি ন তু অশৌচকাল-

---

জন্মিয়া, আবার সেই জনক পদার্থের উৎপাদ্য বস্তু সকলের উৎপত্তির প্রতি হেতু হয়, অর্থাৎ যাহা একটি জনক পদার্থ হইতে উৎপন্ন হইয়া, সেই জনক পদার্থেরই উৎপাদ্য বস্তু সকলের সাক্ষাৎ সম্বন্ধে উৎপাদন করে, এইরূপ কার্য্যবিশেষের নামই ব্যাপার। জনক পদার্থ সকল, যাহাকে দ্বার করিয়া বা যাহার সাহায্যে স্বজন্য বস্তুর উৎপাদন করে, সেই সহকারী যদি উক্ত জনক পদার্থেরই জন্য হয়, তবেই উহাকে ব্যাপার বলা যায়। এক্ষণে দেখ, যাঁহারা নিমিত্তের সাঙ্কর্য্য বা যৌগপদ্যকে কালবিশেষ দ্বারা শুদ্ধির জনক বলিতেছেন, তাঁহাদিগকে সম্পূর্ণ ভ্রান্তি-প্রণোদিতই বলিতে হইবে; কারণ, কাল কোন বস্তুর জন্য পদার্থ নহে, উহা একটি স্বতঃসিদ্ধ পদার্থ, সুতরাং উহা কাহারও ব্যাপার হইতে পারে না। অশৌচই নিমিত্ত হইতে উৎপন্ন, বা নিমিত্তের জন্য; এই অশৌচই নিমিত্তের ব্যাপাররূপে পরিগণিত হইতে পারে, অতএব নিমিত্তের সাঙ্কর্য্য, অশৌচরূপ স্বকীয় ব্যাপার দ্বারা শুদ্ধির জনক হয়, এইরূপ ব্যাখ্যাই সর্ব্ব প্রকারে যুক্তিযুক্ত হইল। যদি বল, নিমিত্তের সাঙ্কর্য্য, অশৌচরূপ ব্যাপার দ্বারা শুদ্ধির জনক হয়, এই বাক্যই অসম্বদ্ধ প্রলাপের মত অসঙ্গত হইল, দেখ, একটা নিয়ম আছে যে, কারণ-মাত্রই স্বকীয় কার্য্য উৎপাদন করার পরক্ষণেই বিনাশ প্রাপ্ত হয়, এই নিয়ম অনুসারে অশৌচরূপ কার্য্যোৎপত্তির পরক্ষণেই তাহার কারণরূপ নিমিত্তের যে ধ্বংস হয়, ইহাও অবশ্যই স্বীকার করিতে হইবে; তাই বলি, অশৌচোৎ-পত্তির পরও যে নিমিত্তসাঙ্কর্য্যের কথা বলিতেছ, তাহা কি অসম্বদ্ধ প্রলাপ হইতেছে না? তৎকালে নিমিত্তগুলি বর্ত্তমান থাকিলে ত তাহাদের সাঙ্কর্য্য বা সম্মিলন হইবে? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, যদিও উক্ত নিয়ম অনুসারে

অশৌচসাঙ্কর্য্যং, ন তু তদনন্তরং, স্নানাদেঃ প্রাগপি অশৌচ-সাঙ্কর্য্যমিতি প্রতিপাদনার্থম্ ; এতদপি পশ্চাৎ স্ফুটীভবিষ্যতি যত্র তু পূর্ব্বজাতং নিমিত্তং পশ্চাৎ জ্ঞাতং, পশ্চাজ্জাতঞ্চ পূর্ব্বং জ্ঞাতং, তত্র নিমিত্তজ্ঞানজন্যাশৌচপৌর্ব্বাপর্য্যমগণয়্য-

সঙ্করঃ, জননমরণসঙ্করো বেতি ভাবঃ। নন্থ তর্হি কথং মনুনা অশৌচপদং বিহায় দশাহপদং নির্দ্দিষ্টং তত্রাহ "অন্তর্দ্দশাহে"তি তদনন্তরম্ একাদশাহ ইতি যাবৎ।

পশ্চাজ্জ্ঞাতঞ্চ নিমিত্তমিত্যন্বয়ঃ। ব্যবহারার্থঞ্চেতি অন্তর্দ্দশাহকালোপাদানমিতি পূর্ব্বেণান্বয়ঃ, তথাচ পূর্ব্বজাতনিমিত্তং স্বীয়দশাহাভ্যন্তরে যদি পরজাতনিমিত্তশ্রবণাৎ পশ্চাদপি শ্রূয়তে, তত্রাপি পূর্ব্বজাতনিমিত্তকালস্য পূর্ব্বার্দ্ধে পতিতং পূর্ব্বং জ্ঞাতমপি

অশৌচোৎপত্তির পর, ঐ অশৌচের নিমিত্ত সাক্ষাৎ সম্বন্ধে বর্ত্তমান থাকে না বটে, কিন্তু তৎকালে অশৌচরূপ স্বকীয় ব্যাপার কার্য্যকারিরূপে বিদ্যমান থাকায়, পরোক্ষ সম্বন্ধে নিমিত্তের সত্তাও স্বীকার করিতে হইবে, সুতরাং নিমিত্তের সাঙ্কর্য্যস্থলে নিমিত্তজন্য অশৌচোৎপত্তি স্বীকার করিলেও সর্ব্ব প্রথমে সঙ্ঘটিত মরণাদিরূপ নিমিত্তও যে, স্বজন্য অশৌচরূপ ব্যাপারের সম্বন্ধ যাবৎকাল স্থিত হয়, তাবৎকাল পর্য্যন্ত বিদ্যমান হয়, এইরূপ বলা আর অসঙ্গত হইল না। নিমিত্তসাঙ্কর্য্য স্থলে যে, প্রত্যেক নিমিত্ত জন্য স্বতন্ত্র স্বতন্ত্র অশৌচের উৎপত্তি হওয়াতে, সাক্ষাৎ সম্বন্ধে অশৌচেরই সাঙ্কর্য্য হয়, এ বিষয়ে শঙ্খের—"কোন একটি অশৌচের প্রথমার্দ্ধে তৎসমান আর একটি অশৌচ উৎপন্ন হইলে, প্রথম অশৌচের সহিতই দ্বিতীয়াশৌচের সমাপ্তি করিবে," এই বচনই প্রমাণ। এই হেতুই অর্থাৎ নিমিত্তের সাঙ্কর্য্যস্থলে প্রত্যেক নিমিত্ত হইতেই ভিন্ন ভিন্ন অশৌচের উৎপত্তি নিবন্ধন অশৌচের সাঙ্কর্য্য হয় বলিয়াই সমুদয় নিবন্ধকারগণই প্রকরণের পূর্ব্বে "অশৌচ সঙ্কর" এই কথাটির ব্যবহার করিয়া (এইরূপ হেডিং দিয়া) প্রকরণের আরম্ভ করিয়াছেন। তবে যে মনুর বচনে "অন্তর্দশাহে" (দশ দিনের মধ্যে), এই কথাটির দ্বারা বিশেষ করিয়া একটি কালের নির্দ্দেশ করা হইয়াছে, উহা দ্বারা প্রধানতঃ ইহাই সূচনা করা হইয়াছে যে, মরণাদিরূপ কোন একটি নিমিত্ত সঙ্ঘটনের পর, তজ্জন্য পূর্ণাশৌচের অধিকরণরূপে নির্দ্দিষ্ট দশাহাদি কালের মধ্যে সঙ্ঘটিত অপর একটি অশৌচনিমিত্ত জন্য আর একটি অশৌচের উৎপত্তি হইলেই উক্তরূপ অশৌচের সাঙ্কর্য্য হইবে। কিন্তু পূর্ব্বজাত অশৌচের নির্দ্দিষ্টকাল অতীত হইবার পর,

দ্বাশৌচস্বরূপযোগ্যনিমিত্তকালপৌর্ব্বাপর্য্যাদেবাশৌচব্যবহারার্থ-কেতি। ততশ্চ জননং, মরণঞ্চ, দশাহাদ্যশৌচং প্রতি স্বরূপ-সন্নিমিত্তং ফলোপধায়কঞ্চ তদবধারণম্।

পরনিমিত্তং পূর্ব্বেণৈব গচ্ছতি, পূর্ব্বনিমিত্তকালপরার্দ্ধে চেদধবৃদ্ধিমৎপরনিমিত্তং তদা স্বাবধি দশাহেন গচ্ছতি, সমানকেৎ পরনিমিত্তং তদা আ নবমাদ্দিবসাৎ পূর্ব্বেণৈব

অশুচিতার নিবৃত্তিহেতু স্নানাদি করিবার পূর্ব্বেও দ্বিতীয় নিমিত্তজন্য অশৌ-চান্তরের উৎপত্তি হইলে আর পূর্ব্বাশৌচের সহিত দ্বিতীয়াশৌচের সাঙ্কর্য্য হইবে না। ইহার পর এই কথাটিকে আরও পরিষ্কার করিয়া বুঝান হইবে। মনুর বচনে "অন্তর্দ্দশাহ" কথাটির ব্যবহার দ্বারা কেবল যে ইহাই জ্ঞাপন করা হইয়াছে, তাহা নহে, ইহা দ্বারা আরও জানান হইয়াছে যে, যদি কোন স্থলে একটি পূর্ব্বজাত পূর্ব্বাশৌচনিমিত্তের নির্দ্দিষ্ট কালের মধ্যে আর একটি তথাবিধ অশৌচনিমিত্তের সঙ্ঘটন হয়, কিন্তু পূর্ব্বসঙ্ঘটিত নিমিত্তটির জ্ঞান হইবার পূর্ব্বেই পরজাত নিমিত্তের জ্ঞান হয়, পরে পূর্ব্বজাত নিমিত্তেরও স্বজন্য অশৌচের নির্দ্দিষ্ট কালের মধ্যেই জ্ঞান হয়, এরূপ স্থলে নিমিত্তজ্ঞান দ্বারা উৎপাদিত অশৌচের পৌর্ব্বাপর্য্য গণনা না করিয়া, অশৌচের স্বরূপযোগ্য (যাহার সঙ্ঘটন মাত্রেই অশৌচের বিদ্যমানতাও সম্ভাবিত হয়, তথাবিধ) নিমিত্তদ্বয়ের সঙ্ঘটনেরই পৌর্ব্বাপর্য্য অনুসারে অশৌচের ব্যবহার করিতে হইবে। ইহার তাৎপর্য্য এই যে, যে পর্য্যন্ত অশৌচনিমিত্তের জ্ঞান না হয়, সেই পর্য্যন্ত ঐ নিমিত্ত জন্য অশৌচের ব্যবহারই হয় না; ইহা একটি সর্ব্ববাদিসম্মত ব্যবস্থা। এক্ষণে দেখ, কোন স্থলে পূর্ব্বসঙ্ঘটিত একটি অশৌচনিমিত্তের উৎপত্তি হইবার পর তজ্জন্য অশৌচের নির্দ্দিষ্ট কালের পূর্ব্বার্দ্ধের মধ্যে আর একটি অশৌচ-নিমিত্ত সঙ্ঘটিত হইয়াছে, কিন্তু পরে সঙ্ঘটিত নিমিত্তের প্রথমেই জ্ঞান হওয়ায় প্রথমেই সপিণ্ডগণের পরে সঙ্ঘটিত দ্বিতীয় নিমিত্তের সঙ্ঘটনের দিন হইতেই একটি পূর্ণাশৌচ হইল, অনন্তর উক্ত অশৌচ ভোগ করিবার মধ্যেই এমন সময় সপিণ্ডগণের আবার পূর্ব্বসঙ্ঘটিত নিমিত্তের জ্ঞান হইল, তৎকালে কিন্তু ঐ পূর্ব্বনিমিত্ত জন্য অশৌচের নির্দ্দিষ্ট কাল অতীত হয় নাই, কাজেই তখন আবার উঁহাদের পূর্ব্বনিমিত্ত সঙ্ঘটনের দিন হইতেই আর একটি পূর্ণাশৌচ জন্মাইল। এই উভয় অশৌচই নিজ নিজ নিমিত্তের সঙ্ঘটনদিন হইতেই

"অপি দাতৃগ্রহীত্রোশ্চ সূতকে সতি চান্তরা।
অবিজ্ঞাতে ন দোষঃ স্যাচ্ছ্রাদ্ধাদিষু কথঞ্চনেতি।
বিজ্ঞাতে ভোক্তুরেব স্যাৎ প্রায়শ্চিত্তাদিকং ক্রমা"দিতি ব্রহ্মপুরাণাৎ।

গচ্ছতীত্যাদিকং বোধ্যম্, স্বরূপসন্নিমিত্তং স্বরূপযোগ্যং সূতকে জননে মরণে চ। নমু "বিজ্ঞাতে ভোক্তুরেব স্যা"দিতি কথং সংগচ্ছতে? সূতকজ্ঞানে প্রাগভাবেরসত্ত্বাৎ

উৎপন্নরূপে গণ্য হওয়ায় পরনিমিত্তজন্য অশৌচই পূর্ব্বনিমিত্তজন্য অশৌচ অপেক্ষা অধিকদিন স্থায়ী হইতেছে। আবার দেখ, পরনিমিত্তের প্রথমে জ্ঞান হইয়াছে বলিয়া, এ স্থলে পরনিমিত্তজন্য অশৌচকেই পূর্ব্বাশৌচরূপে ধরিতে হইবে, এবং পূর্ব্বনিমিত্ত জ্ঞানজন্য অশৌচকে পরাশৌচ বলিয়া ধরিতে হইবে। তাহা'লেই "এককালে সম্মিলিত অশৌচদ্বয়ের মধ্যে পূর্ব্বাশৌচের সহিতই পরাশৌচের শুদ্ধি হইবে" এই বিধান অনুসারে পরনিমিত্তজ্ঞানজন্য অশৌচের সহিতই পূর্ব্বাশৌচের দিন বর্দ্ধিত হওয়াই উচিত হয়; কিন্তু সেরূপ না হইয়া, এ স্থলে পরনিমিত্ত জ্ঞানজন্য অশৌচ প্রথমে উৎপন্ন হইলেও এবং পূর্ব্বনিমিত্ত জ্ঞানজন্য অশৌচ পরে উৎপন্ন হইলেও, ঐ পূর্ব্বনিমিত্ত জ্ঞানজন্য অশৌচের সহিতই পরনিমিত্ত জ্ঞানজন্য অশৌচের শেষ হইবে, এই কথাই জানান হইয়াছে। অর্থাৎ মনুবচনে "পূর্ব্বজাত অশৌচনিমিত্তের দশাহাদি নির্দ্দিষ্ট কালের মধ্যে নিমিত্তান্তরের সঙ্ঘটন হইলে", এইরূপ বলাতে নিমিত্তোৎপত্তিরই পৌর্ব্বাপর্য্যানুসারে তজ্জন্য অশৌচেরও যে, শুদ্ধি হইবে, নিমিত্তজ্ঞান দ্বারা উৎপাদিত অশৌচের পৌর্ব্বাপর্য্য যে গণ্য নহে, ইহাই জানান হইয়াছে। অতএব ইহা স্থির হইল যে, মরণ বা জননকে দশাহাদিব্যাপী অশৌচের প্রতি স্বরূপযোগ্য নিমিত্তরূপে বুঝিতে হইবে, অর্থাৎ মরণ বা জননরূপ নিমিত্তের সঙ্ঘটন হইবামাত্রই দশাহাদি ব্যাপী অশৌচের সত্তা ও অব্যাবহারিকরূপে (Theoratically) বর্ত্তমানতা হয়, তবে ঐ সকল নিমিত্তের অবধারণ অর্থাৎ জ্ঞানের পরই সেই নিমিত্তের সংঘটন দিন হইতেই তজ্জন্য অশৌচরূপ ফল ব্যাবহারিকরূপে (Practically) প্রকাশ পায় মাত্র। অশৌচের ব্যাবহারিকরূপে প্রকাশ যে, নিমিত্তজ্ঞানের পর হইতেই হয়, তদ্বিষয়ে ব্রহ্ম-পুরাণের এই বচনটীই প্রমাণ। যথা—"যদি সূতক অর্থাৎ জনন বা মরণরূপ অশৌচনিমিত্ত অজ্ঞাত

যদা তু স্বীয়ম্ অশৌচং দাতা ন জানাতি, ভোক্তা তু জানাতি, তদা লোভাদ্ভুঞ্জানস্য ভোক্তুঃ প্রায়শ্চিত্তম্, অশৌচন্তু দাতৃতুল্যম্, তচ্চ ক্রমাদশৌচোত্তরকালং কর্ত্তব্যমিত্যর্থঃ ॥ ২৫ ।

এবঞ্চ "শ্রুত্বা দেশান্তরস্থে জননমরণে অশৌচশেষেণ শুধ্যতী"তি বিষ্ণুবচনে অশৌচশেষেণেত্যস্য"শৌচযোগ্যাহঃশেষেণে"তি

ইত্যত্রাহ "যদা তি"তি। ক্রমাদিত্যস্যার্থমাহাশৌচোত্তরকালমিতি, তথাচাদৌ দাতৃতুল্যমশৌচম্ অশৌচোত্তরকালঞ্চ প্রায়শ্চিত্তমিতি ক্রমাদিত্যর্থঃ ॥ ২৫ ॥

ননু নিমিত্তাবধারণস্যৈব ফলোপধায়কত্বাৎ স্বরূপসন্নিমিত্তস্যাশৌচানুপধায়কত্বে বিষ্ণুবচনে "অশৌচশেষেণে"তি কথং সংগচ্ছতাম্? অত আহ "এবঞ্চে"তি। জননমরণাবধারণ-

---

থাকে, সেই অবস্থায় (ঐ নিমিত্ত জন্য অশৌচের প্রবৃত্তি না হওয়ায়) ঐ অশৌচের নির্দ্দিষ্ট কালের মধ্যে নিমিত্তাজ্ঞানী কর্ত্তৃক কৃত শ্রাদ্ধাদি কার্য্যে দানকারীর (শ্রাদ্ধকর্ত্তার) বা ভোজনকারীর (ব্রাহ্মণের) কোন দোষ হইবে না, কিন্তু ভোক্তা যদি শ্রাদ্ধকারীর অশৌচ-নিমিত্তের সঙ্ঘটন হইয়াছে জানিয়াও ঐ শ্রাদ্ধে ভোজন করে, তাহা হইলে কেবল তাহারই শ্রাদ্ধকারীর তুল্য অশৌচ হইবে, এবং ঐ অশৌচের অন্তে প্রায়শ্চিত্ত করিতে হইবে।" এই বচনটীর রঘুনন্দন এইরূপ তাৎপর্য্যার্থ বিবৃত করিয়াছেন—"যে স্থলে শ্রাদ্ধকর্ত্তা আপনার অশৌচ জানিতে পারে নাই, কিন্তু ভোক্তা তাহা জানিতে পারিয়াও লোভবশতঃ ঐ শ্রাদ্ধে ভোজন করিয়াছে, সে স্থলে ভোক্তার প্রায়শ্চিত্ত করিতে হইবে, এবং শ্রাদ্ধকর্ত্তার তুল্য অশৌচ হইবে। কিন্তু ঐ প্রায়শ্চিত্ত, ক্রমে অর্থাৎ অশৌচের পরেই কর্ত্তব্য। ২৫।

যখন এইরূপ স্থির হইল, নিমিত্তের জ্ঞানের পরই অশৌচের কার্য্যকারিতা উৎপন্ন হয় অর্থাৎ সেই সময় হইতেই প্রকৃত প্রস্তাবে অশৌচের প্রবৃত্তি হয়, তখন "বিদেশসঙ্ঘটিত জনন-মরণরূপ অশৌচনিমিত্তের সঙ্ঘটন শুনিয়া ঐ শ্রবণদিনের পর হইতে অশৌচের যে টুকু শেষ (বাকী) থাকিবে, তাহার সহিতই শুদ্ধিলাভ করিবে।" এই বিষ্ণুবচনে "অশৌচশেষ" কথাটি আছে, উহার অর্থ, প্রকৃতপ্রস্তাবে প্রবৃত্ত অশৌচের বাকী কয়দিন মাত্র। ইহার তাৎপর্য্য এই যে, কেহ আশঙ্কা করিয়াছিল, যদি নিমিত্ত সঙ্ঘটনের দিন হইতে প্রকৃতপ্রস্তাবে অশৌচের প্রবৃত্তি না হইয়া নিমিত্তের শ্রবণদিন হইতেই প্রকৃতপ্রস্তাবে অশৌচের

অর্থাদ্বিদেশস্থাশৌচস্য জাতনিমিত্তকত্বাৎ স্বরূপযোগ্যত্বম্, অন্যথা 'অশৌচশেষেণে"ত্যনুপপন্নং স্যাৎ, শ্রুত্বেত্যুপাদানেন চ তৎকাল-মধ্যে শ্রবণাৎ ফলোপধানং, ততশ্চ পূর্ব্বনিমিত্তকালে নিমিত্তা-ন্তরপাতে স্বরূপসৎসাঙ্কর্য্যং বৃত্তং, পূর্ব্বনিমিত্তকালাভ্যন্তরে

স্যাশৌচরূপফলোপধায়কত্বে চেত্যর্থঃ। "অশৌচযোগ্যত্বে" অশৌচস্বরূপযোগ্যত্ব ইত্যর্থঃ। জাতনিমিত্তকত্বাৎ উৎপন্নজননাদিরূপনিমিত্তকত্বাৎ, অন্যথা যোগ্যতাবিবক্ষণে, "অনুপপন্ন"-মিতি। তথাহি নিমিত্তনিশ্চয়াভাবাৎ অশৌচস্য পূর্ব্বমনুৎপন্নত্বেন তচ্ছেষানুপপত্তেরিতি

প্রবৃত্তি হয়, তবে বিষ্ণুর উল্লিখিত বচনস্থিত "অশৌচশেষ" এই কথাটির সঙ্গতি হয় কি প্রকারে? ইহার উত্তরে স্মার্ত্ত কৈফিয়ৎ দিতেছেন যে, বিষ্ণুর বচনে স্থিত "অশৌচশেষ" কথাটির অর্থ কার্য্যকারিরূপে প্রবৃত্ত অশৌচের শেষ দিন নহে, কিন্তু নিমিত্তের সঙ্ঘটনদিন হইতে স্বরূপযোগ্যরূপে যে অশৌচ প্রবৃত্ত হইয়াছিল, তাহারই বাকী কয়দিন। অর্থাৎ বিদেশস্থ মরণাদি জন্য অশৌচের মরণাদিরূপে নিমিত্তের সঙ্ঘটন হওয়াতেই স্বরূপযোগ্যতা (অকার্য্যকারিভাবে সত্তা) যে বিদ্যমান হয়, উক্ত বিষ্ণুবচন দ্বারা তাহাই প্রতিপন্ন হইতেছে; তবে, অশৌচবিষয়ে জ্ঞান না হওয়ায় অশৌচের কার্য্য হয় না, এই মাত্র। অন্যথা, (যদি এরূপ বলা না হয়, অর্থাৎ যদি নিমিত্ত সংঘটনের সংঘটনকাল হইতে অশৌচের স্বরূপযোগ্যতা স্বীকার না করা যায়, তাহা হইলে) ঐ বিষ্ণুর বচনে যে বলা হইয়াছে, "অশৌচের যতটুকু শেষ থাকিবে" এইরূপ বলা অসঙ্গত হয়। অর্থাৎ শ্রবণাদি জন্য জ্ঞানের পূর্ব্বে যদি ঐ অশৌচের কোনরূপে সত্তা না থাকিত, শ্রবণ হইতেই অশৌচের সর্ব্বপ্রকারে সত্তা হইত, তাহা হইলে শ্রবণদিন হইতে "অশৌচের যতটুকু মাত্র অবশিষ্ট থাকিবে" এরূপ বলা কোন প্রকারেই সঙ্গত হইত না। পূর্ব্ব হইতে যাহার সত্তা ঘটিয়াছে (পূর্ব্ব হইতে যাহা চলিয়া আসিতেছে), তাহারই শেষ হইতে যতটুকু বাকী আছে, এইরূপ বলাই সঙ্গত, কিন্তু তৎকাল হইতেই যাহার আরম্ভ হয়, তাহার শেষ হইতে যতটুকু বাকী আছে, এইরূপ বলা কোনও রূপেই সঙ্গত হয় না। এবং উক্ত বিষ্ণুবচনে "শ্রুত্বা" (শুনিয়া), এই অসমাপিকা ক্রিয়াপদের ব্যবহার দ্বারা জনন-মরণরূপ নিমিত্তকালের মধ্যেই শ্রবণে যে, অশৌচরূপ ফলের উৎপত্তি হইবে, ইহাই বুঝাইতেছে। অতএব নিমিত্তকালমধ্যে শ্রবণই কার্য্য-কারী অশৌচের উৎপাদক হয় বলিয়াই নিমিত্তের জ্ঞান ব্যতীতও প্রথম সংঘটিত

উভয়শ্রবণে সাঙ্কর্য্যস্য ফলোপধানম্ ; ন তু পূর্ব্বনিমিত্ত-কালোত্তরশ্রবণেঽপি ॥ ২৬ ॥

কিন্তু শ্রুতপূর্ব্বনিমিত্তকালে সমানং লঘু বা নিমিত্তং জাতং, পূর্ব্বনিমিত্তকালাদুপরি স্বকালে শ্রুতমশৌচং জনয়ত্যেব। অত এবম্ভূতবিষয়ে "যত্তদবধ্যশৌচাচরণং তদ্-

ভাবঃ। ইদানীং মতমুপসংহরতি "তত্তশ্চেতি"। স্বরূপসদিতি অশৌচহ্রাসাদিস্বরূপ-যোগাং, ন তু তদুপধায়কমিত্যর্থঃ। সাঙ্কর্য্যস্য কার্য্যমিতি অশৌচহ্রাসাদীত্যর্থঃ। "শ্রবণেঽপী"তি ন তু সাঙ্কর্য্যস্য কার্য্যমিত্যন্বয়ঃ॥ ২৬॥

স্বকালে পরনিমিত্তকালে। এবম্ভূতবিষয়ে ইতি পূর্ব্বনিমিত্তকালাভ্যন্তরে জাতস্য নিমিত্তান্তরস্য পূর্ব্বনিমিত্তকালাদুপরি স্বকালমধ্যে শ্রবণবিষয়ে ইত্যর্থঃ। তদবধি

নিমিত্তকালের মধ্যে অপর একটী নিমিত্তের সংঘটন হইলে, ঐ উভয় নিমিত্ত জন্য অশৌচদ্বয়ের স্বরূপসংসাঙ্কর্য্য অর্থাৎ অপ্রকাশ্যরূপে বিদ্যমান হইয়া সম্মিলন সংঘটিত হয়, অর্থাৎ একটি নিমিত্তকালের মধ্যে আর একটি নিমিত্তের সংঘটন হইলে পূর্ব্বনিমিত্তজন্য অশৌচ অপ্রকাশ্যভাবে উৎপন্ন হইয়া, তথাবিধ অপ্রকাশ্যভাবে উৎপন্ন পরনিমিত্তজন্য অশৌচের হ্রাসরূপ কার্য্যে সমর্থ হয়, তবে পূর্ব্বনিমিত্তকালের মধ্যে ঐ উভয়ের শ্রবণ ঘটিলে পূর্ব্বোৎপন্ন সাঙ্কর্য্য ফলোপধায়ক হয়, অর্থাৎ পরাশৌচের হ্রাসরূপ কার্য্যের প্রকাশক হয় মাত্র, কিন্তু পূর্ব্বনিমিত্তকাল অতীত হইবার পর শ্রবণ ঘটিলে উহার সহিত পরনিমিত্ত শ্রবণজন্য অশৌচের সাঙ্কর্য্য আর ফলোপধায়ক (কার্য্যকারী) হয় না। কাজেই সে স্থলে পরনিমিত্তজন্য অশৌচকেই সম্পূর্ণরূপে ভোগ করিতে হয়॥ ২৬॥

আর একটী কথা, যেস্থলে পূর্ব্বসংঘটিত নিমিত্ত স্বকীয় নির্দ্দিষ্টকালের মধ্যে শ্রবণগোচর হয় নাই, অথচ ঐ পূর্ব্বনিমিত্তের নির্দ্দিষ্টকালের মধ্যে পূর্ব্বনিমিত্ত অশৌচের সমান বা তদপেক্ষা লঘু অশৌচের জনক আর একটি নিমিত্ত উৎপন্ন হইয়া, পূর্ব্বনিমিত্তকাল অতীত হইবার পর অথচ স্বকীয়কালের মধ্যে শ্রুত হইয়াছে, এরূপ স্থলে ঐ দ্বিতীয় নিমিত্তই যে স্বজন্য অশৌচের উৎপাদন করিবে, তাহাতে কোন সংশয় নাই। অতএব নিমিত্তসাঙ্কর্য্যবাদীরা যে, এইরূপ স্থলে দ্বিতীয়নিমিত্ত-শ্রবণদিন হইতে তজ্জন্য অশৌচের গ্রহণ ও তদনুসারে কার্য্য করাকে ভ্রান্তির কার্য্য বলিয়া নির্দ্দেশ করিয়াছিলেন, তাঁহাদের ঐরূপ কথনই যে ভ্রান্তিমূলক ইহাই প্রতিপন্ন হইতেছে। যদি পূর্ব্বজাত নিমিত্তের

ভ্রান্ত্যৈবে”তি যদ্বিমৃষ্টং, তন্ন সুন্দরং, তথাত্বে তু পূর্ব্বা-শৌচকালোত্তরং যত্তদ্দিনে পিণ্ডদানবৃষোৎসর্গাদি কৃতং, পরকালে পূর্ব্বজাতসঙ্করজ্ঞানেন তস্যাযথাকালকৃতত্বাৎ কস্যচিৎ পুনঃকরণপ্রসঙ্গঃ, কস্যচিদ্বৈফল্যাৎ, তৎকালীনসন্ধ্যাদ্যাকরণ-

---

পরনিমিত্তকালাবধি। তথাত্বে ইতি তাদৃশস্থলে অশৌচাচরণস্য ভ্রান্তিকৃতত্বে ইত্যর্থঃ। যদ্বা তথাত্বে অজ্ঞাতনিমিত্তস্য শৌচস্য সাধ্যাশৌচকত্বে। তদ্দিনে ইতি যস্য যঃ সময়ঃ তস্মিন্ প্রকৃতে চ পরনিমিত্তবধে দ্বাদশাহাদৌ অশৌচান্ত-দ্বিতীয়দিনে ইত্যর্থঃ। পরকালে পিণ্ডদানবৃষোৎসর্গাদিকরণোত্তরকালে। অযথা-কালে ইতি স্বরূপনির্দ্দিষ্টকালান্যকালে ইত্যর্থঃ। তথাহি কশ্চিৎ কালঃ স্বরূপনির্ব্বা-হকঃ, যথা একাদ্দিষ্টাদেরশৌচান্তদ্বিতীয়দিনাদিঃ, কশ্চিচ্চ ফলোপকারকঃ যথৈকো-দ্দিষ্টাদৌ কুতপাদিঃ। কস্যচিদিতি আদ্যৈকোদ্দিষ্টাদেরিত্যর্থঃ। পুনঃকরণেতি প্রকৃতে স্বাবধ্যেকাদশাহাদৌ যৎকৃতং, তৎ অযথাকালকৃতত্বাৎ অকৃততুল্যম্। এবঞ্চ সতি “যস্যৈতানি ন দীয়ন্তে প্রেতশ্রাদ্ধানি ষোড়শ। পিশাচত্বং ধ্রুবং তস্য দত্তৈঃ শ্রাদ্ধশতৈরপি” ইত্যাদিবচনাৎ পুনঃ করণপ্রসঙ্গ ইতি ভাবঃ। কস্যচিৎ বৈফল্যমিতি বিলক্ষণশব্দাদানাদে-

স্বকীয় সময়ের মধ্যে অজ্ঞান থাকিলেও ঐ সময়মধ্যে সঙ্ঘটিত পরনিমিত্তের উক্তরূপ অজ্ঞাত পূর্ব্বনিমিত্তের সময় অতীত হইবার পর এবং স্বকীয় সময়ের মধ্যে জ্ঞান হইলে তথাবিধ পরনিমিত্তের সঙ্ঘটনদিন হইতে তজ্জন্য পূর্ণাশৌচ গ্রহণ করা ভ্রান্তির কার্য্য হয়, তাহলে বিবেচনা কর, কোন ব্যক্তি নির্দ্দিষ্টকালের মধ্যে পূর্ব্বসংঘটিত নিমিত্তের জ্ঞান না হওয়ায় তজ্জন্য অশৌচেরও গ্রহণ করে নাই, কিন্তু ঐ পূর্ব্বনিমিত্তের নির্দ্দিষ্ট কালের মধ্যে সঙ্ঘটিত দ্বিতীয় নিমিত্তেরও যথাকালে শ্রবণ এবং তজ্জন্য যথাশাস্ত্র পূর্ণাশৌচ গ্রহণপূর্ব্বক ঐ দ্বিতীয় নিমিত্ত-জন্য অশৌচান্তের পরদিনে দ্বিতীয় মৃতের উদ্দেশে পিণ্ডদান এবং বৃষোৎসর্গাদির অনুষ্ঠান করিবার পর জানিতে পারিল যে, সেই পরজাত নিমিত্তের, পূর্ব্বজাত আর একটি নিমিত্তের সঙ্গে সঙ্কর হইয়াছিল, এইরূপ স্থলেও ত তোমার মতে ঐ ব্যক্তির পক্ষে সময়ের মধ্যে পূর্ব্বনিমিত্তের সম্পূর্ণ অজ্ঞান সত্ত্বেও পূর্ব্বনিমিত্তের সঙ্ঘটনদিন হইতেই একটিমাত্র অশৌচ হইয়া, সেই পূর্ব্বনিমিত্তের নির্দ্দিষ্ট কালের সহিতই শেষ হইয়াছে, পরনিমিত্তটি স্বকীয় কালের মধ্যে জ্ঞাত হইয়াও আর স্বতন্ত্র অশৌচের উৎপাদক হয় নাই, সুতরাং সে ব্যক্তি কেবলমাত্র পরনিমিত্তেরই যথাকালে শ্রবণ করিয়া তজ্জন্য অশৌচ গ্রহণপূর্ব্বক

নিমিত্তপ্রায়শ্চিত্তপ্রসঙ্গশ্চ স্যাৎ। দেশান্তরীয়াশৌচনিমিত্তান্তর-শঙ্কয়া বহুবিত্তব্যয়ায়াসসাধ্যবৃষোৎসর্গাদ্যনুষ্ঠানঞ্চ ন স্যাৎ। তস্মাদবিজ্ঞাতে ন দোষঃ স্যাদিত্যবিশেষাৎ সঙ্করেঽপি

বৈকল্যমিত্যর্থঃ। সন্ধ্যাদ্যকরণেতি তথাচোক্তম্ "অধিকৃতাকরণে হি প্রত্যবায়" ইতি। সঙ্করেঽপীতি তথাচ নিমিত্তনিশ্চয়ং বিনা নাশৌচ, তথা নিমিত্তনিশ্চয়ং বিনা সাঙ্কর্য্যমপি

অশৌচান্ত দ্বিতীয় দিনে যে, দ্বিতীয় মৃতের উদ্দেশে পিণ্ডদান এবং বৃষোৎসর্গাদির অনুষ্ঠান করিয়াছিল; ঐ সকল কার্য্য অযথাকালে অনুষ্ঠিত হওয়ায় উহাদের মধ্যে যে সকল কর্ম্মের শাস্ত্রমতে পুনরনুষ্ঠান হইতে পারে, তাহাদের পুনরনুষ্ঠান আবশ্যক হইয়া পড়িল, এবং কতকগুলি কর্ম্মের অনুষ্ঠান একেবারেই পণ্ড (ব্যর্থ) হইয়া গেল। ইহার তাৎপর্য্য এই যে, পিণ্ডদান এবং বৃষোৎসর্গাদি কার্য্য অশৌচান্তের পরদিনই কর্ত্তব্য। এক্ষণে দেখ, উক্ত স্থলে দ্বিতীয় নিমিত্তের যথাকালে জ্ঞান হইলেও, তোমার মতে তজ্জন্য কোন প্রকার অশৌচ আদৌ হইবে না, যে একটি মাত্র অশৌচ হইবার কথা তাহাত পূর্ব্বনিমিত্তের নির্দ্দিষ্ট কালের সহিতই শেষ হইয়া যাইবে, সুতরাং তাহার পরদিনই দ্বিতীয় মৃতেরও পিণ্ডদানাদি কর্ত্তব্য হইয়াছিল, সে সময় না করিয়া দ্বিতীয় নিমিত্ত শ্রবণজন্য মিথ্যাকল্পিত অশৌচ শেষ হইবার পরদিন ঐ সকল কার্য্যের অনুষ্ঠান করাতে, অযথাকালেই উহাদের অনুষ্ঠান করা হইল, বলিতে হইবে। শুধু ইহাই নহে, উক্ত স্থলে প্রথম নিমিত্তের নির্দ্দিষ্ট কালের শেষ হইবার পর হইতে দ্বিতীয় নিমিত্তের কাল শেষ হওয়া পর্য্যন্ত অশৌচ ভ্রমে সন্ধ্যাবন্দনাদির যে বাদ করা হইয়াছিল, তজ্জন্য পাপের প্রায়শ্চিত্ত করাও অপরিহার্য্য হইয়া পড়িল। অতএব দেখ কোন ব্যক্তির স্বদেশে মৃত্যু হওয়ার প্রথম দিন হইতেই মৃত্যুর জ্ঞান নিবন্ধন ঐ দিন হইতেই পূর্ণাশৌচ ভোগ করিয়া, অশৌচান্ত দ্বিতীয় দিনে বৃষোৎসর্গাদি করিবার সময় কর্ত্তার মনে আশঙ্কা হইল, এই নিমিত্তটি যদি বিদেশে সঙ্ঘটিত, সুতরাং তৎকাল পর্য্যন্ত অজ্ঞাত, সপিণ্ডমৃত্যুরূপ অপর একটি নিমিত্তের নির্দ্দিষ্ট কালের মধ্যে সঙ্ঘটিত হইয়া থাকে, তাহা হইলে এত ব্যয় ও আয়াস সহকারে বৃষোৎসর্গাদির অনুষ্ঠান করিবার পর সেই বিদেশসঙ্ঘটিত পূর্ব্বনিমিত্তের জ্ঞান হইলে, এই দ্বিতীয় নিমিত্ত জ্ঞানের পর গৃহীত অশৌচের, সম্পূর্ণরূপে বাধই হইবে। সুতরাং

প্রসজ্যতীতি অতএব "অঘানাং যৌগপদ্যে তু জ্ঞেয়া শুদ্ধি-
র্গরীয়সা" ইত্যত্র লক্ষণাং বিনাপি সঙ্গতিরিতি।

নেত্যর্থঃ। লক্ষণামিতি তথাচ অঘান মিত্যত্রাঘপদস্যাশৌচস্বরূপযোগ্যকালে লক্ষণাং
বিনেত্যর্থঃ। অঙ্গেতি অশৌচে সাঙ্কর্য্যাস্বীকারে ইত্যর্থঃ। অনধ্যবসায়ঃ

এই অশৌচান্তর্বিভীন দিনে কৃত তথা বহু ব্যয় ও আয়াসসাধ্য বৃষোৎসর্গাদিও
একেবারেই পণ্ড হইয়া যাইবে; দূর হউক আর বৃষোৎসর্গাদির অনুষ্ঠান
আদৌ করিবার আর প্রয়োজন নাই, এইরূপ আশঙ্কায় ঐ সকল কার্য্যে
লোকের একেবারেই প্রবৃত্তি না হইতে পারে। এই সকল বিষয় চিন্তা করিলে,
সঙ্কর স্থলের প্রত্যেক নিমিত্তই যে, নিজ নিজ সঙ্ঘটনের দিন হইতেই এক একটী
স্বতন্ত্র অশৌচের স্বরূপযোগ্যতাসম্পাদক হয় এবং নিজ নিজ নির্দ্দিষ্ট কালের
মধ্যে জ্ঞাত হইয়াই স্ব স্ব অশৌচকে কার্য্যকারিভাবে প্রবর্ত্তিত করে, কিন্তু
আপনাদের নির্দ্দিষ্ট কাল অতীত হইবার পর জ্ঞাত হইয়া, আর কোনরূপ অশৌ-
চেরই উৎপাদক হয় না। এইরূপ ব্যবস্থা করাই যুক্তিসঙ্গত বলিয়া প্রতীত
হইতেছে; কেননা এইরূপ ব্যবস্থা করিলে আর পূর্ব্বোক্তরূপে ক্রিয়ালোপের
সম্ভাবনা কয়া যায় না। অতএব পূর্ব্বোল্লিখিত ব্রহ্মপুরাণের "অশৌচের নিমিত্ত
স্বকীয় সময়ের মধ্যে অজ্ঞাত হইলে, পরে আর তাহার জ্ঞানজন্য অশৌচ
হইবে না" বচনে "অশৌচ" এই কথাটী অবিশেষভাবে, (সাধারণরূপে) ব্যবহৃত
হওয়ায় উহা সর্ব্বপ্রকার অশৌচেরই বোধক হইতেছে; সুতরাং নিমিত্তের সঙ্কর-
স্থলেও যে, ঐ বচনানুসারে অশৌচের প্রবৃত্তি হইবে, ইহাও বুঝাইতেছে. অতএব
উল্লিখিত স্থলেও স্বকীয় নির্দ্দিষ্ট দিন অতীত হইবার পূর্ব্বজাত নিমিত্তের জ্ঞান
হইলে, তজ্জন্য অশৌচ না হওয়াতেই অশৌচান্তরের যে, আর সাঙ্কর্য্য হইবে না,
ইহাই বুঝিতে হইবে। এইহেতুই অর্থাৎ পূর্ব্বোক্ত বিচার দ্বারা একাধিক
নিমিত্তের এককালে সঙ্ঘটনে ঐ নিমিত্তজন্য অশৌচেরও সাঙ্কর্য্য সিদ্ধ হইল
বলিয়াই নিমিত্তবাদিগণ স্বমতের পোষণার্থ "এককালে বহু অশৌচের সঙ্ঘটন
হইলে, গুরু অশৌচের সহিতই লঘু অশৌচের শুদ্ধি হইবে।" এই বচনস্থিত
অশৌচবাচক 'অঘ' পদটীর অশৌচরূপ মুখ্য অর্থ ত্যাগ করিয়া, অশৌচের
স্বরূপযোগ্যতাসম্পাদক নিমিত্তরূপ লাক্ষণিক অর্থ অবলম্বনপূর্ব্বক যে, বচনের
অর্থ সংলগ্ন করিয়াছিলেন, কিন্তু এক্ষণে অশৌচের সাঙ্কর্য্য সিদ্ধ হওয়ায়, উক্ত-

এবং শবানুগমনপ্রযুক্তাশৌচয়োঃ, শূদ্রদহনাদি ব্রাহ্মণপিতৃমরণজন্যাশৌচয়োরশুচ্যন্নভোজনজাশৌচয়োর্দশাহাদ্যুপরি সংবৎসরাভ্যন্তরে মরণশ্রবণজন্যাশৌচয়োরপি সাঙ্কর্য্যাৎ সংগচ্ছতে। অন্যথা তত্র অনধ্যবসায়ঃ স্যাৎ, অতএব বাচস্পতিমিশ্রেণ "প্রথমজাতমাশৌচমন্তেহপরনিমিত্তং জাতং যেন তদা ন জাতং তস্য ন সঙ্করঃ, দ্বিতীয়স্য তু পরি তত্র শুদ্ধং। তস্য ক্র...

...স্যাদিতি "অন্তর্দশাহে স্যাতাঞ্চেৎ পুনর্মরণজন্মনী" তেনেন অনয়োরেব নিমিত্তত্বাভাৎ অন্যমতসিদ্ধস্যাশৌচসঙ্করস্য ভবমতেহভাবাদিতি ভাবঃ। দ্বিতীয়স্য নিমিত্তস্য। তৎপূর্ব্বাশৌচকালমধ্যে পরনিমিত্তস্যোত্তারঃ প্রকৃষম্। পঞ্চশাস্তদানীম্ অশৌচা-

---

রূপ লাক্ষণিক অর্থের অনুসরণ ব্যতিরেকেও সাঙ্কর্য্য জ অশৌচরূপ মুখ্য অর্থের গ্রহণ করিলেও বচনের অর্থ সংলগ্ন হইল। আরও দেখ, পূর্ব্বোক্ত "অন্তর্দশাহে" (দশ দিনের মধ্যে) ইত্যাদি মনুবচনদ্বারা নিমিত্তের সাঙ্কর্য্য স্থলে যে কোন নিমিত্তজন্য অশৌচেরই সাঙ্কর্য্য হয়, এইরূপ অর্থের প্রতীতি হইতেছে বলিয়াই পূর্ব্বজাত একটী শবানুগমনরূপ নিমিত্তজন্য অশৌচের মধ্যে সঙ্ঘটিত আর একটি শবানুগমন নিমিত্তজন্য অশৌচের, শূদ্রদহনাদিরূপ নিমিত্তজন্য অশৌচের মধ্যে সঙ্ঘটিত ব্রাহ্মণপিতৃমরণনিমিত্ত জন্য অশৌচের, একটী অশুচি ব্যক্তির অন্নভোজনরূপ নিমিত্তজন্য অশৌচের মধ্যে সংঘটিত অপর একজন অশুচি ব্যক্তির অন্নভোজনরূপ নিমিত্তজন্য অশৌচের এবং বর্ণভেদে সপিণ্ডদ্বয়ের মৃত্যুজন্য দশাহাদিব্যাপী পূর্ণাশৌচের কাল অতীত হইবার পর, একবৎসরের মধ্যে উহাদের মধ্যে একজনের মৃত্যুশ্রবণজন্য অশৌচের মধ্যে আর একজনের মৃত্যুশ্রবণজন্য অশৌচেরও যে সাঙ্কর্য্য হয়, অর্থাৎ ঐ সকল অশৌচও পরস্পরের মধ্যে লঘুত্ব বা গুরুত্ব ধর্ম্ম অনুসারে হ্রাস বা বৃদ্ধির কারণ হয়, বলা হইয়াছে, সে কথাও সঙ্গত হইল। অন্যথা (এরূপ না বলিলে, অর্থাৎ মনুবচন দ্বারা নিমিত্ত জন্য অশৌচের সাঙ্কর্য্যই বিবক্ষিত হইয়াছে, এ কথা না বলিলে), একাধিক শবানুগমনাদিরূপ অশৌচনিমিত্তের যুগপৎ সঙ্ঘটন হইলে, কি নিয়মে কার্য্য করিতে হইবে, তাহার কোন স্থিরতা হয় না। কারণ, নিমিত্তের সাঙ্কর্য্যবাদিগণ মনুবচনের যেরূপ ব্যখ্যা করেন, তাহাতে জন্ম ও মরণরূপ নিমিত্ত ভিন্ন অপর নিমিত্তের যে সাঙ্কর্য্য হইবে এরূপ অর্থের বোধই

প্রকৃতমশৌচদ্বয়”মিত্যুক্তম্। জননমরণনিমিত্তাবধারণন্তু ভ্রমপ্রমাসাধারণং ছন্দোগপরিশিষ্টে মৃতভ্রান্ত্যা কৃতে পর্ণনরদাহে পশ্চাদাগতস্য শান্ত্যভিধানাৎ। যথা,—

“এবং কৃতে মৃতভ্রান্ত্যা যদ্যাগচ্ছেৎ পুমান্ কচিৎ।
কুর্য্যাদায়ুষ্মতীমিষ্টিং পুনরাধায় পাবকম্ ॥”

জনকত্বাং, তস্য পূর্ব্বাশৌচোত্তরং পরনিমিত্তস্য জ্ঞাতুঃ পুরুষস্য জননমরণনিমিত্তাবধারণং—জাত এব মৃত এবেতি নিশ্চয়বিশেষঃ, অবধারণত্বাখ্যো বিষয়িতাবিশেষঃ, এবকারোল্লিখিতনিশ্চয়বৃত্তিঃ। স চ যথা নিকম্পাপ্রবৃত্তিজনকে ইষ্টসাধনতানিশ্চয়ে স্বীক্রিয়তে তথাত্রাপি। যাগাদৌ প্রবৃত্তির্নিকম্পা কৃষ্যাদৌ তু সকম্পা। নিষ্কম্পাত্বং সকম্পা-

হয় না। সুতরাং ঐ সকল নিমিত্তের সাঙ্কর্য্য স্থলে কি নিয়মে শুদ্ধি হইবে, তাহাও ঠিক করা যায় না। এই জন্যই বাচস্পতিমিশ্র বলিয়াছেন, “কোনও একটী প্রথমজাত অশৌচের অবস্থিতিকালে অপর অশৌচের নিমিত্ত সংঘটিত হইলেও, যদি কোনও ব্যক্তি তৎকালে (প্রথমাশৌচকাল মধ্যে) ঐ দ্বিতীয় নিমিত্তের শ্রবণ না করে, তাহা হইলে তাহার আর অশৌচ-সঙ্কর হইবে না। কেননা, দ্বিতীয় অশৌচের অশ্রবণ হেতু ঐ ব্যক্তির পক্ষে উহাকে পণ্ড অর্থাৎ একেবারে হয় নাই, বলিয়াই বোধ করিতে হইবে। সুতরাং তাহার যথাক্রমে নিমিত্ত শ্রবণে প্রকৃত দুইটী অশৌচই হইবে।” পূর্ব্বে যে জনন বা মরণের নিমিত্তের অবধারণকে অশৌচের প্রতি কারণ বলিয়া নির্দ্দিষ্ট করা হইয়াছে, ঐ অবধারণকে ভ্রমপ্রমা সাধারণরূপে বুঝিতে হইবে অর্থাৎ, প্রকৃত জননমরণের নিমিত্ত অবধারণে অশৌচ ত হইবেই, যদি কোন ব্যক্তি অপ্রকৃত (অসংঘটিত) জননমরণের নিমিত্ত ভ্রমবশতঃ অবধারণা করিয়া অশৌচ গ্রহণ করে, তাহলেও ঐরূপ অশৌচে সন্ধ্যাদি বর্জ্জনে কোনও দোষ হইবে না। কারণ, ছন্দোগপরিশিষ্টে, কোনও ব্যক্তি বিদেশে মরিয়াছে, এইরূপ মিথ্যা সংবাদ শ্রবণানন্তর তাহার পর্ণনর (কুশপুত্তল) দাহ হইবার পর যদি ঐ ব্যক্তি দেশে আগমন করে, তাহা হইলে তন্নিমিত্ত শান্তি করিবার কথাই বলা হইয়াছে। ছন্দোগ পরিশিষ্টে বচনটী যথা, “এরূপ করা হইলে পর, অর্থাৎ মৃত হইয়াছে এই ভ্রমে কোন ব্যক্তির পর্ণনর দাহ করিবার পর যদি ঐ মৃত ব্যক্তি দেশে প্রত্যাগমন

এতচ্চ সাগ্নেঃ, নিরগ্নেস্তু সামান্যস্বস্ত্যয়নং হরিপূজাদিকম্, অতএব বিষ্ণুপুরাণীয়ে স্যমন্তকোপাখ্যানে গদ্যম্,—"তস্য জীবতঃ কথমেতাবন্তি দিনানি শত্রুক্ষয়ে ব্যাক্ষেপো ভবতীতি কৃতাধ্যবসায়া দ্বারকামাগত্য 'হতঃ কৃষ্ণ' ইতি কথয়ামাসুঃ, তদ্বান্ধবাশ্চ তৎকালোচিতমখিলমুপরতক্রিয়াকলাপং চক্রুস্তত্র চাস্য যুধ্যমানস্যাতিশ্রদ্ধয়া দত্তবিশিষ্টপাত্রোপযুক্তান্নতোয়াদিনা কৃষ্ণস্য বলপ্রাণপুষ্টিরভূদি"তি। এবং স্বরূপযোগ্যতামাদায়ৈব "অথ চেদ্দশরাত্রাঃ সন্নিপতেয়ুরাদ্যং দশরাত্রমানবমাদ্দিবসাদি"তি

ঋক্ষ জাতিবিশেষঃ। তস্য শ্রীকৃষ্ণস্য। ব্যাক্ষেপো বিলম্বঃ। কৃতাধ্যবসায়াঃ বৃষ্ণয়ঃ। উপরতেতি মৃতেত্যর্থঃ। বিশিষ্টেতি বিদ্যাতপস্যাদিবিশিষ্টং সৎপাত্রং তেন উপযুক্তং উপভুক্তমিত্যর্থঃ। কেচিত্তু বিশিষ্টপাত্রং স্বর্ণাদিপাত্রং তেনোপযুক্তং ভুক্তং যৎ অন্নতোয়াদি

করে, তাহা হইলে যথাবিধি অগ্নিস্থাপনপূর্ব্বক উঁহার নিমিত্ত আয়ুষ্মতী ইষ্টি করিবে।" এই যে, আয়ুষ্মতী যজ্ঞ করিবার বিধান করা হইল, ইহা সাগ্নিকদিগের পক্ষেই বুঝিতে হইবে। নিরগ্নিগণের পক্ষে হরিপূজাদি সাধারণ স্বস্ত্যয়নই বিধেয়। এই জন্যই বিষ্ণুপুরাণীয় স্যমন্তকের উপাখ্যানে এইরূপ গদ্য লিখিত হইয়াছে।—"কৃষ্ণ বেঁচে থাকিলে, শত্রুনাশে তেঁার এত দিন কাটিবে কেন? এইরূপ আন্দাজ করিয়া কৃষ্ণের মরণই নিশ্চয় করত অনুচরগণ দ্বারকায় ফিরিয়া আসিয়া 'কৃষ্ণ মরিয়া গিয়াছেন' এই কথা রটাইয়া দিল এবং কৃষ্ণের বন্ধুগণ তৎসময়োচিত সমুদয় ক্রিয়াকলাপ করিলেন, সেই সময় যুধ্যমান কৃষ্ণের, শ্রদ্ধাপূর্ব্বক বিশিষ্ট পাত্রে প্রদত্ত অন্ন ও জলাদি দ্বারা বল এবং প্রাণের পুষ্টি লাভ হইয়াছিল।" প্রত্যেক অশৌচনিমিত্তের সঙ্ঘটনের সহিতই তজ্জন্য অশৌচেরও স্বরূপযোগ্যতা উৎপন্ন হয়, এই কথা স্বীকার করিলে, "একটী দশরাত্রাশৌচের নবম দিনের মধ্যে যদি অপর তথাবিধ দশরাত্রাশৌচ সঙ্ঘটিত হয়, তাহা হইলে প্রথমোৎপন্ন দশরাত্রাশৌচই শুদ্ধির প্রয়োজক হইবে।" এই বৌধায়নসূত্রে দশরাত্রব্যাপী অশৌচসমূহের যে সন্নিপাত বলা হইয়াছে উহাও (ঐ অভিধানও) সঙ্গত হয়। উক্তরূপ অশৌচের স্বরূপযোগ্যতা স্বীকার না করিয়া যদি কেবলমাত্র দশরাত্রাশৌচনিমিত্ত সঙ্ঘটনেরই যুগপৎ সন্নিপাত হয়, এই কথা বলা হয়, তাহ'লে প্রথম নিমিত্ত সঙ্ঘটনের প্রথমদিন ভিন্ন, আর কোন দিনকেই দশরাত্রাশৌচ-

বোধায়নীয়েঽপি দশরাত্রসন্নিপাতাভিধানং সঙ্গচ্ছতে। অন্যথা প্রথমদিনাতিরিক্তে ফলোপহিতদশরাত্রান্তরানুপপত্তেঃ। ন চ প্রথমদিন এব তথেতি বাচ্যম্, "আ নবমা"দিত্যনুপপত্তেঃ, আদ্যং দশরাত্রমিত্যভিধানঞ্চ ব্যর্থং স্যাদিতি ॥ ২৭ ॥

এবং পরজাতস্য দশরাত্রত্ববৎ পূর্ব্বজাতস্য তন্মধ্যে মরণেঽপি তদশৌচস্য ফলানুপহিতদশরাত্রত্বেঽপি স্বরূপযোগ্যতয়া

তেনেত্যাহঃ। স্বরূপেতি তথাচ দশরাত্রাঃ অশৌচস্বরূপযোগ্যাদশরাত্রা ইত্যর্থঃ। ফলোপহিতেতি উপধায়কতাসম্বন্ধেন অশৌচরূপফলবশিষ্টেত্যর্থঃ। তথাচ দ্বিতীয়দিনাদৌ নিমিত্তান্তরে ভূতে ফলোপহিতনবরাত্রাদেরেব সন্নিপততি ন তু ফলোপহিতদশরাত্রান্তরমিতি ভাবঃ। ব্যর্থমিতি আদ্যদশরাত্র-দ্বিতীয়দশরাত্রয়োরভেদাদিতি ভাবঃ ॥ ২৭ ॥

দশরাত্রত্ববদিতি যথা তাদৃশস্থলে নবরাত্রাদিস্বরূপত্বেঽপি স্বরূপযোগ্যতয়া দশরাত্রত্বং তদ্বদিত্যর্থঃ। দশরাত্রত্বং দশরাত্রস্থায়িত্বম্, তৎস্বরূপযোগ্যতা চ সপিণ্ডজননজন্যাশৌচ-

---

সন্নিপাতের আধার বলিয়া নির্দেশ করা যাইতে পারে না। ইহার তাৎপর্য্য এই,— যদি বোধায়নের সূত্রস্থিত 'দশরাত্র' কথাটির 'দশরাত্রব্যাপী অশৌচরূপ ফলের জনক নিমিত্তসমূহের সন্নিপাত' এইরূপ অর্থ করা যায়, তাহা হইলে একমাত্র প্রথম সঙ্ঘটিত নিমিত্তকে দশরাত্রি অশৌচরূপ ফলের উপধায়ক নিমিত্ত বলাই সঙ্গত হয়; কেননা নিমিত্তসঙ্করবাদিগণের মতে দ্বিতীয় দিনাদিতে সংঘটিত সমূহের যখন অশৌচরূপ ফলের উপধায়কত্ব নাই, তখন নবম দিনের মধ্যে যে কোন দিনে দশরাত্রব্যাপী অশৌচ-উৎপাদক নিমিত্তসমূহের সন্নিপাত, এইরূপ বলা কখনই সঙ্গত হইতে পারে না। কাজেই বোধায়নের সূত্রস্থিত 'দশরাত্র' শব্দের দশরাত্র অশৌচের স্বরূপযোগ্যতাসম্পাদক নিমিত্তসমূহ এইরূপ অর্থই করিতে হইবে যদি বল, বোধায়নের সূত্রে একদিনেই তথাবিধ নিমিত্তসমূহের সন্নিপাতের কথা বলা হইয়াছে, তাহাও হইতে পারে না, কারণ, তাহা হইলে ঐ সূত্রস্থিত 'আনবমাৎ' (নয় দিনের মধ্যে) এইরূপ পদের প্রয়োগ অসঙ্গত হইয়া পড়ে, এবং প্রথম সংঘটিত দশরাত্রব্যাপী অশৌচের নিমিত্ত এইরূপ বলাও বৃথা হয়। ২৭।

যদি এইরূপ হইল, অর্থাৎ বোধায়ন-সূত্রস্থিত দশরাত্র কথাটির দশরাত্রাশৌচের স্বরূপযোগ্যতাসম্পাদক রূপ নিমিত্ত, এইরূপ অর্থ করা

দশরাত্রত্বং, তেন সহ সঙ্করে পরাশৌচস্য পূর্ব্বাশৌচকালাবধি স্থায়িত্বাৎ, যথা তত্র পূর্ণপূর্ব্বাশৌচান্তদিনে পূর্ণাশৌচনিমিত্তান্তর-পাতে দিনদ্বয়াদিরূপতদ্বৃদ্ধ্যা মধ্যজাতাশৌচস্যাপি স্থিতিস্তথা যত্র সপিণ্ডজননাশৌচকালমধ্যে সপিণ্ডান্তরজননং ভূতং, তত্র পূর্ব্বজাতস্যান্তরা মরণে পূর্ব্বাশৌচনিবৃত্ত্যা পরাশৌচস্য নিবৃত্তিঃ, ন তু পরজাতস্য তন্মধ্যে মরণেঽপি পূর্ব্বাশৌচস্য নিবৃত্তিঃ, তস্য

ত্বেন বোধ্যা; এবমুত্তরত্র বোধ্যম্। তদশৌচস্য পূর্ব্বজাতাশৌচস্য। ফলানুপহিতেতি দশরাত্রস্থায়িত্বরূপফলাভাববিশিষ্টেত্যর্থঃ। স্বরূপযোগ্যতয়া দশরাত্রস্থায়িত্বস্বরূপযোগ্যতয়া। তদ্বৃদ্ধ্যা পূর্ব্বজাতাশৌচবৃদ্ধ্যা, মধ্যজাতেতি নবরাত্রাদিস্থিতিস্বরূপযোগ্যস্য মধ্যজাতাশৌচস্য বর্দ্ধিতদিনদ্বয়পর্য্যন্তং স্থিতিরিত্যর্থঃ। পরজাতাশৌচস্য পূর্ব্বজাতাশৌচাধীনত্বাৎ পূর্ব্বাশৌচবৃদ্ধৌ তদ্বৃদ্ধিঃ, পূর্ব্বাশৌচহ্রাসে চ তদ্হ্রাস ইতি ভাবঃ, তস্য পূর্ব্বাশৌচস্য।

হইল, তাহা হইলে, কতকগুলি অশৌচনিমিত্তের যুগপৎ সন্নিপাতস্থলে পরোৎপন্ন সপিণ্ড বালকের জন্মরূপ নিমিত্ত দশরাত্রস্থায়ী অশৌচরূপ ফলের অজনক হইলেও দশরাত্রাশৌচের স্বরূপযোগ্যতাসম্পাদকত্ব নিবন্ধনই উহাকে যেরূপ দশরাত্রাশৌচনিমিত্ত বলা যায়, সেইরূপ পূর্ব্বোৎপন্ন সপিণ্ড বালকের নিজ জন্ম হইতে দশ দিনের মধ্যে মৃত্যু ঘটিলে, তৎক্ষণেই ঐ জননাশৌচের নাশ হওয়ায়, ঐ জননরূপ নিমিত্ত দশরাত্রস্থায়ী অশৌচরূপফলের অভাববিশিষ্ট হইলেও, দশরাত্রাশৌচের স্বরূপযোগ্য নিমিত্ত হওয়াতেই, দশরাত্রাশৌচ নিমিত্তরূপে অভিহিত হইয়া থাকে, এবং ঐ পূর্ব্বসংঘটিত অশৌচের সহিত সঙ্কর হইলে পরোৎপন্ন অশৌচ পূর্ব্বাশৌচের শেষ দিন অবধি মাত্র স্থায়ী হয় বলিয়া ঐ পূর্ব্বজাত পূর্ণাশৌচের অন্তিম দিনে আর একটী পূর্ণাশৌচ সংঘটিত হইলে, পূর্ব্বাশৌচের দিনদ্বয়ের বৃদ্ধির সহিত যেমন মধ্যজাত অশৌচেরও অবস্থিতি হয়, অর্থাৎ কোন অশৌচেরই বিবৃতি হয় না, তেমনি আবার যে স্থলে একটী সপিণ্ড জননাশৌচের মধ্যে অপর একটী সপিণ্ডের জন্ম এবং পূর্ব্ব বালকের জন্ম জন্য অশৌচের মধ্যেই আবার সেই পূর্ব্বোৎপন্ন বালকের মৃত্যু হইলে, পূর্ব্বাশৌচের নিবৃত্তির সহিতই পরজাত অশৌচেরও নিবৃত্তি হইয়া থাকে। কিন্তু পরোৎপন্ন বালকের ঐ অশৌচের মধ্যে মৃত্যু হইলে পূর্ব্বাশৌচের নিবৃত্তি হয় না,

স্বাধীনস্থায়িত্বাৎ। এবমেব শুদ্ধিতত্ত্বার্ণবে। যত্র দশমদিনে সপিণ্ডজননান্তরং ভূতং, তত্র তদ্দিনে পূর্ব্বজাতস্য মরণে সপিণ্ডানাং সদ্যঃ শৌচম্‌ ॥

"বালস্ত্বন্তর্দ্দশাহে তু প্রেতত্বং যদি গচ্ছতি।
সদ্য এব বিশুদ্ধিঃ স্যান্নাশৌচং নৈব সূতকম্‌।"

ইতি শাঙ্খোক্তেঃ ॥ ২৮

পূর্ব্বজাতস্য মাতাপিত্রোস্তু স্বজাত্যুক্তস্বপুত্রজননাশৌচকালেন শুদ্ধিঃ।

"জাতমাত্রস্য বালস্য যদি স্যান্মরণং পিতুঃ।
মাতুশ্চ সূতকং তৎ স্যাৎ পিতা স্যাৎস্পৃশ্য এব চ ॥"

বালস্ত্বিতি অত্র পুংস্ত্বং বিবক্ষিতং, তেন কন্যাস্থলে নাস্য বিষয়ঃ, কিন্তু তত্র আজন্মনত চূড়ান্তমিত্যানেন ব্যবস্থা বোধ্যা, নাশৌচং ন মরণাশৌচং, নৈব সূতকং নৈব জননাশৌচং। স্বজাত্যুক্তেতি দশাহাদিকালেন ইত্যর্থঃ ॥ ২৮ ॥

তৎ স্যাদিতি অত্র তৎপদেনৈতৎ সূচিতং, মাতুরপি তদেব সূতকং যত্তু

কারণ পূর্ব্বাশৌচ স্বাধীন অর্থাৎ প্রধানভাবে বরাবর অবস্থান করে। শুদ্ধিতত্ত্বার্ণবেও ঐরূপ মীমাংসা করা হইয়াছে। যে স্থলে একটী সপিণ্ড জননের দশম দিনে আর একটী সপিণ্ডের জন্ম হইয়াছে, সে স্থলে ঐ দিনেই যদি পূর্ব্বোৎপন্ন বালকের মৃত্যু হয়, তাহা হইলে সপিণ্ডদিগের সদ্যঃশৌচ অর্থাৎ তৎক্ষণাৎ অশৌচের নিবৃত্তি হয়। কারণ শঙ্খ বলিয়াছেন, "যদি কোনও নবজাত সপিণ্ড বালক দশ দিনের মধ্যে মৃত্যুমুখে পতিত হয়, তাহা হইলে, সদ্যঃ অর্থাৎ সেইক্ষণেই বিশুদ্ধি (অশৌচের নিবৃত্তি) হয়। ঐ মৃত্যু নিবন্ধন কোনও প্রকার নূতন অশৌচ উৎপন্ন হয় না, এবং পূর্ব্বোৎপন্ন জননাশৌচও থাকে না। ২৮।

কিন্তু ঐরূপ স্থলে পূর্ব্বজাত বালকের জন্ম হইতে দশ দিনের মধ্যে মৃত্যুনিবন্ধন সপিণ্ডগণের তৎক্ষণই শুদ্ধি হইলেও ঐ বালকের পিতামাতার স্বকীয় পুত্র জন্মিলে স্বজাতীয়দিগের পক্ষে পূর্ণ জননাশৌচের যে কাল নির্দ্দিষ্ট হইয়াছে, সেই জননাশৌচের কালের শেষেই শুদ্ধিলাভ হইবে। কারণ কূর্ম্ম পুরাণের একটী বচন আছে,—"যদি উৎপন্ন বালকের অশৌচের মধ্যে মৃত্যু

ইতি কূর্ম্মপুরাণাৎ। পরজাতস্য পিতুঃ স্বপুত্রজননাবধি পূর্ণাশৌচকালেন শুদ্ধিঃ পরার্দ্ধপাতিত্বাৎ। পরজাতপুত্রকন্যা-মাতুশ্চ বিংশত্যহমাসাভ্যাং শুদ্ধিঃ। "সূতিকাং পুত্রবতীং-বিংশতিরাত্রেণ স্নাতাং সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ, মাসেন স্ত্রী-জননীম্।" ইতি পৈঠীনস্যুক্তবহুকালীনাশৌচত্বাৎ। পূর্ব্ব-জাতকন্যামরণে তু মাতৃপিতৃসপিণ্ডানাং সদ্যঃশৌচম্।

"আজননস্তু চূড়ান্তং যত্র কন্যা বিপদ্যতে।
সদ্যঃ শৌচং ভবেত্তত্র সর্ব্ববর্ণেষু নিত্যশঃ।"

ইতি ব্রহ্মপুরাণোক্তেঃ।

পরজাতকন্যামরণে তু পিতৃসপিণ্ডয়োর্বর্দ্ধিতদিনদ্বয়সহিত-

এইরূপ ব্যবস্থা করিয়াছেন,—"মনুষ্যের কাঁচা হাড় স্পর্শ করিলে ত্রিরাত্র অশৌচ হইবে। শুক্‌নো হাড় স্পর্শ করিলে অহোরাত্র মাত্র অশৌচ হইবে।" বশিষ্ঠের এই বচনটী প্রায়শ্চিত্তবিবেকে উদ্ধৃত হইয়াছে। মিতা-ক্ষরার কিন্তু এইরূপ ব্যবস্থা করা হইয়াছে যে, 'মনুর বচনটীকে ব্রাহ্মণের অস্থি স্পর্শ বিষয়কই বুঝিতে হইবে', অর্থাৎ জ্ঞানপূর্ব্বকই হউক, বা অজ্ঞান-পূর্ব্বকই হউক, দ্বিজাতির অস্থি স্পর্শেই মনুর কথিত নিয়ম অনুসারে শুদ্ধি-লাভ হইবে এবং বশিষ্ঠের বচনটীকে অপরজাতীয় মনুষ্যের অস্থিস্পর্শে শুদ্ধি বিধায়করূপে বুঝিতে হইবে ॥ ৭০ ॥

পৈঠীনসি বলিয়াছেন—"যে সকল ব্রাহ্মণের সহিত কোনও প্রকার সাপিণ্ড্যাদি সম্বন্ধ নাই, এইরূপ ব্রাহ্মণের দহন, ও বহন করিলে সদ্যঃশৌচ হইবে, এবং সম্বন্ধবিশিষ্ট ব্রাহ্মণের দহন এবং বহনে ত্রিরাত্র অশৌচ

কূর্ম্মপুরাণে,—

"অনাথঞ্চৈব নির্দ্দহ্য ব্রাহ্মণং ধনবর্জ্জিতম্।
স্নাত্বা সম্প্রাশ্য তু ঘৃতং শুধ্যন্তি ব্রাহ্মণাদয়ঃ॥" তথা,—
"যদি নির্দ্দহতি প্রেতং প্রলোভাক্রান্তমানসঃ।
দশাহেন দ্বিজঃ শুধ্যেৎ দ্বাদশাহেন ভূমিপঃ।
অর্দ্ধমাসেন বৈশ্যস্তু শূদ্রো মাসেন শুধ্যতি॥ ৭১॥

তথা,—

"অবরশ্চেদ্বরং বর্ণমবরং বা বরো যদি।
অশৌচে সংস্পৃশেৎ স্নেহাৎ তদাশৌচেন শুধ্যতি॥"

বিশিষ্টপুংস্ত্বাদি। তদ্‌যুক্তে সম্বন্ধযুক্তে। অনাথমিতি অত্র ফলমাহ পরাশরঃ,—অনাথ ব্রাহ্মণং দীনং যে বহন্তি দ্বিজাতয়ঃ। পদে পদে ফলং তেষাং যজ্ঞতুল্যং ন সংশয়ঃ। জলাবগাহনাত্তেষাং সদ্যঃশৌচং বিধীয়তে ইতি। যদি নির্দ্দহতীত্যাদিবচনং স্বস্বজাতিদহনপরম্॥ ৭১॥

অবরঃ অপকৃষ্টজাতিঃ, বরম্ উৎকৃষ্টজাতিম্; অবরমপকৃষ্টজাতিং বরঃ উৎকৃষ্টজাতিঃ। অশৌচে সংস্পৃশেদিতি সংস্পর্শোঽত্র দহনবহনাদিরূপঃ। কূর্ম্মপুরাণে,—যস্তৈঃ সহাসনং কুর্য্যাৎ শয়নাদীনি চৈব হি। বান্ধবো বাপরো বাপি স দশাহেন শুধ্যতি॥ ব্রাহ্মণস্য

হইবে। "সম্বন্ধবিশিষ্ট" এইরূপ সাধারণভাবের উক্তি দ্বারা মাতুলকেই বুঝিতে হইবে। কূর্ম্মপুরাণে বলা হইয়াছে—"অনাথ, এবং ধনহীন ব্রাহ্মণের দহনকারী ব্রাহ্মণাদি স্নানান্তর ঘৃতাহার করিলেই শুদ্ধ হইবে।" এবং আরও বলা হইয়াছে যে, "যদি কোন ব্রাহ্মণ অর্থাদি প্রাপ্তির লোভে এক জন নিঃসম্পর্ক ব্রাহ্মণকে দাহ করে, তাহ'লে দশদিনের পর শুদ্ধি লাভ করিবে; কোন ক্ষত্রিয় এইরূপ লোভাক্রান্ত হইয়া স্বজাতীয় নিঃসম্পর্ক ব্যক্তির শব দাহ করিলে বার দিনের পর শুদ্ধ হইবে। বৈশ্য লোভাক্রান্ত হইয়া নিঃসম্পর্ক স্বজাতীয় ব্যক্তির দাহ করিলে পঞ্চদশ দিনে, এবং শূদ্র লোভাক্রান্ত হইয়া নিঃসম্পর্ক শূদ্র শবের দাহন করিলে এক মাসে শুদ্ধ হইবে। আরও দেখ, "যদি কোন নীচজাতীয়বর্ণ আপনা অপেক্ষা উচ্চজাতীয় বর্ণকে, এবং কোন উচ্চজাতীয় বর্ণ আপনা অপেক্ষা নীচজাতীয় বর্ণকে স্নেহের খাতিরে উহার অশৌচাবস্থায় সম্যকরূপে স্পর্শ করে, তাহা হইলে, স্পৃষ্টব্যক্তির অশৌচের অব-

"তদা শুচ্যেম" তদীয়াশৌচেন। তথাদিপুরাণে,—

"যোঽন্যবর্ণন্তু মূল্যেন নীত্বা চৈব দহেন্নরঃ।
অশৌচন্তু ভবেত্তস্য প্রেতবন্ধুসমন্তদা॥"

মনুঃ,—

"অসপিণ্ডং দ্বিজং প্রেতং বিপ্রো নির্হৃত্য বন্ধুবৎ
বিশুধ্যতি ত্রিরাত্রেণ মাতুরাপ্তাংশ্চ বান্ধবান্॥
যদ্যন্নমত্তি তেষান্তু দশাহেনৈব শুধ্যতি।
অনদন্নমহ্নৈব ন চেত্তস্মিন গৃহে বসেৎ॥"

পত্রশবদাহে শূদ্রতুল্যমশৌচম্ অশৌচোত্তরকালে উপবাসত্রয়ং পঞ্চগব্যপানঞ্চ প্রায়শ্চিত্তম্। যথা আদিপুরাণে। ন ব্রাহ্মণো দহেৎ শূদ্রং মিত্রং বাপ্যন্যমেব বা। মোহাৎ দগ্ধা ততঃ

সানের সহিতই স্পর্শকারী শুদ্ধ হইবে।" (১) স্নেহের খাতিরে উহার অশৌচ অবস্থায় যদি সম্যক্‌রূপে স্পর্শ করে।" ইহার তাৎপর্য্য এই যে, যদি উহার সহিত বন্ধুতা নিবন্ধন নিজের বর্ণগত উচ্চতা বা নীচতারূপ পার্থক্য বিস্মৃত হইয়া ঐ ব্যক্তির মৃতদেহ বহন এবং দাহ করে, তাহা হইলেই ঐ মৃতব্যক্তির সপিণ্ডদিগের যে প্রকার অশৌচ হইবে, ঐরূপ দহন-বহনকারী-দিগেরও সেইরূপ অশৌচ হইবে। মূল বচনে যে, "তদাশৌচ্যেন শুধ্যতি" এইরূপ বাক্য আছে, উহার অর্থ এই যে, মৃত ব্যক্তির মৃত্যু নিবন্ধন সপিণ্ডদিগের অশৌচের সহিতই উক্ত স্পর্শকারীরও অশৌচের শেষ হইবে। আদিপুরাণে লিখিত হইয়াছে, "যদি কোন মনুষ্য মূল্য অর্থাৎ পারিশ্রমিক বেতন লইয়া, বিভিন্নবর্ণের শবদেহ বহন করিয়া দাহ করে, তাহা হইলে, ঐরূপ দহন এবং বহনকারীও মৃত ব্যক্তির বন্ধুগণের তুল্যরূপ অশৌচী হইবে।" মনু বলিয়াছেন— "যদি কোন ব্রাহ্মণ অসপিণ্ড অর্থাৎ সম্পর্ক শূন্য কোন ব্রাহ্মণের মৃতদেহ স্নেহ বশতঃ বহনপূর্ব্বক দাহ করে, এবং মায়ের আপ্ত বান্ধব অর্থাৎ মায়ের পিসতুত ভাই প্রভৃতির শবদেহ বহনপূর্ব্বক দাহ করে, তাহা হইলে ত্রিরাশৌচের পর

---

(১) আদিপুরাণে বলা হইয়াছে "ব্রাহ্মণ যদি মোহবশতঃ অর্থাৎ শাস্ত্রীয় বিধান না জানা হেতু, মিত্র বা অপর কোন শূদ্র জাতীয় শবের দাহ করে তাহ'লে তাহার শূদ্রতুল্য অশৌচ হইবে, এবং অশৌচের পর ত্রিরাত্র উপবাস করিয়া পঞ্চগব্য ভোজন-রূপ প্রায়শ্চিত্ত করিতে হইবে।

"বন্ধুবৎ" স্নেহানুবন্ধাদশৌচিগৃহবাসে তদন্নভক্ষণরহিতানাং ত্রিরাত্রং, তদগৃহবাসতদন্নভোজনরহিতানাং স্নেহাদসম্বন্ধিনো নির্হরণেঽহোরাত্রং, বান্ধবেষু তু অদৃষ্টবুদ্ধ্যা তদগৃহবাসাদ্যভাবেঽপি নির্হরণে ত্রিরাত্রম্।

বিষ্ণুঃ,—"চিতাধূমসেবনে সর্ব্বে বর্ণাঃ স্নানমাচরেয়ুঃ ॥৭২॥

স্নাত্বা স্পৃষ্ট্বাগ্নিং প্রাশয়েদ্ঘৃতম্। উপবাসরতঃ পশ্চাৎ ত্রিরাত্রেণ বিশুধ্যতি॥ পশ্চাৎ প্রেতজাত্যুক্তাশৌচাৎ পশ্চাদিত্যর্থঃ। স্নেহাদসম্বন্ধিন ইতি স্নেহং বিনা অদৃষ্টবুদ্ধ্যা অসম্বন্ধিদ্বিজবহনদহনে সদ্যঃশৌচং স্নানং ঘৃতপ্রাশনঞ্চ, অতোঽনাথকৈবেতি কূর্ম্মপুরাণবচনেন সহাবিরোধঃ। তৎকুলান্নভোজনে তু দশরাত্রং যদ্যন্নমত্তীতি বচনাৎ। চিতেতি এতচ্চ কামতশ্চিতাধূমস্পর্শে সেবনপদস্বরসাদিতি বদন্তি ॥ ৭২ ॥

শুদ্ধিলাভ করিবে। কিন্তু যদি ঐ বহন ও দহনকারী মৃত ব্যক্তিদিগের অন্নভোজী হয়, তবে তাহার দশ রাত্র অশৌচ হইবে। আর যদি অন্নভোজী এবং তদ্গৃহবাসী না হইয়া কেবল স্নেহের খাতিরেই ঐরূপ বহন ও দহন করে, তবে এক রাত্র মাত্র অশৌচ হইবে।" মূল বচনে যে "বন্ধুবৎ" কথাটি আছে, তাহার অর্থ—স্নেহের অনুরোধে (২)। মূল বচনে যে, "অন্নদন্নমন্নহ্নৈব নচেত্তস্মিন্ গৃহে বসেৎ" আছে তাহা দ্বারা এইরূপ তাৎপর্য্য সূচিত করা হইয়াছে;—যে, অশৌচীর গৃহে বাস করে, কিন্তু তাহার অন্ন ভোজন করে না, এইরূপ ব্যক্তি দহন ও বহন করিলেই ত্রিরাত্র অশুচি হইবে, কিন্তু দহন ও বহনকারী যদি অশৌচীর অন্নভোজী, অথবা তদ্গৃহবাসী, এই দুইএর কিছুই না হয়, কিন্তু কেবল মাত্র স্নেহের খাতিরেই উক্ত অসম্বন্ধী ব্যক্তির দহন এবং বহন করে, তাহ'লে একাহোরাত্র মাত্র অশুচি হইবে। এইরূপ ব্যবস্থা অসম্বন্ধীদিগের দহন বহনেই বুঝিতে হইবে, কিন্তু মাতৃবান্ধবাদির মৃতদেহ যদি কেহ কেবল মাত্র অদৃষ্ট লাভ হইবে, এইরূপ বিবেচনায় দহন ও বহন করে, আর ঐ দহন ও বহনকারী, তদ্গৃহবাসী এবং তদন্নভোজী নাও হয়, তথাপি তাহার ত্রিরাত্রাশৌচ হইবে। বিষ্ণু বলিয়াছেন "চিতাধূম গায়ে লাগিলে সকল জাতীয় ব্যক্তিই স্নান করিবে"। ৭২

(২) টীকাকারেরা এস্থলে বলিয়াছেন, যদি স্নেহের খাতির না থাকে, কেবলমাত্র অদৃষ্ট বুদ্ধিতেই অসম্বন্ধী ব্যক্তির দহন ও বহন করিলে, সদ্যঃশৌচই হইবে, এবং স্নানের পর ঘৃতভোজনরূপ প্রায়শ্চিত্ত করিতে হইবে।

পারস্করঃ,—

"অস্থিসঞ্চয়নাদর্ব্বাক্ যদি বিপ্রোঽশ্রু পাতয়েৎ।
মৃতে শূদ্রে গৃহং গত্বা ত্রিরাত্রেণ বিশুধ্যতি॥
অস্থিসঞ্চয়নাদূর্দ্ধং মাসং যাবদ্দ্বিজাতয়ঃ।
দিবসেনৈব শুধ্যন্তি বাসসাং ক্ষালনেন চ॥
স্বজাতের্দ্দিবসেনৈব দ্ব্যহাৎ ক্ষত্রিয়বৈশ্যয়োঃ।
স্পর্শং বিনানুগমনে শূদ্রো নক্তেন শুধ্যতি॥
মৃতস্য বান্ধবৈঃ সার্দ্ধং কৃত্বা তু পরিদেবনম্।

অস্থিসঞ্চয়নাদিতি অর্ব্বাক্পূর্ব্বম্, অস্থিসঞ্চয়নকালশ্চ বিপ্রস্য চতুর্থাহঃ,ক্ষত্রিয়স্য ষষ্ঠাহঃ, বৈশ্যস্যাষ্টমাহঃ, শূদ্রস্য দশমাহঃ। খণ্ডাশৌচে তৃতীয়ভাগানন্তরকালঃ, যথা ত্র্যহাশৌচে দ্বিতীয়াহঃ। গৃহগমনাশ্রুপাতয়োর্বৈশিষ্ট্যে ত্রিরাত্রমভিদধত্তদেকতরাভাবে তন্ন্যূনমভিপ্রেতং তচ্চাশ্রুপাতাভাবে গৃহগমনে একরাত্রং পরিদেবনে উক্তম্, এবঞ্চ সতি গৃহগমনাভাবে অশ্রুপাতে একরাত্রং যুক্তমিতি মনসি কৃত্বাহ স্থানান্তর ইত্যাদি। এতচ্চ ত্রিরাত্রং সজাতিবিষয়ম্। শূদ্রো নক্তেনেতি পূর্ব্বমুক্তম্, অতঃ শূদ্রপ্রকরণীয়ত্বাৎ মৃতস্যেতি শূদ্রপরং

পারস্কর বলিয়াছেন,—"যদি কোনও শূদ্র জাতীয় ব্যক্তি মৃত হয়, এবং ব্রাহ্মণ অস্থি সঞ্চয়নের পূর্ব্বে তাহার গৃহে যাইয়া, তাহার শোকে অশ্রুপাত করে, তাহা হইলে তিন রাত্রির পর শুদ্ধিলাভ করিবে। কিন্তু দ্বিজাতিগণ অস্থি সঞ্চয়নের পরে একমাসের মধ্যে মৃত শূদ্রের গৃহে গমন করিয়া অশ্রুপাত করিলে পরিহিত বস্ত্র প্রক্ষালন করিবে, এবং একদিনেই শুদ্ধিলাভ করিবে। ব্রাহ্মণ যদি স্পর্শ না করিয়া স্বজাতীয় শবের অনুগমন মাত্র করে, তাহা হইলে একদিনে শুদ্ধিলাভ করে, ঐরূপ ক্ষত্রিয় ও বৈশ্য-জাতীয় শবের স্পর্শ ব্যতীত অনুগমন করিলে, দুইদিনে শুদ্ধিলাভ করিবে, এবং শূদ্র সকল জাতীয় শবেরই স্পর্শ না করিয়া কেবলমাত্র অনুগমন করিলে, এক রাত্রেই শুদ্ধিলাভ করিবে। "মৃত"ব্যক্তির বান্ধবগণের সহিত পরিদেবন করিয়া সম্পূর্ণ দিবারাত্রকাল দান ও বেদাধ্যয়ন পরিত্যাগ করিবে।" বচনে যে 'মৃত' শব্দ বলা হইল, উহা দ্বারা মৃত শূদ্রকেই বুঝিতে হইবে। এবং "পরিদেবন" শব্দের অর্থ—অশ্রুপূর্ণ বিলাপমাত্র। পূর্ব্বে যে মৃত শূদ্রের গৃহে গমন-পূর্ব্বক অশ্রুপাতকারী ব্রাহ্মণের ত্রিরাত্রাশৌচের কথা বলা হইয়াছে, ঐ ত্রিরাত্র

বর্জ্জয়েত্তদহোরাত্রং দানং স্বাধ্যায়মেব চ ॥”

গৃহগমন এব ত্রিরাত্রং, স্থানান্তরমেলনে একরাত্রম্। ‘মৃতস্য’ শূদ্রস্য, “পরিদেবনং” রোদনরহিতবিলাপমাত্রম্। অস্থিসঞ্চয়নাঙ্গস্পর্শয়োঃ কালমাহ সম্বর্ত্তঃ,—

“চতুর্থেঽহনি কর্ত্তব্যমস্থিসঞ্চয়নং দ্বিজৈঃ।
ততঃ সঞ্চয়নাদূর্দ্ধমঙ্গস্পর্শো বিধীয়তে ॥
চতুর্থেঽহনি বিপ্রস্য ষষ্ঠে বৈ ক্ষত্রিয়স্য চ।
অষ্টমে দশমে চৈব স্পর্শঃ স্যাদ্বৈশ্যশূদ্রয়োঃ ॥”

এতৎ পূর্ণাশৌচে, খণ্ডাশৌচে তু দেবলঃ—
“অশৌচকালাদ্বিজ্ঞেয়ং স্পর্শনন্তু ত্রিভাগতঃ।”

বোধ্যমিতি অভিপ্রেত্য শূদ্রস্যেতি পূরয়তি,মৃতস্য শূদ্রস্যেতি। রোদনরহিতেতি অশ্রুপাতরহিতেত্যর্থঃ। তদয়ং সংক্ষেপঃ।—মৃতে শূদ্রেঽস্থিসঞ্চয়নকালাভ্যন্তরে তদ্গৃহং গত্বাশ্রুপাতনে দ্বিজাতেস্ত্রিরাত্রমশৌচং, স্থানান্তরে অহোরাত্রং, তদ্গৃহে তদূর্দ্ধং মাসাভ্যন্তরেঽহোরাত্রং, সচেলস্নানঞ্চ স্বীয়জাতৌ দিবসেনৈব,ক্ষত্রিয়বৈশ্যয়োর্দ্ব্যহেন ব্রাহ্মণঃ শুধ্যতি, শূদ্রস্য সর্ব্বত্র স্পর্শেন বিনা নক্তেন। মৃতস্য শূদ্রস্য বান্ধবৈঃ সহ রোদনরহিতবিলাপমাত্রেঽহোরাত্রমিতি। অস্থিসঞ্চয়নাঙ্গস্পর্শয়োরিতি। দ্বিজৈর্ব্রাহ্মণৈঃ। ততঃ সঞ্চয়নাৎ অস্থিসঞ্চয়নাৎ, এতচ্চ সর্ব্ববর্ণসাধারণম্। পূর্ব্ববর্ণাপেক্ষয়া পরবর্ণস্য দ্ব্যহানন্তর্য্যং বোধ্যম্। অশৌচকালাদ্বিজ্ঞেয়ং স্পর্শনন্তু ত্রিভাগতঃ। শূদ্রবিট্ক্ষত্রবিপ্রাণাং যথাশাস্ত্রপ্রচোদিতাৎ ইতি

অশৌচ মৃত শূদ্রের গৃহে গমন করিলেই হইবে, যদি গৃহে গমন না করিয়া, তাহার বন্ধুদিগের সহিত মিলিত হয়, তাহা হইলে একরাত্র অশৌচ হইবে। সম্বর্ত্ত অস্থিসঞ্চয় এবং অঙ্গস্পর্শের কাল এইরূপে নির্দেশ করিয়াছেন—“দ্বিজগণ চতুর্থ দিনে অস্থি সঞ্চয় করিবে, এই অস্থিসঞ্চয়ের পর অশুচি ব্যক্তির অঙ্গস্পর্শ দোষাবহ হয় না। চতুর্থ দিনে ব্রাহ্মণের, ষষ্ঠ দিনে ক্ষত্রিয়ের, এবং বৈশ্য শূদ্রদিগের যথাক্রমে অষ্টম ও দশমদিনে অঙ্গস্পর্শ করা যাইতে পারিবে।” উপরে সম্বর্ত্তের যে বচন উদ্ধৃত হইল, তাহা পূর্ণাশৌচ স্থলেই বুঝিতে হইবে। খণ্ডাশৌচ স্থলে কিন্তু দেবল এইরূপ ব্যবস্থা করিয়াছেন,—“যতদিন অশৌচ হইবে, তাহার তৃতীয়াংশ কাল মাত্র অস্পৃশ্য

অতিক্রান্তাশৌচে তু সচেলস্নানাদেবাঙ্গাস্পৃশ্যত্বনিবৃত্তিঃ। পূর্ব্বোক্ত"নির্দ্দশ"মিতি মনুবচনাৎ। জননে তু কূর্ম্মপুরাণম্—

"সূতকে তু সপিণ্ডানাং সংস্পর্শো নৈব দুষ্যতি।"

মাতৄণান্তু আদিপুরাণে—

"ব্রাহ্মণী ক্ষত্রিয়া বৈশ্যা প্রসূতা দশভির্দ্দিনৈঃ।

গতৈঃ শূদ্রা তু সংস্পৃশ্যা ত্রয়োদশভিরেব চ॥"

পুত্রজননে পিতুর্ব্বিমাতৄণাঞ্চ স্নানাৎ স্পৃশ্যত্বম্। সূতিকা-স্পর্শে তৎসমকালাস্পৃশ্যত্বঞ্চ বক্ষ্যতে। অত্রৈব বৃদ্ধশাতাতপঃ—

"উদক্যা সূতিকা বাপি অন্ত্যজং সংস্পৃশেদ্‌যদি।

ত্রিরাত্রেণৈব শুধ্যেত ইতি শাতাতপোঽব্রবীৎ॥"

সমপ্রবর্তনম্। পূর্ব্বোক্তেতি নির্দ্দশং জ্ঞাতিমরণং শ্রুত্বা পুত্রস্য জন্ম চ। সবাসা জলমাপ্লুত্য শুদ্ধো ভবতি মানব ইতি পূর্ব্বোক্তেত্যর্থঃ। শুদ্ধো ভবতি স্পৃশ্যো ভবতি। দশভির্দ্দিনৈর্গতৈঃ একাদশাহে সংস্পৃশ্যা ইত্যর্থঃ। এবং ত্রয়োদশভির্দ্দিনৈর্গতৈঃ চতুর্দ্দশাহে

থাকিবে, কিন্তু অশৌচ অতীত হইবার পর শ্রুত হইলে, সচেল স্নানেই অঙ্গাস্পৃশ্যত্বের নিবৃত্তি হইবে। কারণ, পূর্ব্বে মনুর "দশ দিনের পর জ্ঞাতিমরণ, এবং পুত্রের জন্ম শ্রবণ করিয়া, পরিহিত বস্ত্রাদির সহিত জলে অবগাহন করিলেই শুদ্ধিলাভ করিবে" এইরূপ একটী বচন যে, উক্ত হইয়াছে, তাহাতেই অশৌচ অতিক্রান্ত হইবার কথা বুঝাইতেছে। জননাশৌচে অঙ্গাস্পৃশ্যত্ব সম্বন্ধে কূর্ম্মপুরাণে এইরূপ উক্ত হইয়াছে—"জননাশৌচে সপিণ্ডদের স্পর্শ দোষাবহ হয় না।" মাতৃদিগের অঙ্গাস্পৃশ্যত্ব সম্বন্ধে আদিপুরাণে এইরূপ উক্ত হইয়াছে—"ব্রাহ্মণী, ক্ষত্রিয়া এবং বৈশ্যা, প্রসবের পর দশ দিন গত হইলে স্পর্শযোগ্যা হইবে, এবং শূদ্রা ত্রয়োদশ দিন গত হইলে স্পর্শযোগ্যা হইবে। পুত্র উৎপন্ন হইলে পিতা, এবং বিমাতৃগণ স্নান করিয়াই স্পর্শযোগ্য হইবে। কিন্তু সূতিকা অর্থাৎ প্রসবকারিণীকে স্পর্শ করিলে তাহার যতকাল অঙ্গাস্পৃশ্যত্ব শাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে, উঁহাদিগেরও যে ততকাল অঙ্গাস্পৃশ্যত্ব থাকিবে, এ কথা পরে বলা যাইবে। এ প্রসঙ্গে বৃদ্ধ শাতাতপের এইরূপ একটী বচন দৃষ্ট হয়—"উদক্যা, অথবা সূতিকা, যদি অন্ত্যজকে স্পর্শ করে, তাহা হইলে ত্রিরাত্রে শুদ্ধিলাভ করিবে, শাতাতপ এইরূপ

"উদক্যা" রজস্বলা, তৎসাহচর্য্যাৎ সূতিকাস্পৃশ্যা বোধ্যা। "ত্রিরাত্রেণ" ত্রিরাত্রোপবাসেন, প্রায়শ্চিত্তপ্রকরণাৎ। তচ্চাশুদ্ধ্যনন্তরং কর্ত্তব্যমিতি প্রায়শ্চিত্তবিবেকঃ ॥ ৭৩ ॥

যমঃ,—"অজা গাবো মহিষ্যশ্চ ব্রাহ্মণী চ প্রসূতিকা।
দশরাত্রেণ শুধ্যন্তি ভূমিষ্ঠঞ্চ নবোদকম্ ॥"
ব্রহ্মপুরাণে—"নবধান্তজলং গাবো মহিষ্যশ্ছাগযোনয়ঃ।
শুধ্যন্তি দিবসৈরেব দশভির্নাত্র সংশয়ঃ ॥" মিতাক্ষরায়াং

স্মৃতিঃ,—

শূদ্রা সংস্পৃশ্যা ইত্যর্থঃ। তৎসাহচর্য্যাৎ অস্পৃশ্যায়া রজস্বলায়াঃ সাহচর্য্যাৎ। সূতিকাপ্যস্পৃশ্যা ইতি। তথাচ সূতিকায়া অস্পৃশ্যত্বকালে গতে অন্ত্যজস্পর্শে সতি ন ত্রিরাত্রোপবাসাত্মকং প্রায়শ্চিত্তমিত্যর্থঃ। অশুদ্ধ্যনন্তরম্ অশৌচানন্তরং কচিত্তথৈব পাঠঃ, শুদ্ধিকালে প্রায়শ্চিত্তবিধানাদিতি ভাবঃ ॥ ৭৩ ॥

প্রসূতিকেতি অজাদৌ সর্ব্বত্রৈবান্বেতি। দশভিরিতি পঞ্চভিরিত্যর্থঃ। পাষাণিভরম

বলিয়াছেন"। বচনস্থিত 'উদক্যা' শব্দের অর্থ—রজস্বলা। তাহার সহিত একত্রে উক্ত হওয়ায় সূতিকাও যে অস্পৃশ্য ইহা বুঝাইতেছে। অর্থাৎ উক্ত বচনে যদিও সূতিকা নিজে অস্পৃশ্য, এরূপ কথা বলা হয় নাই, তথাপি অস্পৃশ্যা উদক্যার সহিত একযোগে উক্ত হওয়ায় উহারও অস্পৃশ্যত্ব সূচিত হইতেছে। উক্ত বচনে যে, "ত্রিরাত্রে শুদ্ধিলাভ করিবে" এইরূপ বলা হইয়াছে, তাহার অর্থ—ত্রিরাত্র উপবাস করিয়া শুদ্ধিলাভ করিবে। কারণ শাতাতপের ঐ বচনটী প্রায়শ্চিত্ত প্রকরণেই কথিত হইয়াছে। এবং ঐ যে ত্রিরাত্র উপবাসরূপ প্রায়শ্চিত্ত কথিত হইয়াছে, উহা স্পর্শকারিণীদিগের অশুদ্ধিকাল অতীত হইবার পরই কর্ত্তব্য। এই কথা প্রায়শ্চিত্তবিবেককার বলেন ॥ ৭৩ ॥

যম বলিয়াছেন "ছাগী, গো, মহিষী, এবং ব্রাহ্মণী, ইহারা প্রসবের দশ দিন পরে শুদ্ধিলাভ করে, এবং নূতন বর্ষার জল মৃত্তিকায় পতিত হইবার দশদিন পরে শুদ্ধিলাভ করে।" ব্রহ্মপুরাণে বলা হইয়াছে—"নূতন ধান্তের জল, এবং প্রসূতা গো, মহিষী ও ছাগী ইহারা যে দশ দিনে শুদ্ধিলাভ করে, এ বিষয়ে

"কালে নবোদকং শুদ্ধং ন পাতব্যন্তু তৎ ত্র্যহম্।
অকালে তু দশাহং স্যাৎ পীত্বা নাদ্যাদহর্নিশম্॥"
"কালে" বর্ষাকালে। শঙ্খঃ;—
"স্নানমাচমনং দানং দেবতাপিতৃতর্পণম্।
শূদ্রোদকৈর্ন কুর্ব্বীত তথা মেঘাদ্বিনিঃসৃতৈঃ॥" পানাদিতরত্র স্পর্শাদৌ তু হরিবংশঃ,—
"অভৌমমম্ভো বিসৃজন্তি মেঘাঃ,
পূতং পবিত্রং পবনৈঃ সুগন্ধি॥" ৭৪॥

অথ দ্রব্যশুদ্ধিঃ।

স্কান্দে,—
"সুবর্ণরূপ্যশঙ্খাশ্মশুক্তিরত্নময়ানি চ।
কাংস্যায়স্তাম্ররৈত্যানি ত্রপুসীসময়ানি চ॥

স্পর্শাদাবিতি মেঘবিনিঃসৃতোদকস্য পবিত্রত্বমাহেতি শেষঃ। পূতং স্বরূপত এব পূতং, যদ্বা পূতং নিরাবিলং, ক্বচিৎ পুস্তকে তথৈব পাঠো মূলে বর্ত্ততে। পবনৈশ্চ পবিত্রম্॥ ৭৪॥

কোনও সংশয় নাই।" মিতাক্ষরায় স্মৃতির এইরূপ একটী বচন উদ্ধৃত হইয়াছে—"বর্ষাকালে নূতন বর্ষার জল শুদ্ধ বলিয়াই গণ্য হয়, তবে তিন দিন পর্য্যন্ত উহা পান করিবে না, কিন্তু অকালে বর্ষণের জল দশ দিন পর্য্যন্ত অশুদ্ধ থাকিবে। ঐ অশুদ্ধজল পান করিয়া এক দিন সম্পূর্ণ উপবাস করিতে হয়।" শঙ্খ বলিয়াছেন, "স্নান, আচমন, দান, দেবতা এবং পিতৃগণের তর্পণ শূদ্রানীত জলে করিবে না, এবং মেঘাদ্বিনিঃসৃত জলেও ঐ সকল কার্য্য করিবে না।" পান ভিন্ন অপর স্পর্শাদি কার্য্যে বৃষ্টির জলের সদ্যঃশুদ্ধিতা সম্বন্ধে হরিবংশে এইরূপ উক্ত হইয়াছে, "মেঘ সকল পবিত্র এবং আকাশ বায়ু দ্বারা পূত ও সুগন্ধি অভৌম (ভূমি সম্পর্ক শূন্য) জল বর্ষণ করে।" ৭৪

দ্রব্যশুদ্ধি।

এক্ষণে দ্রব্যশুদ্ধির কথা বলা হইতেছে।

স্কন্দপুরাণে লিখিত আছে—"সোণা, রূপা, শাঁখ, প্রস্তর, ঝিনুক, রত্নময় দ্রব্য, কাঁসা, লোহা, তামা, পিতলের দ্রব্য, রাং, এবং সীসার দ্রব্য সকল,

নির্লেপানি বিশুধ্যন্তি কেবলেন তু বারিণা।
শূদ্রোচ্ছিষ্টানি শুধ্যন্তি ত্রিধা ক্ষারাম্লবারিভিঃ॥
সূতিকাশববিণ্মূত্র-রজস্বলাহতানি চ।
প্রক্ষেপ্তব্যানি তাম্রগ্নৌ যচ্চ যাবৎ সহেদপি॥"

"রৈত্যং" পিত্তলং, "ত্রপু" রজং, যৎপাত্রং যাবৎ কাল-মগ্নিং সহেত, তৎপাত্রং প্রক্ষালনানন্তরং তাবত্তাপনীয়মিত্যর্থঃ।
বৃহস্পতিঃ,—

"অম্ভসা হেমরূপ্যায়ঃ কাংস্যং শুধ্যতি ভস্মনা।
অম্লৈস্তাম্রঞ্চ রৈত্যঞ্চ পুনঃ পাকেন মৃন্ময়ম্"। ৭৫॥

রাজধর্ম্মে,—

"পজ্জলোচ্ছিষ্টকাংস্যং যদ্গবাঘ্রাতমথাপি বা।
গণ্ডূষোচ্ছিষ্টমপি চ বিশুধ্যেদ্দশভিস্তু তৎ॥"

অথ দ্রব্যশুদ্ধিঃ। নির্লেপানি উচ্ছিষ্টলেপরহিতানি। অগ্নিং সহেত অগ্নিনা ন স্ফুটতি। পুনঃ পাকেনেতি পক্বমৃন্ময়স্য পুনঃপাকেন শুদ্ধিরিত্যর্থঃ॥ ৭৫॥

পজ্জলেতি পাদজলস্পর্শেন অশুদ্ধং যৎকাংস্যমিত্যর্থঃ। গবাঘ্রাতং কাংস্যমিত্যর্থঃ।

ইহারা, কোনও উচ্ছিষ্টাদি অশুচি পদার্থের দ্বারা স্পৃষ্ট হইয়া, যদি ঐ অশুচি দ্রব্যের লেপশূন্য হয়, তাহা হইলে কেবল জলের দ্বারা ধুইলেই শুদ্ধ হইবে। এবং ঐ সকল ধাতুময় পদার্থ শূদ্র কর্ত্তৃক উচ্ছিষ্ট হইলে ক্ষার, অম্ল, এবং জল দ্বারা যথাক্রমে তিনবার মাজিলে শুদ্ধ হইবে। এবং ঐ সকল ধাতুময় পদার্থ সূতিকা, শব, বিষ্ঠা, মূত্র এবং রজস্বলা দ্বারা স্পৃষ্ট হইলে, উহাদিগের মধ্যে যে পাত্রটী যতকাল অগ্নির তাপ সহ্য করিতে ক্ষম হইবে, প্রক্ষালনের পর তাহাকে ততকাল আগুনের তাপে নিক্ষেপ করিয়া রাখিবে।" বৃহস্পতি বলেন,—"সোণা, রূপা এবং লোহার পাত্র, কেবল জলে ক্ষালিত করিলেই শুদ্ধ হয়, আর কাঁসার পাত্র কেবল ছাই মাখাইলেই শুদ্ধ হয়। তামা এবং পিত্তলের পাত্র কেবল অম্ল দ্বারা শুদ্ধি লাভ করে, এবং মাটির পাত্র পুনর্ব্বার আগুনে পক করিলে শুদ্ধ হয়। ৭৫।

রাজধর্ম্মে বলা হইয়াছে—"পাধোয়া জলের দ্বারা দূষিত অথবা গো-কর্ত্তৃক

দশভির্দ্দিনৈরিতি শেষঃ। তথাচ,—

"ন কাংস্যে ধাবয়েৎ পাদৌ যত্র স্যাদপি ভোজন"মিতি "যত্র" পাত্রান্তরে ভোজনং, তত্রাপি শ্রুতস্যৈব সাহচর্য্যাৎ কাংস্যবৎ শুদ্ধিঃ। বৌধায়নঃ,—

"ভিন্নকাংস্যে তু যোঽশ্নীয়ান্নদ্যাং স্নাত্বা জপন্ দ্বিজঃ।
গায়ত্র্যষ্টসহস্রন্তু একভক্তস্ততঃ শুচিঃ॥"

"অষ্টসহস্রং" অষ্টোত্তরসহস্রম, অন্যথা বহুবচনাপত্তেঃ। দেবলঃ,—

"তাম্ররজতসুবর্ণাশ্মস্ফটিকানাং ভিন্নমভিন্ন"মিতি ভিন্নেঽপি ন দোষ ইতি। বিষ্ণুঃ,—

গণ্ডূষেতি ভোজনকালে যৎ গণ্ডূষং পিবতি তদবশিষ্টজলস্পর্শেন ভোজনপাত্রমশুদ্ধং ভবতীত্যর্থঃ। দশভিরিতি তথাচ দশদিনপর্য্যন্তং তেন পাত্রেণ ন ব্যবহরেদিত্যর্থঃ। পাত্রান্তরে কাংস্যেতরপাত্রে সাহচর্য্যাৎ সুবর্ণরূপ্যোক্তাদিবচনে সাহচর্য্যাৎ। অন্যথা ইতি সহস্রাণামষ্টত্বে সতীত্যর্থঃ। বহুবচনেতি সহস্রাণীতি স্যাদিত্যর্থঃ। সমাহারে তু অষ্টসহস্রীতি স্যাৎ। তাম্রেতি তাম্রাদীনাং পাত্রং ভিন্নমপ্যভিন্নম্ অভিন্নবদদোষজনক-

---

আঘ্রাত কাংস্য পাত্র এবং গণ্ডূষ (কুল্‌কুচোর) জলস্পৃষ্ট কাংস্যময় ভোজনপাত্র দশ দিন পর্য্যন্ত অশুদ্ধ থাকে, পরে শুদ্ধ হয়। এবং আরও একটী বচন আছে—'কাংস্যময় পাত্রের অথবা যে পাত্রে ভোজন করা হয়, তাহার উপর পাদপ্রক্ষালন করিবে না।" যে পাত্রে ভোজন করা হয় তাহা অন্য ধাতুময় হইলেও শ্রূয়মাণ কাংস্য শব্দের সাহায্য নিবন্ধন কাংস্য পাত্রের মতই তাহার শুদ্ধি বুঝিতে হইবে অর্থাৎ অশুদ্ধ কাংস্য পাত্রের যেরূপে শুদ্ধি হয়, তাহারও সেইরূপে শুদ্ধি হইবে। বৌধায়ন বলিয়াছেন—'যদি কোনও ব্রাহ্মণ ভাঙ্গা কাঁসার পাত্রে কোনও বস্তু ভোজন করে, তাহা হইলে নদীতে স্নানপূর্ব্বক অষ্টোত্তর হাজারবার গায়ত্রী জপ করিয়া একাহারী হইলে শুদ্ধি লাভ করিবে।" মূল বচনে 'অষ্ট সহস্র' এইরূপ পদটী আছে, উহার অর্থ—অষ্টোত্তর সহস্র অর্থাৎ ১০০৮ বার। উহার অর্থ ঐরূপ না হইয়া, যদি 'আট হাজারবার' এইরূপই অভিপ্রেত হইত, তাহা হইলে উহাতে বহুবচনের প্রয়োগ থাকিত। দেবল বলিয়াছেন "তামা, রূপা, সোণা, প্রস্তর এবং স্ফটিকের পাত্র ভাঙ্গা হইলেও তাহা না ভাঙ্গার মত গ্রাহ্য হইবে।"

"শারীরৈর্ম্মলৈঃ সুরাভির্ম্মদ্যৈর্ব্বা যদুপহতং, তদত্যন্তোপহতং সর্ব্বং, লৌহভাণ্ডমগ্নৌ প্রতপ্তং শুধ্যেত, মণিময়মশ্মময়-মব্জময়ঞ্চ সপ্তরাত্রং মহীখননেন, শৃঙ্গদন্তাস্থিময়ঞ্চ, তক্ষণেন দারুময়ং, মৃন্ময়ং জহ্যা"দিতি। "লৌহপদং" সুবর্ণাদ্যষ্টক-পরম্। "সর্ব্বঞ্চ তৈজসং লৌহ"মিত্যমরকোষাৎ। মনুঃ;—

মিত্যর্থঃ। শারীরৈরিত্যাদি জহ্যাদিত্যন্তং বিষ্ণুসূত্রম্। শারীরৈর্ম্মলৈর্ব্বসাদিভিঃ। যথা,—বসা শুক্রমসৃঙ্ মজ্জা মূত্রবিট্ কর্ণবিন্নখাঃ। শ্লেষ্মাশ্রু দূষিকা স্বেদো দ্বাদশৈতে নৃণাং মলা ইতি। সুরাভির্ম্মদ্যৈরিতি অন্নাবিকারবিশেষো মদহেতুঃ সুরা ইতি সুরালক্ষণম্। মদ্যশব্দস্তু মদহেতুদ্রবদ্রব্যমাত্রবচন ইতি শূলপাণিঃ। তদ্ভেদানাহ পুলস্ত্যঃ।—পানসং দ্রাক্ষমাধূকং খার্জ্জূরং তালমৈক্ষবম্। মাধ্বীকং টাঙ্কমাধ্বীকং মৈরেয়ং নারিকেলজম্। সমানানি বিজানীয়াৎ মদ্যান্যেকাদশৈব তু। দ্বাদশন্তু সুরামদ্যং সর্ব্বেষামধমং স্মৃতমিতি। অনেনৈকাদশানাং সুরাত্বং নিষেধয়তি। অব্জময়ং শঙ্খময়ম্, অব্জৌ শঙ্খশাঙ্কৌ চেত্য-মরঃ। মহীখননেন পৃথিব্যাভ্যন্তরস্থাপনেন। লৌহভাণ্ডং তৈজসপাত্রং "সর্ব্বমাবপনং ভাণ্ডং পাত্রামত্রঞ্চ ভাজন"মিত্যমরঃ। শৃঙ্গেতি মৃগাদিশৃঙ্গময়ং হস্ত্যাদিদন্তময়ং গণ্ডক্যাদ্যস্থিময়ঞ্চ সপ্তরাত্রং মহীখননেন শুধ্যেত ইতি পূর্ব্বেণান্বয়ঃ। দারুময়ং তক্ষণেন শুধ্যেতেত্যর্থঃ। তথাচ কাষ্ঠশুদ্ধিস্তু তক্ষণাদিতি, দারবাণাঞ্চ তক্ষণমিতি চ। সুবর্ণা-

অর্থাৎ ঐ সকল ধাতুর ভাজা ।ত্রে ভোজনে কোনও দোষ হইবে না। বিষ্ণু বলেন "যে সকল পাত্র মলমূত্রাদি শারীরিক মলস্পর্শ দ্বারা, সুরা অথবা মদ্য স্পর্শ দ্বারা দূষিত হইবে, তাহাদিগকে অত্যন্ত দূষিত বুঝিতে হইবে। লৌহ ভাণ্ড এইরূপ দূষিত হইলে, আগুনে প্রকৃষ্টরূপে তপ্ত করিবার পর শুদ্ধ হয়। মণিময়, প্রস্তরময়, শঙ্খময় পাত্র ঐরূপ দূষিত হইলে, মৃত্তিকার মধ্যে সাত দিন পুতিয়া রাখিলে শুদ্ধ হইবে। শৃঙ্গ (শিঙ্), দন্ত, এবং অস্থিময় পাত্র ঐরূপ দূষিত হইলে উহাদিগকেও সাত রাত্রি মাটীর মধ্যে পুতিয়া রাখিলে শুদ্ধ হইবে, কাষ্ঠময় পাত্র ঐরূপে দূষিত হইলে রঁ্যাদা বুলাইয়া চাঁচিয়া শুদ্ধ করিতে হইবে, এবং মৃন্ময় পাত্র ঐরূপে দূষিত হইলে তাহাদিগকে পরিত্যাগ করিবে।" উক্ত বচনে যে, 'লৌহভাণ্ড' শব্দটী আছে, ঐ লৌহভাণ্ড শব্দের অর্থ—সুবর্ণাদি অষ্ট প্রকার ধাতুর মধ্যে যে কোন প্রকার ধাতুর পাত্ররূপেই বুঝিতে হইবে। কারণ, আমরা অমরকোষে দেখিতে পাই—"সকল তৈজস পাত্রকেই লৌহময়

"ত্রীণি দেবাঃ পবিত্রাণি ব্রাহ্মণানামকল্পয়ন্।
অদৃষ্টমদ্ভির্নির্ণিক্তং যচ্চ বাচা প্রশস্যতে॥"

অদৃষ্টম্ উপঘাতশঙ্কাদিভিরজ্ঞাতম্। "অজ্ঞাতঞ্চ সদা শুচি"-মিতি যাজ্ঞবল্ক্যীয়ৈকবাক্যত্বাৎ। "বাচে"তি উপঘাতশঙ্কায়াং "পবিত্রং ভবত্বি"তি ব্রাহ্মণৈর্যদ্বাচা প্রশস্যতে, ইতি শূলপাণি-মহামহোপাধ্যায়কুল্লূকভট্টৌ॥ ৭৬॥

শাতাতপঃ,—

"গোকুলে কন্দুশালায়াং তৈলযন্ত্রেক্ষুযন্ত্রয়োঃ।
অমীমাংস্যানি শৌচানি স্ত্রীষু বালাতুরেষু চ॥"

দাষ্টকেতি সুবর্ণরূপ্যকাংস্যারস্তাম্রৈস্ত্যস্ত্রপুসীসেত্যর্থঃ। ধাতবোঽষ্টাবষ্টাপ্যুক্তাঃ।—সুবর্ণং রজতং তাম্রং কাংস্যং পিত্তলমেব চ। রঙ্গসীসকলৌহানি ধাতবোঽষ্টৌ প্রকীর্ত্তিতা ইতি॥ ৭৬॥

গোকুলে গোগৃহে। কন্দুশালায়াং খাদ্যাদিভর্জনশালায়াম্। পর্য্যবসিতার্থমাহ শৌচা-

নামে অভিহিত করা হইয়াছে।" মনু বলেন—"দেবগণ ব্রাহ্মণদিগের সম্বন্ধে তিনপ্রকার বস্তুকে পবিত্র বলিয়া কল্পিত করিয়াছেন; প্রথম যাহা অপবিত্র স্পর্শদোষে দূষিত বলিয়া জ্ঞাত হওয়া যায় নাই, দ্বিতীয় যাহা জলের দ্বারা ধুইয়া ঝরঝরে পরিষ্কার করা হইয়াছে, তৃতীয় যাহাকে ব্রাহ্মণেরা স্পষ্টবাক্যে পবিত্র বলিয়া প্রশংসা করেন।" মূল বচনস্থিত 'অদৃষ্ট' শব্দের অর্থ—"যাহা অপবিত্র স্পর্শদোষে দূষিত বলিয়া জ্ঞাত হওয়া যায় নাই" এইরূপ যে করিলাম তাহার কারণ ঐরূপ অর্থ করিলেই, "অজ্ঞাত বস্তু সর্ব্বদাই শুচি" এই যাজ্ঞবল্ক্যীয় বচনের সহিত একবাক্যতা হয়। "যাহাকে পবিত্র বলিয়া ব্রাহ্মণগণ স্পষ্টবাক্যে প্রশংসা করেন" ইহার তাৎপর্য্য এই—কোনও বস্তু অপবিত্র সংস্পর্শে দূষিত কি না, এইরূপ শঙ্কা হইলে, যদি ব্রাহ্মণগণ "উহা পবিত্র বৈকি,"—এইরূপ নিশ্চিত বাক্য দ্বারা উহার পবিত্রতা নির্দ্দেশ করেন, তাহা হইলে সেই বস্তুকে আর অপবিত্র বলিয়া ধরা হইবে না—মহামহোপাধ্যায় শূলপাণি এবং কুল্লূকভট্ট ঐ কথাটীর এইরূপ ব্যাখ্যাই করিয়াছেন। ৭৬॥

শাতাতপ বলিয়াছেন। "গোকুল, কন্দুশালা, (ভুজুরীর দোকান) তৈলযন্ত্র, ইক্ষুযন্ত্র, স্ত্রী, বালক এবং আতুর—ইহাদিগের সম্বন্ধে শৌচ বিষয়ে কোন প্রকার

"অমীমাংস্যানি" শৌচাশৌচভাগিতয়া ন বিচারণীয়ানি।

মনুঃ,—

"মক্ষিকা বিপ্রুষশ্ছায়া গৌরশ্বঃ সূর্য্যরশ্ময়ঃ।

রজো ভূর্বায়ুরগ্নিশ্চ স্পর্শে মেধ্যানি নির্দ্দিশেৎ॥"

বৌধায়নঃ,—"অদুষ্টাঃ সন্ততা ধারা বাতোদ্ধূতাশ্চ রেণবঃ।

আকরাঃ শুচয়ঃ সর্ব্বে বর্জ্জয়িত্বা সুরাকরম্॥"

শঙ্খলিখিতৌ,—"আকরদ্রব্যাণি প্রোক্ষিতানি শুচীনি॥"

যমঃ,—"আমমাংসং ঘৃতং ক্ষৌদ্রং স্নেহাশ্চ ফলসম্ভবাঃ।

ম্লেচ্ছভাণ্ডস্থিতা দুষ্যা নিষ্ক্রান্তাঃ শুচয়ঃ স্মৃতাঃ॥"

বিষ্ণুধর্ম্মোত্তরে,—

"মুখবর্জ্জঞ্চ গৌঃ শুদ্ধা মার্জ্জারশ্চংক্রমে শুচিঃ।

শৌচভাগিতয়া ইতি গোকুলাদীনি তুহম্। সন্ততা অবিচ্ছিন্না। আকরা লবণাদ্যুৎপত্তি-স্থানানি। ফলসম্ভবাঃ স্নেহাঃ কোচড়াদিখ্যাতফলসম্ভবাঃ স্নেহাঃ। চংক্রমে শুচিরিতি

বোধ করাই উচিত নয়।" মূলে যে"অমীমাংস্য" শব্দ আছে, তাহার অর্থ—পূর্ব্বো-ল্লিখিত গোকুল প্রভৃতি শুচি কি অশুচি, এরূপ সন্দেহ না করিয়া, উহাদিগকে শুচি বলিয়াই স্থির করা উচিত। মনু বলেন, "মক্ষিকা (মাছি) এবং পাঠাদি সময়ে মুখ হইতে নির্গত থুথুর কণা, ছায়া, গোরু, অশ্ব, সূর্য্যের কিরণ, ধূলি, মৃত্তিকা, বাতাস, এবং আগুন, ইহাদিগকে স্পর্শ বিষয়ে পবিত্র বলিয়াই জানিবে।" অর্থাৎ এই সকল বস্তু অপবিত্রস্পর্শে কখনই অপবিত্র হয় না। বৌধায়ন বলিয়াছেন—"অবিরতভাবে প্রবাহিত জলধারা, এবং বায়ু কর্ত্তৃক উদ্ধুত রেণু, ইহারা অপবিত্রস্পর্শে দূষিত হয় না, এবং সুরার আকর ভিন্ন অপর সকল আকরই পবিত্র।" শঙ্খ এবং লিখিত বলেন, "আকরজাত দ্রব্য সকল প্রোক্ষণেই—শুচি হয়।" যম বলিয়াছেন,—"কাঁচা মাংস, ঘৃত, মধু, এবং ফল হইতে উৎপন্ন তৈলাদি স্নেহ পদার্থ, যতক্ষণ—ম্লেচ্ছদিগের পাত্রে থাকিবে, ততক্ষণই দূষ্য বলিয়া গণিত হইবে, কিন্তু ম্লেচ্ছের পাত্র হইতে ঐ সকল বস্তু অন্য পাত্রে ঢালিয়া লইলে, আর অশুচি বলিয়া গণ্য হইবে না"। বিষ্ণুধর্ম্মোত্তরে বলা হইয়াছে—"মুখ ছাড়া

পুষ্পাণাঞ্চ ফলানাঞ্চ প্রোক্ষণাৎ শুদ্ধিরিষ্যতে ॥”

অত্রিঃ,—“মক্ষিকা সন্ততা ধারা ভূমিস্তোয়ং হুতাশনঃ।
মার্জ্জারশ্চাপি দর্ব্বী চ মারুতশ্চ সদা শুচিঃ ॥”

বৌধায়নঃ,—

“অনেকোদ্বাহে দারুশিলে ভূমিসমে, ইষ্টকাশ্চ সঙ্কীর্ণী-ভূতা” ইতি। “সঙ্কীর্ণীভূতা” পরস্পরসম্বদ্ধাঃ।

বিষ্ণুঃ,—“প্রোক্ষণেন পুস্তক”মিতি।

শাতাতপঃ,—“তাপনং ঘৃততৈলানাং প্লাবনং গোরসস্য চ।
তন্মাত্রমুদ্ধৃত্য শুধ্যেৎ কঠিনন্তু পয়ো দধি।
অবিলীনং তথা সর্পির্বিলীনং শ্রপণেন তু ॥” “অবিলীনং” কঠিনম্। মনুঃ,—

“দ্রব্যাণাং চৈব সর্ব্বেষাং শুদ্ধিরুৎপ্লবনং স্মৃতম্।

যস্মিন্ দেশে মার্জ্জারস্তৎক্রম্যাতে স দেশো নাপবিত্র ইত্যর্থঃ। সন্ততিরপত্যং সন্ততেতি পাঠে অবিচ্ছিন্নেত্যর্থঃ। দর্ব্বী কাষ্ঠময়ী সূর্পাদের্ঘটনী। অনেকোদ্বাহে একোদ্বাহ-ভিন্নে ন তু অনেকেন উদ্বাহ্যে একোদ্বাহ্যয়োরপি তথাত্বাদিতি বোধ্যম্। পরস্পরসম্বদ্ধাঃ

গোরুর সকল অবয়বই শুদ্ধ, এবং বিড়ালের পায়ের তলা ভাগ শুদ্ধ, আর ফল ও পুষ্প ধুইলেই শুদ্ধ হয়।” অত্রি বলেন,—“মাছি, অবিরতভাবে প্রবাহিত জলধারা, ভূমি, জল, অগ্নি, বিড়াল, হাতা, এবং বায়ু—ইহারা সর্ব্বদাই শুচি বলিয়া গণ্য হইয়া থাকে।” বৌধায়ন বলেন—“যে কাষ্ঠফলক, বা পাষাণখণ্ডকে একজন তুলিতে অক্ষম, এবং গাঁথুনিতে জমাটবাঁধা ইট এই সকলকে ভূমি তুল্য বলিয়া গণ্য করিতে হইবে।” বিষ্ণু বলেন—পুস্তক অশুচি হইলে, উহার উপর জলের ছিটে দিলেই শুদ্ধ হইবে।” শাতাতপ বলেন “ঘৃত এবং তৈল তাপনেই (তাতাইলেই) শুদ্ধি হয়, দুগ্ধ ছাঁকিয়া লইলেই শুদ্ধ হয়, কাঠিন্য প্রাপ্ত দুগ্ধ বা দধি কাকাদি দ্বারা স্পৃষ্ট হইলে, যে অংশে স্পৃষ্ট হইবে, সেইটুকু মাত্র তুলিয়া ফেলিলেই অবশিষ্ট অংশ শুদ্ধ হইবে। অবিলীন অর্থাৎ জ’মে যাওয়া ঘৃতের ঐরূপ কাকাদি স্পর্শে উপর হইতে স্পৃষ্ট অংশ মাত্র তুলিয়া ফেলিলেই শুদ্ধি হইবে। এবং গলা ঘৃত কাকাদি দ্বারা দূষিত হইলে, আগুনে পাক করিলেই শুদ্ধ হইবে।” মনু বলেন—“সমুদয় দ্রব দ্রব্যের উৎপ্লবনেই শুদ্ধি হইবে। জমাট বাঁধা বস্তু

প্রোক্ষণং সংহতানাঞ্চ দারবাণাঞ্চ তক্ষণম্ ॥”

ইদন্তূচ্ছিষ্টাদ্যন্নদোষে। “উৎপ্লবনং” বস্ত্রান্তরনির্ব্যাপণেন কীটাদ্যপনয়নম্।

শাতাতপঃ,—

“ক্লীবাভিশস্তপতিতৈঃ সূতিকোদক্যনাস্তিকৈঃ।

দৃষ্টং বা স্যাদ্‌যদন্নন্তু তস্য নিষ্কৃতিরুচ্যতে।

অভ্যুক্ষ্য কিঞ্চিদুদ্ধৃত্য ভুঞ্জীতাপ্যবিশঙ্কিতঃ ॥”

দেবলঃ,—“চাণ্ডালেন শুনা বাপি দৃষ্টং হবিরযজ্ঞিয়ম্।

বিড়ালাদিভিরুচ্ছিষ্টং দুষ্টমন্নং বিবর্জ্জয়েৎ ॥”

অন্যত্র হিরণ্যোদকস্পর্শাদিতি। মনুঃ,—

“অদ্ভিঃ সংপ্রোক্ষণং শৌচং বহুনাং ধান্যবাসসাম্।

শুচিতাঃ। প্লাবনং বস্ত্রেণ নির্বাপণম্, অবিলীনং সর্পিঃ তথা তথাজ্যমুদ্ধৃতং শুধ্যেৎ। প্রপণেন পাকেন। সংহতানাং সংশ্লিষ্টবস্তুনাং ধান্যাদীনাম্, অভিশস্তঃ মহাপাতকাদি-পরিবাদযুক্তঃ। সূতকোদক্যেতি উদক্যা রজস্বলা, দুষ্কশ্চারিণঃ। নিষ্কৃতিঃ শুদ্ধিঃ।

প্রোক্ষণেই শুদ্ধ হইবে, এবং কাষ্ঠময় বস্তুর উপরে একবার রাঁদা বুলাইলেই শুদ্ধ হইবে।” উপরে মনু যে শুদ্ধির কথা বলিলেন, তাহা ঐ সকল বস্তু উচ্ছিষ্টাদি অন্নদোষে দূষিত হওয়ার পক্ষে বুঝিতে হইবে। “উৎপ্লবন” শব্দের অর্থ—বস্ত্রান্তর দ্বারা ছাঁকিয়া কীটাদি দূর করা। শাতাতপ বলেন—ক্লীব, শাপগ্রস্ত, পতিত, সূতিকা, ঋতুমতী, এবং নাস্তিক ব্যক্তি কর্ত্তৃক যদি কোনও ভক্ষ্যদ্রব্য দৃষ্ট হয়, তাহা হইলে তাহার শুদ্ধির উপায় বলিতেছি। ঐ ভক্ষ্য দ্রব্যের উপর জলের ছিটা দিয়া এবং উহা হইতে অংশ তুলিয়া ফেলিয়া দিয়া অশঙ্কিতচিত্তে উহা ভোজন করিবে।” দেবল বলেন “ঘৃত, চণ্ডাল বা কুকুর কর্ত্তৃক দৃষ্ট হইলে উহা যজ্ঞে ব্যবহার করিবে না, এবং বিড়ালাদি দ্বারা উচ্ছিষ্ট ও দুষ্ট অন্নও যজ্ঞে একেবারেই ব্যবহার করিবে না। কিন্তু আহারাদি কার্য্যে তাদৃশ অন্নের উপর—স্বর্ণস্পৃষ্ট জল স্পর্শ করাইলে উহা আর পরিত্যাগ করিতে হইবে না।” মনু বলেন—“বহু পরিমিত ধান্য ও বস্ত্র অপবিত্র হইলে, উহাদিগের উপর জলের ছিটা দিলেই উহারা শুদ্ধ

প্রক্ষালনেন ভস্মানামদ্ভিঃ শৌচং বিধীয়তে ॥”

শুদ্ধিরিত্যনুবৃত্তৌ বিষ্ণুঃ,—

“গুড়ানামিক্ষুবিকারাণাং প্রভৃতানাং বাযুগ্নিদানেন সর্ব্বলবণানা”ঞ্চেতি।

সূতিকাং স্পৃশতঃ পিতুরপি তাদৃশমস্পৃশ্যত্বমাহ সুমন্তুঃ,—

“মাতুরেব সূতকং তাং স্পৃশতশ্চ পিতুর্নেতরেষা”মিতি।

“ইতরেষাং” সপত্নীমাতৃব্যতিরিক্তানাম্। তাসান্তু সূতিকাস্পর্শে পিতুর্যথা তৎসমকালমস্পৃশ্যত্বং, তথা তাসামপি। তথাচাদিপুরাণম্—

“সূতকে তু মুখং দৃষ্ট্বা জাতস্য জনকস্ততঃ।
কৃত্বা সচেলং স্নানন্তু শুদ্ধো ভবতি তৎক্ষণাৎ ॥
অন্যাশ্চ মাতরস্তদ্বত্তদ্গেহং ন ব্রজন্তি চেৎ।

তাদৃশং সূতিকাতুল্যম্। সপত্নীমাতৃব্যতিরিক্তানামিতি সপিণ্ডাদীনামিত্যর্থঃ। তাসান্তু

হইবে, কিন্তু অল্প পরিমিত অপবিত্র ধান্য ও বস্ত্র জলের দ্বারা প্রক্ষালন করিবার পরই শুদ্ধ হইবে।” বিষ্ণু বলিয়াছেন—“গুড়, এবং প্রভূত ইক্ষুরস; এবং সর্ব্বপ্রকার লবণ,—বায়ু ও অগ্নি স্পর্শেই শুদ্ধ হয়।” প্রসবকারিণীকে যদি প্রসূত সন্তানের পিতা স্পর্শ করে, তাহা হইলে তাহারও যে প্রসবকারিণীর সদৃশ অস্পৃশ্যত্ব হয়, একথা সুমন্তু বলিয়াছেন, যথা—“সন্তান জন্মিলে মাতারই অস্পৃশ্যত্ব হয়; এবং পিতা যদি ঐ মাতাকে স্পর্শ করেন, তবে তাঁহারও অস্পৃশ্যত্ব হইবে, এতদ্ভিন্ন জননাশৌচে আর কাহারও অস্পৃশ্যত্ব হইবে না।” এই যে অপর কাহারও হইবে না বলা হইল, উহাতে বিমাতা ছাড়া অপরকেই বুঝিতে হইবে। কারণ প্রসবকারিণীকে স্পর্শ করিলে পিতার যেমন প্রসবকারিণীর সমকাল অস্পৃশ্যত্ব হয়, বিমাতাদিগেরও প্রসবকারিণীকে স্পর্শ করিলে, সেইরূপ অস্পৃশ্যত্ব হইয়া থাকে। এ সম্বন্ধে আদিপুরাণের বচনই প্রমাণ, যথা—“পিতা, সদ্যোজাত পুত্রের মুখ দর্শন করিয়া পরিহিত বস্ত্রাদির সহিত জলে স্নান করিলেই শুদ্ধিলাভ করিবে, এবং ঐ উৎপন্ন পুত্রের বিমাতৃগণ যদি সেই গৃহে

সপিণ্ডাশ্চৈব সংস্পৃশ্যাঃ সন্তি সর্ব্বে বিনিশ্চয়ঃ ॥"

"তদ্বৎ" পিতৃবৎ স্নাত্বা শুদ্ধাঃ। গৃহগমনন্তু সূতিকা-স্পর্শোপলক্ষণম্। অন্যথা পিতৃতোঽধিকদোষাপত্তেঃ। এবঞ্চ তদ্গৃহগমনেঽপি স্পর্শাভাবে নাস্পৃশ্যত্বম্। পুত্রজন্মনি স্নানাৎ পূর্ব্বমঙ্গাস্পৃশ্যত্বমাহ সম্বর্ত্তঃ,—

"জাতে পুত্রে পিতুঃ স্নানং সচেলন্তু বিধীয়তে।
মাতা শুধ্যেদ্দশাহেন স্নানাত্তু স্পর্শনং পিতুঃ" ॥ ৭৭ ॥

একদিনপাতিতুল্যমরণাশৌচদ্বয়ে যাবদশৌচং সর্ব্বগোত্রা-স্পৃশ্যত্বমাহাদিপুরাণম্,—

"সর্ব্বং গোত্রমসংস্পৃশ্যং তত্র স্যাৎ সূতকে সতি।

সপত্নীম্ তৃণান্তু। অন্যথা তদ্গৃহগমনস্য সূতিকাস্পর্শমাত্রোপলক্ষণত্বাভাবে। পিতৃত ইতি তাং স্পৃশতশ্চ পিতুরিত্যনেন সূতিকাস্পর্শ এব পিতুর্যাবদশৌচমঙ্গাস্পৃশ্যত্বং বিমাতৃণান্তু সূতিকাগৃহগমনমাত্রে ইত্যধিকদোষঃ স্যাদিতি ভাবঃ। মাতেতি দশাহানন্তরং মাতা স্পর্শমাত্রে শুধ্যেৎ ন তু মাতুঃ সর্ব্বাশৌচনিবৃত্তিরিতি বোধ্যম্ ॥ ৭৭ ॥

তুল্যেতি সমকালীনত্বেন তুল্যতা বোধ্যা। ন তথা ন যাবদশৌচমঙ্গাস্পৃশ্যত্ব-

---

না গমন করে, তাহা হইলে তাহারাও পিতার মত স্নান করিয়াই শুদ্ধ হইবে। এবং জননাশৌচে সপিণ্ডগণ যে স্পর্শনীয় থাকিবে, তাহাতে কোনও সংশয় নাই। উপরে যে বিমাতৃগণের সে গৃহে গমন না করার কথা বলা হইয়াছে,— উহা দ্বারা প্রসবকারিণীকে যদি স্পর্শ না করে, এইরূপ অর্থই বুঝিতে হইবে। এরূপ না বলিয়া, কেবল গৃহগমনেই যদি উহাদের অস্পৃশ্যত্ব বলা যায়, তাহা হইলে পিতা অপেক্ষা অল্পকারণেই উহাদিগের অস্পৃশ্যত্ব বিহিত হওয়ায়, বচনের অর্থে অসামঞ্জস্য দোষ হইয়া পড়ে। কেন না পিতা স্পর্শ করিলে অস্পৃশ্যত্ব হইবে, আর বিমাতৃগণ কেবল মাত্র গৃহে গমন করিলে, স্পর্শ না করিলেও— অস্পৃশ্যত্ব হইবে এইরূপ বিসদৃশ ব্যবস্থা হইয়া পড়ে। পুত্র জন্মিলে স্নানের পূর্ব্বে যে অঙ্গাস্পৃশ্যত্ব হয় একথা সম্বর্ত্ত বলিয়াছেন যথা—"পুত্র জন্মাইলে পিতার পরিহিত বস্ত্রের সহিত স্নান বিহিত হইয়াছে, দশাহের পর মায়ের অঙ্গাস্পৃশ্যত্ব অপনীত হইবে, কিন্তু স্নানের পর হইতেই পিতা স্পর্শযোগ্য হইবে। ৭৭।

তুল্যরূপ মরণাশৌচদ্বয় যদি একদিনে সংঘটিত হয়, তাহা হইলে যতকাল

মধ্যেঽপি সূতকে দদ্যাৎ পিণ্ডান্ প্রেতস্য তৃপ্তয়ে ॥”

“তত্রা”দ্যদিনে, ভিন্নদিনে তু মনুনা প্রথমেন আনবমীয়স্য দ্বিতীয়স্য শুদ্ধ্যভিধানাৎ তথা। অত্র প্রথম“সূতক”পদং মরণাশৌচমাত্রপরং পিণ্ডদানশ্রুতেঃ, দ্বিতীয়“সূতকং” চাস্পৃশ্যত্বপরম্। তথাচ যাজ্ঞবল্ক্যঃ,—

“ত্রিরাত্রং দশরাত্রং বা শাবমাশৌচমিষ্যতে।
ঊনদ্বিবর্ষমুভয়োঃ সূতকং মাতুরেব হি ॥”

“শাবমাশৌচ”মস্পৃশ্যত্বলক্ষণম্, ত্রিরাত্রং, দশরাত্রাশৌচিনামেকস্মিন্ সূতকে দ্বিতীয়সূতকে সমানদিনপতিতে দশরাত্রা-

প্রযোজকম্। নন্বত্র সূতকপদস্য কথং জননাশৌচপরত্বং নোচ্যতে তত্রাহ পিণ্ডদানেতি। তথাচ জননাশৌচে পিণ্ডদানাভাবাদসঙ্গতিঃ স্যাদিতি ভাবঃ। নন্বু সর্ব্বং গোত্রমসংস্পৃশ্যমিত্যেতাবন্মাত্রশ্রবণাৎ কথং যাবদশৌচমস্পৃশ্যত্বং লভ্যতে, এবং সূতকপদস্যাস্পৃশ্যত্বপরত্বং ন দৃষ্টচরং তত্রাহ যথেতি। উভয়োর্মাতাপিত্রোঃ, সূতকমিতি সূতকমত্র

অশৌচ বর্ত্তমান থাকিবে, ততকাল যে, গোত্রজ সকল ব্যক্তিরই অস্পৃশ্যত্ব থাকিবে, একথা আদিপুরাণে বলা হইয়াছে, যথা,—“যদি কোনও জ্ঞাতিমরণের প্রথম দিনে আর একটী তুল্যরূপ মরণাশৌচ সংঘটিত হয়, তাহ'লে গোত্রজ সমুদয় ব্যক্তি যাবৎ অশৌচ অস্পৃশ্য হইবে; কিন্তু ঐ অস্পৃশ্যত্ব সত্ত্বেও ঐ অশৌচের মধ্যে প্রেতের তৃপ্তির নিমিত্ত পিণ্ডদান করিবে।” বচনে যে, “তত্র” শব্দ আছে উহার অর্থ—“আদ্যদিনে” এই নির্দিষ্ট করা হইল। যদি প্রথম মৃত্যুর আদ্য দিন ভিন্ন নবম দিনের মধ্যে যে কোনও দিনে অপমৃত্যু অঃ তুল্যরূপ অশৌচ ঘটে, তবে মনু প্রথমাশৌচের সহিতই উহার শুদ্ধি বিধান করায়, দ্বিতীয়াশৌচের যে, প্রথমাশৌচ অপেক্ষা প্রথম দিন ভিন্ন অন্য দিনে কোনওরূপ প্রাবল্য নাই, ইহাই জ্ঞাপিত হইয়াছে। সুতরাং প্রথম দিন ভিন্ন অপর দিনে সংঘটিত ঐ দ্বিতীয়াশৌচ যাবদশৌচ অস্পৃশ্যত্বের কারণ হইতে পারে না। উক্ত বচনে “সূতক” শব্দটী দুইবার ব্যবহৃত হইয়াছে। তাহার মধ্যে প্রথম ‘সূতক” শব্দের অর্থ—মরণাশৌচ, এবং পিণ্ডদানের কথা থাকায় দ্বিতীয় “সূতক” শব্দের অর্থ—অস্পৃশ্যত্ব। মরণাশৌচের যে, স্থলবিশেষে দশরাত্র পর্য্যন্ত

শৌচমঙ্গাস্পৃশ্যত্বম্, ঊনদ্বিবর্ষমরণলক্ষণমস্পৃশ্যত্বং মাতাপিত্রোরেব, তদন্যেষাং স্পৃশ্যত্বম্। এবমেব মিতাক্ষরাদীপকলিকে। ন চ শাবাশৌচপদম্ অশৌচমাত্রপরমিতি মিতাক্ষরোক্তং যুক্তমিতি বাচ্যম্,

"আ-দন্তজননাৎ সদ্যঃ আ-চূড়াদৈকরাত্রকম্।

কন্যাজননজন্যমঙ্গাস্পৃশ্যত্বং, তচ্চ মাতুরেব ইত্যর্থঃ। অত্র সূতকপদস্যাশৌচপরত্বে মাতুরেবেত্যেবকারাসঙ্গতিঃ স্যাদিতি ভাবঃ। ঊনেতি তথাচ ঊনদ্বিবর্ষে বালকে মৃতে অঙ্গাস্পৃশ্যত্বং মাতাপিত্রোরেবেত্যর্থঃ। অশৌচমাত্রেতি ন তু অঙ্গাস্পৃশ্যত্বপরমিত্যর্থঃ।

অঙ্গাস্পৃশ্যত্ব হইয়া থাকে, এবং সূতক শব্দের যে, অঙ্গাস্পৃশ্যত্বরূপ অর্থও হয়, এ সম্বন্ধে যাজ্ঞবল্ক্যের নিম্নলিখিত বচনটীই প্রমাণ,—"মরণ জন্য অশৌচনিবন্ধন ত্রিরাত্র বা স্থল বিশেষে দশরাত্র অঙ্গাস্পৃশ্যত্ব হইয়া থাকে"। এবং দ্বিবর্ষের পূর্ত্তি হইবার পূর্ব্বে বালকের মৃত্যুতে যে অস্পৃশ্যত্ব হইবার কথা আছে, তাহা কেবল মাতা পিতারই হইয়া থাকে, এবং জননাশৌচ জন্য অস্পৃশ্যত্ব কেবল মাতারই হয়"। বচনে যে "শাব অশৌচ" কথাটী আছে, উহা দ্বারা মরণাশৌচ জন্য অস্পৃশ্যত্বই বুঝিতে হইবে। দশরাত্রাশৌচের অধিকারিগণের একটী মাত্র দশরাত্রাশৌচ ঘটিলে, ত্রিরাত্র অঙ্গাস্পৃশ্যত্ব থাকিবে। এবং প্রথম দশরাত্রাশৌচ যে দিনে সংঘটিত হইয়াছে, সেই দিন বাদ আর একটী দশরাত্রাশৌচ সংঘটিত হয়, তাহা হইলে, দশরাত্র পর্য্যন্ত অঙ্গাস্পৃশ্যত্ব থাকিবে। এবং দ্বিবর্ষপূর্ত্তি হইবার পূর্ব্বে বালকের মৃত্যুতে যে, অঙ্গাস্পৃশ্যত্বের কথা আছে, তাহা কেবল মাতা পিতারই হইবে। এবং মাতা পিতা ভিন্ন অপর জ্ঞাতিদিগের শরীরস্পৃশ্যত্ব অব্যাহতই থাকিবে। মিতাক্ষরা এবং দীপকলিকা নামক টীকাদ্বয়ে যাজ্ঞবল্ক্যের উক্তবচনটী এইরূপেই ব্যাখ্যাত হইয়াছে। কেহ বলিয়াছিল, শাবাশৌচ শব্দটীর মিতাক্ষরায় যে, কেবল অশৌচমাত্ররূপ অর্থ করা হইয়াছে, অর্থাৎ অঙ্গাস্পৃশ্যত্বযুক্ত ছাড়া কেবলমাত্র যে, অশৌচরূপ অর্থ করা হইয়াছে, তদ্রূপ অর্থই যুক্তিযুক্ত; স্মার্ত্ত বলিতেছেন এ কথা বলিতে পার না। কারণ এস্থলে 'শাবাশৌচ' শব্দের অর্থ যদি কেবলমাত্র অশৌচই হইত, তাহা হইলে দাঁত উঠিবার পূর্ব্বে মৃত্যুতে সদ্যঃশৌচ, চূড়ার পূর্ব্বে মৃত্যুতে এক রাত্র, উপনয়ন-

ত্রিরাত্রমা-ব্রতাদেশাদ্দশরাত্রমতঃপর"মিতি যাজ্ঞবল্কীয়েন পৌনরুক্ত্যাপত্তেঃ। ব্যক্তমাহাঙ্গিরাঃ,—

"মরণং যদি তুল্যং স্যান্মরণেন কথঞ্চন।
অস্পৃশ্যস্তু ভবেদ্গোত্রং সর্ব্বমেব সবান্ধবম্॥"

"তুল্যম্" অভিন্নদিনজাততয়া, দশরাত্রাদিব্যাপিতয়া চ সমানম্। এবমন্যানি বচনানি সর্ব্বত্র নির্গুণবিষয়তয়া ব্যাখ্যেয়ানি, তদ্বিরুদ্ধানি তু যথাযথং বেদাধ্যায়াদিসগুণ-সর্ব্বাশিত্বসর্ব্ববিক্রয়িকত্বাদ্যত্যন্তনির্গুণদেশভেদাদিনা চ ব্যবস্থেয়ানি॥ ৭৮॥

পৌনরুক্ত্যেতি। ত্রিরাত্রমাব্রতাদেশাদিত্যাদিনা ত্রিরাত্রদশরাত্রয়োর্ব্বিধানাৎ ত্রিরাত্রং দশরাত্রং চেত্যনেন পুনস্তদ্বিধানে পৌনরুক্ত্যং স্যাদিতি ভাবঃ। সবান্ধবমিত্যনেন একস্মিন্ দিনে তুল্যকালীনখণ্ডমরণাশৌচদ্বয়পাতে ভিন্নগোত্রস্যাপি ভাগিনেয়াদের্যাবদশৌচমস্পৃশ্যত্বং বোধ্যম্। বেদেতি বেদাদিনা সগুণেত্যর্থঃ। সর্ব্বাশিত্বেতি সর্ব্বাশিত্বাদিনাত্যন্তনির্গুণেত্যর্থঃ॥ ৭৮॥

যোগ্য কালের পূর্ব্বে মৃত্যুতে ত্রিরাত্র, এবং তাহার পর মৃত্যুতে দশ রাত্র অশৌচ"—যাজ্ঞবল্ক্যের এই বচনের সহিত উপরিউক্ত বচনের পুনরুক্তি দোষ ঘটিত। এক্ষণে দেখ, "শাবাশৌচের" অস্পৃশ্যত্বযুক্ত অশৌচ দেখিয়া "সূতক" শব্দেরও ঐরূপ অর্থ করা হইয়াছে। একদিনে তুল্যরূপ মরণাশৌচদ্বয় ঘটিলে, যাবদশৌচ সপিণ্ডমাত্রেরই যে, অস্পৃশ্যত্ব হয়, সে কথা অঙ্গিরা স্পষ্ট করিয়াই বলিয়াছেন, যথা—"যদি একটী মরণাশৌচের সহিত কোনও প্রকারে তুল্যরূপ আর একটী মরণাশৌচ সংঘটিত হয়, তাহা হইলে সমুদয় গোত্রজ ব্যক্তি বান্ধবগণের সহিত অস্পৃশ্য হইবে।" বচনে যে, "তুল্যরূপ" শব্দটী আছে, তাহার অর্থ—একদিনেই সংঘটন ও দশ দিন ব্যাপিত্ব এই উভয়বিধ ধর্ম্মহেতু সমান রূপ এইরূপ অশৌচকালের পরিমাণ বিধায়ক অন্যান্য যে সকল বচন দৃষ্ট হয়, তৎসমুদয়কেই সাধারণতঃ নির্গুণ সম্বন্ধীই বুঝিতে হইবে। এবং ইহার বিরুদ্ধ যে সকল বচন দৃষ্ট হইবে, তাহাদের মধ্যে যেখানে যেমন লাগে কোনটীকে বেদাধ্যয়ন, অগ্নিপরিচর্য্যাপর সগুণবিষয়ক, এবং কোনটীকে বা সর্ব্বভক্ষক, সর্ব্ববিক্রয়ী প্রভৃতি নির্গুণ বিষয়ক বলিয়া ব্যাখ্যা করিতে হইবে। ৭৮।

অথ মুমূর্ষুমৃতকৃত্যাদি।

হারীতঃ,—

"শূদ্রান্নেন তু ভুক্তেন উদরস্থেন যো মৃতঃ।

স বৈ খরত্বমুষ্ট্রত্বং শূদ্রত্বঞ্চাধিগচ্ছতি।"

"শূদ্রান্নং" শূদ্রস্বামিকান্নং, তদ্দত্তমপি ভোজনকালে তদ্‌-বহাস্থিতং যত্তদপি শূদ্রান্নম্‌। তদাহাঙ্গিরাঃ,—

"শূদ্রবেশ্মনি বিপ্রেণ ক্ষীরং বা যদি বা দধি।

নিবৃত্তেন ন ভোক্তব্যং শূদ্রান্নং তদপি স্মৃতম্‌॥"

"অপি"শব্দাৎ শাকাস্তদ্দত্তঘৃততণ্ডুলাদি, ন তু তদ্দত্তকপর্দকা-দিনা ক্রীতমপি। স্বগৃহাগতে পুনরঙ্গিরাঃ,—

অথ মুমূর্ষুমৃতকৃত্যাদি। উদরস্থেন শূদ্রান্নেনেত্যভিধানাদ্‌যত্র শূদ্রাদিনা ব্রাহ্মণাদয়ো ভোজ্যন্তে তত্র বিপ্রাদ্যুদরস্থেঽপ্যন্নে শূদ্রাদিস্বত্বং ন নশ্যতি, তথাচ ভোজনং ন স্বত্বনাশকমিতি ; যত্র তু ক্রয়প্রতিগ্রহাদিনা শূদ্রাৎ প্রতিগৃহীতং তণ্ডুলাদিকং ভুজ্যতে তত্র ন শূদ্রান্নভোজনং, ক্রয়াদিনা শূদ্রস্বত্বনাশাৎ। এতদভিপ্রেত্য ব্যাচষ্টে শূদ্রস্বামিকান্নমিতি। শূদ্রস্বত্ববিশিষ্টান্নং ন তু শূদ্রস্বত্বোপলক্ষিতান্নমিত্যর্থঃ। শূদ্রাৎ প্রতিগৃহীতান্নস্থলে বিশেষমাহ তদ্দত্তমপীতি। শূদ্রদত্তমপীত্যর্থঃ। তদ্‌গৃহাবস্থিতং

মুমূর্ষু এবং মৃত কৃত্যাদি।

এক্ষণে মুমূর্ষু এবং মৃত ব্যক্তি সম্বন্ধে কর্ত্তব্যের কথা বলা হইতেছে। হারীত বলেন,—"যদি কোনও (দ্বিজ) ব্যক্তি শূদ্রান্ন ভোজন করে, এবং সেই অন্ন পেটের মধ্যে না পচিতে পচিতে মৃত হয়, তাহা হইলে সে মৃত্যুর পর যথাক্রমে, গর্দ্দভ, উট, এবং শূদ্রজাতি প্রাপ্ত হয়।" মূল বচনে যে 'শূদ্রান্ন' শব্দ আছে, তাহার অর্থ—শূদ্রকর্ত্তৃক পকান্ন নহে কিন্তু শূদ্রস্বামিকান্ন। যদিও ঐ অন্ন দান করিবার পর উহাতে শূদ্রের স্বামিত্ব থাকে না, তথাপি উহা শূদ্রের গৃহে যে পর্য্যন্ত অবস্থিত হয়, সে পর্য্যন্ত শূদ্রান্ন বলিয়াই গণ্য হইবে। শূদ্রের গৃহে স্থিত অন্ন যে শূদ্রান্ন বলিয়া গণ্য হয়, সে কথা অঙ্গিরা বলিয়াছেন—যথা, "শূদ্রান্ন ভোজন হইতে নিবৃত্ত, অর্থাৎ শূদ্রান্ন ভোজন পরিত্যাগী ব্রাহ্মণ শূদ্রের গৃহে ক্ষীরটুকু দইটুকু অবধি খাইবে না। কারণ, উহাও শূদ্রান্ন বলিয়া পরিগণিত"। বচনে যে "তদপি" (উহাও) এই 'অপি' শব্দ আছে,

"যথা যতস্ততো হ্যাপঃ শুদ্ধিং যান্তি নদীং গতাঃ।
শূদ্রাদ্বিপ্রগৃহেষন্নং প্রবিষ্টন্তু সদা শুচি॥"
প্রবিষ্টং স্বত্বাপাদকপ্রতিগ্রহাদিনেতি শেষঃ। অতএব
পরাশরঃ—
"তাবদ্ভবতি শূদ্রান্নং যাবন্ন স্পৃশতি দ্বিজঃ।

শূদ্রগৃহাবস্থিতম্, শূদ্রবেশ্মনীতি তথাচ শূদ্রাৎ প্রতিগৃহীতমন্নাদিকং ব্রাহ্মণাদিগৃহে ভোক্তব্যং শূদ্রগৃহে তু তদ্ভোজনং বচনবলান্নিষিদ্ধমিতি ভাবঃ। নিরুক্তেন শূদ্রান্নভোজনান্নিবৃত্তেন, শূদ্রান্নং তদপি স্বত্বমিতানেন পারিভাষিকমিদং শূদ্রান্নভোজনমিতি সূচিতম্। তদপি তাদৃশক্ষীরাদাপি। যতস্ততঃ ইতি অপবিত্রস্থানাদপি আগতা

উহার দ্বারা শূদ্রকর্ত্তৃক প্রদত্ত সাক্ষাৎ খাদ্য ঘৃত তণ্ডুল ইত্যাদিরই বোধ করিতে হইবে। (১) কারণ শূদ্রকর্ত্তৃক প্রদত্ত কড়ি দিয়া ক্রীত অন্নের শূদ্রের গৃহে ভোজনে দোষ হইবে না। অর্থাৎ শূদ্র সাক্ষাৎ সম্বন্ধে যে ভোজ্য দ্রব্য দান করিবে, তাহাই শূদ্রগৃহে খাইলে শূদ্রান্ন বলিয়া পরিগণিত হইবে; কিন্তু শূদ্র প্রদত্ত পয়সা দিয়া বাজার হইতে ভোজ্যদ্রব্য কিনিয়া আনিয়া খাইলে উহা শূদ্রান্ন বলিয়া গণিত হইবে না। শূদ্রান্ন ব্রাহ্মণের বাড়ী আসিলে আর যে দোষাবহ থাকিবে না, একথাও অঙ্গিরা বলিয়াছেন, যথা—"যেরূপ যে কোনও স্থান হইতে জল আসিয়া নদীতে পড়িলেই শুদ্ধ হয়, সেইরূপ শূদ্রের অন্ন ব্রাহ্মণের বাড়ী আসিয়া প্রবিষ্ট হইলেই আর অশুদ্ধ থাকে না।" এই যে ব্রাহ্মণের বাড়ী আসিয়া "প্রবিষ্ট" হইবার কথা বলা হইল, উহা দ্বারা কেহ এরূপ না বুঝেন—শূদ্রের অন্ন ব্রাহ্মণের বাড়ীতে যে কোনও প্রকারে, অর্থাৎ অপহরণাদি দ্বারা গেলেই শুদ্ধ বলিয়া গণ্য হইবে, কিন্তু উহার তাৎপর্য্য এই যে, ব্রাহ্মণ যদি ঐ অন্নের উপর স্বীয় অধিকার উৎপাদক যথাবিধি প্রতিগ্রহাদি করিয়া ঐ অন্নকে আপনার বাড়ীতে প্রবিষ্ট করে, তবেই উহা শুদ্ধ হইবে। এইজন্য পরাশর বলিয়াছেন, "যে পর্য্যন্ত ব্রাহ্মণ শূদ্রান্ন স্পর্শ না করে, সেই পর্য্যন্তই উহা শূদ্রান্ন বলিয়া গণ্য হয়, ব্রাহ্মণের হস্ত দ্বারা যথাবিধি প্রতিগ্রহের পর স্পৃষ্ট হইবামাত্রই উহা হবিঃ সদৃশ পবিত্র হয়।" মূল

(১) ইহার তাৎপর্য্য এই—কেহ আশঙ্কা করিয়াছিল, শূদ্র যে ব্রাহ্মণকে ভোজন করিতে দিয়াছে, তাহাতে আর শূদ্রের অধিকার না থাকায়, তাহা আর শূদ্রান্ন হইল কিরূপে? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, প্রদত্ত অন্নও যে পর্য্যন্ত শূদ্রের গৃহে থাকিবে, উহা শূদ্রান্ন রূপেই গণ্য হইবে।

দ্বিজাতিকরসংস্পৃষ্টং সর্ব্বং তদ্ধবিরুচ্যতে॥"

"স্পৃশতি" প্রতিগৃহ্লাতীতি কল্পতরুঃ। তচ্চ সম্প্রোক্ষ্য গ্রাহ্যমাহ বিষ্ণুপুরাণম্,—

"সম্প্রোক্ষয়িত্বা গৃহ্লীয়াৎ শূদ্রান্নং গৃহমাগতম্।" তচ্চ পাত্রান্তরে গ্রাহ্যমাহাঙ্গিরাঃ,—

"স্বপাত্রে যত্তু বিন্যস্তং শূদ্রো যচ্ছতি নিত্যশঃ।
পাত্রান্তরগতং গ্রাহ্যং দুগ্ধং স্বগৃহমাগতম্॥"

এতেন স্বগৃহাগতস্যৈব শুদ্ধত্বং, তদ্গৃহগতস্যৈব শূদ্রান্নদোষভাগিত্বং প্রতীয়তে। ততশ্চৈতাদৃগপি মুমূর্ষুণা সর্ব্বথা শূদ্রান্নং ন ভোক্তব্যম্। পূজারত্নাকরে,—

"শালগ্রামশিলা যত্র তত্র সন্নিহিতো হরিঃ।

ইত্যর্থঃ। যচ্ছতি দদাতি। অত ইতি উদরস্থশূদ্রান্নস্য মরণে দোষশ্রুতেরিত্যর্থঃ। শূদ্রান্নভোজননিন্দা অন্যত্রাপ্যুক্তা, যথা,—শূদ্রান্নেন তু ভুক্তেন মৈথুনং যোঽধিগচ্ছতি। যস্যান্নং তস্য তে পুত্রাঃ অন্নাচ্ছ্রেতঃ প্রবর্ত্ততে॥ ব্রাহ্মণান্নেন দারিদ্র্যং ক্ষত্রিয়ান্নেন

বচনে 'স্পৃশতি' (স্পর্শ করে), এই যে ক্রিয়া পদটী আছে, কল্পতরু ইহার অর্থ "যে পর্য্যন্ত প্রতিগ্রহ না করে" এইরূপ করিয়াছেন। এবং উহা যথাবিধি প্রোক্ষণ করিয়াই যে গ্রাহ্য এ কথা বিষ্ণুপুরাণে বলা হইয়াছে; যথা—"গৃহে আগত শূদ্রান্ন সম্যক্‌রূপে প্রোক্ষণ করিয়াই গ্রহণ করিবে।" এবং অঙ্গিরা বলিয়াছেন—শূদ্রের বাড়ী হইতে যে পাত্র করিয়া অন্ন আনা হইবে, ব্রাহ্মণ সেই পাত্র শুদ্ধ ঐ অন্ন না লইয়া নিজের বাড়ীর অন্য পাত্রে উহা ভোজন করিবে, যথা—"শূদ্র প্রত্যহ নিজের পাত্র করিয়া, যে দুগ্ধ প্রদান করে, ব্রাহ্মণ ঐ দুগ্ধ আপনার বাড়ী আনিয়া অন্য পাত্রে ঢালিয়া ব্যবহার করিবে।" "বচনে স্বগৃহ মাগতং" এই কথার দ্বারা ব্রাহ্মণের নিজের গৃহে আগত বস্তুরই শুদ্ধতা, এবং শূদ্রগৃহে স্থিত ভক্ষ্য বস্তুর শূদ্রান্ন ভক্ষণ দোষে দূষিতত্ব প্রতীত হইতেছে। অতএব অর্থাৎ শূদ্রান্ন উদরে থাকিতে থাকিতে মৃত্যুর দোষ শ্রুতিহেতু মুমূর্ষু ব্যক্তির দুগ্ধাদিরূপ শূদ্রান্ন ভোজন করাও উচিত নহে। পূজা-রত্নাকরে বলা হইয়াছে "যেস্থলে শালগ্রামশিলা বিদ্যমান থাকে, সে স্থলে সাক্ষাৎ নারায়ণ সন্নিহিত হন।

তৎসন্নিধৌ ত্যজেৎ প্রাণান্ যাতি বিষ্ণোঃ পরং পদম্॥"

লিঙ্গপুরাণে,—

"শালগ্রামসমীপে তু ক্রোশমাত্রং সমন্ততঃ।

কীকটেঽপি মৃতো যাতি বৈকুণ্ঠভবনং নরঃ॥" "কীকটো' মগধঃ। গৌতমীয়ে,—

"শালগ্রামশিলারূপী হরিরেব ন সংশয়ঃ।"

বৈষ্ণবামৃতে ব্যাসঃ—

"তুলসীকাননে জন্তোর্যদি মৃত্যুর্ভবেৎ ক্বচিৎ।

স নির্ভৎর্স্য যমং পাপী লীলয়ৈব হরিং বিশেৎ॥

প্রয়াণকালে যস্যাস্যে দীয়তে তুলসীদলম্।

নির্ব্বাণং যাতি পক্ষীন্দ্র পাপকোটীযুতোঽপি সঃ॥"

কূর্ম্মপুরাণে,—

"গঙ্গায়াঞ্চ জলে মোক্ষো বারাণস্যাং জলে স্থলে।

বৈশ্যতাম্। বৈশ্যান্নেনাপি শূদ্রত্বং শূদ্রান্নৈর্নরকং ব্রজেৎ॥ ইত্যাদি। ত্যজেদিতি য ইতি এবং স ইতি চ পূরণীয়ম্। পাপী পাপাপি। প্রয়াণকালে মরণকালে। গঙ্গায়ামিত্যাদৌ সুপাংসুপা ষষ্ঠ্যর্থে সপ্তমী। তথাচ গঙ্গাজলং দেশান্তরেঽপি

অতএব যে ব্যক্তি শালগ্রামশিলার সমীপে প্রাণত্যাগ করে, সে বিষ্ণুর পরমপদ প্রাপ্ত হয়। লিঙ্গপুরাণে বলা হইয়াছে—"যদি কেহ মগধের ন্যায় অপবিত্র দেশেও শালগ্রামশিলার অবস্থান স্থানের এক ক্রোশ মধ্যেও মৃত হয়, তাহা হইলে সে মনুষ্য বৈকুণ্ঠভবনে গমন করে।" গৌতমীয় তন্ত্রে বলা হইয়াছে—"সাক্ষাৎ নারায়ণই যে শালগ্রামশিলারূপে অবস্থান করেন, এ বিষয়ে কোনও সংশয় নাই!" বৈষ্ণবামৃত নামক গ্রন্থে ব্যাসের এইরূপ একটী বচন উদ্ধৃত হইয়াছে—"যদি কোনও জন্তুর তুলসী বনে মৃত্যু হয়; তাহা হইলে সে পাপী হইলেও যমকে অবজ্ঞা করিয়া শ্রীবিষ্ণুর শরীরে প্রবেশ করে। হে পক্ষীন্দ্র! মৃত্যুর সময় যাহার মুখে তুলসীদল বিন্যস্ত করা হয়, সে কোটি কোটি পাপের পাপী হইলেও মোক্ষলাভ করে।" কূর্ম্মপুরাণে বলা হইয়াছে,—"মৃত ব্যক্তির মৃত্যুর সময়—কেবল

চান্তরীক্ষে চ গঙ্গায়াং গঙ্গাসাগরসঙ্গমে ॥"

চকারাৎ স্থলেঽপি ॥ ৭৯ ॥

ভুবনেশ্বরমধিকৃত্য ব্রহ্মপুরাণম্,—

"এষ বিশ্বেশ্বরো দেব এষা বৈ মণিকর্ণিকা।

কলাবন্তর্হিতা কাশী মুক্তিস্তত্র ন সংশয়ঃ ॥

যা গতির্যোগযুক্তস্য বারাণস্যাং মৃতস্য চ।

সা গতির্ঘটিকার্দ্ধেন পুরুষোত্তমদর্শনে ॥"

স্কান্দে,—

"গঙ্গায়াং ত্যজতঃ প্রাণান্ কথয়ামি বরাননে।

কর্ণে তৎ পরমং ব্রহ্ম দদামি নামকং পদম্ ॥

নীত্বা তত্র মরণে মোক্ষ ইতি গুরবঃ। মোক্ষো মোক্ষবিশেষঃ। গঙ্গো(?)
গঙ্গাসাগরসঙ্গমাবচ্ছিন্নগঙ্গায়ামিত্যর্থঃ ॥ ৭৯ ॥

কথয়ামীতি, কাশ্যাং বিশ্বেশ্বরো দেবঃ ক্ষেত্রে চ পুরুষোত্তমঃ। নারায়ণস্তু জাহ্নব্যাং কর্ণে দিশতি তারকমিতি। অত্রধা ইতি গঙ্গাক্ষেত্রধা অন্যত্রাপি মরণে ত্রিদিবং যান্তীত্যর্থঃ। মরণেনেতি গঙ্গায়াং মরণেন যৎ ফলম্, ইহ যোজনদ্বয়ে মরণে তৎফলং

মাত্র (ক্ষেত্রেই) গঙ্গার জল শরীরে সংলগ্ন হইলেই মোক্ষলাভ হ বারাণসীতে গঙ্গার জলেই হউক, অথবা স্থলেই হউক মৃত্যু হইলেই মোক্ষ লাভ হয়। এবং গঙ্গাসাগরসঙ্গমাস্থিত গঙ্গার উপর শূন্যপ্রদেশে মরিলেও মোক্ষলাভ হইবে। ঐ বচনে 'অন্তরীক্ষের' পর যে চকার আছে, উহার দ্বারা গঙ্গাসাগরসঙ্গম স্থলে মরিলেও যে মোক্ষলাভ হইবে, ইহাই বুঝাইতেছে। ৭৯?

ভুবনেশ্বর ক্ষেত্রের প্রসঙ্গে ব্রহ্মপুরাণে এইরূপ বলা হইয়াছে,—"ইহাই সাক্ষাৎ বিশ্বেশ্বর, এবং ইহাই সাক্ষাৎ মণিকর্ণিকা, কলিযুগে কাশী এইস্থানে অন্তর্হিত হইয়া রহিয়াছেন, এস্থলে মৃত্যু হইলে যে মুক্তিলাভ হইবে, সে বিষয়ে কোনও সন্দেহ নাই। যোগযুক্ত ব্যক্তির মৃত্যুর পর যে গতি লাভ হয়, বারাণসীতে মৃত ব্যক্তির মৃত্যুর পর যে গতি লাভ হয়, ক্ষণার্দ্ধমাত্র পুরুষোত্তম দর্শনকারী ব্যক্তিরও মৃত্যুর পর সেই গতি লাভ হইয়া থাকে।" স্কন্দপুরাণে বলা হইয়াছে—"হে বরাননে! যে ব্যক্তি গঙ্গায় প্রাণত্যাগ করে, আমি তাহার কর্ণে সেই পরমব্রহ্ম

তীরাদ্গব্যূতিমাত্রন্তু পরিতঃ ক্ষেত্রমুচ্যতে।
অত্র দানং জপো হোমো গঙ্গায়াং নাত্র সংশয়ঃ।
অত্রস্থাস্ত্রিদিবং যান্তি যে মৃতাস্তেঽপুনর্ভবাঃ॥" "গব্যূতিঃ"
ক্রোশযুগম্। তীর্থচিন্তামণৌ ব্রহ্মপুরাণম্,—
"অত্র দূরে সমীপে চ সদৃশং যোজনদ্বয়ম্।
গঙ্গায়াং মরণেনেহ নাত্র কার্য্যা বিচারণা॥"

এবং গঙ্গাদিমরণেন প্রাপ্তব্রহ্মলোকস্যাপ্যৌর্দ্ধদেহিকী ক্রিয়া তদধিকারিণা কর্ত্তব্যা নিত্যত্বাৎ। তথা চ ভাগবতে,—

ভবতীত্যর্থঃ। গঙ্গামরণপ্রকারশ্চ অর্দ্ধং নারায়ণক্ষেত্রে অর্দ্ধং কারণবারিণি ইত্যনেন বোধ্যঃ। প্রবাহমবধিং কৃত্বা যাবদ্ধস্তচতুষ্টয়ম্। অত্র নারায়ণঃ স্বামী নান্যঃ স্বামী কদাচন॥ কারণবারিণি গঙ্গাজলে। কূর্ম্মপুরাণে,—গঙ্গায়াং জ্ঞানতো মৃত্বা মুক্তিমাপ্নোতি মানবঃ। অজ্ঞানাদ্ব্রহ্মলোকঞ্চ যাতি নাস্ত্যত্র সংশয়ঃ॥ স্মৃতিঃ,—শুক্লপক্ষে দিবা ভূমৌ গঙ্গায়ামুত্তরায়ণে। ধন্যা দেহং বিমুঞ্চন্তি হৃদয়স্থে জনার্দ্দনে॥ আগ্নেয়ে,—অর্দ্ধোদকে তু জাহ্নব্যাং ম্রিয়তেঽনশনেন যঃ। স যাতি ন পুনর্জ্জন্ম ব্রহ্মসাযুজ্যমেতি চ॥ অর্দ্ধোদকং চরণাদ্যাভিপর্য্যন্তম্, অনশনেন অনশনব্রতেন। অযোধ্যা মথুরা মায়া কাশী কাঞ্চী অবন্তিকা। পুরী দ্বারাবতী চৈব সপ্তৈতা মোক্ষদায়িকাঃ॥ কাঞ্চী দ্রাবিড়ান্তর্গতা বিষ্ণুকাঞ্চী শিবকাঞ্চী চ। স্কান্দে,—ত্রিভিঃ সারস্বতং তোয়ং সপ্তভিস্ত্বথ যামুনম্। নার্ম্মদং দশভিশ্চ সৈর্গাঙ্গং বর্ষেণ জীর্য্যতি॥ নাভ্যন্তর্গতস্তোয়ানাং মৃতানাং কার্য্যা নেহিনাম্। তত্তীর্থফলাবাপ্তির্নাত্র কার্য্যা বিচারণা ইতি। গঙ্গাদিতীর্থেষু চতুর্ণামেব

মন্ত্র বলিয়া দিই, এবং মৃত্যুর পর আমার পদ তাহাকে প্রদান করি। গঙ্গার তীর হইতে চারি দিকে দুই ক্রোশ স্থান গঙ্গাক্ষেত্র নামে অভিহিত হয়, ঐ ক্ষেত্র মধ্যে অনুষ্ঠিত দান, জপ, এবং হোমাদি কার্য্য সাক্ষাৎ গঙ্গার তীরে অনুষ্ঠিত তথাবিধ ধর্ম্ম কার্য্যের যে তুল্য, এ বিষয়ে কোনও সন্দেহ নাই। এই ক্ষেত্রে বাস করতঃ যাহারা শরীর ত্যাগ করে, তাহারা স্বর্গে গমন করে, সংসারে আর তাহাদিগকে আসিতে হয় না।" তীর্থচিন্তামণিতে ব্রহ্মপুরাণের এইরূপ একটী বচন উদ্ধৃত হইয়াছে—"এ যোজনদ্বয়ের মধ্যে তীরের সমীপস্থ হউক, বা দূরবর্ত্তী হউক, সকল স্থানই তুল্যরূপ পবিত্র। ইহার মধ্যে যে কোনও স্থানে মৃত্যু হইলেই যে গঙ্গামরণের সমান ফললাভ হইবে, তদ্বিষয়ে আর বিচার করিতে হইবে না।" এইরূপ হইলেও অর্থাৎ গঙ্গাদিমরণে মৃতব্যক্তির যদিও ব্রহ্মলোক লাভ হইলেও,

"কৃষ্ণে এবং ভগবতি মনোবাগ্‌দৃষ্টিবৃত্তিভিঃ।
আত্মন্যাত্মানমাবেশ্য সোহন্তঃশ্বাসমুপারমৎ॥
সম্পদ্যমানমাজ্ঞায় ভীষ্মং ব্রহ্মণি নিষ্কলে।
সর্ব্বে বভূবুস্তে তূষ্ণীং বয়াংসীব দিনাত্যয়ে॥
তস্য নির্হরণাদীনি সম্পরেতস্য ভার্গব।
যুধিষ্ঠিরঃ কারয়িত্বা মুহূর্ত্তং দুঃখিতোহভবৎ॥"

"কৃষ্ণে আত্মনি" পরমাত্মনি, আত্মানং স্বীয়াত্মানং নিবেশ্য একীকৃত্য স ভীষ্ম উপারমৎ মুক্তিং গতবান্। "নিষ্কলে" নিরুপাধৌ ব্রহ্মণি, সম্পাদ্যমানং মিলিতমাজ্ঞায় আলক্ষ্য, "তস্য" ভীষ্মস্য, "নির্হরণাদীনি" সংস্কারাদীনি সম্পরেতস্য সম্যক্ পরেতস্য মুক্তস্যাপি, ভার্গব ইতি শৌনকসম্বোধনম্। এবঞ্চৈ-

---

বর্ণানাম্, উদকমধ্যে শরীরার্দ্ধং দত্ত্বা ভূমিস্পর্শনমবশ্যং কারয়িতব্যম্। তথাচ বিষ্ণুপুরাণে ভারতবর্ষমধিকৃত্য,—ইতঃ সংপ্রাপ্যতে স্বর্গো মুক্তিমস্মাৎ প্রয়াতি চ। তির্য্যক্ত্বং নারকিত্বং বা যান্ত্যত্র মনুজা মুনে ইতি। নিত্যত্বাৎ অকরণে প্রত্যবায়াৎ, তথাচ যদকরণে প্রত্যবায়স্তন্নিত্যমিতি। প্রাপ্তমোক্ষস্যাপি ঔর্দ্ধদেহিকী ক্রিয়া, নিত্যত্বাৎ কর্ত্তব্যেতি মহাজনব্যবহারেণ দ্রঢ়য়তি তথাচেতি। বয়াংসি পক্ষিণঃ। নিরুপাধাবিতি

ঔর্দ্ধদেহিক কার্য্যে অধিকারিগণের, তাহার উদ্দেশে শ্রাদ্ধাদি ঔর্দ্ধদেহিক কার্য্য অবশ্য কর্ত্তব্য; কারণ অধিকারিগণের পক্ষে ঐ শ্রাদ্ধাদির অনুষ্ঠান নিত্য, অর্থাৎ অপরিহার্য্য। এ বিষয়ে ভাগবতের প্রমাণ যথা—"হে ভার্গব! সেই ভীষ্ম পরমাত্মস্বরূপ ভগবান্ কৃষ্ণে বাঙ্মনোবৃত্তি দ্বারা নিজে আত্মার সন্নিবেশ করিয়া মুক্তিলাভ করিয়াছিলেন; এবং সেই পাণ্ডবগণ ভীষ্মকে নিষ্কল অর্থাৎ নির্ব্বিকার (নিরুপাধি) ব্রহ্মে লয় প্রাপ্ত হইতে দেখিয়া দিনবাসনে পক্ষিগণের ন্যায় নিঃশব্দে সেই স্থানে অবস্থান করিয়াছিলেন। হে ভার্গব! সেই ভীষ্ম সম্যক্ মুক্তি প্রাপ্ত হইলেও যুধিষ্ঠির তাঁহার অন্ত্যেষ্টি ক্রিয়া সমাপন করিয়া মুহূর্ত্তকালের জন্য দুঃখিত হইয়াছিলেন।" ঐ বচনে যে 'ভার্গব' পদটী আছে, উহা শৌনকের সম্বোধন। যদি এইরূপ হইল, অর্থাৎ তীর্থবিশেষে মৃত্যুহেতু মোক্ষপ্রাপ্ত ব্যক্তিরও ঔর্দ্ধদেহিক ক্রিয়া

তেষামপি তত্তৎকর্ম্মণি তত্তদ্বচনোপাত্তপ্রেতপদস্য, পিতৃপদস্য চ মন্ত্রাদিষু যথাযথং বাচনিকত্বাৎ প্রয়োগঃ সংগচ্ছতে ॥ ৮০ ॥

ব্যাসঃ,—

"আসন্নমৃত্যুনা দেয়া গৌঃ সবৎসা চ পূর্ব্ববৎ।
তদভাবে চ গৌরেকা নরকোদ্ধারণায় বৈ ॥
তদা যদি ন শক্নোতি দাতুং বৈতরণীঞ্চ গাম্।
শক্তোঽন্যোঽরুক্ তদা দত্ত্বা শ্রেয়ো দদ্যান্মৃতস্য চ ॥"

"পূর্ব্ববৎ" হেমশৃঙ্গাদিনা। অত্র "মৃতস্য চে"তি শ্রবণাৎ একাদশাহেঽপি বৈতরণীদানাচারঃ। বনপর্ব্বণি,—

কার্য্যোপাধিকারণোপাধিরহিতে। তদুক্তং ভগবচ্ছঙ্করাচার্য্যৈঃ,—"কার্য্যোপাধিরয়ং জীবঃ কারণোপাধিরীশ্বরঃ। কার্য্যকারণতাং হিত্বা পূর্ণবোধোঽবশিষ্যতে ইতি। কার্য্যোপাধিঃ অবিদ্যোপাধিঃ কারণোপাধির্মায়োপাধিঃ ॥ ৮০ ॥

অরুক্ কুষ্ঠাদিরোগরহিতঃ। বৈতরণীদানেতি আসন্নমৃত্যুনা যা গৌর্দীয়তে তস্যা

অবশ্য কর্ত্তব্য হইল, তাহা হইলে ঐরূপ মরণের পর ব্রহ্মত্বাদি, বা মোক্ষ প্রাপ্ত ব্যক্তিদিগেরও সেই সেই ঔর্দ্ধদেহিক শ্রাদ্ধাদি কার্য্যের মন্ত্রের পাঠ অনুসারে কিম্বা মৃতব্যক্তির উদ্দেশে যে প্রেত এবং পিতৃপদের প্রয়োগ করা হয়, তাহাও সঙ্গত হইল, কেন না মন্ত্রে ঐরূপ পদের প্রয়োগ তত্তৎকর্ম্মবিধায়ক বচনানুসারেই করা হইয়া থাকে। অর্থাৎ, তাদৃশ ব্যক্তির জন্য যদি ঐ সকল কর্ম্ম করাই অপরিহার্য্য হইল, তবে ঐ কর্ম্ম-বিধায়ক বচনে যেরূপভাবে মন্ত্রের প্রয়োগ করিতে বলা হইয়াছে, সেইরূপভাবে মন্ত্রের প্রয়োগ করাই উচিত ॥ ৮০ ॥

ব্যাস বলিয়াছেন, 'মুমূর্ষু' ব্যক্তি নরক হইতে উদ্ধারের জন্য পূর্ব্ববৎ (সুবর্ণ-শৃঙ্গাদি বিশিষ্ট) সবৎসা গাভী দান করিবে, যদি সবৎসা গাভীর অভাব ঘটে, তবে কেবলমাত্র একটী গাভীই দান করিবে। যদি সেই সময় মুমূর্ষু স্বয়ং বৈতরণী গাভী প্রদান করিতে সমর্থ না হয়, তাহা হইলে অরুক্ (রোগশূন্য অর্থাৎ —ধর্ম্মকার্য্য করিতে অধিকারী) মুমূর্ষুর পুত্রাদি অপর কেহ, ঐরূপ বৈতরণী গাভী এবং মৃত ব্যক্তির পারত্রিক মঙ্গলকর অন্য বস্তু সকল প্রদান করিবে। এই বচনে 'মৃত' এই শব্দটীর ব্যবহার থাকায়, একাদশাহে অর্থাৎ মৃতব্যক্তির অশৌচান্ত

"সার্থঃ প্রবসতো মিত্রং ভার্য্যা মিত্রং গৃহে সতঃ।
আতুরস্য ভিষক্ মিত্রং দানং মিত্রং মরিষ্যতঃ॥"

বরাহপুরাণে,—

"ব্যতীপাতোহথ সংক্রান্তিস্তথৈব গ্রহণং রবেঃ।
পুণ্যকালাস্তদা সর্ব্বে যদা মৃত্যুরুপস্থিতঃ।
গোভূতিলহিরণ্যাদি দত্তমক্ষয়তামিয়াৎ॥"

নিরবকাশত্বাদত্র মলমাসাদিদোষো নাস্তি। সূতকমপি ন। তথাচ শুদ্ধিরত্নাকরে দক্ষঃ,—

নাম বৈতরণীতি এবং যমদ্বারাবস্থিতনদ্যা অপি নাম বৈতরণীতি বোধ্যম্। সার্থঃ সহগন্তা সাথীতি প্রসিদ্ধঃ। সতো বিদ্যমানস্য। ভিষগ্বৈদ্যঃ। মরিষ্যতঃ আসন্নমৃত্যোঃ। ব্যতীপাতে ইতি। শ্রবণাশ্বিধনিষ্ঠাদ্র্যা নাগদৈবতমস্তকে। যদ্যমা রবিবারেণ ব্যতীপাতঃ স উচ্যতে॥ নাগদৈবতমশ্লেষা, মস্তকং মৃগশিরঃ, অমা অমাবস্যা।

দ্বিতীয় দিনেও বৈতরণীদানের প্রথা দেখা যায়; বনপর্ব্বে লিখিত হইয়াছে, "প্রবাসী ব্যক্তির সঙ্গের সাথীই মিত্র, অর্থাৎ যে ব্যক্তি প্রবাসে আপদ্‌গ্রস্তের সঙ্গ পরিত্যাগ না করে, সেই পরম মিত্র, গৃহে বাসকারীর ভার্য্যাই মিত্র, রোগীর বৈদ্যই মিত্র, এবং মুমূর্ষু ব্যক্তির দানই মিত্র।" বরাহপুরাণে বলা হইয়াছে—"যে সময় মৃত্যু আসিয়া মনুষ্যের নিকট উপস্থিত হয়, সেই সময় ব্যতীপাত, সংক্রান্তি, সূর্য্যের গ্রহণ, ইত্যাদি দান বিষয়ে প্রশস্ত পুণ্যকাল সকলই 'সেই মুমূর্ষুর নিকট আসিয়া উপস্থিত হয়। সুতরাং সেই সময় গাভী, ভূমি, তিল, এবং হিরণ্যদানে অক্ষয় ফল লাভ হয়।" মুমূর্ষুর দান নিরবকাশ হওয়ায় অর্থাৎ মুমূর্ষু-ভিন্ন অন্য অবস্থায় ঐ সকল দান ইচ্ছামত সময়ে কর্ত্তব্যরূপে বিহিত না হওয়ায়, এবং কেবল মুমূর্ষু অবস্থাতেই কর্ত্তব্যরূপে বিহিত হওয়ায়, ঐ দানের প্রতি মলমাসাদি প্রতিবন্ধক হইবে না, অশৌচও প্রতিবন্ধক হইবে না, শুদ্ধ; অশুদ্ধ সকল সময়ই ঐ দান করা যাইবে; ঐ সময়ের দানের প্রতি অশৌচও যে প্রতিবন্ধক হইবে না, তৎসম্বন্ধে শুদ্ধিরত্নাকর নামক গ্রন্থে দক্ষের নিম্নলিখিত বচনটী প্রমাণরূপে উদ্ধৃত হইয়াছে। যথা—

"সুস্থকালে ত্বিদং সর্ব্বং সূতকং পরিকীর্ত্তিতম্।
আপদ্গতস্য সর্ব্বস্য সূতকেঽপি ন সূতকম্॥" ৮১ ॥

ত্রিপুষ্করাশান্তিরপি কার্য্যা। স চ যোগঃ। শ্রীপতি-রত্নমালায়াম্,—

"বিষমচরণং ধিষ্ট্যং ভদ্রা তিথির্যদি জায়তে,
দিনকরশনিক্ষ্মাপুত্রাণাং কথঞ্চন বাসরে।
মুনিভিরুদিতঃ সোঽয়ং যোগস্ত্রিপুষ্করসংজ্ঞিতঃ,
ত্রিগুণফলদো বৃদ্ধৌ নষ্টে হৃতে চ মৃতে স্মৃতঃ॥"

"বিষমচরণং ধিষ্ট্যম্" একত্রিপাদরূপেণ উভয়রাশিপ্রবিষ্টং নক্ষত্রং, কৃত্তিকা পুনর্ব্বসু প্রভৃতি।

সূতকমপি নেতি দোষজনকমিতি শেষঃ। সূতকেঽপীতি অশৌচে সত্যপি অশৌচং ন দোষাবহমিত্যর্থঃ॥ ৮১॥

উক্ত সূত্রের এইরূপ অর্থ হইতেছে, অবনেজন, পিণ্ডদান এবং প্রত্যবনেজন কার্য্যে প্রেতের নাম গ্রহণপূর্ব্বক প্রেতপিণ্ড দান সমাপন করিয়া আকাশে রাত্রিকালে হে প্রেত! ইহাতে স্নান কর, এবং ইহা পান কর, এই বলিয়া দুগ্ধ এবং জল স্থাপন করিবে। 'আকাশে স্থাপন করিবে', ইহার তাৎপর্য্য—ত্রিকাষ্ঠের উপর মৃন্ময়পাত্রে রাখিবে। আদিপুরাণে বলা হইয়াছে—"যে ব্যক্তি প্রথম দিনে সমাহিতচিত্তে যত্নপূর্ব্বক প্রেতকে অন্নদান করিবে, সেই ব্যক্তিই অবশিষ্ট নয় দিনও অন্ন দান করিবে। স্নান করিয়া সুসংযতচিত্তে নূতন মৃন্ময়-ভাণ্ড গ্রহণপূর্ব্বক, সকল প্রকার দোষনাশক অর্থাৎ সকল প্রকার ভয়ের নিবারক, লগুড় হস্তে লইয়া জল আনয়ন করিবে। তাহার পর উত্তর পূর্ব্ব-দিকে অর্থাৎ ঈশানকোণে অগ্নি প্রজ্বালিত করিয়া, প্রসৃতি (এক অঞ্জলি) পরিমিত তণ্ডুল দুইবার প্রক্ষালিত করিয়া তাহাতে স্বয়ং পাক করিবে। পরে

তৎপৃষ্ঠে সংস্তরেদ্দর্ভান্ যাম্যাগ্রান্ কেশসম্ভবান্।
ততোঽবনেজনং দদ্যাৎ সংস্মরন্ গোত্রনামনী॥
তিলসর্পির্মধুক্ষীরৈঃ সাধিতং তপ্তমেব হি।
দদ্যাৎ প্রেতায় পিণ্ডন্তু দক্ষিণাভিমুখঃ স্থিতঃ॥
ফলমূলগুড়ক্ষীর-তিলমিশ্রন্তু কুত্রচিৎ॥
অর্ঘ্যৈঃ পুষ্পৈস্তথা দীপৈর্ধূপৈস্তোয়ৈঃ সুশীতলৈঃ।
ঊর্ণাতন্তুময়ৈঃ শুভ্রৈর্বাসোভিঃ পিণ্ডমর্চ্চয়েৎ॥
প্রয়াতি যাবদাকাশং পিণ্ডাদ্বাষ্পময়ী শিখা।

পূরকপিণ্ডদানং বাটীদ্বারদেশে কর্ত্তব্যং, তত্র শস্যমৃত্তিকয়া বেদীং কৃত্বা তত্র কুশাদিকং বিন্যস্য পিণ্ডাদিকং দদ্যাদিত্যর্থঃ। যাম্যাগ্রান্ দক্ষিণাগ্রান্ দেশসম্ভবানুত্তমদেশজাতান্। মৎস্যপুরাণে,—প্রেতীভূতস্য সততং ভুবি পিণ্ডং জলং তথা। সকুশং সতিলং দদ্যাদ্বহিরুদকসমীপতঃ॥ তথা পুলস্ত্যঃ,—তিলমিশ্রন্তু দর্ভেষু পিণ্ডং দক্ষিণতো হরেৎ। দ্বারদেশে প্রদাতব্যো দেবতায়তনেষু বা॥ শালিভিঃ শক্তুভির্বাপি শাকৈর্বাপ্যথ নির্ব্বপেৎ। প্রথমেঽহনি যদ্ দ্রব্যং তদেব স্যাদ্দশাহিকম্॥ দক্ষিণতো দক্ষিণাগ্রেষু কুশেষু। যত্তু, প্রেতপিণ্ডং বহির্দদ্যাদ্দর্ভমন্ত্রবিবর্জ্জিতমিতি মরীচিবচনে দর্ভবর্জ্জনমুক্তং তদকৃতচূড়া যে বালা যে চ গর্ভাদ্বিনিঃসৃতাঃ। মৃতা যে চাপ্যসংস্কারাস্তেষাং ভূমৌ প্রদীয়তে ইতি হারলতাবচনৈকবাক্যত্বাৎ ষণ্মাসাভ্যন্তরে মৃতস্য মোহাদ্দগ্ধস্য বিহিতকালেঽপ্যকৃতচূড়স্য বিহিতকালেঽপ্যকৃতোপনয়নস্য চ জ্ঞেয়ম্। মন্ত্রবর্জ্জনন্তু সামান্যপ্রকরণাৎ সর্ব্বস্যৈব পিণ্ডপ্রক্রিয়োপযোগি যাবন্মন্ত্রাণাং পাঠনিষেধকং মন্ত্রবর্জ্জনাচ্চ মণ্ডলিকারেখাকরণাদি-পিণ্ডপ্রক্রিয়াঃ সর্ব্বাঃ কার্য্যাঃ ইত্যায়াতম্। গুণনিরত্যা মুখ্যনিবৃত্তের্ন্যায্যত্বাৎ প্রেতপিণ্ডমিতি বচনাৎ চতুর্থাহাদিশ্রাদ্ধে মন্ত্রপাঠোঽস্ত্যেবেতি বোধ্যম্। কুত্রচিদিতি দ্বারোপান্তেঽন্যত্র বা জলসমীপাদৌ ইত্যর্থঃ। বাষ্পময়ী ধূমময়ী তৎসংমুখঃ ততস্তদনন্তরং সর্ব্বে

দ্বারোপান্তে কেশকীটসম্পর্ক শূন্য ও তিল দ্বারা মিশ্রিত অথবা কেবল শ্বেত মৃত্তিকা নিক্ষেপ করিয়া, উহার উপর দক্ষিণাগ্র করিয়া পবিত্র ভূমিতে জাত কুশ সকল আস্তরণ করিবে। তাহার পর গোত্র ও নাম উচ্চারণ করত তিল, ঘৃত, মধু এবং দুগ্ধ দ্বারা নিষ্পাদিত তপ্ত অবনেজন দান করিবে, এবং দক্ষিণাভিমুখ হইয়া প্রেতের উদ্দেশে পিণ্ডদান করিবে। এবং ঐ পিণ্ডকে কখনও কখনও ফল, মূল, গুড়, দুগ্ধ এবং তিলমিশ্রও করিবে। ঐ পিণ্ডকে অর্ঘ্য, পুষ্প, দীপ, ধূপ, সুশীতল জল এবং মেষলোমনির্ম্মিত বিশুদ্ধ বস্ত্রের

তাবত্তৎসম্মুখস্তিষ্ঠেৎ সর্ব্বং তোয়ে ততঃ ক্ষিপেৎ ॥
দিবসে দিবসে দেয়ঃ পিণ্ড এবংক্রমেণ তু ।
সদ্যঃশৌচেঽপি দাতব্যাঃ সর্ব্বেঽপি যুগপত্তথা ॥
ত্র্যহাশৌচে প্রদাতব্যাঃ প্রথমে ত্বেক এব হি ।
দ্বিতীয়েঽহনি চত্বারস্তৃতীয়ে পঞ্চ চৈব হি ॥
একস্তোয়াঞ্জলিস্ত্বেবং পাত্রমেকঞ্চ দীয়তে ।
দ্বিতীয়ে দ্বে তৃতীয়ে ত্রীন্ চতুর্থে চতুরস্তথা ॥
পঞ্চমে পঞ্চ ষষ্ঠে ষট্ সপ্তমে সপ্ত এব চ ।
অষ্টমেঽষ্টৌ চ নবমে নবৈব দশমে দশ ॥
যেন স্যুঃ পঞ্চপঞ্চাশত্তোয়স্যাঞ্জলয়ঃ ক্রমাৎ ।

পিণ্ডা যুগপদেকস্মিন্ দিনে। প্রথমে প্রথমেঽহনি। একঃ একঃ পিণ্ডঃ একস্তোয়াঞ্জলিরিতি প্রথমেঽহনি পিণ্ডসমীপে একস্মিন্ আমপাত্রে একস্তোয়াঞ্জলির্দেয়ঃ। দ্বিতীয়েঽহনি পিণ্ডসমীপে আমপাত্রদ্বয়ে তোয়াঞ্জলিদ্বয়ং দেয়ম্, এবং ক্রমেণ বোধ্যম্। তোয়াঞ্জলিদানমমন্ত্রকং বোধ্যম্। শুদ্ধিকৌমুদ্যাং পারস্করঃ,—অবনেজনবৎ পিণ্ডপ্রত্যবনেষু জলেষু নামগ্রহণমিতি। অত্রাবনেজনবয়পিণ্ডদানে এবৈব নামগ্রহণনিয়মাৎ অন্যেষু জলাঞ্জলিমাল্যার্ঘ্যগন্ধপুষ্পধূপদীপোর্ণাতন্তুদানাদিষু নামগ্রহণং ন কার্য্যং, কিন্তু এষ তে জলাঞ্জলিরিত্যাদিপ্রয়োগমাত্রমিত্যুক্তম্। পাত্রম্,আমপাত্রম্, তোয়পাত্রাণি আমপাত্রাণি, আমমৃচ্ছকলাদিনেতি ছন্দোগপরিশিষ্টাৎ। তাবন্তি পঞ্চ-

দ্বারা অর্চ্চিত করিবে। যে পর্য্যন্ত ঐ উত্তপ্ত পিণ্ড হইতে বাষ্পময়ী শিখা আকাশে উদ্গত হইবে, তাবৎকাল পিণ্ডসম্মুখে দণ্ডায়মান হইয়া থাকিবে। তাহার পর ঐ সকল বস্তু জলে নিক্ষেপ করিবে। প্রতিদিনই এইরূপ ক্রমে পিণ্ডদান করিবে, সদ্যঃশৌচ স্থলেও সমুদয় পিণ্ডগুলি একবারে প্রদান করিবে।” ত্র্যহাশৌচস্থলে প্রথম দিনে একটী পিণ্ডই প্রদান করিবে, দ্বিতীয় দিনে চারিটী, এবং তৃতীয় দিনে পাঁচটী পিণ্ড প্রদান করিবে। এবং প্রথম দিনে জলাঞ্জলির নিমিত্ত একটী পাত্র প্রদান করিবে, দ্বিতীয় দিনে দুইটী, তৃতীয় দিনে তিনটী, চতুর্থ দিনে চারিটী, পঞ্চম দিনে পাঁচটী, ষষ্ঠ দিনে ছয়টী সপ্তম দিনে সাতটী, অষ্টম দিনে আটটি, নবম দিনে নয়টি এবং দশম দিনে দশটী পাত্র প্রদান করিবে। যেহেতু এইরূপ ক্রমে বর্দ্ধিত হইয়া শেষ দিনে

তোয়পাত্রাণি তাবন্তি সংযুক্তানি তিলাদিভিঃ॥” অত্রা“হঃ” পদমহোরাত্রপরম্।

“রাহুদর্শনসংক্রান্তিবিবাহাত্যয়বৃদ্ধিষু।

স্নানদানাদিকং কুর্য্যু র্নি”শি কাম্যব্রতেষু চ॥ ইতি দেবলবচনে “অত্যয়ে” মরণে রাত্রাবপি স্নানদানাদিবিধানাৎ। এবমেব শ্রাদ্ধবিবেকঃ। অতএব প্রাগুক্তবিষ্ণুপুরাণবচনে“হন্যু-দিনমি”তি, “দিবা” চেতি পৃথগুক্তম্। পিণ্ডদানে অন্বহ্নিন-মিত্যত্র ‘দিনপদ’শ্রবণাৎ দিনপদমহোরাত্রপরম্, ভোজনে ‘দিবা’ চেতি দিবাপদং সূর্য্যাবচ্ছিন্নকালপরম্। অন্যথা পূর্ব্বত্রাপি

পঞ্চাশৎসংখ্যকানি, তিলাদিভিরিতি আদিনা পুষ্পাদিপরিগ্রহঃ। প্রথমেঽহনি সো দদ্যাদিত্যত্রাহোরাত্রপরমিতি তেন রাত্রাবপি পিণ্ডদানং কার্য্যমিতি ভাবঃ। অর্ঘ্যাদিভিরর্ণাভন্তবস্ত্রান্তেঃ পিণ্ডার্চ্চনং তূষ্ণীমেব কার্য্যং ন তু নামগোত্রাদ্যুল্লেখঃ, তূষ্ণীং প্রসেচনং পুষ্পং ধূপং দীপং তথৈব চ ইতি শুনঃপুচ্ছবচনাৎ। প্রাগুক্তবিষ্ণুপুরাণে ইতি দদ্যাত্ততোঽন্বহ্নিনং পিণ্ডং প্রেতায় ভুবি পার্থিব। দিবা চ ভক্তং ভোক্তব্যমমাংসং মনুজর্ষভ ইতি প্রাগুক্তেত্যর্থঃ। সূর্য্যাবচ্ছিন্নেতি তথাচ মরণাশৌচে রাত্রৌ ন ভোক্তব্যং কিন্তু দিবৈবেতি ভাবঃ। পূর্ব্বত্রাপি অন্বহ্নিনমিত্যত্রাপি, তথাত্বে সূর্য্যাবচ্ছিন্ন-

পঞ্চাশটী অঞ্জলির সংখ্যা হয়, এই জন্য তাবৎ পরিমিত জলপাত্র প্রস্তুত করিবে।” পূর্ব্বোক্ত “প্রথম দিনে” ইত্যাদি বচনে যে ‘অহঃ’ শব্দটী আছে, তাহাতে অহোরাত্র এই উভয়কেই বুঝিতে হইবে। কারণ “রাহুদর্শন (গ্রহণ), সংক্রান্তি, বিবাহ, মৃত্যু, পুত্রজননাদি বৃদ্ধি সময়ে, এবং কাম্যব্রতে রাত্রিতে স্নান দানাদি করিতে পারে।” এই দেবলবচনে মরণেও রাত্রিকালে স্নান-দানের বিধান হইয়াছে। শ্রাদ্ধবিবেককারও ঐ কথা বলেন। এইজন্যই পূর্ব্বোক্ত বিষ্ণুপুরাণের বচনে ‘অন্বহ্নিন’ এবং ‘দিবা’ এই দুইটী শব্দ পৃথক্ পৃথক্ করিয়া উক্ত হইয়াছে। পিণ্ডদান বিষয়ে অন্বহ্নিন এই শব্দটী ব্যবহার করায় দিন শব্দটি অহোরাত্রেরই বোধ করাইতেছে। এবং ভোজন বিষয়ে যে “দিবা” শব্দের ব্যবহার করা হইয়াছে, ঐ দিবা শব্দের অর্থ—সূর্য্য-কিরণাবচ্ছিন্নকালমাত্র। কারণ এরূপ না বলিলে, দিন শব্দের অর্থও যদি ‘সূর্য্যকিরণাবচ্ছিন্নকাল মাত্র’ এইরূপ করা হয়, তাহা হইলে বচনে ‘দিবা চ’ এই

তথাহে দিবা চেতি পৌনরুক্ত্যাপত্তেঃ। এতেন দিবসপদশ্রবণাৎ 'রাত্রৌ পিণ্ডো ন দেয়' ইতি মৈথিলমতমপাস্তম্।

অত্র "দশদিনপর্য্যন্তং পিণ্ডদানাভিধানাৎ, 'পিণ্ডযজ্ঞাবৃতা দেয়ং প্রেতায়ান্নং দিনত্রয়মি'তি যাজ্ঞবল্ক্যীয়দিনত্রয়পিণ্ডদানমাবশ্যকার্থমস্পৃশ্যত্বেঽপি তদ্দানার্থঞ্চে"তি হারলতাদয়ঃ। "স এব" ইত্যেবকারাৎ প্রথমপিণ্ডদাতৈব দশপিণ্ডদানেঽধিকারীতি দর্শয়তি। তেন যদি পুত্রাদেরসন্নিধানেঽন্যেন প্রথমপিণ্ডো দত্তঃ, পুত্রাদেরাগমনেঽপি দাশাহিকপিণ্ডদানং পুত্রাদিনা ন কর্ত্তব্যং, পুত্রাদিস্তু দাশাহিকপিণ্ডদানব্যতিরিক্তং কর্ম্মসমস্তং কুর্য্যাৎ, ইতি হারলতা। আশ্বলায়নগৃহ্যপরিশিষ্টম্,—

কালপরত্বে। দিবসপদেতি দিবসবাচকপদেত্যর্থঃ। তাদৃশপদঞ্চ প্রথমেঽহনীত্যত্রাহঃপদম্ অস্থিনিমিত্তাত্র দিনপদম্। পিণ্ডযজ্ঞাবৃতা পিণ্ডদানপরিপাট্যা প্রেতপিণ্ডদানমিত্যর্থঃ। দিনত্রয়েতি তথাচ শক্তেনাপি দিনত্রয়ং প্রেতায়ান্নমবশ্যং দেয়মিত্যর্থঃ। স এবেতি

কথাটির পুনরুক্তি হইয়া পড়ে। এই যে সিদ্ধান্ত করা হইল, ইহা দ্বারা মৈথিলগণ যে ব্যবস্থা করিয়াছিলেন, বচনে 'দিবস' এই পদটী ব্যবহৃত হওয়ায়, 'রাত্রে পিণ্ডদান করিবে না' এই ব্যবস্থাও খণ্ডিত হইল। উক্ত আদিপুরাণীয় বচনে দশম দিন অবধি পিণ্ডদানের বিধি কথিত হওয়ায়, যাজ্ঞবল্ক্য যে বলিয়াছেন, "প্রেতকে দিনত্রয় যাবৎ পিণ্ডদানের পরিপাটীক্রমে পিণ্ডদান করিবে" এই বচন দ্বারা দিনত্রয় যে পিণ্ডদানের বিধান করা হইয়াছে, তাহাতে এইমাত্র জানান হইয়াছে যে, ঐ তিন দিন পিণ্ডদান অবশ্য কর্ত্তব্য, অর্থাৎ ঐ দিনত্রয় অস্পৃশ্যত্ব থাকিলেও পিণ্ডদানের ব্যাঘাত হইবে না, হারলতাদিতে এইরূপই মীমাংসা করা হইয়াছে। উক্ত বচনে "স এব" (সেই ব্যক্তিই), এইরূপে "এব"কারের ব্যবহার হওয়ায়, প্রথম পিণ্ডদানকর্ত্তাই যে দশ পিণ্ডদানের অধিকারী ইহাই দেখান হইয়াছে—মৃত্যুকালে পুত্রাদির অসন্নিধান বশতঃ যদি অপর ব্যক্তি প্রথম পিণ্ডদান করে, পরে পুত্রাদির আগমনের পরও দশ দিন যাবৎ কর্ত্তব্য পিণ্ডদান সেই ব্যক্তিই করিবে, পুত্রাদি আর করিবে না। পুত্রাদি দশ পিণ্ডদান ছাড়া আর আর সমুদয়

"অসগোত্রঃ সগোত্রো বা যদি স্ত্রী যদি বা পুমান্।
প্রথমেঽহনি যো দদ্যাৎ স দশাহং সমাপয়েৎ॥" ন চ
ভরতকর্ত্তৃকপিণ্ডদানমত্রয়ম্,—
"ঐঙ্গুদং বদরোন্মিশ্রং পিণ্যাকং দর্ভসংস্তরে।
ন্যুপ্য পিণ্ডং ততো রাম ইদং বচনমব্রবীৎ॥
ইদং ভুঙ্‌ক্ষ্ব মহারাজ প্রীতো যদশনা বয়ম্।
যদন্নঃ পুরুষো রাজংস্তদন্নাঃ পিতৃদেবতাঃ॥" ইত্যযোধ্যা-
কাণ্ডে পিণ্ডদানশ্রবণাৎ প্রধানাধিকারিণাপি দশপিণ্ডা দেয়া ইতি
বাচ্যম্, তত্র,—
"ভরতশ্চেৎ প্রতীতঃ স্যাদ্রাজ্যং প্রাপোদমুত্তমম্।
প্রেতার্থং যৎ স মে দদ্যান্মাং তৎ সমুপাগমৎ॥"

স এবান্নং দদা'ত্যশীতোত্ততংস্থলীয়েত্যর্থঃ। পিণ্যাকং খলীতি খ্যাতম্, ন্যুপ্যেতি দত্ত্বা

প্রেতকার্য্যই করিবে। হারলতার আবলায়নগৃহ্যপরিশিষ্ট হইতে এ বিষয়ে প্রমাণ স্বরূপ বক্ষ্যমাণ বচনটী উদ্ধৃত করা হইয়াছে—'অসগোত্রই হউক, আর সগোত্রই হউক, পুরুষই হউক, বা স্ত্রীই হউক, প্রথম দিনেতে যে পিণ্ডদান করিবে, দশ পিণ্ডদান সে-ই করিবে।' কেহ আশঙ্কা করিয়াছিল, তুমি যে সিদ্ধান্ত করিতেছ, যে ব্যক্তি প্রথম পিণ্ডদান করিবে, সে ব্যক্তিই দশপিণ্ডদান করিবে, ইহা কিরূপ হইল? দেখ, আমরা রামায়ণের অযোধ্যাকাণ্ডে দেখিতে পাই, ভরত প্রথম পিণ্ডদান করিয়াছিলেন, তাহার পর রাম ইঙ্গুদী ফল এবং বদরী ফলমিশ্রিত তিলবাটা দ্বারা প্রস্তুত পিণ্ড দর্ভ-সংস্তরে স্থাপিত করিয়া এই বাক্য বলিয়াছিলেন—"হে মহারাজ! আপনি প্রীত হইয়া এই পিণ্ড ভোজন করুন। এক্ষণে আমরা এই সকল অন্ন ভক্ষণ করিয়াই দিন কাটাইতেছি, মনুষ্য যাহা যে অন্নভোজন করিবে, পিতৃ ও দেবতাদিগকেও সেই অন্ন ভোজন করাইবে।" এইরূপ রামকর্ত্তৃক পুনর্ব্বার পিণ্ডদানের কথা থাকায়, অপরে প্রথম পিণ্ডাদি দান করিলেও প্রধান অধিকারীরও যে দশ পিণ্ডের মধ্যে অবশিষ্ট পিণ্ডদান কর্ত্তব্য, ইহাই ত বুঝাইতেছে। ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, এরূপ আপত্তি করিতে পার না, কারণ ঐ রামায়ণেই "ভরত এই উত্তম রাজ্য প্রাপ্ত হইয়া

ইত্যযোধ্যাকাণ্ডে দশরথশাপাত্তৎকৃতমপি অকৃতমেব পুনস্তৎ-করণম্, অন্যত্র তু "স এব" ইত্যনেনান্যাধিকারনিবৃত্তেঃ। "স এব প্রদদাত্যত্রা"পি অবধারণেঽব্যয়ানামনেকার্থত্বাৎ। অত এবাপিশব্দো বহুতরেষেবাদিপুরাণবচনেষু নিশ্চয়ার্থ ইতি হার-লতা, তেন সএব দদ্যাদিত্যর্থঃ। পুত্রাদ্যসন্নিধৌ, যেন সগোত্রা-দিনা দাহসংস্কারঃ কৃতস্তেনৈব দাশাহিকপ্রেতকর্ম্ম কর্ত্তব্যং,

ইত্যর্থঃ। পিতৃদানং নিবাপঃ স্যাদিত্যমরঃ। প্রতীতঃ স্যাং অহং রাজেতি জ্ঞানবান্ স্যাং। তৎকৃতং ভরতকৃতং, প্রতীতঃ স্যাং অহং রাজেতি জ্ঞানাভাবাৎ, তস্য পুনর্দানং পিণ্ডস্য শ্রীরামেণ পুনর্দানমিত্যর্থঃ। অন্যত্র ত্বিতি শ্রীরামভিন্নস্থলে ইত্যর্থঃ। যত্র শাপাদির্নাস্তি তত্র ত্বিতি ভাবঃ। বহুতরেষিতি সদ্যঃশৌচেঽপি দাতব্যাঃ সর্ব্বেঽপি যুগপত্তদ্বৎবেত্যাদিবিত্যর্থঃ। স এব দদ্যাদেব ইতি প্রথমৈবকারেণ তদ্ভিন্নস্য দাতৃত্বং ব্যবচ্ছিদ্যতে, দ্বিতীয়েবকারেণ দানস্যাবশ্যকত্বং ব্যবস্থাপ্যতে ইতি।

যদি প্রীত হইয়া থাকে, তাহা হইলে আমার প্রেতক্রিয়া নির্ব্বাহার্থ সে আমার উদ্দেশে যাহা দান করিবে, তাহা আমি গ্রহণ করিব না," এইরূপ দশরথ-কর্ত্তৃক ভরতের প্রতি অভিশাপ দৃষ্ট হয়, সুতরাং ভরতকর্ত্তৃক প্রথম পিণ্ডদানাদি কৃত হইলেও, উহা না করার মধ্যে গণ্য হওয়াতেই পুনর্ব্বার রামকর্ত্তৃক উহার অনুষ্ঠান করা হইয়াছে। অতএব রাম ও ভরতের দৃষ্টান্ত ছাড়িয়া সাধারণের পক্ষে এইরূপ সিদ্ধান্ত করিতে হইবে যে, যখন মুনিবচনে 'স এব' (সেই ব্যক্তিই), এইরূপ এবকারের নির্দ্দেশ করা হইয়াছে, তখন অবশিষ্ট পিণ্ডদানে প্রথম দাতা ভিন্ন অপরের অধিকার নিবৃত্ত করাই হইয়াছে। উক্ত বচনে 'প্রদদাত্যপি' এই যে 'অপি' শব্দ প্রযুক্ত হইয়াছে, ঐ 'অপি' শব্দের অর্থ এখানে অবধারণ, কারণ অব্যয়দিগের নানা অর্থ দৃষ্ট হইয়া থাকে। এই জন্যই হারলতায় বলা হইয়াছে, আদিপুরাণের অনেক বচনেই অপি শব্দের নিশ্চয়ার্থে ব্যবহার দৃষ্ট হয়, অতএব সেই ব্যক্তিই অবশিষ্ট পিণ্ডদান করিবে, এইরূপ নিশ্চয় করিয়া বলিবার জন্যই 'অপি' শব্দের প্রয়োগ করা হইয়াছে। এবং মিতাক্ষরার প্রথমাধ্যায়ে এইরূপ সিদ্ধান্ত করা হইয়াছে, যে, "পুত্রাদির অসন্নিধান স্থলে যে কোন সগোত্রাদি ব্যক্তি মৃতের দাহরূপ সংস্কার করিবে। দশদিন কর্ত্তব্য প্রেতক্রিয়াসকল সেই ব্যক্তিই করিবে।

প্রাগুক্ত"অসগোত্রঃ সগোত্রো বে"তি বচনাদিতি প্রথমাধ্যায়-মিতাক্ষরা। অতএব কর্ম্মোপদেশিন্যাং বায়ুপুরাণম্,—

"অসগোত্রঃ সগোত্রো বা যদি স্ত্রী যদি বা পুমান্।
যশ্চাগ্নিদাতা প্রেতস্য পিণ্ডং দদ্যাৎ স এব হী"তি ॥

অত্রেদং বীজম্, আরব্ধপূর্ব্বক্রিয়স্য তৎসমাপনমাবশ্যক-মিতি বক্ষ্যমাণাধিকারিপ্রকরণস্থবিষ্ণুপুরাণবচনাৎ। এবঞ্চ হার-লতায়াং—"যেন প্রথমঃ পিণ্ডো দত্ত" ইতি তৎপ্রতিপাদক-বচনঞ্চ পূর্ব্বক্রিয়ারম্ভপ্রদর্শনপরম্। কিঞ্চ,—

"সপিণ্ডীকরণান্তানি যানি শ্রাদ্ধানি ষোড়শ।
পৃথক্ নৈব সুতাঃ কুর্য্যুঃ পৃথক্দ্রব্যা অপি ক্বচিৎ ॥" ইতি

আরব্ধেতি দাহমধিকৃত্য দশপিণ্ডদানাশৌচান্তদ্বিতীয়দিবসীয়স্নানাদিস্পর্শপর্য্যন্ত পূর্ব্ব-ক্রিয়া, আদ্যৈকোদ্দিষ্টমারভ্য সপিণ্ডনপর্য্যন্তা মধ্যক্রিয়া, তদুত্তরকর্ত্তব্যাসাংবৎসরিক-

কারণ, পূর্ব্বোক্ত "সগোত্রই হউক, আর অসগোত্রই হউক" ইত্যাদি বচনে এইরূপ ব্যবস্থাই করা হইয়াছে। এই হেতুই কর্ম্মোপদেশিনী নামক গ্রন্থে বায়ুপুরাণের এই বিষয়ক একটী বচন উদ্ধৃত করা হইয়াছে; যথা—"অসগোত্রই হউক, আর সগোত্রই হউক, পুরুষই হউক, আর স্ত্রীই হউক, প্রেতকে যে অগ্নিদান করিবে, সেই ব্যক্তিই দশপিণ্ড দান করিবে," অগ্নিদাতা কর্ত্তৃকই যে, দশ পিণ্ডদান করা বিহিত হইয়াছে, তাহার বীজ এই—যে ব্যক্তি কর্ত্তৃক মৃতের পূর্ব্ব ক্রিয়া আরম্ভ করা হইয়াছে * সেই ব্যক্তিরই যে, সম্পূর্ণ পূর্ব্ব ক্রিয়াগুলি সম্পাদন করা উচিত, ইহা প্রদর্শন করা। এই ব্যবস্থা অধিকারীর প্রকরণে উল্লিখিত বক্ষ্যমাণ বিষ্ণুপুরাণের বচনে প্রদর্শিত হইবে। যদি এইরূপ হইল, তাহা হইলে হারলতায় "যে ব্যক্তি প্রথম পিণ্ডদান করিয়াছে", ইত্যাদি বচনস্থিত 'পিণ্ড-দান' শব্দদ্বারা পূর্ব্বক্রিয়ার আরম্ভ অর্থাৎ দাহাদি কার্য্যের সূচনা করা হইয়াছে।

* মৃত ব্যক্তির উদ্দেশে যে সকল কার্য্য করা হয়, তাহা সাধারণতঃ তিন ভাগে বিভক্ত (১) পূর্ব্বক্রিয়া, (২) মধ্যক্রিয়া এবং (৩) উত্তরক্রিয়া। দাহ হইতে দশপিণ্ডান্ত কার্য্যগুলিকে পূর্ব্বক্রিয়া বলে, আদ্য শ্রাদ্ধ হইতে সপিণ্ডান্ত কার্য্যগুলিকে মধ্যক্রিয়া বলে, এবং সাম্বৎসরিক ও পার্ব্বণাদি কার্য্য সকলকে উত্তরক্রিয়া বলে। অতএব যে ব্যক্তি কোন মৃতের পূর্ব্বক্রিয়া আরম্ভ করিবে, সেই ব্যক্তিকেই যে, সম্পূর্ণ পূর্ব্ব ক্রিয়ার সম্পাদন করিতে হইবে, ইহাই শাস্ত্রের অভিপ্রায়।

লঘুহারীতেন মধ্যক্রিয়ায়াঃ পৃথক্‌নিষেধাৎ, সুতরাং পূর্ব্বক্রিয়াস্তু তথৈব যুক্তত্বাচ্চ, অন্যথা সর্ব্বপুত্রাণাং প্রত্যেকং পিণ্ডদানাপত্তেঃ। অত্রেদং বীজং, পূর্ব্বক্রিয়ায়া আতিবাহিকদেহত্যাগোত্তরদেহান্তরজননং, মধ্যমক্রিয়ায়া অপি প্রেতত্বপরিহারোত্তরদেহান্তরজননম্, ততশ্চৈকদৈব তৎসিদ্ধৌ, পুনস্তৎকরণং বচনাভাবেঽনর্থকম্।

পার্ব্বণাদিকা উত্তরা ক্রিয়েতি। পিণ্ডদানাপত্তেঃ পূর্ব্বপিণ্ডদানাপত্তেঃ। দেশান্তরজননমিতি মরণোত্তরং বয়োবস্থাদিভিঃ পূর্ব্বশরীরসদৃশং তদভিন্নত্বেন জায়মানম্ আতিবাহিকশরীরং ভবতি, তন্নাশঃ প্রেতশরীরপরিগ্রহশ্চ পূর্ব্বক্রিয়য়া ক্রিয়তে। মধ্যমক্রিয়য়া তু প্রেতশরীরনাশঃ ভোগদেহশ্চ ক্রিয়তে ইতি শরীরত্রয়ং কেচিন্মন্যন্তে। অপরে তু আতিবাহিকশরীরমেব প্রেতশরীরং তন্নাশং প্রতি ভোগদেহং প্রতি চ পূর্ব্বক্রিয়া মধ্যক্রিয়া চ দণ্ডচক্রাদিন্যায়েন দ্বয়মেব হেতুঃ ইতি শরীরদ্বয়মেব মন্যন্তে; এতন্মতদ্বয়ানুসারেণ স্মার্ত্তগ্রন্থো যোজনীয়ঃ। প্রেতত্বপরিহারোত্তরেতি প্রেতশরীরমেব প্রেতদেহনাশোত্তরেত্যর্থঃ প্রেতত্বং প্রেতশরীরবত্ত্বম্। একদা পিণ্ডদানক্রিয়য়া।

আরও একটী কথা, "সপিণ্ডীকরণান্ত যে ষোলটী শ্রাদ্ধের কথা বলা হইয়াছে, পুত্রগণ পরস্পর পৃথগন্ন হইলেও পৃথক্‌রূপে কখনই তাহাদের অনুষ্ঠান করিবে না।" এই লঘুহারীতের বচনে সপিণ্ডীকরণান্ত ষোড়শ শ্রাদ্ধরূপ মধ্যক্রিয়ার যখন বিভক্ত পুত্রদিগের প্রত্যেকের পৃথক্ পৃথক্ অনুষ্ঠান নিষিদ্ধ হইয়াছে, তখন দশপিণ্ডদানান্ত পূর্ব্বক্রিয়াও যে একজনেরই কর্ত্তব্য, ও পৃথক্‌রূপে কর্ত্তব্য না, ইহাও যুক্তিসিদ্ধ হইতেছে; এরূপ না বলিলে, সকল পুত্রের প্রত্যেকেরই দশপিণ্ড দান করা কর্ত্তব্য বলিয়া আশঙ্কা হইতে পারে। ইহার তাৎপর্য্য এই— যেমন সপিণ্ডান্ত ষোড়শশ্রাদ্ধ একজন করিলেই অপরের আর করিতে হয় না, সেইরূপ দশপিণ্ডদানান্ত কর্ম্মগুলি যে কোনও একব্যক্তি করিলেই পুত্রাদি অধিকারীর আর উহা করিতে হইবে না। এইরূপ সিদ্ধান্তের প্রতি বীজ এই যে, দশপিণ্ডদানাদি পূর্ব্বক্রিয়ানুষ্ঠানের প্রয়োজন এই যে, উহাদ্বারা আতিবাহিক দেহ নাশ করিয়া প্রেতদেহরূপ অপর একটী দেহের উৎপাদন করা হয় এবং সপিণ্ডান্ত মধ্যমক্রিয়ার প্রয়োজনও প্রেতত্ব পরিহারপূর্ব্বক আর একটী কর্ম্মভোগকারী দেহের উৎপাদন করা। অতএব যে কোন একব্যক্তি কর্ত্তৃক একবার দশপিণ্ডদানান্ত পূর্ব্বক্রিয়ার অনুষ্ঠানে যখন দেহান্তর

তথাচ বিষ্ণুধর্ম্মোত্তরে—

"তৎক্ষণাদেব গৃহ্লাতি শরীরমাতিবাহিকম্।

ঊর্দ্ধং ব্রজন্তি ভূতানি ত্রীণ্যস্মাত্তস্য বিগ্রহাৎ॥"

"ত্রীণি ভূতানি" তেজোবায়্বাকাশানি। পৃথিবীজলে তু অধো গচ্ছতঃ। তৎক্ষণাম্মৃত্যুক্ষণাৎ। তথা,—

"আতিবাহিকসংজ্ঞোঽসৌ দেহো ভবতি ভার্গব।

কেবলং তন্মনুষ্যাণাং নান্যেষাং প্রাণিনাং ক্বচিৎ॥" তথা,—

"প্রেতপিণ্ডৈস্তথা দত্তৈর্দ্দেহমাপ্নোতি ভার্গব।

ভোগদেহমিতি প্রোক্তং ক্রমাদেব ন সংশয়ঃ॥

প্রেতপিণ্ডা ন দীয়ন্তে যস্য তস্য বিমোক্ষণম্।

শ্মাশানিকেভ্যো দেবেভ্য আকল্পং নৈব বিদ্যতে॥

তত্রাস্য যাতনা ঘোরাঃ শীতবাতাতপোদ্ভবাঃ।

ঊর্দ্ধমিতি ত্রীণি ভূতানি তেজোবায়্বাকাশানি ঊর্দ্ধং গচ্ছন্তীত্যর্থঃ; পৃথিবীজলে তু গুরুত্বাৎ পৃথিব্যামেব তিষ্ঠতঃ। তথাচ ঊর্দ্ধগততেজোবায়্বাকাশপ্রধানকম্ অতিবাহিক-শরীরং ভবতি, পার্থিবশরীরভোগোপষ্টম্ভোঽপ্যস্তীতি বোধ্যম্। তথাচ শ্মাশানিকৈরুক্তং

উৎপাদনরূপ প্রয়োজনের সিদ্ধি হইতেছে, তখন পুনর্ব্বার বিশেষ বচন ব্যতিরেকে তাহার অনুষ্ঠান করা সম্পূর্ণ নিরর্থক ভিন্ন আর কিছুই নহে। এই দেহান্তরপ্রাপ্তি বিষয়ে বিষ্ণুধর্ম্মোত্তরে এইরূপ লিখিত হইয়াছে— "মৃত্যুর পরেই জীব অতিবাহিক দেহ গ্রহণ করে, এবং উহার মৃতদেহ হইতে তেজ, আকাশ এবং বায়ু এই তিনটী ভূত ঊর্দ্ধে গমন করে।" এবং অবশিষ্ট দুইটী ভূত পৃথিবী ও জল অধোদিকে গমন করে। এবং "হে ভার্গব! অতিবাহিক নামে অভিহিত দেহ কেবল মনুষ্যদিগেরই হইয়া থাকে, অপর জন্তুদিগের ঐ দেহ হয় না।" ইহার পর বলা হইয়াছে—"হে ভার্গব, প্রদত্ত প্রেত-পিণ্ডের দ্বারা ক্রমশঃ যে ভোগদেহ প্রাপ্ত হয়, এ বিষয়ে কোনও সন্দেহ নাই। যাহার উদ্দেশে প্রেতপিণ্ড প্রদত্ত না হয়, সে ব্যক্তির শ্মশানাধিষ্ঠাত্রী দেবযোনিবিশেষের হাত হইতে কল্পান্ত পর্য্যন্ত মুক্তি হয় না, এবং সেই অবস্থায় তাহার শীত বাত এবং আতপজনিত ঘোর যন্ত্রণা সকল ভোগ হইয়া থাকে।

হতঃ সপিণ্ডীকরণে বান্ধবৈঃ স কৃতে নরঃ ॥
পূর্ণে সংবৎসরে দেহমতোহন্যং প্রতিপদ্যতে ।
ততঃ স নরকে যাতি স্বর্গে বা স্বেন কর্ম্মণা ॥"

তথাচ বায়ুপুরাণম্,—
"পূরকেণ তু পিণ্ডেন দেহো নিষ্পাদ্যতে যতঃ ।
কৃতস্য করণাযোগাৎ পুনর্নাবর্ত্তয়েৎ ক্রিয়াম্ ॥"

অতএবাতিবাহিকদেহপরিত্যাগায় তৎকালীনকর্ম্মাসমর্থপুত্র-সত্ত্বেঽপ্যন্যেন দাহাদিঃ ক্রিয়তে ।

"পিতৃমাতৃসপিণ্ডৈশ্চ সমানসলিলৈস্তথা ।
সংঘাতান্তর্গতৈর্ব্বাপি রাজ্ঞা বা ধনহারিণা ।
পূর্ব্বাঃ ক্রিয়াস্তু কর্ত্তব্যাঃ পুত্রাদ্যৈরেব চোত্তরাঃ ॥" ইতি বিষ্ণুপুরাণবচনেন,

---

যদ্ভূতজাতংপাথিকতামুপৈতি তদ্ভৌতিকং দেহমুদাহরন্তি ॥ ইতি। মৃত্যুক্ষণাৎ কৃত্যক্ষণমধিকৃত্য ইত্যন্বয়ঃ। যতঃ হেতোঃ কৃতস্য দেহস্য। ক্রিয়াং পূরকপিণ্ডদানক্রিয়াম্। সংঘাতান্তর্গতৈঃ একগ্রামস্থসজাতীয়ৈঃ শ্রোত্রিয়াদিভিঃ। এতচ্চ বক্ষ্যতি পুত্রাদ্যৈরেব

তাহার পর সম্বৎসর পূর্ণ হইলে বান্ধবগণ সপিণ্ডীকরণ করিলে পর, এই ভোগ-দেহ হইতে অপর একটী দেহ প্রাপ্ত হয়, সেই দেহ প্রাপ্ত হইয়া নিজের কর্ম্মানু-সারে স্বর্গে বা নরকে গমন করে।" দশপিণ্ডাদি যে কোন ব্যক্তি দান করিলেই সিদ্ধ হইবে, প্রকৃত অধিকারীর পুনরায় উহাদের আর অনুষ্ঠান করিতে হইবে না এ সম্বন্ধে বায়ুপুরাণের প্রমাণ যথা—"যেহেতু পূরকপিণ্ড দ্বারা ভোগদেহ নিষ্পাদিত হয়, অতএব যে উদ্দেশে কোন কার্য্যের অনুষ্ঠান করা হয়, সে উদ্দেশ্য সিদ্ধ হইলে উক্ত কার্য্যের যেমন আর অনুষ্ঠান করিতে হয় না, সেইরূপ যে কোন ব্যক্তির প্রদত্ত পূরক পিণ্ডদ্বারা প্রেতদেহ নিষ্পাদিত হওয়ায়, ঐ পূরক পিণ্ড দান পুনরায় আর আবশ্যক হয় না।" এই ... প্রেতব্যক্তির মৃত্যুর পর ... আতিবাহিক দেহ প্রাপ্ত হইয়াছে তাহা পরিত্যাগ করাইবার নিমিত্ত, তৎকালীন কর্ত্তব্য কর্ম্ম করিতে পুত্র অসমর্থ হইলে, অপরে দাহাদি করিয়া থাকে। কারণ,—"পিতা, মাতা, সপিণ্ড, সমানোদক, এবং এক-

"মিত্রবন্ধুসপিণ্ডেভ্যঃ স্ত্রীকুমারীভ্য এব চ।
দদ্যাদৈব মাসিকং শ্রাদ্ধং সংবৎসরমতোঽন্যথা॥" ইত্যাপস্তম্ববচনেন চ, সামান্যতোঽধিকারপ্রতিপাদনাৎ। অতএব পিত্রাদেরৌর্দ্ধদেহিকস্য কর্ম্মণোঽসংস্কৃতপুত্রস্য করণে প্রাশস্ত্যমেবাহাপস্তম্বঃ,—

"অসংস্কৃতঃ সুতঃ শ্রেষ্ঠো নাপরো বেদপারগ" ইতি।

অতএব বৃহস্পতিঃ,—

"সবর্ণাজোঽপ্যগুণবান্ নার্হঃ স্যাৎ পৈতৃকে ধনে।
তৎপিণ্ডদাঃ শ্রোত্রিয়া যে তেষাং তদভিধীয়তে॥"

চোত্তরেতি। মধ্যক্রিয়ায়াঞ্চ অনিয়মং বক্ষ্যতি। মিত্রেতি মিত্রায় মিত্রং দদ্যাদেবং পরত্র। স্ত্রীকুমারীভ্য ইতি স্ত্রিয়ৈ ভর্ত্তা কুমার্য্যৈ পিতা দদ্যাদিত্যর্থঃ। সংবৎসরং প্রাপ্য অতোঽন্যথেতি অতো ন দেয়মিত্যর্থঃ। পুত্রাদ্যৈরেব চোত্তরেত্যোকবাক্যত্বাৎ; যদ্বা অতঃ সংবৎসরাৎ পরম্ অন্যথা সাংবৎসরিকবিধানেন ন তু মাসিকবিধানেন ইত্যর্থঃ। অতএব পুত্রভিন্নস্যাপি অধিকারাদেব। প্রাশস্ত্যং ন তু তস্যৈবাধিকারঃ, অতএব পুত্রভিন্নস্যাপি

প্রামস্থ স্বজাতীয় শ্রোত্রিয়, রাজা, অথবা বেতনগ্রাহী ইহারা মৃতব্যক্তির পূর্ব্ব ক্রিয়া অর্থাৎ দাহাদি সপিণ্ডীকরণান্ত ক্রিয়া করিতে পারিবে, কিন্তু উত্তরক্রিয়া অর্থাৎ সাংবৎসরিক শ্রাদ্ধাদি পরবর্ত্তিকার্য্য সকল পুত্রাদিই করিবে।" এই বিষ্ণুপুরাণের বচনে, এবং "এক বৎসর পর্য্যন্ত, মৃত মিত্র, বন্ধু, সপিণ্ড, পত্নী এবং কুমারীদিগের উদ্দেশে মাসিক শ্রাদ্ধ করিতে পারিবে, সংবৎসর উত্তীর্ণ হইলে, পুত্রাদি ভিন্ন আর কেহ শ্রাদ্ধ করিতে পারিবে না।" এই আপস্তম্ববচনে সাধারণতঃ পুত্রাদি ভিন্ন অপর ব্যক্তিকেও পূর্ব্ব ক্রিয়ায় কর্ত্তারূপে নিরূপণ করা হইয়াছে। এই জন্যই অনুপনীত পুত্রাদি দ্বারা পিত্রাদির ঔর্দ্ধদেহিক কর্ম্মের অনুষ্ঠানকে আপস্তম্ব কেবল মাত্র প্রশস্ত বলিয়াই নির্দ্দেশ করিয়াছেন, ইহার তাৎপর্য্য এই, পুত্রাদি ভিন্ন অপরে পূর্ব্ব ক্রিয়ার অনুষ্ঠান করিলে উহা অসিদ্ধ হয় না, তবে অনুপনীত পুত্র করিলেও অন্যের করা অপেক্ষা ঐ ক্রিয়া প্রশস্ত হয়। আপস্তম্বের বচন যথা—"অন্য বেদপারগ ব্রাহ্মণ অপেক্ষা ঔর্দ্ধদেহিক কর্ম্মানুষ্ঠান বিষয়ে অনুপনীত পুত্রও শ্রেষ্ঠ।" এই জন্য বৃহস্পতি বলিয়াছেন— যদি সবর্ণা স্ত্রীর গর্ভসম্ভূত পুত্র অগুণবান্ শ্রাদ্ধাদি কর্ম্মে অনধিকারী হয়, তাহা

"অগুণবান্" গুণবিরুদ্ধদোষবান্।

"তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা।

অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ॥"

শঙ্খলিখিতৌ,—"অপপাত্রিতস্য ঋক্থপিণ্ডোদকানি নিবর্ত্তন্তে" ইতি। "অপপাত্রিতো"ঽত্যুৎকটদোষেণ জ্ঞাতিভির্ভিন্নোদকীকৃতঃ, পিতৃধনাদ্যনধিকারীত্যর্থঃ। এবঞ্চ

"পুত্রেষু বিদ্যমানেষু নান্যং বৈ কারয়েৎ স্বধা"মিতি ঋষ্যশৃঙ্গবচনং সমর্থপুত্রপরম্, এবং বিদেশস্থত্বাদিনা বর্ষাভ্যন্তরকর্ম্মাসমর্থজ্যেষ্ঠপুত্রসত্ত্বেঽপি প্রেতত্বপরিহারায় কনিষ্ঠপুত্রেণ ষোড়শশ্রাদ্ধং কর্ত্তুমুচিতম্।

"মৃতে পিতরি পুত্রেণ ক্রিয়া কার্য্যা বিধানতঃ।

হইলে, সে পৈতৃক ধনে অধিকারী হইবে না, যে সকল শ্রোত্রিয় সদাচারসম্পন্ন পুত্রগণ প্রেতের পিণ্ডদান করিবে, তাহারাই তাহার পৈতৃক ধনে অধিকারী হইবে "মূল বচনে যে 'অগুণবান্' এই বিশেষণ পদটী আছে, উহার অর্থ—শ্রাদ্ধাদি কর্ম্মে অধিকারসম্পাদক সদ্গুণের বিরুদ্ধ দোষবিশিষ্ট; কারণ নঞের যে ছয়টী অর্থ কীর্ত্তিত হইয়াছে (১) তৎসাদৃশ্য, (২) তাহার অভাব, (৩) তদ্ভিন্নত্ব, (৪) তদল্পতা, (৫) অপ্রাশস্ত্য, এবং (৬) বিরোধ; তাহার মধ্যে বিরোধ একটি অর্থ। শঙ্খ এবং লিখিত অগুণবানের যে, পৈতৃক ধনে অধিকার হয় না, তাহা বলিয়াছেন, যথা—"অপপাত্রিত ব্যক্তির পৈত্রিক ধন, পিণ্ডদান এবং উদক দানে অধিকার নিবৃত্ত হয়।" অপপাত্রিত শব্দের অর্থ—অত্যুৎকট দোষ নিবন্ধন জ্ঞাতিগণ যাহার জলগ্রহণ পর্য্যন্তও ত্যাগ করিয়াছে, এইরূপ ব্যক্তি পিতৃধনাদিতে অনধিকারী। যদি এইরূপ হইল অর্থাৎ প্রেতের পূর্ব্বক্রিয়া অপরে করিলেও সিদ্ধ হইবে, এই সিদ্ধান্ত হইল, তাহা হইলে—"পুত্রগণ বিদ্যমান থাকিতে অপর দ্বারা স্বধা করাইবে না।" এই ঋষ্যশৃঙ্গবচনে যে পুত্রশব্দ প্রযুক্ত হইয়াছে, তাহা অর্থ—সমর্থ পুত্রই বুঝিতে হইবে, এবং এ স্থলে ইহাও বক্তব্য যে, যদি জ্যেষ্ঠপুত্র, বিদেশস্থিতি প্রভৃতি কারণ নিবন্ধন সংবৎসর মধ্যে-কর্ত্তব্য কর্ম্ম করিতে অসমর্থ হয়, তবে কনিষ্ঠ পুত্রেরই পিতার প্রেতত্ব পরিহারের জন্য ষোড়শ শ্রাদ্ধ করা উচিত

বহবঃ স্যুর্যদা পুত্রাঃ পিতুরেকত্র বাসিনঃ ॥
সর্ব্বেষান্তু মতং কৃত্বা জ্যেষ্ঠেনৈব তু যৎ কৃতম্।
দ্রব্যেণ চাবিভক্তেন সর্ব্বৈরেব কৃতং ভবেৎ ॥” ইতি মরীচিবচনমপি সমর্থজ্যেষ্ঠপরম্, অন্যথা তৎপ্রেতকৃত্যপ্রতিবন্ধ্যকালান্তরাসহিষ্ণুকনিষ্ঠকর্তৃকব্যাদ্ধিকর্ম্ম ন স্যাৎ, জ্যেষ্ঠত্বঞ্চাত্র,

“জ্যেষ্ঠেন জাতমাত্রেণ পুত্রী ভবতি মানবঃ।
পিতৃণামনৃণশ্চৈব স তস্মাৎ সর্ব্বমর্হতী”তি মনূক্তেঃ সর্ব্বাগ্রোৎপন্নত্বমাত্রং ন গ্রাহ্যম্, তস্য বিভাগপ্রকরণীয়ত্বাৎ। কিন্ত্বাপেক্ষিকজ্যেষ্ঠপরম্।

“যময়োশ্চৈকগর্ভেষু জন্মতো জ্যেষ্ঠতা স্মৃতা।” ইতি

অধিকারাদেব। জ্যেষ্ঠায় চৈবং বিংশোদ্ধারাদিরূপাধিকদানমুক্তং তৎ সর্ব্বাগ্রোৎপন্নায়, ন পাক্ষিকজ্যেষ্ঠায়, অন্যত্র তু আপেক্ষিকজ্যেষ্ঠোঽপি গ্রাহ্য ইতি ভাবঃ। যময়োরিতি যময়োর্মধ্যে গর্ভে বাসে জন্মতো ভূমিসম্বন্ধাৎ জ্যেষ্ঠতা স্মৃতেত্যর্থঃ। তথাচ কুম্ভপূরণ-

হয়। এবং “পিতার মৃত্যুর পর পুত্রই যথাবিধি ক্রিয়া সকল সম্পাদন করিবে। পিতার যদি বহু পুত্র বিদ্যমান থাকে, এবং সকলেই এক স্থানে বাস করে; তাহা হইলে অপর পুত্রদিগের অনুমোদন ক্রমে জ্যেষ্ঠপুত্র অবিভক্ত সাধারণ ধনের দ্বারা যে সকল প্রেতকার্য্য করিবে, তাহা দ্বারা অপর সকল পুত্রেরও যে, ঐ সকল করা হইল, এইরূপ বুঝিতে হইবে” এই মরীচির বচনেও যে জ্যেষ্ঠ পুত্রের প্রধানতঃ কর্তৃত্বের উল্লেখ করা হইয়াছে, এই জ্যেষ্ঠপুত্র শব্দে তৎকালে কার্য্য করিতে সমর্থ এইরূপ জ্যেষ্ঠ পুত্রই বুঝিতে হইবে। উহার অর্থ তৎকালে উপস্থিত থাকিয়া কার্য্য করিতে সমর্থ জ্যেষ্ঠ; এরূপ না বলিলে, দেখ, যেস্থলে পিতার মৃত্যুর বৎসরের মধ্যে কনিষ্ঠ পুত্রের এমন একটি বৃদ্ধি কর্ম্ম উপস্থিত হইয়াছে, যাহা আর অপর সময়ে করা যাইতে পারে না, এক বৎসরের মধ্যে অবশ্যই কর্ত্তব্য, অথচ পিতার প্রেতত্ব ঐ কর্ম্মের প্রতি প্রতিবন্ধক হইয়া দাঁড়াইয়াছে, অন্য দিকে জ্যেষ্ঠপুত্র এক বৎসরের মধ্যে কোন কারণে পিতৃকার্য্য করিতে অসমর্থ, এরূপ স্থলে জ্যেষ্ঠের অসামর্থ্য প্রযুক্ত পিতার অপকর্ষ সপিণ্ডনাদি যদি না করা হয়, তবে কনিষ্ঠের অবশ্য কর্ত্তব্য কর্ম্মের বাধ হইয়া পড়ে, কিন্তু ঐরূপ বাধ করিলে প্রত্যবায় হয়। সুতরাং

মনুবচনান্তরাৎ, "জ্যৈষ্ঠ্যং গুণবয়ঃকৃত"মিতি মিতাক্ষরাধৃত-দক্ষবচনাচ্চ। অতএব,

"নবশ্রাদ্ধং সপিণ্ডত্বং শ্রাদ্ধান্যপি চ ষোড়শ।

একেনৈব তু কার্য্যাণি সংবিভক্তধনেষ্বপী"তি মিতাক্ষরাধৃত-দক্ষবচনেঽবিশেষাৎ "একেনৈব" ইত্যুক্তং, "সপিণ্ডত্বং" পিণ্ড-মিশ্রণমিতি, অতঃ ষোড়শশ্রাদ্ধান্তর্গতসপিণ্ডকরণশ্রাদ্ধেন ন পৌনরুক্ত্যমিতি। এতেন,

---

ন্যায়েন পশ্চাজ্জাতসম্বন্ধস্যাপি ভূমিসম্বন্ধপ্রাথম্যাৎ জ্যেষ্ঠত্বং বাচনিকম্ ইতি ভাবঃ। বয় ইতি বয়শ্চ ভূমিসম্বন্ধাবধ্যেবেতি ভাবঃ। অতএব পুত্রমাত্রস্যাধিকারাদেব। নব-শ্রাদ্ধং পারিভাষিকং তচ্চ চতুর্থাহাদিক্রিয়মাণং কাম্যম্। সপিণ্ডীকরণেতি তথাহি অন্নদানং নবশ্রাদ্ধম্ অঙ্গং সর্ব্বমঙ্গম্, এবঞ্চ পিণ্ডমিশ্রণরূপস্য সপিণ্ডত্বস্য পৃথগুপাদানেঽপি

ঐরূপ জ্যেষ্ঠ সত্বেও কনিষ্ঠকে পিতৃকার্য্য করিতে হইবে। উপরি উল্লিখিত বচনে যে জ্যেষ্ঠ পুত্রের কথা বলা হইয়াছে, এই জ্যেষ্ঠ শব্দ দ্বারা "জ্যেষ্ঠ পুত্র জন্মাবামাত্রই মানুষ পুত্রবানের মধ্যে পরিগণিত হয়, এবং এই হেতুই ঐ পুত্র হইতেই পিতৃগণের ঋণ হইতে মুক্তিলাভ করে," এই মনুবচনে উল্লিখিত সর্ব্বাগ্রে উৎপন্ন পুত্রই যে গ্রহণ করিতে হইবে তাহা নহে, কারণ মনুর ঐরূপ জ্যেষ্ঠ পুত্রের পরিভাষা ধনবিভাগের প্রকরণেই উক্ত হইয়াছে, অতএব এই পিতৃকার্য্য বিষয়ে তৎসময়ে বর্ত্তমান পুত্রদিগের মধ্যে অপর পুত্র অপেক্ষা বয়োজ্যেষ্ঠকেই বুঝিতে হইবে। কারণ আমরা মনুর আর একটী বচন দেখিতে পাই, "এক গর্ভে প্রসূত যমজ পুত্রের মধ্যে অগ্র-জাত পুত্রেরই জ্যেষ্ঠত্ব কথিত হয়।" এবং মিতাক্ষরায় উদ্ধৃত, "গুণ ও বয়স দ্বারাই জ্যেষ্ঠত্ব কথিত হয়।" এই দক্ষের বচনেও অপেক্ষাকৃত বয়োবৃদ্ধকেই জ্যেষ্ঠরূপে নির্দ্দেশ করিতে দেখা যায়। অতএব "নবশ্রাদ্ধ, সপিণ্ডত্ব এবং আদ্য শ্রাদ্ধাদি ষোড়শ শ্রাদ্ধ, বিভক্ত-ধন পুত্রদিগের মধ্যেও যে কোন এক পুত্রেরই কর্ত্তব্য," এই মিতাক্ষরায় উদ্ধৃত দক্ষের বচনেও জ্যেষ্ঠ কনিষ্ঠাদিরূপে বিশেষ ক'রে না বলিয়া "যে কোন এক পুত্রকে"ই কর্ত্তারূপে নির্দ্দেশ করা হইয়াছে। উক্ত বচনে যে 'সপিণ্ডত্ব' শব্দটী কথিত হইয়াছে, উহার অর্থ—সপিণ্ডীকরণ নামক শ্রাদ্ধ নহে, কিন্তু পিণ্ডের সংমিশ্রণ মাত্র, সুতরাং পরে

"শ্রাদ্ধানি ষোড়শাপাদ্য বিদধীত সপিণ্ডতামি"ত্যপি ব্যাখ্যাতম্। অতএব শ্রীরামাপ্রাপ্তিশঙ্কয়া ভরতেনাদ্যাদিশ্রাদ্ধং কৃতম্। তথাচাযোধ্যাকাণ্ডম্,—

"সমতীতে দশাহে তু কৃতশৌচো বিধানতঃ।
চক্রে দ্বাদশিকং শ্রাদ্ধং ত্রয়োদশিকমেব চ॥
দদৌ চোদ্দিশ্য পিতরং ব্রাহ্মণেভ্যো ধনন্তথা।
মহার্হাণি চ রত্নানি গাশ্চ বাহন্যমেব চ॥
যানানি দাসীর্দাসাংশ্চ বেশ্মানি সুমহান্তি চ।
ভূষণানি চ মুখ্যানি রাজ্ঞস্তস্যৌর্দ্ধদেহিকে॥
ত্রয়োদশাহেঽতীতে তু কৃতে চানন্তরে বিধৌ।

স [illegible]নিরক্ত্যামিতি। এতেন সপিণ্ডত্বস্য সপিণ্ডীকরণশ্রাদ্ধাদ্ভিন্নত্বেন। আপাদ্য নিষ্পাদ্য কৃত্বেতি যাবৎ। শ্রাদ্ধস্য বিভাগহল ইবাত্রাপি সর্ব্বাগ্রেঽংপত্নো জ্যেষ্ঠপদেন গ্রাহ্যঃ, তদ্‌ভাবে তু আপেক্ষিকজ্যেষ্ঠ এব কুর্য্যাদিতি প্রাচীনাঃ; কর্ত্তুরনিয়ম ইতি শ্রাদ্ধবিবেক ইত্যাহ। অতএব ধর্ম্মাত্যন্তরকর্ম্মাসমর্থজ্যেষ্ঠপুত্রসত্ত্বেঽপি কনিষ্ঠপুত্রস্যাধিকারাদেব। সমতীতে দশাহে যজাত্যুক্তাশৌচকালেঽতীতে সতি। অত্র কেচিৎ শ্রীরামায়ণে শ্রাদ্ধানন্তরং দানাভিধানাৎ আদ্যৈকোদ্দিষ্টশ্রাদ্ধাৎ পরং দানং কর্ত্তব্যমিতি বদন্তি, বস্তুতস্তু শ্রাদ্ধস্য মধ্যাহ্নে বিধানাৎ দানস্য পূর্ব্বাহ্ণকর্ত্তব্যত্বাৎ শ্রাদ্ধানন্তরদাননিষেধাচ্চ আদ্যৈকোদ্দিষ্টপূর্ব্বমেব দানং কর্ত্তব্যম্, রামায়ণবচনঞ্চ সংপ্রদানসমর্পণরূপোত্তরপ্রতিপত্তিপরতয়ৈব

উল্লিখিত ষোড়শশ্রাদ্ধের অন্তর্গত সপিণ্ডীকরণরূপ শ্রাদ্ধের সহিত ইহার পুনরুক্তি দোষ ঘটে নাই। "সপিণ্ডত্ব" শব্দের পিণ্ডমিশ্রণরূপে অর্থ করাতেই "ষোড়শ-শ্রাদ্ধ সম্পাদন করিয়া সপিণ্ডতা করিবে" এই বচনস্থিত "সপিণ্ডতা" শব্দেরও ব্যাখ্যা করা হইল। এই হেতুই অর্থাৎ জ্যেষ্ঠের প্রেতক্রিয়া করিতে অসামর্থ্য ঘটিলে, কনিষ্ঠের উহাতে অধিকার হয় বলিয়াই শ্রীরামের অপ্রাপ্তি আশঙ্কায় ভরতকর্ত্তৃক আদ্যাদি শ্রাদ্ধ কৃত হইয়াছিল, যথা অযোধ্যাকাণ্ডে "দশাহ অর্থাৎ অশৌচকাল অতীত হইবার পর ভরত যথাবিধি কৃতশৌচ হইয়া দ্বাদশিক (অর্থাৎ দ্বাদশাহের পর সম্পাদ্য ত্রয়োদশাহে কর্ত্তব্য) শ্রাদ্ধ, এবং ত্রয়োদশিক অর্থাৎ ত্রয়োদশাহের পর সম্পাদ্য চতুর্দ্দশাহে কর্ত্তব্য শ্রাদ্ধ করি-লেন, এবং সেই রাজার ঔর্দ্ধদেহিক কার্য্যে পিতার উদ্দেশে ব্রাহ্মণদিগকে

সমেতা মন্ত্রিণঃ সর্ব্বে ভরতং বাক্যমব্রুবন্ ॥
গতঃ স নৃপতিঃ স্বর্গং ভর্ত্তাসীদ্‌যো গুরুশ্চ নঃ ।
প্রব্রাজ্য দয়িতং পুত্রং রামং লক্ষ্মণমেব চ ॥
ত্বমদ্য ভব নো রাজা ধর্ম্মতো নৃবরাত্মজ ।”

“দশাহপদ”মশৌচকালোপলক্ষণম্ । “দ্বাদশিকং” দ্বাদশাহেন নির্ব্বৃত্তং, ত্রয়োদশাহবিধেয়মিত্যর্থঃ । এবং ত্রয়োদশিকং চতুর্দ্দশাহবিধেয়মিত্যর্থঃ । ইতি শ্রাদ্ধবিবেকঃ ॥ ১০৩ ॥

“ন চ যত্র দেশান্তরাদাবনুমতিদ্রব্যাসংশ্লেষয়োরভাবস্তত্র পৃথগেব শ্রাদ্ধম্, অন্যথা প্রত্যবায়পরিহারো ন স্যাদিতি শ্রাদ্ধবিবেকোক্তং যুক্তমিতি বাচ্যম্,

---

চরিতার্থং । সকলশিষ্টাচারোঽপি ঈদৃগেব ইতি বোধ্যম্ । দয়িতং প্রিয়ম্ । দ্বাদশাহেন নির্ব্বৃত্তমিতি দ্বাদশাহেন গতেন নির্ব্বৃত্তং দ্বাদশাহনিমিত্তকমিত্যর্থঃ । দ্বাদশাহস্য নিমিত্ততা চ ধ্বংসসম্বন্ধেন । তথাচ নিমিত্তার্থে ঠঞ্ প্রত্যয়ঃ । এবঞ্চ মাসিকমিত্যত্র নিমিত্তার্থে তদ্ধিতো ন ভবতীতি মৃততিথিমাদায় মাসগণনেতি মৈথিলমতাপাকরণং মলমাসতত্ত্বোক্তৌ স্মার্ত্তানাং চিন্ত্যং, তত্রাপি মাসেন নির্ব্বৃত্তমিত্যর্থে মাসিকপদস্য সাধনে বাধকাভাবাৎ । ত্রয়োদশাহবিধেয়মিতি ক্ষত্রিয়াণাং ত্রয়োদশাহস্যাশৌচান্তদ্বিতীয়দিনত্বাদিতি ভাবঃ । চতুর্দ্দশাহবিধেয়মিতি এতচ্চ সাগ্নিকানাম্ অশৌচান্ততৃতীয়দিনকর্ত্তব্যম্ । কেচিত্তু সপিণ্ডনাপকর্ষবিষয়তয়া ব্যাচক্ষতে ॥ ১০৩ ॥

দেশান্তরাদাবিতি স্থিতত্বাদিতি শেষঃ । অনুমতীতি সর্ব্বেষাং মতং কৃত্বৈত্যনেন

ধন, মহামূল্য রত্ন, গো, বাহন, যান, দাস, দাসী, বড় বড় গৃহ, এবং শ্রেষ্ঠ ভূষণ সকল প্রদান করিয়াছিলেন । ত্রয়োদশাহ অতীত হইলে পর তদনন্তর কর্ত্তব্য কার্য্য সম্পাদিত হইবার পরে, মন্ত্রিগণ একত্র মিলিত হইয়া ভরতকে এই কথা বলিয়াছিলেন—“যে রাজা আমাদের প্রতিপালক এবং গুরু ছিলেন, তিনি ত প্রিয় পুত্র রাম এবং লক্ষ্মণকে বনবাসী করিয়া স্বর্গে চলিয়া গিয়াছেন, অতএব হে নৃবরাত্মজ, তুমি আজ ধর্ম্মতঃ আমাদের রাজা হও ।” ১০৩ ।

কেহ বলিয়াছিলেন, শ্রাদ্ধবিবেককার যে বলিয়াছেন, যেস্থলে বিভক্ত ভ্রাতৃগণের দেশান্তরাদিতে স্থিতিনিবন্ধন পরস্পর অনুমোদন, এবং শ্রাদ্ধীয় দ্রব্যের সংমিশ্রণ অসম্ভব হইয়া উঠে, সে স্থলে প্রত্যেক ভ্রাতারই পৃথক্ পৃথক্ ভাবে শ্রাদ্ধ করিতে

পৃথক্ নৈব সুতাঃ কুর্য্যুঃ পৃথগ্দ্রব্যাঃ অপি কচিৎ।” ইত্যুপদেশাৎ পৃথক্করণনিষেধাৎ, “সর্ব্বৈরনুমতং কৃত্বে”তি “দ্রব্যেণ চাবিভক্তেন” ইতি বিশেষণদ্বয়শ্রবণাৎ, পৃথক্করণবিধ্যন্তরকল্পনাপত্তেঃ। শুদ্ধিপ্রকাশে,—

“নির্বর্ত্তয়তি যো মোহাৎ ক্রিয়ামন্যনির্বর্ত্তিতাম্।
বিধিয়ত্নেন ভবতি পিতৃহা চোপজায়তে॥”
তস্মাৎ প্রেতক্রিয়া যেন কেনাপি চ কৃতা যদি।
ন তাং নির্বর্ত্তয়েৎ প্রাজ্ঞঃ সতাং ধর্ম্মমনুস্মরন্॥” ইতি

বায়ুপুরাণাচ্চ, “সর্ব্বৈরনুমতং কৃত্বে”তি “দ্রব্যেণ চাবিভক্তেন” ইত্যনেন চ তেষামেতদেব কর্ত্তব্যমিতি প্রতিপাদিতং, ন তু

দ্রব্যেণ চাবিভক্তেন ইত্যনেন চ অনুমতিদ্বারা দ্রব্যসংশ্লেষদ্বারা চ সর্ব্বেষাং শ্রাদ্ধকর্ত্তৃত্বং জ্যেষ্ঠকর্ত্তৃকেণ কর্ত্তৃত্বাত্মনাং পৃথক্শ্রাদ্ধং কনিষ্ঠাদিভিঃ কার্য্যমিতি শ্রাদ্ধবিবেককৃতামভিপ্রায়ঃ। পৃথক্করণনিষেধেনেত্যয়ং বিধ্যন্তরকল্পনানুপপত্তেরিত্যত্রমাহেতুঃ, উপদেশাদিত্যনেন শাব্দবোধো দর্শিতঃ। বিধ্যন্তরকল্পনঞ্চ বিধ্যন্তরানুমতিশ্রবণাৎ, তথাচ অনুমতিবাক্যপ্রীতঃ শাব্দানন্ত্রী বলবতীতি বিধ্যন্তরানুমতিরিতি ভাবঃ। বিধ্যন্তরানুমতিদ্রব্যসংশ্লেষয়োরভাবে পৃথক্ শ্রাদ্ধং কুর্য্যাদিত্যেবংরূপম্। নিবর্ত্তয়তি প্রবর্ত্তয়তি। অন্যনির্বর্ত্তিতাম্ অন্যেন নিষ্পাদিতাম্। তেষামেতদিতি অনুমতিদ্রব্যসংশ্লেষদ্বারা [illegible] কর্ত্তব্যং তদকরণে চ বিহিতাকরণাৎ প্রত্যবায়ঃ ন তু শ্রাদ্ধান্তরকরণমিতি। কেচিত্তু যন্ন্যাবৎকর্ত্তব্যম্, তৎ সর্ব্বেষাং অনুমতম্ এবং যেন

হইয়াছে, নতুবা শ্রাদ্ধের অকরণ জন্য প্রত্যবায়ের পরিহার হইবে না, এইরূপ ব্যবস্থাই ত যুক্তিযুক্ত। ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন “নচ বাচ্যম্” এমন কথা বলিতে পার না। কারণ, “পুত্রগণ পরস্পর বিভক্ত হইলেও প্রেতকার্য্য পৃথক্রূপে করিবে না” এই উপদেশবাক্যে পৃথক্রূপে পুত্রদিগের পিত্রাদির প্রেতকৃত্য করণে নিষেধই দৃষ্ট হইতেছে। আরও দেখ, মরীচির বচনোক্ত জ্যেষ্ঠ কর্ত্তৃক অপৃথক্রূপে প্রেতকার্য্যানুষ্ঠানঘটিত বিধিতে “অপর সকল পুত্রের অনুমোদনক্রমে” এবং “অবিভক্ত সাধারণ ধনদ্বারা” এই দুইটী বিশেষণের যোগ থাকায়, “যে স্থলে সকলের অনুমোদন এবং সাধারণের ধন সংমিশ্রণের অভাব হইবে, সেই স্থানে প্রত্যেক পুত্র পৃথক্ পৃথক্রূপে শ্রাদ্ধ করিবে” এইরূপ পৃথক্করণঘটিত আর একটী নূতন বিধির কল্পনা করা অপরিহার্য্য হইয়া পড়ে। মরীচির বচনোক্ত

তদভাবে পৃথক্করণবিধায়কং, বিধ্যন্তরকল্পনাপত্তেঃ। অতএব সংবৎসরপ্রবীণে হলায়ুধেনোক্তং “যদি বৈমাত্রেয়াঃ কনিষ্ঠো হবি-

---

ষ্যেণ শ্রাদ্ধং কর্তব্যং তদ্দ্রব্যং সর্বৈঃ পরিশোধ্যমিত্যাকারকং জ্ঞানং জ্যেষ্ঠস্যৈব, তত্র কনিষ্ঠাদের্বিদেশস্থস্যাপি সম্ভবতি ইত্যাহুঃ। তদভাবে অনুমতিদ্রব্য-সংশ্লেষয়োরভাবে। বিধ্যন্তরেতি অনুমতিদ্রব্যসংশ্লেষয়োরভাবে পৃথক্ শ্রাদ্ধং কুর্য্যাদিত্যাকারকবিধ্যন্তরে ইত্যর্থঃ। শুদ্ধিকৌমুদ্যাস্তু,—যত্নান্নবস্ চান্যেষু স এব প্রদদ্যাত্যাদীত্যাদিপুরাণে; একাদশো ভিন্নক্রমে, সোঽপি প্রদদ্যাদেবেত্যর্থঃ। অন্যথাপিশব্দো ব্যর্থঃ স্যাৎ। অতএব বশিষ্ঠমহর্ষিণাধিষ্ঠিতেন দত্তে ভরতেন পুত্রকপিণ্ডে শ্রীরামেণ পুনঃ পিণ্ডো দত্ত ইতি শ্রীরামায়ণে বাল্মীকিমহর্ষিণা বর্ণিতং সংগচ্ছতে। যথা, ঐঙ্গুদং বদরোন্মিশ্রমিত্যাদি। ততঃ পিণ্ডদানমারভ্য সর্বং কর্ম জ্যেষ্ঠেনাপি পুনঃ কার্য্যমিতি সমীচীনমাহুঃ। এবঞ্চ জ্যেষ্ঠস্যাপ্যপাটবাদ্যশক্তৌ দেশান্তরস্থিতৌ বা তদানীমধিকারিণা কনিষ্ঠেন স্বয়ংকরণে প্রত্যবায়াৎ কৃতে শ্রাদ্ধে দ্রব্যার্পণানুমতিবিধানাভাবেন প্রত্যবায়পরিহারকালাভাবাৎ পাটবাদৌ ভূতে পুনর্জ্যেষ্ঠেন কর্তব্যমেব। বৃদ্ধাস্তু চিরকালীনাপাটবসম্ভাবনায়াং দ্রব্যার্পণানুমতী স্বয়ং বিধায় কনিষ্ঠদ্বারাপি কার্য্যং, ততঃ পশ্চাৎ পাটবে সতি জ্যেষ্ঠেন পুনর্নানুষ্ঠেয়মিত্যাহুরিত্যলম্। নিবর্তয়তি যো মোহাদিত্যাদিকন্তু তদ্বচনমতানুসারেণ ব্যাখ্যেয়মিতি তু বিভাবনীয়ম্। জ্যেষ্ঠস্য নিয়মিতে কনিষ্ঠস্য সাগিত্বে পরিবেদনং তাদৃত উক্তং

বিধিতে পৃথক্ করণের কথা আসে না, সুতরাং পৃথক্করণঘটিত একটী নূতন বিধির কল্পনা করিতে হয়, নূতন বিধি কল্পনা করিতে হইলে তন্মূলক স্বতন্ত্র শ্রুতিরও কল্পনা করিতে হয়, কাজেই গৌরবপক্ষ হইয়া পড়ে। আরও দেখ, শুদ্ধিপ্রকাশ নামক গ্রন্থে ‘যে ব্যক্তি অপর ব্যক্তি কর্তৃক সম্পাদিত ক্রিয়ার পুনর্বার অনুষ্ঠান করে, সে ব্যক্তি তাহাতে যে কেবল শাস্ত্রবিধির উল্লঙ্ঘনকারী হয় এমন নহে, পিতৃ-হত্যা-পাপেরও পাতকী হয়। অতএব বুদ্ধিমান্ ব্যক্তি সাধুদিগের আচারিত পথের অনুসরণ করত, যে কোন ব্যক্তিই প্রেতক্রিয়া নির্বাহ করুক না কেন, উহার পুনর্বার আর অনুষ্ঠান করিবে না”—এইরূপ পৃথক্করণের নিষেধক বায়ুপুরাণের বচনও উদ্ধৃত হইয়াছে। যদি বল, তবে মরীচির বচনে “সকলের অনুমোদন ক্রমে” এবং “অবিভক্ত দ্রব্যের দ্বারা” এইরূপ বলা হইল কেন? ইহার উত্তর এই যে, উহাদ্বারা সকল পুত্রের ঐকমত্য এবং দ্রব্যসম্মিলন থাকিলেই যে, কর্তব্য ইহাই প্রতিপাদিত হইয়াছে, উহাদ্বারা কিন্তু সকলের অনুমোদন এবং দ্রব্যসম্মিশ্রণ এই উভয়ের অভাবে প্রত্যেকের পৃথক্ পৃথক্ শ্রাদ্ধ কর্তব্য এরূপ বিধান করা হয় নাই, তাহা হইলে, পৃথক্ শ্রাদ্ধকরণ বিষয়ে আর একটী

মাস্, জ্যেষ্ঠো নিরগ্নিঃ, তদা কনিষ্ঠেন দর্শাদর্ব্বাক্ সপিণ্ডনে কৃতে, সপিণ্ডনং জ্যেষ্ঠেন ন পুনরাবর্ত্তনীয়ং পৃথক্করণনিষেধাৎ।" এবং কনিষ্ঠস্য বৃদ্ধিনিপাতেঽপি বোধ্যমিতি শ্রাদ্ধচিন্তামণৌ,—এতচ্চ বিদেশস্থ-জ্যেষ্ঠে বোধ্যং স্বদেশস্থে তু জ্যেষ্ঠে তদ্দ্বারৈবাপকৃষ্য কনিষ্ঠেন কর্ম্ম কর্ত্তব্য"মিতি। শ্রাদ্ধচিন্তামণৌ তু যদ্যপি,

---

বৈমাত্রেয় ইতি। দর্শাদর্ব্বাক্ দর্শযাগাৎ পূর্ব্বং সাগ্নিনা পুত্রেণ মুখ্যকালে সপিণ্ডনং কৃত্বাপি ন ক্রিয়তে কিন্তু দর্শযাগানুরোধেন দর্শযাগাৎ পূর্ব্বমপকৃষ্য সপিণ্ডনং ক্রিয়তে ইতি বোধ্যম্। জ্যেষ্ঠেন বিদেশাদিস্থেন বৃদ্ধ্যুপনিপাতেঽপীতি তথাহি বিদেশস্থত্বাদিনা তৎকালীনকর্ম্মাসমর্থজ্যেষ্ঠসত্ত্বেঽপি বৃদ্ধ্যুপস্থিতৌ কনিষ্ঠেনাপকৃষ্টসপিণ্ডনং কার্য্যমিতি ভাবঃ। এতদ্বিদেশস্থেতি এতৎ জ্যেষ্ঠসত্ত্বে কনিষ্ঠকর্ত্তৃকং, তৎকালীনকর্ম্মসমর্থজ্যেষ্ঠসত্ত্বে তু জ্যেষ্ঠদ্বারৈবাপকৃষ্টসপিণ্ডনং নিষ্পাদ্য কনিষ্ঠেন কর্ম্ম কর্ত্তব্যমিতি বোধ্যম্। অত্র স্বদেশে-ত্যাদিকঃ পাঠঃ কাচিৎকঃ। কচিত্তু পশ্চাদর্থতে। তদ্দ্বারৈব জ্যেষ্ঠদ্বারৈব। কনিষ্ঠেনেতি বৃদ্ধ্যাদ্যনুরোধাদিতি ভাবঃ। শ্রাদ্ধচিন্তামণাবিতি এতন্মতে জ্যেষ্ঠসত্ত্বেঽপি সর্ব্বেষাং মতং কৃত্বা কনিষ্ঠোঽপি কর্ত্তুং শক্নোতি, জ্যেষ্ঠেনৈব তু যৎ কৃতমিত্যত্র জ্যেষ্ঠত্বমবিবক্ষিতমিতি

বিধির কল্পনা করা অপরিহার্য্য হইয়া পড়ে। উক্ত বিধির দ্বারা আর তাহার বোধ হয় না। এই জন্যই সংবৎসরপ্রদীপ নামক গ্রন্থে হলায়ুধ বলিয়াছেন, "যদি কনিষ্ঠ বৈমাত্রেয় সাগ্নিক হয় এবং জ্যেষ্ঠ নিরগ্নি হয়, এরূপ স্থলে কনিষ্ঠ স্বকর্ত্তব্য দর্শযাগের অনুরোধে যদি তৎপূর্ব্বে অপকর্ষ করিয়া সপিণ্ডীকরণ সম্পাদন করে, তবে জ্যেষ্ঠ কর্ত্তৃক আর পুনর্ব্বার ঐ সপিণ্ডনের আবর্ত্তন করিতে হইবে না; কারণ পৃথক্ অনুষ্ঠান করা শাস্ত্রে নিষিদ্ধ হইয়াছে।" এইস্থলে যেরূপ দর্শযাগের অনুরোধে সাগ্নিক কনিষ্ঠকৃত অপকৃষ্ট পিতৃসপিণ্ডনের জ্যেষ্ঠ কর্ত্তৃক সংবৎসর পূর্ণ হইলে পুনর্ব্বার আবর্ত্তন করিতে হয় না, সেইরূপ বৃদ্ধি উপস্থিত হইলে, জ্যেষ্ঠের অসামর্থ্য নিবন্ধন কনিষ্ঠ যদি পিত্রাদির সপিণ্ডীকরণ করে, তাহা হইলে জ্যেষ্ঠের আর পুনর্ব্বার ঐ কার্য্যের অনুষ্ঠান করিতে হইবে না, এইরূপ ব্যবহারও পণ্ডিতেরা করিয়াছেন"। শ্রাদ্ধচিন্তামণিকার বলেন—"এই যে জ্যেষ্ঠ বিদ্যমানে কনিষ্ঠকে সপিণ্ডীকরণাত্তক্রিয়ার অধিকার দেওয়া হইয়াছে, উহাতে জ্যেষ্ঠ বিদেশস্থ হইলেই কনিষ্ঠের যে ঐরূপ অধিকার হয়, ইহাই বুঝিতে হইবে, কিন্তু জ্যেষ্ঠ যদি কনিষ্ঠের সহিত একদেশস্থিত হয়, তাহা হইলে কনিষ্ঠ বৃদ্ধির উপস্থিতিতে জ্যেষ্ঠ দ্বারাই অপকর্ষ সপিণ্ডন করাইবে।" শ্রাদ্ধচিন্তামণিতে ইহাও বলা

"অকৃত্বা প্রেতকার্য্যাণি প্রেতস্য ধনহারকঃ।
বর্ণানাং যদ্বধে প্রোক্তং তদ্ ব্রতং নিয়তশ্চরেৎ॥" ইতি শঙ্খবচনেন সর্ব্বেষামেব পুত্রাণাং প্রেতশ্রাদ্ধকর্তৃত্বমায়াতি। তথাপি স্বীয়স্বীয়ধনদানদ্বারা তৎ কারয়িতব্যম্। "সর্ব্বেষান্তু মতং কৃত্বা" ইতি লঘুহারীতবচনাদুক্তং প্রত্যাব্দিক এব। পৃথক্করণমাহ লঘুহারীতঃ—

"প্রত্যব্দমিতরে কুর্য্যুরেকোদ্দিষ্টং পৃথক্ সুতাঃ।
যাবন্ত এব পুত্রাঃ স্যুঃ পিণ্ডা স্তাবন্ত এব হি॥" "ইতরে" প্রেতক্রিয়াধিকার্য্যন্যে।

"কন্যাবৈবাহিকঞ্চৈব প্রেতকার্য্যে চ যৎ কৃতম্।
তৎ সর্ব্বং হি প্রদাতব্যং কুটুম্বেন কৃতং প্রভোরি"তি কাত্যায়নবচনে প্রভোরিতি কর্ত্তরি ষষ্ঠী। তেন প্রভুণা দাতব্য-

---

বোধ্যম্। বর্ণানাং বধে বধব্রতমিত্যর্থঃ। প্রেতকার্য্যেতি প্রেতকার্য্যাধিকারী জ্যেষ্ঠ-

---

হইয়াছে যে, "যাহারা প্রেতের কার্য্য না করিয়া, উহার ধনহারক হয়, তাহাদের চতুর্ব্বর্ণবধে যে প্রায়শ্চিত্ত বিহিত হইয়াছে, সর্ব্বদা সেই প্রায়শ্চিত্তের আচরণ করা কর্ত্তব্য," এই শঙ্খবচন দ্বারা যদ্যপি সমুদয় পুত্রেরই প্রেত-শ্রাদ্ধের পৃথক্‌ভাবে কর্ত্তৃত্ব বুঝাইতেছে. তথাপি উহাদ্বারা ঐ কর্ত্তৃত্ব যে, জ্যেষ্ঠ ভিন্ন অপরের প্রযোজক কর্ত্তৃত্ব অর্থাৎ সকল পুত্র নিজ নিজ ধন দিয়া জ্যেষ্ঠ দ্বারাই উহা করাইবে, এইরূপ সিদ্ধান্তই করিতে হইবে, তাহার প্রতি "সকলের অনুমোদন ক্রমে" ইত্যাদি লঘু হারীতের বচনই প্রমাণ।" তবে শঙ্খবচনোক্ত প্রত্যেক পুত্রের পৃথক্‌রূপে শ্রাদ্ধকর্ত্তৃত্ব যে সম্পূর্ণ নিরর্থক তাহা নহে, বাৎসরিক শ্রাদ্ধ যে প্রত্যেক পুত্র পৃথক্‌ভাবে করিবে, একথা লঘুহারীতে উক্ত হইয়াছে, যথা "ইতর অর্থাৎ প্রেতক্রিয়ার অধিকারী ভিন্ন অপর পুত্রগণও প্রতি সাম্বৎসরিক শ্রাদ্ধ পৃথক্ পৃথক্ ভাবেই করিবে, অর্থাৎ পুত্রের সংখ্যা যত হইবে পিণ্ডের সংখ্যাও তত হওয়া আবশ্যক।" আরও দেখ, মৃত পিতার কন্যার বিবাহে এবং প্রেতকৃত্যে যাহা ব্যয় হইবে, প্রভু অর্থাৎ ঐ সকল কার্য্যে কর্ত্তৃত্ব প্রাপ্ত ব্যক্তি কুটুম্বদ্বারা কৃত ঐ সকল কার্য্যের ব্যয়ের

মিত্যর্থঃ। ইতি রত্নাকরব্যাখ্যানাত্তদ্ব্যয়িতধনপ্রদানাদপি প্রত্যবায়ানুদয়ঃ। কিঞ্চ "পৃথক্ নৈব সুতাঃ কুর্য্যুরি"তি শ্রবণাৎ "সর্ব্বেষান্তু মতং কৃত্বা" ইত্যত্র সর্ব্বেষাং পুত্রাণাং ফলায়েদং শ্রাদ্ধং ভবত্বিতি মতং জ্ঞানং কৃত্বা ইতি ব্যাখ্যানাচ্চ; যেন ষোড়শশ্রাদ্ধং ক্রিয়তে, তেন সর্ব্বসুতার্থাভিসন্ধানেন তৎ ক্রিয়তে, ইতি প্রতিনিধিনাপি তৎকরণং সিদ্ধম্। ন চ যস্তু প্রতিনিধিস্তেন তদকরণে কথং প্রতিনিধিত্বমিতি বাচ্যম্,

---

ত্বতিয়া ইত্যর্থঃ। যৎকৃতং যন্ধনং ব্যয়িতম্। ব্যয়িতপ্রব্যেতি ব্যয়িতপ্রেতশ্রাদ্ধাদ্যোপয়িক-দ্রব্যেত্যর্থঃ। যেন জ্যেষ্ঠাদিনা সর্ব্বসুতার্থেতি সর্ব্বেষাং সুতানাম্ অর্থঃ ফলং তদ্ভাভি-সন্ধানেন অনেন শ্রাদ্ধেন সর্ব্বেষাং সুতানাং ফলং ভবত্বিত্যাকারকাভিসন্ধানেন। প্রতি-নিধিনেতি তথাচ জ্যেষ্ঠাদিঃ সর্ব্বেষাং সুতানাং প্রতিনিধিরিতি ভাবঃ। যস্তেতি কনিষ্ঠাদেরিত্যর্থঃ। তদকরণে ইতি প্রতিনিধ্যকরণে, জ্যেষ্ঠাদেঃ প্রতিনিধিত্বাকরণে ইতি

অংশ প্রদান করিবে।" এই কাত্যায়নবচনস্থিত 'প্রভোঃ' এই ষষ্ঠ্যন্ত পদে কর্ত্তায় ষষ্ঠী, অতএব "প্রভুর অর্থাৎ ঐ সকল কার্য্যে অধিকারিব্যক্তির ঐ ব্যয় নির্ব্বাহ করিতে হইবে" এইরূপে রত্নাকরের ব্যাখ্যা অনুসারেও প্রেতকৃত্যে অপর পুত্রদিগের কর্ত্তৃত্ব থাকিলেও উহাতে ব্যয়িতব্য ধনের ভাগ দিলেই যে, তাহাদের অকরণ জন্য যে, আর প্রত্যবায় হইবে না, ইহাই সিদ্ধ হইতেছে। আরও দেখ "পুত্রগণ পৃথক্‌ভাবে প্রেতকৃত্য করিবে না" এইরূপ সুস্পষ্ট নিষেধ থাকায় এবং 'সকলের মত করিয়া' এই বাক্যটীর "সকল পুত্রের মঙ্গল ফলের জন্য এই শ্রাদ্ধ অনুষ্ঠিত হউক, এইরূপ মত অর্থাৎ জ্ঞান করিয়া" এইরূপ ব্যাখ্যা দ্বারাও ইহাই প্রতীত হইতেছে যে, সপিণ্ডীকরণান্ত শ্রাদ্ধ প্রত্যেক পুত্রের পৃথক্‌ভাবে না করিলেও কোন দোষ হইবে না। আরও দেখ, যে পুত্র ঐ ষোড়শশ্রাদ্ধ করে, সে অপর পুত্র সকলেরও যে ঐ শ্রাদ্ধে ফললাভ হউক এই কামনা করিয়াই করিয়া থাকে, অতএব সেই পুত্র অপরের প্রতিনিধি হইয়াই ঐ ষোড়শ শ্রাদ্ধ করিতেছে বলিয়া উহাদ্বারা কৃত শ্রাদ্ধ অপরের কৃতরূপেও সিদ্ধ হইবে। ইহার তাৎপর্য্য এই যে, পূর্ব্বোক্ত শঙ্খবচনে সকল পুত্রের সমভাবে শ্রাদ্ধকর্ত্তৃত্ব উক্ত হওয়ায়, যেস্থলে একজন মাত্র শ্রাদ্ধ করিতেছে, সে স্থলে ঐ শ্রাদ্ধ অপর পুত্রের কৃতরূপে সিদ্ধ হয় কি প্রকারে? এইরূপ আশঙ্কা করিয়া রঘুনন্দন বলিতেছেন—শ্রাদ্ধ-

"ঋত্বিক্ তু ত্রিবিধো জ্ঞেয়ঃ পূর্ব্বৈর্জুষ্টঃ স্বয়ং কৃতঃ।
যদৃচ্ছয়া চ যঃ কুর্য্যাদার্ত্বিজ্যং প্রীতিপূর্ব্বকম্॥"

ইতি বিবাদকল্পতরুরত্নাকরচিন্তামণিশান্তিদীপিকাধৃতনারদযজ্ঞপার্শ্ববচনে যজমানেন প্রতিনিধিত্বাকরণেঽপি তৃতীয়র্ত্বিজঃ স্বেচ্ছয়া তদ্দর্শনাৎ। "পূর্ব্বৈঃ" পূর্ব্বপুরুষৈঃ, তদ্ভেদপ্রয়োজনং তত্রৈব,—

"ঋত্বিগ্ যাজ্যমদুষ্টং যস্ত্যজেদনপকারিণম্।

যাবৎ। তদ্দর্শনাৎ হোমাদিকার্য্যদর্শনাৎ; তথাচ তেন প্রতিনিধিত্বাকরণেঽপি, তৎপ্রতিনিধিত্বমিত্যাশয়ঃ। তদ্ভেদেতি পূর্ব্বৈর্জুষ্টত্বাদিনা ঋত্বিগ্‌ভেদে তার্থঃ। যাজ্যং যজমানং,

কারী পুত্র যখন অপর পুত্রেরাও এই শ্রাদ্ধজন্য ফলভাগী হউক, এইরূপ মনে করিয়া, ঐ সকল শ্রাদ্ধ করে, তখন সে এক প্রকার অপর পুত্রদিগের প্রতিনিধি হইয়াই কার্য্য করে, সুতরাং প্রতিনিধি দ্বারা করা হইল বলিয়া ঐ সকল শ্রাদ্ধ অপর পুত্রগণেরও করা হইল এইরূপ বুঝিতে হইবে। ইহাতে কেহ আশঙ্কা করিয়াছিল, এই যে তুমি বলিলে যে কোন পুত্র ঐ সকল শ্রাদ্ধ করে, সে এক প্রকার অপর পুত্রদিগের প্রতিনিধি স্বরূপ হইয়াই ঐ ষোড়শ শ্রাদ্ধ করে, যেহেতু সে অপর পুত্রদিগেরও ঐ শ্রাদ্ধজন্য ফলকামনা করে, অতএব সে প্রতিনিধি হইয়া শ্রাদ্ধ করিয়াছে বলিয়া, উহা অপরেও করা হইবে। ইহা কিরূপ হইল? দেখ, যে স্থলে প্রতিনিধি দ্বারা কার্য্য করান হয়, সে স্থলে অগ্রে প্রতিনিধিকে ঐ কার্য্য করিবার জন্য নিযুক্ত করিতে হয়, ইহাই শাস্ত্রের অভিপ্রেত। এ স্থলে শ্রাদ্ধকারী পুত্রকে ত আর অপর পুত্রেরা যথাবিধি প্রতিনিধিরূপে নিযুক্ত করে না, তবে সে তাহাদের প্রতিনিধি হইবে কিরূপে? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, ইহা বলিতে পার না। "ঋত্বিক্ তিন প্রকার কথিত হইয়াছে (১) পূর্ব্বপুরুষানুক্রমে পৌরোহিত্য কার্য্যে নিযুক্ত, (২) যজমান স্বয়ং যাহাকে নিযুক্ত করিয়াছে (৩) এবং যে ব্যক্তি আপনার ইচ্ছাক্রমে প্রীতিপূর্ব্বক পৌরোহিত্য কর্ম্ম করিয়া থাকে।" এই বিবাদকল্পতরু, রত্নাকর, চিন্তামণি এবং শান্তিদীপিকায় উদ্ধৃত নারদ এবং যজ্ঞপার্শ্বের বচনে যজমান কর্ত্তৃক প্রতিনিধিরূপে নিযুক্ত না হইলেও তৃতীয় প্রকারের ঋত্বিক্ নিজ ইচ্ছায় প্রতিনিধিরূপে কার্য্য করিলেও

অদুষ্টবৃত্বিজং যাজ্যো বিনেয়ৌ তাবুভাবপি ॥
ক্রমাগতেষ্বেষ ধর্ম্মো বৃতেষ্বৃত্বিক্ষু চ স্বয়ম্।
যাদৃচ্ছিকে তু সংযোজ্যে তত্ত্যাগে নাস্তি কিল্বিষম্ ॥

বিনেয়ৌ দণ্ডনীয়ৌ, সংযোজ্যে প্রেষণার্হে ঋত্বিজি। অকৃতবরণর্ত্বিজঃ পরিত্যাগশঙ্কায়ামাহ যজ্ঞপার্শ্বঃ,—

"অবৃত ঋত্বিক্ কর্ম্মাণি নৈব কুর্য্যান্ন কারয়েৎ।" অন্যথা যাদৃচ্ছিকস্য বিষয়ানুপপত্তেঃ ॥ ১০৪ ॥

যাজ্যো যজমানঃ, ক্রমাগতেষু পূর্ব্বপুরুষৈর্বৃষ্টেষু ঋত্বিক্ষু স্বয়ং কৃতেষু চ ঋত্বিক্ষু এষু ধর্ম্মত্যাগে দণ্ডনীয়রূপোঽধর্ম্মঃ, যাদৃচ্ছিকে স্বয়ং প্রবৃত্তে অকৃতবরণে ইতি যাবৎ। প্রেষণার্হ ইতি কুরু মা কুরু ইত্যাদিপ্রেষণযোগ্য ইত্যর্থঃ। অতএব যাদৃচ্ছিকস্য ঋত্বিজঃ

যে উহা যজমানের কৃত বলিয়া সিদ্ধ হয়, ইহা স্পষ্টই ব্যক্ত হইতেছে। বচনস্থিত পূর্ব্ব শব্দের অর্থ—পূর্ব্ব পুরুষ। এই তিন প্রকার ঋত্বিগ্‌ভেদের প্রয়োজনও ঐ যজ্ঞপার্শ্বের নিবন্ধে উক্ত হইয়াছে। যথা—"যদি কোন ঋত্বিক্ অনপকারী এবং অদুষ্ট যজমানকে পরিত্যাগ করে, অন্য দিকে যদি কোন যজমান অদুষ্ট ঋত্বিক্‌কে পরিত্যাগ করে, এই উভয়ই রাজা কর্ত্তৃক দণ্ডনীয় হয়। পুরুষানুক্রমাগত ঋত্বিক্ সম্বন্ধে, এবং যজমান নিজে যাহাকে ঋত্বিক্ কর্ম্মে নিযুক্ত করিয়াছে, তাহার সম্বন্ধেও উক্তরূপ পরিত্যাগে অধর্ম্ম হয়, কিন্তু যে ব্যক্তি নিজের ইচ্ছায় ঐ যজমানের ঋত্বিক্‌কর্ম্মে নিযুক্ত হইয়াছে, এইরূপ ঋত্বিক্‌কে পরিত্যাগ করিলে কোন দোষ নাই।" উক্ত বচনে স্থিত "বিনেয়" শব্দের অর্থ—দণ্ডনীয় এবং সংযোজ্য শব্দের অর্থ—কার্য্যে নিযোজ্য ঋত্বিক্। পূর্ব্বোক্ত দুই প্রকারের ঋত্বিক্ যজমান কর্ত্তৃক বৃত না হওয়া পর্য্যন্ত উহাদিগকে পরিত্যাগ করিলে, কোন দোষ হয় কি না? এইরূপ আশঙ্কা করিয়া যজ্ঞপার্শ্ব বলিতেছেন—"পূর্ব্বে যজমান কর্ত্তৃক বৃত না হইয়া কোন ঋত্বিক্ যজমানের প্রতিনিধিরূপে কোন কার্য্য করিবে না, অথবা যজমানকেও কোন কার্য্য করাইবে না।" পূর্ব্বোক্ত দ্বিপ্রকারের ঋত্বিক্ বিষয়েই যে এই বিধান করা হইয়াছে, ইহা না বলিলে, যাদৃচ্ছিক ঋত্বিকের বিষয় স্থির করা বড় কঠিন হইয়া উঠে, অর্থাৎ সকল প্রকার ঋত্বিক্‌ই যদি যজমান কর্ত্তৃক পূর্ব্বে বৃত হইয়াই কর্ম্ম করিবে এরূপ বাঁধাবাঁধি নিয়ম করা হয়, তবে যাদৃচ্ছিক ঋত্বিক্‌রূপে যে তৃতীয় প্রকার ঋত্বিকের

"পরিসমূহ্যোপোল্লিখ্যোদ্ধৃত্য অভ্যুক্ষ্যাগ্নিমুপসমাধায় দক্ষিণতো ব্রহ্মাসনমাস্তীর্য্য প্রণীয় পরিস্তীর্য্যার্থবদাসাদ্য পবিত্রে কৃত্বা প্রোক্ষণীঃ সংস্কৃতার্থবৎ প্রোক্ষ্য নিরূপ্যাজ্যমধিশ্রিত্য পর্য্যগ্নিং কুর্য্যাৎ। এবং স্রুবং প্রতপ্য দর্ভৈঃ সংমৃজ্যাভ্যুক্ষ্য পুনঃ প্রতপ্য নিদধ্যাৎ, আজ্যমুদ্বাস্য উৎপূয়াবেক্ষ্য প্রোক্ষণীঃ পূর্ব্ববৎ উপযমনকুশানাদায় সমিধোঽভ্যাধায় পর্য্যুক্ষ্য

ত্যাগেকনিষ্ঠতাবাদেব ন কুর্য্যাদিতি তাদৃশশঙ্কাবিরহে তু কুর্য্যাদেবেতি ভাবঃ। অন্যথা তাদৃশশঙ্কাবিরহেঽপ্যকরণে ॥ ১০৪ ॥

নমু যত্র জ্যেষ্ঠেন শ্রাদ্ধত্রয়াদিকং কৃত্বা মৃতস্তত্র শেষশ্রাদ্ধং কর্ত্তব্যং ন বেত্যপেক্ষায়ামাহ "পরিসমূহ্য" ইত্যাদি, পরিসমূহ্য কুশৈঃ সম্মার্জ্জনরূপং পরিশোধনং কৃত্বেত্যর্থঃ।

ভেদ করা হইয়াছে এরূপ ভেদ করা নিরর্থক হইয়া পড়ে; এক্ষণে দেখ, যাদৃচ্ছিক ঋত্বিক্ যদি যজমান কর্তৃক বৃত না হইয়াও যজমানের প্রতিনিধিরূপে কার্য্য করিতে পারে, ইহা সিদ্ধ হইল, তবে শ্রাদ্ধকারী পুত্র অপর পুত্রগণ কর্তৃক প্রতিনিধিরূপে নিযুক্ত না হইলেও তৎকৃত শ্রাদ্ধ অপর কর্তৃক কৃত বলিয়া গ্রাহ্য হইতে পারিল। ১০৪

ভাল, সমর্থ জ্যেষ্ঠ পুত্রই যেন প্রধান অধিকারী হইল, সে-ই প্রেতকার্য্য সকল করিবে, এবং তাহার ঐ কার্য্য করাতেই অন্য পুত্রদিগেরও ঐ কার্য্য করা হইয়াছে বলিয়া গ্রাহ্য হইবে, উহাদের আর স্বতন্ত্র শ্রাদ্ধ করিতে হইবে না এবং জ্যেষ্ঠের অসামর্থ্য ঘটিলে তাহা অপেক্ষা বয়ঃকনিষ্ঠ পুত্র ঐ কার্য্য করিলেও অপর পুত্রদিগকে আর প্রেতকার্য্য করিতে হইবে না, এ পর্য্যন্ত এক প্রকার বুঝিলাম। কিন্তু যে স্থলে ষোড়শ শ্রাদ্ধের মধ্যে কতকগুলি শ্রাদ্ধ করিয়া জ্যেষ্ঠের মৃত্যু হইয়াছে, সে স্থলে অবশিষ্ট শ্রাদ্ধগুলি তদপেক্ষা কনিষ্ঠ পুত্র করিতে পারিবে কি না? কারণ পূর্ব্বে "স এব হি" ইহার ব্যাখ্যা স্থলে তুমিই বলিয়াছ, যে আরম্ভ করিবে, সমাপ্তি পর্য্যন্ত সকল ক্রিয়া তাহারই কর্ত্তব্য। এইরূপ আশঙ্কা করিয়া কাত্যায়নের গৃহ্যসূত্রোক্ত হোমপ্রকরণ হইতে একটা দৃষ্টান্ত দেখাইয়া ঐরূপ স্থলে অপরে যে, অবশিষ্ট ক্রিয়াগুলি অনুষ্ঠান করিতে পারিবে, এইরূপ মীমাংসা করিতেছেন। দেখ, যে কোন ব্যক্তি যে কোন প্রকরণীয় আরম্ভ করিবে, সেই

জুহুয়াৎ।” ইতি কাত্যায়নেন পরিসমূহোপক্রমপূর্ণহোমপর্য্যন্ত-ব্যাপারকলাপস্য এককর্ত্তৃকত্বপ্রাপ্তাবপ্যারব্ধকর্ম্মণি বিনষ্টে ঋত্বিগন্তরেণ তৎকর্ম্মসমাপনোক্তেঃ। তথাচ যাজ্ঞবল্ক্যঃ,—

“জিহ্মং ত্যজেয়ুর্নির্লাভমশক্তোঽন্যেন কারয়েৎ।

যথা জয়রামঃ,—কুশৈঃ সমার্জ্জয়েদ্ভূমিং তত্রাদৌ শুচিস্তঃ। হস্তমাত্রাং চতুরস্রাং গোময়েনোপলেপয়েদিতি। উপলেপনকারণমাহ গৃহ্যসংগ্রহঃ,—ইন্দ্রস্তাবেতঃ পূর্ব্বং বৃত্রো নাম মহাসুরঃ। মেদসা তস্য সংকীর্ণা তদর্থমুপলিপ্যতে॥ উল্লিখ্য রেখামুল্লিখ্য। যথাতঃ প্রাচীং রেখামুল্লিখ্য উদীচীঞ্চ সংহতাং পশ্চান্মধ্যে প্রাচীস্তিস্র ইতি গোভিলসূত্রাৎ। উদ্ধৃত্য রেখাস্থ উত্থিতমৃত্তিকা মুষ্ট্যাঙ্গুষ্ঠাভ্যাং পূর্ব্বস্থাপিতজলেন রেখামভ্যুক্ষ্য প্রণীয় জলাধারাংশং কিঞ্চাগ্নিং যথোক্তপ্রকারেণ স্থাপয়িত্বা পরিস্তীর্য্য কুশৈরাস্তরণং কৃত্বা। যথা গোভিলঃ,—অগ্নিমুপসমাধায় কুশৈঃ সমন্তং পরিস্তৃণুয়াদিতি, অগ্নিমুপসমাধায় [কাষ্ঠাদিনা প্রজ্বাল্য সর্ব্বমাদায় প্রয়োজনবন্তো দ্রব্যাণ্যাসাদনং কৃত্বা অর্থবৎ প্রোক্ষ্য প্রয়োজনবৎ দ্রব্যং প্রোক্ষ্য নিরূপ্য পাত্রে ঘৃতমাজ্যং অধিশ্রিত্য দ্রবীকৃত্য পর্য্যগ্নিং কুর্য্যাৎ অগ্নেঃ পর্য্যুক্ষণং কুর্য্যাৎ, আজ্যমুত্তমং দ্রবীকৃতং ঘৃতং অপেরাহৃত্য,উপযমনকুশান্ ত্রয়োদশ আদায় বামহস্তে কৃত্বা সমিধোঽভ্যাধায় তূষ্ণীমগ্নৌ হুত্বা এককর্তৃকত্বপ্রাপ্তৌ ইতি কৃত্বা প্রত্যাবেদিতার্থঃ। সমাপ্যেতেরিতি অন্যকার্ত্তেনাপি শেষঃ সমাপ্যতে ইত্যর্থঃ। নির্ম্মাল্যমিতি নির্গতো লাভো যস্মাৎ এবম্ভূতং কৃত্বা কেবলমূলধনং দত্ত্বা বিসর্জ্জয়েদিত্যর্থঃ।

প্রকরণান্তর্গত সমুদয় ক্রিয়া তাহারই কর্ত্তব্য হইলেও স্থলবিশেষে পণ্ডিতেরা অন্যরূপ ব্যবস্থাও করেন, যেমন এ স্থলে "পরিসমূহ" অর্থাৎ কুশ দ্বারা অগ্নিস্থল মার্জ্জনরূপ কর্ম্ম হইতে আরম্ভ করিয়া পূর্ণাহুতি হোম পর্য্যন্ত নানাবিধ ক্রিয়াকলাপ একই ব্যক্তি কর্ত্তৃক কর্ত্তব্যরূপে শাস্ত্রে বিহিত হইলেও যদি কোন ঋত্বিক্ কার্য্য আরম্ভ ক'রে কতকগুলি ক্রিয়া করিয়া মৃত হয়, সে স্থলে যেমন অপর ঋত্বিক্ দ্বারা কর্ম্ম সমাপন করাইবার ব্যবস্থা করা হইয়াছে, এ স্থলেও সেইরূপ বুঝিতে হইবে। কেবল কাত্যায়ন কেন, যাজ্ঞবল্ক্যও বলিয়াছেন—"যদি একযোগে বাণিজ্যকারী অংশীদার অপর অংশীদার কর্ত্তৃক কুটিল বলিয়া জ্ঞাত হয়, তবে অপর অংশীদার তাহাকে লাভের অংশ না দিয়া কেবল মাত্র তৎপ্রদত্ত মূলধন ফেরৎ দিয়া বিদায় করিয়া দিবে, এবং কোন অংশীদার আপনার অংশমত কার্য্য করিতে অশক্ত হইলে, অপরের দ্বারা তাহার কার্য্য করাইয়া

অনেন বিধিনাখ্যাত ঋত্বিক্কর্ষককর্ম্মিণাম্।” কিঞ্চ কূটিলম্। বাক্যমাহতুঃ শঙ্খলিখিতৌ,—

“তত্র চেদনুপ্রাপ্তে সবনে ঋত্বিক্ ম্রিয়তে, তত্র কিং কার্য্যমিতি জিজ্ঞাসায়াং তস্য সগোত্রঃ শিষ্যো বা তৎকার্য্যমনুপূরয়েৎ, তথা চেদ্ বান্ধবস্ততোঽন্যমৃত্বিজং বৃণুয়াদ”িতি। “অনুপ্রাপ্তে” আরদ্ধে, “সবনে” যজ্ঞে। এবং প্রেতকার্য্যে প্রথমাধিকারিবিনাশে অন্যেনাপি শেষঃ সমাপ্যতে। তদাহ বৃহস্পতিঃ,—

“এবং ক্রিয়াপ্রবর্ত্তানাং যদি কশ্চিদ্বিপদ্যতে।
তদন্যুনা ক্রিয়া কার্য্যা সর্ব্বৈর্ব্বা সহকারিভিঃ।”

কারয়েদিতি বাণিজ্যাদিত্যর্থঃ। অনেনেতি অশক্তস্তান্যদ্বারা কর্ম্মকরণেনেত্যর্থঃ। কর্ম্মিণাং দাসাদীনাং তস্য ঋত্বিজঃ অবান্ধবঃ অর্থাদৃত্বিক্, যজ্ঞে ইতি এবং ভারতপাঠাদৌ বোধ্যম্। সহকারিভিঃ উত্তরাধিকারিভিঃ পুত্রাদিভিঃ ক্রিয়া অবশিষ্টক্রিয়া কার্য্যেত্যর্থঃ।

লইবে।” “অশক্ত ব্যক্তি অন্য দ্বারা করাইবে” এই ন্যায় অনুসারে ঋত্বিক্, ভূমিকর্ষক (চাষা) এবং যে কর্ম্মী অর্থাৎ যজমান অথবা ভৃত্যাদি সম্বন্ধেও পূর্ব্বারব্ধকারী মরণাদি নিবন্ধন আরব্ধ কর্ম্ম সমাপন করিতে অশক্ত হইলে অপর দ্বারা ঐ কর্ম্ম যে সমাপন করাইবে, এইরূপ একটি বৈদিক বিধি কল্পিত হইয়া থাকে। শঙ্খ এবং লিখিত আবার এ কথা আরও স্পষ্ট করিয়া লিখিয়াছেন, “যদি যজ্ঞ কর্ম্মের অনুষ্ঠান আরব্ধ হইবার পর ঋত্বিকের মৃত্যু হয়, সে স্থলে কি করা কর্ত্তব্য? এইরূপ জিজ্ঞাসার উত্তরে ঋষিগণ ব্যবস্থা দিয়াছেন যে, সেই ঋত্বিকের কোন সগোত্র অথবা শিষ্য যথারীতি বৃত না হইয়াও স্বয়ং প্রবৃত্ত হইয়াই সেই কার্য্যের শেষ করিবে। পূর্ব্ব ঋত্বিক্ যদি উক্ত প্রকার বান্ধবশূন্য হয় তা-হ'লে অপর ঋত্বিক্‌কে বরণ করিবে।” মূল বচনস্থিত “অনুপ্রাপ্ত” শব্দের অর্থ—আরব্ধ এবং “সবন” শব্দের অর্থ—যজ্ঞ। এইরূপ শাস্ত্রাভিমত ব্যবস্থা থাকাতেই প্রেতকার্য্যে প্রথমাধিকারী, প্রেতকার্য্যের কতকগুলি করিয়া বিনাশ প্রাপ্ত হইলে, অপর ব্যক্তি যে, অবশিষ্ট কার্য্যগুলি সমাপন করিবে, ইহা সিদ্ধ হইল। বৃহস্পতিও ঐ কথা বলিয়াছেন,—“এইরূপে ক্রিয়া আরব্ধকারীদিগের মধ্যে যদি কোন ব্যক্তি কার্য্য শেষ না করিয়াই মৃত হয়, তবে তাহার বন্ধু অথবা তাহার সহকারিগণ ঐ

ন চ সত্রে যথৈকাপচারে কর্ম্মমধ্যে এব সর্ব্বেষাং সমুত্থানং ন কর্ম্মসমাপনমুক্তং, তদ্বদত্রাপীতি বাচ্যম্, তত্র ফলস্য আত্মগতত্বেন তথা সিদ্ধান্তিতম্, অত্র পরগতত্বেঽন্যেনাপি তস্য সমাপনমিতি।

অথ দ্বিতীয়াধিকারিণা প্রেতত্বপরিহারায় কর্ম্মাদিবিহিত-

সত্রে যজ্ঞবিশেষে, অত্র চ যে এব যজমানাস্ত এব ঋত্বিজ ইতি বোধ্যম্। উত্থানমিতি যাবৎ পর্য্যন্তং ভূতং তাবতৈব সমাপ্তিঃ ন তু শেষকরণাপেক্ষেতি বোধ্যম্। ফলস্যাত্মগতত্বেনেতি ফলস্য কর্ত্তৃগতত্বেন কর্ত্তুর্নাশাৎ কেন কর্ত্তব্যম্? এবমমাবস্যারব্ধাদৌ মধ্যে মরণে যাবৎ পর্য্যন্তং কৃতং তাবতৈব সমাপ্তিঃ, ন তু শেষকরণাপেক্ষেতি বোধ্যম্। প্রেতত্বাপরিহারাৎ প্রেতত্বপরিহারস্য চ পূর্ব্বপূর্ব্বাধিকার্য্যভাবে উত্তরোত্তরাধিকারিণামাবশ্যকত্বেন প্রেতপিণ্ডানাং ষোড়শশ্রাদ্ধানাঞ্চ প্রধানতয়া তুল্যকক্ষাণামেকেনাধিকারিণা কানিচিৎ কৃতানি তদভাবেঽন্যাধিকারিণা যোগ্যতয়া অপরাণি কর্ত্তব্যান্যে-

ক্রিয়া শেষ করিবে।” কেহ আশঙ্কা করিয়াছিল, তুমি যে, বলিতেছ, ক্রিয়া আরম্ভকারীদিগের মধ্যে কার্য্য শেষ না করিয়াই যদি কেহ মৃত হয়, তবে অপরে সেই কার্য্য শেষ করিতে পারিবে, কিন্তু এরূপ নিয়ম সর্ব্বত্র ত দৃষ্ট হয় না; কারণ আমরা দেখিতে পাই, “সত্র” নামক যাগ কতকগুলি ঋত্বিক্‌কর্ত্তৃক আরম্ভ করা হয়, কিন্তু আরম্ভ করিবার পর, একযোগে যাগকারী ঋত্বিক্‌দিগের মধ্যে একের বিনাশ ঘটিলে,—কর্ম্ম শেষ না করিয়াই অপর সকল যাগকারীর উত্থান অর্থাৎ ঐ কর্ম্ম ছাড়িয়া দিয়া উঠিবার কথা বলা হইয়াছে, সেইরূপ এখানেও কর্ম্মারম্ভকারীর বিনাশ ঘটিলে, ঐ কর্ম্ম-সমাপ্তি না করিয়া ছাড়িয়া দেওয়াই হউক না কেন? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, এরূপ আশঙ্কা করিতে পার না। কারণ, সত্রযাগে যাগকারী ঋত্বিক্ সকলেই প্রত্যেকে ঐ কর্ম্মের ফলভাগী। ঐ কর্ম্মের ফলভাগী হইয়াই অনুষ্ঠান কার্য্যে তাহারা সকলেই সমানভাবে কর্ত্তা হয়। সুতরাং তাহাদিগের মধ্যে একজন কর্ত্তার বিনাশ ঘটিলে, কর্ত্তার নাশ হেতু ঐ কর্ম্ম করিবার লোকের অভাব হয় বলিয়াই উক্তরূপ সিদ্ধান্ত করা হইয়াছে; কিন্তু এস্থলে সেরূপ নহে, এস্থলে কর্ত্তা ভিন্ন অপরে অর্থাৎ মৃত ব্যক্তি ঐ সকল ক্রিয়ার ফলভাগী; ঐ সকল ক্রিয়াগুলি না করিলে, মৃতের প্রেতত্বমুক্তি হয় না; সুতরাং কতকগুলি ক্রিয়া করিবার পর প্রথম অধিকারীর মৃত্যু হইলে, পরবর্ত্তী অধিকারী কর্ত্তৃক সমস্ত ক্রিয়ার সমাপন করা আবশ্যক। এক্ষণে কেহ পুনরায় আশঙ্কা

কালসংকল্পং বিনা কথং ক্রিয়তে, ইতি চেন্ন, ষোড়শশ্রাদ্ধানাং

বেত্যাদিকর্ম্মপিণ্ডেন সূচিতম্। কর্ম্মাদীতি "কর্ম্মণ আদিকালে" আরম্ভকালে, বিহিতে-

করিতেছেন, তুমি যে বলিলে, প্রথম বা মুখ্য অধিকারী আদ্যাদি ষোড়শ প্রেতশ্রাদ্ধের মধ্যে কতকগুলি করিয়া মরিয়া গেলে, তৎপরবর্ত্তী অধিকারী যে পর্য্যন্ত করা হইয়াছে, তাহার পর হইতে আরম্ভ করিয়া অবশিষ্ট শ্রাদ্ধ সমাপ্ত করিবে, ইহা কিরূপ হইল? কারণ শাস্ত্রে বলা হইয়াছে, কোন একটি কর্ম্মের আরম্ভে কর্ম্মফললাভের উদ্দেশে সঙ্কল্প করিতে হইবে, এখানে সপিণ্ডীকরণান্ত ষোড়শশ্রাদ্ধের ফল প্রেতত্ত্ববিমুক্তি, তন্নিমিত্ত সঙ্কল্পও উহাদের মধ্যে প্রথম শ্রাদ্ধ আরম্ভ করিবার সময় প্রথম অধিকারী করিয়াছে, তৎ-পরবর্ত্তী অধিকারীর আবার সঙ্কল্প করা শাস্ত্রবিহিত না হওয়ায়, সে সঙ্কল্প না করিয়া কিরূপে অবশিষ্ট শ্রাদ্ধগুলি করিবে? ইহার তাৎপর্য্য এই যে, সকল ক্রিয়া মিলিত হইয়া একটি ফল প্রদান করে, তাহাদের মধ্যে প্রথম ক্রিয়ার আরম্ভেই সেই ফলের উদ্দেশে সঙ্কল্প করা শাস্ত্রবিহিত, এক্ষণে দেখ, সপিণ্ডীকরণান্ত ষোড়শশ্রাদ্ধ মিলিত হইয়াই এক প্রেতত্ত্ববিমুক্তিরূপ ফল প্রদান করে, কাজেই উহাদের আদিতে অর্থাৎ উহাদের মধ্যে প্রথম শ্রাদ্ধের আরম্ভ-কালেই ত সেই প্রেতত্ত্ববিমুক্তিরূপ ফল কামনা করিয়া সঙ্কল্প করাই ত শাস্ত্র-বিহিত, সেরূপ সঙ্কল্প ত প্রথম অধিকারী প্রথম শ্রাদ্ধের আরম্ভকালে করিয়াছে, তৎপরবর্ত্তী, যেস্থান হইতে ক্রিয়া করিতে লাগিল, সেস্থলে পুনরায় আবার সঙ্কল্প করিবার শাস্ত্রানুমোদিত অবসর না হওয়ায়, সে সঙ্কল্প না করিয়াই কার্য্য করিতে লাগিল, কিন্তু "সঙ্কল্প ব্যতীত কার্য্য করিলে সে কার্য্যের ফলভাগী হয় না," ইত্যাদি বচনপরম্পরায় সঙ্কল্প ব্যতীত কার্য্য করিলে, কর্ম্মকর্ত্তার সে কার্য্য নিষ্ফল হয়, ইহাই জ্ঞাত হওয়া যাইতেছে, অতএব পরবর্ত্তী অধিকারী নিজে সঙ্কল্প না করিয়া যে অব-শিষ্ট শ্রাদ্ধগুলি করিতে লাগিল, তাহাতে প্রেতত্ত্ববিমুক্তিরূপ ফল হইবে কেন? ইহাই হইল আশঙ্কাকারীর অভিপ্রায়। ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন 'ইতি চেৎ?' এই যদি তোমার আপত্তি হয়, তবে "ন" ইহাও কিছু নয়। কারণ কর্ম্ম সকল নিত্য এবং কাম্যরূপে দ্বিবিধ। তন্মধ্যে কাম্য কর্ম্মের আরম্ভকালেই সঙ্কল্প দ্বারা কামনার অভিব্যক্তি করিবার নিমিত্তই সঙ্কল্প বিহিত হইয়াছে, সেই জন্যই কর্ম্মারম্ভে সঙ্কল্প অবশ্য কর্ত্তব্য; কিন্তু কামনা না থাকিলেও যখন নিত্য কর্ম্মগুলি অবশ্য কর্ত্তব্য, তখন তাহাদের আরম্ভকালে সঙ্কল্প করিবার

নিত্যত্বাৎ প্রথমাধিকারিণাপি তৎসঙ্কল্পো ন ক্রিয়ত ইতি। তন্নিত্যত্বমাহ ছন্দোগপরিশিষ্টম্,—

"ধ্রুবাণি তু প্রকুর্ব্বীত প্রমীতাহনি সর্ব্বদা।
দ্বাদশ প্রতিমাস্যানি আদ্যং ষাণ্মাসিকে তথা।
সপিণ্ডীকরণঞ্চৈব ইত্যেতৎ শ্রাদ্ধষোড়শম্ ॥"

"ধ্রুবাণি" আবশ্যকানি। অতোঽহশৌচাদিশঙ্কয়া ভবিষ্য-

ত্যর্থঃ। প্রমীতাহনি মৃততিথৌ। একপিণ্ডস্বধানামিতি একা সমানা পিণ্ডস্বধা স্বধাযুক্তমন্ত্রা যেষাং সমানোদকানামিত্যর্থঃ। পিণ্ডস্বধাশব্দেন পিণ্ডসম্বন্ধিস্বধাশব্দযুক্ত-মন্ত্রকরণকদেয়ং জলং লক্ষিতং, তন্মন্ত্রশ্চ "ঊর্জ্জং বহন্তীরি"ত্যাদিঃ। আ দশমাদিতি দশমপুরুষাৎ পরং ত্রিরাত্রাশৌচরূপধর্ম্মবিচ্ছিত্তির্ভবতীত্যর্থঃ। রিকৃথেতি রিক্থোদাগতস্য অসগোত্রস্য রিকৃথবিচ্ছিত্তিঃ, তথাচ তস্মৈ অর্জ্জিতমপি ধনং বিভজ্য ন দেয়মিত্যর্থঃ। "স্বধাবিচ্ছিত্তিঃ" পিণ্ডবিচ্ছিত্তিঃ অন্যথা তত্ত্বমধ্যে। কর্ত্ত্র'করণে শ্রাদ্ধাদ্যধিকারিণঃ শ্রাদ্ধাদ্যকরণে। তন্নিষ্ঠেতি কর্ত্তৃনিষ্ঠেত্যর্থঃ। প্রত্যবায়শ্রবণাৎ ব্রহ্মহতুল্যো ভবতীতি-প্রত্যবায়শ্রবণাৎ। শ্রাদ্ধদ্বয়াদিকরণানন্তরং জ্যেষ্ঠমরণে অবশিষ্টং জ্যেষ্ঠপ্রতিনিধিনা

কোন আবশ্যকতাই নাই, সঙ্কল্প ব্যতীতও অনুষ্ঠিত হইলে তাহারা নিষ্ফল হয় না।

ঐ যে সপিণ্ডকরণান্ত শ্রাদ্ধের কথা বলিতেছি, উহারা নিত্য, অর্থাৎ পুত্রাদি অধিকারী কর্ত্তৃক অবশ্য কর্ত্তব্য, সুতরাং উহাদের আরম্ভকালে সঙ্কল্প করিবার কোন আবশ্যকতা নাই বলিয়াই প্রথম অধিকারী পুত্রও প্রথম শ্রাদ্ধের আরম্ভকালে আমি অমুকের প্রেতত্ববিমুক্তি কামনা করিয়া অদ্য হইতে ষোলটী শ্রাদ্ধ করিতে আরম্ভ করিলাম, সমুদয় শ্রাদ্ধগুলির উদ্দেশে এইরূপ একটা সঙ্কল্প করিয়া কিছু শ্রাদ্ধ করিতে প্রবৃত্ত হয় না। সপিণ্ডীকরণান্ত ষোলটী শ্রাদ্ধ যে নিত্য সে কথা ছন্দোগপরিশিষ্টে বলা হইয়াছে, যথা,—"অবশ্য কর্ত্তব্য শ্রাদ্ধগুলির মৃত তিথিতেই নিত্য অনুষ্ঠান করিবে, সে গুলি যথা,—প্রতিমাসে কর্ত্তব্য দ্বাদশটী মাসিক, আদ্য শ্রাদ্ধ, প্রথম ও দ্বিতীয় ষাণ্মাসিক এবং সপিণ্ডীকরণ এই ষোলটি শ্রাদ্ধ।" মূল বচনে যে "ধ্রুবাণি" পদটি আছে, উহার অর্থ—অবশ্য কর্ত্তব্য। মউক প্রসঙ্গে সঙ্কল্পের কথার আলোচনা করিয়া আবার সেই পূর্ব্ব প্রস্তাবিত প্রতিনিধির কথা বলা হইতেছে। ভ্রাতৃগণের মধ্যে যে কেহ প্রেতশ্রাদ্ধ করুক না কেন, সে অপরের স্বেচ্ছাপ্রবৃত্ত ঋত্বিক্‌রূপে প্রতিনিধি হইয়াই কার্য্য করে, তাহার করাতেই অন্যান্য সকলেরও ঐ সকল শ্রাদ্ধ করা

দুর্গোৎসবাদৌ যৎ বরণাদিকং করোতি, তৎ কর্ম্মকালে স্বয়ং প্রবর্ত্তনবৎ প্রবর্ত্তনায়, ন তু অতএব তদানীং প্রতিনিধির্ভবতি, কিন্তু কর্ম্মকালে স্বয়মেব তদর্থং কর্ম্ম ক্রিয়তে। অন্যথা শুচি-

---

কনিষ্ঠেন ক্রিয়তে। নন্ জ্যেষ্ঠমরণেন জীবনরূপাধিকারাভাবাৎ কথং প্রতিনিধিঃ, অথাশৌচিনোঽধিকারাভাবেঽপি দুর্গোৎসবাদৌ প্রতিনিধিবদিতিচেৎ অশৌচাৎ পূর্ব্বং তত্র প্রতিনিধিকরণমিত্যত্রাহ এবঞ্চেতি। স্বয়ং প্রবর্ত্তনায় স্বয়ং তত্তৎকর্ম্মকরণায়, অতএব

হয়, এবং স্বেচ্ছাপ্রবৃত্ত ঋত্বিকৃদিগের পূর্ব্বে কর্ম্মে যথারীতি বরণ না করিলেও তৎকৃত কর্ম্ম ফলপ্রদ হয়। এই সকল কথা আগে বলা হইয়াছে এতদ্দ্বারা ইহাও সিদ্ধ হইতেছে যে, প্রথমাধিকারীর মৃত্যুর পর তৎপরবর্ত্তী অধিকারী যে কার্য্য করিবে, তাহাতে সে স্বয়ং প্রবৃত্ত ঋত্বিকের মত অন্যান্য জীবিত ভ্রাতৃদিগের যেমন প্রতিনিধি হইয়া কার্য্য করিবে, তেমনি উক্ত মৃত ব্যক্তিরও স্বয়ং প্রবৃত্ত ঋত্বিকের মত প্রতিনিধি হইয়াই কার্য্য করিবে। এই হেতুই অর্থাৎ স্বয়ং প্রবৃত্ত ঋত্বিকের মত প্রতিনিধি দ্বারা কৃত কর্ম্মের ফলসিদ্ধি হয় বলিয়াই, অশৌচাদির আশঙ্কা করিয়া ভবিষ্যৎ দুর্গোৎসবাদি কার্য্যে আগে থাকিতেই পুরোহিতকে যে বরণ ক'রে রাখা হয়, ঐ বরণ দ্বারাও যে পুরোহিতকে ঐ সময় হইতে কার্য্যে নিযুক্ত করা হয়, তাহা নহে, তবে স্বয়ং প্রবৃত্ত ঋত্বিকের কর্ম্মকালে আপনা হইতেই যজমানের প্রতিনিধি হইয়া কর্ম্ম করিতে যেমন প্রবৃত্তির উদ্রেক হয়, ঐ বরণ দ্বারা আশঙ্কিত অশৌচাদি ঘটিলে কর্ম্মকালে ঐ পুরোহিতেরও সেইরূপ স্বয়ং প্রবৃত্ত হইয়া যজমানের কার্য্য করিবার প্রবৃত্তির উৎপাদন করা হয় মাত্র। এই জন্যই ঐ পুরোহিত সেই সময় হইতে বস্তুগত্যা যজমানের প্রতিনিধি হয় না, কিন্তু কর্ম্মকাল উপস্থিত হইলে ঐ ব্যক্তি স্বয়ং প্রবৃত্ত হইয়াই যজমানের কার্য্য সম্পাদন করে এরূপ মীমাংসা না করিয়া ঐ ব্যক্তিকে পূর্ব্ব হইতেই প্রতিনিধিরূপে নিযুক্ত করা হয়, এরূপ কথা বলিতে পার না, কর্ম্মবিশেষে অগ্রে কর্ত্তার নিজের অধিকার হইলেই ত পরে সেই কর্ম্ম সম্পাদনার্থ আপনার প্রতিনিধি নিযুক্ত করা সঙ্গত হয়। দেখ, 'শুচি তৎকালজীবী কর্ম্ম কুর্য্যাৎ' এই শাস্ত্রীয় বিধানানুসারে "যৎকালে কর্ম্মের অনুষ্ঠান করিতে হইবে, ঐ সময় কর্ম্ম কর্ত্তা যদি শুচি অশৌচাদি দোষরহিত হইয়া জীবিত থাকে, তবেই তাহার ঐ কর্ম্মে

তৎকালজীবিত্বেনাধিকারাত্তদানীমধিকারাভাবাৎ কথং প্রতি-নিধিবিধানম্ ইতি। অতএব শঙ্খলিখিতৌ,—

"রাজ্ঞাং পুরোহিতোঽমাত্যঃ শুদ্ধিস্তস্য তদাশ্রয়া॥"

নৃপতীনামাত্মপ্রতিনিধীভূতঃ পুরোহিতস্তেন নৃপতেরশৌচে পুরোহিতস্যাশৌচাভাবাৎ নৃপতেঃ শান্তিকং পৌষ্টিকং পুরোহিতেন স্বীয়শুদ্ধ্যা কর্ত্তব্যমিতি হারলতাপ্রভৃতয়ঃ। এবঞ্চে-

---

বরণাদিত এব। কর্ম্মকালে দুর্গোৎসবাদিকালে। অন্যথা তৎপ্রতিনিধীভূয়ৈব কর্ম্ম ক্রিয়তে 'ইতিচেৎ। অতএব তদানীমধিকারাভাবাৎ তদানীং প্রতিনিধি-বিধানাভাবেঽপি স্বয়ং তদর্থং কর্ম্মকরণাদেব। রাজ্ঞামিতি পুরোহিতো রাজ্ঞামমাত্য ইত্যাদেস্তবিশেষভাবেনান্বয়ঃ। অস্য পুরোহিতস্য শুদ্ধিস্তদাশ্রয়া রাজবৃত্তেঃ রাজবৃত্তিতয়া

অধিকার জন্মে।" এই নিয়ম অনুসারে কোন কর্ম্মের অনুষ্ঠানযোগ্য কাল উপ-স্থিত হইবার পূর্ব্বে কর্ম্মকর্ত্তার সেই কর্ম্মে অধিকারই হয় না, সুতরাং তাহাতে প্রতিনিধি নিয়োগ কিরূপে সম্ভবে? সুতরাং ঐরূপস্থলে পুরোহিতকে স্বয়ং প্রবৃত্ত প্রতিনিধিই বলিতে হইবে। এইরূপ জ্যেষ্ঠের মৃত্যু নিবন্ধন অধিকারাভাব ঘটিলেও তৎপরে প্রেতকার্য্যকারী কনিষ্ঠকে তাহার স্বয়ংপ্রবৃত্ত প্রতিনিধি বলা যাইতে পারে। কর্ম্মকালের পূর্ব্বে কর্ত্তার অধিকারাভাবহেতু প্রতিনিধিরূপে নিযুক্ত হইয়াও কেহ স্বয়ং প্রবৃত্ত হইয়া তাহার কার্য্য করিলেও উহা প্রতিনিধি দ্বারা করান কার্য্যের মত সিদ্ধ হয় বলিয়াই শঙ্খ এবং লিখিতবলিয়াছেন— "রাজাদিগের পুরোহিতই অমাত্য; কাজেই পুরোহিতের শুদ্ধি অবস্থাকেই রাজার শুদ্ধি অবস্থা বলিয়া বুঝিতে হইবে।" শঙ্খ এবং লিখিতের এই বচনের হারলতা প্রভৃতিতে এইরূপ ব্যাখ্যা করা হইয়াছে,—নৃপতিগণের পুরোহিত অমাত্য অর্থাৎ স্বকীয় প্রতিনিধীভূত, পুরোহিত আপনার ইচ্ছাক্রমেই রাজার কর্ত্তব্য কর্ম্ম সকল করিতে পারেন। এই জন্য রাজার অশৌচকালে পুরোহিতের যদি অশৌচ না থাকে, তাহা হইলে, পুরোহিতের শুদ্ধি থাকাতেই সে রাজার কর্ত্তব্য শান্তিক এবং পৌষ্টিক কর্ম্ম করিতে পারিবে। এই নিয়ম সাধারণ স্থলেও খাটিবে। যদি বল, রাজা যে সময় অশুচি থাকিবে, সে সময় তাহার দ্রব্যাদি দ্বারাই বা পুরোহিত শান্তিক ও পৌষ্টিক কর্ম্ম করিবে কিরূপে? অশুচি ব্যক্তির দ্রব্যদ্বারা বৈধকর্ম্ম করাও ত নিষিদ্ধ। স্মার্ত্ত বলিতেছেন—একথাও

যশৌচিদ্রব্যেণ কথং ক্রিয়তে ইতি চেৎ শুদ্ধিকালে তদর্থোপকল্পিতত্বাৎ। তথাচ যমঃ,—

"দৈবে ভয়ে সমুৎপন্নে প্রধানাঙ্গে বিনাশিতে।

পূর্ব্বসংকল্পিতেঽর্থে বা তস্মিন্নাশৌচমিষ্যতে॥" সপ্তাঙ্গরাজ্যস্য 'প্রধানাঙ্গে' রাজনি, "কিঞ্চিৎ ধর্ম্মকার্য্যং" পুষ্করিণ্যাদি কর্ত্তুং পূর্ব্বাশৌচকালে ধনে সংকল্পিতে পৃথক্কৃতে তস্মিন্ কার্য্যেঽশৌচং নাস্তীতি। হারলতাকৃত্যচিন্তামণৌ,—

"বিবাহোৎসবযজ্ঞেষু অন্তরা মৃতসূতকে।

পূর্ব্বসংকল্পিতং দ্রব্যং দীয়মানং ন দুষ্যতি॥" ১০৫

উপচর্য্যতে ইত্যর্থঃ। এবঞ্চান্যেন স্বীয়শুদ্ধ্যা অশৌচিনঃ কর্ম্মকরণে চ। দৈবে ভয়ে ইতি দৈবভয়ং মরণং, তথাচ মরণাশৌচশঙ্কয়া তথা কর্ত্তব্যমিত্যর্থঃ। অথবেতি বাকারেণাশৌচমধ্যেঽপি তদ্দিনাহরণীয়পুষ্পজলাদৌ তস্য সত্ত্বেঽপি ন দোষ ইতি সমুচ্চিতম্। অশৌচমিতি স্বাশ্রয়নিরূপিতস্বত্ববত্ত্বরূপপরম্পরসম্বন্ধেন দ্রব্যস্যাশৌচবত্ত্বং স্বমশৌচম্, অতোঽশৌচস্য পুরুষধর্ম্মতয়া ধনাবৃত্তিত্বেঽপি ন বচনানর্থক্যমিতি ধ্যেয়ম্। সপ্তাঙ্গেতি"স্বাম্যমাত্যঃ সুহৃৎকোষো রাষ্ট্রদুর্গবলানি চ। রাজ্যাঙ্গানীতি ত্রিকাণ্ডাদিত্যর্থঃ।

বলিতে পারে না, কারণ শুদ্ধিকালে ঐ সকল দ্রব্য ঐ সকল কর্ম্মের জন্যই আহৃত করা হইয়াছিল, সুতরাং ঐ সকল দ্রব্যদ্বারা কর্ম্ম করাতে কোন দোষ হয় না। কারণ, যম বলিয়াছেন, "দৈবভয় উৎপন্ন হইলে,* প্রধানাঙ্গ বিনাশিত হইলে, এবং কোনও দ্রব্য যদি কোনও কর্ম্মের জন্য পূর্ব্বে সঙ্কল্পিত করা হইয়া থাকে, এইরূপ দ্রব্যের অশৌচদোষ ঘটে না।" ঐ বচনে যে "প্রধানাঙ্গ বিনাশিত হইলে" বাক্যটী আছে, উহার অর্থ—সপ্তাঙ্গসম্পন্ন রাজ্যের প্রধান অঙ্গস্বরূপ রাজা বিনাশিত হইলে এবং কোনও দ্রব্য কোনও কর্ম্মের জন্য পূর্ব্বে সঙ্কল্পিত হইয়া থাকে, ইহার তাৎপর্য্য—যদি পুষ্করিণী খনন প্রভৃতি কোনও ধর্ম্মকার্য্যের জন্য অশৌচের পূর্ব্বকালে কিছু টাকা স্বতন্ত্র করিয়া রাখা হয়, তাহা হইলে অশৌচকালে ঐ টাকার দ্বারাই তথাবিধ ধর্ম্মকার্য্যের অনুষ্ঠান করা যাইতে পারে; হারলতাতে এইরূপ ব্যাখ্যা করা হইয়াছে। কৃত্যচিন্তামণিতে এই মতের পোষক একটী বচন উদ্ধৃত হইয়াছে. যথা, "বিবাহ, উৎসব এবং

* দৈবভয় শব্দের অর্থ টীকাকার মরণাশৌচ আশঙ্কা, এইরূপ করিয়াছেন।

প্রথমপিণ্ডকর্তৃত্বনিয়মবৎ প্রথমপিণ্ডদ্রব্যনিয়মমপ্যাহ শুনঃ-পুচ্ছঃ,—"প্রথমেঽহনি যদ্দ্রব্যং তদেব স্যাদ্দশাহিকম্।"

বিষ্ণুঃ,—"যাবদশৌচং তাবৎ প্রেতস্যোদকং পিণ্ডমেকঞ্চ দদ্যুরি"তি। "যাবত্তাবদি"ত্যভিধানাৎ অশৌচাভ্যন্তর এব পিণ্ডদানং মুখ্যং, দৈবাত্তদ্রাকরণে মধ্যমক্রিয়াপূর্ব্বকালে কর্ত্তব্যম্।

"যথাগামিক্রিয়ামুখ্যাকালস্যাপ্যন্তরালবৎ।
গৌণকালত্বমিচ্ছন্তি কেচিৎ প্রাক্তনকর্ম্মণি।"

পূর্ব্বমিত্যস্য বিবরণম্ অশৌচকাল ইতি। বিবাহেতি যত্র বৃদ্ধিশ্রাদ্ধাদ্যুত্তরম্ অশৌচং জাতং তত্রাশৌচমধ্যেঽপি ক্রিয়মাণে বিবাহাদাবিত্যর্থঃ॥ ১০৫॥

প্রথমেতি যঃ প্রথমপিণ্ডদাতা স এবাপরনবপিণ্ডদাতেতি নিয়মবদিত্যর্থঃ। মধ্যমক্রিয়ায়া আদ্যশ্রাদ্ধাদিরূপায়াঃ। যদ্বেতি মুনেঃ পক্ষান্তরম্। প্রামঃ পক্ষ—এবমাগামিযাগীয়মুখ্যকালাদধস্তনঃ। স্বকালাদুত্তরো গৌণঃ কালঃ পূর্ব্বস্য কর্ম্মণঃ॥ ইত্যনেনোক্তাঃ। মুখ্যকালস্যেতি এতচ্চ ফলোপহিতকিঞ্চিৎস্থূলকালমাত্রায় পর্য্যবস্যতি। প্রাক্তনকর্ম্মণি

যজ্ঞানুষ্ঠানের আরম্ভ করিবার পরে যদি মরণাশৌচ বা জননাশৌচের সংঘটন হয়, তাহা হইলে ঐ কার্য্যের উদ্দেশে ব্যয় করিবার জন্য পূর্ব্বে স্থিরীকৃত দ্রব্যদানে কোনও দোষ হয় না"! ১০৫ ॥

যেমন প্রথমদিনে পিণ্ডদানকারীকেই দশদিনের পিণ্ড দিতে হইবে, এইরূপ নিয়ম করা হইয়াছে; শুনঃপুচ্ছ আবার পিণ্ডদানের দ্রব্য সম্বন্ধেও সেইরূপ নিয়ম করিয়াছেন, অর্থাৎ প্রথম দিনে যে সকল দ্রব্য দিয়া পিণ্ডদান করা হইবে, দশদিন ধরিয়া সেই সকল দ্রব্য দিয়াই পিণ্ড দিতে হইবে। এইরূপ নিয়ম করিয়াছেন। যথা "প্রথমদিনে যে দ্রব্য দিয়া পিণ্ডদান করিবে, দশদিন পর্য্যন্ত ঐ দ্রব্য দিয়াই পিণ্ড দিতে হইবে।" বিষ্ণু বলিয়াছেন—"যে পর্য্যন্ত অশৌচ থাকিবে, সেই পর্য্যন্ত প্রেতের উদ্দেশে উদক এবং প্রত্যহ এক একটী করিয়া পিণ্ড দান করিবে।" বিষ্ণুর বচনে "যাবৎ তাবৎ" এইরূপ আপেক্ষিক শব্দদ্বয়ের ব্যবহার থাকায়, অশৌচের মধ্যে পিণ্ডদান যে, মুখ্য কার্য্য, ইহাই বুঝাইতেছে। যদি দৈবব্যাঘাত প্রযুক্ত অশৌচের মধ্যে পিণ্ডদান না ঘটে, তবে মধ্যম ক্রিয়ার পূর্ব্বে উহা অবশ্য কর্ত্তব্য। কেননা, "অথবা মধ্যবর্ত্তী কালের ন্যায় আগামী অর্থাৎ পরকর্ত্তব্য ক্রিয়ার মুখ্যকালও পূর্ব্বকর্ত্তব্য কর্ম্মের গৌণকালরূপে পরিগণিত হইয়া

ইতিবচনেন প্রাপ্তপূর্ব্বক্রিয়স্যৈব মধ্যমক্রিয়াভাগিত্বাবগমাৎ, "অন্তরালবৎ" মধ্যকালস্যৈব, আগামিক্রিয়াকালস্য গৌণকালত্বমিতি। যদ্বেতি পক্ষান্তরম্। জলসমীপে পিণ্ডদানমুক্তং স্বয়ম্মৎস্যপুরাণে,—

"প্রেতীভূতস্য সততং ভুবি পিণ্ডং জলং তথা।
সতিলং সকুশং দদ্যাদ্বহির্জ্জলসমীপতঃ॥" ঋষ্যশৃঙ্গঃ,—
"ন স্বধাঞ্চ প্রযুঞ্জীত প্রেতপিণ্ডে দশাহিকে।

পূর্ব্বকর্ম্মণি, আগামিক্রিয়া মুখ্যকালস্য গৌণকালত্বমিচ্ছন্তি অন্তরালবৎ মধ্যকালস্যৈব ইত্যর্থঃ। প্রাপ্তেতি আগামিক্রিয়াকালস্য প্রাক্তনক্রিয়াকালত্বাভিধানেন প্রাক্তনক্রিয়া আগামিক্রিয়ায়াঃ পূর্ব্বং কর্ত্তব্যেত্যতঃ প্রাপ্তা পূর্ব্বক্রিয়া যেন তস্য প্রকৃতে চ প্রেতস্যেত্যর্থঃ। পক্ষান্তরমিতি যদ্বেত্যাদিনা উক্তমিত্যর্থঃ। তথাচ মুখ্যকাল ইত্যেকঃ পক্ষঃ মধ্যকালশ্চ একঃ পক্ষ ইতি পক্ষদ্বয়মিতি ভাবঃ। জলসমীপ ইতি পূর্ব্বং গৃহদ্বারি

থাকে," ইহার তাৎপর্য্য এই যে, যদি কোন একটি পূর্ব্বকর্ত্তব্য কর্ম্ম (যেমন প্রথম-মাসিক শ্রাদ্ধ) মুখ্য কোন অর্থাৎ প্রথম মাসিক মৃত-তিথিতে না করা হয়, তাহ'লে দ্বিতীয় মাসিকের মধ্যবর্ত্তী কৃষ্ণা একাদশী ঐ প্রথম মাসিকের গৌণ কাল, সেইরূপ দ্বিতীয় মাসিকের মুখ্য কালও অর্থাৎ দ্বিতীয় মাসিকের তিথিও ঐ, প্রথম মাসিকের পক্ষে একটি গৌণ কাল। মধ্যবর্ত্তী কৃষ্ণ একাদশীতে অথবা, দ্বিতীয় মাসিকের দিন প্রথম মাসিকের অনুষ্ঠান করা যাইতে পারে। এই বচনে পরকর্ত্তব্য কর্ম্মের মুখ্য কালকে পূর্ব্বকর্ত্তব্য কর্ম্মের গৌণ কালরূপে নির্দ্দেশ করায়, পূর্ব্বকর্ত্তব্য কর্ম্ম না করিয়া পরকর্ত্তব্য কর্ম্ম করিবে না, এইরূপ স্থির হওয়াতে পূর্ব্ব ক্রিয়া সম্পাদিত হইলেই যে, মধ্যম ক্রিয়ার ভাগী হয়, ইহাই অবগত হওয়া যাইতেছে। "অন্তরাল" শব্দের অর্থ—মধ্যকাল, উহা যেমন পূর্ব্ব কর্ম্মের গৌণ, তেমনি পরবর্ত্তী কর্ত্তব্য কর্ম্মের মুখ্য কালও পূর্ব্ব কর্ম্মের গৌণ কাল। বচনস্থিত "যদ্বা" কথাটি দ্বারা গৌণ কালের পক্ষান্তরের নির্দ্দেশ করা হইয়াছে। (১) স্বয়ম্মৎস্যপুরাণে দশাহিক পিণ্ডদান যে, জলের সমীপে করিতে হইবে; এইরূপ

(১) ইহার পূর্ব্বে পূর্ব্বক্রিয়ার পরবর্ত্তী এবং আগামী ক্রিয়ার পূর্ব্ববর্ত্তী অর্থাৎ উভয়ের মধ্যবর্ত্তী শাস্ত্রবিহিত কালবিশেষকে পূর্ব্বক্রিয়ানুষ্ঠানের পক্ষে গৌণরূপে অভিধান করা হইয়াছে। এই বচনস্থিত "যদ্বা" দ্বারা আগামী ক্রিয়ার তিথিকেও পূর্ব্বক্রিয়ার গৌণকালরূপে নির্দ্দেশ করা হইল।

তাবেতৈতচ্চ বৈ পিণ্ডং যজ্ঞদত্তস্য পূরকম্।
যস্য ন জ্ঞায়তে গোত্রং পিণ্ডং নাম্না তু নির্ব্বপেৎ॥" দশাহিকগ্রহণাৎ একাদশাহিকশ্রাদ্ধে স্বধাপদপ্রয়োগোঽস্তীতি হারলতা। ন চ"স্বধা পিতৃহবির্দ্দানমন্ত্র" ইতি "প্রেতস্য পিতৃত্বাভাবাৎ কথং তৎপ্রয়োগ" ইতি বাচ্যং, "পিত্রে তু দ্বিগুণা দর্ভা" ইতিবৎ পিতৃপদস্য প্রমীতপরত্বাৎ।

"দানং প্রতিগ্রহো হোমঃ স্বাধ্যায়ঃ পিতৃকর্ম্ম চ।

পিণ্ডদানমুক্তম্, অতঃ পিণ্ডদানস্য স্থানদ্বয়ম্; এবং দেবতায়তনাদিকমপি বোধ্যম্। তত্র প্রমাণঞ্চ পূর্ব্বমুক্তং, গ্রন্থকারোঽপি বক্ষ্যতি। জলম্ আমপাত্রে জলম্, সকুশমিতি কুশমোটকরূপা বোধ্যা। বহির্গৃহাৎ বহিঃ। তাবেত প্রযুঞ্জীত। অত্র তু অমুকগোত্র প্রেতামুকদেবশর্ম্মন্নেতচ্ছিরঃপূরকং পিণ্ডং তে ময়া দীয়তে তবোপতিষ্ঠতামিত্যাদিকঃ কেষাঞ্চিৎ প্রয়োগঃ; তত্র শিরঃপূরকমিত্যাদিকং নির্বিবাদং, তে ময়া দীয়তে তবোপতিষ্ঠতামিত্যত্র তু প্রমাণং ন বিদ্মঃ। তৎপ্রয়োগঃ স্বধাপদপ্রয়োগঃ। দ্বিগুণা মোটকরূপাঃ।

বলা হইয়াছে। যথা—"প্রেতীভূত ব্যক্তির উদ্দেশে তিল ও কুশের সহিত পিণ্ড এবং জল, গ্রামের বাহিরে স্থিত জলের সমীপে মৃত্তিকায় প্রদান করিবে।" ঋষ্যশৃঙ্গ বলেন, "দশাহিক প্রেতপিণ্ডদানে স্বধা শব্দের প্রয়োগ করিবে না, কেবল এই বলিয়া পিণ্ড দান করিবে,—ইহা যজ্ঞদত্তের (প্রেতের নাম) পূরক পিণ্ড। যাহার গোত্র জানা যাইবে না, তাহার কেবল মাত্র নাম করিয়াই পিণ্ড দান করিবে।" ঋষ্যশৃঙ্গের বচনে বিশেষ করিয়া "দশাহিক" পিণ্ডে স্বধা শব্দের প্রয়োগ নিষেধ করায়, একাদশাহিক আদ্য শ্রাদ্ধে যে, 'স্বধা' শব্দের প্রয়োগ করা যাইতে পারিবে, একথা হারলতা বলিয়াছেন। এক্ষণে কেহ আশঙ্কা করিয়াছিল, 'স্বধা' এই শব্দটী ত প্রাপ্তপিতৃলোক ব্যক্তির উদ্দেশেই দ্রব্যদানের মন্ত্র, প্রেত ব্যক্তি ত পিতৃলোক প্রাপ্ত হয় নাই, তবে একাদশাহিক শ্রাদ্ধে ঐ প্রেতের উদ্দেশে পিণ্ডদানে 'স্বধা' শব্দের প্রয়োগ কিরূপে হইবে? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, এরূপ আপত্তি করিতে পার না। যেমন "পিতৃকর্ম্মে দ্বিগুণ দর্ভের বিন্যাস করিবে।" এস্থলে পিতৃ শব্দটী মৃত ব্যক্তি মাত্রেরই বাচকরূপে প্রযুক্ত হইয়াছে, সেইরূপ পিতৃকর্ম্মে 'স্বধা' শব্দের প্রয়োগ করিতে হইবে, এই স্থলেও পিতৃ শব্দটী মৃত মাত্রেরই বাচক। আরও দেখ, "দান, প্রতিগ্রহ, হোম, স্বাধ্যায়

প্রেতপিণ্ডক্রিয়াবর্জ্জং সূতকে বিনিবর্ত্ততে॥” ইতি শঙ্খ-বচনেনাপি পিতৃপদস্য মৃতপাত্রপরত্বেন প্রেতপিণ্ডস্যাপি পিতৃ-কর্ম্মত্বাৎ তদ্বর্জ্জনমুপপদ্যতে। অন্যথা প্রসক্ত্যভাবাৎ প্রতি-প্রসববৈফল্যাপত্তেশ্চ,

“পিতৃযজ্ঞন্তু নির্ব্বর্ত্ত্য মাসিকং শ্রাদ্ধমেব চ।” ইতি পূর্ব্বোক্তপ্রেততর্পণেঽপি পিতৃযজ্ঞপদপ্রয়োগাচ্চ॥ ১০৬॥

এবঞ্চ প্রেতশ্রাদ্ধেঽপি ভূস্বামিপিতৃভ্যোঽগ্রদানং সং-গচ্ছতে। অত্র ভাষণবিধৌ “এতৎপিণ্ডং যজ্ঞদত্তস্য পূরক”-মেতাবন্মাত্রশ্রুতেঃ “শিরঃপূরক”মিত্যাদিবিশেষোল্লেখে প্রমাণং নাস্তি। ন চ,—

অত্র পিতৃপদং প্রমীতপরমবশ্যং বক্তব্যম্, অন্যথা প্রেতশ্রাদ্ধে (বগুণদর্জনাভো?) ন স্যাদিতি ভাবঃ। প্রতিপ্রসবেতি প্রেতপিণ্ডক্রিয়াবর্জ্জমিত্যনেন প্রতিপ্রসবেত্যর্থঃ॥ ১০৬॥

এবঞ্চ পিতৃপদস্য প্রমীতপরত্বে চ। ভূস্বামীতি “পরকীয়গৃহে যস্তু স্বান্ পিতৄন্ তর্পয়েজ্জড়” ইত্যনেন প্রাপ্তমগ্রদানমিত্যর্থঃ। যত্তু প্রেতশ্রাদ্ধেষু ন স্বধা নাভিরম্যা-তামিত্যাশ্বলায়নগৃহং তৎ স্বধাবাচননিষেধকম্, অন্যথা সাংবৎসরিকে শ্রাদ্ধে একোদ্দিষ্ট-ধর্ম্মাতিদেশাৎ স্বধাপদপ্রয়োগো দুরুপপাদনীয়ঃ স্যাদিতি বোধ্যম্। অত্র ভাষণেতি

প্রেতপিণ্ডক্রিয়াভিন্ন পিতৃকার্য্য অশৌচে নিবৃত্ত হয়” এই শঙ্খবচনের দ্বারাও পিতৃ শব্দটী যে মৃত ব্যক্তি মাত্রেরই বোধক, তাহাই জানা যাইতেছে; তাহা না হইলে, উহাতে “প্রেতপিণ্ডভিন্ন পিতৃকার্য্য” এরূপ করিয়া বলা সম্পূর্ণ অসঙ্গত হইত, কেমনা, পিতৃকর্ম্মের” মধ্যে প্রেতের উদ্দেশে পিণ্ডদানের প্রসঙ্গ ত হইতেই পারেনা, সুতরাং বচনে উহার প্রতিপ্রসব করা সম্পূর্ণ বিফল হইয়া পড়ে। আরও দেখ, “পিতৃযজ্ঞ এবং মাসিক শ্রাদ্ধ শেষ করিয়া” এই পূর্ব্বোক্ত বচনেও প্রেততর্পণ স্থলেও “পিতৃযজ্ঞ” এই কথাটী ব্যবহৃত হইয়াছে। ১০৬।

যদি এইরূপ হইল, অর্থাৎ প্রেতেও পিতৃপদের ব্যবহার শাস্ত্রসম্মত হইল, তা হইলে প্রেতশ্রাদ্ধেও ভূস্বামী পিতৃগণের উদ্দেশে যে শ্রাদ্ধের অগ্রভাগ দান করা হয়, তাহাও সঙ্গত হইল। ঋষ্যশৃঙ্গ পূরক পিণ্ডদানের যে বাক্য বিহিত করিয়াছেন, তাহাতে ‘ইহা যজ্ঞদত্তের (অমুকের) পূরক পিণ্ড’ এইরূপ মাত্র কথন থাকায়, কোনও কোনও স্থলে যে ‘ইহা অমুকের শিরঃপূরক পিণ্ড” এইরূপ বাক্য

"শিরস্ত্বাদ্যেন পিণ্ডেন প্রেতস্য ক্রিয়তে সদা।
দ্বিতীয়েন তু কর্ণাক্ষিনাসিকাস্তু সমাসতঃ॥
গলাংশভুজবক্ষাংসি তৃতীয়েন যথাক্রমাৎ।
চতুর্থেন তু পিণ্ডেন নাভিলিঙ্গগুদানি চ॥
জানুজঙ্ঘে তথা পাদৌ পঞ্চমেন তু সর্ব্বদা।
সর্ব্বমর্ম্মাণি ষষ্ঠেন সপ্তমেন তু নাড়য়ঃ॥
দন্তলোমাদ্যষ্টমেন বীর্য্যঞ্চ নবমেন তু।
দশমেন তু পূর্ণত্বং তৃপ্ততা ক্ষুদ্বিপর্য্যয়ঃ॥"

ইতি ব্রহ্মকূর্ম্মপুরাণীয়ং বাক্যং প্রমাণমিতি বাচ্যং, তদ্বাক্যেন তত্তৎপিণ্ডস্য তত্তদঙ্গকরণত্বং বিধীয়তে। "ভাষেতে"তিবচনে-

"ভাষেতৈতচ্চ বৈ পিণ্ডং যজ্ঞদত্তস্য পূরকমিত্যভিজ্ঞোত্যর্থঃ। পূরকমিতি শরীরপূরকমিত্যর্থঃ। বাচস্পতিমিশ্রাদিমতং দূষয়তি শিরঃপূরকমিত্যাদীতি। দ্বিতীয়েনেতি কর্ণাক্ষিনাসিকাপূরকং দ্বিতীয়ং পিণ্ডম্। এবং পরত্রাপি বোধ্যম্। ভাষেতৈতচ্চ বৈ পিণ্ডমিতি বচনাৎ পিণ্ডশব্দো নপুংসকলিঙ্গ এব প্রয়োগ ইতি বোধ্যম। সমাসতঃ

লিখিত হইয়াছে, তৎসম্বন্ধে কোনও প্রমাণ দৃষ্ট হয় না। কেহ আশঙ্কা করিয়াছিলেন, তুমি যে বলিতেছ, সে সম্বন্ধে কোনও প্রমাণ নাই, তাহা কিরূপ হইল, কারণ—"আদ্য পিণ্ডের দ্বারা সর্ব্বদা প্রেতের শিরোভাগ কৃত হয়, দ্বিতীয় দ্বারা কর্ণ, চক্ষু এবং নাসিকার নির্ম্মাণ হয়, তৃতীয় দ্বারা যথাক্রমে গলা স্কন্ধ বাহু এবং বক্ষ কৃত হয়, চতুর্থদ্বারা নাভি, লিঙ্গ, এবং অপান দেশ হয়, পঞ্চমের দ্বারা জানু জঙ্ঘা এবং পাদদ্বয়, ষষ্ঠ দ্বারা সকল প্রকার মর্ম্ম স্থান, সপ্তমদ্বারা নাড়ী সকল, অষ্টম দ্বারা দন্ত ও লোমাদি, নবম দ্বারা বীর্য্য, এবং দশম দ্বারা পূর্ণত্ব, তৃপ্ততা, এবং ক্ষুধার শান্তি হয়," এই ব্রহ্ম এবং কূর্ম্মপুরাণীয় বাক্যই প্রমাণ। স্মার্ত্ত বলিতেছেন, একথাও বলিতে পার না। কারণ, ঐ বাক্যের দ্বারা ঐ সকল পিণ্ড যে ঐ ঐ অঙ্গের জনক এই মাত্র বিহিত হইয়াছে। পূর্ব্বোক্ত ঋষ্যশৃঙ্গের বচনে যেমন "ভাষেত" এই ক্রিয়া পদ দ্বারা পিণ্ডদানের বাক্যে যজ্ঞদত্তের পূরকপিণ্ড এইরূপে উল্লেখ করিয়া পিণ্ডদান করিতে বলা হইয়াছে, এই বচনের দ্বারা কিছু পিণ্ডদানের বাক্যে "অমুক পিণ্ড অমুকের অমুক অঙ্গের পূরক হউক," এইরূপ উল্লেখপূর্ব্বক

খানভিধানাৎ, "পূর্ণত্বং তৃপ্ততা ক্ষুদ্বিপর্য্যয়" ইত্যত্র "শিরঃ-পূরক"মিত্যাদিবৎ পূর্ণত্বপূরণানুপপত্তেঃ; পূর্ণত্বপূরণশব্দয়োরেকার্থত্বাৎ।

"প্রেতপিণ্ডৈস্তথা দত্তৈর্দ্দেহমাপ্নোতি ভার্গব।"

ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে দেহশ্রুতে"র্দ্দেহপূরক"মিতি প্রয়োগাপত্তেশ্চ। তস্মাদনিরুদ্ধভট্টাদ্যুক্তঃ কেবলপূরকপ্রয়োগ এব যুক্ত ইতি।

"তোয়ৈঃ সুশীতলৈ"রিত্যুক্তস্য বিধানমাহ—"একতোয়াঞ্জলিস্ত্বেবং পাত্রমেকঞ্চ দীয়তে" ইত্যাদিনা, লাঘবায়

সংক্ষেপতঃ। সর্ব্বত্র প্রাণাঙ্গত্বেহপি আবৃত্ত্যৈকতন্ত্রীবধে। পূর্ণত্বং শরীরস্য পূর্ণত্বম্। উল্লেখানভিধানাৎ শিরঃপূরকমিত্যাদেরুল্লেখানভিধানাৎ। কেবলপূরকেতি; তথাচ এতচ্ছিরঃপূরকং পিণ্ডম্, ইত্যাদি মনসি সঞ্চিন্ত্য অমুকগোত্রস্য প্রেতস্যামুকদেবশর্ম্মণ এতৎ প্রথমং পিণ্ডং পূরকমিত্যাদিপ্রয়োগঃ সিদ্ধঃ। অনিরুদ্ধভট্টেন তু শিরঃপূরণাদি চিন্তনমপি ন লিখিতমিতি ধ্যেয়ম্। তোয়ৈরিতি। অর্ঘ্যৈঃ পুষ্পৈস্তথা ধূপৈর্দীপৈস্তোয়ৈঃ সুশীতলৈঃ। উর্ণাতন্তুময়ৈঃ শুভ্রৈর্ব্বাসোভিঃ পিণ্ডমর্চ্চয়েদিত্যাদিপুরাণে উক্তত্বেত্যর্থঃ।

পিণ্ডদান করিতে বলা হয় নাই। আরও দেখ, যদি এই বচনের—"অমুক পিণ্ড অমুকের অমুক অঙ্গের পূরক হউক" এইরূপ বাক্য বলিয়াই পিণ্ডদান করা অভিপ্রেত অর্থ হইত, তাহ'লে এই বচনেই 'দশম পিণ্ড দ্বারা পূর্ণত্ব, তৃপ্ততা, ক্ষুধার শান্তি হয়,' এইরূপ মাত্র বলা হইলেও তোমার মতানুসারে উহার "অমুক পিণ্ড অমুকের পূর্ণত্বের পূরক হউক" এইরূপ অর্থ করাই উচিত হয়, কিন্তু এরূপ অর্থ করিতে পার না, কারণ পূর্ণত্বের আবার পূরক হইবে কি? যেহেতু পূর্ণত্ব এবং পূরণ এই উভয় শব্দের একই অর্থ। শুধু তাহাই নহে, আরও দেখ, "হে ভার্গব, প্রদত্ত প্রেত পিণ্ডের দ্বারা দেহ প্রাপ্ত হয়" এই বিষ্ণুধর্ম্মোত্তরীয় বচনে কেবলমাত্র 'দেহ' এই কথাটী ব্যবহৃত হওয়ায়, অমুক পিণ্ড অমুকের দেহ-পূরক হউক, এইরূপ বাক্যই বা কেন না প্রযুক্ত হইবে? এরূপ আপত্তিও হইতে পারে। অতএব অনিরুদ্ধ ভট্ট প্রভৃতি কর্তৃক কথিত কেবল "পূরক" অর্থাৎ "এই পিণ্ড অমুকের পূরক" এইরূপ প্রয়োগই যুক্তিযুক্ত হইতেছে। এবং পূর্ব্বোক্ত আদিপুরাণে "সুশীতল জলের দ্বারা যে

পৃথগ্দানং, তথা তোয়াঞ্জলেরুপস্থিতত্বাৎ লাঘবাৎ পাত্রমপি তদাধাররূপং ন তু ভিন্নম্। অতএব "তোয়পাত্রাণি তাবন্তী"-ত্যুপসংহৃতং, তদপি আমমৃন্ময়ম্।

"অশুচ্যশুচিনা দত্তমামমৃচ্ছকলাদিনা।" ইতি বক্ষ্যমাণাৎ। "আমমৃচ্ছকলাদিনা" অশুচিদ্রব্যমিত্যর্থঃ। তদ্দানঞ্চ তূষ্ণীমাহ পুনঃপুচ্ছঃ,—

"ফলমূলৈশ্চ পয়সা শাকেন চ গুড়েন চ।

পাত্রমামপাত্রং লাঘবাদিতি আমপাত্রাধিকরণকতোয়াঞ্জলিদানে দানস্যৈক্যাল্লাঘবম্ আমপাত্রস্য পৃথগ্দানে তু দানস্য দ্বিত্বাদ্গৌরবং ভবতীতি ভাবঃ। ন পৃথগ্দানমিতি কিন্তু পাত্রসহিতস্যৈব তোয়াঞ্জলের্দ্দানমিত্যর্থঃ। উপস্থিতত্বাল্লাঘবাদিতি অন্যথা তোয়াঞ্জলেঃ পাত্রান্তরকল্পনে অনুপস্থিতকল্পনপ্রযুক্তং গৌরবং স্যাদিতি ভাবঃ। পাত্রমপি আমপাত্রমপি। তোয়েতি তোয়পাত্রাণি তাবন্তি সংযুক্তানি তিলাদিভিরিত্যুপসংহারে তোয়পদযুক্তমিতি ভাবঃ। তদপি পাত্রমপি। মৃচ্ছকলেতি মৃৎখণ্ডেত্যর্থঃ। ভিন্নং

পিণ্ডের অর্চ্চনা করিতে বলা হইয়াছে, ঐ সুশীতল জলের দ্বারা পিণ্ড অর্চ্চনার "এক জলাঞ্জলি এবং একটী পাত্র দান করিবে" ইত্যাদি বচন দ্বারা এইরূপ বিধান করা হইয়াছে। এই বচনে একটি জলাঞ্জলি এবং একটি পাত্রদানের কথা পৃথক্ভাবে উল্লিখিত হইলেও উহাদিগকে এক সঙ্গেই দান করিবে, পৃথক্ভাবে দান করিবে না। কারণ এক সঙ্গে দান করাই লাঘব পক্ষ হয়, এবং সর্ব্বত্র লাঘবপক্ষই স্বীকৃত হইয়া থাকে। আরও একটি কথা এই যে, এ স্থলে জলাঞ্জলির দানের এক সঙ্গে পাত্রদানের বিধান থাকায়, ঐ পাত্র যে জলাঞ্জলিরই আধাররূপে দান করিতে হইবে, এইরূপ বুঝাইতেছে; কারণ তাহতে আরও লাঘব হয়। অতএব ইহা দ্বারা একটি পাত্রে জলাঞ্জলি রাখিয়া তৎসঙ্গে আর একটি পাত্র দান করিবে এরূপ অভিপ্রায়ও যেন কেহ না বুঝেন। এই জন্যই অর্থাৎ জলাঞ্জলির আধাররূপে পাত্রদান করিতে হইবে বলিয়াই "যত গুলি জলাঞ্জলি, পাত্রও ততগুলি হইবে" এইরূপে ঐ আদিপুরাণেই উপসংহার করা হইয়াছে। ঐ পাত্রটীও কাঁচা মাটীর হইবে। কারণ "অশুচি ব্যক্তি কর্ত্তৃক কাঁচা মৃৎখণ্ডের দ্বারা অশুচি দ্রব্য দত্ত হইবে" এইরূপ একটী বচন পরে বলা হইবে। দেয় দ্রব্যের অশুচিত্ব কাঁচা মাটীর খণ্ডের স্পর্শেই হইয়া থাকে। ঐ জলাঞ্জলি এবং পাত্র যে, তূষ্ণীভাবে প্রদান করিতে হইবে,

তিলমিশ্রস্তু দর্ভেষু পিণ্ডং দক্ষিণতো হরেৎ ॥
দ্বারদেশে প্রদাতব্যং দেবতায়তনেষু চ।
তুষ্ণীং প্রসেকং পুষ্পঞ্চ ধূপং দীপং তথৈব চ ॥”

“তুষ্ণীং প্রসেক”মিতি “মৃণ্ময়ামপাত্রস্থজলাঞ্জলি”মিতি হারলতা। তেন প্রসেকপদং কর্ম্মণি ব্যুৎপন্নম্। অতোঽত্র মৈথিলানাং বাক্যরচনা হেয়ৈব। যদপ্যুক্তং “ইদঞ্চ পাত্রাঞ্জল্যোর্দ্দানং পিণ্ডোপর্য্যেব”। “দ্বিতীয়ে দ্বা”বিত্যাদিনা তস্যৈবাধারত্বকথনাৎ। ন চ দ্বিতীয়দিনাদিকং তদর্থঃ, “সদ্যঃশৌচাদৌ

শকলখণ্ডে বেত্যমরঃ। নন্বু দেয়দ্রব্যস্য কথমশুচিত্বং তত্রাহামমৃচ্ছকলাদিনা অশুচীতি তথাচামমৃৎপাত্রসম্বন্ধাদশুচিত্বমিতি ভাবঃ। তদ্দানঞ্চ আমপাত্রতোয়াঞ্জলিদানঞ্চ। দক্ষিণতঃ কর্ত্তুর্দক্ষিণভাগে। দেবতায়তনেষু বেতি বাকারাৎ জলসমীপে অত্র জলাঞ্জলিদানে। বাক্যরচনেতি অমুকগোত্রেত্যাদি এষ তোয়াঞ্জলিস্তে ময়া দীয়তে তবোপতিষ্ঠতামিতি বাক্যরচনেত্যর্থঃ। যদপ্যুক্তমিতি বাচস্পতিমিশ্রেণেতি পরেণান্বিতম্। পাত্রাঞ্জল্যোর্দ্দানং পাত্রাঞ্জল্যোঃ পৃথগ্দানম্। এতন্মতে দ্বিতীয় ইত্যাদিকং পিণ্ডস্য বিশেষণং, দ্বিতীয়ে পিণ্ডে ইত্যর্থঃ। ন চ ইতি তদর্থ ইত্যনেনান্বিতম্। তদর্থঃ দ্বিতীয় ইত্যাদেরর্থঃ। সদ্য

তাহাও পুনঃপুনঃ বলিয়াছেন, যথা,—“ফল, মুগ, দুগ্ধ, শাক এবং গুড়ের সহিত তিলমিশ্র পিণ্ড দর্ভের উপর দক্ষিণমুখে দান করিবে, উহা দ্বারদেশে অথবা দেবতার আয়তনে প্রদান করিবে। এবং প্রসেক পুষ্প, ধূপ, এবং দীপ তুষ্ণীভাবে প্রদান করিবে।” হারলতায় ‘প্রসেক’ শব্দের অর্থ—কাঁচা মৃন্ময় পাত্রস্থ জলাঞ্জলি, এইরূপ ব্যাখ্যা করা হইয়াছে। সুতরাং ‘প্রসেক’ এই পদটী কর্ম্মবাচ্যে সাধিত হইয়াছে। কাজে কাজেই এই জলাঞ্জলিদানকালে মৈথিলেরা যে একটী সংকল্পের বাক্য রচনা করেন, তাহা হেয় বলিয়াই প্রতীত হইতেছে। এস্থলে বাচস্পতি মিশ্র যদ্যপি বলিয়াছেন—“এই যে, পাত্র এবং জলাঞ্জলি দানের কথা বলা হইয়াছে, ইহা পিণ্ডের উপরই করিতে হইবে অর্থাৎ জলাঞ্জলিপূর্ণ পাত্রটি পিণ্ডের উপরেই রাখিতে হইবে, কারণ “দ্বিতীয়ে দুইটি দিবে” ইহা দ্বারা পিণ্ডই যে, পাত্র এবং জলাঞ্জলির আধার হইবে, তাহাই বলা হইয়াছে। যদি বল “দ্বিতীয়ে দুইটি দিবে” ইহার অর্থ “দ্বিতীয় পিণ্ডে দুইটি দিবে” এরূপ নহে, “দ্বিতীয় দিনে দুইটি দিবে” এইরূপই উহার অর্থ, এইরূপ অর্থের সদ্যঃশৌচাদি-

বাধাপত্তেঃ, সদ্যস্ত্র্যহাশৌচপিণ্ডদানস্যাপ্যপক্রমা"দিতি বাচস্পতিমিশ্রেণ, তদযুক্তং, "দ্বিতীয়" ইত্যাদাবপি "দ্বিতীয়েঽহনি চত্বার" ইতি পূর্ব্ববচনেঽহঃশ্রুতেরত্রাপি বিশেষ্যত্বেন তদেবান্বেতি, ন তু পিণ্ডে ইতি। অতএব মিতাক্ষরায়াং প্রচেতাঃ,—

"দিনে দিনেঽঞ্জলীন্ পূর্ণান্ দদ্যাৎ প্রেতোপকারণাৎ।
তাবদ্বৃদ্ধিশ্চ কর্ত্তব্যা যাবৎ পিণ্ডঃ সমাপ্যতে॥" প্রতিদিনমঞ্জলীনাং বৃদ্ধিঃ কার্য্যা যাবদ্দশমঃ পিণ্ডঃ সমাপ্যতে ইতি। অতএব "ভুবি পিণ্ডং জলং তথৈতি" মাৎস্যং প্রাগুক্তমিতি।

ইত্যাদি তথাচ সদ্যঃশৌচে দ্বিতীয়দিনাদেরপ্রসিদ্ধিঃ, ত্র্যহাশৌচে চতুর্থদিনাদেরপ্রসিদ্ধিরিতি ভাবঃ। তদযুক্তমিতি মিশ্রেণ যদুক্তং তদযুক্তমিত্যর্থঃ। দ্বিতীয়েঽহনীতি চত্বারঃ পিণ্ডাঃ, এতচ্চ ত্র্যহাশৌচস্থলে বোধ্যম্। অত্রাপি দশাহাশৌচস্থলেঽপি তদেব অহরেব। অতএব অহো বিশেষ্যত্বাদেব। দিনে দিনে ইতি দিনস্যৈবাধারত্বেনৈবোল্লেখঃ ন তু পিণ্ডস্যেতি ভাবঃ। তাবৎ বৃদ্ধিঃ তাবৎকালং বৃদ্ধিঃ প্রতিদিনং বৃদ্ধিরিতি যাবৎ। যত আমপাত্র এব তোয়াঞ্জলিদানং ন তু পিণ্ডে অতএবেত্যর্থঃ। ভুবীতি আরব্ধময়-

স্থলে বাধা হইয়া পড়ে, কারণ পূরকপিণ্ড যে পূর্ণাশৌচেই করিতে হইবে এমন কোন কথা নাই, সদ্যঃশৌচ এবং ত্র্যহাশৌচেও সম্পূর্ণ পূরকপিণ্ড দানের কথা বলা হইয়াছে। বাচস্পতির এইরূপ ব্যবস্থাটী সম্পূর্ণ অযুক্ত বলিয়াই প্রতীত হইতেছে। কারণ দেখ, "দ্বিতীয় অহতে চারিটী পিণ্ড দিবে" এই পূর্ব্ববচনে দিন শব্দের বাচক অহঃ শব্দের প্রয়োগ থাকায় এই বচনস্থিত দ্বিতীয় "এই বিশেষণ পদের "অহঃ" এই পদটী বিশেষ্য রূপে অন্বিত হইতেছে। "দ্বিতীয়" ঐ শব্দটী পিণ্ড এই বিশেষ্য পদের সহিত অন্বিত নহে। পিণ্ডের উপর যে মৃন্ময়পাত্রস্থ জলাঞ্জলি দিবে না, তৎসম্বন্ধে মিতাক্ষরায় প্রচেতার একটী বচন উদ্ধৃত হইয়াছে—যথা "প্রতিদিন প্রেতের উপকার হেতু পূর্ণ জলাঞ্জলি দান করিবে। এবং যে পর্য্যন্ত পিণ্ড সমাপ্ত না হয়, তাবৎ কাল পর্য্যন্ত ঐ জলাঞ্জলি ক্রমশঃ বাড়াইয়া যাইবে"—অর্থাৎ প্রতিদিন জলাঞ্জলির বৃদ্ধি করিতে যাইবে, যে পর্য্যন্ত দশম পিণ্ড সমাপ্ত না হয়। ইহাতে কিছু এইরূপ বুঝাইতেছে না যে, পিণ্ডের উপরই সপাত্র জলাঞ্জলি দান করিতে হইবে। আরও দেখ, পূর্ব্বোক্ত মৃত্তিকায় পিণ্ড ও জল দান করিবে" মৎস্য পুরাণের এই বচন দ্বারা মৃত্তিকাতেই পিণ্ড ও জলা-

তথাচ প্রচেতাঃ,—গৃহদ্বারে তস্মৈ প্রেতায় পিণ্ডং নির্ব্বপেয়ুঃ। ভূমৌ মাল্যং পানীয়ং দীপঞ্চোপলিপ্তায়া”মিতি।

সদ্যস্ত্র্যহাশৌচয়োস্তুপত্ত্যা পিণ্ডদানসংকলনবৎ মৃন্ময়পাত্র-দানসংকলনমিতি ॥ ১০৭ ॥

যদপ্যুক্তং “পুষ্পাদিসাহচর্য্যাৎ ঊর্ণাকৃতবস্ত্রদানং তূষ্ণী”মিতি। তন্ন, “পিণ্ডযজ্ঞাবৃতা দেয়ং প্রেতায়ান্নং দিনত্রয়মি”তি যাজ্ঞ-বল্ক্যেন পিণ্ডপিতৃযজ্ঞেতিকর্ত্তব্যতাতিদেশাৎ। পিণ্ডপিতৃযজ্ঞে

পাত্রমপি ভূর্ভবত্বেবেতি ভাবঃ। উপলিপ্তায়ামিতি ইদমত্রাবধেয়ম্—উপলিপ্তায়ামিতি বিশেষণাৎ ন আমপাত্রলাভঃ ন চামপাত্রে দানেঽপি পরম্পরয়া ভূমৌ দানং ভবত্বেবেতি বাচ্যম্, তথা সতি পিণ্ডোপরিদানেঽপি পরম্পরয়া ভূমৌ তৎসম্ভবাৎ; অতো মিশ্র-মতমদুষ্টমিতি ॥ ১০৭ ॥

স্মার্ত্তমতে ঊর্ণাতন্তুমাত্রদানং, বাচস্পতিমিশ্রমতে তু কম্বলত্রয়দানম্, মিশ্রস্যায়মাশয়ঃ— “অর্ঘ্যৈঃ পুষ্পৈস্তথা ধূপৈর্দীপৈ স্তোয়ৈঃ সুশীতলৈঃ। ঊর্ণাতন্তুময়ৈঃ শুদ্ধৈর্ব্বাসোভিঃ পিণ্ডমর্চ্চয়ে”দিত্যত্র বাসঃপদোপাদানাৎ বস্ত্রং, বহুবচনাচ্চ ত্রিত্বং লব্ধমিতি। তদ্দূষয়তি

গুলি দানের কথা বলা হইয়াছে। বক্ষ্যমাণ প্রচেতার বচনে একথা আরও স্পষ্ট-রূপে ব্যক্ত হইয়াছে যথা,—“গৃহের দ্বারে উপলিপ্ত মৃত্তিকায় ঐ প্রেতের উদ্দেশে পিণ্ড, মাল্য, পানীয় এবং দীপ প্রদান করিবে।” তবে যদি বল ‘দ্বিতীয় শব্দের অর্থ “দ্বিতীয় দিন” এইরূপ করিলে সদ্যঃশৌচ ও ত্র্যহাশৌচ স্থলে উহার কিরূপ উপপত্তি হইবে? ইহার উত্তরে আমি বলিব, যেমন কোনরূপ গত্যন্তর না থাকায় সদ্যঃ ও ত্র্যহাশৌচের স্থলে অশৌচকালের মধ্যেই পিণ্ডদানের সংকলন করিতে হয়, সেইরূপ তোয়াগুলির পাত্রেরও সংকলন করিতে হইবে॥ ১০৭ ॥

পূর্ব্বোক্ত আদিপুরাণের বচনে মেষলোমনির্ম্মিত বিশুদ্ধ বস্ত্রের দ্বারা পিণ্ডের পূজা করার কথা থাকায়, এবং ঐ বস্ত্রবাচক “বাসস্” শব্দটী বহুবচনান্ত থাকায়, বাচস্পতিমিশ্র যে কম্বলত্রয় দানের কথা বলিয়াছিলেন, স্মার্ত্ত তাহা দূষিত করিতেছেন, এবং বাচস্পতিমিশ্র আরও যে বলিয়াছেন, পুষ্পাদি সাহচর্য্য নিবন্ধন মেষলোমনির্ম্মিত বস্ত্রদানও তূষ্ণীম্ভাবে করিতে হইবে, ইহাই বুঝাইতেছে। বাচস্পতি মিশ্রের এই তূষ্ণীম্ভাবে মেষলোমনির্ম্মিত বস্ত্রত্রয় দানব্যবস্থাও ঠিক নহে। দেখ “পিণ্ডপিতৃযজ্ঞের পরিপাটীক্রমে প্রেতকে তিন দিন অন্নদান করিবে” এই যাজ্ঞবল্ক্যের বচনে প্রেতের অন্নদান ব্যাপারে পিণ্ড পিতৃযজ্ঞের

চ গোভিলেন "সব্যেনৈব পাণিনা সূত্রতন্তুং গৃহীত্বা অপসলবি পূর্ব্বস্যাং কর্ষাং পিণ্ডে নিদধ্যাৎ পিতুর্নাম গৃহীত্বা অসাবেতত্তে বাসো যে চাত্র ত্বামনুযাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" ইতি সূত্রতন্তুষু বাসঃপ্রয়োগাৎ, বাক্যরচনাবিধানাচ্চ, ন বস্ত্রদানং, ন বা তুষ্ণীমিতি। অপসলবি পিতৃতীর্থেন। তথাচ ভট্টভাষ্যে গৃহ্যান্তরম্,—"তর্জ্জন্যঙ্গুষ্ঠয়োরন্তরা "অপসলবি" অপলবং বা, তেন

যবপুষ্কমিতি। পুষ্পাদিসাহচর্য্যাত্তুষ্ণীমিত্যন্বয়ঃ। সাহচর্য্যঞ্চ একবচনোপাত্তত্বং, তথাচ তুষ্ণীং প্রসেকং পুষ্পকেত্যাদিনা পুষ্পস্য তুষ্ণীং দানমুক্তং,'পুষ্পাদিসাহচর্য্যাচ্চ অত্রাপি তুষ্ণীং দানমিতি ভাবঃ। পিণ্ডসজ্জাবৃতা পিণ্ডজ্জপরিপাট্যা স্মৃত্রেতি সূত্রপাদেনাত্র যত্নদশা উচ্যন্তে, তদন্তমিত্যর্থঃ। কর্ষামিতি সাগ্নিকৈরষ্টকাশ্রাদ্ধে গর্ত্তত্রয়ং কৃত্বা তত্র যথাদিকং দত্ত্বা কৃত্রিমাং নদীং বিধায় পিণ্ডত্রয়ং দীয়তে। তথাচামরঃ,—কর্ষূঃ কুল্যাভিধায়িনীতি। সূত্রে লক্ষণে। বাক্যরচনেতি অসাবেতত্তে বাস ইত্যাদিবাক্য-

ইতিকর্ত্তব্যতার অতিদেশ করা হইয়াছে। অর্থাৎ যেরূপ রীতিতে পিণ্ড পিতৃযজ্ঞে অন্নদান করা হয়, প্রেতকেও সেইরূপে অন্নদান করিবে, ইহাই বলা হইয়াছে। এক্ষণে দেখ, পিণ্ড পিতৃযজ্ঞের প্রকরণে গোভিল কি বলিতেছেন— বামহস্তদ্বারা তন্তু গ্রহণ করিয়া পিতৃতীর্থ দ্বারা উহা পূর্ব্বস্থিত কুল্যার সমীপবর্ত্তী পিণ্ডে স্থাপন করিবে, এবং স্থাপন করিবার সময়, পিতার নাম গ্রহণপূর্ব্বক "এই তোমার বস্ত্র" ইত্যাদি মন্ত্রটী সম্পূর্ণ উচ্চারণ করিবে। এক্ষণে দেখ, ঐ মন্ত্রে তন্তুতেই যেমন বাসঃ শব্দের প্রয়োগ করা হইয়াছে, অতএব আদিপুরাণের বচনেও সেইরূপ তন্তু স্থলেই বাস শব্দের প্রয়োগ করা হইয়াছে। আরও একটী কথা, বাচস্পতি মিশ্র যে তুষ্ণীভাবে ঐ বাস দানের কথা বলিয়াছেন, তাহাও ঠিক হয় নাই। কারণ, গোভিল ঐ বাসদান বিষয়ে পূর্ব্বোক্ত মন্ত্ররূপ বাক্যের রচনার বিধান করিয়াছেন। সুতরাং বাচস্পতি মিশ্র মেষনির্ম্মিত কম্বলরূপ বস্ত্রত্রয় দান করিতে হইবে এবং উহা তুষ্ণীভাবে দান করিতে হইবে, এই যে দুইটী কথা বলিয়াছিলেন, তাহার কোনটীই টিকিল না। গোভিলের সূত্রে যে "অপসলবি" কথাটী আছে তাহার অর্থ—পিতৃতীর্থ। এসম্বন্ধে ভট্টভাষ্যে গৃহ্যান্তর হইতে প্রমাণ উদ্ধৃত হইয়াছে, যথা—"তর্জ্জনী এবং অঙ্গুষ্ঠের মধ্যস্থিত স্থানকে অপসলবি বা অপসব্য বলে, এই অপসব্য দ্বারা পিতৃগণকে অন্নাদি প্রদান করিবে।" এই জন্য মনুও পিতৃতীর্থস্থানে 'অপসব্য' এই পদের

পিতৃভ্যো নিদধাতী”তি। অতএব মনুনা পিতৃতীর্থেঽপসব্যপদমুক্তং, যথা—“প্রাচীনাবীতিনা সম্যগপসব্যমতন্দ্রিণে”তি। মরীচিঃ,—

“প্রেতপিণ্ডং বহির্দ্দদ্যাদ্দর্ভমন্ত্রবিবর্জ্জিতম্।
প্রাগুদীচ্যাং চরুং কৃত্বা সুস্নাতঃ সুসমাহিতঃ॥”

অত্র মন্ত্রদর্ভবর্জ্জনং চূড়াকরণকালেঽপ্যকৃতচূড়ানাম্, উপনয়নকালেঽপ্যকৃতোপনয়নানাং, কন্যানামনূঢ়ানাঞ্চ। অন্যথা হারীতবচনে তত্তদ্‌ভেদোপাদানং ব্যর্থং স্যাৎ। অসংস্কারা ইত্যনেনৈব সর্ব্বেষাং প্রাপ্তত্বাৎ। যথা হারীতঃ,—

বচনেত্যর্থঃ। অন্তরা মধ্যম্। অতএব তর্জ্জন্যঙ্গুষ্ঠয়োরন্তরালমপসব্যপদবাচ্যতামেব। দর্ভবর্জ্জনমিতি মন্ত্রবর্জ্জনন্ত সামান্যপ্রকরণাৎ সর্ব্বস্যৈব পিণ্ডপ্রক্রিয়োপযোগি যাবন্মন্ত্রাণাং পাঠনিষেধকম্। মন্ত্রবর্জ্জনাচ্চ মণ্ডলিকারেখাকরণাদিপিণ্ডপ্রক্রিয়াঃ সর্ব্বা এব কার্য্যা ইত্যায়াতম্। গুণনিবৃত্ত্যা মুখ্যনিবৃত্তেরন্যায্যত্বাৎ প্রেতপিণ্ডমিতি বচনাৎ চতুর্থাহাদিশ্রাদ্ধে মন্ত্রপাঠোঽস্ত্যেবেতি বোধ্যম্। চূড়াকরণেতি চূড়াকরণমুখ্যকাল ইতি তৃতীয়বর্ষাবধি উপনয়নমুখ্যকালপর্য্যন্তকালেঽপ্যকৃতচূড়মরণে উপনয়নমুখ্যকালাবধিকালেঽপ্যকৃতোপনয়ন-

---

প্রয়োগ করিয়াছেন। যথা “প্রাচীনাবীতী এবং সম্যক্‌প্রকারে সতর্ক হইয়া অপসব্য (পিতৃতীর্থ) ব্যবহার করিবে।” মরীচি বলিয়াছেন—“স্নাত এবং একাগ্রচিত্ত হইয়া ঐ ঈশান কোণে চরু পাক করিয়া মন্ত্র এবং দর্ভ ব্যবহার পরিত্যাগ পূর্ব্বক প্রেতপিণ্ড দান করিবে।” এই বচনে যে ‘মন্ত্র এবং দর্ভব্যবহার পরিত্যাগের কথা বলা হইয়াছে, উহার দ্বারা চূড়ার উপযুক্তকালে যে সকল বালক অকৃতচূড় হইয়া মরিয়া যায়, উপনয়নের কালে অনুপনীত হইয়া মৃত হয় এবং অবিবাহিত কন্যাগণের দর্ভ বর্জ্জন করিয়া পিণ্ড দান যে করিতে হইবে, ইহাই বুঝাইতেছে। এরূপ না বলিলে বক্ষ্যমাণ হারীতের বচনে ‘অকৃতচূড় হইয়া যে মরিয়াছে, এবং গর্ভ হইতে নিঃসৃত হইয়া যে মরিয়াছে,’ এইরূপে বর্ণশঃ করিয়া উল্লেখ করা ব্যর্থ * হইত, কেননা ঐ বচনস্থিত “অসংস্কারা”,

---

(১) যদি বল, হারীতবচনস্থিত “অসংস্কারা” এই পদটি দ্বারা যদি অকৃতচূড়াদির লাভ হইয়াছিল, তবে হারীতই বা নিজ বচনে উহাদিগের উল্লেখ করিয়া আবার পুনরুক্তি দোষ করিলেন কেন? ইহার উত্তর এই যে, হারীতবচনস্থিত “অসংস্কারা” এই পদ চূড়াপূর্ব্বকালে যাহাদের মৃত্যু হইয়াছে তাহাদিগকেই বুঝাইতেছে।

"অকৃতচূড়া যে বালা যে চ গর্ভাদ্বিনিঃসৃতাঃ ।
মৃতা যে চাপ্যসংস্কারাস্তেষাং ভূমৌ প্রদীয়তে ।"
"যে চ গর্ভাদ্বিনিঃসৃতা" ইতি স্নেহাদ্দাহপক্ষে । যমঃ,—
"অনূঢ়া যা মৃতা কন্যা তস্যা ভূমৌ প্রদীয়তে ।" পিণ্ড ইতি

মরণেঽনূঢ়কন্যামরণে চ দর্ভবর্জ্জনমিত্যর্থঃ । অন্যথা বালমাত্রপরত্বে । ননু গর্ভচ্যুতস্য দাহো নাস্তি, দাহং বিনা চ পিণ্ডদানং নাস্তি, অত আহ স্নেহাদ্দাহপক্ষে ইতি । আদি-

---

(সংস্কার রহিত) এই সাধারণ বিশেষণ পদ দ্বারাই ও সকলের লাভ হইয়াছিল; অতএব বিশেষ করিয়া বলিবার ঐ টুকুই তাৎপর্য্য । হারীতের বচনটী এই—"যে সকল বালক অকৃতচূড় হইয়া মৃত হইয়াছে, যাহারা গর্ভ হইতে নিঃসৃত হইবার পরই মৃত হইয়াছে এবং যাহারা অসংস্কৃত অবস্থায় মৃত হইয়াছে, তাহাদিগের উদ্দেশে কেবল মৃত্তিকার উপরই পিণ্ডদান করিবে ।" এই সময় স্মার্ত্তের পূর্ব্বোক্ত বাক্যটী একটু বিশদ করিয়া বুঝাইলে, মন্দ হইবে না । দেখ, হারীত তিনটী কথা বলিয়াছেন, অকৃতচূড় হইয়া যে সকল বালক মৃত হইয়াছে, এবং যাহারা গর্ভ হইতে নিঃসৃত হইবার পরই মরিয়াছে, যাহারা অসংস্কৃতাবস্থায় মৃত হইয়াছে, এই তিনটী কথা বলিবার কোন প্রয়োজন ছিল না, যাহারা, অসংস্কৃতা-বস্থায় মরিয়াছে, কেবল এই কথাটী বলিলেই চলিত, সুতরাং হারীতের গর্ভ-বিনিঃসৃত হইয়াই যাহারা মরিয়াছে, এই কথাটীর অর্থ চূড়ার কাল প্রাপ্ত হইবার পূর্ব্বেই যাহারা মরিয়াছে, এবং অকৃতচূড় হইয়া এবং যাহারা মরিয়াছে, ইহার অর্থ—চূড়ার উপযুক্ত কালেও যাহারা অকৃতচূড় হইয়া মরিয়াছে, এই-রূপ অসংস্কৃতাবস্থায় যাহারা মরিয়াছে, ইহার অর্থ—যে সকল বালক উপ-নয়নের উপযুক্তকালে অনুপনীত হইয়া এবং বিবাহকালে অবিবাহিত কন্যা মরিয়াছে, এইরূপ অর্থ করিতে হইবে । উহাদিগের এইরূপ বিশেষ বিশেষ অর্থ না করিলে, এই তিনটী কথা না বলিয়া কেবলমাত্র "অসংস্কারাঃ" এই কথাটী বলিলেই চলিত । এক্ষণে কেহ আশঙ্কা করিয়াছিল, হারীত যে গর্ভ হইতে নিঃসৃত বালকমাত্রেরই পিণ্ডদানের কথা বলিলেন, তাহা কিরূপ হইল ? গর্ভ হইতে নিঃসৃত হইবামাত্র যে বালক মরে, তাহাদের ত দাহ নাই, দাহ

শেষঃ, অন্তেষাস্ত্বাদিপুরাণোক্তায়াঃ বাদর্ভেবেব। অত্রাপি বেদীকরণমাহ ব্রহ্মপুরাণম্,—

"ততো দক্ষিণপূর্ব্বস্যাং কার্য্যা বেদী তথা দিশি।
হস্তমাত্রা তথা ভূমেশ্চতুরঙ্গুলমুচ্ছ্রিতা।
পিণ্ডনির্ব্বপণার্থায় রমণীয়া বিশেষতঃ।"

"প্রাগুদীচ্যাম্" ঐশান্যাম্। চরুং কৃত্বা ইত্যনেন ছন্দোগপরিশিষ্টোক্তশ্চরুপাকবিধির্লভ্যতে। যথা,—

"স্বশাখোক্তশ্চরুঃ স্বিন্নো হৃদক্রোহকঠিনঃ শুভঃ।

পুরাণেতি তদ্‌যথা 'ষারোপান্তে ভতঃ ক্ষিপ্ত। ভয়াং বা শৌরমৃত্তিকায়্। তৎপূর্ব্বে আস্তরেদ্দর্ভান্ যাম্যাগ্রান্ দেশসম্বাদিস্পতি প্রাগুদীচ্যামিত্যস্ত ব্যাখ্যানম্। ঐশান্যামিতি

না হইলেই বা পিণ্ডদান কিরূপে হইবে? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন,— যদি কেহ তথাবিধ বালকের স্নেহবশতঃ দাহ করে, তবে তাহার পিণ্ডদান করিতে হইবে, বচনে তাহাই বলা হইয়াছে। কেহ আশঙ্কা করিয়াছিল, উক্ত হারীতের বচনে কেবল বালকদিগের কথাইত বুঝাইতেছে, অনূঢ়া কন্যার ত কোন আভাস পাওয়া যাইতেছে না, ইহার উত্তরে অনূঢ়া কন্যা সম্বন্ধে স্পষ্ট প্রমাণ দেখাইতেছেন—দেখ, যম বলিয়াছেন—"যে কন্যা অবিবাহিতাবস্থায় মৃত হইবে, তাহার উদ্দেশেও মৃত্তিকাতে প্রদান করিবে," কি প্রদান করিবে?] তাহা বচনে স্পষ্ট না থাকায়, স্মার্ত্ত উহা পূরণ করিয়া দিতেছেন "পিণ্ড" ইতি শেষঃ। পিণ্ড প্রদান করিবে। এতদ্ভিন্ন অপর মৃত ব্যক্তির উদ্দেশে আদিপুরাণের উক্তি অনুসারে দর্ভের উপরই পিণ্ডদান করিবে, তাহা হইলেই লাঘব হয় অর্থাৎ ? অধিক বিধির কল্পনা করিতে হয় না। এই পিণ্ডদান সম্বন্ধেও ব্রহ্মপুরাণে বেদী করিবার কথা বলা হইয়াছে, যথা—"অনন্তর দক্ষিণ পূর্ব্ব দিকে অর্থাৎ অগ্নিকোণে] চারিদিকে একহস্তপরিমিত এবং মাটি হইতে চার আঙ্গুল উচ্চ একটি বিশেষরূপ রমণীয় বেদী পিণ্ডদানের জন্য প্রস্তুত করিবে।" এক্ষণে উপরিউল্লিখিত মরীচির বচনে উক্ত দর্ভবর্জ্জনের প্রসঙ্গে অন্যান্য কথাও বলিয়া, উহারই অবশিষ্টাংশের ব্যাখ্যা করিতেছেন—মরীচির বচনস্থিত প্রাগুদীচী শব্দের অর্থ ঈশান কোণ, ঐ বচনে যে "চরুং কৃত্বা" (চরু করিয়া) কথাটি আছে, তাহা দ্বারা ছন্দোগপরিশিষ্টোক্ত চরুপাক-বিধিই বুঝাইতেছে। ঐ চরুপাকের বিধিটি যথা—"নিজ শাখায় চরু]

ন চাতিশিথিলঃ পাচ্যো ন চ বীতরসো ভবেৎ ॥”

“বীতরসো গলিতমণ্ড” ইতি নারায়ণোপাধ্যায়ঃ। স্বশাখোক্ত-শ্চরুঃ সুস্বিন্ন ইতি পাঠান্তরম্। সুস্নাতঃ সশিরস্কস্নাতঃ। ত্র্যহ-পিণ্ডদানে আদিপুরাণোক্তাৎ পক্ষান্তরমাহ পারস্করঃ,—

“প্রথমে দিবসে দেয়াস্ত্রয়ঃ পিণ্ডাঃ সমাহিতৈঃ।
দ্বিতীয়ে চতুরো দদ্যাদস্থিসঞ্চয়নং তথা ॥
ত্রীংস্তু দদ্যাৎ তৃতীয়েঽহ্নি বস্ত্রাদি ক্ষালয়েত্তথা ॥”

“আদি”পদং প্রাগুক্তক্ষৌরাদিসমস্তাশৌচান্তকৃত্যপরং, ত্র্যহপিণ্ডদানে সামগাদিভিঃ স্বশাখিককর্ম্মবিশেষাভাবে পৌরাণিকবৎ পরশাখিকমপি গৃহ্যতে।

স্বশাখোক্ত ইতি গৃহ্ণামি নির্ব্বপামি প্রোক্ষামীত্যাদিনা ত্র্যহপিণ্ডদানে ত্র্যহাশৌচে পিণ্ডদানে “ত্র্যহাশৌচে প্রদাতব্যাঃ প্রথমে ত্বেক এব হি। দ্বিতীয়েঽহনি চত্বারস্তৃতীয়ে পঞ্চ এব হি ॥” ইত্যাদিপুরাণোক্তাৎ পক্ষাদিত্যর্থঃ। তথা দ্বিতীয়েঽহনি অস্থিসঞ্চয়ন-

---

যেরূপ দ্রব্যাদি দ্বারা প্রস্তুত করিতে বলা হইয়াছে, সেইরূপ দ্রব্যাদি দ্বারা প্রস্তুত করিবে, ভাল করিয়া সিদ্ধ করিবে, উহা যেন না পুড়ে যায়, শক্ত না থাকে, দেখিতে ভাল হয়। একেবারে গলিয়াও না যায়, অথচ কাঠকাঠও না হয়, অথচ উহাতে রস না থাকে, এরূপ সতর্কতার সহিত পাক করিবে।” নারায়ণোপাধ্যায়, বচনস্থিত “বীতরস” শব্দের যাহা হইতে ফেন গালা হইয়াছে, এইরূপ অর্থ করিয়াছেন। কোন কোন পুস্তকে “স্বশাখোক্তশ্চরুঃ স্বিন্নঃ” স্থলে “স্বশাখোক্তশ্চরুঃ সুস্বিন্নঃ” এইরূপ পাঠান্তর দৃষ্ট হয়। মরীচির বচনে যে, “সুস্নাতঃ” শব্দটি আছে, তাহার অর্থ মাথা ডুবাইয়া স্নানকারী। ত্রিরাত্রাশৌচ স্থলে, আদিপুরাণে যে, পিণ্ডদানের প্রথম দিনে একটি, দ্বিতীয়দিনে চারিটি এবং তৃতীয়দিনে পাঁচটি পিণ্ড দান করিবে, এইরূপ কল্প উক্ত হইয়াছে, তাহা হইতে পারস্কর অন্যবিধ একটি কল্পের কথাও বলিয়াছেন যথা—“প্রথম দিবসে তিনটি পিণ্ড প্রদান করিবে, দ্বিতীয় দিবসে চারিটি পিণ্ড প্রদান ও অস্থি সঞ্চয়ন করিবে, এবং তৃতীয় দিনে তিনটি পিণ্ড প্রদান করিবে, ও বস্ত্রাদি ক্ষালন করিবে।” এই বস্ত্রাদি ক্ষালন করার অর্থে অশৌচান্ত দিনে অনুষ্ঠেয় ক্ষৌরাদি যাবৎ কার্য্যই বুঝিতে হইবে। তিনদিনে পিণ্ড দানের স্থলে সামবেদীয়-

"যন্নাম্নাতং স্বশাখায়াং পরোক্তমবিরোধি চ।

বিদ্বদ্ভিস্তদনুষ্ঠেয়মগ্নিহোত্রাদিকর্ম্মবদি"তি ছন্দোগপরিশি-ষ্টোক্তেঃ॥ ১০৮

জলদুগ্ধপানং ফলাতিশয়ার্থম্, অশৌচে দিবাভোজননিয়-মাৎ, ঋশ্বেদিনাস্তু—

মিতার্থঃ। নমু যজুর্ব্বেদিকর্ম্মবক্তৃপারস্করোক্তং প্রথমে দিবসে ইতি পক্ষান্তরং সাম-গাদিভিঃ কর্ত্তব্যং নবেত্যত্রাহ যন্নাম্নাদিভিরিতি। অগ্নিহোত্রাদীতি অগ্নিহোত্রং সামগৈঃ কর্ত্তব্যমিত্যুক্তং তৎপরিপাটী চ সামবেদে নোক্তা কিন্তু যজুর্ব্বেদে উক্তা সা চ যথা সামগৈঃ ক্রিয়তে তথেত্যর্থঃ॥ ১০৮॥

সামগগণ, নিজ শাখীয় গৃহ্যসূত্রে যে সকল কর্ম্মের উল্লেখ করা হয় নাই, অথচ অন্যশাখীয় গৃহ্যসূত্রে উক্ত হইয়াছে, সেই সকল কর্ম্মেরও স্বশাখায় অনুক্ত পৌরাণিক কর্ম্মের ন্যায় অনুষ্ঠান করিবে। তাহার প্রমাণস্বরূপ ছন্দোগপরি-শিষ্টে একটি বচন আছে—"যাহা স্বশাখীয় গৃহ্যসূত্রে উক্ত হয় নাই, অথচ পরশাখীয় গৃহ্যসূত্রে সাধারণের কর্ত্তব্য বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে, এবং ঐ কার্য্যটি যদি কোন প্রকার ধর্ম্মের হানিকর না হয়, বিদ্বানগণ অগ্নিহোত্রাদি কর্ম্মের ন্যায় সেই কর্ম্মের অনুষ্ঠান করিবেন, অর্থাৎ অগ্নিহোত্র সামবেদীয়-গণের কর্ত্তব্যরূপে উক্ত, এইজন্য অগ্নিহোত্রযাগের ইতিকর্ত্তব্যতা সাম-বেদীয়গণের গৃহ্যসূত্রে উক্ত না হইলেও, যজুর্ব্বেদীয় গৃহ্যসূত্রানুসারে সাম-বেদীয়গণ যেরূপ উহার অনুষ্ঠান করিয়া থাকেন, পিণ্ডদান কর্ম্মেরও সেইরূপ পারস্করের সূত্র অনুসারে অনুষ্ঠান করিবেন"। ১০৮।

পূর্ব্বে প্রেতের উদ্দেশে যে রাত্রে নীরক্ষীর দানের কথা বলা হইয়াছে, উহা যে সকলকেই দিতে হইবে, এমন কিছু নিয়ম করা হয় নাই। তবে যে দিতে পারিবে, তাঁহার অধিক ফললাভ হইবে, এই মাত্র। কারণ, বৈজবাপসূত্রে অশৌচকালে দিবাভাগে ভোজন করারই নিয়ম করা হইয়াছে, দিবা ভিন্ন রাত্রি-কালে ভোজন নিষিদ্ধ। সুতরাং রাত্রে নীর ক্ষীর দিতে হইলে অশৌচের কয়দিনই ঐ নীরক্ষীরদাতার দিন রাত উপবাস করা ভিন্ন গতি নাই; কিন্তু সকলেই যে সেরূপ উপবাস করিতে সমর্থ হইবে, ইহা একপ্রকার অসম্ভব; কাযেই সকলেই নীরক্ষীর প্রদান করিবে, এমন একটি সাধারণ নিয়ম করা

"অমূদকমধূপঞ্চ গন্ধমাল্যবিবর্জ্জিতম্।
নিনয়েদশ্মনি পূর্ব্বং ততঃ শ্রাদ্ধং প্রকল্পয়েৎ॥"

ইত্যাশ্বলায়নগৃহ্যপরিশিষ্টবচনাৎ মৃণ্ময়পাত্রস্থোদকাঞ্জলি-গন্ধাদিরহিতং প্রস্তরোপরি পিণ্ডদানমিতি বিশেষঃ। মৎস্য-পুরাণম্,—

"তস্মাদ্বিধেয়মাকাশে দশরাত্রং পয়স্তথা।
সর্ব্বপাপোপশান্ত্যর্থমধ্বশ্রমবিনাশনম্॥"

"পয়ঃ"শব্দাজ্জলং দুগ্ধঞ্চ প্রতীয়তে। পারস্করীয়ে তথা দর্শনাৎ। পারস্করীয়ে "তাং রাত্রি"মিত্যভিধানাদেকরাত্রমাব-

অমূদকম্ আমপাত্রে উদকাঞ্জলিদানরহিতম্। পারস্করীয়ে তাং রাত্রিং ক্ষীরোদকে বিহায়সি নিদধ্যুরিতি পারস্করসূত্রে। কলেতি কাম্যমিত্যর্থঃ। দিবা ভোজনেতি দিবা ভোক্তব্যং ত্রিরাত্রং কর্ম্মোপরমণমিতি বৈজবাপসূত্রে। দিবা ভক্তঞ্চ ভোক্তব্যম-মাংসং মনুজর্ষভেতি বিষ্ণুপুরাণবচনে চ দিবাভোজননিয়মাদিত্যর্থঃ। তথা দর্শনাৎ

যুক্তিসঙ্গত হয় না; তবে যে ব্যক্তি কয়দিন দিবারাত্র উপবাস করিয়া নীর-ক্ষীর প্রদান করিবে, তাহার অধিক ফল হইবে, এইমাত্র বলা যাইতে পারে। ঋগ্বেদীয়গণের কিন্তু "জলশূন্য ধূপরহিত, গন্ধ ও মাল্যবিবর্জ্জিত পিণ্ড প্রথমে শিলার উপর প্রদান করিবে, তাহার পর শ্রাদ্ধ করিবে" এই আশ্বলায়ন গৃহ্য-পরিশিষ্ট বচনানুসারে মৃণ্ময়পাত্রস্থিত উদকাঞ্জলি ও গন্ধাদিরহিত পিণ্ডদান শিলার উপর কর্ত্তব্য। ইহাই অপরবেদীয় অপেক্ষা উঁহাদের বিশেষত্ব। অর্থাৎ উঁহাদের গৃহ্যসূত্রে নীরক্ষীর দানের কথাটা নাই। তা'হলেও মৎস্যপুরাণে নীরক্ষীর-দানের কথা আছে—যথা "অনন্তর সকল পাপের শান্তির নিমিত্ত এবং শমনসদনে গমনপথের পরিশ্রম দূরীকরণার্থ আকাশে (তেপায়ার উপর) দশরাত্র ধরিয়া পয়ঃ প্রদান করিবে।" এই বচনস্থিত "পয়ঃ" শব্দের অর্থ দুগ্ধ ও জল উভয়ই। কারণ পারস্করীয়গৃহ্যসূত্রে জল ও দুগ্ধ উভয় দানের কথাই দৃষ্ট হয়। এইরূপ নীরক্ষীর দান শাস্ত্রবিহিত হইলেও কিন্তু পারস্করীয় গৃহ্যসূত্রে "সেই রাত্রে" এইরূপ বিশেষ করিয়া একবচনান্ত রাত্রি এই বিশেষ্য পদের উল্লেখ করায় একরাত্রি মাত্র নীরক্ষীর দান উপবাস করিয়াই যে অবশ্যকর্ত্তব্য,

শুকম্, দশরাত্রে তদনন্তরমশৌচরাত্রৌ দীয়তে। সদ্যঃ-শৌচে তু "দ্বে সন্ধ্যে সদ্য" ইত্যাহরিত্যুক্তকালে যুগপদ্দশপিণ্ডা দেয়াঃ, স্বাশৌচকালে পিণ্ডদানানুরোধাৎ। অতএব,

"পিণ্ডাঃ শূদ্রায় দাতব্যা দিনান্যষ্টৌ নবাথবা।

সম্পূর্ণে চ ততো মাসে পিণ্ডশেষং সমাপয়েদি"তি প্রচেতো-বচনে "সম্পূর্ণমাস ইতি পদং লক্ষণয়া "মাসান্তিমদিনপরমি"তি

নীরক্ষীরোভয়বিধানদর্শনাৎ। তদনন্তরং ভোজনানন্তরং। এতদিতি ক্ষীরং নীরঞ্চে-ত্যর্থঃ। "যুগপদি"তি একস্মিন্নেব দিনে ইত্যর্থঃ। অশৌচকাল ইতি "যাবদশৌচং তাবৎ প্রেতস্যোদকং পিণ্ডমেকঞ্চ দদ্যু"রিতি বিষ্ণুসূত্রাদিতি ভাবঃ। নমু "সংপূর্ণে তু ততো মাসে পিণ্ডশেষং সমাপয়েদি"ত্যত্র শূদ্রস্য মাসসমাপ্ত্যনন্তরং পিণ্ডদানং প্রতী-য়তে, তৎকথম্ অশৌচকালে পিণ্ডদানানুরোধাদিতি হেতুঃ সংগচ্ছতে।? তত্রাহ অত-এবেতি। অশৌচকালে পিণ্ডদানানুরোধাদেব ইত্যর্থঃ। অস্য চ মাসান্তিমদিনেত্যাদিনে-ত্যাদৌ অন্বয়ঃ। পিণ্ডশেষং পিণ্ডদ্বয়ং পিণ্ডমেকং বা। লক্ষণয়েতি যথাশ্রুতে তু

ইহাই বুঝা যাইতেছে; তবে দশরাত্র পর্যন্ত উহা দিবা ভোজনের পরও রাত্রিকালে প্রদত্ত হইয়া থাকে। যদি বল, সদ্যঃশৌচ স্থলে দাহের পর ডুব দিলেইত অশৌচ যাইবে, এক্ষণে জিজ্ঞাস্য এই যে, যে সকল অবস্থায়, সদ্যঃশৌচেও পিণ্ডদানের ব্যবস্থা করা হইয়াছে, সেরূপ স্থলে কি প্রকারে কার্য্য করিবে? কারণ অশৌচের মধ্যেই পিণ্ডদান করাই ত নিয়ম? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, ঐরূপ স্থলে "সদ্য" এই শব্দটির "দ্বে সন্ধ্যে সদ্যঃ (দুইটি সন্ধ্যার, প্রাতঃ এবং সায়ং সন্ধ্যার" মধ্যবর্ত্তী কালকে অর্থাৎ সম্পূর্ণ দিবাভাগকে সদ্যঃ বলা হয়)" এইরূপ পারিভাষিক অর্থই গ্রহণ করিতে হইবে। এবং এই পারিভাষিক কালের মধ্যেই একেবারে দশটি পিণ্ড প্রদান করিতে হইবে; কারণ নিজের অশৌচকালের মধ্যেই পিণ্ড-দান করার বিধান থাকাতেই একেবারে দশপিণ্ড দান করিতে হইবে। কেহ আশঙ্কা করিয়াছিল, তুমি যে বলিতেছ—পিণ্ডদাতার অশৌচকালের মধ্যেই পিণ্ডদান করাই শাস্ত্রের নিয়ম; এই জন্যই "সদ্যঃ" শব্দের ঐরূপ পারি-ভাষিক অর্থের গ্রহণ করিতে হইবে। কিন্তু অশৌচের মধ্যেই পিণ্ড দিবার যে নিয়ম ইহা কেমন ক'রে বলিব, কারণ প্রচেতার একটি বচন আছে "শূদ্রের উদ্দেশে অশৌচের আরম্ভ হইতে আটদিন, বা নয় দিন অবধি বরাবর এক একটি পিণ্ড দিয়া যাইবে, মাস পূর্ণ হইবার পর অবশিষ্ট পিণ্ড প্রদান করিবে।" ইহ

সর্ব্বনিবন্ধৃভির্ব্যাখ্যাতম্। কালাদর্শকর্ম্মোপদেশিনীপ্রভৃতি-গ্রন্থেষু শাতাতপঃ,—

"ভর্ত্তুঃ পিণ্ডপ্রদানে তু সাধ্বী স্ত্রী চেদ্রজস্বলা।
বস্ত্রং ত্যক্ত্বা পুনঃ স্নাত্বা দৈব দদ্যাচ্চ পূরকম্॥"

"ভবেন্নারী রজস্বলা" ইতি পাঠো ব্যাসবচনে। শ্রাদ্ধে এব পঞ্চাহো গোভিলেনোক্তঃ, ন তু পিণ্ডদানে। যথা,—

একত্রিংশত্তমদিনমেব লভ্যতে ন তু ত্রিংশত্তমদিনং, তদানীং মাসসম্পূর্ত্তেরজাতত্বাৎ ইতি বোধ্যম্। ভবেন্নারীতি অন্তৎ পাদত্রয়ং সমানম্। আব্দিকে সংবৎসরিকে এতচ্ছো-পলক্ষণম্ একোদ্দিষ্টাদাবপি বোধ্যম্। পঞ্চমেঽহনীতি যথা অন্তরা জননমরণাশৌচ-পাতেঽশৌচান্তে শ্রাদ্ধং ক্রিয়তে তথা অন্তরা রজোযোগে তদবধি পঞ্চমে দিনে শ্রাদ্ধং,

---

দ্বারা অশৌচকালের পরও পিণ্ডদানের কথাও ত বলা হইয়াছে। ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন—"অত এব" এই জন্যই অর্থাৎ অশৌচকালের মধ্যে পিণ্ডদান করার নিয়ম থাকাতেই, প্রচেতার ঐ বচনস্থিত "সম্পূর্ণ মাসে" এই কথাটির নিখিলনিবন্ধ কারবেই, মাসের অন্তিম দিন এইরূপ লাক্ষণিক অর্থ করিয়াছেন। কালাদর্শ কর্ম্মোপদেশিনী প্রভৃতি গ্রন্থে শাতাতপের যে বচনটি উদ্ধৃত হইয়াছে, তাহাতেও অশৌচের মধ্যেই পিণ্ডদানের নিয়ম দৃষ্ট হয়, যথা—"যদি স্বামীর পূরকপিণ্ড প্রদান কালে সাধ্বী স্ত্রী রজস্বলা অবস্থায় থাকে, তাহা হইলে বস্ত্রত্যাগ করিয়া পুনর্ব্বার স্নান করিয়া পূরক পিণ্ড প্রদান করিবে।" ব্যাস-দেবের গ্রন্থেও অবিকল এইরূপ একটি বচন দৃষ্ট হয়, কেবল "সাধ্বী স্ত্রী চেদ্রজস্বলা" ইহার স্থানে "ভবেন্নারী রজস্বলা" এইরূপ পাঠ পরিবর্ত্তন করা হইয়াছে। যদি বল, যেমন কোন শ্রাদ্ধকালের মধ্যে জনন বা মরণাশৌচ সঙ্ঘটিত হইলে, ঐ আগন্তুক অশৌচ অন্ত হইবার পর শ্রাদ্ধাদি করিবার বিধি করা হইয়াছে, সেইরূপ গোভিল স্বামীর বাৎসরিক শ্রাদ্ধদিনের অব্য-বহিত পূর্ব্বে রজোযোগ হইলে, রজোযোগ হইতে পঞ্চম দিনেই শ্রাদ্ধ করিবার কথা বলিয়াছেন, তবে শাতাতপের বচনে যে বস্ত্রত্যাগ করিয়া স্নানানন্তর পিণ্ড দান করিবার কথা বলা হইয়াছে, ইহাদ্বারা পঞ্চম দিনে পিণ্ডদানের কথাই বা কেন না বুঝি? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, গোভিল শ্রাদ্ধ কার্য্যেই পঞ্চমদিনের কথা বলিয়াছেন, পিণ্ডদান বিষয়ে কিছু ঐরূপ ব্যবস্থা করেন নাই। গোভিলের

"অপুত্রা তু যদা ভার্য্যা সংপ্রাপ্তে ভর্ত্তুরাব্দিকে।
রজস্বলা ভবেৎ সা তু কুর্য্যাত্তৎপঞ্চমেঽহনি॥"

অতএব ছন্দোগপরিশিষ্টে—

"অশুচ্যশুচিনা দত্তমামমৃচ্ছকলাদিনা।
অনির্গতদশাহাস্তু প্রেতা রক্ষাংসি ভুঞ্জতে॥"

ইতি সামান্যতো"ঽশুচিনা দত্ত"মিত্যভিহিতম্‌। অশুচি নদীরজস্বলত্বেন দুষ্টমপি জলং দেয়ম্‌। তথাচ,

"উপাকর্ম্মণি চোৎসর্গে প্রেতস্নানে তথৈব চ।
চন্দ্রসূর্য্যগ্রহে চৈব রজোদোষো ন বিদ্যতে॥"

ন তত্র তিথ্যাদিবিচার ইতি। অতএব রজস্বলায়া অপি পূরকপিণ্ডদানাধিকারাদেব। অস্য চাভিহিতমিতি পরেণান্বয়ঃ। অনির্গতদশাহা ইত্যুপাদানাৎ অশৌচানন্তরং যত্র পূরকপিণ্ডদানং তত্র রজস্বলয়া তন্ন কার্য্যমিতি বোধ্যম্‌। প্রেতা রক্ষাংসি রাক্ষসরূপাঃ প্রেতাঃ। নদীতি পূর্ব্বস্ত আমমৃচ্ছকলাদিনা অশুচিদ্রব্যমিতি ব্যাখ্যাতম্‌, অতোঽস্য ব্যাখ্যানদ্বয়ং বোধ্যম্‌। উপাকর্ম্মণি প্রোষ্ঠপদ্যাং কর্ত্তব্যে কাণ্ডিকাধ্যয়নারম্ভে। উৎসর্গে

বচনটি দেখ,—"স্বামীর বার্ষিক শ্রাদ্ধের দিন উপস্থিত হইলে, অপুত্রা রমণী যদি রজস্বলা হয়, তাহা হইলে, পাঁচদিনের দিন ঐ শ্রাদ্ধ করিবে।" সুতরাং ইহা দ্বারা যে রজস্বলাবস্থায় পূরকপিণ্ড দান করিতে পারিবে, এরূপ কিছু বুঝাইতেছে না। প্রত্যুত রজস্বলাবস্থাতেও যে পূরকপিণ্ড দান করা যাইতে পারে বলিয়াই ছন্দোগপরিশিষ্টে—"অশুচি ব্যক্তি কর্ত্তৃক কাঁচা মৃত্তিকার পাত্র প্রভৃতি দ্বারা প্রদত্ত অশুচি দ্রব্য অনির্গত দশাহ (যাহাদের মৃত্যুর পর দশদিন অতীত হয় নাই) এইরূপ প্রেতগণ রাক্ষসরূপে ভোজন করিয়া থাকে।" এই বচনদ্বারা অশুচি ব্যক্তি কর্ত্তৃক প্রদত্ত, এইরূপ সামান্যাকারে অশুচি ব্যক্তি মাত্রকেই পিণ্ডদানের অধিকারী বলায়, রজস্বলাও যে প্রেতপিণ্ডদানের অধিকারী, তাহা বলা হইয়াছে। এবং অশুচি দ্রব্য দানের কথা বলায় স্থির হইতেছে যে, রজস্বলত্ব প্রযুক্ত দূষিত নদীর জলও প্রেতের উদ্দেশে দান করা যাইতে পারে। এ সম্বন্ধে প্রমাণ যথা—"উপাকর্ম্মে, উৎসর্গে, প্রেতস্নানে (*) এবং চন্দ্র সূর্য্যের গ্রহণকালে

বচনস্থিত প্রেতস্নান এই শব্দটি দ্বারা প্রেততর্পণাদিরও উপলক্ষণ করা হইয়াছে।

অতএব রজস্বলাশুদ্ধ্যন্তরাশৌচাহঃসত্ত্বে এবাশৌচকালানু-রোধাত্তন্মধ্যেঽপি তথা পিণ্ডদানমিতি ব্যবহার ইতি। এবম্ অবাগ্দত্তায়াঃ কন্যায়া একাহেন দশানাং পিণ্ডানাং দানানু-রোধাৎ একাহাশৌচং সর্ব্বৈর্নিবন্ধৃভিঃ কল্প্যতে। তথাচ ঋষ্যশৃঙ্গঃ,—

"অপুত্রস্য তু যা পুত্রী সাপি পিণ্ডপ্রদা ভবেৎ।
তস্য পিণ্ডান্ দশৈতান্ বা একাহেনৈব নির্ব্বপেৎ॥"
"দশৈতান্ বে"তি বাকারো,—
"দত্তানাঞ্চাপ্যদত্তানাং কন্যানাং কুরুতে পিতা।

কার্ত্তিক্যাং কর্ত্তব্যো তৎসমাপনে। প্রেতস্থানে ইত্যুপলক্ষণং প্রেতায়োদকদানে ইত্যপি বোধ্যম্। রজোদোষো নদ্যা ইত্যর্থঃ। যথা "যব্যদ্বয়ং শ্রাবণাদি সর্ব্বা নদ্যো রজস্বলা" ইত্যাদি যব্যো মাসঃ। অতএব রজস্বলায়া অপি পিণ্ডদানাধিকারাদেব। অত্র চ তন্মধ্যেঽপি তথা পিণ্ডদানমিত্যন্বয়ঃ। শুদ্ধ্যন্তরেতি শুদ্ধ্যন্তরম্ অশৌ-চাহঃসত্ত্বে তু রজস্বলয়া ন দেয়ং কিন্তু শুদ্ধয়া ভূত্বা দেয়মিতি বোধ্যম্। একাহাশৌচ-

জলের রজোদোষ গ্রাহ্য নহে।" এক্ষণে বক্তব্য এই যে, রজস্বলার পিণ্ডদানে অধিকার কথিত হইয়াছে বলিয়াই যে, সকল সময় রজস্বলা অবস্থাতেই পিণ্ডদান করিবে, তাহা নহে, যদি রজস্বলাবস্থার শুদ্ধির পর মৃত ব্যক্তির অশৌচ না থাকে, তবেই অশৌচকালে পিণ্ডদানের অনুরোধে রজস্বলাবস্থার মধ্যেই পিণ্ডদান করার ব্যবহার দৃষ্ট হয়। (১) এইরূপ অশৌচের মধ্যেই পিণ্ডদানের ব্যবস্থা থাকা-তেই শাস্ত্রে অবাগ্দত্তা কন্যাদিগের স্বীয় পিতার উদ্দেশে একদিনেই দশপিণ্ডদানের নিয়ম করায় সমুদয় নিবন্ধকারগণই পিতার মরণে অবাগ্দত্তা কন্যাদিগের একাহাশৌচের কল্পনা করেন। অবাগ্দত্তা কন্যা যে একাহে পিণ্ড-দান করিবে, তৎসম্বন্ধে ঋষ্যশৃঙ্গের বচন, যথা,—"অপুত্রক ব্যক্তির কন্যাই পিণ্ড-দাত্রী হইবে, ঐ কন্যা একদিনেই দশপিণ্ড প্রদান করিবে।" এই বচনে যে, 'বা' এই শব্দটী প্রযুক্ত হইয়াছে, উহা দ্বারা, "দত্তা কন্যাদিগের এবং অদত্তা কন্যাদিগের পিণ্ডাদি দান পিতা করিয়া থাকেন এবং ঐ দত্তা ও অদত্তা কন্যাগণ

১ টীকাকার কাশীরাম ইহার উপর—"যদি রজস্বলাবস্থা শুদ্ধি হইবার পর অশৌচকাল পাওয়া যায়, তবে আর রজস্বলাবস্থায় পিণ্ডদান করিবে না।" এইরূপ বিধান করিয়াছেন।

চতুর্থেঽহনি তাস্তেষাং কুর্ব্বীরন্ সুসমাহিতাঃ।" ইত্যাদি-পুরাণোক্তত্রিরাত্রাপেক্ষয়া ব্যবস্থিতবিকল্পার্থঃ। অত্র-"অদত্তানা"-মিত্যত্র "তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা। অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ।" ইত্যনুসারেণ ঈষদর্থে নঞ্। ঋষ্যশৃঙ্গবচনানুরোধাত্তেন বাগ্দত্তেতি অবগম্যতে।

যত্নক্ষতেরিতি যত্নগত্যা ক্ষতির্নাস্তীতি ভাবঃ। যত্নক্ষতেঃ প্রত্যবায়স্যেতি কেচিৎ। দেবব্রতেতি প্রাচ্য মতে পাঠঃ ; বেদাধ্যয়নঞ্চ ব্রতঞ্চ বৃষোৎসর্গাদি চ নিষিদ্ধম্। স্মার্ত্তমতে তু দেবব্রতেতি পাঠঃ ; এতদস্য সারেণ ব্যাখ্যাস্যতে। অত্র তু, মলমাসে তু অস্য কর্ত্তব্যত্ব-

---

কাম্য হইলেও যখন অশৌচান্ত দ্বিতীয়দিনে বিহিত হইয়াছে এবং সেই অশৌচান্ত দ্বিতীয় দিন কিছু, যখন-তখন পাওয়া যায় না, কেবল একবারমাত্রই ইহার লাভ হইয়া থাকে ; কাজেই অশৌচান্তদ্বিতীয়দিনবিহিত কর্ম্ম সেই দিনই কর্ত্তব্য। সেই দিন ভিন্ন অন্যদিনে তদ্দিনবিহিত কর্ম্ম সকলের অনুষ্ঠানের অপ্রাপ্তিনিবন্ধন ঐ কর্ম্মগুলিকে নিরবকাশ কর্ম্ম বলিতে হইবে। অতএব অশৌচান্ত দিন ভিন্ন অপর সময় ঐ সকল কর্ম্ম করিবার অবসরাভাবহেতু মলমাসেও অশৌচান্ত দ্বিতীয় দিন পড়িলে, তাহাতেই ঐগুলি অবশ্য কর্ত্তব্য, একথাও বলিতে পার না, অর্থাৎ ঐ সকল কর্ম্ম নিরবকাশ বলিয়াই যে, মলমাসে কর্ত্তব্য, এমন কথাও বলিতে পার না। দেখ, ক্ষতাদি নিবন্ধন অশৌচান্ত দ্বিতীয়দিনকর্ত্তব্য কর্ম্মে অনধিকারহেতু যেমন ঐ সকল কর্ম্ম না করিলেও কোন প্রত্যবায় হয় না, মলমাসস্থলেও সেইরূপ মলমাসজন্য অনধিকারহেতু ঐ সকল কর্ম্ম না করিলে দোষ হইবে কেন? অর্থাৎ অশৌচান্ত দ্বিতীয়দিনে যদি কাহারও কোন প্রকার ক্ষতাশৌচ হয়, তবে সেই ক্ষতাশৌচজন্য অনধিকারহেতু সে ব্যক্তি ঐ দিনে ত আর বৃষোৎসর্গ করিতে পারিবে না, এবং না করিলেও কোন প্রত্যবায়ভাগীও হইবে না ; সেইরূপ মলমাসনিমিত্তক অনধিকারহেতু যদি কেহ বৃষোৎসর্গাদি মলমাসে পতিত অশৌচান্ত দ্বিতীয়দিনে না করিতে পারে, তবে তাহার দোষ হইবে কেন? কেবল উপরিউক্ত যুক্তিপ্রভাবে মলমাসে বৃষোৎসর্গাদি কার্য্যের নিষেধ করা হইতেছে না, এ বিষয়ে শাস্ত্রপ্রমাণও দেওয়া—

নববাৰ্ষিকং কুৰ্য্যান্ন সাবকাশং মাঙ্গল্যং, ন তু বিশেষেজ্যামি”তি ভীমপরাক্রমবচনেঽপি সাবকাশস্তে নিষেধাৎ, পর্য্যুদাসাস্বা

মাসাতীতি পরেণান্বয়ঃ। সাবকাশং সম্ভবতুল্যকালান্তরম্, বৃষোৎসর্গস্ত মুখ্যকালো-ঽশৌচান্তাদ্দ্বিতীয়দিনং, ত্রিপক্ষাদিস্ত গৌণকালঃ। মাঙ্গল্যং কাম্যম্। বিশেষেজ্যাং

“দেবব্রত (দেবতাবিশেষের প্রীত্যর্থ) ব্রত, বৃষোৎসর্গ, চূড়াকরণ, মেখলা (উপ-নয়ন ও সমাবর্ত্তন), মাঙ্গল্য কর্ম্ম এবং রাজ্যাভিষেক, এই সকল কর্ম্ম মলমাসে ত্যাগ করিবে।” এই বচনদ্বারা মলমাসে “বৃষোৎসর্গের ত সাক্ষাৎ নিষেধ করাই হইয়াছে, এবং উহার সহিত এক সঙ্গে বিহিত শয্যাদানাদি কর্ম্মে ও শৃঙ্গগ্রাহিকতারূপ যুক্তি অনুসারে মলমাসে আপনা হইতেই নিষেধ আসিতেছে। ইহার তাৎপর্য্য এই—যেমন গোরু প্রভৃতি শৃঙ্গী জন্তুর কোন-মতে শিংটা ধরিয়া রাখিতে পারিলেই অপর অঙ্গ সকল আপনা-আপনি আয়ত্ত হয়, যেমন কাণ টানিলে মাথা আইসে, সেইরূপ এস্থলে বৃষোৎসর্গ ও শয্যা-দানাদি কর্ম্ম এক বচনেই বিহিত হইয়াছে, উহাদের মধ্যে প্রধান কর্ম্ম বৃষোৎসর্গের মলমাসে নিষেধ করায়, শয্যাদানাদিরও আপনা হইতেই নিষেধ হইয়া পড়িতেছে।” কোন কোন পণ্ডিত যে, এই কথা বলিয়াছিলেন, “তচ্চিন্ত্যং” (১) এই মত চিন্তনীয়, অর্থাৎ স্বীকার্য্য নহে। এই বলিয়া দোষারোপ করিতেছেন,—তুমি ক্ষতাশৌচের দৃষ্টান্ত দেখাইলে, তাহা এস্থলে খাটে না। দেখ, ক্ষতাদি জন্য অশৌচ কর্ম্মমাত্রেরই প্রতিবন্ধকরূপেই উক্ত হইয়াছে, অর্থাৎ উহাতে কর্ম্মের নিষেধ করাই হইয়াছে, কিন্তু ‘অমুক অমুক কর্ম্ম ক্ষতাদি জন্য অশৌচে করিতে পারিবে’ বলিয়া ত আর ঐ নিষেধের কোনরূপ প্রতিপ্রসব করা হয় নাই, কাজেই ক্ষতাদি জন্য অশৌচে অন্যান্য নিরবকাশ নিত্যকর্ম্মের মত, বৃষোৎসর্গাদির অনুষ্ঠানেরও বাধ হৌক্ না কেন, কিন্তু এই মলমাসে পতিত অশৌচান্ত দ্বিতীয় দিনে কর্ত্তব্য “বৃষোৎসর্গাদি সম্বন্ধে সে কথা খাটে না, কেননা “মলমাসে বিবাহ, যাত্রা, চূড়া এবং উপনয়নাদি

---

(১) এস্থলে পণ্ডিতপ্রবর এবং এক্ষণে কলিকাতায় প্রধান স্মার্ত্তরূপে অভিজ্ঞ শ্রীযুক্ত চণ্ডীচরণ স্মৃতিভূষণ মহাশয় কর্ত্তৃক প্রকাশিত শুদ্ধিতত্ত্বের পুস্তকে কাশীরামের টীকা যে ভাবে উদ্ধৃত হইয়াছে, তাহার একটু আলোচনা না করিয়া, আমরা থাকিতে পারিলাম না। কিন্তু ঐ আলোচনার পূর্ব্বে একটী কথা বলা উচিত যে, “কেচিত্তু”

নিরবকাশকর্ত্তব্যত্বমায়াতি। অত্রাপি অশৌচান্তদ্বিতীয়দিনস্থান্যত্র অনুপলভ্যমানত্বেন নিরবকাশত্বমিতি ॥ ১১৭ ॥

তত্তন্মাসবিশেষপুরস্কারেণ বিহিতং যজ্ঞম্। পর্য্যুদাস ইতি সাবকাশেতরং কাম্যং কুর্য্যাদিত্যর্থঃ। নিরবকাশত্বম্ অসম্ভবতুল্যকালান্তরত্বম্ ॥ ১১৭

সাবকাশ (মলমাস ভিন্ন অপর সময়ে যাহা করা যাইতে পারে) মাঙ্গল্য কর্ম্ম এবং বিশেষযজ্ঞ (মাসবিশেষে কর্ত্তব্য বলিয়া বিহিত যজ্ঞবিশেষ), ইহাদের অনুষ্ঠান করিবে না।" এই ভীমপরাক্রমের বচনেও "ন কুর্য্যাৎ" করিবে না) ইহা দ্বারা সাবকাশ কর্ম্মমাত্রের মলমাসে নিষেধ করাতেই হৌক্ অর্থাৎ সাবকাশ কর্ম্ম মাত্রের মলমাসে অনুষ্ঠান করিবে না এইরূপে সাবকাশের মাত্র নিষেধ করাতেই হৌক্ অথবা সাবকাশ কর্ম্মের পর্য্যুদাস করাতেই হৌক, অর্থাৎ সাবকাশ কর্ম্ম করিবে না, কিন্তু নিরবকাশ কর্ম্ম করিবে, এইরূপ পর্য্যুদাস করাতেই হৌক, নিরবকাশ কর্ম্ম যে, মলমাসেও কর্ত্তব্য, ইহা স্পষ্টই বুঝাইতেছে। ইহার তাৎপর্য্য এই যে, উপরি উক্ত ভীমপরাক্রমের বচনে যে "ন কুর্য্যাৎ" (করিবে না), এই নিষেধসূচক যে নঞ্ আছে, ইহাকে যদি তুমি নিষেধ অর্থাৎ প্রসজ্যপ্রতিষেধ বল তাহ'লে উহা দ্বারা সাবকাশ কর্ম্মমাত্রই করিবে না, এইমাত্র বুঝাইতেছে, তাহাতে নিরবকাশ কর্ম্মের

হইতে আরম্ভ করিয়া "ইত্যাহুঃ" পর্য্যন্ত "কেচিত্তু"র কথা হইলেও স্মৃতিভূষণ মহাশয়, "বস্তুক্ষতেরভাবাৎ" এই স্থলে মূলের একটা প্যারার শেষ করিয়া পাঠকের মনে একটা ভ্রম জন্মাইয়াছেন, কারণ এরূপ প্যারা শেষ দেখিয়া অনেকে মনে করিতে পারেন যে, এইখানেই বুঝি "কেচিত্তু"র কথা শেষ হইয়াছে; তবে তিনি নাকি অনেক স্থলেই অযোগ্যরূপে প্যারা ভাগ করিয়াছেন, দেখিয়া এস্থলেও বুদ্ধিমান্ পাঠকের মনে সেরূপ ভ্রম না জন্মাইতেও পারে। ফল পাঠকগণের ভ্রমে বিশেষ ক্ষতিবৃদ্ধি নাই, তবে সুপ্রসিদ্ধ টীকাকার কাশীরামও যে এস্থলে ভ্রমে পড়িয়াছেন, ইহাই অত্যাশ্চর্য্যের বিষয়, তিনি বলিতেছেন "অত্র কেচিত্তু ইত্যাদিগ্রন্থঃ পাশ্চাত্যনির্ণয়ামৃতীয়ঃ" এই কথাটি স্মার্ত্তের টীকাকারের পক্ষে বড়ই অসঙ্গত বলিয়াই প্রতীত হইতেছে দেখ, স্মার্ত্ত—"মলমাসে বৃষোৎসর্গনিষেধস্তু কাম্য এবং ন তু একাদশাহক্রিয়মাণ ইতি পাশ্চাত্যানি র্ণয়ামৃতেঽপি" এইরূপে পাশ্চাত্যনির্ণয়ামৃতের মত শেষ করিয়া, "কেচিত্তু—ইত্যাহুঃ" এইরূপ লিখিয়াছেন, এবং ইহার পরেই বলিতেছেন "তচ্চিন্ত্যম্" স্মার্ত্তের এইরূপ যথাক্রমে লেখা দেখিয়া স্পষ্টই বোধ হইতেছে যে, একাদশাহে ক্রিয়মাণ বৃষোৎসর্গ মলমাসেও করিতে পারিবে, পাশ্চাত্য-নির্ণয়ামৃত হইতে এইটুকু স্বমতের পোষক যুক্তি দেখাইয়া, 'কেচিৎ" ইত্যাদি অংশ দ্বারা বিরুদ্ধ মতের অবতারণাপূর্ব্বক "তচ্চিন্ত্যম্" বলিয়া তাহার খণ্ডন করিয়াছেন।

"সদ্যঃশৌচেঽপি তদ্দিনে শয্যাদানাদিক"মিতি ভ্রমো দূরী-কার্য্যঃ, অশৌচান্তদ্বিতীয়দিনবত্বেনৈব তস্য বিধানাৎ। বস্তুতো বিষ্ণুক্তযাবদশৌচপিণ্ডদানানুরোধেন,

স্নানাপনেয়াশৌচমেব সদ্যঃশৌচম্। এবং সদ্যঃশৌচে শয্যাদানাদিকং তদ্দিনে কর্ত্তব্যমিতি বাচস্পতিমিশ্রমতং, তদ্ দূরয়তি সদ্যঃশৌচেঽপীত্যাদিনা। তস্য শয্যাদানাদেঃ।

অনুষ্ঠান মলমাসে না হইবে কেন? আর যদি ঐ নঞ্‌কে পর্য্যুদাস বল, তাহলেও উহা দ্বারা সাবকাশ ভিন্ন কর্ম্মের অর্থাৎ নিরবকাশ কর্ম্মের অনুষ্ঠান করিবে, এইরূপ অর্থই বুঝাইতেছে, উভয়থাই নিরবকাশ কর্ম্মের মলমাসে অনুষ্ঠানের পক্ষে ঐ বচনটি সম্পূর্ণ সাধকই হইয়াছে, বলিতে হইবে। এক্ষণে দেখ, বৃষোৎসর্গাদি কার্য্য যখন প্রেতত্বপরিহারক, তখন আদ্যাদি ষোড়শ শ্রাদ্ধের ন্যায় উহা নিত্য, অর্থাৎ অবশ্যকর্ত্তব্য, এবং অশৌচান্ত দ্বিতীয়দিনই উহার মুখ্যকাল, কেননা অশৌচান্ত দ্বিতীয়দিনে উহার অনুষ্ঠানে যেরূপ ফলের কথা বলা হইয়াছে, অপর সময়ে উহার অনুষ্ঠানে সেরূপ ফললাভ না হওয়ায়, অশৌচান্ত দ্বিতীয়দিন ভিন্ন স্থলে তথাবিধ ফললাভের উদ্দেশে বৃষোৎসর্গানুষ্ঠানের আবশ্যক নাই, সুতরাং অন্য সময়ে উহা নিরবকাশও হইয়াছে, অতএব অন্নপ্রাশনাদি নিরবকাশ কর্ম্মসকল যেমন মলমাসে করা হয়, সেইরূপ অশৌচান্ত দ্বিতীয়দিনকর্ত্তব্য বৃষোৎসর্গও মলমাসে করা যাইতে পারে॥ ১১৭

কেহ কেহ যে সদ্যঃশৌচ স্থলে সেই দিনই শয্যাদানাদি করিতে হইবে, বলিয়া ব্যবস্থা দিয়াছিলেন, তাঁহাদের সে ভ্রম দূর করা কর্ত্তব্য। কারণ, অশৌচান্ত দ্বিতীয়দিনেই শয্যাদানাদির বিধান করা হইয়াছে, অর্থাৎ যেদিন অশৌচের অন্ত হইবে, তৎপর দিনই দানাদির বিধান করায়, যে দিন অশৌচের অন্ত হইতেছে, সেইদিনই শয্যাদানাদি কিরূপে সঙ্গত হইতে পারে? বাস্তবিক বিচার করিয়া বলিতে হইলে, সদ্যঃশৌচ বলিতে যে, দাহানন্তর স্নান করিলেই অশৌচ অপগত হইবে, সকল স্থলে এরূপ বলা যায় না। দেখ, বিষ্ণু বলিয়াছেন, "যাবৎ অশৌচ পিণ্ডদান করিবে", সদ্যঃশৌচযুক্ত ব্যক্তি যেখানে পিণ্ডদানের অধিকারী, সেস্থলে তাহাকে সেই দিনই পিণ্ডদান করিতে হইবে," এই পিণ্ডদানরূপ প্রয়োজনের অনুরোধে সদ্যঃশব্দের অর্থ, তুমি যে, দাহানন্তর স্নানের

"অর্থাৎ প্রকরণাল্লিঙ্গাদৌচিত্যাদ্দেশকালতঃ ।
শব্দার্থাস্তু বিভিদ্যন্তে ন রূপাদেব কেবলাৎ ॥"

ইতি ন্যায়াৎ তত্র "সদ্যঃ"পদমহোরাত্রার্দ্ধপরং, "সদ্যঃপরুৎ-পরারীত্যাদি" সূত্রে সমানে অহনি সদ্যঃ ইতি ব্যুৎপত্তেঃ ।

অর্থাদিতি "অর্থাৎ প্রকরণাল্লিঙ্গাৎ ঔচিত্যাৎ দেশকালতঃ। শব্দার্থাস্তু বিভিদ্যন্তে ন রূপাদেব কেবলাৎ ॥" অর্থাৎ অর্থাপত্তিত ইত্যর্থঃ। তথাহত্র সদ্যঃপদস্যাহোরাত্রার্দ্ধ-বাচিত্বমন্তরেণ মুখ্যকালে পিণ্ডদানমনুপপন্নমিত্যাকারিকা অর্থাপত্তিঃ প্রকৃতে বোধ্যা। প্রকরণাদিতি যথা ভোজনাদিপ্রকরণে সৈন্ধবমানয়েত্যুক্তৌ সৈন্ধবাদিপদেন লবণাদিক-মুপস্থাপ্যতে। লিঙ্গাদিতি যথা পায়সো দেয় ইত্যাদৌ পুংলিঙ্গপায়সপদাদিনা পরমান্না-দিকমুপস্থাপ্যতে ন তু ক্ষীরবিকারাদিঃ। পরমান্নস্ত পায়স ইত্যমরঃ। ঔচিত্যাদিতি যথা ব্রাহ্মণং সুরাগারং প্রবেশয়েত্যাদৌ সুরাগারাদিপদেন দেবাগারাদিকং বোধ্যতে ন তু মদ্যাগারাদিকম্। দেশেতি যথা গঙ্গায়াং ঘোষ ইত্যাদৌ গঙ্গাদিদেশসমভিব্যাহারাৎ ঘোষাদিপদেন আভীরপল্ল্যাদিকং বোধ্যতে ন তু শব্দাদিকম্। কালত ইতি যথা বর্ষাসু হরী রৌতীত্যাদৌ বর্ষাদিকালসমভিব্যাহারাৎ হর্য্যাদিপদেন ভেকাদিকং বোধ্যতে ন তু খিঞ্চ বাদিকমিতি। বিভিদ্যন্তে বিলক্ষণা ভবন্তি। ন রূপাদিতি কেবলাৎ শব্দান্নেত্যর্থঃ। তত্র ইতি যত্র পিণ্ডাদিকমাস্ত তত্রেত্যর্থঃ। সমানে নিমিত্তোৎপত্তিসমানে। সমানং

পূর্ব্ব পর্য্যন্ত কালটুকুমাত্র করিতেছ, তাহা না হইয়া, অহোরাত্রির অর্দ্ধকাল, এইরূপই হইবে। কারণ, তুমি যেটুকু কালকে সদ্যঃশব্দের প্রতিপাদ্য বলিয়া ধরিতেছ, তন্মধ্যে পিণ্ডদান অসম্ভব, হওয়ায় মুখ্যকালে পিণ্ডদানের বাধ হইয়া পড়ে। প্রয়োজনের অনুরোধে শব্দবিশেষের যে, প্রসিদ্ধ অর্থ ছাড়া অন্যবিধ অর্থও করা যাইতে পারে, তাহা নিম্নলিখিত ন্যায় বা যুক্তিমূলক বাক্যে স্পষ্টই প্রকাশ করা হইয়াছে, যথা—"শব্দের অর্থ যে কেবল শব্দের রূপ, অর্থাৎ ব্যুৎপত্তিলভ্য আকার হইতেই সর্ব্বদা স্থির করিতে হইবে, এমন কথা নহে, কেননা অর্থ (প্রয়োজন), প্রকরণ (প্রসঙ্গ বা অবসর), লিঙ্গ (শব্দের প্রসিদ্ধ চিহ্নবিশেষ), ঔচিত্য (যোগ্যতা), দেশ এবং কাল, ইহাদের বৈশিষ্ট্যে এক শব্দের বিভিন্নরূপ অর্থ হইয়া থাকে।" যদি তাহাই হয়, তবে সদ্যঃ শৌচে পিণ্ডদানস্থলে, পিণ্ডদানের অনুরোধে সদ্যঃশব্দের অহোরাত্রির অর্দ্ধ, এইরূপ অর্থ অবশ্যই করিতে হইবে, কেবল উক্ত ন্যায়ানুরোধেই যে, সদ্যঃ-শব্দের ঐরূপ অর্থ করা হইতেছে, তাহা নহে, "সদ্যঃ পরুৎ পরারি" এই সূত্রে

"দ্বে সন্ধ্যে সদ্য ইত্যাহুস্ত্রিসন্ধ্যৈকাহিকঃ স্মৃতঃ।
দ্বাবহ্নাবেকরাত্রিশ্চ পক্ষিণীত্যভিধীয়তে॥" ইতি ভট্ট-নারায়ণধৃতবচনাৎ,—

"দ্বে সন্ধ্যে সদ্য ইত্যাহুস্ত্রিসন্ধ্যৈকাহ উচ্যতে।
দিনদ্বয়ৈকরাত্রিস্তু পক্ষিণীত্যভিধীয়তে॥"

ইতি নব্যবর্দ্ধমানধৃতবচনাচ্চ, "সদ্য একাহেনাশৌচ"মিতি মদনপারিজাতে, "সদ্যঃ একাহেন" ইতি স্মৃতিসাগরে, "একমহঃ সদ্য" ইতি শুদ্ধিপঞ্জ্যাং দর্শনাচ্চেতি। দ্বচ্চার্দ্ধং দিনমাত্রং,

সমানৈকেহ্যেষু ইত্যমরঃ। দ্বে সন্ধ্যে ইতি সন্ধ্যাদ্বয়াবচ্ছিন্নঃ কালঃ সদ্যঃ, সন্ধ্যাদ্বয়ঞ্চ প্রাতঃ-সন্ধ্যা সায়ংসন্ধ্যা চ, এবং সন্ধ্যাত্রয়াবচ্ছিন্নঃ কাল ঐকাহিকঃ, সন্ধ্যাত্রয়ঞ্চ প্রাতঃসন্ধ্যাদ্বয়ং সায়ংসন্ধ্যা চ। পক্ষভূতৌ দিবসৌ পার্শ্বয়োর্যস্য ইতি পক্ষিণী রাত্রিরিতি সরলা। "রাত্রাবেব সমুৎপন্নে মৃতে রজসি সূতকে। পূর্ব্বমেব দিনং গ্রাহ্যং যাবন্নৈবোদিতো রবিরি"তি। মৃতে মরণে। সদ্য একাহেন ইতি অহোরাত্রার্দ্ধেনেত্যর্থঃ। এতচ্চ একাহশ্চ। সৌরেতি দিনমরণে সৌরং তেজঃ রাত্রৌ মরণে চ শাক্রং তেজো গ্রাহ্যম্। তাবৎকালেতি মনুঃ

"সমানে অহনি" সমান (এক) এবং অহ (দিন) এই দুইটি শব্দের যোগে 'সদ্যঃ' এই পদটীকে নিপাতনে সিদ্ধ করা হইয়াছে। সদ্যঃশব্দের অহোরাত্রির অর্দ্ধরূপ অর্থ করিবার পক্ষে আরও কতকগুলি প্রমাণ দেখ,—"দুইটি সন্ধ্যা প্রাতঃ এবং সায়ং' দ্বারা অবচ্ছিন্ন কালকে 'সদ্যঃ' বলে, তিনটি সন্ধ্যা (দুই দিনের প্রাতঃসন্ধ্যা ও তন্মধ্যবর্ত্তী সায়ংসন্ধ্যা) দ্বারা অবচ্ছিন্ন কালের নাম "একাহিক" এবং দুইটি দিবাভাগ ও তন্মধ্যবর্ত্তী রাত্রি মিলিত হইয়া পক্ষিণী হয়।" ভট্টনারায়ণ কর্ত্তৃক উদ্ধৃত এই একটি বচন, এবং "দুইসন্ধ্যাবচ্ছিন্ন কাল সদ্যঃ, ত্রিসন্ধ্যাবচ্ছিন্ন কাল একাহ এবং মধ্যবর্ত্তী রাত্রির সহিত মিলিত দিনদ্বয় পক্ষিণী।" নব্য বর্দ্ধমান কর্ত্তৃক উদ্ধৃত ঐরূপ আর একটি বচন, তথা "সদ্যঃ একাহাশৌচ" এই মদনপারিজাতের বাক্য, "সদ্যঃএকাহ" এই স্মৃতিসাগরের উক্তি, এবং "এক অহের নাম সদ্যঃ" এই শুদ্ধিপঞ্জীর উক্তি, এই সকল দেখিয়া শুনিয়া পিতামাদিতে অধিকারীর পক্ষে 'সদ্যঃ' শব্দের অর্থ অহোরাত্রি স্বরূপ দিবসের অর্দ্ধ কাল এইরূপ করা হইল। এই যে 'সদ্যঃ' শব্দের অহোরাত্রিস্বরূপ দিবসের অর্দ্ধকাল অর্থ করা হইল, ইহাদ্বারা অহোরাত্রের কোন একটা নির্দ্ধারিত

রাত্রিমাত্রঞ্চ। এতদেব ক্বচিৎ সজ্যোতিঃপদেন ব্যপদিশ্যতে, যথা "রাজনি প্রেতে সজ্যোতি"রিত্যাদৌ, জ্যোতিষা সহ বর্ত্ততে যদশৌচং, তত্তথা। জ্যোতিরপি সৌরনাক্ষত্রভেদাৎ দ্বিবিধম্। তেন যাবদেকতরস্য তেজসো নিবৃত্তিস্তাবৎকালব্যাপকমিতি। অতএব দিবামৃতে দিনমাত্রং, রাত্রৌ মৃতে রাত্রিমাত্রমিতি হারলতারত্নাকরাদয়ঃ। এবঞ্চ,—

"যস্য যস্য তু বর্ণস্য যদ্যৎ স্যাৎ পশ্চিমং দহঃ।
স তত্র বস্ত্রশুদ্ধিঞ্চ গৃহশুদ্ধিং করোত্যপি॥"

ইত্যাদি প্রাগুক্তাদিপুরাণীয়াশৌচান্তদিনকৃত্যং শুদ্ধি-

দিবামরণে রাত্রৌ কথমশৌচনিবৃত্তিঃ স্নানস্বস্তিবাচনাদিরূপকারণান্তরবিরহাদিতি চেন্ন, তদ্দিবসীয়রাত্রৌ স্নানস্বস্তিবাচনাদেঃ কর্ত্তব্যত্বাদিতি গুরবঃ। অতএব তাবৎকাল-ব্যাপকত্বাদেব। এবঞ্চ দিবা দিনমাত্রমিত্যাদেঃ পর্য্যবসিতার্থত্বে চ। পশ্চিমমশৌচান্তিমম্।

অর্দ্ধকে ধরা হইবে না, কখন দিবাভাগমাত্র, কখন বা রাত্রিভাগমাত্রকে ধরিতে হইবে। এই কালকে কোন কোন ধর্ম্মশাস্ত্রে 'সজ্যোতিঃ' বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে, যেমন "রাজার মৃত্যুতে" সজ্যোতিঃ অশৌচ হইবে, ইত্যাদি বচনে 'সজ্যোতিঃ' বলিয়া যে কালের নির্দ্দেশ করা হইয়াছে, তাহা 'সদ্যঃ' ভিন্ন আর কিছুই নহে, সজ্যোতিঃ শব্দের অর্থ, তৎকালে বর্ত্তমান জ্যোতির্ম্ময় পদার্থের সহিত যে অশৌচ বর্ত্তমান থাকে। এই জ্যোতির্ম্ময় পদার্থও সূর্য্য এবং নক্ষত্র ভেদে দ্বিবিধ। সুতরাং 'সজ্যোতি' অশৌচও যাবৎকাল সূর্য্য এবং নক্ষত্র, এই উভয় তেজের মধ্যে একতর তেজের অদর্শন না হয়, তাবৎকাল ব্যাপক হওয়ায়, কখনও দিবাভাগমাত্র ব্যাপক, কখনও রাত্রিকালমাত্র ব্যাপক, এইরূপে দ্বিবিধ। এই জন্যই হারলতা ও রত্নাকর প্রভৃতি গ্রন্থে দিবামৃত ব্যক্তির সজ্যোতিঃ অশৌচ দিবামাত্র, এবং রাত্রে মৃত ব্যক্তির সজ্যোতিঃ অশৌচ রাত্রি মাত্র, এইরূপ করা হইয়াছে। আরও দেখ, "যে যে বর্ণের অশৌচের যে যে দিন শেষ হইবে, সে সেই সেই দিনেই বস্ত্রশুদ্ধি এবং গৃহশুদ্ধি করিবে।" পূর্ব্বোল্লিখিত আদিপুরাণের এই বচনে অশৌচের শেষ দিনে শুদ্ধির হেতু বস্ত্রশুদ্ধি প্রভৃতি যাহা বিহিত হইয়াছে, সদ্যঃশৌচ স্থলে সেই দিনকেই (যে দিন অশৌচ হইবে, সেই দিনকেই) অশৌচের শেষ দিন বিবেচনা করিয়া,

হেতুকং সদ্যঃশৌচেঽপি তদ্দিনস্য তথাত্ববিবক্ষয়া ক্রিয়তে। তথা "অশৌচাহঃস্বতীতেষু" ইত্য"শৌচান্তাৎ দ্বিতীয়েঽহ্নী"তি "ধোভূতে একোদ্দিষ্ট"মিত্যাদি চ সঙ্গচ্ছতে। অন্যথা তু তত্তৎকর্ম্ম তত্র ন স্যাৎ। এবঞ্চ আদ্যশ্রাদ্ধবিধায়কবিষ্ণুক্তা-"শৌচব্যপগম" ইতি সূত্রং, ধ্বংসানন্তত্বেঽপ্যশৌচান্তদ্বিতীয়-দিনমাত্রপরম্। তেন "সদ্যঃশৌচং তথৈকাহ" ইতি দক্ষবচনে

তদ্দিনস্য নিমিত্তোৎপত্তিদিনস্য। তথাত্ববিবক্ষয়া চরমত্ববিবক্ষয়া। তথাচ সদ্যঃশৌচ-স্থলে তদ্দিনস্য প্রথমদিনত্বেঽপি আদ্যন্তবদেকস্মিন্নিতি ন্যায়েন চরমদিনত্ববিবক্ষয়া ন দোষ ইতি ভাবঃ। তথেতি তেন প্রকারেণ তদ্দিনস্য চরমদিনত্ববিবক্ষণেন, অশৌচান্তত্বেনেতি যাবৎ। অন্যথা তদ্দিনস্য চরমত্বাবিবক্ষায়াম্। তত্রেতি সদ্যঃশৌচস্থলে ইত্যর্থঃ। অশৌচব্যপগমে অশৌচনাশে। ধ্বংসানন্তত্বেঽপি ইতি ধ্বংসস্য নাশাপ্রতিযোগিত্বে-

উহাতেই বস্ত্রশুদ্ধি প্রভৃতি কার্য্য করা হইয়া থাকে এবং ঐ দিনইকেই অশৌচের শেষ দিন বিবেচনা করিয়া তৎপরদিনে শ্রাদ্ধাদি করিলেই "অশৌচের দিন সকল অতীত হইবার পর," "অশৌচান্তের পরবর্ত্তী দিনে" এবং "অশৌচ অতীত হইবার পরদিন একোদ্দিষ্ট করিবে" ইত্যাদি বচনে সাধারণতঃ অশৌচ শেষ হইবার পরদিনে যে শ্রাদ্ধাদি বিহিত হইয়াছে, উহাও সঙ্গত হইল। যদি ঐ দিনকেই অশৌচের শেষ দিন বলিয়া না ধরা হয়, তাহ'লে সদ্যঃশৌচ স্থলে, "অশৌচান্ত দ্বিতীয় দিনের অভাবে, সেই অশৌচান্ত দ্বিতীয়দিনবিহিত কর্ম্ম সকলের অনুষ্ঠান কিরূপে করা হইবে? কারণ যেদিন অশৌচ শেষ হইবে সেই দিন কিছু আর তৎপরদিন হইতে পারে না। এইরূপ মীমাংসা স্থির হওয়াতেই, অর্থাৎ যে দিন অশৌচের শেষ হইবে, তৎপরদিনই শ্রাদ্ধাদি কর্ত্তব্য বলিয়া স্থির হওয়াতেই, বিষ্ণু কর্ত্তৃক "অশৌচের ধ্বংস হইলে শ্রাদ্ধ করিবে" এইরূপ যে শ্রাদ্ধবিধায়ক সূত্র উক্ত হইয়াছে, ঐ সূত্রস্থিত "ধ্বংস" পদার্থটি অনন্ত হইলেও উহা দ্বারা অশৌচান্ত দ্বিতীয়দিনেরই গ্রহণ করিতে হইবে। ইহার তাৎপর্য্য এই যে, কোন পদার্থের একবার ধ্বংস হইলে, ঐ ধ্বংস পদার্থটি অনন্ত, অর্থাৎ তৎপরবর্ত্তী যাবৎ কাল স্থায়ী হয়, সুতরাং অশৌচের ধ্বংস অশৌচান্ত দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম দিন প্রভৃতি অনন্তকাল অবধি বর্ত্তমান, এরূপ স্থলে, কেবলমাত্র "অশৌচের ধ্বংস হইলে শ্রাদ্ধ করিবে" এইরূপ

পৌনরুক্ত্যভিয়া, "সদ্যঃশৌচং স্নানাপনেয়াশৌচমাত্রপর"মিতি ব্যাখ্যানং হেয়ম্। একাহপদস্য অহোরাত্রপরত্বেন ত্রিসন্ধ্যাবচ্ছিন্নকালবাচিসদ্যঃপদাদপি ভিন্নার্থত্বাৎ। যত্র তু পিণ্ডদানাদিকং নাস্তি, তত্র সদ্যঃপদং তৎক্ষণমাত্রবাচি। "সদ্যঃ সপদি তৎক্ষণে" ইত্যমরকোষাৎ। যথা,—

"বালস্ত্বন্তর্দ্দশাহে তু প্রেতত্বং যদি গচ্ছতি।
সদ্য এব বিশুদ্ধিঃ স্যান্নাশৌচং নৈব সূতকম্॥" ইতি।

হপীত্যর্থঃ। তথাচাশৌচধ্বংসস্য দ্বাদশাহাদিদিনে সত্ত্বেঽপি ন তদ্গ্রহণং বচনান্তরৈকবাক্যতাদিতি ভাবঃ। এবঞ্চ সদ্যঃপদস্য স্থলবিশেষে অহোরাত্রার্দ্ধপরত্বে চ। পৌনরুক্ত্যেতি সমানেঽহনি সদ্য ইত্যনুশাসনাৎ সদ্যঃপদস্য একাহবাচিত্বমতঃ পৌনরুক্ত্যমিত্যাশয়ঃ। সমানঃ সৎসমৈকেষ্বু ইত্যমরঃ। সদ্যঃশৌচপদাদপীতি তথাচ সদ্যঃপদস্য একাহবাচি-

---

বিধান দ্বারা কোন্ দিন শ্রাদ্ধ করিবে, তাহার একটা ব্যবস্থা স্থিরই হইতে পারে না; এই অস্থিরতা হেতুই বিষ্ণুর "অশৌচ ধ্বংস হইলে" এই কথার অর্থ অশৌচান্ত দ্বিতীয় দিন, এইরূপই করিতে হইবে। উপরে যেরূপ বিচার করা হইল, তাহাতে "সদ্যঃশৌচ" ইত্যাদি দক্ষের বচনস্থিত "সদ্যঃশৌচ" এই কথাটির সহিত "একাহাশৌচ" এই কথাটির পুনরুক্তি নিবারণার্থ, কেহ যে, 'সদ্যঃশৌচ' শব্দের স্নানাপনেয় অশৌচ মাত্ররূপ ব্যাখ্যা করিয়াছিলেন, তাহাও হেয় বলিয়া প্রতিপন্ন হইল। কারণ 'একাহ' শব্দের অর্থ অহোরাত্রব্যাপিকাল, কাজেই সন্ধ্যাত্রয়াবচ্ছিন্ন কালমাত্রবাচক 'সদ্যঃ' শব্দের সহিত উহার (একাহ শব্দের) অর্থভেদ ত স্বতঃসিদ্ধ, কাজেকাজেই পুনরুক্তির আশঙ্কা নাই। আমি যে উপরে 'সদ্যঃ' শব্দের অহোরাত্রির অর্দ্ধরূপ অর্থ করিলাম, উহা কেবল যে যে স্থলে পিণ্ডদানাদি প্রসঙ্গ আছে, সেইরূপ স্থলেই গ্রহণ করিতে হইবে, কিন্তু যে যে স্থলে পিণ্ডদানাদির কোনরূপ প্রসক্তি নাই, তাদৃশ স্থলে "সদ্যঃ" শব্দটি সপদি এবং তৎক্ষণে বর্ত্তমান" এই অমরকোষের প্রমাণানুসারে উহার তৎক্ষণরূপ অর্থেরই গ্রহণ করিতে হইবে। যেমন—"যদি কোন বালক নিজ জন্মের দশাহের মধ্যেই মৃত্যু প্রাপ্ত হয়, তাহলে সদ্যই বিশুদ্ধি হইবে, উহার, মরণাশৌচ হইবে না, জননাশৌচও থাকিবে না।" ইত্যাদি স্থলে "সদ্যঃশৌচ" শব্দের অর্থ—

তস্মাদ্‌যত্র রাত্রৌ দিবা বা সদ্যঃশৌচমুৎপন্নং তত্রাপি পরদিনে বৃষোৎসর্গাদিকমবিরুদ্ধম্॥ ১১৮॥

যদপ্যভিহিতং "বিহিতশুদ্ধিপ্রথমদিনং শয্যাদিদানাদৌ নিমিত্তং," তদপি প্রমাণশূন্যম্। দিবাপি যত্র পিণ্ডদানাদিনা

যেহপি সদ্যঃশৌচপদস্য দিনস্যাবচ্ছিন্নকালবাচিত্বমিতি ভাবঃ। নাশৌচমিতি অত্রাশৌচাভাবেহপি স্নানং ব্যাবহারিকম্॥ ১১৮॥

যদপীতি। অভিহিতমিতি বাচস্পতিমিশ্রৈরিত্যর্থঃ। বিহিতেতি যত্র রাত্র্যাদৌ সদ্যঃশৌচমুৎপন্নং তত্র শুদ্ধিবসবারণায় বিহিতেতি, অত্র তু সদ্যঃশৌচদিনাৎ পরদিনমেব বিহিতং রাত্র্যাদৌ শ্রাদ্ধপর্য্যুদাসাৎ তত্র তৃতীয়াদিদিনব্যাবৃত্তয়ে প্রথমেতি বিহিতশুদ্ধিপ্রথমদিনত্বেন নিমিত্ততা, বিহিতশুদ্ধিপ্রথমদিনঞ্চ কচিৎ সদ্যঃশৌচদিনং কচিত্তু তৎপরদিনম্। দিবাপীতি যত্র দিবৈব পূর্ব্বাহ্লাদৌ মৃতস্তত্র তদ্দিনমেব বিহিতশুদ্ধিপ্রথমদিন-

---

"তৎক্ষণাৎ শুদ্ধি" এইরূপই বুঝিতে হইবে। অতএব এই সদ্যঃশৌচ দিবাভাগেই হউক, অথবা রাত্রিভাগেই উৎপন্ন হউক, তৎপরদিন বৃষোৎসর্গাদি করাই শাস্ত্রসম্মত, তাহাতে কোনরূপ বিরোধ নাই। ১১৮।

সদ্যঃশৌচস্থলে, অশৌচান্ত দিনে অথবা তৎপরদিনে দানাদি করিবে? এইরূপ আশঙ্কার উত্তরে বাচস্পতি মিশ্র যে বলিয়াছিলেন, ঐ উভয় দিনের মধ্যে শাস্ত্রে দানাদির নিমিত্ত বিহিত কালবিশিষ্ট হইয়া যে দিনটী প্রথমেই অশৌচ শূন্যরূপে উপস্থিত হইবে, সেই দিনই শয্যাদি দানের নিমিত্ত (কারণীভূত), অর্থাৎ সেই দিনেই শয্যাদি দান কর্ত্তব্য, তাহাও প্রমাণশূন্য। প্রমাণশূন্য কেন? এ সম্বন্ধে স্মার্ত্তের কথাগুলি জ্ঞাপন করিবার পূর্ব্বে আমরা বাচস্পতিমিশ্রের মতটিকেও একটু বিশদ করিয়া বুঝাইতেছি, পূর্ব্বে বাচস্পতি মিশ্র বলিয়াছিলেন, "সদ্যঃশৌচস্থলে সেই দিনই শয্যাদান কর্ত্তব্য" তাহাতে কেহ আপত্তি করিয়াছিল, সদ্যঃশৌচস্থলে সেই দিনই শয্যাদি দানের ব্যবস্থা সর্ব্বত্র খাটিতে পারে না, কারণ যেস্থলে রাত্রিকালে মৃত্যুনিবন্ধন সদ্যঃশৌচ ঘটিয়াছে, সে স্থলে রাত্রিকালে শ্রাদ্ধাদির পর্য্যুদাস (নিষেধ) থাকায়, তৎপরদিন শ্রাদ্ধাদির ব্যবস্থা না করিলে, ক্রিয়ালোপের আপত্তি হয়, ঐ আপত্তির উপর তিনি আবার বলিয়াছিলেন, আমি যে তদ্দিনে শয্যাদি দানের কথা বলিয়াছি, তাহার তাৎপর্য্য—দানাদিতে বিহিত কালবিশিষ্ট ও শুদ্ধিযুক্ত প্রথম দিন অর্থাৎ যে দিন দানের পক্ষে বিহিতকালবিশিষ্ট এবং অশৌচাভাবযুক্ত হইয়া প্রথমেই

মধ্যাহ্নোঽতিক্রান্তস্তত্র শয্যাদানাদ্যেকোদ্দিষ্টান্তানাং সর্ব্বেষাং করণাসামর্থ্যে কানিচিৎ পূর্ব্বদিনে, কানিচিৎ পরদিনে, সর্ব্বাণি বা পরদিনে কার্য্যাণীত্যত্র উক্তবিবক্ষয়াপি ন গতিঃ। অতএব "অশৌচান্তাৎ দ্বিতীয়েঽহ্নী"তি সর্ব্বৈরেব প্রামাণিকৈঃ

মিতি ভাবঃ। উক্তবিবক্ষয়াপি বিহিতশুদ্ধিপ্রথমদিনত্বেন নিমিত্তবিবক্ষয়াপি। তত্র

উপস্থিত হইবে, সেই দিন; তাহ'লে আর কোন আপত্তি উঠিতে পারে না। দেখ, রাত্রিমৃত্যুস্থলে তৎপরদিনই দানাদির পক্ষে বিহিতকাল এবং অশৌচাভাব বিশিষ্টরূপে প্রথমেই উপস্থিত হইয়া থাকে, সুতরাং সে স্থলে তৎপরদিনই শয্যাদি দান করিবে, আর যে স্থলে দিবাভাগে পূর্ব্বাহ্নের মধ্যে মৃত্যু ঘটিয়াছে, সেই স্থলে মৃত্যু দিনেই দানাদির পক্ষে বিহিত পূর্ব্বাহ্নকাল এবং অশৌচের অভাবের সহিত প্রথমই উপস্থিত হওয়ায়, শয্যাদি দান সেই মৃত্যুদিনেই করিবে, ইহাতে আর কোন আপত্তি হইতে পারে না। বাচস্পতি মিশ্রের এই ব্যবস্থাকে স্মার্ত্ত বলিতেছেন, প্রমাণশূন্য, এরূপ ব্যবস্থার প্রতি কোন প্রমাণ দৃষ্ট হয় না। তুমি যে 'তদ্দিন' শব্দের দ্বারা এইরূপ অর্থের বিবক্ষা করিতেছ যে, দানাদির নিমিত্ত বিহিতকাল এবং অশৌচাভাবের সহিত যে দিন প্রথম উপস্থিত হইবে সেই দিনই; ইহাতেও আপত্তি আছে, দেখ, যেস্থলে পূর্ব্বাহ্নের মধ্যে মৃত্যু হইয়াছে, সেই স্থলে তদ্দিন শব্দের দ্বারা সেই মৃত্যুর দিনেরই লাভ করিতে হইবে, আর যেস্থলে মৃত্যু ঘটিয়াছে, সে স্থলে তদ্দিন শব্দের অর্থ—মৃত্যুর পর দিন। তুমি তদ্দিন শব্দের এইরূপ অর্থ বিবক্ষা করিয়া পূর্ব্বাহ্নমৃত্যুস্থলে মৃত্যুদিনেই যে, শয্যাদি দান কর্ত্তব্য বলিয়া ব্যবস্থা করিতেছ, তাহাই বা কিরূপে হইতে পারে? কারণ, পূর্ব্বাহ্নে মৃত্যু হইলেও সেই দিন পূরক পিণ্ডদানাদি কার্য্যের অনুষ্ঠানে অবশ্য 'মধ্যাহ্নকাল' অতীত হইবে, তদনন্তর সেই দিনই বিহিত কালের মধ্যে শয্যাদান হইতে একোদ্দিষ্টান্ত যাবৎ ক্রিয়ার অনুষ্ঠান অসম্ভব হওয়ায়, উহাদের মধ্যে কতকগুলি কার্য্য পূর্ব্বদিনে, এবং কতকগুলি কার্য্য পরদিনে অথবা সমুদয় কার্য্যই পরদিনেই করিতে হইবে; অতএব তদ্দিন শব্দের যেরূপ অর্থ বিবক্ষা করিতেছ, তাহাতেও ঠিক সঙ্কুলান হইতেছে না। এই হেতুই সকল প্রকার অশৌচ স্থলেই সমুদয় প্রামাণিক পদ্ধতিকারগণ নিজ নিজ পদ্ধতিতে শয্যাদানাদির সঙ্কল্পবাক্যে

পঙ্‌ক্তিক্রান্তিনিমিত্তত্বেনাভিলাপলিখিতমিতি। অথ "অশৌচান্তাৎ দ্বিতীয়েঽহ্নি" ইত্যস্য নিমিত্তত্বে কিং মানম্, ইতি চেৎ, তস্য কালত্বেন নিমিত্তত্বং,—

"নিমিত্তং কালমাদায় বৃত্তির্বিধিনিষেধয়োঃ।" ইতি কালমাধবীয়ধৃতবৃদ্ধগার্গ্যবচনম্। "আদায়ে"ত্যত্র "আশ্রিত্য" ইতি কল্পতরুতিথিবিবেকয়োঃ পাঠঃ। অনেন বচনেনকালো নিমিত্তমিত্যুক্তম্, অশৌচান্তদ্বিতীয়দিনস্যাপি কালত্বেন সুতরাং নিমিত্ততেতি। অতএব আবশ্যকত্বেন, কালস্য নিমিত্তত্বেন পর্ব্বাদিক্রিয়মাণস্য নিত্যনৈমিত্তিকত্বমাহ মার্কণ্ডেয়পুরাণম্,—

কালত্বেন বৃদ্ধগার্গ্যবচনং নিমিত্তত্বে মানমিত্যাশয়ঃ। বৃত্তিঃ অনুষ্ঠানানমুষ্ঠানরূপমনু-

---

শয্যাদানাদির নিমিত্তীভূত কালকে "অশৌচান্তাৎ দ্বিতীয়েঽহ্নি" (অশৌচ শেষ হইবার পরদিন) এইরূপে নির্দ্দেশ করিয়াছেন। যদি বল, সঙ্কল্পবাক্যে অশৌচ শেষ হইবার পরদিনকে শয্যাদি দানরূপ কার্য্যের প্রতি নিমিত্তরূপে যে, উল্লেখ করা হয়, তাহাতেই বা প্রমাণ কি? কার্য্যের প্রতি যে সকল নিমিত্ত উক্ত হইয়াছে, তাহাদের মধ্যে অশৌচের পর দিবসটী কিছু নাম করিয়া গণিত হয় নাই। এই যদি তোমার আপত্তি হয়? তবে শুন, "অশৌচ শেষ হইবার পর দিবস যখন বিশুদ্ধ কালস্বরূপ, তখন সেই বিশুদ্ধ কালরূপেই উহা শয্যাদানাদিরূপ বৈধ কর্ম্মানুষ্ঠানের প্রতি নিমিত্ত; কালমাত্রই যে বৈধ কর্ম্মানুষ্ঠানের প্রতি নিমিত্ত তৎসম্বন্ধে "নিমিত্তস্বরূপ কালকে ধরিয়াই বিধি ও নিষেধের যথাযথ প্রবৃত্তি হইয়া থাকে।" কালমাধবীয় নামক গ্রন্থে উদ্ধৃত বৃদ্ধগার্গ্যের এই বচনটীই প্রমাণ। উক্ত বচনস্থিত "আদায়" এই কথাটীর পরিবর্ত্তে কল্পতরু এবং তিথিবিবেকে "আশ্রিত্য" এইরূপ পাঠ করা হইয়াছে। এক্ষণে দেখ এই বচনে কালমাত্রকেই বৈধ কর্ম্মের অনুষ্ঠান এবং নিষিদ্ধ কর্ম্মের অননুষ্ঠানের প্রতি নিমিত্তরূপে নির্দ্দেশ করা হইয়াছে, অশৌচ শেষ হইবার পর দিবসও যখন একটি অনিষিদ্ধ কালস্বরূপ, তথাবিধ কালস্বরূপে শয্যাদি দানরূপ কার্য্যানুষ্ঠানের প্রতি তাহার নিমিত্তত্ব স্বীকার করিতে অবশ্যই বাধ্য হইতেছ। এইহেতুই অর্থাৎ বৈধকর্ম্মানুষ্ঠানের প্রতি কালের নিমিত্তত্ব বিদ্যমান থাকাতেই, পর্ব্বাদিতে অনুষ্ঠীয়মান শ্রাদ্ধাদিকে

"নিত্যং নৈমিত্তিকং জ্ঞেয়ং পর্ব্বশ্রাদ্ধাদি পণ্ডিতৈঃ" ॥১১১॥

এবঞ্চ বৈদিকক্রিয়ানিমিত্তস্য কালবিশেষস্য তৎকাল-জীবিত্বেনাধিকারিবিশেষণীভূতস্য পরতো যা সপ্তমী, সা নাধি-করণে, "যো জটাভিঃ স ভুঙ্‌ক্তে" ইতিবৎ কালস্য বিশেষণত্বেন তদ্বাধকতৃতীয়াপ্রাপ্তেঃ, কিন্তু "কালভাবয়োঃ সপ্তমী" ত্যনেন

পালনম্। অতএব নিমিত্তং কাল ইতি বচনাদেব। আবশ্যকত্বেনেতি নিত্যত্বে হেতুঃ। কালস্য নিমিত্তত্বেনেতি নৈমিত্তিকত্বে হেতুর্বোধ্যঃ ॥ ১১১ ॥

তৎকালজীবিত্বেনেতি শুচিস্তৎকালজীবী কর্ম্ম কুর্য্যাদিত্যত্র শৌচং তৎকালো জীবনঞ্চ ত্রয়মধিকারঃ, "কর্ত্তৃবিশেষণমধিকার" ইতি অধিকারলক্ষণম্, তৎকালস্য আধেয়তা-সম্বন্ধেন বিশেষণং ন তু তৎকালজীবনমেকোঽধিকারঃ, অহংকৃতিসাধ্যসম্পাদকঃ, শুচিস্তৎকালজীবিত্বাদিত্যত্র পূর্ব্বসন্ধ্যায়ামহমিবেতি কেবলকালঘটিতদৃষ্টান্তং কুর্ব্বতা চিন্তামণিকৃতা কেবলকালস্যাধিকারত্বোক্তেঃ ইতি ধ্যেয়ম্। সপ্তমীতি অধিকরণ-

মার্কণ্ডেয় পুরাণে নিত্য এবং নৈমিত্তিক এই উভয়রূপেই নির্দ্দেশ করা হইয়াছে। কারণ, ঐ সকল কর্ম্ম অবশ্য কর্ত্তব্য কোন মতে পরিত্যাজ্য নয় বলিয়া উহারা নিত্য এবং পর্ব্বাদি কালরূপ নিমিত্তের অধীন বলিয়া উহারা নৈমিত্তিক। মার্কণ্ডেয় পুরাণের বচন যথা "পণ্ডিতগণ পর্ব্ব শ্রাদ্ধাদিকে নিত্য ও নৈমিত্তিক, এই উভয়রূপেই জানিবেন।" ১১১।

বৈদিক কর্ম্মের প্রতি কালের নিমিত্তত্ব শাস্ত্রসিদ্ধ বলিয়াই কর্ম্মাধিকারীর কর্ত্তব্য-বিষয়ক বিধিটি এইরূপে করা হইয়াছে. "শুচি তৎকালজীবী কর্ম্ম কুর্য্যাৎ" অর্থাৎ পবিত্রতা, কর্ম্মের নিমিত্ত বিহিত কাল, এবং জীবন, এই তিনটীবিশিষ্ট ব্যক্তিই কর্ম্মে অধিকারী হইবে। কর্ত্তা যদি পবিত্রতা, বিহিত কাল এবং জীবন এই তিনটী বিশিষ্ট হয়, তবেই কর্ম্মে অধিকারী হইবে, এই বিধান দ্বারা কাল একটি কর্ত্তার বিশেষণরূপেই নির্ণীত হইতেছে। এইরূপ কর্ত্তার বিশেষণীভূত কালবাচক পদের পর "অমুকে মাসি" ইত্যাদিরূপে যে, সপ্তমী বিভক্তির প্রয়োগ করা হয়, উহার অর্থ অধিকরণ নহে, কিন্তু কাল কর্ত্তার বিশেষণ হওয়ায়, "যো জটাভিঃ স ভুঙ্‌ক্তে" (জটাবিশিষ্ট ব্যক্তি ভোজন করিতেছে) এই বাক্যে ভোজনকর্ত্তার বিশেষণীভূত জটা এই পদের উত্তর যেমন তৃতীয়া বিভক্তি হইয়াছে, সেইরূপ কর্ম্মের নিমিত্তী-ভূত (মাস পক্ষাদি) কালবিশেষবিশিষ্ট ব্যক্তি ই তত্তৎকালবিশেষে বিহিত

তদ্বাধিকা পুনঃ সপ্তমী বিধীয়তে, "শরদি পুষ্প্যন্তি সপ্তচ্ছদাঃ" ইতিবৎ।

অতঃ কর্ত্তৃবিশেষণীভূতস্যাপি কালস্য বৈদিকক্রিয়ানিমিত্ততা, "নিমিত্তানাঞ্চ সর্ব্বশ" ইত্যনেন উল্লেখ ইতি, পূর্ব্বাহ্লাদেস্তু

সপ্তম্যাঃ বাধিকা বিশেষণতৃতীয়া তদ্বাধিকা চ নিমিত্তা সপ্তমী। নন্বধিকরণসপ্তম্যাঃ কারকবিভক্তেঃ কথমুপপদবিভক্তিবিশেষণতৃতীয়া বাধিকেতিচেদত্র নব্যাঃ—কালভাবয়োঃ সপ্তমীতি বররুচিকৃতলক্ষণবৈয়র্থ্যভিয়া কারকবিভক্তেরপি সপ্তম্যা উপপদবিভক্ত্যা তৃতীয়য়া বাধা স্বীক্রিয়তে, অন্যথা কালভাবয়োঃ সপ্তমীত্যস্য বৈয়র্থ্যং স্যাৎ ; তথাহি শরদি পুষ্প্যন্তি সপ্তচ্ছদা ইত্যত্র শরন্নিমিত্তকবিকাশাশ্রয়াঃ সপ্তচ্ছদা ইতি নিমিত্তসপ্তম্যাং বোধঃ, অধিকরণসপ্তম্যান্তু বিকাশে শরদ্বৃত্তিত্বস্য বোধঃ, তচ্চাবাধিতম্ ; এবঞ্চাধিকরণসপ্তম্যোবোপপত্তৌ নিমিত্তসপ্তমীলক্ষণং ব্যর্থং স্যাদিতি ; ন চৈবং শরদি পুষ্প্যন্তি চম্পকা ইতি প্রয়োগাপত্তিরিতি বাচ্যম্, অবচ্ছেদাবচ্ছেদেনান্বয়োপগমাৎ ; চম্পকবিকাশত্বাবচ্ছেদেন শরদ্বৃত্তিত্বস্য বাধাদিত্যাহুঃ। বস্তুতস্তু বিশেষণে তৃতীয়া ; নোপপদবিভক্তিরিতি ধ্যেয়ম্। পুষ্প্যন্তীতি পুষ্প বিকাশনে দিবাদিঃ। কর্ত্তৃবিশেষণীভূতস্যেতি শুচিত্বৎকাল-

---

কর্ম্মের অনুষ্ঠান করিবে, এই বাক্যটীতেও কর্ম্মানুষ্ঠানকর্ত্তার বিশেষণীভূত সঙ্কল্প-বাক্যস্থিত মাস পক্ষাদি কাল বিশেষে প্রথমতঃ সপ্তমীর বাধ করিয়া তৃতীয়া বিভক্তিরই প্রাপ্তি হইয়াছিল বটে, কিন্তু "কালভাবয়োঃ সপ্তমী" (কালবাচক শব্দ এবং ভাববাচক শব্দগুলি বিশেষণ হইলেও তাহাদের উত্তর একমাত্র সপ্তমী বিভক্তি হইবে) এই সূত্র অনুসারে আবার বিশেষণত্ব নিবন্ধন পূর্ব্বপ্রাপ্ত তৃতীয়া বিভক্তির বাধ করিয়াই সপ্তমী বিভক্তির প্রাপ্তি হইয়াছে ; দেখ "শরদি পুষ্প্যন্তি সপ্তচ্ছদাঃ" (শরৎকালোপলক্ষিত সপ্তচ্ছদ বৃক্ষ সকল ফুল ধরিয়াছে) এই বাক্যে "সপ্তচ্ছদাঃ" এই কর্ত্তৃপদের বিশেষণীভূত "শরৎ" এই পদের উত্তর যেমন সপ্তমী বিভক্তি হইয়াছে, সঙ্কল্পবাক্যেও কর্ত্তার বিশেষণীভূত কালবিশেষের পরও সেইরূপ সপ্তমী বিভক্তি হইয়া থাকে *। অতএব কালবিশেষ কর্ত্তার বিশেষণ হইলেও বৈদিক ক্রিয়ার প্রতি নিমিত্ত বলিয়াই সঙ্কল্প বাক্যে "সকল প্রকার নিমিত্তের উল্লেখ না করিলে কর্ম্মের ফলভাগী হয় না" ইত্যাদি বচন প্রমাণে

---

* এই কথাগুলি বঙ্গবাসী কার্য্যালয় হইতে প্রকাশিত তিথিতত্ত্বের অনুবাদের ৪১ পৃষ্ঠায় আরও বিশদরূপে বলা হইয়াছে। কাল-বিশেষের উত্তর যে সপ্তমী বিভক্তি হয়, তাহার দুইটি অর্থ—নিমিত্তত্ব এবং বৈশিষ্ট্য, তাহ'লেই "অশৌচান্তাদ্দ্বিতীয়াহ্নি" এস্থলে সপ্তমীর অর্থ—অশৌচান্ত দ্বিতীয় দিবস বিশিষ্ট পুত্রাদি, তন্নিমিত্তক শয্যাদিদানানুকূল কৃতিমান্।

শুক্লপক্ষেনানিয়তনিমিত্ততয়া নোল্লেখ ইতি। "ত্রিবৈব কাল"

জীবী কশ্চ কুর্য্যাদিত্যানেতার্থঃ। শুক্লপক্ষেন বিলক্ষণফলজনকত্বেন। অনিয়তেতি তথাচ নিমিত্তানাঞ্চ সর্ব্বশ ইত্যত্র নিমিত্তপদেন নিয়তনিমিত্তস্যৈব গ্রহণমিতি ভাবঃ। নিয়ত-নিমিত্তঞ্চ উৎপত্তিবিধিসমভিব্যাহৃতনিমিত্তং, তস্যৈবোল্লেখঃ; ন তু বিলক্ষণফলকামঃ পূর্ব্বাহ্নে পূজয়েদিত্যাদি-প্রাশস্ত্যবিধিসমভিব্যাহৃতস্য পূর্ব্বাহ্ণাদেঃ। নিয়তনিমিত্তঞ্চ প্রধানজন্যফলনিষ্ঠজন্যতানিরূপিতজনকতাবচ্ছেদকরূপবত্ত্বং, তচ্চ রূপং পঞ্চম্যাং বিষ্ণুং যজেদিত্যাদৌ পঞ্চমীত্বাদিকং ন তু পূর্ব্বাহ্ণত্বাদিকং; পূর্ব্বাহ্ণত্বাদেরভাবেঽপি প্রধানজন্যফলনির্ব্বাহাৎ; প্রধানং তত্র পূজনম্। এবমশৌচান্তদ্বিতীয়েঽহনি; বিলক্ষণাং শয্যাং দদ্যাদিত্যাদৌ তাদৃশরূপম্ অশৌচান্তাদ্বিতীয়াহত্বাদিকং, প্রধানঞ্চ বিলক্ষণশয্যাদানাদি। শয্যায়া বৈলক্ষণ্যং দানকৌমুদ্যাং ব্যাখ্যাতং যথা,— বিলক্ষণাং বিচিত্রাং খট্বাসনপাদপ্রক্ষালনপাত্রজলপাত্রতাম্বূলপাত্রাচ্ছাদনোপধানাদি-নানাবিধোপকরণান্বিতামিত্যর্থঃ। ত্রিধৈবেতি তত্তৎক্রিয়াবচ্ছিন্ন ঈশ্বরঃ কাল ইতি মতে

উহার উল্লেখ হইয়া থাকে। এক্ষণে কেহ আশঙ্কা করিয়াছিল, যদি বৈদিক কর্ম্মের সঙ্কল্পবাক্যে মাস, পক্ষ, তিথি প্রভৃতি সকল প্রকার নিমিত্তেরই উল্লেখ কর্ত্তব্য বলিয়া "অশৌচান্ত দ্বিতীয় দিনে"রও উল্লেখ আবশ্যক হইল, তবে "পূর্ব্বাহ্নো বৈ দেবানাং" ইত্যাদি শ্রুতিদ্বারা দেবপূজাদিকর্ম্মের প্রতি পূর্ব্বাহ্ণাদি-রূপ কালবিশেষের নিমিত্তত্বও প্রতীত হইতেছে, তবে সঙ্কল্পবাক্যে পূর্ব্বাহ্ণা-দির উল্লেখ করা না হয় কেন? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন,—পূর্ব্বাহ্ণাদি কর্ম্মের প্রতি নিয়ত নিমিত্ত, অর্থাৎ প্রধানবিধিবোধিত কর্ম্মফলের জনক নহে। কথাটি আরও একটু স্পষ্ট করিতেছি, "মাঘমাসের শুক্ল পঞ্চমীতে শ্রীপূজা করিবে" এই হইল একটি বিধি। এই বিধি দ্বারা বোধিত শ্রীপূজারূপ কর্ম্ম-ফলের জনকত্ব মাঘমাসের শুক্লপঞ্চমীতেই বিদ্যমান থাকায়, শ্রীপূজারূপ কর্ম্মের প্রতি মাঘমাসের শুক্লপঞ্চমীই হইল নিয়ত নিমিত্ত, তবে ঐ শ্রীপূজা-রূপ কর্ম্মটি যদি ঐ দিন পূর্ব্বাহ্ণের মধ্যে সম্পন্ন করা যায়, তাহ'লে ঐ পূজার প্রশস্ত ফল উৎপন্ন হইবে মাত্র কিন্তু পূর্ব্বাহ্ণে ভিন্ন অন্য সময় পূজা করিলে, পূজা যে নিষ্ফল বা একেবারে অসিদ্ধ হইবে, তাহা নহে, অর্থাৎ "মাঘমাসের শুক্ল-পঞ্চমীতে শ্রীপূজা করিতেই হইবে" 'ইহা যেমন নিয়ামক' বলা হইয়াছে, কিন্তু ঐ শ্রীপূজা যে, ঐ দিন পূর্ব্বাহ্ণের মধ্যেই করিতে হইবে, এমন কোন নিয়ম করা হয় নাই, তবে ঐদিন অপর সময় শ্রীপূজা করিলে যাদৃশ ফল হইবে, পূর্ব্বাহ্ণে

ইতি কালবাদিমতে সুতরাং নাধিকরণতা সূর্য্যাদিক্রিয়ায়াঃ কর্ত্তব্যস্য কর্ম্মণোঽধিকরণতানুপপত্তেঃ ॥ ১২০ ॥

"দেবব্রতবৃষোৎসর্গচূড়াকরণমেখলাঃ।
মাঙ্গল্যমভিষেকঞ্চ মলমাসে বিবর্জ্জয়েৎ ॥"
বালে বা যদি বা বৃদ্ধে শুক্রে চাস্তমুপাগতে।
মলমাস ইবৈতানি বর্জ্জয়েদ্দেবদর্শনম্ ॥"

ইতি জ্যোতিঃপরাশরীয়েণ নিষেধঃ সাবকাশবৃষোৎসর্গ-বিষয়ঃ। অতএব বালাদিশুক্রেঽপি মলমাস ইবৈতানি বর্জ্জ-

---

তু অনধিকরণত্বং সম্ভবত্যেব কিন্তু তন্মতে পূর্ব্বোক্তমেব দূষণং বোধ্যম্। সূর্য্যাদীতি এতন্মতে ক্রিয়ায়া বিক্ষণত্বাদিত্বেন কস্যাঞ্চিদপি ক্রিয়ায়াং ব্যাপারকূটাত্মকস্য পূজাদের্না-ধিকরণত্বম্, অতঃ পঞ্চম্যাং তিথৌ ইত্যাদৌ নাধিকরণসপ্তমীতি বোধ্যম্ ॥ ১২০ ॥

অভিষেকং রাজাভিষেকম্। এতানি দেবব্রতবৃষোৎসর্গাদীনি। অতএব মলমাসে

উহা করিলে সেই ফল অপেক্ষা উৎকৃষ্ট ফল লাভ হইবে এই মাত্র; কাযেই পূর্ব্বাহ্ন প্রধানবিধিবোধিতকর্ম্মফলের জনক না হইয়া, সেই ফলের তারতম্যরূপ গুণফলের জনকমাত্র হওয়ায়, উহা কর্ম্মের প্রতি অনিয়তনিমিত্ত, সঙ্কল্প বাক্যে নিয়ত-নিমিত্ত সকলের উল্লেখই বিহিত হইয়াছে, অনিয়ত নিমিত্তদিগের উল্লেখ বিহিত হয় নাই, এই জন্যই পূর্ব্বাহ্নাদির উল্লেখ করা হয় না। যাহা হৌক কাল নিমিত্ত হইলেও তদ্বাচক শব্দগুলির যে অধিকরণতারূপ অর্থ হইতে পারে না, তাহার প্রতি আর একটি কারণ শুন। অনেকেই কালকে ক্রিয়াস্বরূপ বলিয়াই নির্দ্দেশ করিয়াছেন, তদনুসারে সূর্য্যাদির ক্রিয়ারূপ কাল কখন কর্ত্তব্য কর্ম্মের অধিকরণ হইতে পারে না, একটি ক্রিয়ার উপর আর একটি ক্রিয়া কখনই থাকিতে পারে না। ১২০।

এক্ষণে মলমাসাদিরূপ অকালেও যে, প্রেতের উদ্দেশে বৃষোৎসর্গ হইতে পারিবে, এই কথা একটু বিশদ করিয়া বুঝাইতেছেন—"দেবব্রত, বৃষোৎসর্গ, এবং চূড়াকরণ, মেখলা (উপনয়ন ও সমাবর্ত্তন), মাঙ্গল্য কার্য্য, আর রাজ্যাভিষেক, এই সকল কর্ম্ম মলমাসে করিবে না। এবং মলমাসের মত শুক্র বাল্য বা বৃদ্ধাবস্থার অন্তগত হইবার পরও ঐ সকল কর্ম্ম এবং দেবদর্শন করিবে না।" এই জ্যোতিঃপরাশরীয়ের বচনদ্বারা মলমাসে যে, বৃষোৎসর্গের নিষেধ করা

মেষিত্যনেন সাবকাশবৃষোৎসর্গো নিষিদ্ধো, ন তু নিরবকাশঃ। তস্যাপি তত্র নিষেধে, সকলশিষ্টাচারা বিরুধ্যেরন্, সামান্য-নিষেধে চ মলমাসাতিদেশো ব্যর্থঃ স্যাদিতি। স চ সাবকাশ-বৃষোৎসর্গঃ পিত্রাদিগতফলোদ্দেশেন "কার্ত্তিক্যাময়নে চৈব

সাবকাশস্যৈব বৃষোৎসর্গস্য নিষেধাদেব। ইবশব্দাৎ যাদৃশবৃষোৎসর্গো মলমাসে নিষিদ্ধ-স্তাদৃশ এব বালাদিশুক্রেঽপি নিষিদ্ধঃ। ন চ মলমাসে সামান্যতো নিষিদ্ধঃ, অতো বালাদিশুক্রেঽপি ন সামান্যতো নিষিদ্ধঃ, কিন্তু সাবকাশবৃষোৎসর্গ এব নিষিদ্ধঃ; যদি তু বালাদিশুক্রেঽপি সামান্যতো নিষিদ্ধঃ ইত্যুচ্যতে তদা সকলশিষ্টাচারবিরোধঃ স্যাদিতি ধ্যেয়ম্। তস্যাপি নিরবকাশস্যাপি। তত্র বালাদিশুক্রে। ব্যর্থঃ স্যাদিতি অব্যবহিতে

হইয়াছে, উহাকে সাবকাশ, অর্থাৎ যাহার জন্য কোন বিশেষ সময়ের নির্দ্ধারণ করা হয় নাই, যাহা কতকগুলি বিহিত সময়ের মধ্যে যে কোন এক সময়ে করা যাইতে পারে, এইরূপ বৃষোৎসর্গেরই নিষেধ বলিতে হইবে। এই হেতুই অর্থাৎ সাবকাশ (অপর সময়ও যাহার অনুষ্ঠান করা যাইতে পারে, এইরূপ) বৃষোৎসর্গের মলমাসে নিষেধ করাতেই "মলমাসের মত শুক্রের বাল্যাদ্যবস্থায়ও ঐ সকল কর্ম্মের বর্জ্জন করিবে", বলিয়া যে, নিষেধ করা হইয়াছে, তাহাতেও সাবকাশ বৃষোৎসর্গেরই নিষেধ বুঝিতে হইবে, নিরবকাশ বৃষোৎ-সর্গ কিন্তু কি মলমাসে, কি শুক্রের বাল্যাদ্যস্তজনিত অকালে, কোন কালেই নিষিদ্ধ হয় নাই। নিরবকাশ বৃষোৎসর্গের ও শুক্রের বাল্যাদ্যস্তজনিত অকালে নিষেধ করিলে, দেশমধ্যে চির পরম্পরা-চরিত শিষ্টাচারের বিরোধ ঘটে, অর্থাৎ চিরকাল হইতে শিষ্টগণ ঐরূপ সময় নিরবকাশ বৃষোৎসর্গের অনুষ্ঠান করিতে ব্যবস্থা দিয়া আসিতেছেন, আজ তাহা রদ করিলে, ঐ শিষ্টাচারকে উল্টাইয়া দেওয়া হয়। আরও একটি কথা, যদি জ্যোতিঃপরাশরীয়ের বচনে বৃষোৎসর্গ সামান্যেরই (সাবকাশ, নিরবকাশ, এই উভয়বিধ বৃষোৎসর্গেরই) নিষেধ করা হইত, তাহ'লে "মলমাসের ন্যায় এইরূপ দৃষ্টান্ত দিয়ে বলা উচিত ছিল না, সোজাসুজি শুক্রের বাল্যাদ্যস্তজনিত অকালে এই সকল কর্ম্ম করিবে না", এইরূপে নিষেধ করিলেই যথেষ্ট হইত, তবে মলমাসের তুলনা করিয়া নিষেধ করায় সূচিত হইতেছে।—মলমাসে যেরূপ সাবকাশ বৃষোৎসর্গ নিষিদ্ধ, শুক্রের বাল্যাদ্যস্তজনিত অকালেও সেইরূপ সাবকাশ বৃষোৎসর্গই

ফাল্গুন্যামষ্টকাসু চ” ইত্যাদিনা বিহিতঃ। দেবতোদ্দেশে-নাপি, “কার্ত্তিক্যান্তু বৃষোৎসর্গং কৃত্বা নক্তং সমাচরেৎ।

শৈবং পদমবাপ্নোতি শিবব্রতমিদং স্মৃতম্” ইতি সময়-প্রকাশধৃতমৎস্যপুরাণবচনাৎ,

“দেবব্রতবৃষোৎসর্গচূড়াকরণমেখলাঃ।

মাঙ্গল্যমভিষেকঞ্চ মলমাসে বিবর্জ্জয়েৎ।”

ইতি ব্যাসবচনাচ্চ। দেবমুদ্দিশ্য ব্রতরূপো বৃষোৎসর্গো দেবব্রতবৃষোৎসর্গঃ। দেব্যাঃ ক্রমপূজায়াং দেবীপুরাণম্,—“গবোৎসর্গশ্চ কর্ত্তব্যো নীলং বা বৃষমুৎসৃজেদি”তি নব্যবর্দ্ধ-মানপ্রভৃতয়ঃ॥ ১২১॥

তু মলমাসে সাবকাশস্যৈব বৃষোৎসর্গস্য নিষেধঃ, অতো বালাদিশুক্রেঽপি সাবকাশস্যৈব নিষেধার্থম্ অতিদেশ উপযুক্ত ইতি ভাব। দেবতোদ্দেশেনাপি ইত্যস্য বিহিত ইতি পূর্ব্বেণান্বয়ঃ। বেদব্রতেতি পাঠঃ প্রাচাং সম্মতঃ, স চ ন সাধীয়ান্, কিন্তু দেবব্রত ইত্যেব পাঠঃ সাধীয়ান্; ইত্যত্র ভঙ্গ্যা প্রমাণং দর্শয়তি কার্ত্তিক্যান্ত্বিতি। গবোৎসর্গশ্চেত্যত্রাদন্তা-বাদেশঃ॥ ১২১॥

নিষিদ্ধ। যদি বল, সাবকাশ বৃষোৎসর্গ আবার কিরূপ? তাহার উত্তর এই যে, পিতৃত্ব প্রাপ্ত মৃত মাতা পিতা প্রভৃতির অক্ষয় স্বর্গভোগাদিরূপ ফল কামনায়—“কার্ত্তিকী পূর্ণিমায়, অয়নসংক্রান্তিতে, ফাল্গুনী পূর্ণিমায় এবং অষ্টকাতে” ইত্যাদি বচনদ্বারা যে বৃষোৎসর্গ বিহিত হইয়াছে, এবং দেবতার প্রীত্যর্থে বিহিত বৃষোৎসর্গও সাবকাশ বৃষোৎসর্গ। দেবতার প্রীত্যর্থে বৃষোৎসর্গের বিধান—“কার্ত্তিকী পূর্ণিমায় বৃষোৎসর্গ করিয়া নক্তব্রতের আচরণ করিলে, শৈবপদ প্রাপ্ত হয়, কারণ উহা একটি শিবব্রতরূপে শাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে।” সময়প্রদীপে উদ্ধৃত এই মৎস্যপুরাণের বচন হইতে, এবং “দেবব্রতরূপ বৃষোৎসর্গ, চূড়াকরণ, মেখলা, মাঙ্গল্যকার্য্য এবং রাজ্যাভিষেক, এই সকল কার্য্য মলমাসে বর্জ্জন করিবে।” এই ব্যাসবচন হইতেও জ্ঞাত হওয়া যাইতেছে। ব্যাসবচনে “দেবব্রত কথাটি যে বৃষোৎসর্গের বিশেষণ” এইরূপ অর্থেরই বোধ হইতেছে। দেবীর ক্রমপূজার প্রসঙ্গে দেবীপুরাণেও কথিত হইয়াছে—“গো-সকলের উৎসর্গ করিবে, অথবা নীল বৃষের উৎসর্গ করিবে।” ইহাতে

এবঞ্চ বিশেষনিষেধেন শেষাভ্যনুজ্ঞানাদপি প্রেতবৃষোৎসর্গো-ঽস্তীতি প্রতীয়তে। অন্যুরপি বিশেষোঽধ্যবসায়কর ইতি ন্যায়াৎ॥ ১২২॥

ন চ সূতকান্তদ্বিতীয়দিনেঽপি শয্যাদানাদীনাং মলমাসে কাম্যত্বান্নিষেধ ইতি বাচ্যম্,

এবঞ্চ বৃষোৎসর্গান্তরসত্ত্বে চ। বিশেষেতি বৃষোৎসর্গো দ্বিবিধঃ, প্রেতোদ্দেশকঃ, কাম্যশ্চ, তত্র কাম্যনিষেধেনেত্যর্থঃ। একবিশেষনিষেধে অপরবিশেষাভ্যনুজ্ঞানমিতি ন্যায়েনেতি ভাবঃ। উৎসাহবিশেষোঽধ্যবসায়ঃ॥১২২॥

দেবতার প্রীত্যর্থ যে বৃষোৎসর্গ বিহিত হইয়াছে, ইহাই জানা যাইতেছে, মধ্য বর্দ্ধমান প্রভৃতি পণ্ডিতগণও এইরূপই মীমাংসা করিয়াছেন। ১২১।

যদি বল, সাবকাশ বৃষোৎসর্গ যখন শাস্ত্রবিহিত হইয়াছে, তখন বৈদিককর্ম্মে নিষিদ্ধ মলমাসে প্রেতের উদ্দেশে বৃষোৎসর্গ না করাইত, শাস্ত্রাভিমত বলিয়া প্রতীত হইতেছে। ইহার উত্তরে আমি বলিব, সাবকাশ বৃষোৎসর্গ শাস্ত্রবিহিত হইলেও শাস্ত্রে বৃষোৎসর্গ যখন দ্বিবিধরূপে বিহিত হইয়াছে, একটি প্রেতের উদ্দেশে অশৌচ শেষ হইবার পর দিবস কর্ত্তব্য এবং নিত্য, অপরটি কার্ত্তিকী-পূর্ণিমাদিতে কর্ত্তব্য কাম্য, তখন মলমাসাদিতে সাবকাশ কাম্য বৃষোৎসর্গেরই নিষেধ দ্বারা অবশিষ্ট নিত্য বৃষোৎসর্গ সম্বন্ধে এক প্রকারে অনুজ্ঞা দেওয়াই হইয়াছে, প্রেতোদ্দেশে কর্ত্তব্য নিত্য বৃষোৎসর্গের মলমাসে বাধ হইবে কেন? মনে কর, রাম এবং হরি আমার বাড়ীতে প্রবেশ করিতেছিল, আমার দ্বারা রামের প্রবেশ নিষিদ্ধ হইলে, হরির প্রবেশ যে অনুমোদিত এবং হরির প্রবেশে কোন বাধা নাই, ইহাই ত বুঝায়। এইরূপ শাস্ত্রবিহিত কাম্য ও নিত্য, এই উভয়বিধ বৃষোৎসর্গের মধ্যে মলমাসাদিতে কাম্য মাত্রের বর্জ্জন করায় প্রেতের উদ্দেশে কর্ত্তব্য নিত্য যে, বর্জ্জিত হয় নাই, ইহাই ত বুঝাইতেছে। কারণ, একটি ন্যায় আছে, "সন্দেহ স্থলে অতি অল্পমাত্র বিশেষ নির্দ্দেশ দ্বারাই সন্দিগ্ধার্থের নিশ্চয় করা হইয়া থাকে। এক্ষণে দেখ, 'নিত্য বা কাম্য বৃষোৎসর্গ বর্জ্জনীয়' এইরূপ সন্দেহে, বিশেষ করিয়া কাম্য বৃষোৎসর্গের বর্জ্জন করায় নিত্য যে বর্জ্জনীয় নহে, ইহাই স্থির হইতেছে। ১২২।

কেহ কেহ বলিয়াছিলেন, "এই যে অশৌচ শেষ হইবার পরদিন শয্যা

"নৈমিত্তিকানি কাম্যানি নিপতন্তি যথা যথা।
তথা তথৈব কার্য্যাণি ন কালস্তু বিধীয়তে॥" ইতি দক্ষ-বচনেন,

"রোগে চালভ্য যোগে চ সীমন্তে পুংসবেঽপি চ।
যৎ দদাতি সমুদ্দিষ্টং পূর্ব্বত্রাপি ন দূষ্যতী"তি কাল-মাধবীয়ে মরীচিনা প্রতিপ্রসবাৎ। অলভ্যযোগে পুনরপ্রাপ্য-সম্বন্ধনিমিত্তে অশৌচান্তদ্বিতীয়দিনাদৌ, পূর্ব্বত্র মলমাসেঽপি। কালমাধবীয়ভবিষ্যে,—

রোগে রোগনিমিত্তকদানে। অলভ্যেতি অলভ্যঃ পুনরপ্রাপ্যঃ যোগঃ সম্বন্ধো যস্য এবম্ভূতে নিমিত্তে যদ্দদাতি যদ্দানম্। পূর্ব্বত্রাপি মলমাসেঽপি ন দূষ্যতীত্যর্থঃ।

দানাদির বিধান করা হইয়াছে, উহা কাম্য, সুতরাং মলমাসে উহার নিষেধ বুঝিতে হইবে।" স্মার্ত্ত বলিতেছেন—"ন চ বাচ্যম্" একথাও বলিতে পার না, দেখ, নৈমিত্তিক (কোন বিশেষ নিমিত্ত হেতু কর্ত্তব্যরূপে বিহিত) এইরূপ কাম্য কর্ম্ম, যখন যখনই কর্ত্তব্যরূপে উপস্থিত হইবে, তখন তখনই উহাদিগের অনুষ্ঠান করিবে, কালাকালের আর বিচার করিবে না।" এই দক্ষের বচন দ্বারা, এবং "রোগাবস্থায়, অলভ্য যোগে, সীমন্তোন্নয়নোৎসবে, এবং পুংসবন-কালে, যে সকল দান শাস্ত্রে বিহিত হইয়াছে, ঐ সকল দান পূর্ব্বমাসে করিলেও দোষ হইবে না।" কালমাধবীয় নামক গ্রন্থে উদ্ধৃত এই মরীচির বচনদ্বারা ও উক্ত নিষেধের প্রতিপ্রসব করা হইয়াছে, মূল বচনে যে 'অলভ্যযোগ' কথাটি আছে, তাহার অর্থ—যেরূপ অবসর পুনর্ব্বার আর পাইবার সম্ভাবনা নাই, যেমন অশৌচ শেষ হইবার পরদিবস, ইত্যাদি এবং 'পূর্ব্বমাস' শব্দের অর্থ—মলমাস, কারণ মলমাসে একটি মাস দুইটি হয়, প্রথমটি মলমাস, দ্বিতীয়টি শুদ্ধমাস। ইহার তাৎপর্য্য এই যে, মলমাসে সাধারণতঃ কাম্য কর্ম্মের নিষেধ করা হইলেও দক্ষ বলিতেছেন, কোন বিশেষ নিমিত্ত উপলক্ষ্য করিয়া যে সকল কাম্য কর্ম্ম বিহিত হইয়াছে, সেই নিমিত্তের সংযোগ যখনই ঘটিবে, তখনই ঐ সকল কর্ম্মের অনুষ্ঠান করিবে, তখনকার কাল শুদ্ধ কি অশুদ্ধ, ইহার দিকে আর লক্ষ্য করিবে না। ইহাতে স্পষ্টরূপে প্রতিপন্ন হইতেছে যে, শয্যাদানাদি কর্ম্ম কাম্য হইলেও, যখন উহা অশৌচান্ত দ্বিতীয়দিবসরূপ

"কুর্য্যাৎ প্রাত্যহিকং কর্ম্ম প্রযত্নেন মলিম্লুচে।
নৈমিত্তিকন্তু কুর্ব্বীত সাবকাশং ন যদ্ভবেদি"তি। তথাচ বিশারদপ্রভৃতিভিঃ "পঠন্তী"তি কৃত্বা লিখিতম্।

"অশৌচান্তেঽপি কর্ত্তব্যং বৃষোৎসর্গাদিকং সুতৈঃ।
মলিম্লুচাদিদোষস্তু ন গ্রাহ্যস্তত্র কশ্চন॥"

কালমাধবীয়ে কালাদর্শবাক্যম্। মলমাসে কর্ত্তব্যতা-নিষেধমুপক্রম্য,—

"আশ্রমস্বীকৃতিঃ কাম্যবৃষোৎসর্গশ্চ নিষ্ক্রম" ইত্যত্র

পঠন্তীতি কৃতেত্যনেন মুনিপ্রণীতত্বাভাব আশঙ্কিতঃ। আশ্রমস্বীকৃতিরাশ্রমান্তরগমনম্।

নিমিত্তকে উপলক্ষ্য করিয়া বিহিত হইয়াছে, তখন ঐ অশৌচান্ত দ্বিতীয় দিবসরূপ নিমিত্তের মলমাসাদি অশুদ্ধকালে সংযোগ হইলেও তন্নিমিত্তাধীন শয্যাদানাদির নিষেধ হইবে না। দ্বিতীয়তঃ কালমাধবীয়ধৃত মরীচির বচনে ত আরও স্পষ্ট করিয়া বলা হইয়াছে—যে সকল অবসরের পুনর্ব্বার আর মিলিবার সম্ভাবনা নাই, তাদৃশ অবসরে বিহিত দান মলমাসে পতিত তাদৃশ অবসরে করিলেও দোষ হইবে না। অশৌচান্ত দ্বিতীয় দিবসরূপ অবসরের একবারমাত্রই প্রাপ্তি হইয়া থাকে, ইহা একটি অলভ্য যোগ, সুতরাং মলমাসে পতিত অশৌচান্ত দ্বিতীয় দিবসে তদ্বিহিত দান করিলে দোষ হইবে কেন? আরও দেখ, কালমাধবীয়ে—ভবিষ্য পুরাণের এইরূপ একটি বচন উদ্ধৃত হইয়াছে, "যে সকল কর্ম্ম প্রত্যহ কর্ত্তব্য বলিয়া বিহিত হইয়াছে, মলমাসে উহাদের অনুষ্ঠান যত্ন-সহকারেই অর্থাৎ শ্রদ্ধাপূর্ব্বকই করিবে, এবং যে সকল কর্ম্ম নৈমিত্তিক, কোন বিশেষ নিমিত্ত উপলক্ষ্য করিয়া বিহিত, অথচ সাবকাশ নয়, অর্থাৎ যাহা করিবার আর অপর অবসর নাই, এরূপ কর্ম্মও মলমাসে যত্নসহকারে করিবে।" অপিচ, বিশারদ প্রভৃতি নিবন্ধকারগণ কালমাধবীয় নামক নিবন্ধে উদ্ধৃত কালাদর্শের যে বাক্যটিকে কোন্ গ্রন্থের কথা তাহা স্থির করিতে না পারিয়া "পঠন্তি" (এই বচনটিও লোকে পড়িয়া থাকে) বলিয়া, স্ব স্ব গ্রন্থে উদ্ধৃত করিয়াছেন; তাহাতে ত আরও বিস্পষ্ট করিয়া বলা হইয়াছে, যথা—"পুত্রগণ অশৌচা-ন্তের পর বৃষোৎসর্গাদি কর্ম্মের অনুষ্ঠান করিবে, উহাতে মলমাসাদিদোষের

'কাম্য' ইতি বিশেষণমিতি। অশৌচান্তদ্বিতীয়দিনমুপক্রম্য রামায়ণে,—

"ততশ্চোদ্দিশ্য পিতরং ব্রাহ্মণেভ্যো ধনং দদৌ।
মহার্হাণি চ রত্নানি গাশ্চ বাহনমেব চ।
যানানি দাসীর্দ্দাসাংশ্চ বেশ্মানি সুমহান্তি চ॥"

বিষ্ণুপুরাণে, সামান্যতঃ পিতৃগাথা চ,—

"রত্নবস্ত্রমহীযানসর্ব্বভোগাদিকং বসু।
বিভবে সতি বিপ্রেভ্যো যোঽস্মানুদ্দিশ্য দাস্যতী"তি॥ ১২৩

কাম্যেতি অত্র কাম্যত্বং প্রাপ্তপিতৃত্বোদ্দেশ্যকত্বম্। নিষ্ক্রমো বহির্নিষ্ক্রমণম্। অস্য চ প্রধান-কালাকরণে বোধ্যম্। "ততশ্চোদ্দিশ্য পিতর্মি"ত্যাদিবচনাৎ দানাদেরুদ্দেশ্যতা সামানাধিকরণ্যেন ফলজনকত্বম্। ভূদীপাশ্বান্নবস্ত্রাম্বুতিলসর্পিঃপ্রতিশ্রয়ান্। নৈবেশিকস্বর্ণধূর্য্যান্ দত্ত্বা স্বর্গে মহীয়তে॥ ইত্যাদিবচনাচ্চ। কৃতিসামানাধিকরণ্যেন ফলজনকত্বং তথাচ বৈদিককর্ম্মমাত্রমিতি কামনাভেদাৎ উদ্দেশ্যতাসামানাধিকরণ্যেন কৃতিসামানাধিকরণ্যেন চ ফলজনকত্বং ধ্যেয়ম্। সামান্যতঃ সামান্যদ্রব্যমাশ্রিত্য। ভোগাদিকং ভোগ্যাদিকং "কৃদভিহিতো ভাবঃ" ইতি ন্যায়াৎ। অস্মান্ পিতৄন্॥ ১২৩॥

বিচার করিবেনা।" মলমাসে কি কি কর্ম্ম করিবেনা, তাহার প্রসঙ্গ উত্থাপন করিয়া বলা হইয়াছে—"আশ্রমান্তরগ্রহণ, কাম্য বৃষোৎসর্গ এবং নিষ্ক্রম" ইত্যাদি কর্ম্ম মলমাসে নিষিদ্ধ।" দেখ, এই বচনে বৃষোৎসর্গের কেবল মাত্র 'কাম্য' এই বিশেষণ থাকায়, কেবল কাম্য ভিন্ন অপরবিধ বৃষোৎসর্গ যে, মলমাসে করিতে পারিবে, তাহা আপনা হইতেই বুঝাইতেছে। অশৌচান্ত দ্বিতীয় দিন যে, দানের পক্ষে মুখ্য কাল, তাহা রামায়ণে দশরথের মৃত্যু জন্য অশৌচান্ত দ্বিতীয় দিনের বৃত্তান্ত পাঠ করিলে বেশ বুঝা যায়, যথা—"অনন্তর পিতার উদ্দেশে ব্রাহ্মণদিগকে বহু ধন, যান, রত্ন, বাহন, অনেক বলীবর্দ্দ এবং বড় বড় গৃহ দান করিলেন।" বিষ্ণুপুরাণীয় সাধারণ পিতৃগাথাতেও পিতৃগণ তাঁহাদের উদ্দেশে দানের কথা বলিতেছেন, যথা,—"যে ব্যক্তি বিভবযুক্ত হইয়া আমাদের উদ্দেশ্যে রত্ন, বস্ত্র, ভূমি, যান, সকল প্রকার ভোগ্যযুক্ত প্রদান করে ইত্যাদি।" ১২৩।

আদ্যশ্রাদ্ধেতিকর্ত্তব্যতায়াং বরাহপুরাণম্,—

"আসনকোপকল্পেত মন্ত্রেণ বিধিপূর্ব্বকম্।" মন্ত্রস্তু,—

"অত্রাসনে দেবরাজাভ্যনুজ্ঞাতো বিশ্রাম্যতাং দ্বিজবর্য্যানুগ্রহাৎ।
প্রসাদয়ে হ্যাসনং গৃহ্ণ পূতং জ্ঞানাগ্নিপূতেন করেণ বিপ্র" ইতি।

তথা চ,

"আবরণার্থং তচ্ছত্রং ব্রাহ্মণায় প্রদীয়তে।
পশ্চাদুপানহৌ দদ্যাৎ পাদস্পর্শকরে শুভে॥
সন্তপ্তবালুকাং ভূমিমসিকণ্টকিতাং তথা।
সন্তারয়তি দুর্গাণি প্রেতং দদদুপানহৌ॥
তিলোপচারং কৃত্বা তু বিপ্রস্য নিয়তাত্মনঃ।

আদ্যশ্রাদ্ধেতি তথাচাদ্যৈকোদ্দিষ্টম্ আসনাদিরূপষড়ঙ্গকং কর্ত্তব্যমিত্যর্থঃ। হে দ্বিজবর্য্য বিপ্রেত্যন্তেন মন্ত্রেণ কাষ্ঠাদ্যাসনং প্রেতায় দত্ত্বা প্রেতায় কুশাসনং দদ্যাৎ, ততস্তু প্রেতায় ছত্রম্ উপানদ্যুগলঞ্চ দদ্যাৎ। পাদস্পর্শকরে কোমলে। প্রেতমিতি প্রেতায় উপানহৌ দদজ্জনঃ প্রেতং দুর্গাণি সন্তারয়তীত্যর্থঃ। তিলোপচারম্ অর্ঘ্যদানম্।

আদ্যশ্রাদ্ধের ইতিকর্ত্তব্যতা।

বরাহপুরাণে আদ্য শ্রাদ্ধের ইতিকর্ত্তব্যতা এইরূপে লিখিত হইয়াছে,— "আদ্য" শ্রাদ্ধ আসনাদি ষড়ঙ্গদানপূর্ব্বকই কর্ত্তব্য, এই জন্য ঐ বরাহপুরাণেও সর্ব্বাগ্রে আসনদানের কথা বলা হইয়াছে,—যথা "মন্ত্র পাঠ করত যথাবিধি আসন দান করিবে।" আসনদান করিবার সময় এই মন্ত্রটি পাঠ করিবে— "দেবরাজ কর্ত্তৃক অভ্যনুজ্ঞাত হইয়া এই আসনে বিশ্রাম করুন, হে দ্বিজ-বর্য্য (দ্বিজশ্রেষ্ঠ)! বিপ্র, অনুগ্রহপূর্ব্বক প্রসন্ন হৌন, জ্ঞানাগ্নিসম্পর্কে পবিত্রী-ভূত হস্তদ্বারা এই পবিত্র আসন গ্রহণ করুন।" টীকাকার কাশীরাম বলেন, অগ্রে কাষ্ঠাসন দান করিয়া পরে কুশাসন দান করিবে। অনন্তর প্রেতকে ছত্র দান করিয়া, মস্তক আবরণার্থ উহা ব্রাহ্মণের হাতে অর্পণ করিবে। তাহার পর, পাদস্পর্শকর অর্থাৎ কোমল উপানহযুগল প্রদান করিবে। উপা-নহদানকারী ব্যক্তি প্রেতকে যমদ্বারে যাইবার পথমধ্যে স্থিত সন্তপ্তবালুময়ী এবং অসি ও কণ্টকদ্বারা আবৃত ভূমি ও অন্যান্য দুর্গম স্থান পার করে। অনন্তর

নামগোত্রমুদাহৃত্য প্রেতায় তদনন্তরম্।
শীঘ্রমাবাহয়েদ্ ভূমি দর্ভহস্তোঽথ ভূতলে॥"

তচ্ছত্রং প্রেতায় দত্তচ্ছত্রং প্রদীয়তে, উত্তরাপ্রতিপত্তিঃ ক্রিয়তে, প্রেতমিত্যস্য দদদিত্যসম্বন্ধাৎ সম্প্রদানত্বেঽপি "সন্তারয়তী"ত্যভিসন্ধানেন কর্ম্মত্বৈব।

"অপাদানসম্প্রদানকরণাধারকর্ম্মণাম্।
কর্ত্তুশ্চান্যোঽন্যসন্দেহে পরমেকং প্রবর্ত্ততে" ইত্যুক্তেঃ।

প্রেতায়েতি দ্বিতীয়ার্থে চতুর্থী, প্রেতমুদ্দিশ্যেতি বা আবাহয়েৎ "ও ইহলোকং পরিত্যজ্য গতোঽসি পরমাং গতিমি"ত্যনেনাবাহয়েৎ। ইদানীম্ অঙ্গচতুষ্কমুক্তং পশ্চাদঙ্গদ্বয়ং বক্ষ্যতে। তচ্চ গন্ধদানং বস্ত্রালঙ্কারাদিদানঞ্চ। হে ভূমি! স্বীকারানুকূলব্যাপার

হে পৃথিবি, সংযতাত্মা বিপ্রকে অর্ঘ্যদান করিয়া, পরে নাম ও গোত্র উচ্চারণপূর্ব্বক দর্ভপাণি হইয়া ভূতলে অবিলম্বে প্রেতকে আহ্বান করিবে।" বচনে 'তচ্ছত্র' এইরূপ প্রয়োগ থাকায়, উহার অর্থ—পূর্ব্বে প্রেতকে প্রদত্ত ছত্র। যদি বল, ছত্র যদি পূর্ব্বে প্রেতকেই প্রদত্ত হইয়া থাকে, তবে আবার "ব্রাহ্মণায় প্রদীয়তে" (ব্রাহ্মকে প্রদান করিবে) এরূপ বলা হইল কেন? ইহার উত্তর এই যে, ঐ "প্রদীয়তে" এর অর্থ—মন্ত্রপাঠপূর্ব্বক প্রথম উৎসর্গ করা নয়, কিন্তু পরে ব্যবহার করিবার জন্য ব্রাহ্মণের হাতে অর্পণ করা। কেহ আশঙ্কা করিয়াছিল, "প্রেতং দদদুপানহৌ" এস্থলে "প্রেতকে উপানহদ্বয় দানকারী" এইরূপ অর্থই ত করিতে হইবে, তাহ'লে 'প্রেতং' এই পদটীতে দ্বিতীয়া বিভক্তি না হইয়া সম্প্রদানে চতুর্থী বিভক্তিই ত হওয়া উচিত ছিল, ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, 'প্রেতং' এই দ্বিতীয়ান্ত পদটি 'দদৎ)' এই ক্রিয়াপদের সহিত অন্বিত নয়, কিন্তু "সন্তারয়তি" (পার করে) এই ক্রিয়াপদের সহিতই উহার অন্বয়, অর্থাৎ উপানহদ্বয়দানকারী প্রেতকে দুর্গমস্থান পার করে" এইরূপে অন্বয় করিতে হইবে। আর যদিও উহাকে "দদৎ" এই ক্রিয়া যোগে সম্প্রদান কারকের প্রাপ্তি স্বীকার করা যায়, তাহ'লেও পরে "সন্তারয়তি" এই ক্রিয়ার সহিত উহার অন্বয়ের প্রতি লক্ষ্য করিলে উহাকে কর্ম্মকারকের প্রয়োগ করাই উচিত বলিয়া বোধ হইবে। কেন না, ব্যাকরণে একটি নিয়ম করা হইয়াছে,—"অপাদান, সম্প্রদান, করণ, আধার,

ভূমীতি পৃথিব্যাঃ সম্বোধনম্। অত্র চ শ্রাদ্ধপ্রয়োগমধ্যেঽপি বচনাৎ দানাদিক্রিয়া। তথাচ,—

"নৈকস্মিন্ কর্ম্মণি ততে কর্ম্মান্যৎ প্রযুজ্যতে যতঃ" ইত্যনেন ন বিরোধঃ। তিলোপচারমিত্যনেন অর্ঘ্যদানমুক্তম্। মন্ত্রস্তু,—

"ইহলোকং পরিত্যজ্য গতোঽসি পরমাং গতিম্।"

অয়ঞ্চ স্ত্রীশ্রাদ্ধেঽপি অবিকৃত এব পঠনীয়ঃ।

উভয়া প্রতিপত্তিঃ। দ্বয়োর্য়োগে দ্বয়োঃ প্রাপ্তৌ। নৈকস্মিন্নিতি একস্মিন্ কর্ম্মণি ততে বিস্তৃতে সতি কর্ম্মান্তরং ন ক্রিয়তে ইত্যর্থকেন, নৈকস্মিন্ কর্ম্মণি ততে কর্ম্মাণ্যন্তায়তে যত ইত্যনেন ন বিরোধঃ। তথাচাত্র বিশেষবচনাদেব কর্ম্মমধ্যেঽপি কর্ম্মান্তরকরণমিতি ভাবঃ। মন্ত্রস্তু আবাহনমন্ত্রস্তু। স্ত্রীশ্রাদ্ধেঽপীতি এতন্মন্ত্রস্য সামান্যত আদৌ কোদ্দিষ্টমেব প্রকৃতিরতঃ স্ত্রিয়া অপি আদ্যৈকোদ্দিষ্টে গতাসীতি নোহঃ; তথাচ ন প্রকৃতাবূহোঽপূর্ব্বত্বাদিতি অপূর্ব্বত্বাদূহঃ পূর্ব্বাপ্রাপ্তত্বপ্রযুক্ত উহঃ প্রকৃতৌ ন ইত্যর্থঃ।

কর্ম্ম এবং কর্ত্তা, এই ছয়টি কারকের মধ্যে দুইটির বা ততোধিক কারকের কোন একস্থলে প্রাপ্তি হইলে, এই কারিকাতে উহাদের যেরূপ ক্রমে পরে পরে উল্লেখ করা হইয়াছে, তদনুসারে পরোক্ত কারকেরই প্রয়োগ হইবে।" সুতরাং 'প্রেত' এই পদে যুগপৎ সম্প্রদান এবং কর্ম্মের প্রাপ্তি হওয়াতে পরবর্ত্তী কর্ম্মকারককে প্রয়োগ করা ঠিক হইয়াছে। উপরি উক্ত বচনে "শীঘ্র মাহবাহয়েৎ" ভূমি," এই 'ভূমি' পদটি বরাহ কর্ত্তৃক পৃথিবীর সম্বোধন। কেহ আশঙ্কা করিয়াছিল "ধান ভানিতে মহীপালের গীত" এই লৌকিক আভাণকের অনুরূপ "একটি কর্ম্মের অনুষ্ঠানের মধ্যে অপর কর্ম্মের অনুষ্ঠান বিহিত হয় নাই" একটি শাস্ত্রীয় আভাণকও দৃষ্ট হয়, এই বচনানুসারে একবিধ কর্ম্মানুষ্ঠানের মধ্যে অপরবিধ কর্ম্মের অনুষ্ঠান বিরুদ্ধ, সুতরাং শ্রাদ্ধকর্ম্মানুষ্ঠানের মধ্যে যে, দানাদিক্রিয়ার কথা বলা হইয়াছে, উহা শাস্ত্রবিরুদ্ধ। স্মার্ত্ত বলিতেছেন, সত্য বটে, যে স্থলে একটি কর্ম্মের অনুষ্ঠানের মধ্যে শাস্ত্রীয় বচন অনুসারে অপর কর্ম্ম বিহিত হয় নহে, সেই স্থলেই একটি কর্ম্মের অনুষ্ঠানের মধ্যে অপর কর্ম্মের অনুষ্ঠান শাস্ত্রবিরুদ্ধ, তাহাতে সন্দেহ নাই, কিন্তু শ্রাদ্ধ কর্ম্মের মধ্যে যখন শাস্ত্রীয় বিশেষ বচনানুসারে দানাদি ক্রিয়া বিহিত হইয়াছে, তখন এ স্থলে কোন বিরোধের আশঙ্কা নাই। উপরি

"এবমাহ্বাণিতে গন্ধপুষ্পাদীনি সমর্পয়েৎ।" গন্ধমন্ত্রস্তু,—"সর্ব্বস্সুগন্ধ" ইতি। পুষ্পমন্ত্রঃ,—"শ্রিয়ো দেব্যা" ইতি। ধূপমন্ত্রো,—"বনস্পতিরস" ইতি। ইদঞ্চ গন্ধাদিসমর্পণং প্রেতায় গন্ধাদিদানানন্তরং ব্রাহ্মণে কার্য্যম্। লঘুহারীতঃ,—

"সপিণ্ডীকরণং যাবৎ প্রেতশ্রাদ্ধানি ষোড়শ।
পকান্নেনৈব কার্য্যাণি সামিষেণ দ্বিজাতিভিঃ"॥ বৃহস্পতিঃ,—
"বস্ত্রালঙ্কারশয্যাচ্যং পিতুর্যদ্বাহনায়ুধম্।
গন্ধপুষ্পৈঃ সমভ্যর্চ্চ্য শ্রাদ্ধভোক্তে প্রদাপয়েৎ।
ভোজনঞ্চানেকবিধং কারয়েদ্ব্যঞ্জনাদিভি॥" ১২৪॥

প্রকৃতৌ পূর্ব্বাপ্রাপ্তত্বাভাবাদিতি ভাবঃ। আহ্বানিতে আবাহিতে। সর্ব্বঃ সুগন্ধ ইত্যেতাবন্মাত্রমন্ত্রঃ, শ্রিয়া দেব্যা ইত্যেতাবন্মাত্রঃ বনস্পতিরস ইত্যেতাবন্মাত্রঃ এবং জ্যোতিঃপশ্যেতি দীপমন্ত্রো বোধ্যঃ। ইদঞ্চেতি তথাচ অমুকগোত্র প্রেতামুকদেবশর্ম্মন্নে-তানি তে গন্ধপুষ্পধূপদীপাচ্ছাদনানি স্বধা ইত্যুৎসৃজ্য ও সর্ব্বঃ সুগন্ধ ইতি মন্ত্রং পঠিত্বা ও এষ তে গন্ধ ইতি সমর্পয়েৎ এবং ও শ্রিয়া দেব্যা ইতি মন্ত্রং পঠিত্বা ও এতত্তে পুষ্পমিত্যাদিনা সমর্পয়েৎ॥ ১২৪॥

উক্ত বচনে যে "তিলোপচার" কথাটি আছে, তাহার অর্থ "অর্ঘ্যদান।" উপরি উক্ত অর্ঘ্যদানের মন্ত্র যথা—"ইহলোক পরিত্যাগ করিয়া পরম গতি প্রাপ্ত হইয়াছ।" এই মন্ত্রটি স্ত্রীলোকের শ্রাদ্ধেও অবিকল পাঠ করিবে, অর্থাৎ "গতাসি পরমাং গতিম্" এইরূপে স্ত্রীর বিশেষণ করিয়া আর পরিবর্ত্তন করিবেনা। উক্তরূপে নাম ও গোত্রাদির উল্লেখ সহকারে আহূত প্রেতকে গন্ধ পুষ্পাদি দান করিবে। গন্ধদানের মন্ত্র—"সর্ব্বঃসুগন্ধ," পুষ্পদানের মন্ত্র—"শ্রিয়ো দেব্যা" ইত্যাদি, ধূপদানের মন্ত্র—"বনস্পতি রস" ইত্যাদি। উপরে যে, গন্ধ পুষ্পাদিদানের কথা বলা হইল, উহাও অগ্রে প্রেতের উদ্দেশে উৎসর্গ করিয়া পরে ব্রাহ্মণের হস্তে সমর্পণ করিবে। লঘুহারীত বলিয়াছেন,—"এই সপিণ্ডীকরণান্ত ষোলটি প্রেতশ্রাদ্ধ দ্বিজাতিগণের সামিষপকান্ন দ্বারাই কর্ত্তব্য।" বৃহস্পতি বলেন—"শ্রাদ্ধভোজী ব্রাহ্মণকে পিতার বস্ত্র, অলঙ্কার, শয্যা, বাহন এবং আয়ুধ ইত্যাদি সমুদয় প্রদান করিবে। এবং ঐ ব্রাহ্মণকে অনেকবিধ ব্যঞ্জনাদি দ্বারা ভোজন করাইবে।" ১২৪।

অথ দানম্।

তত্র দেবলঃ,—

"অর্থানামুদিতে পাত্রে শ্রদ্ধয়া প্রতিপাদনম্।

দানমিত্যভিনির্দ্দিষ্টং ব্যাখ্যানং তস্য বক্ষ্যতে॥"

অর্থানাং দ্রব্যাণাম্, উদিতে শাস্ত্রকথিতে, শ্রদ্ধা দেবলোক্তা।—

"সংকৃতিশ্চানসূয়া চ সদা শ্রদ্ধেতি কীর্ত্তিতা।" অতএব ভগবদ্গীতাসু,—

"অশ্রদ্ধয়া হুতং দত্তং তপস্তপ্তং কৃতঞ্চ যৎ।

প্রতিগ্রহঘটিতং প্রতিগ্রহনিষ্পাদ্যম্। পিত্রা প্রদত্তাং কন্যামিত্যর্থঃ। অত্র তৎপ্রত্যয়েন দানস্যাতীতত্বং বোধ্যতে, আদায়েত্যনেন চ পশ্চাৎ স্বীকারো বোধিতঃ। দত্ত্বেত্যত্র ক্ত্বাপ্রত্যয়েন দানে স্বীকারপ্রাক্কালীনত্বং বোধ্যতে। দানমিতি সংকৃতির্ম্মানপূজনমনসূয়া দ্বেষাভাবঃ, তথাচ তদনুকূলকৃতিস্বরূপসম্বন্ধঘটিতসামানাধিকরণ্যসম্বন্ধেন পূজাবিশিষ্টদ্বেষাভাবঃ শ্রদ্ধাপদার্থঃ, পূজা চ গৌরবিতপ্রীতিহেতুক্রিয়েতি বোধ্যম্। স চ

দান।

এক্ষণে দান সম্বন্ধে কিছু বলা যাইতেছে—মহর্ষি দেবল দানের এইরূপ পরিভাষা করিয়াছেন, যথা—"শাস্ত্রে যেরূপ পাত্র দানের উপযুক্ত বলিয়া কথিত হইয়াছে, তাদৃশ পাত্রে শ্রদ্ধা সহকারে অর্থের প্রতিপাদন করার নামই দান; পরে এই দানের ব্যাখ্যান করিতেছি।" এই বচনস্থিত অর্থ শব্দের অর্থ—দ্রব্য (ধনাদি), 'উদিত' শব্দের অর্থ—শাস্ত্রে দানের পাত্র বলিয়া নির্দ্দিষ্ট, শ্রদ্ধার পরিভাষা ঐ দেবলই করিয়াছেন, যথা—"সংকৃতি (পূজন অর্থাৎ আদর) এবং অনসূয়া (দ্বেষাভাব, ভিতরে কোনরূপ বিরক্তি বা অনাদর না থাকা) এই দুইটি মিলিত হইয়া শ্রদ্ধা নামে অভিহিত হয়, অর্থাৎ কেবল মৌখিক আদর প্রদর্শনের নাম শ্রদ্ধা নয়, অন্তরের সহিত আদর প্রদর্শন করাকেই 'শ্রদ্ধা' বলে। এইরূপ শ্রদ্ধার সহিত দান আবশ্যক বলিয়াই ভগবদ্গীতাতে শ্রীভগবান্ বলিতেছেন—"হে পার্থ, অশ্রদ্ধা সহকারে যাহা হুত, বা দত্ত

অসদিত্যুচ্যতে পার্থ ন চ তৎ প্রেত্য নেহ চ॥" হরিবংশে বলিং প্রতি ভগবদ্বাক্যম্,—

"অশ্রোত্রিয়ং শ্রাদ্ধমধীতমব্রতং ত্বদক্ষিণং যজ্ঞমনৃত্বিজাহুতম্।
অশ্রদ্ধয়া দত্তমসংস্কৃতং হবির্ভাগাঃ ষড়েতে তব দৈত্যসত্তম॥"

"প্রতিপাদনং" স্বীকরণং, পাত্রায়ত্তীকরণমিতি যাবৎ। তেন শাস্ত্রোক্তসম্প্রদানস্বত্বাবচ্ছিন্নদ্রব্যত্যাগো দানম্। ততশ্চ "উদ্দেশ্যপাত্রবিশেষো যদি ন স্বীকরোতি তদা সোপাধি-

---

আজ্যসংস্কারেরও ত প্রাপ্ত হইয়াছিল, তবে আবার বৃষোৎসর্গবিষয়ক সূত্রে যে, নূতন করিয়া আজ্যসংস্কারের কথা বলিয়া 'রতি' এই মন্ত্র দ্বারা ছয়টি আহুতি দিবার বিধান করা হইয়াছে, তাহাতে ইহাই বুঝাইতেছে যে, আজ্য-সংস্কারের অব্যবহিত পরেই 'রতি' এই মন্ত্র দ্বারা ছয়টি আহুতি প্রদান করিবে; তাহার পর আঘার ও আজ্যভাগ নামক হোম করিয়া পায়স দ্বারা নয়টি আহুতি প্রদানপূর্ব্বক 'পূষা গা' এই মন্ত্র দ্বারা পৌষ্ণ হোম করিবে।" বাচস্পতিমিশ্রের এই মত খণ্ডন করিতে প্রবৃত্ত হইয়া স্মার্ত্ত বলিতেছেন—হোম মাত্রেই আজ্য-সংস্কারের বিদ্যমানতা থাকিলেও বৃষোৎসর্গবিষয়ক সূত্রে আজ্যসংস্কারের কথা নূতন করিয়া বলিবার তাৎপর্য্য এই যে, বৃষোৎসর্গে গোযজ্ঞের অতিদেশ দ্বারা অর্থাৎ গোযজ্ঞের ইতিকর্ত্তব্যতার বরাত দেওয়ায়, গোযজ্ঞে যেমন পায়সদ্রব্য দ্বারা হবন উক্ত হইয়াছে, বৃষোৎসর্গেও সেইরূপ পায়স দ্রব্য দ্বারাই হবনের প্রাপ্তি হইয়াছিল, সেই পায়স দ্রব্যের পরিবর্ত্তে আজ্য দ্বারাই যে বৃষোৎসর্গে হবন করিতে হইবে, ইহা বুঝাইবার জন্যই পারস্করের সূত্রে "আজ্যসংস্কার করিয়া উহাতে "রতি" ইত্যাদিরূপ বিধান করার স্বতন্ত্র প্রয়োজন দৃষ্ট হইতেছে। আরও একটী দোষ আছে "সংস্কৃত্য—ষড়াহুতীঃ জুহোতি (আজ্যসংস্কার করিয়া

বাধাপত্তেশ্চ। এতানি চ তেনাপি পূর্ব্বমুক্তানি। যত্তু "পৌষ্ণস্য শ্রপণানুপদেশাদন্যত্র সিদ্ধস্যৈবাসাদন"মিত্যাহু-স্তদপি ন যুক্তং, "পৌষ্ণস্য জুহোতী"তি পৃথগুপাদানস্য পিষ্ট-

---

ভদনন্তরঞ্চ প্রকৃতহোমবিধানং তন্মধ্যতস্ত অন্যাহুতীনাং বিধানে তদ্বাধঃ স্যাদিতি ভাবঃ। ননূপযমনকুশাদানাদীনামপি বাধো মিশ্রস্য ইষ্ট এব, তত্রাহ তানি চেতি। তেনাপি মিশ্রেণাপি। পূর্ব্বম্ ইহরত্যাদিষড়াজ্যাহুতীভ্যঃ পূর্ব্বম্। অসিদ্ধস্যেতি অপক্বস্যেত্যর্থঃ। সিদ্ধস্যেতি পাঠে অন্যত্র সিদ্ধস্যেত্যর্থঃ। ইত্যাহুরিতি বাচস্পতিমিশ্রা ইত্যর্থঃ।

ছয়টি আহুতি প্রদান করিবে), এই বিধানে আজ্যসংস্কারের অব্যবহিত পরেই যে, ষড়াহুতি প্রদান করিবে, এমন কিছু বুঝাইতেছেনা, 'আজ্যসংস্কার করিয়া' এই পদে যে, ক্ত্বা' প্রত্যয় আছে, তাহার অর্থ "আনন্তর্য্য" মাত্র, অব্যবহিত পরেই, এরূপ অর্থ করিতে যাও কেন? এরূপ অর্থ করিলে, কতকগুলি দোষ হয়। প্রথমে দেখ, তুমি যে, আঘার ও আজ্যভাগের পর পায়স দ্বারা নয়টি আহুতি দিবার ক্রম বলিতেছ, সেই ক্রমের অনুসরণ করিলে, সাংখ্যায়ন যে, আঘার এবং আজ্যভাগের পরই "প্রকৃত হোমের উত্তরে আগ্নেয় দেবতার উদ্দেশে হোম, এবং দক্ষিণে সৌম্য (সোম দেবতার উদ্দেশে) হোম এবং মধ্যে অন্য আহুতি প্রদান করিবে," এই সূত্র দ্বারা আজ্যভাগহোমস্থানের মধ্যস্থলে অন্য হোমের বিধান করিয়াছেন, তাহার বাধ হইয়া পড়ে! শুধু তাহাই নহে, আঘার এবং আজ্যভাগের অব্যবহিত পরেই ষড়াহুতি দিবার ব্যবস্থা করিলে, আজ্য ভাগের পর এবং ষড়াহুতি দিবার পূর্ব্বে, উপযমন কুশাদান, সমিধ্ আদান এবং অগ্নিপর্য্যুক্ষণের অনুষ্ঠান যে কর্ত্তব্য বলিয়া বিহিত হইয়াছে, সে ক্রমেরও বাধ হইয়া পড়ে। যদি বল, ইষ্টাপত্তি অর্থাৎ বাধ হইলেই বা ক্ষতি কি? তাহা বলিতে পারনা; কারণ বাচস্পতিমিশ্র মহাশয়ও আজ্যভাগের পর এবং এই ষড়াহুতির পূর্ব্বে ঐ কার্য্যগুলির কর্ত্তব্যতা প্রতিপাদন করিয়াছেন। আরও একটি কথা এই যে, ঐ বাচস্পতিমিশ্রই বলিয়াছেন, "পূষন্ দেবতার উদ্দেশে পৃথক্ চরুপাকের বিধান না থাকায়, অন্য দেবতার উদ্দেশে পক্ব-চরুরই গ্রহণ করিতে হইবে।" এব্যবস্থাও যুক্তিযুক্ত নহে, কারণ "পূষন্ দেবতার উদ্দেশে হোম করিবে," এই পৃথক্ হোমের বিধান দ্বারাই পূষন্ দেবতার উদ্দেশে যে, পিটুলীর চরু পাক করিতে হইবে, ইহাই বুঝাইতেছে; এরূপ না বলিলে, অর্থাৎ পৌষ্ণ চরু পৃথক্‌রূপে বিহিত হইয়াছে, এরূপ

চর্ব্বণত্বাচ্চ । অন্যথা ছন্দোগানামিব তণ্ডুলচরুঃ স্যাৎ । যথা,—

"যদ্যপ্যদন্তকঃ পূষা পৈষ্টমত্তি সদা চরুম্ ।

অগ্নীন্দ্রেশ্বরসামান্যাত্তণ্ডুলোঽত্র বিধীয়তে ॥" ইতি ছন্দোগপরিশিষ্টাৎ, "পৈষ্টং চরুমিত্য"ত্র চরুশব্দস্য সংস্কারবিশেষসংস্কৃতান্নবাচিত্বেন চরুপরিভাষাপ্রাপ্তে বাধস্যাযুক্তত্বাচ্চ । অতএব শ্রপণমপ্যাহ বিষ্ণুঃ, "অগ্নিং পরিস্তীর্য্য পৌষ্ণং শ্রপয়িত্বা পূষা গা ইতি মন্ত্রেণ" ন চৈতৎ কঠশাখিমাত্রপরম্, অন্যোক্তস্যাপ্যাকাঙ্ক্ষিতত্বেনান্যত্রান্বয়াৎ তথাচ ছন্দোগপরিশিষ্টম্—

ছন্দোগানামিতি দৃষ্টান্তো দত্তঃ, তৎসিদ্ধার্থং ছন্দোগানাং তণ্ডুলচরুপ্রমাণমাহ যদীতি । ননু পৈষ্টং চরুমিত্যত্র অপর এব চরুঃ গৃহ্যতাং, যথাকথঞ্চিৎ পক্কো বা গ্রাহ্যঃ, তত্রাহ সংস্কারেতি । পূষা গা ইতি মন্ত্রেণ জুহুয়াদিত্যর্থঃ । যত্র প্রয়োজনাভাবে ইতি অব-

---

না বলিলে, ছন্দোগদিগের (সামবেদীয়দিগের) ন্যায় তণ্ডুলচরু দ্বারাই পৌষ্ণ হোম করিবার প্রসক্তি হইয়া পড়ে। সামবেদীয়গণ যে, তণ্ডুল চরু দ্বারা পূষন্ দেবতার হোম করিয়া থাকে, তদ্বিষয়ে ছন্দোগপরিশিষ্টের একটি বিশেষ বচন দৃষ্ট হয়, যথা—"যদিও পূষন্ দেবতা দন্তহীন বলিয়া পৈষ্ট চরুই ভক্ষণ করেন, তথাপি অগ্নি, ইন্দ্র এবং ঈশ্বরের সহিত একচরু দ্বারাই তাঁহার হোম বিধান করায় তণ্ডুলচরুদ্বারাও তাঁহার হোম করা যাইতে পারে।" যদি বল, "পৈষ্টচরু" পিটুলীর চরু একথাটাই ত "সোণার পাথরবাটীর" মত অযৌক্তিক, কারণ চরু শব্দটি সংস্কারবিশেষ দ্বারা সংস্কৃত অন্নেরই বাচক, তথাপি শাস্ত্রে যখন "পৈষ্টচরু" এইরূপ কথাই ব্যবহৃত হইয়াছে, তখন উহাকে পারিভাষিক চরু বলিতে কোন বাধা দেখিতে পাওয়া যায় না। অতএব যখন পূষার জন্য পিটুলীর চরু করাই আবশ্যক হইল, তখন তাহাকে পাক করিয়া লইবার কথাও বিষ্ণু বলিয়াছেন, যথা—"অগ্নি যথাবিধি স্থাপিত করিয়া পূষা দেবতার উদ্দেশে চরুপাক করিয়া, 'পূষা গা' এই মন্ত্রদ্বারা হোম করিবে।" এই পিটুলীর চরু দ্বারা পূষার হোম করা কঠশাখায় উক্ত হইলেও পূষার হোমের নিমিত্ত যখন পৈষ্ট চরু আকাঙ্ক্ষিত (আবশ্যক), তখন অন্য শাখীদিগেরও যে, উহা করিতে হইবে, ইহা শাস্ত্রাভিমত। অপর শাখায় উক্ত

"যন্নাম্নাতং স্বশাখায়াং পরোক্তমবিরোধি চ।
বিদ্বদ্ভিস্তদনুষ্ঠেয়মগ্নিহোত্রাদিকর্ম্মবৎ॥"

এবমেব হরিশর্ম্মপ্রভৃতয়ঃ। চরুবিধৌ বিদ্যাকরবাজপেয়ী "শাস্ত্রাবধারণবেলায়াং হি যত্র প্রয়োজনাভাবাদিনিশ্চয়স্তত্রৈব তদুপাদানাদিলোপঃ শাস্ত্রার্থঃ। যথা কৃষ্ণলে অবঘাতাদিলোপঃ। যত্র তু তদনুষ্ঠানবেলায়ামেব পুরুষদোষেণ

বিতুষীকরণদ্বারা যাগোপকারকতা, কৃষ্ণলস্থলে তু তাদৃশদ্বাররূপপ্রয়োজনাভাবনিশ্চয়ঃ প্রাগেব ইতি ভাবঃ। কৃষ্ণলে ইতি কৃষ্ণলান্‌ শ্রপয়েদিতি ব্রীহিবিকৃতিযাগে শ্রূয়তে, কৃষ্ণলশ্চ কলায়াকারঃ পঞ্চরত্তিকাপরিমিতস্বর্ণনির্ম্মিতঃ, তত্র যাগে প্রকৃতিবদ্বিকৃতিরিতি ন্যায়েন ব্রীহিধর্ম্মাবঘাতপ্রাপ্ত্যা তুষাভাবেঽপ্যদৃষ্টার্থং কৃষ্ণলেঽবঘাতঃ কর্ত্তব্য ইতি পূর্ব্বপক্ষে সিদ্ধান্তসূত্রদ্বারা সম্ভবাদিতি অবঘাতস্য বৈতুষ্যং দ্বারং, তস্য কৃষ্ণলে স্বতঃসিদ্ধত্বাৎ অবঘাতো ব্যর্থঃ, ন চাদৃষ্টার্থঃ কর্ত্তব্যঃ, দৃষ্টার্থকত্বে সম্ভবতি অদৃষ্টার্থকল্পনায়া

হইলেও অবশ্য কর্ত্তব্য কর্ম্ম যে কর্ত্তব্য, তাহা ছন্দোগপরিশিষ্টে বলা হইয়াছে, যথা—"যাহা নিজ শাখায় উক্ত হয় নাই, কিন্তু অন্য শাখায় অবশ্য কর্ত্তব্য বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে, অথচ যে কর্ম্মটি অবিরোধী অর্থাৎ তাহা করিলে, কোনরূপ শাস্ত্রের বিরুদ্ধাচরণ করা হয় না। বিদ্বান্‌গণ অগ্নিহোত্রাদি কর্ম্মের ন্যায়, সেইরূপ কার্য্যের অনুষ্ঠানও করিবেন।" হরিশর্ম্মা প্রভৃতিরা এইরূপ ব্যবস্থাই করিয়াছেন। চরু প্রস্তুত করার প্রকরণে বিদ্যাকর বাজপেয়ী এইরূপ বলিয়াছেন—"শাস্ত্রের অভিপ্রায় নির্ণয় করিবার সময় যে সকল শাস্ত্রোক্ত কার্য্যের কোনরূপ প্রয়োজন লক্ষিত হইবে না, সেইরূপ কার্য্যসকল ছাড়িয়া দেওয়াই শাস্ত্রের অভিপ্রায় বুঝিতে হইবে। যেমন অবঘাতের অনুষ্ঠান করা হয় না। ইহার তাৎপর্য্য এই যে, যজ্ঞবিশেষে ব্রীহির (ধানের) পরিবর্ত্তে কৃষ্ণল ব্যবহার করিবার কথা বলা হইয়াছে, কৃষ্ণল শব্দের অর্থ কাশীরাম পঞ্চরত্তিপরিমিত সুবর্ণনির্ম্মিত কলায়াকার বস্তু, এইরূপ করিয়াছেন, রাধাচরণ গোস্বামী উহার অর্থ লৌহকলায়, এইরূপ করিয়াছেন। যাহাই হোক, উহা যখন ব্রীহির প্রতিনিধি স্বরূপ, তখন শাস্ত্রে ব্রীহিবিষয়ে অবঘাত (মুষলাঘাতদ্বারা তুষ কাঁড়ান) রূপ ক্রিয়াটি বিহিত হইয়াছে, কৃষ্ণলেও সেইরূপ অবঘাত ক্রিয়ার প্রাপ্তি হইয়াছিল, কিন্তু অবঘাতের একমাত্র প্রয়োজন

প্রয়োজনাভাবো জ্ঞায়তে, তদা তৎপ্রাক্ তন্নিশ্চয়াৎ শাস্ত্র-প্রাপিতঃ পদার্থো নিয়মাপূর্ব্বমাত্রার্থমনুষ্ঠেয় এব। অতএব প্রকৃতেহপ্যালস্যাদিনা ব্রীহ্যাদিস্থানে তণ্ডুলাদিষু গৃহীতেষু, অবঘাতাদি সমাচরন্তি যাজ্ঞিকাঃ, পঠন্তি চ,—

"ঘাতে ন্যূনে তথা ছিন্নে দাম্নাদ্যো মান্ত্রিকে তথা।

অন্বাখ্যাতাদিতি। অনুষ্ঠানবেলায়ামেব ন তু শাস্ত্রাবধারণবেলায়ামিত্যর্থঃ। প্রাপিতি শাস্ত্রাবধারণবেলায়ামিত্যর্থঃ। তন্নিশ্চয়াৎ প্রয়োজননিশ্চয়াৎ। নিয়মাপূর্ব্বেতি সংস্কৃতা এব ব্রীহয়ো যজ্ঞায় কল্প্যন্তে ইতি নিয়মপ্রতিপাদ্যাপূর্ব্বেত্যর্থঃ। অতএব শাস্ত্রপ্রতিপাদিত-পদার্থস্যাবশ্যানুষ্ঠেয়ত্বাদেব। প্রকৃতাবপি প্রকৃতীভূতযাগেহপি। মান্ত্রিকে ঘাতে ন্যূনে

তুষ কাঁড়ান বই আর কিছুই নহে, কাজেই কুক্ষলে তুষ না থাকায়, উক্ত প্রয়োজনের অভাব নিবন্ধন অবঘাতও করা হয় না। কিন্তু যে স্থলে কর্ম্মানু-ষ্ঠানের সময়, পুরুষ অর্থাৎ আহরণকর্ত্তার দোষে (ভ্রমবশতঃ) আহৃত বস্তুতে শাস্ত্রোক্ত ক্রিয়ার প্রয়োজনাভাব লক্ষিত হইবে, সে স্থলে শাস্ত্রাভিপ্রায় নির্ণয় করিবার সময়ই উক্ত ক্রিয়া কর্ত্তব্য বলিয়া নিশ্চয় থাকায়, মাত্র নিয়ম পালনজন্য অদৃষ্টফল লাভার্থ, শাস্ত্রোক্ত ক্রিয়ার অনুষ্ঠান অবশ্য কর্ত্তব্য।" এই কথাটি একটু বিশদরূপে বুঝাইলে মন্দ হইবে না। শাস্ত্রে যে স্থলে ব্রীহির পরিবর্ত্তে কুক্ষলের ব্যবহার করিতে বলা হইয়াছে, সে স্থলে তুষ-কাঁড়ানরূপ অবঘাত ক্রিয়ার প্রয়োজন না থাকায় উহা না করাই শাস্ত্রাভিপ্রেত বলিয়া বুঝা যাইতেছে, কিন্তু যে স্থলে ব্রীহিরই (ধান্যেরই) ব্যবহার করিতে বলা হইয়াছে, অথচ, কর্ম্মকর্ত্তা তণ্ডুল (কাঁড়ান চাউল) আনিয়া হাজির করি-য়াছে, এস্থলে কর্ম্মানুষ্ঠানের সময়ই তণ্ডুলে অবঘাত ক্রিয়া সম্পূর্ণ নিষ্প্রয়োজন বলিয়া প্রতীত হইতেছে। কিন্তু যতক্ষণ কার্য্যক্ষেত্রে তণ্ডুল আনিয়া হাজির হয় নাই, ততক্ষণ অবধি শাস্ত্রোক্ত অবঘাত ক্রিয়া যে অবশ্য করিতে হইবে, এইরূপ নিশ্চয়ই ছিল, এক্ষণে কার্য্যকালে চাউল দেখিয়া অবঘাত নিষ্প্রয়োজন বলিয়া বোধ হইতেছে; হইলেও মাত্র শাস্ত্রোক্ত নিয়মপালন জন্য অবঘাত অবশ্য কর্ত্তব্য। এই হেতুই আয়োজন কর্ত্তার আলস্যাদি দোষবশতঃ ব্রীহিস্থানে তণ্ডুলের সংগ্রহ করা হইলেও যাজ্ঞিকগণ ঐ তণ্ডুলেতেই মন্ত্র পাঠ করত অবঘাত ক্রিয়া করিয়া থাকেন, তাঁহারা এই বচনটিও পাঠ করেন,—"মন্ত্র উচ্চারণপূর্ব্বক নিষ্পাদ্য অবঘাতাদি কার্য্য

যজ্ঞে মন্ত্রাঃ প্রয়োক্তব্যাঃ মন্ত্রা যজ্ঞার্থসাধকাঃ ॥"

অস্মিংস্তু কল্পে মন্ত্রার্থজ্ঞানস্য নাত্যুপযোগঃ। "ইত্থমেবেদানীং প্রয়োগানুষ্ঠান"মিত্যাহ ॥ ১৪৭ ॥

যত্তুপরম অগ্নেঃ প্রাগগ্রৈর্দর্ভৈরীশানাৎ সৌম্যান্তং যজুর্ব্বেদিকপরিস্তরণমাহুস্তদপি ন যুক্তং, "সর্ব্বাশ্চাগ্নিতো দক্ষিণতঃ

সত্যর্থঃ। এবমচ্ছিদ্রে ইত্যাদৌ বোধ্যঃ। শান্তেঽবঘাতে। ন্যূনে মন্ত্রপাঠশূন্যে। ছিন্নে পবিত্রাদৌ। সামান্যে হবিষি। যাজ্ঞিকে মন্ত্রাদৌ। যজ্ঞার্থস্য যজ্ঞকর্ম্মপরম্পরাপূর্ব্বস্য অঙ্গাপূর্ব্বজননদ্বারা সাধকা ইত্যর্থঃ। অস্মিংস্তিতি বিতুষীকরণরূপদৃষ্টার্থতায়া অদৃষ্টার্থকত্বা যদা স্মার্ত্ত্বা দ্রব্যপ্রকাশনার্থং মন্ত্রার্থজ্ঞানাপেক্ষাস্তি অস্মিংস্তু, কল্পেঽবঘাতাদৌ ন্যূনে সতি যজ্ঞকালে মন্ত্রপাঠকল্পে ইত্যর্থঃ। ইত্যাহেতি বিদ্যাকরবাজপেয়ী স্থিতানেন পূর্ব্বেণান্বিতম্ ॥ ১৪৭ ॥

যত্তু অপরমাহুরিত্যাশয়ঃ। বাচস্পতিমিশ্রা ইত্যর্থঃ। যথা আদৌ তঃ পরিস্তরণাদি দক্ষিণতঃ

যদি ন্যূন হয়, অর্থাৎ মন্ত্র না পড়িয়াই উহাদের অনুষ্ঠান করা হয়, এবং পবিত্রাদি দ্বারা হবির বিভাগসময়ও যদি যথাযথ মন্ত্র পাঠ করা না হয় তাহ'লে বিশেষ ক্ষতি হইবে না; কিন্তু ঐ মন্ত্রগুলির যজ্ঞানুষ্ঠানকালে পাঠ করিতে হইবে, কারণ মন্ত্র সকল যজ্ঞার্থের সাধক।" ইহার তাৎপর্য্য এই, ব্রীহিস্থলে তণ্ডুল আনিলে, তাহা দ্বারা কার্য্য হইবে কিরূপে? মন্ত্র উচ্চারণপূর্ব্বক অবঘাত দ্বারা তুষ কাঁড়াইয়া লওয়াই ত শাস্ত্রসম্মত কার্য্য, তণ্ডুলের তুষ কাঁড়ান কিছু পূর্ব্বে সেরূপ মন্ত্রপূর্ব্বক অবঘাত ক্রিয়া দ্বারা করা হয় নাই, তবে সেরূপ তণ্ডুল দ্বারা কার্য্য হয় কিরূপে? এই আপত্তি খণ্ডনের জন্যই যাজ্ঞিকেরা তণ্ডুল ব্যবহার করিবার উক্ত বচনটি পাঠ করিয়া থাকেন। ইহার তাৎপর্য্য—মন্ত্রপূর্ব্বক অবঘাত দ্বারা তুষ কাঁড়ান না হইলেও তণ্ডুলের উপর অবঘাত মন্ত্র পাঠ করিলেই ফলের কোনরূপ অন্যথা হইবে না। এইরূপ পক্ষাবলম্বীদিগের মতে মন্ত্রের উচ্চারণ মাত্রেই কার্য্যের সাফল্য হয়, মন্ত্রার্থ-জ্ঞানের কোন উপযোগিতা নাই। আজকাল কার্য্যের অনুষ্ঠান এইরূপই হইয়া থাকে অর্থাৎ একণে মন্ত্রপাঠ সহকারে অবঘাত দ্বারা ব্রীহিকে তুষশূন্য করা হয় না, কিন্তু তণ্ডুলের উপরই মন্ত্র পাঠ করিয়া অবঘাত করা হয়। এই অবধি বাজপেয়ীর কথাই বলা হইল। ১৪৭।

একণে আবার বাচস্পতিমিশ্রের আর একটি ব্যবস্থার দোষ দিতেছেন,—

প্রবৃত্তয়ঃ উদক্সংস্থা ভবন্তী”তি সাংখ্যায়নবিরোধাৎ। ততশ্চা”গ্নেয়াদীশানং, ব্রহ্মণোঽগ্নিপর্য্যন্তং, নৈঋতাদ্বায়ব্যান্তম্, অগ্নেঃ প্রণীতাপর্য্যন্তং পরিস্তরণং” রামদত্তাদ্যুক্তং যুক্তম্ ॥১৪৮॥

আচার্য্যলক্ষণন্তু ছন্দোগপরিশিষ্টে,—

“উদাহরতি বেদার্থান্ যজ্ঞবিদ্যাং স্মৃতীরপি।
শ্রুতিস্মৃতিসমাপন্নমাচার্য্যং তং বিদুর্ব্বুধাঃ ॥”

দক্ষিণাং দিশমারভ্য প্রবৃত্তয়ঃ উদক্সংস্থাঃ উত্তরাদিক্পর্য্যন্তাঃ পরিপাট্যাঃ দক্ষিণতঃ প্রবৃত্তির্যাসাং তাঃ. ঈশানাদুত্তরাবধিকাস্তরণে তদর্থন্ত্যানি গ্রাহ্যং ঈশানস্য সৌম্যাপেক্ষয়া দক্ষিণত্বাভাবাৎ সৌম্যস্যাপি ঈশানাপেক্ষয়া উত্তরত্বাভাবাৎ রামদত্তাদিমতং তু সম্যক্, যতঃ ঈশানস্যাগ্নেয়ং দক্ষিণং, তস্যাপি তদুত্তরম্, এবং বায়ব্যস্যাপি নৈঋতং দক্ষিণং, নৈঋতস্যাপি বায়ব্যম উত্তরং, প্রণীতায়াশ্চাগ্নির্দক্ষিণঃ, এবমপরত্র ॥ ১৪৮

বৃষবৎসতরীণ মলঙ্কারং বাসসী আচার্য্যায় প্রযচ্ছেৎ সাংখ্যেতি পূর্ব্বমুক্তং, তত্রাচার্য্যস্য লক্ষণমেতদর্থঃ। আচার্য্য তমিতি তথাচাত্রাচার্য্যপদেন তদর্থকো গৃহীতঃ,

আরও দেখ, বাচস্পতিমিশ্র যে, বৃষোৎসর্গীয়কর্ম্মের সম্বন্ধে অগ্নির ঈশান কোণ হইতে দক্ষিণ দিক্ পর্য্যন্ত প্রাগগ্র (পূর্ব্বদিকে অগ্রবিশিষ্ট) কুশ বিছাইবার কথা বলিয়াছেন, তাহাও যুক্তিযুক্ত নহে; কারণ, ঐরূপ ব্যবস্থা করিলে “সমুদয় আস্তরণ কুশ দক্ষিণ হইতে আরব্ধ হইয়া ক্রমশঃ উত্তরে আস্তীর্ণ হইবে।” এই সাংখ্যায়নসূত্রের সহিত বিরোধ ঘটে। অতএব রামদত্ত প্রভৃতি যে, “অগ্নিকোণ হইতে ঈশানকোণ পর্য্যন্ত, ব্রহ্মা হইতে অগ্নি পর্য্যন্ত, নৈঋতকোণ হইতে বায়ুকোণ পর্য্যন্ত, এবং অগ্নি হইতে প্রণীতা পর্য্যন্ত কুশাস্তরণের ব্যবস্থা বলিয়াছেন, তাহাই যুক্তিযুক্ত, কারণ তাহা হইলেই কুশাস্তরণ দক্ষিণ হইতে আরব্ধ হইয়া উত্তরদিকেই হইতে থাকে ॥ ১৪৮ ॥

পূর্ব্বে যে বৃষবৎসতরীদিগের অলঙ্কার বস্ত্রযুগ্ম এবং দক্ষিণাস্বরূপ একটি গোরু আচার্য্যকে প্রদান করিবার কথা বলা হইয়াছে, ঐ আচার্য্যের লক্ষণ ছন্দোগপরিশিষ্টে এইরূপ করা হইয়াছে,—“যে ব্যক্তি বেদের অর্থ, যজ্ঞানুষ্ঠানের শাস্ত্র, এবং স্মৃতি সম্যক্রূপে জ্ঞাত হইয়া কার্য্যকালে উহাদের প্রমাণ প্রদর্শন করিতে সমর্থ এবং স্বয়ং বেদ ও স্মৃতিতে উল্লিখিত কর্ম্ম সকলের যথাযথ অনুষ্ঠাতা, তাঁহাকেই পণ্ডিতগণ আচার্য্য বলিয়াছেন।” কাশীরাম বলেন—“আচার্য্য

শ্রুতিস্মৃতিসমাপন্নং শ্রুতিস্মৃত্যুক্তকর্ম্মযুক্তম্ । আহতবস্ত্রমাহ বশিষ্ঠঃ,—

"ঈষদ্ধৌতং নবং শ্বেতং সদশং যন্ন ধারিতম্ ।

আহতং তদ্বিজানীয়াৎ সর্ব্বকর্ম্মসু পাবনম্ ॥"

ঈষৎ সূক্ষ্মতন্তুকম্ । ন চ "ব্রহ্মৈব বৈদিক ঋত্বিক্ পাকযজ্ঞে স্বয়ং হোতে"তি গোভিলসূত্রাৎ,—

"ব্রহ্মণে দক্ষিণা দেয়া যত্র যা পরিকীর্ত্তিতা ।

কর্ম্মান্তেঽনুচ্যমানায়াং পূর্ণপাত্রাদিকা ভবেৎ ॥" ইতি ছন্দোগপরিশিষ্টাচ্চ, ব্রহ্মণে সুবর্ণদক্ষিণা দেয়েতি

তস্মৈ বৃষালঙ্কারাদিকং দেয়মিত্যর্থঃ । 'পরিধাপ্যাহতে শুক্লবাসসী হেমপট্টকে' ইত্যুক্তং, তত্রাহতলক্ষণমাহ ঈষদ্ধৌতমিতি । ব্রহ্মৈবৈক ঋত্বিগিতি ন তু সদস্যাদি ঋত্বিগিত্যর্থঃ । তথাচ ছন্দোগপরিশিষ্টং,—স্বয়ং চেদুভয়ং কুর্য্যাদিতি,—উভয়ং ব্রহ্মত্বং হোতৃত্বঞ্চ । স্বয়ং হোতা যজমানহোতা । কর্ম্মান্তে দক্ষিণা দেয়েত্যন্বয়ঃ । অনুচ্যমানায়াং বিশিষ্য

পদটি তন্ত্রধারকেরই বাচক । পূর্ব্বে যে বৃষকে 'আহত' বস্ত্র পরিধান করাইবার কথা বলা হইয়াছে, বশিষ্ঠ ঐ আহত বস্ত্রের লক্ষণ এইরূপ করিয়াছেন, যথা—"সূক্ষ্মসূত্রে নির্ম্মিত, ধৌত (কাচা), নূতন সাদা ছিলা বা আঁচলা যুক্ত, এবং পূর্ব্বে যাহা ব্যবহৃত হয় নাই, এইরূপ বস্ত্রকে আহত বস্ত্র বলে ।" * কেহ আপত্তি করিয়াছিল, "বৈদিক কর্ম্মে ব্রহ্মাই ঋত্বিক্ (তন্ত্রধারক) হইবে, এবং পাকযজ্ঞে কর্ত্তা নিজেই হোতা হইবে," এই গোভিলসূত্রোক্ত বিধানানুসারে, এবং "যে কর্ম্মের জন্য যেরূপ দক্ষিণা দিবার কথা বলা হইয়াছে, কর্ম্মের অন্তে তাহা ব্রহ্মাকেই প্রদান করিবে, যে, স্থলে দক্ষিণার স্বরূপ বিশেষরূপে কথিত হয় নাই, সে স্থলে পূর্ণপাত্রই দক্ষিণা দিবে ।" এই ছন্দোগপরিশিষ্টের বচন অনুসারেও কর্ম্মমাত্রের দক্ষিণা ব্রহ্মাকে দিবার কথা থাকায়, সুবর্ণ

---

* বশিষ্ঠের "ঈষৎ" কথাটির স্মার্ত্ত "সূক্ষ্মসূত্রনির্ম্মিত" এইরূপ অর্থ করিলেও আমাদের দেশের লোকে তাহা গ্রহণ করে নাই । বহুকাল হইতেই উহার 'ক্ষুদ্র' এইরূপ অর্থই গ্রহণ করা হইয়াছে, এবং সেই জন্য পূজাদির বস্ত্র ক্রমশঃ ছোট হইতে হইতে এক্ষণে একেবারে দুপয়সা চারপয়সা মূল্যের রাঙা সূতার জোড়ে দাঁড়াইয়াছে এবং শ্রাদ্ধস্থলে একহস্ত পরিমিত গামছায় ঠেকিয়াছে ।

বাচ্যম্; হোমদক্ষিণায়া এব ব্রহ্মসম্প্রদানকত্বাৎ। অতএব দর্শাদিযাগমাত্রমভিধায় গোভিলেনাপি "পূর্ণপাত্রো দক্ষিণা, তং ব্রহ্মণে দদ্যাদি"ত্যুক্তম্। পাত্র ইতি'ত্র'ান্তত্বেঽপি পুংস্ত্বং ছান্দসম্। এতদনুসারাৎ কর্ম্মান্ত ইতি ব্রহ্মাধ্যাহোমপরং, ন তু পরিশিষ্টপ্রকাশোক্তনামকরণাদিপ্রধানকর্ম্মান্তপরম্। অতস্ত-

---

অনুষ্ঠামানায়াং দক্ষিণায়াম্। দর্শাদিযাগমাত্রমিতি দক্ষিণারহিতত্বাভিপ্রায়েণ মাত্রপদম্।

সর্গের দক্ষিণাও ব্রহ্মাকে দান করাই কর্ত্তব্য, ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, এরূপ আপত্তি করিতে পার না, কারণ, হোমের দক্ষিণাই ব্রহ্মাকে দিবার কথা শাস্ত্রে উক্ত হইয়াছে। এই হেতুই গোভিলও দর্শাদি যাগের কথা তুলিয়া বলিয়াছেন—"পূর্ণপাত্রই দক্ষিণা, এবং ঐ পূর্ণপাত্র ব্রহ্মাকেই প্রদান করিবে।" 'ত্র' প্রত্যয়ান্ত 'পাত্র' শব্দটি সাধারণতঃ ক্লীবলিঙ্গে ব্যবহার করিবার নিয়ম থাকিলেও গোভিলের সূত্রে যে উহার পুংলিঙ্গে ব্যবহার করা হইয়াছে, উহা আর্ষ প্রয়োগ। এই শেষোক্ত গোভিলসূত্রের বিধি অনুসারে ছন্দোগ-পরিশিষ্টের বচনে যে 'কর্ম্মান্তে' কথাটি আছে, তাহাদ্বারা 'ব্রহ্মার নিজের অনুষ্ঠেয় কর্ম্মের অন্তে' এইরূপই বুঝিতে হইবে। সুতরাং পরিশিষ্টপ্রকাশ নামক ছন্দোগ পরিশিষ্টের টীকাকার যে, উহার "নামকরণ আদি প্রধান কর্ম্মের অন্তে" এই-রূপ ব্যাখ্যা করিয়াছেন, তাহা ঠিক নহে। অতএব সেই সকল কর্ম্মের দক্ষিণা ব্রহ্মা ভিন্ন অপর ব্যক্তিকেও দিতে পারিবে, এইরূপ স্থির হইল। কেহ আপত্তি করিয়াছিল গোভিলসূত্রে "পাকযজ্ঞে কর্ত্তা নিজেই হোতা হইবে," এইরূপ বিধান থাকায়, বৃষোৎসর্গে কর্ত্তা ভিন্ন আর কাহারও হোতার কার্য্য করা উচিত নহে, স্মার্ত্ত ইহার "ন চ বাচ্যম্" (এরূপ কথাও বলিও না) বলিয়া উত্তর করিতেছেন— দেখ, "আবশ্যক প্রয়োজন উপস্থিত হইলে, সাগ্নিক ব্রাহ্মণ আপনার স্ত্রীর উপর অগ্নিরক্ষণের ভার দিয়া এবং উহাতে হোম করিবার জন্য ঋত্বিক্ নিযুক্ত করিয়া, বিদেশে যাইতে পারে, কিন্তু বিনাকার্য্যে কোন স্থানে বিলম্ব করিবেনা।" এই ছন্দোগ পরিশিষ্টের বচন অনুসারে, এবং গোভিল ও "নিজে হোম করিবে, অথবা অপর দ্বারা হোম করাইবে," এইরূপে আরম্ভ করিয়া হোমের যে বিধান করিয়াছেন, তদনুসারেও অপরদ্বারা যে, হোম করান যাইতে পারে, ইহাই বুঝাইতেছে। যদি বল, যদি তাহাই হয়, তবে

দক্ষিণা পাত্রান্তরেঽপি দেয়া ন চ "পাকযজ্ঞে স্বয়ম্ হোতে"তি শ্রবণাৎ বৃষোৎসর্গে "নান্যো হোতে"তি বাচ্যম্,—

"নিঃক্ষিপ্যাগ্নিং স্বদারেষু পরিকল্প্যর্ত্বিজং তথা।

প্রবসেৎ কার্য্যবান্ বিপ্রো বৃথৈব ন চিরং কচিৎ॥" ইতি ছন্দোগপরিশিষ্টেন, গোভিলেন চ "জুহুয়াৎ হাবয়েৎ বা" ইত্যনেনারভ্য তস্য বিধানেনান্যকর্ত্তৃকত্বলাভাৎ কিন্তু,—

"স্বয়ং হোমে ফলং যত্তু তদন্যেন ন জায়তে।" ইতি দক্ষোক্তবৎ ফলাতিশয়ার্থং স্বয়ং হোতৃত্বাচরণমিতি ন স্বয়ং হোতৃত্বনিয়মার্থমিতি॥ ১৪৯

অন্যথা "কৃষ্ণেনান্ত্যজন্মন" ইতি মৎস্যপুরাণীয়েন প্রতিপন্নঃ শূদ্রকর্ত্তৃকবৃষোৎসর্গো ন স্যাৎ। এবঞ্চ শূদ্রকর্ত্তৃক-

নন্ু লিঙ্গাদিসংগ্রহবর্গে পাত্রস্য ক্লীবত্বমুক্তং তর্হি কথমত্র পাত্র ইত্যস্য পুংস্ত্বং তত্রাহ পাত্রেঽপীতি। তদ্দক্ষিণা প্রধানকর্ম্মদক্ষিণা। তস্য ঋত্বিগন্তরস্য॥ ১৪৯॥

অন্যথা স্বয়ং হোতৃত্বনিয়মে। কৃষ্ণেন কৃষ্ণবর্ণেন বৃষেণ। অন্ত্যজন্মনঃ শূদ্রস্য। প্রতিপন্নেতি অবগতেত্যর্থঃ। কেচিত্তু প্রতিপন্ন উৎকৃষ্ট ইত্যাহুঃ। ন স্যাদিতি "ওঁকারো-

---

"পাকযজ্ঞে কর্ত্তা নিজেই হোতা হইবে," এইরূপ বিশেষ বিধান করিবার ত কোন আবশ্যকতা ছিল না, উহা এক প্রকার নিরর্থকই হইয়াছে। ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন—"নিজে হোম করিলে যে ফল হয়, অপর দ্বারা হোম করিলে সেরূপ ফললাভ হয়না" এই দক্ষের বচনে যেমন নিজে হোম করিলে, অধিক ফললাভ হয়, এই মাত্র বলা হইয়াছে, অপর দ্বারা হোম করানের নিষেধ করা হয় নাই, সেইরূপ "পাকযজ্ঞে কর্ত্তা নিজে হোতা হইবে," এই বিধান দ্বারা নিজকৃত হোমের ফলাধিক্য মাত্র জ্ঞাপন করা হইয়াছে, উহা দ্বারা এইরূপ নিয়ম করা হয় নাই যে, পাকযজ্ঞে কর্ত্তা ভিন্ন আর কেহ হোম করিতে পারিবেনা। ১৪৯।

বৃষোৎসর্গের হোতা কর্ত্তা ভিন্ন অপরেও হইতে পারে, একথা না বলিলে, "অন্ত্যজন্মা অর্থাৎ শূদ্রেরাও কৃষ্ণবর্ণ বৃষোৎসর্গ করিবে," এই মৎস্যপুরাণীয় বচন দ্বারা শূদ্রের যে বৃষোৎসর্গ প্রাপ্ত হইয়াছে, তাহা আর হইতে

বৃষোৎসর্গেঽপি মন্ত্রপাঠবৎ হোতৃনিষ্পাদ্যত্বাৎ চরুরূপপদার্থে। যত্তু বিষ্ণুপুরাণে,—

"দানঞ্চ দদ্যাৎ শূদ্রোঽপি পাকযজ্ঞৈর্যজেত চ।

পিত্র্যাদিকঞ্চ বৈ সর্ব্বং শূদ্রঃ কুর্ব্বীত তেন বৈ॥" অত্র 'যজেতে'ত্যনেন শূদ্রকর্ত্তৃকপাকাভিধানং, তৎ কলীতরপরম্।

"ব্রাহ্মণাদিষু শূদ্রস্য পক্বতাদিক্রিয়াপি চ।" ইতি প্রাগুক্তাদিত্যপুরাণেন নিষেধাৎ। অতএব,

"আমং শূদ্রস্য পক্বান্নং পক্বমুচ্ছিষ্টমুচ্যতে।" ইতি তু স্বয়ংকরণ এব বৈশ্বদেবহোমাদৌ বোদ্ধব্যম্। যত্তু,—

চ্চারণাদ্ধোমাৎ শালগ্রামশিলার্চ্চনাৎ। ব্রাহ্মণীগমনাচ্চৈব শূদ্রশ্চাণ্ডালতাং ব্রজেৎ" ইত্যনেন শূদ্রকর্ত্তৃকহোমনিষেধাদিতি ভাবঃ। পিত্র্যাদিকমিতি পিত্র্যং পিতৃকর্ম্ম আদির্যস্য তদিত্যর্থঃ। তেন পাকেন। "পটোঽপ দগ্ধঃ পিতরং নাড়ী তস্য কক্ষাপহা।" ইত্যাদাবিব অত্র তৎপদস্য একদেশপরামর্শকতা। শূদ্রস্য পক্বতা ইত্যত্র কর্ত্তরি ষষ্ঠী। অতএব বৃষোৎসর্গাদৌ চরোর্হোতৃনিষ্পাদ্যত্বাদেব। পক্বান্নং পক্বান্নকার্য্যকারি। উচ্ছিষ্টম্ উচ্ছিষ্টসদৃশম্। নন্বামং

পারিবেনা, অর্থাৎ বৃষোৎসর্গের হোতা অপরেও হইতে পারে, একথা না বলিলে, মৎস্যপুরাণের এই বচনের সহিত বিরোধ ঘটে; কারণ বৃষোৎসর্গ একটি পাকযজ্ঞ, হোতার কার্য্যে শূদ্রের অধিকার নাই। এরূপ স্থলে শূদ্রের পক্ষে যখন বৃষোৎসর্গ বিহিত হইয়াছে, তখন কর্ত্তা ভিন্ন অপরে যে, হোম করিতে পারিবে, ইহাই জ্ঞাপন করা হইয়াছে। এবঞ্চ অর্থাৎ শূদ্র কর্ত্তৃক বৃষোৎসর্গ যদি শাস্ত্রসম্মত হইল, তবে উহাতে হোতার পাঠ্য বৈদিক মন্ত্রগুলি ব্রাহ্মণ হোতাই পাঠ করিবে, এবং চরুও হোতা কর্ত্তৃক নিষ্পাদ্য বলিয়া ব্রাহ্মণ হোতাই চরুপাক করিবে। তবে যে আমরা বিষ্ণুপুরাণের—"শূদ্র দানও দিবে, পাকযজ্ঞেরও অনুষ্ঠান করিবে, এবং ঐ পাক দ্বারা সর্ব্ববিধ পিতৃকার্য্যের নির্ব্বাহ করিবে।" এই বচনে শূদ্রের পাকক্রিয়ায় অধিকার দেখিতে পাই, তাহা কলি ভিন্ন অপর যুগের পক্ষেই বুঝিতে হইবে। কেননা, কলিযুগে "ব্রাহ্মণাদি বিষয়ে অর্থাৎ দেবতা ব্রাহ্মণের উদ্দেশে শূদ্রের স্বহস্তে পাক করা নিষিদ্ধ হইয়াছে।" এই জন্যই শূদ্রের নিমিত্ত হোতা চরুপাক করিতে পারে বলিয়াই "কাঁচা তণ্ডুলাদিই শূদ্রের পক্বান্ন স্বরূপ এবং শূদ্রপক্ব তণ্ডুলাদি উচ্ছিষ্ট (এঁটো) বলিয়া গণ্য" এই বচনে

"ত্রিষু বর্ণেষু কর্ত্তব্যং পক্বভোজনমেব চ।
শুশ্রূষামভিপন্নানাং শূদ্রাণাঞ্চ বরাননে॥" ইতি গঙ্গাবাক্যাবল্যাং দেবনৈবেদ্যায় যৎ বরাহপুরাণবচনং সচ্ছূদ্রপাকবিধায়কং, তদপি কলীতরপরম্।

"শূদ্রেষু দাসগোপালকুলমিত্রার্দ্ধসীরিণাম্। ধ
ভোজ্যান্নতা গৃহস্থস্য তীর্থসেবাতিদূরতঃ॥" ইতি প্রাগুক্তা-

শূদ্রস্যেতি বচনীয়শূদ্রস্যেত্যত্র ষষ্ঠ্যর্থঃ কর্ত্তৃত্বং স্বত্বং বা? কর্ত্তৃত্বং চেৎ আম শূদ্রস্যেত্যস্যাসঙ্গতিঃ, আমস্য শূদ্রকর্ত্তৃকত্বাসম্ভবাৎ, স্বত্বং চেৎ পক্বমুচ্ছিষ্টমিত্যস্যাসঙ্গতিঃ, শূদ্রস্বামিকস্য ব্রাহ্মণকর্ত্তৃকপক্বস্য বৃষোৎসর্গাদৌ বিহিতত্বাৎ। অত্রোচ্যতে,—ষষ্ঠ্যাঃ সম্বন্ধত্বেন সম্বন্ধমাত্র এব শক্তিঃ, সম্বন্ধশ্চ কচিৎ স্বত্বং কচিচ্চ কর্ত্তৃত্বম্, তথা চ শূদ্রসম্বন্ধি আমং পক্বান্নম্, শূদ্রসম্বন্ধি চ পক্বম্ উচ্ছিষ্টমিত্যর্থঃ। অতো ন দোষ ইতি। স্বয়ংকরণ এবেতি 'নমস্কারেণ মন্ত্রেণ পঞ্চযজ্ঞান্ন হাপয়েদি'ত্যাদিবচনাৎ। শ্রাদ্ধবিবেকৃতা,—"অয়মেব বিধিঃ কৃৎস্নঃ শূদ্রাণাং মন্ত্রবর্জ্জিত" ইত্যাদিবচনাচ্চ শূদ্রাণাং বৈশ্বদেবিকশ্রাদ্ধাদেঃ স্বয়ংকরণং বৃষোৎসর্গাঙ্গচরুহোমাদেস্তু "জুহুয়াদ্বাচয়েদ্বে"ত্যাদিবচনেন হাবনায়া অপি বিহিতত্বাৎ ব্রাহ্মণদ্বারা করণমিতি ভাবঃ। শুশ্রূষামভিপন্নানাং নিজভৃত্যানাম্। শূদ্রেষু দাসেতি বচনং

শূদ্রপক্ব তণ্ডুলাদি বলিতে কেবল মাত্র শূদ্রস্বামিক পক্ব তণ্ডুলাদি নহে, কিন্তু বৈশ্বদেবের উদ্দেশে হোমাদির জন্যও শূদ্র নিজে চরু প্রভৃতি অন্ন পাক করিলে উহা উচ্ছিষ্ট হইবে, সুতরাং কাঁচা অন্ন দ্বারাই ঐ সকল কার্য্য করিবে, এই মাত্র বলা হইয়াছে। অর্থাৎ যে সকল হোমাদি কার্য্য শূদ্রের স্বয়ং কর্ত্তব্য, তাহাতে কাঁচা অন্ন ব্যবহার করিবে, কিন্তু ব্রাহ্মণ দ্বারা যে সকল হোম করাইতে হইবে, তাহাতে ব্রাহ্মণ দ্বারা চরুপাক করাইতে হইবে। ইহাই ঐ বচনের অভিপ্রায়। আবার যে, গঙ্গাবাক্যাবলীতে "হে বরাননে! শুশ্রূষাপরায়ণ অর্থাৎ দাসভাবে ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের সেবাপরায়ণ সৎশূদ্র কর্ত্তৃক পক্ব বস্তুও ব্রাহ্মণাদি বর্ণত্রয় ভোজন করিতে পারিবে।" এইরূপ একটি দেবতার নৈবেদ্যার্থ সৎশূদ্র কর্ত্তৃক পাকের বিধায়ক বরাহপুরাণের বচন দেখিতে পাই, তাহাও কলিযুগ ভিন্ন অপর যুগের সম্বন্ধেই বুঝিতে হইবে। কারণ, সাধারণতঃ শূদ্রপক্বান্ন ভোজন নিষিদ্ধ হইলেও বরাহপুরাণ প্রভৃতির উক্তরূপ বচনাদি দ্বারা যে, দাসভাবাপন্ন প্রভৃতি কতিপয় শূদ্রজাতীয়ের

দিত্যপুরাণে শুশ্রূষকত্বেন প্রতিপ্রসূতস্য গোপালাদেঃ কলৌ নিষেধাৎ। যত্তু ভবিষ্যপুরাণে,—

"উপক্ষেপণধর্ম্মেণ শূদ্রান্নং যঃ পচেদ্ দ্বিজঃ।

অভোজ্যং তদ্ভবেদন্নং স তু বিপ্রঃ পতত্যধঃ॥"

উপক্ষেপণধর্ম্মঃ শূদ্রস্বামিকান্নস্য পাকার্থং ব্রাহ্মণগৃহে সমর্পণমিতি কল্পতরুব্যাখ্যানং, তাদৃশ শুশ্রূষকেতরশূদ্রান্নপরম্। তদিতরপাকে তু শূদ্রস্যাধিকারঃ।

"কন্দুপক্বানি তৈলেন পায়সং দধি শক্তবঃ।

দ্বিজৈরেতানি ভোজ্যানি শূদ্রগেহকৃতান্যপি॥" ইতি কূর্ম্ম-পুরাণেন প্রতিপ্রসবাৎ। এবং—

পূর্ব্বং ব্যাখ্যাতম্। প্রতিপ্রসূতস্য শুশ্রূষামভিপন্নানামিত্যনেন প্রতিপ্রসূতস্য। কন্দ্বিতি জলোপসেকং বিনা পক্বানি কন্দুপক্বানি লাজাদীনি। তৈলেনেতি স্নেহসামান্যোপলক্ষকম্

পক্বান্ন ভোজনের বিধান দ্বারা ঐ নিষেধের প্রতিপ্রসব বা প্রত্যবিধান করা হইয়াছিল, সেই প্রতিপ্রসবের আবার আদিত্যপুরাণের—"শূদ্রজাতির মধ্যে দাস, গোপাল, কুলপরম্পরা মিত্র ভাবাপন্ন এবং অর্দ্ধসীরী (ভাগের চাষী) ইহাদিগেরই পক্বান্ন ভোগ্য" বলিয়া যে পুনর্ব্বার বিধান করা হইয়াছিল, এবং "গৃহস্থের পক্ষেও যে, অতি দূরদেশস্থিত তীর্থসেবা বিধান করা হইয়াছিল, কলিযুগে সে সকল কার্য্যও নিষিদ্ধ।" এই বচন দ্বারা কলিযুগে নিষেধ করা হইয়াছে। আবার আমরা ভবিষ্যপুরাণের—"যে ব্রাহ্মণ উপক্ষেপণ ধর্ম্মে প্রদত্ত অর্থাৎ পাকার্থ কোন ব্রাহ্মণগৃহে সমর্পিত শূদ্রান্ন পাক করে, সে অন্নত অভোজ্য হয়ই এবং সেইরূপ অন্নের পাককারী ব্রাহ্মণও অধঃপাত প্রাপ্ত হয়।" "উপক্ষেপণ ধর্ম্ম" এই কথাটির অর্থ কল্পতরুনামক গ্রন্থেও "শূদ্রস্বামিক অন্নের, পাকের নিমিত্ত ব্রাহ্মণগৃহে সমর্পণ" এইরূপই করা হইয়াছে। যাহাহৌক, এই যে, শূদ্রস্বামিক অন্নের ব্রাহ্মণগৃহে পাক করারও নিষেধ করা হইয়াছে, এই শূদ্রান্ন বলিতে, দাসাদি ভিন্ন অন্যান্য শূদ্রস্বামিক অন্নই বুঝিতে হইবে। অন্ন ভিন্ন অপরবিধ বস্তুর পাকে কিন্তু শূদ্রের অধিকার দৃষ্ট হয়, অর্থাৎ অন্ন ভিন্ন অপরবিধ শূদ্রপক্ব বস্তুর ভোজনে ব্রাহ্মণাদির দোষ হয় না; কারণ, কূর্ম্মপুরাণের

"বৃষং বৎসতরীযুক্তমৈশান্যাং চালয়েদ্দিশি।
হোতুর্ব্বস্ত্রযুগং দদ্যাৎ সুবর্ণং কাংস্যমেব চ।
অয়স্কারায় দাতব্যং বেতনং মনসেপ্সিতম্॥" ইতি বিষ্ণুধর্ম্মোত্তরবচনাদপি হোত্রন্তরপ্রতীতেঃ॥ ১৫০॥

এতেন "বৃষোৎসর্গে বিষ্ণূক্তদক্ষিণা স্বয়ংকর্তৃকহোমপক্ষে ব্রহ্মণে দেয়া, অন্যকর্তৃকহোমপক্ষে তু,—
"বিদধ্যাদ্ধৌত্রমন্যশ্চেদ্দক্ষিণার্দ্ধহরো ভবেৎ।

শূদ্রগেহকৃতান্যপীতি অপিকারাৎ স্বগৃহপক্বদ্বিজশুশ্রূষকশূদ্রান্নপরিগ্রহঃ। শূদ্রগেহেত্যুপলক্ষণম্, অন্যত্রাপি শূদ্রকৃতান্যেতানি দ্বিজৈর্ভোজ্যানি॥ ১৫০॥

এতেন হোতুর্বিশিষ্য দক্ষিণোপদেশেন, অন্য চ নিরস্তমিতি পরেণান্বয়ঃ। বিষ্ণূক্ত-

---

"কন্দুপক্ব (কাটখোলায় ভাজা দ্রব্য), বিশুদ্ধ তৈলাদি দ্বারা পক্ব দ্রব্য, পায়স, দধি এবং ছাতু এই সকল বস্তু শূদ্র গৃহ কৃত হইলেও ব্রাহ্মণাদির ভোজ্য।" এই এই বচন দ্বারা সাধারণতঃ শূদ্রপক্ব বস্তু ভোজন-নিষেধের প্রতিপ্রসব করা হইয়াছে গোস্বামী 'গৃহ' শব্দটীর 'গৃহিণী' রূপ অর্থ গ্রহণ করিয়া বলেন, ঐ সকল বস্তু শূদ্র-স্ত্রী কর্তৃক পক্ব হইলেও ব্রাহ্মণদিগের ভোজ্য। কাশীরাম বলেন "শূদ্রগৃহে কৃত হইলেও" এইরূপ বলাতে ব্রাহ্মণাদির গৃহে শূদ্র আসিয়া যদি ঐ সকল বস্তু পাক করিয়া দেয়, তবেত কোন কথাই নাই। বৃষোৎসর্গে কর্ত্তা ভিন্ন অপর হোতা হইতে পারে কিনা? এই প্রশ্নের উত্থাপন করিয়া তাহারই বিচার করিতে করিতে শূদ্র কর্তৃক পাকের কথা উঠিয়াছিল, এক্ষণে তাহার শেষ করিয়া, বৃষোৎসর্গে কর্ত্তা ভিন্ন যে অপর হোতা হইতে পারে, তাহা—"বৎসতরীযুক্ত বৃষকে ঈশান কোণের দিকে চালাইবে, হোতাকে বস্ত্রযুগল, সুবর্ণ এবং কাংস্য প্রদান করিবে এবং অয়স্কারকে মনের মত বেতন প্রদান করিবে।" এই বিষ্ণুধর্ম্মোত্তরের বচনেও হোতাকে বস্ত্রযুগলাদি প্রদান করিবার কথা থাকায়, কর্ত্তা ভিন্ন অপর ব্যক্তিও যে, হোতা হইতে পারে, ইহা স্পষ্টই প্রতীত হইতেছে। ১৫০।

উপরে যে সিদ্ধান্ত করা হইল, তাহাতে পরিশিষ্টপ্রকাশকার যে বলিয়াছিলেন—"বৃষোৎসর্গে কর্ত্তা যদি নিজে হোম করে, তা হ'লে বিষ্ণুধর্ম্মোত্তরে যে দক্ষিণা দিবার কথা বলা হইয়াছে, উহা ব্রাহ্মণকে সম্পূর্ণই প্রদান করিবে, এবং

স্বয়ঞ্চেদুভয়ং কুর্য্যাদন্যস্মৈ প্রতিপাদয়েদি”তি ছন্দোগ-পরিশিষ্টা“দর্দ্ধং ব্রহ্মণে, অর্দ্ধং হোত্রে দেয়”মিতি পরিশিষ্ট-প্রকাশোক্তং নিরস্তম্। বৃষোৎসর্গদক্ষিণা চ আচার্য্যায় দেয়েতি, প্রাক্ প্রতিপাদিতং, বিষ্ণুক্তহোতৃদক্ষিণা যা, সা কথং ব্রহ্মণে দেয়েতি, তস্মাৎ ব্রহ্মদক্ষিণা পূর্ণপাত্রাদিকা, হোতৃদক্ষিণা বিষ্ণুক্তা, বৃষোৎসর্গদক্ষিণা চ পৌরাণেবেতি সিদ্ধম্। স্বয়ং-কর্ত্তৃকহোমে তু বস্ত্রযুগ্মাদিকা হোমদক্ষিণাপি ব্রহ্মণে দেয়া।

"ব্রহ্মণে দক্ষিণা দেয়া যত্র যা পরিকীর্ত্তিতা।" ইতি প্রাগুক্তত্বাৎ। যত্তু "হোতৃদক্ষিণা বস্ত্রযুগকাংস্যসুবর্ণরূপা হোত্রে দেয়ে”তি, ‘হোতুর্বস্ত্রযুগ”মিতি বিষ্ণুক্তেঃ "সা চ

দক্ষিণা হোতুর্বস্ত্রযুগং দদ্যাদিত্যাদিরূপা। হোত্রং হোতৃকর্ম্ম, স্বয়ঞ্চেৎ যজমানশ্চেৎ। উভয়ং হোত্রং ব্রহ্মকর্ম্ম চ। নিরস্তমিতি তথা চ হোতুর্বস্ত্রযুগমিত্যাদিনা বিষ্ণুক্তদক্ষিণা বিশিষ্যোপাদানাৎ হোত্র এব দেয়া ন[illegible]ং ব্রহ্মণে ইতি ভাবঃ। যত্ত্বিতি পিতৃভক্তি-তরঙ্গিণ্যাম্যুক্তমিত্যনেনান্বিতম্। বিষ্ণুক্তেঃ ঋগ্বেদান্তর্গতকঠশাখীয়ানাং গৃহকর্ত্তৃবিষ্ণুক্তেঃ॥

অপরে যদি হোম করে, তাহ'লে সেই হোতা উক্ত দক্ষিণার অর্দ্ধাংশমাত্র প্রাপ্ত হইবে; আর কর্ত্তা যদি নিজেই হোতার কার্য্য এবং ব্রহ্মার কার্য্য এই উভয় কার্য্য করে, তবে অন্য যেকোন ব্যক্তিকে দক্ষিণা দান করিবে।” এই ছন্দোগ-পরিশিষ্টের বচন অনুসারে অপরে হোম করিলে, দক্ষিণার অর্দ্ধ অংশ ব্রহ্মাকে এবং অর্দ্ধ হোতাকে দান করিবে” তাহাও খণ্ডিত হইল, যেমনা বৃষোৎসর্গের দক্ষিণা যে আচার্য্যকেই দিতে হইবে, ইহাও পূর্ব্বে প্রতিপাদন করা হইয়াছে। আর পরিশিষ্টপ্রকাশকার যে, অপরে হোম করিলে, বিষ্ণুধর্ম্মোত্তরোক্ত হোতার দক্ষিণা, ব্রহ্মা এবং হোতার মধ্যে অর্দ্ধেক ভাগাভাগি করিয়া দিতে বলিয়াছেন, সেওত একপ্রকার কাজির বিচার করা হইয়াছে, বলিতে হয়। কারণ, বিষ্ণু-ধর্ম্মোত্তরে বিশেষ করিয়া হোতাকে দিবার জন্য যে দক্ষিণা দিবার বিধান করা হইয়াছে, তাহা ব্রহ্মাকে ভাগ করিয়া দেওয়া হইবে, কোন যুক্তি অনুসারে? অতএব অপর ব্যক্তি হোম করিলে, বিষ্ণুধর্ম্মোত্তরোক্ত সমগ্র হোতার দক্ষিণা তাহাকেই দিতে হইবে। এক্ষণে ইহা নির্দ্ধারিত হইল যে, পূর্ণপাত্রাদিরূপই

কাঠীয়কল্পেঽপ্যন্বেতি, "সর্ব্বশাখাপ্রত্যয়মেকং কর্ম্মেতি" ন্যায়াৎ, অতএব যজমান এব হোতে"তি পাশ্চাত্যমতমপাস্তম্। "স এবং দক্ষিণাবাধাপত্তেরি"তি পিতৃভক্তিতরঙ্গিণ্যামপ্যুক্তং, তচ্চিন্ত্যং,

---

সা চ বিষ্ণূক্তদক্ষিণা চ। কাঠীয়কল্পেঽপি ছন্দোগানাং গৃহ্যকর্তৃকাত্যায়নোক্তকল্পেঽপি। ননু ঋগ্বেদিগৃহ্যকর্তুর্বিষ্ণোর্বচনস্য কথং কাঠীয়কল্পেঽপ্যন্বয়স্তত্রাহ সর্ব্বশাখেতি। সর্ব্বশাখাসু প্রত্যয়ো যস্য এবম্ভূতং কর্ম্ম একম্ একজাতীয়মিত্যর্থঃ। অতএব হোতু-র্বস্ত্রযুগমিত্যাদিনা বিশিষ্য দক্ষিণোপদেশাদেব, অস্য চ অপাস্তমিত্যনেনান্বয়ঃ। দক্ষিণা-

---

ব্রহ্মার দক্ষিণা, বিষ্ণুধর্ম্মোত্তরে উক্ত বস্ত্রযুগ্মাদিই হোতার নির্দ্দিষ্ট দক্ষিণা, এবং গোরুই বৃষোৎসর্গের দক্ষিণা। তবে কর্ত্তা নিজে হোম করিলে, বস্ত্রযুগ্মাদিরূপে উল্লিখিত হোতৃদক্ষিণা ব্রহ্মাকেই প্রদান করিবে; কেননা, পূর্ব্বে একটি বচন উক্ত হইয়াছে, "যে কর্ম্মে যে দক্ষিণা কীর্ত্তিত হইয়াছে, তাহা ব্রহ্মাকেই প্রদান করিবে।" পিতৃভক্তি তরঙ্গিণীকার যে, বলিয়াছেন,— "হোতার দক্ষিণা বস্ত্রযুগল" ইত্যাদি বিষ্ণুধর্ম্মোত্তরীয় বচন অনুসারে হোতার জন্য বস্ত্রযুগল, কাংস্য ও সুবর্ণাদি দক্ষিণা যে নির্দ্ধারিত হইয়াছে, উহা হোতাকেই দেয়, এবং এস্থলে ইহাও বক্তব্য যে, বিষ্ণু ঋগ্বেদান্তর্গত কঠশাখীয়-দিগের গৃহ্যকার হইলেও তিনি হোতার দক্ষিণার বিষয় যাহা বলিয়াছেন, কাঠীয়-দিগের অর্থাৎ সামবেদীয়দিগের পক্ষেও তাহা গ্রাহ্য; কারণ, সামবেদীয়দিগের গৃহ্যকার কাত্যায়ন হোতার দক্ষিণা, সম্বন্ধে কিছু বিধান করেন নাই, কাজেই "সর্ব্বপ্রকার শাখাতে যাহার প্রত্যয় অর্থাৎ নিষেধাভাব দৃষ্ট হয়, তাদৃশ কর্ম্ম সকল শাখাতে একরূপই হইয়া থাকে।" এই ন্যায় অনুসারে ঋগ্বেদীয় গৃহ্যকার বিষ্ণু কর্ত্তৃক উল্লিখিত হোতার দক্ষিণাই সামবেদীয়দিগেরও গ্রাহ্য। এইহেতুই অর্থাৎ সর্ব্বশাখীয় ব্যক্তিদিগের পক্ষে হোতাকে দক্ষিণা দিবার বিধি ব্যবস্থা সিদ্ধ হওয়াতেই পাশ্চাত্যগণ যে বলিয়াছিলেন, "যজমান স্বয়ংই হোতা হইবে," এই মত খণ্ডিত হইল। কারণ যজমান, স্বয়ংই হোতা হইবে, এইরূপ নিয়ম করিলে, হোতাকে দক্ষিণা দিবার বিধিরও বাধ হইয়া পড়ে; স্বতন্ত্র হোতারই যদি বিদ্যমানতা না থাকে, তবে আবার তাহাকে দক্ষিণা দিবার বিধি কেন? আপনাকে আপনি কিছু দক্ষিণা দেওয়া সম্ভব হয় না।" স্বয়ং হোতা হলে যদি দক্ষিণার বাধ স্বীকার করিতে হয়, তবে সত্র যাগেও দক্ষিণার বাধ হইয়া পড়ে, পিতৃভক্তিতরঙ্গিণীর এই

"সত্রে যে এব যজমানাস্তে এব ঋত্বিজ" ইতি শ্রুতেঃ ঋত্বিক্‌কার্য্যে যজমানবিধানাদানতিলক্ষণস্য দৃষ্টার্থস্যাভাবাৎ অতিদেশাগতদৃষ্টার্থদক্ষিণায়াঃ সত্রে বাধো নাদৃষ্টার্থায়া বাধঃ।

বাধেতি স্বয়ং স্বস্মৈ দানাসম্ভবাদিত্যর্থঃ। আনতিলক্ষণস্য প্রীতিকরস্য; তথাহি দক্ষিণা তাবৎ দ্বিবিধা আনতিকরী সাঙ্গতাকরী চ। আনতিঃ প্রীতিঃ তৎকরী দক্ষিণা দৃষ্টার্থা, সা চ সত্রে নাস্তি, স্বস্য স্বস্মিন্ সর্ব্বদা প্রীতিসত্ত্বেন নিরর্থকত্বাৎ। সাঙ্গতাকরী চ দক্ষিণা অদৃষ্টার্থিকা, সা তাবশ্যং দেয়া, অন্যথা সাঙ্গতানুপপত্তিরিতি নিষ্কলিতার্থঃ। অতিদেশেতি প্রকৃতযাগে দ্বিবিধৈব দক্ষিণাস্তি, প্রকৃতিবদ্বিকৃতিরিত্যতিদেশেন চ সত্রেঽপি তৎ-

---

সিদ্ধান্তটিও চিন্তনীয় (এমত ও ঠিক নহে); দক্ষিণার দুই প্রকার শক্তি (১) আনতিকরী অর্থাৎ কর্ত্তার প্রীতিকরী, (২) সাঙ্গতাকরী (কর্ম্মের সাফল্যকরী) তন্মধ্যে আনতিকরী দক্ষিণা দৃষ্টার্থিকা অর্থাৎ কর্ম্মানুষ্ঠাতার প্রীতিরূপ ঐহিক ফলোপধায়িকা, এবং সাঙ্গতাকরী দক্ষিণা অদৃষ্টার্থিকা, অর্থাৎ কর্ম্মের ফলরূপ অদৃষ্টার্থের উৎপাদিকা, তাহা না হইলে কর্ম্মানুষ্ঠান ত সম্পূর্ণ নিষ্ফল হইয়া পড়ে, সুতরাং কর্ত্তা স্বয়ং হোম করিলেও সাঙ্গতাকরী দক্ষিণা অবশ্য প্রদেয় হওয়ায়, হোতাকে দক্ষিণা দিবার বিধি নিরর্থক নহে, সুতরাং সত্রে দক্ষিণার বাধ হইবে কেন? সত্র যাগের কথাটা এইরূপ—"সত্রযাগে যজমানই ঋত্বিকের কার্য্য করিবে" এই নিয়ম বাক্য দ্বারা সত্রযাগে ঋত্বিকের কার্য্য যজমানকর্ত্তব্যরূপে বিহিত হওয়ায়, ঋত্বিকের নিজ বেতন লাভ হেতু সন্তোষ বা প্রীতিরূপ কোনরূপ ঐহিক ফল দৃষ্ট হইতেছেনা। অর্থাৎ যজমানের নিজের কার্য্যের উপর সর্ব্বদাই প্রীতি থাকাতে নিজের কাজে বেতনপ্রাপ্তির একটা আশাই রয়না, সুতরাং তজ্জন্যও নূতন করিয়া আর প্রীতি হইবে কি? তবে তথাবিধ প্রীতিরূপ ঐহিক ফলের অভাবহেতু, সত্রে যাগধর্ম্মের অতিদেশ করা হইয়াছে বলিয়া যাগের মত দৃষ্ট ফলোপধায়িক দক্ষিণার যে প্রাপ্তি হইয়াছিল, তাহারই নাহয় বাধ হইল, কিন্তু অদৃষ্ট ফলজনিকা দক্ষিণার বাধ হইবে কেন? ইহার তাৎপর্য্য এই যে, কর্ম্ম মাত্রেই বিহিত দক্ষিণার দ্বিবিধ স্বরূপ কল্পিত হইয়াছে, (১) কর্ম্মানুষ্ঠাতার প্রীতি উৎপাদনরূপ ঐহিক ফলোপধায়ক, (২) কর্ম্মের সাফল্যোৎপাদনরূপ অদৃষ্ট ফলের জনক। এক্ষণে দেখ, প্রথমে যাগে ঋত্বিক্‌গণের জন্য দক্ষিণার বিধান করিয়া, 'যাগের মত সত্রেও করিবে', এইরূপে যাগের ধর্ম্ম সত্রে অতিদেশ করা

"হুতমশ্রোত্রিয়ং শ্রাদ্ধং হুতো যজ্ঞস্ত্বদক্ষিণঃ।
তস্মাৎ পণং কাকিণীং বা ফলং পুষ্পমথাপি বা।
প্রদদ্যাদ্দক্ষিণাং যজ্ঞে তয়া স সফলো ভবেৎ॥"

ইতি বৃহস্পতিনাবশ্যকত্বেন পুষ্পাদেরপ্যুক্তেঃ। স্বয়ং হোতৃত্বপক্ষেঽপি "বিদধ্যা"দিত্যাদিনা দক্ষিণায়া উক্তত্বাচ্চ। শ্রাদ্ধবিবেকোঽপ্যেবম্॥ ১৫১॥

প্রসক্তিরিতি ভাবঃ। হুতং নিষ্ফলং, সাঙ্গস্যৈব বৈদিককর্ম্মণঃ ফলজনকত্বনিয়মেন সংপ্রদানী-ভূতশ্রোত্রিয়রূপাঙ্গাভাবাৎ ন সাঙ্গমতো নিষ্ফলমিতি ভাবঃ। এবং পরত্র বোধ্যম্॥ ১৫১॥

হইয়াছে, অর্থাৎ বরাত দেওয়া হইয়াছে, ঐ অতিদেশ হেতু যাগে ঋত্বিক্‌গণের দক্ষিণার যেরূপ ব্যবস্থা ছিল, সত্রেও তাহার প্রাপ্তি ঘটিয়াছিল, এরূপ অবস্থায় "সত্রে কর্ত্তা স্বয়ং ঋত্বিকের কার্য্য করিবে," এই বিধান দ্বারা, সত্রে যাগধর্ম্মের অতিদেশ নিবন্ধন যে ঋত্বিকের দক্ষিণার প্রাপ্তি হইয়াছিল, তাহার বাধ হইয়া পড়িল; কারণ, কর্ত্তা নিজে আবার নিজেকে দক্ষিণা দিবে কি? এই হইল আপত্তিকারীদিগের অভিপ্রায়। ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন,—হাঁ, সত্রে যজমান কর্ত্তৃক ঋত্বিকের কার্য্য বিহিত হওয়ায় দৃষ্ট ফলোপধায়ক দক্ষিণার বাধ হইয়াছে মাত্র, অদৃষ্ট ফলজনক দক্ষিণার বাধ হয় নাই; আরও দেখ, "শ্রোত্রিয় ভিন্ন শ্রাদ্ধ নিষ্ফল, দক্ষিণা ভিন্ন যজ্ঞ নিষ্ফল, অতএব যজ্ঞে পণই হোক্, কাকিণীই হোক, ফলই হোক, অথবা একটি পুষ্পই হোক্ দক্ষিণাস্বরূপ প্রদান করিবে, ঐরূপ দক্ষিণাদ্বারাই যজ্ঞ সফল হইবে।" এই বৃহস্পতির বচনে যজ্ঞের সাফল্য বিধানের জন্য একটি পুষ্পও দক্ষিণারূপে দান করা আবশ্যক বলিয়া উক্ত হইয়াছে। এবং পূর্ব্বোক্ত "কর্ত্তা ভিন্ন অন্যে হোম করিলে হোতা দক্ষিণার অর্দ্ধাংশ প্রাপ্ত হইবে, এবং কর্ত্তা নিজে ব্রহ্মা এবং হোতা এই উভয়ের কার্য্য করিলে, অপর কোন ব্যক্তিকে উভয় কর্ম্মের দক্ষিণা প্রদান করিবে" এই ছন্দোগপরিশিষ্টের বচনেও, কর্ত্তা নিজে কর্ম্মানুষ্ঠাতা হইলেও অপরকে দক্ষিণা দিবার বিধানের কথাও বলা হইয়াছে; অতএব কর্ত্তা নিজে কাজ করিলে দক্ষিণাদানবাধের যে আপত্তি করা হইয়াছিল, তাহা টিকিল না। শ্রাদ্ধবিবেককারও এই কথা বলিয়াছেন। ১৫১।

ন চ "বৃষোৎসর্গীয়হোমে হোত্রে দক্ষিণোপদেশাৎ ন স্বয়ং হোতে"তি বাচ্যম্, তদ্বচনস্যাশক্তবিষয়ত্বাৎ। অন্যথা,

"অন্যৈঃ শতকৃতাদ্ধোমাদেকঃ পুত্রকৃতো বরঃ।

পুত্রৈঃ শতকৃতাদ্ধোমাদেকো হ্যাত্মকৃতো বরঃ॥" ইতি শ্রুতেঃ।

"স্বয়ং হোমে ফলং যত্তু তদন্যেন ন জায়তে।"

ইতি প্রাগুক্তশ্রুতেঃ "পাকযজ্ঞে স্বয়ং হোতা" ইতি প্রাগুক্তশ্রুতেশ্চ নির্ব্বীজসঙ্কোচাপত্তেঃ। যদ্যপি তত্তচ্ছাখোক্তবৃষোৎসর্গে দক্ষিণাভেদস্তথাপ্যাকাঙ্ক্ষিতত্বাৎ "সর্ব্বশাখা-

---

হোত্রে দক্ষিণোপদেশাৎ হোতুর্ব্বস্ত্রযুগং দদ্যাদিত্যনেন দক্ষিণোপদেশাৎ। তদ্বচনস্য হোতুর্ব্বস্ত্রযুগং দদ্যাদিতি বচনস্য। অন্যথা বৃষোৎসর্গীয়হোমে স্বয়ং হোতৃত্বাভাবে, অন্য চ নির্ব্বীজসঙ্কোচাপত্তেরিত্যনেনান্বয়ঃ। স্বয়ং হোতৃত্বং বৃষোৎসর্গীয়হোমাতিরিক্তহোমে

কেহ আপত্তি করিয়াছিল, "বৃষোৎসর্গীয় হোমের দক্ষিণা যখন হোতাকে দিতে বলা হইয়াছে, তখন বৃষোৎসর্গে "স্বয়ং হোতা" এই বিধির প্রবৃত্তি হইবে না।" ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, এ কথাও বলিতে পার না; দেখ, বৃষোৎসর্গে যে অপরকে হোতা করিয়া, তাহাকে দক্ষিণা দিবার বিধান করা হইয়াছে, তাহা নিজে হোম করিতে অসমর্থের পক্ষেই বুঝিতে হইবে। এরূপ মীমাংসা না করিলে, "অপরে শতাহুতি দেওয়া অপেক্ষা পুত্র কর্ত্তৃক প্রদত্ত একটিমাত্র আহুতিও শ্রেষ্ঠ, এবং পুত্রগণকৃত শতাহুতি দান অপেক্ষাও আত্মকৃত একটীমাত্র আহুতিও শ্রেষ্ঠ।" এই শ্রুতিটির, "নিজে হোম করিলে যাদৃশ ফললাভ হয়, অপরের দ্বারা করাইলে কখনই সেরূপ হয় না" এই পূর্ব্বোক্ত শ্রুতিটির এবং "পাকযজ্ঞে স্বয়ং হোতা হইবে," এই পূর্ব্বোক্ত শ্রুতিটিরও অকারণ সঙ্কোচ না করিলে আর চলে না অর্থাৎ ঐ সকল শ্রুতিতে যে, নিজে হোম করার শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করা হইয়াছে, তাহা বৃষোৎসর্গাতিরিক্ত স্থলেই বুঝিতে হইবে, বৃষোৎসর্গে কিন্তু কর্ত্তা ভিন্ন অপর হোতা করিতেই হইবে। এইরূপ অভিপ্রায়সূচক ব্যাখ্যা না করিলে আর চলে না, তাহ'লেই স্বয়ং হোমবিধায়ক শ্রুতিগুলির বৃষোৎসর্গে অপ্রবর্ত্তনহেতু সঙ্কোচ করা হইল। যদিও অন্যান্যশাখীয় গৃহ্যসূত্রে দক্ষিণা সম্বন্ধে কোনরূপ বৈশিষ্ট্য দৃষ্ট হয় না, তথাপি দক্ষিণার বৈশিষ্ট্য যখন

প্রত্যয়মেকং কর্ম্ম” ইতি ন্যায়াৎ সর্ব্বত্রাপন্নমেতি। তর্হি “বিদধ্যাদ্ধৌত্রমন্যশ্চেদ্দক্ষিণার্দ্ধহরো ভবেৎ” ইত্যস্য কা গতিরিতি চেৎ, যত্র হোমে বিশিষ্য দক্ষিণা নাভিহিতা, তত্র ব্রহ্মহোতৃভ্যাং বিভজ্য হোমদক্ষিণা গ্রাহ্যা। অয়স্কারায় ত্রিশূলচক্রস্পষ্টীকর্ত্রে গোপালকায়। তথাচ ছন্দোগপরিশিষ্টম্,—

বক্তব্যমিতি নির্ব্বীজসঙ্কোচাপত্তেরিতি ভাবঃ। ননু যদি বৃষোৎসর্গীয়হোমস্য দক্ষিণা হোত্রে এব দেয়া ন ব্রহ্মণে, তর্হি “বিদধ্যাদ্ধৌত্রমন্যশ্চেদ্দক্ষিণার্দ্ধহরো ভবেদিতি” বচনস্য

আকাঙ্ক্ষিত (অপেক্ষিত), তখন পূর্ব্বোক্ত “সর্ব্বশাখার অবিরোধী কর্ম্ম একজাতীয়ই হইয়া থাকে,” এই ন্যায় অনুসারে হোতার দক্ষিণা বিষয়ে উক্ত বৈশিষ্ট্য সকল শাখীয়দিগেরই গ্রাহ্য বলিতে হইবে। এক্ষণে যদি আপত্তি কর যে, “অপর ব্যক্তি হোতা হইলে, বৃষোৎসর্গীয় হোমের দক্ষিণা সেই হোতাকেই সম্পূর্ণ দেওয়া শাস্ত্রসম্মত ব্যবস্থা হয়, তবে পূর্ব্বোক্ত “যদি অপরে হোতার কর্ম্ম করে, তাহা হইলে দক্ষিণার অর্দ্ধাংশমাত্রের ভাগী হইবে,” এই ছন্দোগপরিশিষ্টের বচনের দ্বারা অপরে হোতার কর্ম্ম করিলে, ব্রহ্মা এবং হোতার মধ্যে আধা-আধি করিয়া দক্ষিণা ভাগ করিয়া দিবার ব্যবস্থা করা হইয়াছে, তাহার কি গতি হইবে? স্মার্ত্ত বলিতেছেন, ইহাই যদি তোমার আপত্তি হয়, তবে আমি বলিব, যে স্থলে হোতার দক্ষিণা কোনরূপ বিশেষ করিয়া অভিহিত হয় নাই, সেই স্থলেই হোমের দক্ষিণা ব্রহ্মা এবং হোতা, এই উভয়ে ভাগাভাগি করিয়া লইবে, ইহাই ঐ বচনের অভিপ্রায়। পূর্ব্বোল্লিখিত বিষ্ণুধর্ম্মোত্তরের বচনে “অয়স্কারকে মনের মত বেতন দিবার যে ব্যবস্থা করা হইয়াছে, ঐ ‘অয়স্কার’ শব্দের অর্থ,—বৃষের গাত্রে ত্রিশূল ও চক্ররেখার স্পষ্টকারী গোয়ালা (১)।

(১) আমরা মহেশ কামার এবং উমেশ ঘোষ (গোয়ালা) এই দুই জাতীয় ব্যক্তিকে বৃষোৎসর্গের ষাঁড় দাগিতে দেখিয়াছি, ইহাতে বোধ হইতেছে, ঋষি যখন বচন লিখিয়াছিলেন, সেই সময় কামারজাতীয় লোকেরাই ঐ কার্য্য করিত, ‘অয়স্কার’ শব্দের মুখ্য অর্থ কামারই। পরে স্মার্ত্ত রঘুনন্দনের সময় গোয়ালাদের হাতে ঐ কার্য্য আসিয়া থাকিবে, এক্ষণে সর্ব্বত্র প্রায় গোয়ালাজাতীয় লোকেই ঐ কার্য্য করে। কিন্তু গোয়ালা-সমাজে ঐ কর্ম্মকারীরা একটু ঠেলাও থাকে; তাহাতেই বুঝা যাইতেছে, ঐ কার্য্যটি [illegible] জাতব্যবসা নহে।

"ততোঽলক্তেন গন্ধেন মানস্তোক ইতীরয়ন্।
বৃষস্য দক্ষিণে পার্শ্বে ত্রিশূলাঙ্কং সমালিখেৎ ॥
'বৃষো হসী'তি সব্যেঽস্য চক্রাঙ্কমপি দর্শয়েৎ।
তপ্তেন পশ্চাদয়সা স্পষ্টৌ তাবেব কারয়েৎ ॥" ইতি।

অঙ্কনন্তু স্ফিক্‌দ্বয়ে 'স্ফিচোরঙ্কনমি'তি বহ্বৃচপদ্ধতৌ লিখনাৎ। যত্তু বাচস্পতিমিশ্রেণ "বৃষস্তোঽয়ং হরিহরমূর্ত্তিশ্চক্র-

ব্রহ্মণো দক্ষিণার্দ্ধহর্ত্তৃত্বপ্রতিপাদকস্য কা গতিরিত্যাশঙ্কতে তহীতি। তপ্তেনেতি বিষ্ণুঃ,—"অয়স্কারস্য দাতব্যং ভোজনং মনসেপ্সিতম্। ভোজনং বহুসর্পিষ্কং ব্রাহ্মণাংশ্চৈব

বৃষের গাত্রে যে ত্রিশূল এবং চক্র অঙ্কিত করিতে হইবে, তদ্বিষয় ছন্দোগপরিশিষ্টে বলা হইয়াছে যথা—"অনন্তর রক্তচন্দন দ্বারা বৃষের দক্ষিণপার্শ্বে "মানস্তোকঃ" এই মন্ত্রটি উচ্চারণ করত ত্রিশূল অঙ্কিত করিবে, এবং "বৃষো হসি" এই মন্ত্র বলিয়া বামপার্শ্বে চক্র অঙ্কিত করিবে। পরে তপ্তলৌহ দ্বারা ঐ দুইটি চিহ্নকে স্পষ্ট করিয়া দিবে।" আজ কাল পশুহিংসানিবারণী সভার প্রাদুর্ভাবে কতকগুলি ইংরাজীস্কুলে শিক্ষিত ব্যক্তিগণ বৃষের গাত্রে তপ্তলৌহদ্বারা আর ত্রিশূল এবং চক্রচিহ্নের স্পষ্টীকরণ করেন না, চন্দন দ্বারা অঙ্কিত করিয়াই বৃষকে ছাড়িয়া দেন। ইহাতে শাস্ত্রাজ্ঞা যে লঙ্ঘন করা হয়, তাহাতে সন্দেহ নাই; সুতরাং ঐরূপ কার্য্য যথাশাস্ত্রই হয় না। ঐরূপ তপ্তলৌহদ্বারা স্পষ্টীকরণ করিবার সময় বৃষের যে পীড়া হয়, এ কথা করুণার্দ্রচিত্ত ঋষিগণ যে, বুঝেন নাই তাহা নহে। এ বিষয় ব্যাসের বচনটির প্রতি একবার দৃষ্টি করিলেই সকল গোল মিটিয়া যাইবে। যথা—"বৃষোৎসর্গ করিবার সময়, বৃষের লোম পুড়িয়া যায়; সুতরাং সেই হেতু বৃষকেও পীড়া দেওয়া হয়। বৃষকে কষ্ট দিবার জন্য যে পাপ হয়, ব্রাহ্মণভোজন দ্বারাই তাহার শান্তি হয়।" এই জন্য টীকাকার কাশীরাম, বৃষের লোমদাহজন্য পাপক্ষয়কামনায় প্রাচীন পণ্ডিতেরা যে কতকগুলি ভোজ্যোৎসর্গের ব্যবস্থা করিয়াছেন, ইহাও লিখিয়া দিয়াছেন। ঐ যে বৃষের গাত্রে ত্রিশূল এবং চক্র অঙ্কিত করিবার কথা বলা হইল, ঐরূপ অঙ্কন বৃষের স্ফিক্ অর্থাৎ কটির পার্শ্ব স্থানেই করিতে হইবে; কারণ বহ্বৃচপদ্ধতি নামক গ্রন্থে "স্ফিক্‌দ্বয়ে অঙ্কন করিতে হইবে" এইরূপ স্পষ্টাক্ষরে লিখিত হইয়াছে। আমরা যে, বাচস্পতিমিশ্রের এই স্ফিক্‌দ্বয়ে অঙ্কনের বিরুদ্ধে এইরূপ যুক্তির উপন্যাস দেখিতে পাই; যথা—'এই বৃষভটি ত্রিশূল এবং চক্র ধারণ করাতে ইহাকে হরিহরমূর্ত্তি বলিয়াই বুঝিতে

ত্রিশূলধারিত্বাৎ, তত্রাপি দক্ষিণভাগো হরেরুত্তরভাগো হরস্যেতি যুক্তেঃ। তথাচ দক্ষিণহস্তে চক্রং, বামহস্তে ত্রিশূলমিতি সিধ্যতি। ন হি পাদেনাস্ত্রধারণং যুজ্যতে” ইত্যুক্তং তন্ন, বাচনিকেঽর্থে যুক্তেরনবকাশাৎ॥ ১৫২॥

অত্র,—“গোযজ্ঞে সূর্য্যনামা তু বিবাহে যোজকঃ স্মৃতঃ।” ইতি কপিলেন গোযজ্ঞে অগ্নেঃ সূর্য্যনামাভিধানাৎ, তদ্ধর্ম্মগ্রাহিত্বাৎ বৃষোৎসর্গহোমেঽপি তথে”তি কেচিৎ, তন্ন, উপদেশে-

ভোজয়েৎ॥” ব্যাসঃ,—“ক্রিয়মাণে বৃষোৎসর্গে লোমদাহোঽভিজায়তে। বৃষস্তঃ পীড্যতে তেন শাম্যতে দ্বিজভোজনাৎ॥ কৃত্বৈতদ্বৃষোৎসর্গকর্ম্মণি এতদুৎসৃষ্টবৃষলোমদাহজনিতপাপক্ষয়কামো ভোজ্যান্নেভ্যানি বহুসার্পিকাণি ব্রাহ্মণেভ্যঃ সংপ্রদদে। ততস্তদ্দক্ষিণাং দদ্যাদিতি প্রাহুঃ। যত্ত্বিতি উক্তমিতি পরেণান্বিতম্। যুক্তেরিতি হরেঃ শুদ্ধসত্ত্বস্বভাবস্য দক্ষিণভাগঃ, হরস্য তু তমঃস্বভাবস্য বামভাগ ইতি যুক্তেরিতি বোধ্যম্। দক্ষিণহস্তে ইতি তথাচাগ্রপদদ্বয়ে হস্তস্থানীয়েঽঙ্কনমিতি মিশ্রসম্মতমিতি বোধ্যম্। বাচনিকে ইতি, বচনঞ্চ—“বৃষস্য দক্ষিণে পার্শ্বে ত্রিশূলাঙ্কং সমুল্লিখেৎ, স্ফিচোরঙ্কনমিতি চ॥ ১৫২॥

সাহসেতি। প্রাঞ্চস্তু “গোযজ্ঞে সূর্য্যনামেতি বিবাহে যোজকঃ স্মৃত” ইতি কাপিলে গোযজ্ঞেঽগ্নেঃ সূর্য্যস্য নামাভিধানাৎ তদ্ধর্ম্মগ্রাহিতয়া বৃষোৎসর্গেঽপি সূর্য্যনামাগ্নিরিত্যাহুঃ। স্মার্ত্তাশয়স্তু “গোযজ্ঞাতিদিষ্টত্বাৎ বৃষোৎসর্গেঽগ্নেঃ সূর্য্যনামত্বং, তদপেক্ষ্য পাক-

হইবে, তাহ’লে শরীরের দক্ষিণ ভাগটি হরির, এবং বামভাগটি মহাদেবের হওয়াই যুক্তিসিদ্ধ। এই যুক্তি অনুসারে কটির পার্শ্বে ত্রিশূল ও চক্র অঙ্কিত না করিয়া, হস্তস্থানীয় সম্মুখের বাম এবং দক্ষিণ পায়ের উপরিভাগে যথাক্রমে ত্রিশূল ও চক্র অঙ্কিত করাই উচিত। তাহ’লেই দক্ষিণ হস্তে চক্র, এবং বাম হস্তে ত্রিশূল ধারণও সিদ্ধ হয়। স্ফিকের উপর অঙ্কন করা উচিত নহে; কারণ পাদ দ্বারা অস্ত্রধারণ সম্পূর্ণ অযৌক্তিক।” রঘুনন্দন বলিতেছেন “তন্ন” বাচস্পতি মিশ্রের এই কথাটি সম্পূর্ণ অগ্রাহ্য, কারণ ঋষিবচন দ্বারা যে বিষয়ের স্পষ্ট উপলব্ধি হইয়া থাকে, তাহাতে আর যুক্তি খাটে না। ১৫২।

এস্থলে আর একটি কথা বক্তব্য এই যে, “গোযজ্ঞে অগ্নির নাম “সূর্য্য” রাখিতে হইবে এবং বৈবাহিক অগ্নির নাম “যোজক” এই কপিলের বচনে ‘গোযজ্ঞে অগ্নির ‘সূর্য্য’ এই নাম বিহিত হইয়াছে। এক্ষণে দেখ, বৃষোৎসর্গে গোযজ্ঞের ধর্ম্ম অতিদিষ্ট হওয়ায় বৃষোৎসর্গীয় হোমের অগ্নিকে ‘সূর্য্য’ এই

নাতিদেশস্য বাধাৎ। বৃষোৎসর্গহোমস্য পাকসাধ্যত্বাৎ তত্রাগ্নেঃ সাহসনামত্বম্।

"প্রায়শ্চিত্তে বিধুশ্চৈব পাকযজ্ঞে তু সাহসঃ।"

ইতি গোভিলপুত্রকৃতগৃহ্যসংগ্রহবচনাৎ প্রায়শ্চিত্তে প্রায়শ্চিত্তাত্মকহোমে 'বিধু'নামাগ্নিঃ ॥ ১৫০ ॥

ততশ্চ প্রকৃতহোমানন্তরং বৈগুণ্যজন্যপাপক্ষয়কামস্তত্তবেদোক্তপ্রায়শ্চিত্তহোমং সঙ্কল্পয়েৎ। তথাচাহতুঃ শঙ্খলিখিতৌ,—

যজ্ঞে তু সাহস ইত্যনেন সাক্ষাদুপদিষ্টস্য সাহসনামত্বস্য বলবত্ত্বমিতি। যদি চ পাকযজ্ঞ ইতি পরিভাষা ভবতি তদা বৃষোৎসর্গস্য তদাক্রান্তত্বাভাবাৎ নাত্রাগ্নেঃ সাহসনামত্বমুচিতমিতি ধ্যেয়ম্ ॥ ১৫০ ॥

তদ্বৈগুণ্যজন্যেতি কৃতেতৎকর্ম্মবৈগুণ্যজন্যেত্যর্থঃ। মাসপক্ষাদ্যন্যেষামনন্তরং বৃষো-

নামেই অভিহিত করিতে হইবে" এই কথা কেহ কেহ বলিয়াছিলেন, রঘুনন্দন বলিতেছেন,—"এর" একথাও অগ্রাহ্য; কারণ একটা নিয়ম আছে, উপদেশ দ্বারা অতিদেশের বাধ হইয়া থাকে, ইহার তাৎপর্য্য এই যে, "অমুক কার্য্যের মত অমুক কার্য্য করিবে," এইরূপ বরাত দেওয়ার দরুণ আগন্তুককর্ম্মে কোন একটি বিষয়ের যদি প্রাপ্তি হয়, এবং ঐ আগন্তুক কর্ম্ম সম্বন্ধে যদি কোন একটি বিষয়ের নূতন করিয়া উপদেশ করা হয়, তাহ'লে এই উপদেশ দ্বারা ঐ বরাত দেওয়ার দরুণ প্রাপ্ত বিষয়ের বাধ হইয়া থাকে। এক্ষণে দেখ, বৃষোৎসর্গ পাকসাধ্য কর্ম্ম; সুতরাং উহা একটি পাকযজ্ঞ। অতএব বৃষোৎসর্গে অগ্নির 'সাহস' নাম হওয়াই উচিত। কারণ গোভিলপুত্র-কৃত গৃহ্যসংগ্রহে "প্রায়শ্চিত্তাত্মক হোমীয় অগ্নির নাম 'বিধু' এবং পাকযজ্ঞীয় অগ্নির নাম 'সাহস' এইরূপ একটী বচন দৃষ্ট হয়। এই বচনে পাকযজ্ঞীয় অগ্নির নাম 'সাহস।" রাখিতে হইবে, এইরূপ স্পষ্টাক্ষরে উপদেশ থাকায় গোযজ্ঞের বরাতির দরুণ প্রাপ্ত 'সূর্য্য' নামের বাধ হওয়াই উচিত। ১৫০।

বৃষোৎসর্গের জন্য বিহিত হোম নিষ্পাদন করিয়া অনুষ্ঠিত বৃষোৎসর্গে যদি কোন প্রকার বৈগুণ্য ঘটিয়া থাকে, সেই পাপের ক্ষয়কামনায় নিজ নিজ বেদোক্ত প্রায়শ্চিত্তহোমের সঙ্কল্প করিবে। সঙ্কল্প করিয়াই যে, প্রায়শ্চিত্ত হোম

"প্রত্যেকং নিয়তং কালমাত্মনো ব্রতমাদিশেৎ।
প্রায়শ্চিত্তমুপাসীনো বাগ্‌যতস্ত্রিসবনং স্পৃশেৎ॥" ইতি।

প্রত্যেকং নিয়তং কালমিতি তত্তদ্‌ব্রতকালসংখ্যাম্, আত্মনো ব্রতম্ আত্মকর্তৃকত্বেন চেতি যাবৎ। আদিশেৎ উল্লিখেৎ কুর্য্যাৎ। ভবদেবভট্টেনাপি তথা লিখিতম্। যদপ্যুক্তম্,— "অদ্যেত্যাদি অমুককামো রুদ্রদৈবতং বৃষমেনং যুবানং পতিং বো দদানী"ত্যাদিলৌকিকপদমন্ত্রাভ্যাং বৃষোৎসর্গবাক্যমিতি, তন্ন, বচনং বিনা পরস্পরান্বয়বোধায়লৌকিক পদবিশিষ্টমন্ত্রো-

হস্মিন্ কর্মণি যদ্বৈগুণ্যং জাতম্ ইতি ব্যক্যান্তরাভিধানমসংলগ্নম্, অতঃ প্রাচাং সম্মতাং তাদৃশবাক্যরচনাং বিহায় কৃতৈতৎকর্মবৈগুণ্যজন্যেত্যাদিরচনা কৃতেতি ধ্যেয়ম্। প্রায়শ্চিত্তং কল্পয়েদিত্যুক্তম্ অত্র সংকল্পপ্রমাণমাহ তথাচাহতুরিত্যাদিনা। ত্রিসবনং স্পৃশেৎ ত্রিকালং স্নায়াৎ। তত্তদ্‌ব্রতকালেতি তেন দ্বাদশবার্ষিকব্রতমিত্যাদ্যুল্লেখঃ। আত্মকর্তৃকত্বেনেতি তেনাহং করিষ্যে ইত্যুল্লেখঃ। তথা লিখিতং প্রকৃতহোমানন্তরং প্রায়শ্চিত্তস্য সঙ্কল্পবাক্যং লিখিতম্। যদপ্যুক্তমিতি বাচস্পতিমিশ্রেণেতি শেষঃ। এনং যুবানমিতি এনং যুবানং পতিং বো দদানীত্যাদিমন্ত্রে দদামীতি দানার্থকপদঘটিতলৌকিকবাক্যোৎসর্গঃ।

করিতে হইবে, তদ্বিষয়ে শঙ্খ এবং লিখিতের বচনই প্রমাণস্বরূপ; যথা—"প্রত্যেক ব্রত অর্থাৎ প্রায়শ্চিত্তের জন্য শাস্ত্রে যে কাল নির্দ্ধারিত হইয়াছে, "ত্রৈমাসিক" "দ্বাদশবার্ষিক" ইত্যাদিরূপ, প্রায়শ্চিত্তানুষ্ঠানের পূর্ব্বে সেই সেই কালের উল্লেখ করিবে, এবং ঐ প্রায়শ্চিত্তের কর্ত্তা যে স্বয়ং (আপনি) তাহারও উল্লেখ করিবে অর্থাৎ "অদ্যাহং দ্বাদশবার্ষিকং প্রায়শ্চিত্তং করিষ্যে" "(অদ্য আমি এই দ্বাদশবার্ষিক প্রায়শ্চিত্ত করিব)" এইরূপ উল্লেখ করিবে। এবং প্রায়শ্চিত্ত অনুষ্ঠান করিবার সময়ে বাগ্‌যত হইয়া ত্রিসন্ধ্যা স্নান করিবে। ভবদেবভট্টও এইরূপ লিখিয়াছেন। আরও যে, বাচস্পতিমিশ্র বলিয়াছেন—"অদ্য অমুক মাস ইত্যাদিতে অমুক কামনায় এই রুদ্রদৈবত যুবা বৃষকে তোমাদের পতি করিয়া দিতেছি।" এইরূপ লৌকিক পদ এবং মন্ত্র মিলাইয়া বৃষোৎসর্গের সঙ্কল্পবাক্যের রচনা করিতে হইবে।" তাহাও ঠিক নহে; কারণ, বিশেষ প্রামাণিক বচনের অভাবে পরস্পরের সম্বন্ধ বোধ করাইবার নিমিত্ত লৌকিক পদের সহিত মিলাইয়া মন্ত্রের উল্লেখ করিবার পক্ষে কোন প্রমাণ

ষেষে মানাবাভাৎ ; তথাচানুষঙ্গাধিকরণে পার্থসারথিমিশ্রাঃ,—

"বেদেন লৌকিকঃ শেষো ন মৃগ্যো নিষ্প্রমাণকঃ ॥"

মাধবাচার্য্যশ্চ,—

"বেদাকাঙ্ক্ষা পূরণীয়া বেদেনেত্যনুষঞ্জনম্ ।
অন্তশেষো হি বুদ্ধিস্থো লৌকিকস্তু ন তাদৃশঃ ॥"

তস্মাদাকাঙ্ক্ষিতত্বেনাপি বৈদিকমেবানুষজ্যতে । ন তু,

"সকৃদংশো নিপততি সকৃৎ কন্যা প্রদীয়তে। সকৃদাহ দদানীতি ত্রীণ্যেতানি সকৃৎ সকৃদি"তি বচনাদিতি মিশ্রাভিপ্রায়ঃ। স্মার্ত্তমতন্তু—এনং যুবানমিতি মন্ত্রং পঠিত্বা লৌকিকবাক্যেনোৎসৃজেদিতি। মন্ত্রস্থদদানীত্যস্য তু ত্যক্তুং প্রার্থয়ামীত্যর্থঃ। অতো ন দানার্থকতেতি। বচনং বিনেতি "যে চাত্র ত্বামনু যাংশ্চ" ইত্যাদৌ তু বচনসত্ত্বাৎ, লৌকিকপদবিশিষ্টমন্ত্রোল্লেখ ইতি ধ্যেয়ম্। অনুষঞ্জনমিতি বেদান্তরস্থপদস্যানুষঙ্গঃ ক্রিয়তে, ন তু লৌকিকপদমধ্যাহ্রিয়তে ইত্যর্থঃ। অন্তশেষোঽপি অন্তরস্থিতবৈদিক-

দৃষ্ট হয় না। ইহার তাৎপর্য্য এই—বাচস্পতিমিশ্র বলিয়াছিলেন, বৃষোৎসর্গ করিবার সময় যে বাক্যটি বলিতে হয় (উপরে উল্লিখিত বাক্যটি দেখ), তাহার কতক অংশ বৈদিক মন্ত্র, যেমন "বৃষমেনং যুবানং পতিং" ইত্যাদি এবং কতক অংশ লৌকিকপদঘটিত, যেমন "দদানি" ইত্যাদি, এই লৌকিক পদ এবং মন্ত্র মিলাইয়া বাক্য প্রস্তুত করা হইয়াছে। স্মার্ত্ত বলিতেছেন—শাস্ত্রের বিশেষ বচন ব্যতীত লৌকিক পদের সহিত মন্ত্র মিলাইয়া বাক্য রচনার পক্ষে কোনরূপ প্রমাণই দৃষ্ট হয় না। সুতরাং বৃষোৎসর্গের সময় "বৃষমেনং যুবানং পতিং বো দদানি" ইহাই একটি সম্পূর্ণ বৈদিক মন্ত্র, এই মন্ত্রটি পাঠ করিয়া লৌকিক পদ দ্বারা পুনর্ব্বার স্বতন্ত্র বাক্য রচনাপূর্ব্বক উৎসর্গ করিবে। মন্ত্রস্থিত "দদানি" এই ক্রিয়াপদটি অনুজ্ঞাসূচক, সুতরাং উহার "দান করিতেছি" এরূপ অর্থ নহে। অতএব 'দান করিতেছি' এইরূপ অর্থসূচক পদ দ্বারা স্বতন্ত্র একটি বাক্য রচনা করিতেই হইবে। লৌকিক পদের সহিত বৈদিক মন্ত্র মিলাইয়া যে বাক্য রচনা করা যাইতে পারেনা, তদ্বিষয় মীমাংসার অনুষঙ্গাধিকরণে (অপরস্থান হইতে অনুবৃত্তি বা অপেক্ষিতাংশ পূরণ করিবার প্রকরণে) পার্থসারথিমিশ্র এইরূপ বলিয়াছেন—"বিশেষ প্রমাণ (১) ব্যতীত লৌকিক শব্দ দ্বারা বৈদিক মন্ত্রের আকাঙ্ক্ষিত (অপেক্ষিত)

(১) বাচস্পতিমিশ্র বলিয়াছিলেন "বৃষমেনং যুবানং পতিং" এই টুকুমাত্র বৈদিক

"লৌকিকেঽধ্যাহ্রিয়ত' ইতিবদত্রাপি 'বৈদিকমন্ত্রস্য বচনাভাবে

পদরূপশেষোঽপি। বুদ্ধিস্থঃ আকাঙ্ক্ষাপূর্ব্বকত্বেন ঈশ্বরবুদ্ধিস্থঃ। অধ্যাহ্রিয়তে ইতি বিশ্বজিতা যজেতেত্যাদৌ স্বর্গকামপদস্যাধ্যাহারো নৈয়ায়িকানাং সম্মতোঽপি অর্থা-ধ্যাহারে বাদিনাং মীমাংসকানাং ন সম্মতঃ; বস্তুতস্তু তত্রাপি বেদান্তরস্থিতস্বর্গকাম-পদস্যানুষঙ্গঃ, ন ত্বধ্যাহার ইতি। বচনাভাবেঽপি নিষেধকবচনাভাবেঽপি, ন লৌকিক-

অংশের পুরণ করিবেনা।" মাধবাচার্য্যও এই কথাই বলিয়াছেন, যথা "কোন একটি বেদমন্ত্রে আকাঙ্ক্ষিত অর্থের অন্যত্র মন্ত্রে উক্ত বৈদিক পদ দ্বারা পূর্ত্তি করাকেই অনুষঙ্গ (অনুবৃত্তি) বলা হয়। কারণ, সকল বেদের সকল মন্ত্রে কিছু অপেক্ষিত যাবৎ পদের উক্তি করা হয় নাই, কোন বেদের কোন মন্ত্রে একটি পদ আছে, অপর বেদের অপর মন্ত্রে আবার সে পদটি নাই, সুতরাং ঐ পদের অভাবে মন্ত্রটি আপাততঃ সাকাঙ্ক্ষ বলিয়া প্রতীয়মান হইতেছে বটে, কিন্তু বস্তুতঃ তাহা নহে, যেহেতু ঐ অপর বেদস্থিত, পদটী ঈশ্বরের বুদ্ধিতে অবস্থিত, তিনি ঐ অপর বেদস্থিত পদটি এই বেদোক্ত মন্ত্রে অনুকৃতি করিতে হইবে, ইহা মনে মনে প্রথম হইতেই স্থির করিয়া রাখিয়াছেন। লৌকিকপদ কখনই এইরূপ হইতে পারেনা, অর্থাৎ অমুক মন্ত্রে আকাঙ্ক্ষিত অর্থের পূর্ত্তির জন্য অমুক লৌকিক পদের অমুক স্থান হইতে অনুবৃত্তি করিতে হইবে, পূর্ব্ব হইতে কেহ ইহা স্থির করিয়া রাখে নাই।" অতএব আকাঙ্ক্ষিত অর্থের পূর্ত্তির জন্য মন্ত্রে বৈদিক পদেরই অনুবৃত্তি করা হইয়া থাকে। যদি বল বৈদিক মন্ত্রে লৌকিক পদের অনুষঙ্গ নাই হৌক, লৌকিক বাক্যে সম্পূর্ণ অর্থের বোধ না হইলে যেমন কোন একটি নূতন পদের অধ্যাহার (যোজনা) করিয়া আকাঙ্ক্ষিত অর্থের বোধ করান হয়, সেইরূপ এস্থলে প্রমাণ বচন না থাকিলেও বৈদিক-মন্ত্রের সহিত লৌকিক পদের অধ্যাহার করিয়া বাক্যে আকাঙ্ক্ষিত অর্থের

মন্ত্র, ইহাতে সম্পূর্ণ একটা অর্থের নিরাকাঙ্ক্ষভাবে প্রকাশ হয়না বলিয়া, আকাঙ্ক্ষিত অর্থের পূর্ত্তি করিবার জন্য উহার সহিত 'বো দদানি' ইত্যাদি পদ মিলাইয়া সম্পূর্ণ বাক্য প্রস্তুত করা হইয়াছে। স্মার্ত্ত বলিতেছেন—যে যে স্থলে বিশেষ বচন প্রমাণ আছে, সেই সেই বৈদিক মন্ত্রে আকাঙ্ক্ষিত অর্থের পূর্ত্তি করিবার জন্য লৌকিকপদের মিল করিয়া বাক্য প্রস্তুত করা যাইতে পারে, তদ্ভিন্ন স্থলে ঐরূপ বাক্য প্রস্তুত করা যাইতে পারে না। পার্থসারথির বাক্যদ্বারা নিজের পক্ষ সমর্থন করিলেন। স্মার্ত্তের মতে "বৃষং—দদানি" এই অবধিই একটি মন্ত্র, এই মন্ত্রটি সম্পূর্ণ পাঠ করিবার পর লৌকিক পদদ্বারা স্বতন্ত্র একটি বাক্য রচনা করিয়া উৎসর্গ করিতে হইবে।

লৌকিকবাক্যে নান্বয়ঃ। অন্যথা "ভূঃ স্বাহে"ত্যাদৌ তথাত্বা-পত্তেঃ।

"অষ্টাভির্ধেনুভির্বৃষ্ণশ্চতসৃভিরনুক্রমাৎ।
ত্রিহায়ণীভির্ধন্যাভিঃ স্বরূপাভিশ্চ শোভিতঃ॥
সর্ব্বোপকরণোপেতঃ সর্ব্বশস্যচরো মহান্।

বাক্যেঽন্বয়ঃ ইত্যর্থঃ। অপিকাররহিতবচনাভাবে ইতি পাঠে বিধায়কবচনাভাবে লৌকিকবাক্যেঽন্বয়েঽেত্যর্থঃ। তথাত্বাপত্তেঃ স্বাহেত্যস্যান্বয়ায় লৌকিকচতুর্থ্যাধ্যাহারা-পত্তেঃ। ধেনুভির্নবসূতিকাভিঃ, যথা "ধেনুঃ স্যান্নবসূতিকা" ইতি। চতসৃভিরিত্যপরঃ

পূর্ত্তি করা হইয়াছে। স্মার্ত্ত বলিতেছেন, তাহাও হইতে পারে না; দেখ, মাধবাচার্য্য কর্ত্তৃক উদ্ধৃত উপরি উক্ত কারিকা হইতে ইহা সুস্পষ্ট জ্ঞাত হওয়া যাইতেছে যে, বৈদিক মন্ত্রে আকাঙ্ক্ষিত অর্থের পূর্ত্তির জন্য বেদোক্ত পদেরই অনুষঙ্গ (অনুবৃত্তি) করিতে হইবে, লৌকিক পদের কখনই অধ্যাহার (যোজনা) হইবে না। বেদের কোন্ মন্ত্রের কিরূপ অর্থ করিতে হইবে, এবং কোন্ বেদ হইতে কোন পদের অনুষঙ্গ করিয়া তথাবিধ অর্থের বোধ করাইতে হইবে, তাহা পরমেশ্বর প্রথম হইতেই আপনার মনে মনে স্থির করিয়া রাখিয়াছেন, কাজেই বেদমন্ত্রে নূতন পদের অধ্যাহার (যোজনা) করিয়া নূতন অর্থের বোধ করান যাইতেই পারে না। যদি বেদমন্ত্রে নূতন পদের অধ্যাহার করা যাইতে পারিত, তাহা হইলে "ভূঃ স্বাহা" ইত্যাদি মন্ত্রেও স্বাহা শব্দের অন্বয়সিদ্ধির নিমিত্ত লৌকিক চতুর্থ্যাদি বিভক্তির অধ্যাহার করিবার রীতি থাকিত। (১) আরও দেখ, কেবল যদি "বৃষং-দদানি" এই বৈদিক মন্ত্রের সহিত মিলিত লৌকিক-পদঘটিত বাক্য দ্বারাই বৃষোৎসর্গ করা হয়, তাহা হইলে, ব্রহ্ম-পুরাণের—"শ্রুতি এবং স্মৃতি শাস্ত্রের নির্দ্দেশ অনুসারে তিনবৎসর বয়স্কা, ধন্যা এবং সুরূপা আটটি অথবা চারিটি ধেনুর সহিত মিলিত সকল প্রকার উপকরণযুক্ত সর্ব্ববিধ শস্য ভক্ষণে সমর্থ মহান্ বৃষকেই উৎসর্গ করিবে"

(১) কোন একটি শাস্ত্রীয় বাক্যের অস্ফুট অর্থের স্পষ্টীকরণার্থ পূর্ব্বোল্লিখিত কোন একটি পদ বা বাক্যের অনুবৃত্তি করাকে অনুষঙ্গ বলে। কোন বাক্যের অস্ফুট অর্থের স্পষ্টীকরণার্থ যে নূতন পদের যোজনা করা হয়, তাহাকে অধ্যাহার বলে। বেদমন্ত্রে অনুষঙ্গই হয়, অধ্যাহার হয় না।

উৎস্রষ্টব্যো বিধানেন শ্রুতিস্মৃতিনিদর্শনাৎ ॥”

ইতি ব্রহ্মপুরাণোক্তধেনুযুক্তত্বসর্ব্বোপকরণোপেতত্বাদ্যনু-স্লেখাপত্তেঃ। অত্র “ধেনু’পদং” বক্ষ্যমাণ‘গুর্ব্বিণ্য’ ইতি বিশে-ষণঞ্চ শাখান্তরীয়ং, কাত্যায়নসূত্রে “বৎসতরী”তি শ্রুতেঃ। যথা, —“পয়স্বিন্যাঃ পুত্রো যূথে চ রূপবান্ স্যাত্তমলঙ্কৃত্য যূথমুখ্যা-শ্চতস্রো বৎসতর্য্যস্তাশ্চালঙ্কৃত্য “এনং যুবানং পতিং বো দদামি, তেন ক্রীড়ন্তীশ্চরথ প্রিয়েণ। মানঃ সাপ্তজনুষা সুভগা, রায়-স্পোষেণ সমিষা সন্মদেম” ইত্যনয়ৈব ঋচা উৎসৃজেরন্নি”তি। ন চৈতদনুসারেণ বৎসতরীচতুষ্টয়যুক্তমিতি বৃষভবিশেষণং

কল্পঃ। বৃষবিশেষণং বাচ্যং মন্ত্রাভ্যন্তরে বৃষবিশেষণং বাচ্যং, তথাচ বৎসতরীচতুষ্টয়-

এই বচন অনুসারে উৎসর্গমন্ত্রে “এতগুলি ধেনুযুক্ত,” “সর্ব্বোপকরণোপেত” ইত্যাদি বিশেষণ পদগুলির বৃষের সহিত যোগ করা আবশ্যক বলিয়া প্রতীত হইলেও, উহাদেরও উল্লেখ করা হউক। এই বচনে যে “ধেনুযুক্ত বৃষ উৎসর্গ” করিবার কথা বলা হইয়াছে, এবং পরে যে, “গুর্ব্বিণ্যঃ” (গর্ভিণী সকল) এইরূপ বৃষসহচরী গাভীর বিশেষণ উক্ত হইবে, উহা অপর শাখীয়দিগের সম্বন্ধেই বুঝিতে হইবে। কারণ সামবেদীয়দিগের গৃহসূত্রের প্রণেতা কাত্যায়নের সূত্রে ‘বৎসতরী’যুক্ত বৃষেরই উৎসর্গ করিবার কথা বলা হইয়াছে। যথা “যে বৃষটি প্রশস্ত দুগ্ধবতীর বাছুর এবং পালের মধ্যে সমধিক রূপবান্ হইবে, তাহাকে অলঙ্কৃত করিয়া এবং পালের মধ্যের বাছা বাছা চারিটি বৎসতরীকেও অলঙ্কৃত করিয়া, ‘এই যুবা পতি তবে তোমাদিগকে প্রদান করি? এই পতির সহিত তোমরা ক্রীড়া করত চরিয়া বেড়াইবে, তোমরা আর আমাদিগের রহিলে না। আমরা যেন সপ্ত জন্ম পর্য্যন্ত, অন্ন এবং ধনের সমৃদ্ধি দ্বারা আনন্দিত হই, এবং লোকের প্রিয় হই” এই ঋক্‌টি পাঠ করিয়াই উৎসর্গ করিবে।” এই সূত্রে বৎসতরীচতুষ্টয়যুক্ত বৃষের উৎসর্গ করিবার বিধান করা হইলেও ঐ উৎ-সর্গবিষয়ক ঋক্‌মন্ত্রের মধ্যে ‘বৎসতরীচতুষ্টয়যুক্ত’ এই বিশেষ পদটির আর যোগ করিতে হইবে না। তাহা হইলে “বৎসতরীযুক্ত বৃষ” বিশিষ্ট বাক্যে আবার “তোমাদের (বৎসতরীদের) পতি” এইরূপ বলা অসঙ্গত

বাচ্যং, তথাত্বে তাদৃশং বৃষমিতি বিশিষ্টে, বো যুষ্মাকং বৎসতরীণাং পতিমিত্যনেনানন্বয়াপত্তেঃ, প্রাগুক্তদোষাচ্চ। ন চ "কাত্যায়নীয়ে 'এব'কারশ্রুতেঃ কেবলমন্ত্রেণোৎসর্গঃ, ন তু বাক্যেনে"তি বাচ্যম্, অনয়ৈবেত্যনেন এবকারেণ সজাতীয়ত্বেন "সর্ব্বশাখিপ্রত্যয়মেকং কর্ম্মে"তি ন্যায়প্রাপ্তস্য কামধেনুনৈয়তকালিকল্পতরুধৃতবিষ্ণুক্তস্য ঋগন্তরস্য ব্যাবৃত্তিঃ, ন তু বাক্যস্য;

যুক্তমেনং যুবানমিতি রীত্যা মন্ত্রপাঠঃ কার্য্য ইতি ভাবঃ। প্রাগুক্তদোষাচ্চেতি পরস্পরায়য়লৌকিকপদবিশিষ্টমন্ত্রোল্লেখে প্রমাণাভাবাদিত্যাদিপ্রযুক্তদোষাচ্চেত্যর্থঃ। এনমিত্যাদিমন্ত্রস্য ব্যাখ্যানং করিষ্যতি। কাত্যায়নীয়ে পয়স্বিন্যাঃ পুত্র ইত্যাদিকাত্যায়নসূত্রে। এবকারশ্রুতেঃ এতয়ৈব ঋচা ইত্যত্রৈবকারশ্রুতেঃ। সজাতীয়ত্বেনেতি তথাচ এবকারেণ সজাতীয়স্য ঋগন্তরস্য ব্যাবৃত্তিঃ ন ত্বসজাতীয়স্য লৌকিকবাক্যস্য ব্যাবৃত্তিরিত্যর্থঃ।

হইয়া পড়ে; শুধু তাহা নহে, পূর্ব্বে যে বৈদিক মন্ত্রের সহিত লৌকিক পদের মিশ্র করিয়া বাক্য রচনা করা যাইতে পারে না, বলিয়া যে দোষ দেওয়া হইয়াছে, সে দোষও অনিবার্য্য হইয়া উঠে। এক্ষণে কেহ আশঙ্কা করিয়াছিল, তুমি যে, বলিতেছ, উক্ত মন্ত্রটি পাঠ করিয়া স্বতন্ত্র বাক্য ব'লে উৎসর্গ করিবে, তাহাত ঠিক হইল না; কারণ, কাত্যায়নের সূত্রে যে 'এব' (এই ঋক্‌টি পাঠ করিয়াই) শব্দ আছে, তাহা দ্বারা কেবল ঐ ঋক্‌টি পাঠ করিবার পরই উৎসর্গ করিতে হইবে, আর স্বতন্ত্র বাক্য বলিতে হইবে না, এইরূপ অর্থেরই ত বোধ হইতেছে?" ইহার উত্তরে রঘুনন্দন বলিতেছেন, এরূপ কথা বলিও না, কাত্যায়নের সূত্রে যে, 'এব' (এই ঋক্‌টি পাঠ করিয়াই) শব্দ আছে, তাহার এরূপ অর্থ নয় যে ঐ ঋক্‌টি পাঠ করিয়াই, আর কোন বাক্য টাক্য না রচনা করিয়া উৎসর্গ করিবে; কিন্তু "সর্ব্বশাখায় অবিরোধী কর্ম্ম একরূপই হইয়া থাকে," এই ন্যায় অনুসারে যে, কামধেনু নৈয়তকালিক কল্পতরু প্রভৃতি গ্রন্থে উদ্ধৃত বিষ্ণুক্ত আর একটি ঋকেরও পাঠ কর্ত্তব্যরূপে প্রাপ্ত হইয়াছিল, কাত্যায়নের সূত্রস্থিত 'এব' শব্দ দ্বারা তাহারই ব্যাবৃত্তি করা হইয়াছে, অর্থাৎ সেই ঋক্‌টি যে আর পাঠ করিতে হইবে না, এই একটি মাত্র ঋকেরই পাঠ করিলে চলিবে, 'এব' শব্দ দ্বারা এই কথাই জানান হইয়াছে। ঐ ঋক্‌পাঠের পর যে, আর বাক্য বলিতে হইবে

অতএব পিতৃদয়িতা-পরিশিষ্টপ্রকাশ-শূলপাণিকৃতদীপকলিকা-প্রভৃতিষু "মন্ত্রাভিধানপূর্ব্বকবাক্যেন বৃষোৎসর্গ" ইত্যুক্তম্ ॥১৫৪॥

এবঞ্চৈমন্ত্রস্য করণত্বমুপপন্নম্। অন্যথা 'দদানি' ইত্যনেন মন্ত্রান্তরেণোৎসর্গায় তথাত্বম্। "মন্ত্রান্তে কর্ম্মসন্নিপাত" ইতি ন্যায়স্যাপ্যবাধঃ। "মন্ত্রান্তে সম্প্রদান"মিতি সরলাধৃতকাঠক-শ্রুতেরপ্যবাধঃ। ব্যক্তমাহ আপস্তম্বঃ,—

মন্ত্রাভিধানেতি তথাচার্থো এবং যুবানমিতি মন্ত্রং পঠিত্বা অদ্যেত্যাদিবাক্যেনোৎসর্গঃ কার্য্য ইতি ॥ ১৫৪ ॥

মন্ত্রস্য করণত্বমিতি। ইত্যেতয়ৈবেত্যনেন তৃতীয়ান্তেন বোধিতং মন্ত্রস্য করণত্বমিত্যর্থঃ। মন্ত্রাভিধানপূর্ব্বকত্বেন মন্ত্রস্য পূর্ব্ববর্ত্তিত্বাৎ করণত্বমুপপন্নমিতি ভাবঃ। মন্ত্রান্তরেণ মন্ত্র-মধ্যবর্ত্তিনা; তথাচ মন্ত্রমধ্য এব উৎসর্গো ভূতো ন তু মন্ত্রান্তে ইত্যর্থঃ। ন তথাত্বং মন্ত্রস্য পূর্ব্ববর্ত্তিত্বাভাবাদিতি ভাবঃ। কর্ম্মাদিসন্নিপাত ইতি ত্যাগাদিরূপকর্ম্মনির্ব্বাহ ইত্যর্থঃ। অপ্যবাধ ইত্যপিনা মন্ত্রস্য করণত্বমুপপন্নমিতি সমুচ্চিতং, কেবলমন্ত্রেণোৎসর্গে সতি

না, 'এব' শব্দ দ্বারা সে কথা বলা হয় নাই। এই হেতুই পিতৃদয়িতা, পরিশিষ্ট-প্রকাশ, শূলপাণিকৃত দীপকলিকা প্রভৃতি গ্রন্থে "মন্ত্র পাঠের পর বাক্য দ্বারা বৃষোৎসর্গ করিতে হইবে" এই কথাই স্পষ্ট করিয়া বলা হইয়াছে। ১৫৪।

আরও একটি কথা এস্থলে বক্তব্য যে, এইরূপ হইলেই, অর্থাৎ মন্ত্র পাঠের পর স্বতন্ত্র বাক্য দ্বারা বৃষোৎসর্গ করা ব্যবস্থাসিদ্ধ হইলেই কাত্যায়নসূত্রে "অন-য়ৈব ঋচা" এই স্থলে ঋক্ শব্দের উত্তর করণে তৃতীয়া বিভক্তি দ্বারা ঋকের (মন্ত্রের) যে, উৎসর্গের প্রতি করণত্ব সূচিত করা হইয়াছে, তাহাও সিদ্ধ হইল; কেন না, কোন কার্য্যের পূর্ব্ববর্ত্তী ক্রিয়া বা বস্তুকেই ত 'করণ' বলা হয়, উৎসর্গের পূর্ব্বে সম্পূর্ণ মন্ত্রটি পাঠ করিলেই ত মন্ত্রের করণত্ব সিদ্ধ হয়, তাহা না হইলে, সম্পূর্ণ মন্ত্রটি পাঠ না করিয়া বাচস্পতিমিশ্রের মতানুসারে যদি মন্ত্রের মধ্যস্থিত অর্থাৎ দদানি এই অংশটুকু অবধি পাঠ করিয়াই উৎসর্গ করা হয়, তাহা হইলে সম্পূর্ণ মন্ত্রের আর করণত্ব হইবে কিরূপে? "দদানি"তেইত আর মন্ত্রের শেষ হয় নাই, উহার পর মন্ত্রের অনেকটা বাকী আছে। কেবল যে, মন্ত্রের করণত্ব সিদ্ধ হয়, তাহা নহে "মন্ত্রপাঠের শেষে কর্ম্মের নির্ব্বাহ করিবে" এই ন্যায় বাক্যেরও মর্য্যাদা রক্ষা করা হয়, এবং সরলা নামক টীকায় উদ্ধৃত "মন্ত্র-পাঠের পর সম্প্রদান করিবে" এই কাঠকশ্রুতিরও মান রক্ষা করা হয়।

"মন্ত্রান্তে কর্ম্মাদীন্ সন্নিপাতয়েদি"তি। সমগ্রং মন্ত্রং পঠিত্বা কর্ম্ম কারয়েদিত্যর্থঃ। ইতি কর্ম্মবিপাকঃ। এবঞ্চ অমুকামুককাম ইতি, সোপকরণং বৎসতরীচতুষ্টয়যুক্তং বৃষমিতি চাভিলপ্যোৎসর্গঃ সঙ্গচ্ছতে। ততশ্চ ব্রাহ্মণেন পঠিতে মন্ত্রে শূদ্রস্যাপি বাক্যেনোৎসর্গ ইতি। এবং "প্রধানে স্বামী অধিকারী ফলযোগাদ্গুণে প্রতিনিধিঃ পরার্থত্বাৎ" ইতি

মন্ত্রমধ্য এব উৎসর্গস্য ভূতত্বাৎ মন্ত্রান্তে ইতি ন্যায়স্য বাধঃ স্যাদিতি ভাবঃ। ,এবং পরত্র। এবঞ্চ মন্ত্রাভিধানপূর্ব্বকবাক্যে উৎসর্গকরণস্য শাস্ত্রার্থত্বে চ। ততশ্চেতি।মন্ত্রপাঠানন্তরম্ উৎসর্গস্য শাস্ত্রার্থত্বাৎ চেত্যর্থঃ। এবমিতি ব্রাহ্মণকর্তৃকমন্ত্রপাঠানন্তরং শূদ্রকর্তৃকবাক্যকরণকোৎসর্গে সন্তীত্যর্থঃ। প্রধানে ইতি উৎসর্গাদিরূপে প্রধানে কর্ম্মণি স্বামী অধিকারী গুণে মন্ত্রপাঠাদিরূপে অঙ্গে প্রতিনিধিরধিকারী। পরার্থত্বাৎ প্রধানজন্যফলোপকারকত্বাৎ। তথাহি প্রধানঃ ফলযোগী স্বামী চ ফলযোগী; অতঃ প্রধানে স্বামী অধিকারী। গুণঃ পরোপকারকঃ প্রতিনিধিশ্চ পরোপকারকঃ, অতো গুণে প্রতিনিধিরধিকারীতি ভাবঃ। এতয়োরেবোৎসৃজেরন্নিতি এতয়া ঋচা, নান্যবাক্যেনেত্যেবকারবশাৎ শূদ্রেণান্যবাক্যেনোৎ-

আপস্তম্বও এই কথা স্পষ্টাক্ষরে বলিয়াছেন; যথা—"মন্ত্র পাঠান্তে কর্ম্ম সম্পাদন করিবে।" আপস্তম্বের উক্ত বাক্যের কর্ম্মবিপাকে "সম্পূর্ণ মন্ত্রটি পাঠ করিয়া কর্ম্ম করিবে", "এইরূপ অর্থ করা হইয়াছে। যদি ইহাই স্থির হইল যে, সম্পূর্ণ মন্ত্র পাঠের পর স্বতন্ত্র বাক্য বলিয়া উৎসর্গ করাই শাস্ত্রসম্মত ব্যবস্থা, তাহা হইলে, সঙ্কল্পবাক্যে "অমুকামুককামঃ" এই কথার পর যে, উৎসর্গ করা হয়, তাহাও সঙ্গত হইল। এবং সেই হেতুই, অর্থাৎ সম্পূর্ণ মন্ত্রপাঠের পর উৎসর্গ করা শাস্ত্রাভিমত হওয়াতেই শূদ্রকর্তৃক বৃষোৎসর্গ স্থলে ব্রাহ্মণ মন্ত্রটি পাঠ করিলে শূদ্র বাক্য বলিয়া উৎসর্গ করিবার যে নিয়ম দৃষ্ট হয় তাহাও সঙ্গত হইল। এবং "প্রধান কর্ম্ম সাক্ষাৎ কর্ম্মফল-জনক বলিয়া স্বামী (কর্ম্মকর্ত্তা স্বয়ং) তাহাতেই অধিকারী অর্থাৎ স্বয়ং প্রধান কর্ম্মের অনুষ্ঠান করিবে, এবং অঙ্গ সকল প্রধানকর্ম্মজন্য ফলের উপকারক মাত্র বলিয়া, মন্ত্রপাঠাদিরূপ অঙ্গকর্ম্মে প্রতিনিধি অধিকারী হইতে পারে, অর্থাৎ প্রতিনিধিদ্বারা ঐ সকল কর্ম্মের সম্পাদন করা যাইতে পারে" এই পরিভাষাটিও সঙ্গত হইল। কেহ বলিয়াছিল, শূদ্র কর্তৃক বৃষোৎসর্গ স্থলে

পরিভাষাপি সঙ্গচ্ছতে। এবং "বর্ষাসু রথকার আদধীত" ইতি প্রত্যক্ষশ্রুত্যা রথকারস্য মন্ত্রপাঠপূর্ব্বকাগ্নিস্থাপনরূপাধানে বোধিতে, তত্র বিদ্যাপ্রযুক্তিরস্তু; ইহ তু স্মার্ত্তে কর্ম্মণি, প্রত্যক্ষশ্রুত্যভাবাৎ ন তথা। কিন্তু,—

"শ্বেতোদরঃ কৃষ্ণপৃষ্ঠো ব্রাহ্মণস্য প্রশস্যতে।

সর্গবাক্যে বাক্যভেদগৌরবাচ্চ উৎসৃজেয়মিতি চাতুর্ব্বর্ণ্যসাধারণতয়া বহুবচনোপদেশাচ্চ রথকারন্যায়াৎ শূদ্রেণাপি এনং যুবনাম্ ইত্যাদ্যুৎসর্গপ্রকাশকমন্ত্রঃ পঠনীয় এব, ন চ "মন্ত্রস্ত তু শূদ্রস্য বিপ্রো মন্ত্রেণ গৃহ্যতে" ইতি বচনাৎ ব্রাহ্মণদ্বারা মন্ত্রঃ পাঠ্য ইতি বাচ্যং, প্রধানস্য বৃষগতস্বত্বধ্বংসরূপস্য স্বয়মেবানুষ্ঠেয়স্য মুনিভিরেব তাদৃশমন্ত্রেণ বিহিতস্য অন্যথাসিদ্ধস্য বৃষোৎসর্গস্যাজাতত্বাৎ। রুদ্রাধ্যায়জপাদেস্তু অঙ্গত্বেনাচার্য্যদ্বারাপ্যনুষ্ঠেয়ত্বে প্রাধান্যমন্ত্রবদন্যথাসিদ্ধিত্বমিতি। অতএবোৎসর্গমন্ত্রপাঠানধিকারাৎ তাদৃশবিশেষপ্রতিপাদকবচনাভাবাচ্চ অনুপনীতস্য স্ত্রিয়াশ্চাধিকারো বৃষোৎসর্গে নাস্তি, শূদ্রস্য তু কৃষ্ণমাপ্যস্যাজন্মন ইতি বিশেষবচনাৎ অধিকার ইতি প্রাচাং মতম্। তত্র বাক্যং বিনা এনং যুবানমিতি মন্ত্রেণৈব বৃষোৎসর্গ ইতি যদুক্তং তদ্দূষিতং, রথকারন্যায়াৎ শূদ্রেণাপি এনং যুবানমিত্যাদ্যুৎসর্গপ্রকাশকমন্ত্রঃ পঠনীয় এবেতি যদুক্তং, তদিদানীং দূষয়তি বর্ষাস্বিত্যাদিনা। বিদ্যাপ্রযুক্তিরিতি বিদ্যা বেদমন্ত্রঃ তৎপ্রযুক্তির্ব্রাহ্মণেন রথকারস্য তৎপাঠনারূপযাজনেত্যর্থঃ। ব্রাহ্মণেন যাজনং বিনা রথকারস্যাধানকরণাসম্ভবাদিতি ভাবঃ। অত্র যোগার্থাদরে রথকারপদস্য ত্রৈবর্ণিকপরত্বং সম্ভবদপি লাঘবাৎ রূঢ়্যৈব জাতিবিশেষস্যৈব গ্রহণম্। তথাচামরঃ—"রথকারস্তু মাহিষ্যাৎ করণ্যাং যস্য সম্ভব" ইতি। যোগার্থস্য তু রূঢ্যর্থতো গৌরবম্, অবয়বার্থজ্ঞানাপেক্ষত্বাদিতি। প্রত্যক্ষেতি অনুমেয়া শ্রুতিস্তু

ব্রাহ্মণের মন্ত্র পাঠ করিতে হইবে কেন? রথকার-ন্যায় অনুসারে শূদ্র নিজেই ঐ মন্ত্রটি পাঠ করিতে পারিবে। এক্ষণে সেই মতের খণ্ডন করিতেছেন, —"তুমি যে, রথকার" ন্যায়ের কথা বলিতেছ, তাহা এস্থলে খাটিবেনা; দেখ, "বর্ষাকালে রথকার অগ্নি স্থাপন করিবে," এই প্রত্যক্ষ (সাক্ষাৎ) শ্রুতি প্রমাণ দ্বারা রথকারের নিজে মন্ত্র পাঠপূর্ব্বক অগ্নিস্থাপনরূপ বৈদিক আধান কর্ম্মানুষ্ঠান বোধিত হওয়াতেই রথকারের বেদমন্ত্রপাঠে অধিকার হৌক, কিন্তু বৃষোৎসর্গ একটি স্মার্ত্ত (স্মৃতিবোধিত) কর্ম্ম, শূদ্র যে বৃষোৎসর্গ করিবে, এসম্বন্ধে কোন প্রকার সাক্ষাৎ শ্রুতি নাই, সুতরাং বেদমন্ত্রপাঠে রথকারের দৃষ্টান্তে শূদ্রের অধিকার বলা যাইতে পারেনা; তবে শূদ্র যে, বৃষোৎসর্গ করে, তাহার প্রতি "ব্রাহ্মণের পক্ষে শ্বেতোদর এবং কৃষ্ণপৃষ্ঠ বৃষই প্রশস্ত,

স্নিগ্ধরক্তেন বর্ণেন ক্ষত্রিয়স্যাপি শস্যতে।
কাঞ্চনাভেন বৈশ্যস্য কৃষ্ণেনাপ্যন্ত্যজন্মন ॥”

ইতি স্মৃত্যা শূদ্রস্য প্রধানে বৃষত্যাগেঽধিকারায় শ্রুতিরবাধিতবিষয়ৈব কল্প্যতে, ন তু মন্ত্রপাঠায়াপি ॥ ১৫৫ ॥

যথা “পিতৃভ্যো দদ্যাদি”ত্যত্র বহুবচনেন সাহিত্যপ্রতীতাবপি, ন চতুর্থ্যা সহিতানাং দেবতাত্বং কল্প্যতে। কিন্তু

অন্ত্যোবেতি বোধ্যম্। ন তথা নে শূদ্রায় বিদ্যাপ্রযুক্তিঃ। অবাধিতেতি মন্ত্রেণ ব্রাহ্মণং প্রতিগৃহ্য শূদ্রো বৃষমুৎসৃজেদিত্যবাধিতবিষয়িকেত্যর্থঃ। কল্প্যতে অনুমীয়তে ॥ ১৫৫ ॥

নন্থ কৃষ্ণেনাপ্যন্ত্য ইতি স্মৃত্যা শূদ্রস্য সাঙ্গ এব বৃষোৎসর্গে অধিকারঃ প্রতীয়তে, তৎকথং মন্ত্রপাঠরূপাঙ্গং বিহায় শ্রুতিঃ কল্প্যতে তত্রাহ যথেতি। বহুবচনেন সতি সাহিত্যে দ্বিবচনবহুবচনদ্বন্দ্বসমাসো বেতি শ্রবণাৎ পিতৃভ্যো দদ্যাদিত্যত্র পিতৃপিতামহাদেঃ সহিতস্যৈব দেবতাত্বং, তথাত্বে চ অমুকগোত্রাঃ পিতৃপিতামহপ্রপিতামহা অমুকদেবশর্ম্মামুকদেবশর্ম্মামুকদেবশর্ম্মাণঃ ইত্যেবংরূপেণ উল্লেখঃ স্যাদিতি। ন চতুর্থ্যেতি সহিতানাং দেবতাত্বং চতুর্থ্যা ন কল্প্যতে ইত্যন্বয়ঃ। চতুর্থ্যা উদ্দেশ্যত্ববোধনাৎ উদ্দেশ্যতা-

---

ক্ষত্রিয়ের পক্ষে সুস্নিগ্ধ রক্তবর্ণ বৃষই প্রশস্ত, বৈশ্য সুবর্ণসদৃশ আভাযুক্ত বৃষ দ্বারা কার্য্য করিবে এবং শূদ্র কৃষ্ণবর্ণ বৃষ উৎসর্গ করিবে।” এই স্মৃতির বচন দেখিয়া বৃষোৎসর্গরূপ প্রধান কর্ম্মে অধিকারার্থই একটি অবাধিতবিষয়া অর্থাৎ বৃষোৎসর্গরূপ প্রধান কর্ম্মমাত্রবিষয়া শ্রুতির কল্পনা করা হয়, কিন্তু মন্ত্রপাঠরূপ অঙ্গকর্ম্মের অধিকারার্থ শ্রুতিকল্পনার প্রতি কোন কারণই দৃষ্ট হয়না। ১৫৫।

এক্ষণে কেহ আশঙ্কা করিয়াছিল “শূদ্র কৃষ্ণবর্ণ বৃষ উৎসর্গ করিবে” এই স্মৃতি দৃষ্টে সাঙ্গ বৃষোৎসর্গেই শূদ্রের অধিকার প্রতীত হইতেছে, তবে মন্ত্রপাঠ-অঙ্গকে বাদ দিয়া শ্রুতির কল্পনা করা হইতেছে কেন? ইহার উত্তরে স্মার্ত্ত দৃষ্টান্ত দেখাইয়া সিদ্ধ করিতেছেন যে, প্রধানের জন্যই শ্রুতির কল্পনা করা হইয়া থাকে, অঙ্গের জন্য নহে, সেই দৃষ্টান্তটী এই—“পিতৃগণকে দান করিবে” এই বাক্যে বহু বচন দ্বারা সাহিত্য অর্থাৎ সম্মিলিত ভাবের প্রতীতি হইলেও (মিলিত ভাবে পিতামহাদির বোধ হইলেও) যেমন চতুর্থী বিভক্তি সহিত মিলিতভাবে উহাদিগের সকলের দেবতাত্ব কল্পনা করা হয়না, কিন্তু “এস্থলে

"অত্র পিতরো দেবতা" ইত্যাপস্তম্ববচনে 'দেবতা' ইতি বহুত্বস্য পৃথক্ নিবেশিতত্বেন প্রত্যেকদেবতাত্বস্য প্রতীতস্যাবাধেন পিতৃণাং প্রত্যেকং দেবতাত্বং কল্প্যতে। পিতৃভ্য ইতি সাহিত্যস্তু সুভিধানক্রিয়াপেক্ষয়া ইত্যুক্তং, তদ্বদত্রাপি।

বিশেষস্ত চ দেবতাত্বে পর্য্যবসানাং ইত্থং কল্পনাপ্রসক্তিরিতি দেবতাত্বঞ্চ যাগোদ্দেশ্যত্বম্। পিতরো দেবতা ইতীতি এতন্মতে বিশেষণবিভক্তির্ন নিরর্থিকা, তথাচ দেবতাপদোত্তর-বহুবচনার্থস্য বহুত্বস্য প্রকৃত্যর্থতাবচ্ছেদকে দেবতাত্বেঽন্বয়ঃ। দেবতাবহুত্বস্য পিতৃপদোত্তর-বহুবচনেনৈব প্রাপ্তত্বাৎ সহিতস্য দেবতাত্বে চ এবমেব দেবতাত্বং স্যাদিতি। অভিধানেতি

পিতৃগণই দেবতা" এই আপস্তম্বের বচনে বহুত্বটি পৃথক্ করিয়া 'দেবতা' এই পদে বহুবচন দ্বারা সন্নিবেশিত হওয়াতে, প্রত্যেকের দেবতাত্ব প্রতীত হইবার কোনরূপ বাধা না থাকায়, পিতৃগণের প্রত্যেকেরই দেবতাত্ব কল্পনা করা হয়; তবে একসঙ্গে বলিবার সুবিধার নিমিত্তই অর্থাৎ একেবারে পিত্রাদি ছয়জনের বোধ করাইবার নিমিত্তই "পিতৃভ্যঃ" এই পদে চতুর্থীর বহুবচন প্রযুক্ত হইয়াছে মাত্র। এ স্থলেও সেইরূপ বুঝিতে হইবে। ইহার তাৎপর্য্য এই যে—তদ্ধিত, চতুর্থী এবং মন্ত্রলিঙ্গ, এই তিনটি দেবতার কল্পক, কিন্তু ইহাদের মধ্যে উত্তরোত্তরবর্ত্তী অর্থাৎ পূর্ব্ব পূর্ব্বাপেক্ষা দুর্ব্বল; তদ্ধিত অপেক্ষা চতুর্থী দুর্ব্বল, এবং চতুর্থী অপেক্ষা মন্ত্রলিঙ্গ দুর্ব্বল। তদ্ধিত অর্থাৎ "সা অস্য দেবতা" এই অর্থে যে তদ্ধিত প্রত্যয় হয়, তাহা দ্বারাও একরকম স্পষ্টই দেবতার বোধ হইয়া থাকে, কিন্তু পিতৃ বা দেবতার উদ্দেশে দান স্থলে চতুর্থী সাক্ষাৎ সম্বন্ধে সম্প্রদানত্ব বা উদ্দেশ্যত্বেরই বোধক, কিন্তু সেই সম্প্র-দানত্ব বা উদ্দেশ্যত্ব অনিরাকৃত হয় বলিয়া, অর্থাৎ যাহার উদ্দেশে দান করা হয়, সেই দেবতা স্বয়ং উপস্থিত হইয়া গ্রহণ না করিলেও ঐ দানের অস্বীকার করি-বার লোক না থাকায়, চতুর্থীদ্বারা ঐ দানের পাত্রীভূত দেবতার কল্পনা করা হইয়া থাকে। কাজেই তদ্ধিত অপেক্ষা দেবতার কল্পনা পক্ষে, চতুর্থীকে দুর্ব্বল বলিতে হইবে। যাহা হোক্ "পিতৃভ্যো দদ্যাৎ" এই বাক্যে চতুর্থী দ্বারা মিলিতভাবে পিতৃগণের দেবতাত্ব কল্পিত হইতে পারিত, যদি ঐ চতুর্থী অপেক্ষা পিতৃ-গণের প্রত্যেকের দেবতাত্বকল্পক কোন প্রকার প্রবল শ্রুত্যাদি প্রমাণ না থাকিত; কিন্তু "পিতরো দেবতা" এই আপস্তম্বের বচনে বহুবচনান্ত দেবতা

"অমন্ত্রস্য তু শূদ্রস্য বিপ্রো মন্ত্রেণ গৃহ্যতে।" ইত্যস্যাবাধেনৈব প্রধানাধিকারমাত্রং কল্প্যতে। মনুরপি শূদ্রস্য মন্ত্রবর্জ্জং কর্ম্মানুষ্ঠানমাহ।—

অমাবস্যায়াং পিতৃভ্যো দদ্যাদিত্যত্র পিতৃপদস্য পিত্রাদিষট্‌কপরত্বাৎ কথনরূপক্রিয়ায়াং সাহিত্যং, পিত্রে পিতামহায় দদ্যাদিত্যাকারককথনে তু ন কথনেঽপি সাহিত্যম্। ইদমুপলক্ষণং, পিত্রাদিবিষয়কসমূহালম্বনশাব্দবোধাদাবপি সাহিত্যং সম্ভবতীতি বোধ্যম্।

পদটিকে পৃথক্ করিয়া বিধেয়রূপে নির্দ্দেশ করায়, যতগুলি পিতৃলোক তাহারা প্রত্যেকেই দেবতা, এইরূপ অর্থ, স্পষ্টরূপে প্রতীত হওয়ায়, মিলিতভাবে দেবতাত্বকল্পক "পিতৃভ্যোদদ্যাৎ" এই পদস্থিত চতুর্থী অপেক্ষা আপস্তম্বের প্রত্যেকের দেবতাত্বকল্পক বচনটিই প্রবল হইল; সুতরাং দুর্ব্বল চতুর্থীদ্বারা মিলিতভাবে পিতৃগণের দেবতাত্ব কল্পনা না করিয়া আপস্তম্বের বচনরূপ প্রবল প্রমাণ দ্বারা যেমন পিতৃগণের প্রত্যেকেরই দেবতাত্ব কল্পনা করা হইয়া থাকে, অর্থাৎ পার্ব্বণ শ্রাদ্ধ করিবার সময় "অমুকগোত্রাঃ পিতৃপিতামহপ্রপিতামহাঃ অমুক-দেবশর্ম্ম-অমুকদেবশর্ম্ম অমুকদেবশর্ম্মাণঃ" এইরূপ মিলিতভাবে সম্বোধন না করিয়া, "অমুকগোত্র পিতঃ অমুক দেবশর্ম্মন্" এইরূপ একএকটি করিয়া প্রত্যেকের সম্বোধন করা হয়, সেইরূপ এস্থলেও "কৃষ্ণেনাপ্যত্যমনঃ" এই স্মৃতিবাক্যটি স্পষ্টরূপে বৃষোৎসর্গমাত্রেরই বোধ করাইতেছে বলিয়া ইহা শূদ্রের বৃষোৎসর্গরূপ প্রধান কর্ম্মেই অধিকারমূলক শ্রুতিরই কল্পক হইয়াছে। যদি বল, পিতৃগণের প্রত্যেকেরই যদি দেবতাত্ব স্থিরীকৃত হইল, তবে "পিত্রে দদ্যাৎ" 'পিতামহায় দদ্যাৎ" এইরূপ পৃথক্ পৃথক্ ভাবে বলা না হইল কেন? ইহার উত্তরে স্মার্ত্ত বলিয়াছেন, "অভিধানক্রিয়াপেক্ষয়া" বলিবার সুবিধার জন্যই অর্থাৎ এককথায় পিতা প্রভৃতি ছয়জনকে বোধ করাইবার জন্যই বহুবচনান্ত করিয়া মিলিতভাবে বলা হইয়াছে। গোস্বামী এই অভিধান ক্রিয়াপেক্ষয়া' এই কথাটির অন্যপ্রকার অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন, তিনি বলেন—অভিহিত দান ক্রিয়ার বহুত্ব সূচন করিবার জন্যই অর্থাৎ একএক জনের উদ্দেশে বহু দান করা সূচন করিবার জন্যই "পিতৃভ্যঃ" এই পদে বহুবচন দেওয়া হইয়াছে। শূদ্রের মন্ত্রপাঠরূপ অঙ্গের সহিত প্রধান কর্ম্মে অধিকারমূলক শ্রুতির কল্পনা না করিয়া, কেবলমাত্র প্রধান

"ধর্ম্মেপ্সবস্তু ধর্ম্মজ্ঞাঃ সতাং বৃত্তিমনুষ্ঠিতাঃ।
মন্ত্রবর্জ্জং ন দুষ্যন্তি প্রশংসাং প্রাপ্নুবন্তি চ॥"

"যে পুনঃ শূদ্রাঃ স্বধর্ম্মবেদিনো ধর্ম্মপ্রাপ্তিকামাস্ত্রৈবর্ণিকাচারমনিষিদ্ধমাশ্রিতাস্তে "নমস্কারেণ মন্ত্রেণ পঞ্চযজ্ঞান্ন হাপয়েদি"তি যাজ্ঞবল্ক্যবচনান্নমস্কারমাত্রেণ মন্ত্রান্তররহিতেন পঞ্চযজ্ঞাদি কুর্ব্বাণান্ প্রত্যবায়মাপ্নুবন্তি খ্যাতিঞ্চ লোকে প্রাপ্নুবন্তী"তি কুল্লূকভট্টঃ। বৎসতরীযুক্তবৃষোৎসর্গস্য প্রাধান্যাদাদিত্যপুরাণেঽপি মন্ত্রং বিনা তাবন্মাত্রমুক্তং। যথা,—

তদপ্যাপি কল্প্যতে ইতি পরেণান্বয়ঃ। ধর্ম্মজ্ঞা ইত্যস্য বিবরণং স্বধর্ম্মবেদিন ইতি। ধর্ম্মেপ্সব ইত্যস্য বিবরণং ধর্ম্মপ্রাপ্তিকামা ইতি। সতাং বৃত্তিমনুষ্ঠিতা ইত্যস্য বিবরণং ত্রৈবর্ণিকেতি। নমস্কারেণেতি নম ইতি মন্ত্রেণ পঞ্চযজ্ঞান্ কুর্য্যাদিত্যর্থঃ। ন দূষ্যন্তীত্যস্য বিবরণং ন প্রত্যবায়ং প্রাপ্নুবন্তীতি। প্রশংসামিত্যস্য বিবরণং খ্যাতমিতি, শেষস্থিতচকারস্য চান্বয়ঃ কৃতঃ। মন্ত্রং বিনা এমং যুবানম্ ইত্যাদিমন্ত্রং বিনা। তাবন্মাত্র ইতি বৃষোৎ-

কর্ম্মে অধিকারমূলক শ্রুতির যে কল্পনা করা হইতেছে কেন? ইহার প্রতি পূর্ব্বোক্ত যুক্তিমাত্রে সন্তুষ্ট না হও, তবে আরও বলিতেছি শুন,—"স্বভাবতঃ মন্ত্রপাঠে অনধিকারী শূদ্রের পঠিতব্য মন্ত্রগুলি ব্রাহ্মণকে আসিয়া আশ্রয় করে," এই স্মৃতির বচনের বাধ না করিয়া অর্থাৎ ইহাকে বলবান্ রাখিয়াই কেবলমাত্র প্রধান কর্ম্মেই শূদ্রের অধিকারমূলক শ্রুতির কল্পনা করা হইয়াছে। শূদ্রেরা যে স্বয়ং মন্ত্রপাঠ না করিয়াও ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠান করিতে পারিবে, সে কথা মনুও বলিয়াছেন, যথা—"ধর্ম্মজ্ঞ অর্থাৎ নিজ ধর্ম্মের স্বরূপে অভিজ্ঞ, ধর্ম্মলাভে অভিলাষী, এবং উচ্চবর্ণদিগের শাস্ত্রসম্মত আচার অনুসরণকারী শূদ্রগণ মন্ত্রপাঠ না করিয়াও বৈদিক কর্ম্মের অনুষ্ঠান করিবে, তাহাতে কোন দোষ হইবে না, বরং তাহাতে লোকমধ্যে প্রশংসাই প্রাপ্ত হইবে।" মনুর এই বচনের কুল্লুকভট্ট যেরূপ ব্যাখ্যা করিয়াছেন, আমরা তদনুসারেই অনুবাদ করিয়াছি, কুল্লুকভট্টের ব্যাখ্যার একটি অংশ কেবল অনুবাদে প্রকাশ করা হয় নাই, সেটি এই,—মনুর "মন্ত্রবর্জ্জন" পদটির কুল্লুকভট্ট ব্যাখ্যা করিয়াছেন "নমো নমঃ" এই নমস্কারমন্ত্র মাত্র বলিয়াই পঞ্চযজ্ঞের অনুষ্ঠান করিবে।" এই যাজ্ঞবল্ক্যের বচন অনুসারে অন্য মন্ত্র সকল পরিত্যাগপূর্ব্বক কেবলমাত্র নমস্কার মন্ত্র (নমো নমঃ)

'যুঞ্জন্তি বৃষভং যে চ নীলঞ্চৈব সুশোভনম্ ।
লাঙ্গুলাকর্ষসর্ব্বাঙ্গং শৃঙ্গযুক্তং সুশোভনম্ ॥
কার্ত্তিক্যাং মুচ্যতে যস্তু দত্ত্বা পাপান্ন সংশয়ঃ ।
ত্রিবর্ষাস্ত্বথ গুর্ব্বিণ্যো দদ্যাদ্গাবো বৃষস্য চ" ॥ ১৫৬ ॥

এবঞ্চ ব্রাহ্মণদ্বারা মন্ত্রপাঠোপপত্তেঃ ; শিবপুরাণে,—
"স্ত্রিয়ঃ শূদ্রাশ্চ ম্লেচ্ছাশ্চ যে চান্যে পাপযোনয়ঃ ।
নমস্কারেণ মন্ত্রেণ তদেব ফলমাপ্নুয়ুঃ ।" ইত্যাদিনা, ছন্দোগপরিশিষ্টাদৌ কর্ত্তৃবিশেষানভিধানাৎ, সর্ব্বাধিকারিত্ব-প্রতীতের্বৃষোৎসর্গে স্ত্রীণামপ্যধিকারোঽস্তি ।

সর্গমাত্রঃ, বৎসতরীং বিনা কেবলবৃষস্য উৎসর্গ ইতি যাবৎ। লাঙ্গুলেতি লাঙ্গুলেনাকর্ষো যস্য এবম্ভূতং সর্ব্বাঙ্গং যস্য তং দীর্ঘলাঙ্গুলমিত্যর্থঃ। "অগ্নিপুরাণম্,—"বিহায়নীভি-র্ধেনুভিশ্চতুর্ভিঃ সহ রূপবান্। যাভ্যামথৈকয়াভাবাদুৎস্রষ্টব্যো দ্বিহায়নঃ। যো বাহয়তি যগুঞ্চ পিবেৎ ক্ষীরঞ্চ তদ্গবাম্। যাবন্তি তস্য লোমানি তাবদ্বর্ষাণ্যধোগতিঃ॥ তাদাং ন চাজ্যং পাতব্যং শাশ্বতীং গতিমিচ্ছতে"তি ॥ ১৫৬

বৃষোৎসর্গে স্ত্রিয়া অধিকারো নাস্তীতি প্রাচীনৈর্যদুক্তং তদপি দূষয়তি এবঞ্চেত্যাদিনা। ব্রাহ্মণদ্বারা মন্ত্রপাঠোপপত্তেরিত্যাদিহেতুনাং ব্রাহ্মণাদিস্ত্রীণাম্ অপ্যধিকার ইত্যনে-

---

পাঠ করত পঞ্চযজ্ঞাদির অনুষ্ঠানকারী।" আরও দেখ, বৎসতরীযুক্ত বৃষোৎ-সর্গরূপ কর্ম্মেরই প্রাধান্য নিবন্ধন আদিত্যপুরাণে মন্ত্রপাঠের কথা ছাড়িয়া দিয়া, কেবলমাত্র বৃষোৎসর্গের কথাই বলা হইয়াছে, যথা—"যাহারা দীর্ঘলাঙ্গুলসম্পন্ন, শৃঙ্গযুক্ত, সুন্দর, নীল বৃষকে কার্ত্তিকী পূর্ণিমায় উৎসর্গ করে, এবং উহার সহিত ত্রিবর্ষবয়স্ক গর্ভবতী গোরু যে প্রদান করে, সে সকল পাপ হইতে মুক্ত হয়, ইহাতে কোন সংশয় নাই।" ১৫৬।

এইরূপে শূদ্রের বৃষোৎসর্গ স্থলে ব্রাহ্মণ দ্বারা মন্ত্রপাঠ শাস্ত্রসম্মত বলিয়া স্থির হওয়াতেই, শিবপুরাণে বলা হইয়াছে—"স্ত্রীগণ, শূদ্র, ম্লেচ্ছ এবং তদপেক্ষা নিকৃষ্ট জাতিরাও কেবলমাত্র নমস্কার মন্ত্র উচ্চারণপূর্ব্বক কর্ম্ম করিয়া, কর্ম্মের অবিকল ফল প্রাপ্ত হইবে।" ইত্যাদি বচন দ্বারা এবং ছন্দোগপরিশিষ্টে বৃষোৎসর্গের অধিকারী কর্ত্তার বিশেষরূপে নির্দ্দেশ না থাকায়, সর্ব্বপ্রকার ব্যক্তিরই বৃষোৎসর্গে অধিকার প্রতীতি হেতু স্ত্রীদিগেরও যে, বৃষোৎসর্গে অধিকার আছে,

"ন স্ত্রীণামধিকারোঽস্তি শ্রাদ্ধেষু পার্ব্বণাদিষু।
কন্যাবৃষসমুৎসর্গে অধিকারো ভবেদ্ ধ্রুবম্‌"ইতি হলায়ুধ-বচনাচ্চ। এবমেব সুগতিসোপানপ্রভৃতয়ঃ। "কৃষ্ণেনাপ্যন্ত্য-জন্মন" ইতি তু বর্ণপ্রশংসামাত্রপরম্। বৃষোৎসর্গেঽনুপ-নীতস্যাপ্যধিকারঃ।

"ন হ্যস্য বিদ্যতে কর্ম্ম কিঞ্চিদা মৌঞ্জিবন্ধনাৎ।
"অন্যত্রোদককর্ম্ম-স্বধা-পিতৃসংযুক্তেভ্য এব চ॥" ইতি কল্পতরুধৃতবশিষ্ঠবচনেন প্রতিপ্রসবাৎ। অপর্য্যন্ত—"হে বৎস-

নায়ঃ। বর্ণপ্রশংসেতি। "শ্বেতোদরঃ কৃষ্ণপৃষ্ঠো ব্রাহ্মণস্য প্রশস্যতে। স্নিগ্ধরক্তেন,—বর্ণেন ক্ষত্রিয়স্য প্রশস্যতে। কাঞ্চনাভেন বৈশ্যস্য কৃষ্ণেনাপ্যন্ত্যজন্মন" ইতি। মৎস্য-পুরাণে,—"বৃষস্য বর্ণবিশেষেণ ব্রাহ্মণাদেঃ প্রাশস্ত্যং প্রশস্যতে" ইত্যভিধানাৎ। কাত্যায়নঃ,—"অব্যঙ্গো জীববৎসায়াঃ পয়স্বিন্যাঃ সুতো বলী। একবর্ণো দ্বিবর্ণো বা যো বা স্যাদষ্টকা-সুতঃ॥ যূথাদুচ্চতরো যস্তু সমো বা নীচ এব বা। সপ্তবারান্ সপ্তবারানুৎসৃষ্টস্তারয়েদ্-বৃষঃ॥" ইতি। সামান্যবর্ণোপদেশশ্চাতুর্ব্বর্ণিক এব। অষ্টকাসুতঃ অষ্টকাসু জাতঃ, অনেনাষ্টমীজাতস্য প্রাশস্ত্যমুক্তম্। বৃষোৎসর্গেঽনুপনীতস্যাধিকারো নাস্তীতি প্রাচীনৈর্যদুক্তং তদপি দূষয়তি বৃষোৎসর্গেঽনুপনীতস্যাপ্যধিকার ইতি। আ মৌঞ্জিবন্ধনাৎ উপনয়ন-পর্য্যন্তম্। উদককর্ম্ম তর্পণম্, স্বধা শ্রাদ্ধং, "স্বধা পিতৃণামন্নমি"তি শ্রুতেঃ।" পিতৃসংযুক্তং শয্যাদান-বৃষোৎসর্গাদি। প্রতিপ্রসবাদিতি ন হ্যস্য বিদ্যতে কর্ম্ম ইত্যস্য অন্যত্রোদকে-

ইহা অবশ্য স্বীকার করিতে হইবে। "স্ত্রীদিগের পার্ব্বণশ্রাদ্ধে অধিকার নাই, কিন্তু কন্যাদান এবং বৃষোৎসর্গে নিশ্চয়ই অধিকার আছে।" হলায়ুধের এই বচনেও বৃষোৎসর্গে স্ত্রীদিগের অধিকার প্রতিপাদিত হইয়াছে। সুগতি-সোপান প্রভৃতি নিবন্ধকারগণ এই কথাই বলিয়াছেন। উপরিউক্ত স্মৃতির বচনে যে, শূদ্রের পক্ষে কৃষ্ণবর্ণের বৃষ উৎসর্গ করিবার বিধান করা হইয়াছে, উহাদ্বারা কৃষ্ণবর্ণ বৃষ যে শূদ্রের পক্ষে প্রশস্ত, এই মাত্র জ্ঞাপন করা হইয়াছে, নতুবা শূদ্র যে, কৃষ্ণবর্ণ বৃষ ভিন্ন অপরবর্ণের বৃষ উৎসর্গ করিতে পারিবেনা, এমন কোন নিয়ম করা হয় নাই। এই বৃষোৎসর্গে অনুপনীত দ্বিজ বালকেরও অধিকার আছে। "অনুপনীত দ্বিজাতি বালকের মৌঞ্জিবন্ধন অর্থাৎ উপনয়ন না হওয়া পর্য্যন্ত, তর্পণ, শ্রাদ্ধ এবং পিতৃসম্বন্ধি বৃষোৎসর্গাদি ভিন্ন অপর কর্ম্মে অধিকার নাই।" অনুপনীত বালকদিগের সাধারণতঃ কর্ম্মে অধিকার

তর্য্যো বো যুষ্মাকম্ এনং যুবানং পতিং স্বামিনং দদামি ইত্যুক্তং প্রার্থয়ামি, তেন বৃষেণ সহ ক্রীড়ন্তীঃ খেলয়ন্ত্যশ্চরথ ভ্রমথ, হে বৎসতর্য্যো যুয়মপি মা নঃ নাস্মৎস্বত্ববিষয়া ভবিষ্যথ, কিন্তু ময়া ত্যক্তব্যা, বয়ং বৃষস্য বৎসতরীণাঞ্চ ত্যাগেন রায়স্পোষেণ ধন-সমৃদ্ধ্যা সাপ্তজনুষা সপ্তজন্মব্যাপকেন ইষা অন্নেন চ সম্মদেম হৃষ্টা ভবেম, সুভগা লোকস্য প্রিয়া ইতি। 'সম্মদেম' ইতি "ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমান" ইতি পাণিনিস্মরসাৎ ভবিষ্যদর্থে বর্ত্তমানতা ॥ ১৫৭ ॥

নীলবৃষলক্ষণমাহ শঙ্খঃ,—

"লোহিতো যস্তু বর্ণেন মুখে পুচ্ছে চ পাণ্ডরঃ।
শ্বেতঃ খুরবিষাণাভ্যাং স নীলো বৃষ উচ্যতে ॥"

ত্যাদিনা প্রতিপ্রসবাদিত্যর্থঃ। সম্মদেম ইতি সমিধা ইত্যত্র স্থিতস্য সমিতাস্য মদেম ইত্যত্রান্বয়ঃ কৃতঃ। বর্ত্তমানেতি কালাপানাং লটো বর্ত্তমানেতি পরিভাষা ॥ ১৫৭ ॥

নীলবৃষেতি। দেবীপুরাণে—"চরণানি মুখং পুচ্ছং যস্য শ্বেতানি গোপতেঃ। লাক্ষারস-সবর্ণস্য তং নীলমিতি নির্দ্দিশেৎ ॥ বৃষ এব স মোক্তব্যো নমস্কার্য্যো গৃহে বসন্। তদর্থ-মেষা চরতি লোকে গাথা পুরাতনী ॥ এষ্টব্যা বহবঃ পুত্রা যদ্যেকোঽপি গয়াং ব্রজেৎ। গৌরীং বাপ্যুদ্বহেদ্ ভার্য্যাং নীলং বা বৃষমুৎসৃজেৎ ॥" "নমস্কার্য্যো গৃহে বসন্নি"ত্যত্র "ন স ধার্য্যো গৃহে ভবেদি"তি কচিৎ পাঠঃ। "গৌরীং বাপ্যুদ্বহেদ্ ভার্য্যাম্" ইত্যত্র "যজেত

হওয়ায়, কল্পতরু নামক গ্রন্থে উদ্ধৃত এই বশিষ্ঠের বচন দ্বারা বৃষোৎসর্গে ঐ অনধিকারের প্রতিপ্রসব করা হইয়াছে, অর্থাৎ অধিকার স্থাপন করা হইয়াছে। বৃষোৎসর্গের পূর্ব্বপাঠ্য ঋক্‌টির আমরা যথাস্থানে স্মার্ত্ত-সম্মত অর্থ অনুসারেই অনুবাদ করিয়াছি, সুতরাং এস্থলে আর তাহার পুনরুল্লেখ করিবার আবশ্যকতা নাই; তবে এই টুকু মাত্র বক্তব্য যে, ঐ ঋকে "সম্মদেম" এই যে, ক্রিয়াপদটি আছে, উহাতে ভবিষ্যৎ অর্থে বর্ত্তমান কালের প্রত্যয় করা হইয়াছে; "ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমান" পাণিনির এই সূত্রটিই এ বিষয়ে প্রমাণ। ১৫৭।

নীল বৃষের লক্ষণ শঙ্খ এইরূপ করিয়াছেন—"যাহার বর্ণ লাল এবং মুখ, পুচ্ছ, খুর ও শিং সাদা, তাহাকে নীল বৃষ বলা হয়।" স্মৃতিতে বৎসতরী-

বৎসতরীং বিশেষয়তি স্মৃতিঃ,—
"অগ্রতো লোহিতা পত্নী পার্শ্বয়োর্নীলপাণ্ডুরে।
পৃষ্ঠতস্তু ভবেৎ কৃষ্ণা বৃষভস্য তু মোক্ষণে॥"
যূপমাহ স এব,—
"চতুর্হস্তো ভবেদ্‌যূপো যজ্ঞবৃক্ষসমুদ্ভবঃ।
বর্ত্তুলঃ শোভনঃ স্থূলঃ কর্ত্তব্যো বৃষমৌলিকঃ॥"
ভবিষ্যে,—
"বিল্বস্য বকুলস্যৈব কলৌ যূপঃ প্রশস্যতে।"

যাথমেধেনে'তি নারায়ণোপাধ্যায়ৈর্লিখিতম্। "অষ্টবর্ষা ভবেদ্গৌরী নববর্ষা তু রোহিণী'তি। "লোহিতো যস্তু বর্ণেন শঙ্খবর্ণখুরস্তথা। লাঙ্গুলশিরসশ্চৈব স বৈ নীলবৃষঃ স্মৃতঃ॥ এবং বৃষং লক্ষণসন্নিযুক্তং গৃহোদ্ভবং ক্রীতমথাপি রাজন্। মুক্ত্বা ন শোচেন্মরণং মহাত্মা মোক্ষং গতিঞ্চাহমতোঽভিধাস্যে॥" অত্র গয়াশ্রাদ্ধাশ্বমেধতুল্যতামভিধায় মোক্ষফলকথনাদেকাদশাহাদাবপি মোক্ষফলত্বমেব নীলবৃষোৎসর্গস্য। স্মৃতিঃ,—"ত্রিমাসাদূর্দ্ধমেতস্য বৃষত্বেনাধিকারিতা। যাবদ্দন্তা ন শীর্য্যন্তি তাবৎ স্বর্গং ন গচ্ছতি॥ ক্রীত্বা মৌল্যক্রয়েণৈব পরিবর্ত্তোপপাদিনা। ধান্যক্রীতং গৃহে জাতং বৃষভং তং সমুৎসৃজেৎ॥" মৌল্যক্রয়ো যাচ্ঞাশূন্যেন ক্রয়ঃ। বৎসরাভ্যন্তরে ক্রিয়মাণে একাদশাহাদিশ্রাদ্ধাৎ পূর্ব্বমেব কার্য্যং ন তু পরং, নিন্দাশ্রবণাৎ। যথা শাট্যায়নঃ,—"কৃত্বৈকাদশিকং শ্রাদ্ধং বৃষোৎসর্গং করোতি যঃ। অসিপত্রবনে ঘোরে পিতৃভিঃ সহ পচ্যতে॥" অত্র বৃষোৎসর্গো গোযজ্ঞেন ব্যাখ্যাত ইত্যনেন পারস্করেণ বৃষোৎসর্গশূলগবাতিদিষ্টগোযজ্ঞাতিদেশাৎ "গন্ধেনাভ্যুক্ষণং যথামি'শ্চতি শূলগবোক্তাধিবাসঃ পূর্ব্বদিনে কর্ত্তব্য এব। অত্রাধুনিকাঃ—একাদশাহে পূর্ব্বদিনে অশৌচসম্ভাবাৎ সংবৎসরাভ্যন্তরে ত্রিপক্ষাদৌ, "প্রমীতৌ পিতরৌ যস্য দেহস্তস্যাশুচির্ভবেৎ। নাপি দৈবং ন বা পৈত্রং যাবৎ পূর্ণো ন বৎসরঃ॥" ইত্যনেন দেহাশুদ্ধ্য-

দিগের মধ্যেও এই বিশেষ বিভাগ করা হইয়াছে, যথা—"লালবর্ণের বৎসতরীকে সম্মুখে রাখিয়া উভয়পার্শ্বে (দক্ষিণ ও বামে) যথাক্রমে নীল ও পাণ্ডুরবর্ণের এবং পৃষ্ঠভাগে (পিছনে) কৃষ্ণবর্ণের বৎসতরীকে রাখিয়া বৃষ উৎসর্গ করিবে।" যূপের লক্ষণ সেই শঙ্খই এইরূপ করিয়াছেন—"যজ্ঞীয় বৃক্ষদ্বারা চতুর্হস্ত পরিমিত যূপ প্রস্তুত করিবে; উহা গোলাকার এবং দেখিতে সুন্দর হওয়া চাই, এবং উহার মস্তকে একটি বৃষ খোদিত করিতে হইবে, ঐ বৃষটি সুদ্ধই চারহস্ত পরিমিত হইবে।" ভবিষ্য-পুরাণে বলা হইয়াছে—"কলিযুগে

"শুক্লবাসাঃ শুচিভূর্ত্বা ব্রাহ্মণান্ স্বস্তিবাচ্য চ।
কীর্ত্তয়েদ্ভারতঞ্চৈব তথা স্যাদক্ষয়ং হবিরি"তি দানধর্ম্মে বৃষোৎসর্গপ্রকরণীয়বচনাদক্ষয়হবিষ্কামেণ স্বস্তিবাচনানন্তরং ভারতনামোচ্চার্য্যম্।

"যদহ্না কুরুতে পাপং ব্রাহ্মণস্ত্বিন্দ্রিয়ৈশ্চরন্।
মহাভারতমাখ্যায় পূর্ব্বাং সন্ধ্যাং বিমুঞ্চতি॥"

ইত্যাদিপুরাণোক্তপ্রাতর্ম্মহাভারতোচ্চারণবৎ। রাঢ়দেশীয়প্রভৃতয়স্তু বিরাটপর্ব্ব পাঠয়ন্তি। অত্র ব্রহ্মাদিবরণে

ভিধানাৎ সংবৎসরাৎ পরমেব সাঙ্গকর্ত্তব্যতাবগমাৎ বৃদ্ধিশ্রাদ্ধবদধিবাসস্য বাধঃ। অন্যথা বৎসরাভ্যন্তরে বৃদ্ধিশ্রাদ্ধস্যাপ্যনুষ্ঠানং স্যাৎ ইতি প্রাচীনাচারমূলতয়া ব্যবস্থাপয়ন্তি, তদপুক্তম্; যদ্যধিবাসো বৃষোৎসর্গেঽঙ্গমিত্যাস্তি তদাশৌচান্তাদ্দ্বিতীয়দিনে বৃষোৎসর্গে ইত্যুপদিশন্ বিধিরেব তদঙ্গাস্যপি বিদধাতীত্যাশৌচেঽপ্যধিবাসো বৈধঃ, দাশাহিকপিণ্ডদানবৎ তত্রাশৌচমকিঞ্চিৎকরম্। অনঙ্গত্বে তু কস্তত্র প্রসঙ্গঃ, কথং বাস্মদা তদনুষ্ঠানমিতি সুধীভির্ভাব্যম্। যূপ ইতি। স্মৃতিঃ,—"সার্দ্ধহস্তদ্বয়ঞ্চৈব যূপমূর্দ্ধং প্রদর্শয়েৎ। উপযূপাশ্চ চত্বারো হস্তমাত্রবিনির্ম্মিতাঃ॥" মৎস্যসূক্তম্,—"চতুর্হস্তো ভবেদ্ যূপো ব্রহ্মণঃ শ্রবণাবধিঃ। কণ্ঠগ্রীবাবধিঃ কার্য্যাস্তথা রাজন্যবৈশ্যয়োঃ। পৃষ্ঠাবধিশ্চ শূদ্রাণামেষ যূপবিধিঃ স্মৃতঃ॥"

বিল্ব অথবা বকুল বৃক্ষের যূপই প্রশস্ত।" দানধর্ম্মে বৃষোৎসর্গের প্রকরণে "শুচি হইয়া শুক্ল বস্ত্র পরিধানপূর্ব্বক ব্রাহ্মণদিগকে স্বস্তিবাচন করাইয়া "ভারত" এই কথাটির উচ্চারণ করিবে, তাহাতে হোমের হবি অক্ষয় হইবে।" উক্ত বচন অনুসারে অক্ষয় হবি অভিলাষী ব্যক্তি বৃষোৎসর্গের প্রারম্ভে স্বস্তিবাচন করাইয়া "ভারত" এই নামটির উচ্চারণ করিবে। "ব্রাহ্মণ সমস্ত দিন ইন্দ্রিয়গণের ব্যবহার দ্বারা যে পাপের অর্জ্জন করে, প্রাতঃকালে "মহাভারত" এই কথাটি বলিয়া সেই পাপ হইতে মুক্ত হয়।" এই আদিপুরাণের বচনের দ্বারা যেমন প্রাতঃকালে "মহাভারত" এই কথাটির মাত্রই উচ্চারণ করিতে বলা হইয়াছে, বৃষোৎসর্গেও সেইরূপ "মহাভারত" এই কথাটীর মাত্রই উচ্চারণ করাই উক্ত দানধর্ম্মীয় বচনের অভিপ্রেত অর্থ বুঝিতে হইবে, সমগ্র মহাভারত পাঠ করা নয়; কারণ তাহা অসম্ভব। কিন্তু রাঢ়দেশীয় পণ্ডিতগণ দানধর্ম্মীয় বচনের ভারত-গ্রন্থের পাঠ করাই অভিপ্রেত অর্থ বুঝিয়া,

"অমুককর্ম্ম কর্ত্তুং ত্বামহং বৃণে" ইতি যুক্তং ন, এককর্ত্তৃক এব তুমো বিধানাৎ। এবং কৃতাকৃতাবেক্ষণরূপকর্ম্ম কর্ত্তুং ব্রহ্মত্বেতি মৈথিলানাং বাক্যরচনা সর্ব্বথা দুষ্টা। উপবেশনবিশেষস্ত ব্রহ্মকর্ম্মণোঽনুক্তত্বাৎ, "ব্রহ্মত্বেনে"ত্যস্ত বৈয়র্থ্যাৎ, ভিন্নকর্ত্তৃত্বেন

ইতি তু প্রকারান্তরম্। পূর্ব্বাং সন্ধ্যাং প্রাপ্যেত্যর্থঃ। শ্রুত্বা বিরাটপর্ব্বেতি কল্পতরৌ ভবিষ্যে,—"শ্রুত্বা বিরাটপাঠঞ্চ উৎসৃজেদ্বৃষমুত্তমম্। পিতৃণামনৃণো ভূত্বা প্রাপ্নোতি স্বর্গতিং পরাম্॥" তথা,—"বিরাটং পাঠয়িত্বা য উৎসৃজেদ্ বৃষমুত্তমম্। স গচ্ছেৎ পরমং দেবং নারায়ণমনাময়ম্॥" তথা,—"বিরাটপাঠং যস্তার্থে কারয়েদ্বান্ধবঃ ক্বচিৎ। তস্য স্বর্গে স্থিতিস্তাবদ্যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ" ইতি। উপবেশনেতি কৃতাকৃতাবেক্ষণরূপব্রহ্মকর্ম্মবোক্তং

বোধ হয়, তাহা সম্ভবপর নয় বলিয়া মহাভারতের অংশবিশেষ বিরাটপর্ব্বের পাঠ করাইয়া থাকেন। এই বৃষোৎসর্গে ব্রহ্মাদির বরণবাক্যে যে, "অমুককর্ম্ম করিতে আপনাকে আমি বরণ করিতেছি" এই অর্থে "কৃ" ধাতুর উত্তর 'তুম্' প্রত্যয়ান্ত পদের বিন্যাস করা হয়, তাহা ব্যাকরণসঙ্গত প্রয়োগ নহে; কারণ ব্যাকরণে "তুম্" এই প্রত্যয়টি একই কর্ত্তা যাহাদের এইরূপ ধাতুদ্বয়ের মধ্যে পূর্ব্ববর্ত্তী ধাতুর উত্তরই বিহিত হইয়াছে। এস্থলে যদিও 'কৃ' এবং 'বৃ' এই দুইটি ধাতুর সমাবেশ হইয়াছে বটে, কিন্তু এই উভয় ধাতু এককর্ত্তৃক হয় নাই, "কর্ত্তুং" এই 'কৃ' ধাতুনিষ্পন্ন তুমন্তপদের কর্ত্তা হইল 'ব্রহ্মা,' এবং "বৃণে" (বরণ করিতেছি) এই 'বৃ' ধাতুনিষ্পন্ন তিঙন্তপদের কর্ত্তা "অহং"। সুতরাং এরূপ স্থলে ব্যাকরণের নিয়মানুসারে 'তুম' প্রত্যয় হইতেই পারে না। এইরূপ 'তুম্' প্রত্যয়ান্ত প্রয়োগ যদি অসঙ্গত হইল, তাহ'লে মৈথিলগণ যে, ব্রহ্মার বরণে "কৃত এবং অকৃত (কে কোথায় কোন্ কার্য্য ঠিক্ করিতেছে, এবং কেই বা কর্ত্তব্য কর্ম্ম ছাড়িয়া দিয়া চক্ষে ধূলি নিক্ষেপ করিতেছে,) ইত্যাদি বিষয়ের পর্য্যবেক্ষণ (তদারক করা) রূপ ব্রহ্মার কর্ম্ম করিতে ব্রহ্মারূপে আপনাকে বরণ করিতেছি" এইরূপ বাক্য রচনা করেন, তাহাও দোষযুক্ত; কারণ, ব্রহ্মার কৃত এবং অকৃত কর্ম্মের তদারক করা যেমন একটি কর্ম্ম, বিশেষভাবে উপবেশন করিয়া থাকাও সেইরূপ আর একটি কর্ম্ম আছে; কিন্তু মৈথিলগণের রচিত বাক্যে সে কথার একেবারেই উল্লেখ করা হয় নাই; দ্বিতীয়তঃ "ব্রহ্মত্বেন" (ব্রহ্মারূপে) এই পদটি এস্থলে সম্পূর্ণ পুনরুক্ত, সুতরাং নিরর্থকই হইয়াছে; কারণ

ভুমোৎসর্গবাক্যে। তস্মাদ্‌ "ব্রহ্মকর্ম্মকরণায়" ইত্যেব বরণে নির্দ্দেশ্যম্‌। অত্র সর্ব্বশাখাধিকরণন্যায়েন, গুণোপসংহারন্যায়েন চ, অবিরুদ্ধসকলাঙ্গোপসংহারঃ কর্ত্তব্য ইতি॥ ১৫৮॥

অথ প্রেতক্রিয়াধিকারিণঃ।

ধর্ম্মপ্রদীপসংবৎসরপ্রদীপয়োর্ব্যাঘ্রঃ,—

"কৃতচূড়স্তু কুর্ব্বীত উদকং পিণ্ডমেব চ।" এতচ্চ পুত্রেতরবিষয়ম্‌।

ন তুপবেশনবিশেষরূপব্রহ্মকর্ম্মাণীতি ভাবঃ। সর্ব্বশাখেতি সর্ব্বশাখাপ্রত্যয়মেকং কর্ম্ম ইতি ন্যায়াৎ ইত্যর্থঃ। গুণোপসংহারেতি প্রধানকরণস্থলে যদঙ্গং নোক্তম্‌, অথ চোপসংহারস্থলে উক্তং, তদপি কর্ত্তব্যমিত্যর্থঃ। অথ স্থাননিয়মঃ। তত্র স্মৃতিঃ,—"গোশালয়োঃ বনে গোষ্ঠে দেবতায়তনাঙ্গনে। ব্রীহিক্ষেত্রে কুশক্ষেত্রে রাজদ্বারে চতুষ্পথে॥ গঙ্গাদিসরিতাং তীরে গয়ায়াং পুণ্যভূমিষু। বৃষোৎসর্গং প্রকুর্ব্বীত শোধয়িত্বা বসুন্ধরাম্‌॥ চতুর্ব্বারাবিতস্তত্র হস্তৈর্দ্দশভির্গৃহম্‌। চতুর্হস্তমিতা বেদী মধ্যে কার্য্যা পরিষ্কৃতে"তি॥ ১৫৮

অথ প্রেতেতি। অস্যথেত্যত্র বচনেঽসংস্কৃতপদস্য প্রধানীভূতোপনয়নাখ্যসংস্কার-

---

"ব্রহ্মকর্ম্ম করিতে আপনাকে বরণ করিতেছি।" এই কথা বলাতেই ঐ অর্থটি আসিয়া গিয়াছিল। তৃতীয়তঃ ভিন্ন কর্ত্তৃক ধাতুদ্বয় হইলে "তুম্‌" প্রত্যয় ও হয়ই না। অতএব বরণবাক্যে "কর্ত্তুং" এইরূপ 'তুম্‌' প্রত্যয়ান্ত পদের প্রয়োগ না করিয়া "ব্রহ্মকর্ম্মকরণায়" এইরূপ চতুর্থ্যন্ত পদেরই প্রয়োগ করা উচিত। এস্থলে ইহাও বক্তব্য যে, সর্ব্বশাখাধিকরণ ন্যায় অনুসারে অর্থাৎ 'কোন একটি কর্ম্ম অপর শাখায় উক্ত, নিজ শাখায় উক্ত না হইলেও যদি স্বকীয় শাখার অবিরুদ্ধ হয়, তাহ'লে তথাবিধ কর্ম্মেরও অনুষ্ঠান করিবে', এই ন্যায় অনুসারে, এবং গুণোপসংহার ন্যায় অনুসারে অর্থাৎ 'কোন স্থলবিশেষে শাস্ত্রের যেরূপ সিদ্ধান্ত করা হইয়াছে, বিশেষরূপ নিষেধ ব্যতীত সর্ব্বত্রই শাস্ত্রের সেই সিদ্ধান্ত প্রবৃত্ত হইবে', এই ন্যায় অনুসারে অবিরুদ্ধ সমুদয় অঙ্গের সহিতই বৃষোৎসর্গের উপসংহার করিবে॥ ১৫৮॥

প্রেতকার্য্যের অধিকারি-নির্ণয়।

এক্ষণে প্রেতের উদ্দেশে শ্রাদ্ধাদি করিবার অধিকারী ব্যক্তিগণের নিরূপণ করা যাইতেছে। ধর্ম্মপ্রদীপ এবং সংবৎসরপ্রদীপ নামক প্রবন্ধদ্বয়ে ব্যাঘ্র

"অসংস্কৃতঃ সুতঃ শ্রেষ্ঠো নাপরো বেদপারগঃ।" ইতি দায়ভাগধৃতাৎ, অন্যথা সুতত্বেন বিশেষোপাদানং ব্যর্থং স্যাৎ। শ্রাদ্ধে ত্বনুপনীতস্য মন্ত্রপাঠমাহ মনুঃ,—

"নাভিব্যাহারয়েদ্‌ব্রহ্ম স্বধানিনয়নাদৃতে।
শূদ্রেণ হি সমস্তাবদ্‌ যাবদ্বেদে ন জায়তে॥"

"অভিব্যাহারয়েৎ" বদেদিতি যাবৎ, স্বার্থে ণিচ্‌। তত্র প্রথমতো জ্যেষ্ঠপুত্রঃ। যথা মরীচিঃ,—

রহিতমাত্রপরত্বে ইত্যর্থঃ। সুতত্বেনেতি কৃতচূড়স্তু কুর্বীত ইতি বচনাৎ কৃতচূড়স্য পৌত্রাদেরপি অধিকারপ্রাপ্তেরিতি ভাবঃ। নাভিব্যাহারয়েৎ ন বদেৎ, স্বার্থে ণিচ্‌,

এইরূপ একটি বচন উদ্ধৃত হইয়াছে,—"কৃতচূড়ব্যক্তিই শ্রাদ্ধ এবং তর্পণ করিবে।" রঘুনন্দন বলেন, এই যে, চূড়াসংস্কার সম্পন্ন হইবার পর শ্রাদ্ধ এবং তর্পণের অধিকার দেওয়া হইয়াছে, ইহা পুত্র ভিন্ন অপর অধিকারীর সম্বন্ধেই বুঝিতে হইবে; কারণ, দায়ভাগে একটি বচন উদ্ধৃত করা হইয়াছে "অপর অর্থাৎ পুত্রভিন্ন শ্রাদ্ধাদির অধিকারী বেদপারগ হইলেও, তাহা অপেক্ষা অসংস্কৃত অর্থাৎ অকৃতচূড় পুত্রও শ্রেষ্ঠ।" এ স্থলে 'অসংস্কৃত' শব্দের 'অকৃতচূড়' রূপ অর্থ না করিয়া, অনুপনীতরূপ অর্থ করিলে, এই বচনে 'সুত' (পুত্র) এই পদের বিশেষরূপে উল্লেখ করাই বৃথা হয়; কারণ, পূর্ব্বোক্ত ব্যাঘ্রের বচনে পুত্র ভিন্ন অপর অধিকারীর যখন চূড়ার পর হইতে অধিকার হইবার কথা বলা হইয়াছে, তখন পুত্রের উপনয়নের পর অধিকার হইবে, এরূপ বলা যুক্তিযুক্ত হয় না, কাজেই এই বচনে 'সুত' পদটিকে বিশেষ করিয়া প্রয়োগ করায় বুঝিতে হইবে, পুত্র অকৃতচূড় হইলেও শ্রাদ্ধাদির অধিকারী হইবে, এবং পৌত্রাদি চূড়ার পূর্ব্বে অধিকারী হইবে না। এই ব্যাখ্যা না করিলে, বচনে 'সুত' এই কথাটির উপন্যাসই বৃথা হইয়া পড়ে। শ্রাদ্ধের সময় অনুপনীত ব্যক্তিরাও যে, মন্ত্র পাঠ করিতে পারিবে, সে কথা মনু বলিয়াছেন, যথা—"অনুপনীত দ্বিজ বালকেরা শ্রাদ্ধীয় মন্ত্র ভিন্ন অপর বেদমন্ত্রের উচ্চারণ করিবে না; কারণ,যে পর্য্যন্ত বেদে জন্ম (উপনয়ন) না হয়, সে পর্য্যন্ত উহারা শূদ্রের সমান।" মনুর বচনে যে 'অভিব্যাহারয়েৎ' ক্রিয়াপদটি আছে, উহা স্বার্থে ণিচ্‌ প্রত্যয় দ্বারা সিদ্ধ

"মৃতে পিতরি পুত্রেণ ক্রিয়া কার্য্যা বিধানতঃ॥
বহবঃ স্যুর্যদা পুত্রাঃ পিতুরেকত্র বাসিনঃ।
সর্ব্বেষান্তু মতং কৃত্বা জ্যেষ্ঠেনৈব তু যৎ কৃতম্॥
দ্রব্যেণ চাবিভক্তেন সর্ব্বৈরেব কৃতং ভবেৎ॥"

তদভাবে যথাক্রমং কনিষ্ঠপুত্রপৌত্রপ্রপৌত্রাঃ। তথাচ বিষ্ণুপুরাণং,—

"পুত্রঃ পৌত্রঃ প্রপৌত্রো বা তদ্বদ্বা ভ্রাতৃসন্ততিঃ।

যথানিয়মনাবৃত্তে শ্রাদ্ধমন্ত্রং বিনা। যথাক্রমমিতি পূর্ব্বাভাবে পর ইতি ক্রমেণ ইত্যর্থঃ।

করা হইয়াছে, উহার অর্থ—বলিবে (উচ্চারণ করিবে)। প্রেতকার্য্যে অধিকারীর মধ্যে জ্যেষ্ঠপুত্রই প্রথম (অগ্রগণ্য)। এ সম্বন্ধে মরীচির বচন যথা—"পিতার মৃত্যুর পর পুত্রই যথাবিধি প্রেতকার্য্য সকলের অনুষ্ঠান করিবে, যদি মৃত পিতার বহুপুত্রও একত্রবাসী হয়, তাহ'লে উহাদের মধ্যে সর্ব্বজ্যেষ্ঠ পুত্র অপর পুত্র-গণের সম্মতিক্রমে সাধারণের অর্থ দ্বারা যে শ্রাদ্ধাদির অনুষ্ঠান করিবে, ঐ শ্রাদ্ধাদি সকল পুত্র কর্ত্তৃক অনুষ্ঠিত হইয়াছে বলিয়াই বিবেচিত হইবে। জ্যেষ্ঠ-পুত্রের অভাবে যথাক্রমে কনিষ্ঠপুত্র, পৌত্র এবং প্রপৌত্র অধিকারী।" এই যে, জ্যেষ্ঠের অভাবে কনিষ্ঠকে অধিকারী বলা হইয়াছে, টীকাকার রাধামোহন গোস্বামী উহার 'আপেক্ষিক জ্যেষ্ঠের অভাবে' এইরূপ ব্যাখ্যা করিয়াছেন কিন্তু শুনিয়াছি, স্মার্ত্তের এই পংক্তির মর্ম্মগ্রহ করিতে না পারিয়া অনেকে জ্যেষ্ঠের অভাবে একেবারে সর্ব্ব কনিষ্ঠকেই অধিকারী বলিয়া ভ্রান্ত ব্যবস্থা করেন; কিন্তু এস্থলে কনিষ্ঠ শব্দ দ্বারা 'জ্যেষ্ঠ অপেক্ষা ছোট' এইরূপ অর্থই স্মার্ত্তের অভিপ্রেত। কাশীরামও সেই কথা বলিয়াছেন, "পূর্ব্বাভাবে পর" ইতি ক্রমেণ, অর্থাৎ প্রথম জাত পুত্রের অভাবে, তৎপরজাত পুত্র, তদভাবে তৎপরজাত পুত্র এইরূপ ক্রমই ধরিতে হইবে; তা না বলিয়া যদি প্রথমজাত পুত্রের অভাবে একেবারে সর্ব্ব কনিষ্ঠ পুত্র, তদভাবে পৌত্র, এইরূপ ক্রম ধরা হয়, তাহ'লে যে স্থলে সর্ব্বজ্যেষ্ঠ এবং সর্ব্বকনিষ্ঠ পুত্র, এই উভয়েরই অভাব ঘটিয়াছে, মধ্যম পুত্র এবং পৌত্র বিদ্যমান আছে, এরূপস্থলে মধ্যম পুত্র বর্ত্তমান থাকিতেও পৌত্রের অধিকার-প্রসক্তি হইয়া পড়ে। যাহাহোক, পুত্রের অভাবে যে পৌত্র এবং তদভাবে প্রপৌত্র অধিকারী হয়, এ সম্বন্ধে বিষ্ণুপুরাণের বচন যথা—"পুত্র, পৌত্র, প্রপৌত্র,

সপিণ্ডসন্ততির্বাপি ক্রিয়ার্হা নৃপ জায়তে ॥" এতচ্চ ষোড়শশ্রাদ্ধপর্য্যন্তম্। তথাচ ছন্দোগপরিশিষ্টম্,—

"পিতামহঃ পিতুঃ পশ্চাৎ প্রেতত্বং যদি গচ্ছতি।
পৌত্রেণৈকাদশাহাদি কর্তব্যং শ্রাদ্ধষোড়শম্।
নৈতৎ পৌত্রেণ কর্তব্যং পুত্রবাংশ্চেৎ পিতামহঃ ॥" সপিণ্ডী-

করণপর্য্যন্তমপৃথক্করণমাহ লঘুহারীতঃ,—

"সপিণ্ডীকরণান্তানি যানি শ্রাদ্ধানি ষোড়শ।
পৃথক্ নৈব সুতাঃ কুর্য্যুঃ পৃথগ্দ্রব্যা অপি কচিৎ ॥" এষামভাবে পত্নী। তথাচ শঙ্খঃ,—

"পিতুঃ পুত্রেণ কর্তব্যাঃ পিণ্ডদানোদকক্রিয়াঃ।

পুত্রেতি জ্যেষ্ঠাতিরিক্তপুত্রেত্যর্থঃ। এতচ্চ ক্রমকর্তব্যত্বঞ্চ। ষোড়শশ্রাদ্ধেতি বক্ষ্যমাণ-

ভ্রাতার সন্ততিবর্গ অথবা সপিণ্ডের সন্ততিগণ, হে রাজন্! ইহারাই প্রেতকার্য্যের অধিকারী হয়।" গোস্বামী বলেন, এই বিষ্ণুপুরাণের বচনে প্রপৌত্রের পর যে, ভ্রাতার সন্ততির কথা বলা হইয়াছে, ঐ প্রপৌত্র শব্দ দ্বারা "পত্নী," ও "দুহিতা" প্রভৃতির উপলক্ষণ করা হইয়াছে; কারণ, প্রপৌত্র পর্য্যন্তের অভাবে প্রথমে 'পত্নী' প্রভৃতিরই অধিকার উক্ত হইয়াছে। উপরে যে, প্রেতকার্য্য বিষয়ে অধিকারীর ক্রম নির্দেশ করা হইল, ইহা কেবল আদ্যশ্রাদ্ধ বিষয়ে নহে, সপিণ্ডীকরণাদি ষোড়শ শ্রাদ্ধ বিষয়েই বুঝিতে হইবে। এ সম্বন্ধে ছন্দোগপরিশিষ্টের বচন যথা,—"যদি পৌত্রের পিতার মৃত্যুর পর, পিতামহ প্রেতত্ব প্রাপ্ত হন, অর্থাৎ পিতামহের মৃত্যুর সময় পৌত্রের পিতা বর্তমান না থাকে, তাহ'লে ঐ পৌত্র একাদশাহকর্তব্য শ্রাদ্ধ হইতে ষোলটি শ্রাদ্ধের অনুষ্ঠান করিবে। কিন্তু পিতামহের যদি সে সময় অপর পুত্র বর্তমান থাকে, তাহ'লে পৌত্র আর ঐ সকল শ্রাদ্ধ করিবে না।" পুত্রগণ, বিভক্ত হইয়া পৃথক্ হইলেও পিতার সপিণ্ডীকরণান্ত ষোড়শ শ্রাদ্ধ যে, প্রত্যেকের পৃথক্ পৃথক্ করিতে হইবেনা, তদ্বিষয়ে লঘুহারীতের বচন প্রমাণ; যথা—"সপিণ্ডীকরণান্ত যে ষোলটি শ্রাদ্ধ উক্ত হইয়াছে, পুত্রগণ পৃথগন্নবর্তী হইলেও প্রত্যেকে পৃথক্ পৃথক্ রূপে কখনই উহাদের অনুষ্ঠান করিবে না।" এই পুত্র, পৌত্র এবং প্রপৌত্রের অভাবে, মৃত ব্যক্তির পত্নীই শ্রাদ্ধাদির অধিকারিণী; এ সম্বন্ধে

তদভাবে তু পত্নী স্যাত্তদভাবে সহোদরঃ ॥

ভার্য্যাপিণ্ডং পতির্দদ্যাত্তস্রৈ ভার্য্যা তথৈব চ ॥”

“অপুত্রধনং পত্ন্যভিগামি, তদভাবে দুহিতৃগামি” ইতি বিষ্ণ্বাদিবচনে ধনাধিকারপ্রকরণে ‘তদভাব’ ইতি পদং প্রপৌত্র-পর্য্যন্তাভাবপরং, পার্ব্বণপিণ্ডদাতৃত্বেন, ধনহারিত্বেন চ তেষাং বলবত্ত্বাৎ।

“অপুত্রা স্ত্রী যথা পুত্রঃ পুত্রবত্যপি ভর্ত্তরি।

পিণ্ডং দদ্যাজ্জলঞ্চৈব জলমাত্রন্তু পুত্রিণী ॥” ইতি নির্ম্মূলং, সমূলত্বে “বালদেশান্তরিতপুত্রসম্ভাববিষয়”মিতি শ্রাদ্ধবিবেক-প্রভৃতয়ঃ। পত্ন্যভাবে অদত্তা কন্যা।

বচনে শ্রাদ্ধষোড়শনিত্যুক্তেরিতি ভাবঃ। এষামভাবে পুত্রপৌত্রপ্রপৌত্রাণামভাবে। তদভাবে ইতীতি তদভাবে তু পত্নী স্যাদিত্যেতৎস্থলীয়তদভাবে ইত্যর্থঃ। তেষাং পুত্রপৌত্রাণাম্। পুত্রবত্যপীতি, স্ত্রিয়া যঃ সপত্নীপুত্রস্তদ্বত্যপীত্যর্থঃ। কন্যেতি অদত্তা বাগ্দত্তেতরেত্যর্থঃ।

শঙ্খের বচন, যথা—“পুত্রই (পুত্র, পৌত্র এবং প্রপৌত্রই) পিতার (পিতামহ, প্রপিতামহেরও) পিণ্ডোদকাদি দান ক্রিয়া করিবে, তাহাদের অভাবে অর্থাৎ পুত্র, পৌত্র এবং প্রপৌত্রের অভাবে পত্নী শ্রাদ্ধাদির অধিকারিণী হইবে, এবং পত্নীর অভাবে অর্থাৎ পত্নীর অব্যবহিত পরেই দুহিতা প্রভৃতি যে সকল অধিকারী ক্রমশ নির্দ্দিষ্ট হইয়াছে, তাহাদের অভাবে, সহোদর অধিকারী। পতি ভার্য্যার পিণ্ডদান করিবে এবং ভার্য্যাও পতির পিণ্ডদান করিবে।” “অপুত্রক অর্থাৎ প্রপৌত্র পর্য্যন্ত রহিত ব্যক্তির ধন পত্নীগামী হয়, এবং পত্নীর অভাবে দুহিতৃগামী হয়।” বিষ্ণু প্রভৃতির বচনে ধনাধিকারের স্থলে এইরূপ নিয়ম কথিত হওয়ায়, ‘অপুত্র’ শব্দের অর্থ যেমন ‘প্রপৌত্র পর্য্যন্ত রহিত’ এইরূপ করা হইয়া থাকে, সেই দৃষ্টান্তে পিণ্ড-দানাধিকার স্থলেও শঙ্খের বচনস্থিত প্রথম“তদভাবে”এই পদের ‘প্রপৌত্র পর্য্যন্তের অভাব ঘটিলে,’ এইরূপ অর্থ করিতে হইবে; যেমন প্রপৌত্র পর্য্যন্তের অভাবে পত্নী ধনাধিকারিণী, সেইরূপ প্রপৌত্র পর্য্যন্তের অভাবেই পত্নী পিণ্ডদানাধিকারিণী; কারণ প্রপৌত্র পর্য্যন্ত ব্যক্তিগণের পার্ব্বণশ্রাদ্ধে পিণ্ডদানের অধিকার, এবং পত্নী থাকিতেও মৃত ব্যক্তির ধনগ্রহণে অধিকার থাকায়, শ্রাদ্ধানুষ্ঠানেও পত্নী অপেক্ষা তাহাদের প্রথমেই অধিকার উৎপন্ন হয়। শ্রাদ্ধবিবেকাদি নিবন্ধকারগণ বলেন—“সপত্নী-

"অপুত্রস্য তু যা পুত্রী সাপি পিণ্ডপ্রদা ভবেৎ।
তস্য পিণ্ডান্ দশৈতান্ বা একাহেনৈব নির্ব্বপেৎ।"

ইতি ঋষ্যশৃঙ্গবচনাৎ। "গোত্রঋক্থানুগঃ পিণ্ড" ইতি মনুবচনেন দত্তাদ্যপেক্ষয়া তস্যা বলবত্ত্বাচ্চ, পত্নীতো দুর্ব্বলত্বাচ্চ॥ ১৫১॥

অদত্তাকন্যাভাবে যথাক্রমং বাগ্দত্তা-দত্তা-দৌহিত্রাঃ।

দশৈতান্ বেতি "দত্তামাপ্যদত্তামাদিশতি বচনোক্তত্রিরাত্রাপেক্ষয়া ব্যবস্থিতবিকল্পার্থঃ। অদত্তামামিত্যত্র ঈষদর্থে নঞ্, তেন বাগ্দত্তেতি গম্যতে। ব্যবস্থা তু অদত্তয়া একাহেন, বাগ্দত্তয়া দত্তয়া চ ত্র্যহেণ পূরকপিণ্ডাদিকং দেয়মিতি। তস্যাঃ বাগ্দত্তেতরস্যাঃ॥ ১৫১॥

যথাক্রমমিতি পূর্ব্বাভাবে পরোঽধিকারীতি ক্রমেণেত্যর্থঃ। তা অদত্তা দত্তা চ। তেষাং

পুত্র বিদ্যমান থাকিতেও অপুত্রা স্ত্রী, পুত্রের সহিত সমানভাবে স্বামীর উদ্দেশে জল ও পিণ্ডদান করিবে, পুত্রবতী কেবলমাত্র জলদান করিবে।" এইরূপ একটি বচনে পুত্র থাকিতেও অপুত্রা স্ত্রীর পিণ্ডদানে যে, অধিকার দৃষ্ট হইতেছে বটে, এই বচনটীকে সম্পূর্ণ অমূলকই বলিতে হইবে; আর যদি সমূলকই বল, তবে "অপুত্রা" শব্দের অর্থ পুত্র থাকিতেও যে অপুত্রা, অর্থাৎ পুত্র যার দেশান্তরস্থিত অথবা অত্যন্ত শিশু, তাদৃশ পত্নীও শ্রাদ্ধাধিকারিণী; হইবে" এইরূপ ব্যাখ্যা করিতে হইবে। পত্নীর অভাবে অদত্তা কন্যাই শ্রাদ্ধের অধিকারিণী কারণ, ঋষ্যশৃঙ্গের একটি বচন আছে "অপুত্র অর্থাৎ পত্নী পর্য্যন্ত রহিত ব্যক্তির পুত্রী (কন্যা) ই পিণ্ড প্রদাত্রী হইবে, এবং ঐ কন্যা একদিনেই ঐ মৃত ব্যক্তির দশপিণ্ড দান করিবে।" যদি বল, এই বচনে 'পুত্রী' এই সামান্য কন্যাবাচকমাত্র পদ আছে, ইহাতে তুমি পত্নীর পরই অনতা কন্যার পিণ্ডদানে অধিকার বলিতেছ কিরূপে? এইরূপ আপত্তির উত্তরে স্মার্ত্ত বলিতেছেন—"পিণ্ড, গোত্র এবং ধনাধিকারেরই অনুগত হইয়া থাকে, অর্থাৎ মৃত ব্যক্তির গোত্রভাগী এবং ধনভাগী ব্যক্তিরাই প্রথমতঃ পিণ্ডদানের অধিকারী হইয়া থাকে।" এই বচন অনুসারে দত্তাদি কন্যা অপেক্ষা অদত্তা কন্যারই গোত্রভাগিত্ব এবং ধনাধিকার এই উভয় কারণে প্রাধান্য দেখিয়া, এবং পত্নী অপেক্ষা ঐ দুই বিষয়ে অপ্রাধান্য দেখিয়া পত্নীর পরই অদত্তা কন্যারই পিণ্ডদানে অধিকার স্থির করা হইল॥ ১৫১।

অদত্তা কন্যার অভাবে, যথাক্রমে বাগ্দত্তা এবং দৌহিত্রগণ পিণ্ডদানে

"দত্তানাঞ্চাপ্যদত্তানাং কন্যানাং কুরুতে পিতা।
চতুর্থেঽহনি তাস্তেষাং কুর্ব্বীরন্ সুসমাহিতাঃ।
মাতামহানাং দৌহিত্রাঃ কুর্ব্বন্ত্যহনি চাপরে॥" ইতি
ব্রহ্মপুরাণম্।

"পৌত্রদৌহিত্রয়োর্লোকে বিশেষো নাস্তি ধর্ম্মতঃ।
তয়োর্হি মাতাপিতরৌ সম্ভূতৌ তস্য দেহতঃ।"
ইতি মনুবচনেন,—

"পৌত্রদৌহিত্রসংযুক্তা যে তথা চিরজীবিণঃ।
প্রিয়ঙ্করাশ্চ বালানাং তে নরাঃ স্বর্গগামিনঃ॥" ইতি
বিষ্ণুধর্ম্মোত্তরেণ চ পৌত্রতুল্যত্বাভিধানাচ্চ। তেন যথা
পুত্রাভাবে পৌত্রস্তথা দুহিত্রভাবে দৌহিত্রঃ। নন্ু—

পিত গাম্। ব্রহ্মপুরাণাদিতি ব্রহ্মপুরাণমেব বোধ্যম্। ব্রাহ্মং পাদ্মং বৈষ্ণবঞ্চেতি পুরাণ-
গণনায়াং ব্রহ্মপুরাণস্যাদাবুক্তত্বাৎ। অতএবতদ্বচনস্যাদিপুরাণীয়ত্বং পূর্ব্বমুক্তমন্বিরুদ্ধমিতি।

অধিকারী হয়। কারণ, ব্রহ্মপুরাণের একটী বচন আছে "পিতা দত্তা এবং অদত্তা (ঈষদ্দত্তা অর্থাৎ বাগ্দত্তা), উভয়বিধ কন্যারই পিণ্ডদান করিয়া থাকেন, এবং ঐ কন্যারাও শ্রদ্ধার সহিত চতুর্থ দিনে পিতৃগণের পিণ্ড দান করে। (১) দৌহিত্রগণ স্ব স্ব অশৌচান্তের পরদিন মাতামহদিগের পিণ্ডদান করে।" দৌহিত্র যে কন্যার পরই পিণ্ডদানে অধিকারী, তদ্বিষয়ে যুক্তি দেখাইতেছেন— "লোকে পৌত্র এবং দৌহিত্রের মধ্যে ধর্ম্মতঃ কোন ভেদ নাই, কারণ উঁহাদের উভয়েরই মাতা এবং পিতা একই ব্যক্তির দেহ হইতে সম্ভূত হইয়াছে।" এই মনুবচন দ্বারা, তথা "যে সকল ব্যক্তি পৌত্র ও দৌহিত্রগণে পরিবেষ্টিত থাকিয়া, ঐ সকল বালকদিগের সহিত আমোদ আহ্লাদ করত দীর্ঘকাল বাঁচিয়া থাকে, তাহারা স্বর্গে গমন করে।" এই বিষ্ণুধর্ম্মোত্তরীয় বচনদ্বারা দৌহিত্রকে পৌত্রের সহিত সমকক্ষ ভাবে নির্দ্দেশ করায়, পুত্রেরও পরই যেমন পৌত্র পিণ্ডদানে অধিকারী হয়, তেমনি

(১) রাধারমণ গোস্বামী বলেন, একেবারে অদত্তা কন্যাদিগের একাহ মাত্র অশৌচ বচনহিত, 'অদত্তা' শব্দ দ্বারা যদি গ্রহণ করা হয়, তাহা হইলে, 'চতুর্থদিনে' কথাটির সঙ্গতি হয়না, এইজন্য অদত্তা শব্দের অর্থ ঈষদ্দত্তা অর্থাৎ 'বাগ্দত্তা' করা হইল।

"দুহিতা পুত্রবৎ কুর্য্যান্মাতাপিত্রোশ্চসংস্কৃতা।
অশৌচমুদকং পিণ্ডমেকোদ্দিষ্টং সদা তয়োঃ॥" ইতি শঙ্খবচনাৎ পুত্রাদ্যনন্তরমেব স্ত্রিয়ঃ পূর্ব্বং দুহিত্রধিকারপ্রাপ্তিরি"তি চেন্ন; পত্ন্যাঃ প্রথমং ধনাধিকারাৎ। যথা যাজ্ঞবল্ক্যঃ,—

"পত্নী দুহিতরশ্চৈব পিতরৌ ভ্রাতরস্তথা।
তৎসুতো গোত্রজো বন্ধুঃ শিষ্যঃ সব্রহ্মচারিণঃ।

পুত্রাদ্যনন্তরমেবেতি পুত্রপরিত্যাগেন পুত্রান্তরলাভ ইত্যাশয়ঃ। ধনাধিকারাদিতি তথাচ গোত্রধনভৃগ্ধনুগঃ পিণ্ড ইতি মনুবচনেন দুহিত্রপেক্ষয়া পত্ন্যা বলবত্ত্বমিতি ভাবঃ। দৌহিত্রাধিকারে প্রমাণমাহ মাতামহানামিতি। ননু দুহিতুঃ পূর্ব্বং ন দৌহিত্রাধিকারঃ তত্রাহ পৌত্রেতি। তয়োর্হি ইতি তত্র স্বত্বস্বজন্যত্বসম্বন্ধস্য উভয়ত্রাপ্যবিশিষ্টত্বাদিতি

কন্যার পর দৌহিত্রেরই পিণ্ডদানে অধিকারী হওয়া উচিত। কেহ আপত্তি করিয়াছিল, "সংস্কৃতা কন্যা পুত্রের ন্যায়ই সর্ব্বসময়েই পিতা ও মাতার অশৌচ প্রতিপালন, উদকদান, পিণ্ডদান এবং একোদ্দিষ্ট করিবে।". এই শঙ্খ-বচনের অনুসারে প্রপৌত্রের পর স্ত্রী পিণ্ডদানে অধিকারিণী না হইয়া কন্যারই ত অগ্রে পিণ্ডদানে অধিকারিণী হওয়া উচিত? স্মার্ত্ত ইহার উত্তরে বলিয়াছেন, এইরূপ আপত্তি করিতে পার না, কারণ, কন্যার অগ্রে পত্নীরই ধনাধিকার হইয়া থাকে। প্রপৌত্র পর্য্যন্তের অভাবে যেরূপ ক্রমে ধনাধিকারী হইবে, যাজ্ঞবল্ক্য তাহার একটা গণনা করিয়াছেন যথা,—" (১) পত্নী, (২) কন্যাগণ, (৩) পিতা ও মাতা, (৪) ভ্রাতৃগণ, (৫) ভ্রাতৃপুত্রগণ, (৬) সগোত্র, (৭) বন্ধু, (৮) শিষ্য, (৯) সতীর্থ (এক সঙ্গে এক গুরুর নিকট যাহারা অধ্যয়ন করিয়াছে) ইহাদিগের মধ্যে পূর্ব্বপূর্ব্ববর্ত্তীর অভাব ঘটিলে, পরপরবর্ত্তী ধনভাগী হইবে।" কেহ আশঙ্কা করিয়াছিল, ভাল, ভ্রাতৃগণ অপেক্ষা দত্তা কন্যা, এবং দৌহিত্রগণ, অগ্রে যেন যাজ্ঞবল্ক্যের বচনানুসারে ধনভাগীই হইল, কিন্তু ভ্রাতৃগণে যখন তাহাদের চেয়ে পিণ্ডদানের প্রতি সগোত্রত্ব রূপ আরও একটি অধিক কারণ বর্ত্তমান রহিয়াছে, তখন পিণ্ডদানে দত্তা কন্যা

এষামভাবে পূর্ব্বেষাং ধনভাগুত্তরোত্তর” ইতি।

“ন চ ‘দত্তকন্যাদৌহিত্রাভ্যাং প্রাক্ সগোত্রত্বাৎ সোদরাধিকার, ইতি বাচ্যম্, গোত্রবলাপেক্ষয়া পিণ্ডদানাদের্ধনসাধ্যত্বাৎ ঋক্থগ্রাহিণোর্দুহিতৃদৌহিত্রয়োর্ব্বিবলবত্ত্বাৎ। অতএব দুহিতুর্ধনাধিকারে তদ্ধনেন মৃতোপকারকরণং হেতুরিত্যাহ আপস্তম্বঃ,—“অন্তেবাসী অর্থান্ তদর্থেষু ধর্ম্মকৃত্যেষু

ভাবঃ। সগোত্রত্বাদিতি গোত্ররিক্থানুগঃ পিণ্ড ইত্যনেন যথা ঋক্থানুগমং পিণ্ডোক্তং

এবং দৌহিত্র অপেক্ষা অগ্রেই ভ্রাতৃগণের অধিকার হওয়া উচিত, যে কারণে দত্তা কন্যা এবং দৌহিত্রগণের অপেক্ষা অদত্তা কন্যার অগ্রে পিণ্ডদানাধিকার সিদ্ধ করা হইয়াছে, ভ্রাতৃগণেও সেই কারণই বর্ত্তমান। ইহার তাৎপর্য্য এই গোত্রভাগিত্ব এবং ধনাধিকার, এই দুইটীই পিণ্ডদানাধিকারের হেতু বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে, এই উভয় হেতুর বিদ্যমানতা থাকাতেই অদত্তা কন্যার দত্তা কন্যা এবং দৌহিত্রগণের অগ্রে ধনাধিকারই ঘটিয়াছে, কারণ, দত্তা কন্যা এবং দৌহিত্রগণের ধনাধিকার থাকিলেও গোত্রভাগিত্ব নাই, কিন্তু ভ্রাতাদিগের গোত্রভাগিত্ব এবং ধনাধিকার উভয় হেতুই বর্ত্তমান, সুতরাং কেবল ধনাধিকারী দত্তাকন্যা এবং দৌহিত্র অপেক্ষা ভ্রাতৃগণেরই অগ্রে পিণ্ডদানে অধিকার হওয়া উচিত। ইহার উত্তরে রঘুনন্দন বলিতেছেন, “ন চ বাচ্যম্” এ আপত্তি খাটে না। কারণ যদিও ভ্রাতৃগণের পক্ষে অগ্রে পিণ্ডদানে অধিকারের প্রতি গোত্রভাগিত্ব রূপ একটা অধিক বল আছে বটে, কিন্তু পিণ্ডদান ধন-সাধ্য হওয়ায় পিণ্ডদান গোত্র বল অপেক্ষা ধনাধিকারেরই কার্য্যতঃ বলবত্ত্ব সিদ্ধ হইতেছে, কাজেই প্রথমে ধনাধিকারী কন্যা এবং দৌহিত্রগণের ভ্রাতৃগণের অপেক্ষা পিণ্ডদানাধিকারেও প্রাধান্য বলিতে হইবে, অদত্তা কন্যা দত্তা এবং দৌহিত্র অপেক্ষা অগ্রে ধন ভাগিনী হয় বলিয়া এবং তাহাতে প্রথম হইতেই গোত্রভাগিত্ব থাকায়, দত্তাকন্যা এবং দৌহিত্র অপেক্ষা অগ্রে তাহারই পিণ্ডাধিকার হওয়া উচিত। এই জন্যই আপস্তম্ব কন্যার ধনাধিকারের প্রতি ধনদ্বারা মৃতের উপকার করা সেই হেতুরূপে নির্দ্দেশ করিয়াছেন, যথা অন্তেবাসী শিষ্য গুরু হইতে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত অর্থ সকল ঐ গুরুর পারলৌকিক

প্রযোজয়েৎ দুহিতা” বেতি। তদর্থেষু মাসিকাদিনা তদ্ভোগার্থং ধর্ম্মকৃত্যেষ্বিতি অদৃষ্টার্থমিতি ॥ ১৬০ ॥

অত্র “গোত্রঋক্থানুগঃ পিণ্ড” ইতি মনূক্তেন।

“অনংশৌ ক্লীবপতিতৌ জাত্যন্ধবধিরৌ তথা।

উন্মত্তজড়মূকাশ্চ যে চ কেচিন্নিরিন্দ্রিয়াঃ ॥” ইতি মনূক্তানাং,

“পিতৃদ্বিট্ পতিতঃ ষণ্ডো যশ্চ স্যাদৌপপাতিকঃ।

ঔরসা অপি নৈতেঽংশং লভেরন্ ক্ষেত্রজাঃ কুতঃ ॥”

ইতি নারদোক্তানাঞ্চ ভাগানধিকারিণাং পিণ্ডদানানধিকারঃ।

তথা গোত্রানুগমমপি ইতি। প্রথমং সোদরাধিকার ইতি পূর্ব্বপক্ষিণামাশয়ঃ। অদৃষ্টার্থমিতি তথাচ প্রেতোদ্দেশ্যকদানং অদৃষ্টদ্বারা তদ্ভোগং জনয়তি যথা দাতুরপি অদৃষ্টবিশেষং জনয়তীতি ভাবঃ ॥ ১৬০ ॥

মনূক্তেরিতি। পিণ্ডদানানধিকার ইত্যত্র হেতুঃ অপপাত্রিতঃ ত্যিক্তোদকীকৃতঃ। অমু-

---

উপকারজনক ধর্ম্মকার্য্যেই ব্যয় করিবে, দুহিতা ও পিতৃধনের ঐরূপ ব্যবহার করিবে। গুরুর পারলৌকিক উপকারজনক ইহার অর্থ রঘুনন্দন এইরূপ করিয়াছেন, মাসিকাদি শ্রাদ্ধদ্বারা তাহার পারলৌকিক সুখভোগ প্রয়োজক ধর্ম্মকার্য্যে অর্থাৎ শুভাদৃষ্টের জনক ধর্ম্মকার্য্যে। ১৬০

“তবে মনু যে, বলিয়াছেন “পিণ্ড, গোত্রভাগিত্ব এবং ধনাধিকার এই উভয়ের অনুসরণ করে, অর্থাৎ যাহাতে গোত্রভাগিত্ব এবং ধনাধিকার এই উভয়ই যাহাদের অন্যতর বর্ত্তমান থাকিবে, সেই পিণ্ডদানে অধিকারী হইবে। এই বচনে গোত্রভাগিত্ব এবং ধনাধিকার পিণ্ডদান। অধিকারের প্রতি হেতুরূপে নির্দ্দিষ্ট হইলেও, গোত্রভাগিত্ব অপেক্ষা ধনাধিকার যে প্রবল, তাহার আর একটি দৃষ্টান্ত দেখ।—“ক্লীব, পতিত, জন্মান্ধ, জন্মবধির, উন্মত্ত, জড়, মূক (বোবা,) ইন্দ্রিয়শূন্য ব্যক্তিগণ, ইহারা পৈতৃক ধনে অংশভাগী হয় না” এই মনূক্ত ধনাধিকারশূন্য ব্যক্তিদিগের এবং ‘পিতৃদ্বেষ্টা, পতিত, ক্লীব ও যাহারা ঔপপাতিক এইরূপ ব্যক্তিরা ঔরস পুত্র হইলেও পিতার ধনে অধিকারী হইবে না, ক্ষেত্রজ পুত্র হইলেত কথাই নাই”। নারদোক্ত এই সকল ধনাধিকারশূন্য ব্যক্তিদিগের কেবল ধনাধিকার না থাকাতেই পিণ্ডদানেও অনধিকার হইয়াছে।

"জাত্যন্ধবধিরৌ" জন্মপ্রভৃত্যন্ধবধিরৌ। "নিরিন্দ্রিয়াঃ" "পঙ্গ্বাদয়ঃ স্মার্ত্তশ্রৌতক্রিয়ানধিকারিণো গৃহ্যন্তে" ইতি রত্নাকরঃ। তথাচ বৃদ্ধশাতাতপঃ,—

"চণ্ডালং পতিতং ব্যঙ্গমুন্মত্তং শবহারকম্।
সূতিকাং সূয়িকাং নারীং রজসা চ পরিপ্লুতাম্॥
শ্বকুক্কুটবরাহাংশ্চ গ্রাম্যান্ সংস্পৃশ্য মানবঃ।
সচেলং সশিরঃ স্নাত্বা তদানীমেব শুধ্যতি॥"

ক্রিয়ারামধিকারাদেব। ননু ভর্তৃশিষ্যাৎ প্রাক্ কথং ভর্তৃমাতুলস্যাধিকারঃ তত্রাহ শাতাতপীয়েতি। "মাতুলো ভাগিনেয়স্য স্বস্রীয়ো মাতুলস্য চ। শ্বশুরস্য গুরোশ্চৈব সখ্যুর্মাতামহস্য চ। এতেষাঞ্চৈব ভার্য্যাভ্য" ইত্যাদৌ মাতুলস্য পাঠঃ, পশ্চাচ্চ গুরোঃ পাঠাৎ তচ্ছিষ্যলাভ ইতি ভাবঃ॥ ১৬৮॥

প্রাতিস্বিকানামিতি। পূর্ব্বোক্তবচনৈঃ পুত্রদৌহিত্রাদিরূপপ্রত্যেকবৃত্তিধর্ম্মপুরস্কারেণ

হইবে।" ধনাধিকার নিবন্ধনও যে পিণ্ডদানে অধিকারী হয়, সে কথাও মনু বলিয়াছেন, যথা,—পিণ্ড, গোত্রভাগিত্ব এবং ধনভাগিত্বেরই অনুগামী হয়।" জামাতার অভাবে, স্বামীর মাতুল, এবং স্বামীর শিষ্য যথাক্রমে পিণ্ডদানে অধিকারী হয়; কারণ, পুর্ব্বোক্ত শাতাতপের "মাতুল ভাগিনেয়ের এবং ভাগিনেয় মাতুলের" ইত্যাদি বচনে মাতুলের পর গুরুর উল্লেখ থাকায় ভর্ত্তার মাতুলের পর ভর্ত্তার শিষ্যই পিণ্ডদানে যে অধিকারী; ইহাই বুঝাইতেছে। ১৬৮।

পুর্ব্বে একটি একটি করিয়া নাম ক'রে যাহাদের গণনা করা হইল, তাহাদের সকলের অভাবে, যথাক্রমে পিতৃবংশীয় এবং মাতৃবংশীয়গণ পিণ্ডদানে অধিকারী হইবে; কারণ, "হে রাজন্, পিতৃসপিণ্ড, মাতৃসপিণ্ড, পিতৃসমানোদক এবং মাতৃসমানোদকগণ পিণ্ডদান করিবে।" এই বিষ্ণুপুরাণের বচনে "পিতৃসপিণ্ড" প্রভৃতির সমানভাবেই পুরুষের এবং স্ত্রীর পিণ্ডদানে অধিকার কথিত হইয়াছে। পিতৃবংশীয় এবং মাতৃবংশীয়ের অভাবে, কোনপ্রকার সম্বন্ধশূন্য অর্থাৎ নিঃসম্পর্ক ব্রাহ্মণশ্রেষ্ঠ পিণ্ডদান করিবে; কারণ, পুর্ব্বোক্ত "পতি ভার্য্যার পিণ্ডদান করিবে" ইত্যাদি শঙ্খের বচনের শেষে গৌড়ীয়গণ "দ্বিজোত্তম" এই কথাটিই পড়িয়া থাকেন, এবং পরে যে, একত্রে সহবাসীর মধ্যে কোন এক ব্যক্তির পিণ্ডদানে অধিকারের কথা বলা হইবে,

"সংঘাতান্তর্গতৈর্ব্বাপি" ইত্যবিশেষশ্রুতেশ্চ। ত্রিধাক্রিয়া-কর্ত্তৄনাহ বিষ্ণুপুরাণম্,—

"পুত্রঃ পৌত্রঃ প্রপৌত্রো বা তদ্বদ্বা ভ্রাতৃসন্ততিঃ।
সপিণ্ডসন্ততির্ব্বাপি ক্রিয়ার্হা নৃপ জায়তে॥
এষামভাবে সর্ব্বেষাং সমানোদকসন্ততিঃ।
মাতৃপক্ষস্য পিণ্ডেন সম্বন্ধা যে জলেন বা॥
কুলদ্বয়েঽপি চোচ্ছন্নে স্ত্রীভিঃ কার্য্যা ক্রিয়া নৃপ।
সাংঘাতান্তর্গতৈর্ব্বাপি কার্য্যা প্রেতস্য সৎক্রিয়া॥
উচ্ছন্নবন্ধুঋক্থাদ্বা কারয়েদবনীপতিঃ।

উক্তানামিত্যর্থঃ। অবিশেষেতি স্ত্রীপুংসাধারণ্যেন শ্রুতেরিত্যর্থঃ। গৌড়ীয়েতি "খখ্যাদেশ্চ স্নসা চৈব তদভাবে দ্বিজোত্তম" ইতি অত্র সপিণ্ডক ইতি মৈথিলানাং পাঠঃ। মৈথিল-সাধারণ্যার্থমাহ সংঘাতেতি। ত্রিধেতি পূর্ব্বামধ্যমোত্তরাভেদেন ত্রিধা ক্রিয়া ইত্যর্থঃ। পিণ্ডেন সম্বন্ধাঃ সপিণ্ডাঃ, জলেন সম্বন্ধাঃ সমানোদকাঃ। স্ত্রীভিরিত্যত্র স্ত্রীপদম্ অস-বর্ণোঢ়াপরম্, অপরিণীতস্ত্রীপরঞ্চ। উচ্ছন্নেতি উচ্ছন্নো বন্ধুর্যস্য তস্য মৃতস্য ধনাদিত্যর্থঃ।

তাহাতেও স্ত্রী বা পুরুষের পিণ্ডদানের কথা বিশেষ করিয়া বলা হয় নাই। তাহাতেও একত্র বাসকারী নিঃসম্পর্ক ব্রাহ্মণশ্রেষ্ঠ যে, সর্ব্বপ্রকার সম্পর্কশূন্য ব্রাহ্মণীর পিণ্ডদান করিতে পারিবে, এই কথাই আসিতেছে। মৃতব্যক্তির উদ্দেশে যে সকল ক্রিয়া করা হয়, তাহাদিগকে পূর্ব্ব, মধ্যম এবং উত্তর এই তিন প্রকারে বিভক্ত করিয়া, ঐ তিন প্রকার ক্রিয়ার অধিকারীর কথা বিষ্ণুপুরাণে এইরূপে বলা হইয়াছে—"হে রাজন্, পুত্র, পৌত্র অথবা প্রপৌত্র, ভ্রাতার সন্তানগণ কিম্বা সপিণ্ডের সন্তানগণ মৃতব্যক্তির ঔর্দ্ধদেহিক ক্রিয়ার অধিকারী হয়। ইহাদের সকলের অভাবে সমানোদকের সন্ততিগণ, মাতামহ-সপিণ্ডগণ অথবা সমানোদকগণ ক্রিয়ার অধিকারী হয়। যদি পিতৃকুল এবং মাতামহকুল একেবারে উচ্ছিন্ন (নির্ম্মূল) হয়, তাহ'লে, হে রাজন্, স্ত্রীগণ ক্রিয়া করিবে, (টীকাকার বলেন, এই যে, স্ত্রীগণের ক্রিয়া করিবার অধিকার বলা হইয়াছে, এই 'স্ত্রী' শব্দের দ্বারা বিবাহিতা অসবর্ণা স্ত্রী, এবং অপরিণীত স্ত্রী, এই দুই প্রকার স্ত্রীরই বোধ করিতে হইবে। সবর্ণা পত্নী যে অনেক পূর্ব্বে পিণ্ডদানে অধিকারিণী হয়, এ কথা পূর্ব্বে বলা হইয়াছে। সেইরূপ স্ত্রীর অভাবে

পূর্ব্বাঃ ক্রিয়া মধ্যমাশ্চ তথৈব চোত্তরাঃ ক্রিয়াঃ।
ত্রিপ্রকারাঃ ক্রিয়া হ্যেতাস্তাসাং ভেদান্ শৃণুষ মে ॥
আদাহবার্য্যায়ুধাদি-স্পর্শাদ্যন্তাশ্চ যাঃ ক্রিয়াঃ।
তাঃ পূর্ব্বা মধ্যমা মাসি মাস্যেকোদ্দিষ্টসংজ্ঞকাঃ ॥
প্রেতে পিতৃত্বমাপন্নে সপিণ্ডীকরণাদনু।
ক্রিয়ন্তে যাঃ ক্রিয়াঃ পিত্র্যাঃ প্রোচ্যন্তে তা নৃপোত্তরাঃ ॥
পিতৃমাতৃসপিণ্ডৈশ্চ সমানসলিলৈস্তথা।
সংঘাতান্তর্গতৈর্ব্বাপি রাজ্ঞা বা ধনহারিণা ॥
পূর্ব্বাঃ ক্রিয়াস্তু কর্ত্তব্যাঃ পুত্রাদ্যৈরেব চোত্তরাঃ।
দৌহিত্রৈর্ব্বা নরশ্রেষ্ঠ কার্য্যাস্তত্তনয়ৈস্তথা ॥
মৃতাহনি তু কর্ত্তব্যাঃ স্ত্রীণামপ্যুত্তরাঃ ক্রিয়াঃ।
প্রতিসংবৎসরং রাজন্নেকোদ্দিষ্টবিধানতঃ ॥”

“আদাহে”তি দাহাদারভ্যাশৌচান্তবিহিতবার্য্যায়ুধাদিস্পর্শা-

একত্র সহবাসীর মধ্যে কোন একজন প্রেতের কার্য্য করিবে। কিম্বা সেই বন্ধুবান্ধব শূন্য ব্যক্তির ধন দ্বারা দেশের রাজা মৃতব্যক্তির কোন স্বজাতীয় দ্বারা ঔর্দ্ধদেহিক কার্য্য করাইবেন। মৃতব্যক্তির উদ্দেশে যে সকল ক্রিয়ার অনুষ্ঠান করা হয়, ঐ ক্রিয়া সকল তিনপ্রকার,—পূর্ব্ব, বা আদ্য ক্রিয়া, মধ্যম ক্রিয়া, এবং উত্তরক্রিয়া। হে রাজন্ একণে ইহাদের ভেদের কথা বলিতেছি, শ্রবণ করুন। দাহ হইতে আরম্ভ করিয়া জল ও অস্ত্রাদি স্পর্শ পর্য্যন্ত যতগুলি ক্রিয়ার অনুষ্ঠান করা হয়, তাহাদিগকে পূর্ব্বক্রিয়া বলে। মাসে মাসে যে, একোদ্দিষ্ট শ্রাদ্ধ করা হয়, তাহাদের নাম মধ্যম ক্রিয়া। এবং হে নৃপ! সপিণ্ডীকরণের অনন্তর প্রেত ব্যক্তি পিতৃত্ব প্রাপ্ত হইবার পর তাহার উদ্দেশে যে সকল পৈত্র্য কার্য্য করা হয়, তাহাদের নাম উত্তর ক্রিয়া। পিতৃসপিণ্ড, মাতামহসপিণ্ড, উহাদিগের সমানোদক, একত্র সহবাসীর মধ্যে কোন অথবা সকলের অভাবে ধনগ্রহণকারী রাজা, ইহারা যথাক্রমে পূর্ব্বক্রিয়া মাত্র করিবে, এবং পুত্র প্রভৃতিরাই উত্তর ক্রিয়া করিবে। হে নরশ্রেষ্ঠ! দৌহিত্র এবং তাহার পুত্রেরাও উত্তর ক্রিয়া করিতে পারিবে। হে রাজন্, প্রতিবৎসর মৃততিথিতে একোদ্দিষ্ট শ্রাদ্ধের নিয়ম অনুসারে স্ত্রীগণও উত্তর ক্রিয়া করিতে পারিবে।” মূল বচনে যে

দ্যন্তাঃ, যান্তাঃ পূর্ব্বাঃ মধ্যাঃ ;—"মাসি মাসী"ত্যেকাদশাহাদিসপিণ্ডনান্তপ্রেতক্রিয়য়োপলক্ষণম্। সপিণ্ডনোত্তরাঃ পার্ব্বণাদিক্রিয়া "উত্তরাঃ"। অত্র পিতৃসপিণ্ডাদয়ঃ পূর্ব্বাঃ ক্রিয়া অবশ্যং কুর্য্যুঃ। মধ্যমক্রিয়ায়ামনিয়মঃ উত্তরক্রিয়ায়াস্তু পুত্রাদয়ো ভ্রাতৃসন্ততিপর্য্যন্তা নিয়তাঃ শ্রাদ্ধবিবেকোহপ্যেবম্ "দৌহিত্রৈর্ব্বে"তি "বা"শব্দঃ সমুচ্চয়ার্থঃ, তেন দৌহিত্রোঽপ্যুত্তরক্রিয়ায়াং নিয়তোঽধিকারী। "তত্তনয়ৈ"-দৌহিত্রপুত্রৈঃ। "পুত্রিকাপুত্রবিষয়মি"তি কল্পতরুঃ।

মাসানামিতি কর্ত্তরি ষষ্ঠী। উপলক্ষণমিতি তেনাদ্যশ্রাদ্ধাদিসংগ্রহঃ। পিতৃসপিণ্ডাদয় ইতি এতচ্চ পিতৃমাতৃসপিণ্ডৈশ্চ ইতি বচনানুসারাদুক্তম্। অনিয়ম ইতি পুত্রাদ্যা বা পিতৃমাতৃসপিণ্ডাদয়ো বা কুর্য্যুরিতি ভাবঃ। পুত্রাদয় ইতি পুত্রঃ পৌত্রঃ প্রপৌত্রঃ পত্নী দুহিতা ভ্রাতা তৎসুতশ্চ নিয়তা নিত্যাঃ। অত্রেদং বোধ্যম্,—"ভ্রাতুঃ পুত্রপর্য্যন্তা নিয়তা" ইতি যদুক্তং তত্র পূর্ব্বপূর্ব্বাভাবে এব উত্তরোত্তরস্য নিত্যাধিকার ইতি বিশেষো বোধ্যঃ।

"দাহ হইতে জলাদি স্পর্শ পর্য্যন্ত" বলা হইয়াছে, উহা দ্বারা দাহ হইতে আরম্ভ করিয়া অশৌচান্তের পরদিন বিহিত জল ও অন্নাদি স্পর্শ আদি যতগুলি ক্রিয়া বিহিত হইয়াছে, তৎসমুদয়কেই পূর্ব্বা ক্রিয়া বলা হয়। যদিও মাসে মাসে কর্ত্তব্য একোদ্দিষ্টদিগকেই বচনে মধ্যমা ক্রিয়া নামে অভিহিত করা হইয়াছে, তথাপি উহা দ্বারা যে, একাদশাহকর্ত্তব্য আদ্য শ্রাদ্ধ হইতে সপিণ্ডীকরণান্ত সমুদয় ক্রিয়ার (জ্ঞাপন) উপলক্ষণ করা হইয়াছে, ইহাই বুঝিতে হইবে। এবং সপিণ্ডীকরণের পর হইতে যে পার্ব্বণাদি শ্রাদ্ধ করা হয়, তাহার নামই উত্তর ক্রিয়া। এ স্থলে ইহাও বক্তব্য যে, পিতৃসপিণ্ড প্রভৃতি যে সকল পূর্ব্বক্রিয়াধিকারীর কথা বলা হইল, তাহারা পূর্ব্বক্রিয়া অবশ্যই করিবে, কিন্তু মধ্যম ক্রিয়া যে তাহাদের করিতেই হইবে এমন কোন নিয়ম নাই। পুত্রাদি অধিকারীর অভাবেই পিতৃসপিণ্ডাদি ইচ্ছা করিলে মধ্যম ক্রিয়া করিতে পারে, পুত্রাদি অর্থাৎ পুত্র, পৌত্র, প্রপৌত্র পত্নী, দুহিতা, ভ্রাতা এবং তৎপুত্রগণ ইহারাই উত্তর ক্রিয়ার নিত্য অধিকারী, অর্থাৎ ইহাদের পূর্ব্ব পূর্ব্ব ব্যক্তির অভাবে, পরে পরে উল্লিখিত ব্যক্তির যথাক্রমে নিত্য অধিকার বুঝিতে হইবে; শ্রাদ্ধবিবেকেও এই কথা বলা হইয়াছে। মূল বচনে যে, "দৌহিত্রৈর্বা"

কর্তৃপ্রকরণাৎ "স্ত্রীণামি"তি "বা কর্তরি কৃত্যে" ইতি ষষ্ঠী। উত্তরক্রিয়াস্থাৎ প্রতিসংবৎসরমেকোদ্দিষ্টবিধাননিয়মাৎ ন পার্ব্বণবৃদ্ধিশ্রাদ্ধাদৌ স্ত্রীণামধিকারঃ। মার্কণ্ডেয়পুরাণে,—

"সর্ব্বাভাবে স্ত্রিয়ঃ কুর্য্যুঃ স্বভর্তৃণামমন্ত্রকম্।
তদভাবে চ নৃপতিঃ কারয়েৎ স্বকুটুম্ববৎ॥

অতএব দৌহিত্রস্য পুত্রাভাবে নিত্যাধিকারিত্বয়া বিশেষপ্যাবশ্যদেয়ত্বাৎ মাতামহশ্রাদ্ধস্যা-প্যাশৌচান্তেঽপি কর্তব্যতা, কাম্যবিধয়া করণে তু ন তথা, এবমুত্তরক্রিয়ান্তর্গতস্যা শ্রাদ্ধে পুত্রসত্ত্বেঽপি নিত্যাধিকারঃ 'যাবৎ স্মরতি পৌত্রোঽপী'তি বচনাৎ। অত্রেদানীন্তনাঃ,—কাম্যবিধয়াকরণে ন তথেতি বিশেষস্য কেনাপ্যনির্ণীতসন্দিগ্ধ ইতি ব্রুবতে, সামান্যতো দৌহিত্রতনয়স্য নিয়তত্বাভাবাৎ কল্পতরুসংবাদমাহ পুত্রিকেতি। তথাচ দুহিতা এব

এই 'বা' শব্দটী আছে, ইহা দ্বারা উত্তরক্রিয়ায় নিত্যাধিকারিত্বের সমুচ্চয় করা হইয়াছে, অর্থাৎ উত্তর ক্রিয়ায় দৌহিত্রও যে নিত্যাধিকারী ইহাই জানান হইয়াছে। মূল বচনে যে, "তত্তনয়ৈঃ" বলা হইয়াছে, উহার অর্থ—দৌহিত্রের পুত্রগণ; কল্পতরু বলেন, এই বচনে যে, "তত্তনয়" শব্দ আছে, ঐ তৎশব্দের অর্থ "পুত্রিকাপুত্র" এইরূপই বলিতে হইবে; এইরূপ বলিবার তাৎপর্য্য এই যে, সামান্যতঃ দৌহিত্রপুত্রের উত্তর ক্রিয়াতে (সাংবৎসরিক একোদ্দিষ্ট প্রভৃতি শ্রাদ্ধে) নিত্যাধিকার দৃষ্ট হয় না, কিন্তু পুত্রিকারূপে গৃহীত দুহিতা যখন পুত্রকল্প, তখন তাহার পুত্রকে পৌত্রবৎ অবশ্যই বলিতে হইবে; সুতরাং তৎপুত্র উত্তর ক্রিয়ার নিত্যাধিকারী হইতে পারে। বচনগুলিতে কেবল পিণ্ডদান-কর্ত্তাদিগেরই প্রসঙ্গ করা হইয়াছে, সুতরাং ঐ বচনস্থিত "স্ত্রীণামপ্যুত্তরা ক্রিয়াঃ" এই "স্ত্রীণাং" পদে যে ষষ্ঠীর বহুবচন প্রযুক্ত হইয়াছে, উহাকে 'কৃত্য' প্রত্যয়ের যোগে বিকল্পে কর্তৃকারকে ষষ্ঠীই বলিতে হইবে। এবং ঐ বচনে উত্তর ক্রিয়ার মধ্যে প্রতিবৎসর মৃতাতিথিতে নিয়মপূর্ব্বক কেবলমাত্র একোদ্দিষ্ট শ্রাদ্ধ করিবার বিধান করায়, পার্ব্বণ এবং বৃদ্ধি শ্রাদ্ধে যে স্ত্রীদিগের অধিকার নাই, ইহাও জানান হইয়াছে। মার্কণ্ডেয় পুরাণে স্ত্রীদিগের কর্তৃত্বের কথা এই রূপে বলা হইয়াছে—"সকলের অভাবে স্ত্রীগণ স্ব স্ব ভর্তার অমন্ত্রক শ্রাদ্ধ করিবে; স্ত্রীর অভাবে, রাজা আত্মপরিবারভুক্তব্যক্তির মত মৃত ব্যক্তির

স্ত্রীণামপ্যেবমেবৈতদেকোদ্দিষ্টমুদাহৃতম্।
মৃতাহনি যথান্যায়ং নৃণাং যথদিহোদিতম্॥”

“স্ত্রিয়োঽত্র অসবর্ণোঢ়া, অপরিণীতা বে”তি শ্রাদ্ধবিবেকঃ। সবর্ণোঢ়ায়াঃ প্রপৌত্রপর্য্যন্তাভাবে এব বিধানাৎ, ‘স্ত্রীণা’মিতি তু সম্প্রদানপরম্, “এবমেব অমন্ত্রকং” ইতি শ্রাদ্ধবিবেকঃ। অত্র স্ত্রিয় ইত্যস্যাসবর্ণোঢ়াপরিণীতাপরত্বব্যাখ্যানাৎ স্ত্রীণাং মন্ত্র-নিষেধোঽপি তৎসম্প্রদানকশ্রাদ্ধ এবাবগম্যতে, ন তু স্ত্রীসম্প্র-

---

পুত্রকন্যা তৎপুত্রশ্চ পৌত্ররূপ ইতি ভাবঃ। এষা ব্যবস্থা স্মার্ত্তসম্মতা। নৃণাং পুংসাং, তথা চামরঃ—“স্যুঃ পুমাংসঃ পঞ্চজনাঃ পুরুষাঃ পুরুষা নরাঃ।” ননু প্রপৌত্রপর্য্যন্তাভাব এব ভার্য্যায়া অধিকারাৎ কথং সর্ব্বাভাবে ইত্যুক্তং তত্রাহ স্ত্রিয়োঽত্রেতি। সংপ্রদানপরমিতি

শ্রাদ্ধ করাইবেন। এবং পুরুষদিগের মৃততিথিতে যেরূপ যথাবিধানে একোদ্দিষ্ট কর্ত্তব্য বলিয়া শাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে, স্ত্রীদিগেরও সেইরূপ কর্ত্তব্য।” শ্রাদ্ধ-বিবেককার বলেন, মার্কণ্ডেয়ের এই দুইটি বচনের মধ্যে প্রথম বচনে যে, “স্ত্রিয়ঃ” এই প্রথমার বহুবচনান্ত পদটী আছে, উহাদ্বারা বিবাহিত অসবর্ণা স্ত্রী অথবা অপরিণীতা স্ত্রীকেই বুঝিতে হইবে, কেননা, বিবাহিতা সবর্ণা স্ত্রীর প্রপৌত্র পর্য্যন্তের অভাব ঘটিলেই পতির পিণ্ডদানে অধিকার হয়; কিন্তু বচনে “সর্ব্বা-ভাবে” এই কথাটি থাকায়, বিবাহিত অসবর্ণা স্ত্রী বা অপরিণীতা স্ত্রীকেই বুঝাইতেছে; কারণ উপরি উক্ত সকল প্রকার অধিকারীর অভাব ঘটিবার পরই তাদৃশ স্ত্রীর পিণ্ডদানে অধিকার হইয়া থাকে। দ্বিতীয় বচনে যে, “স্ত্রীণাং” এই ষষ্ঠীর বহুবচনান্ত পদটি, উহার অর্থ শ্রাদ্ধবিবেককার ‘সম্প্রদান’ অর্থাৎ “স্ত্রীদিগের উদ্দেশেও” এবং “এবমেব” “এইরূপ মন্ত্রশূন্য” বলিয়া ব্যাখ্যা করিয়াছেন, অর্থাৎ স্ত্রীগণ যেমন স্বস্বভর্ত্তার মন্ত্রশূন্য শ্রাদ্ধ করিবে, স্ত্রীদিগের উদ্দেশে একোদ্দিষ্টও সেইরূপই অমন্ত্রক করিবে, ইহাই শ্রাদ্ধবিবেককারের অভিপ্রায়। স্মার্ত্ত বলিতেছেন, এবিষয়ে বক্তব্য এই যে, পূর্ব্ববচনস্থিত “স্ত্রিয়" এই কর্ত্তৃপদটির “অসবর্ণোঢ়া বা অপরিণীতা স্ত্রীরূপ অর্থ করায়, পরবচনে স্ত্রীদিগের উদ্দেশ্যে যে অমন্ত্রক শ্রাদ্ধের বিধান করা হইয়াছে, উহাদ্বারা বিবাহিত অসবর্ণা বা অপরিণীতা স্ত্রীর উদ্দেশে যে শ্রাদ্ধ করা হইবে, তাহাতেই মন্ত্র-পাঠের নিষেধ বুঝাইতেছে, সামান্যতঃ স্ত্রীর উদ্দেশে অনুষ্ঠীয়মান শ্রাদ্ধ মাত্রেই

দানকমাত্রে। এতচ্চ বিপ্রেতরবিষয়ং, তস্য হীনবর্ণশ্রাদ্ধনিষেধাৎ। কল্পতরৌ তু "স্ত্রীণামপ্যেবমেবৈতদি"তি যাদৃশেন সম্বন্ধেন পিতৃব্যত্বাদিনা পুরুষাণামেকাদশাহাদিশ্রাদ্ধং তাদৃশেনৈব সম্বন্ধেন স্ত্রীণামেতৎ কর্ত্তব্যমি"তি। এতদ্ব্যাখ্যানে স্ত্রীসম্প্রদানকশ্রাদ্ধে সুতরাং মন্ত্রাঃ পাঠ্যাঃ। যাজ্ঞবল্ক্যেনাপি সমন্ত্রকমেকোদ্দিষ্টং, সপিণ্ডনঞ্চোক্ত্বা,—

"এতৎসপিণ্ডীকরণমেকোদ্দিষ্টং স্ত্রিয়া অপী"ত্যনেন স্ত্রিয়া অপি তথৈবোক্তম্।

"সপিণ্ডীকরণং মাত্রা পিতামহ্যা সহোদিতম্।

স্ত্রীকর্ত্তৃকস্য পূর্ব্বার্দ্ধে উক্তত্বাদিতি শেষঃ। এবমেবেত্যস্যার্থমাহ অমন্ত্রকমিতি। কল্পতরুমতে এবমিত্যস্যার্থঃ—যাদৃশেনেত্যাদি তাদৃশেনৈব সম্বন্ধেনৈব পিতৃব্যপত্নীত্বাদিনা। পিতৃব্যপত্নীত্বাদিরূপস্য পিতৃব্যত্বাদিসম্বন্ধাভিন্নত্বাৎ যেনেত্যপহায় যাদৃশেনেত্যুক্তম্।

যে মন্ত্রপাঠ করিতে হইবে না, বচনের এইরূপ অর্থ শ্রাদ্ধবিবেককারের মতে হইতেই পারে না। এই যে, বিবাহিতা অসবর্ণা স্ত্রীর বা অপরিণীতা স্ত্রীর উদ্দেশে শ্রাদ্ধের বিধান করা হইয়াছে, এই বিধানটি ব্রাহ্মণ ভিন্ন অপরজাতীয়দিগের পক্ষেই বুঝিতে হইবে; কারণ, ব্রাহ্মণজাতীয় কর্ত্তৃক হীনবর্ণের উদ্দেশ্যে শ্রাদ্ধ করা নিষিদ্ধ হইয়াছে। কল্পতরু নামক নিবন্ধে মার্কণ্ডেয়ের "স্ত্রীণাং" ইত্যাদি দ্বিতীয় বচনের এইরূপ ব্যাখ্যা করা হইয়াছে;—"পুরুষের সহিত পিতৃব্যত্বাদি যাদৃশ সম্বন্ধ থাকাতে, তাহাদের উদ্দেশ্যে একাদশাহাদিতে শ্রাদ্ধ করিতে হয়, সেইরূপ সম্বন্ধবিশিষ্ট অর্থাৎ পিতৃব্যপত্নীত্বাদিরূপ সম্বন্ধবিশিষ্ট স্ত্রীদিগের উদ্দেশেও ঐ সকল শ্রাদ্ধ কর্ত্তব্য।" এইরূপ ব্যাখ্যায় স্ত্রীর উদ্দেশে অনুষ্ঠীয়মান শ্রাদ্ধে মন্ত্রপাঠ সুতরাং কর্ত্তব্য বলিয়াই প্রতীয়মান হইতেছে। যাজ্ঞবল্ক্যও প্রথমে মন্ত্রপাঠপূর্ব্বক একোদ্দিষ্ট এবং সপিণ্ডীকরণের কথা বলিয়া "এই সপিণ্ডীকরণ এবং একোদ্দিষ্ট স্ত্রীর উদ্দেশেও করিবে।" এইরূপ বিধান করিয়া স্ত্রীদিগের উদ্দেশে অনুষ্ঠীয়মান শ্রাদ্ধও যে, পূর্ব্বোক্তরূপ সমন্ত্রকই করিতে হইবে, এইরূপ

যথোক্তেনৈব কল্পেন পুত্রিকায়া নচেৎ সুতঃ ॥” ইতি ছন্দোগপরিশিষ্টেনাপি “যথোক্তেনৈব কল্পেন” ইত্যনেন মন্ত্র বিকল্পাতিদিষ্টং, ব্যবহারোঽপি তথা ॥ ১৬৯ ॥

তদয়ং সংক্ষেপঃ।—

জ্যেষ্ঠপুত্রঃ, কনিষ্ঠপুত্রঃ, পৌত্রঃ, প্রপৌত্রঃ, অপুত্রপত্নী, সপুত্রপত্নী, কন্যা, বাগ্দত্তকন্যা, দত্তকন্যা, দৌহিত্রঃ, কনিষ্ঠসহোদরঃ, জ্যেষ্ঠসহোদরঃ, কনিষ্ঠবৈমাত্রেয়ঃ, জ্যেষ্ঠবৈমাত্রেয়ঃ, পুত্রঃ, কনিষ্ঠসহোদরপুত্রঃ, জ্যেষ্ঠসহোদরপুত্রঃ, কনিষ্ঠবৈমাত্রেয়পুত্রঃ, জ্যেষ্ঠবৈমাত্রেয়পুত্রঃ, পিতা, মাতা, পুত্রবধূঃ, পৌত্রবধূঃ,

তথৈব সমন্ত্রকমেব। পুত্রিকায়া ইতি পুত্রিকায়াশ্চেৎ সুতস্তদা মাতুঃ সপিণ্ডনং দুহিত্রা ন কার্য্যং কিন্তু পুত্রিকাপুত্রেণেতি ভাবঃ। যথা পুত্রিকায়াঃ পুত্রসত্ত্বে পুত্রিকায়াঃ সপিণ্ডনং তৎপুত্রাদিভিরেব কার্য্যং, তস্যাঃ পুত্ররূপত্বাদিতি ভাবঃ ॥ ১৬৯ ॥

অভিপ্রায়ই ব্যক্ত করিয়াছেন। আরও দেখ, “যদি পুত্রিকারূপে গৃহীত কন্যার পুত্র না থাকে, তবেই তাহার দুহিতা ঐ পুত্রিকার সপিণ্ডীকরণ উহার মাতা এবং পিতামহীর সহিত শাস্ত্রোক্তবিধানানুসারেই করিবে।” ছন্দোগপরিশিষ্টের এই বচনে “শাস্ত্রোক্তবিধানানুসারেই” এইরূপ কথন দ্বারা স্ত্রীদিগের শ্রাদ্ধেও যে, মন্ত্রাদিপাঠের অতিদেশ করা হইয়াছে, ইহাই বুঝাইতেছে; ব্যবহারেও স্ত্রীদিগের শ্রাদ্ধে মন্ত্রপাঠের রীতি দৃষ্ট হইয়া থাকে ॥ ১৬৯।

পূর্ব্বোক্ত অধিকারীর ব্যবস্থার সংক্ষেপ।

পূর্ব্বে যে সকল অধিকারীর কথা বলা হইল এক্ষণে কেবলমাত্র তাহাদের একটা তালিকা প্রদর্শিত হইতেছে।

(১) জ্যেষ্ঠপুত্র (বড়ছেলে), (২) কনিষ্ঠপুত্র (ছোট ছেলে), (৩) পৌত্র, (৪) প্রপৌত্র, (৫) অপুত্রপত্নী, (৬) সপুত্রপত্নী, (৭) অদত্তা কন্যা, (৮) বাগ্দত্তা কন্যা, (৯) দত্তা কন্যা, (১০) কনিষ্ঠ সহোদর, (১১) জ্যেষ্ঠ সহোদর, (১২) কনিষ্ঠ বৈমাত্রেয় ভ্রাতা, (১৩) জ্যেষ্ঠ বৈমাত্রেয় ভ্রাতা, (১৪) কনিষ্ঠ সহোদরের পুত্র, (১৫) জ্যেষ্ঠ সহোদরের পুত্র, (১৬) কনিষ্ঠ বৈমাত্রেয়ের পুত্র, (১৭) জ্যেষ্ঠ বৈমাত্রেয়ের পুত্র, (১৮) পিতা, (১৯) মাতা, (২০) পুত্রবধূ,

অদত্তপৌত্রী, বাগদত্তপৌত্রী, দত্তপৌত্রী, প্রপৌত্রবধূঃ, অদত্ত-প্রপৌত্রী, বাগদত্তপ্রপৌত্রী, দত্তপ্রপৌত্রী, পিতামহঃ, পিতামহী, পিতৃব্যাদয়ঃ, সপিণ্ডাঃ, সমানোদকাঃ, সগোত্রাঃ, মাতামহঃ, মাতুলঃ, ভাগিনেয়ঃ, মাতৃপক্ষসপিণ্ডাঃ, তৎসমানো-দকাঃ, অসবর্ণভার্য্যা, অপরিণীতা স্ত্রী, শ্বশুরঃ, জামাতা, পিতা-মহীভ্রাতা, শিষ্যঃ, ঋত্বিক্, আচার্য্যঃ, মিত্রম্, পিতৃমিত্রম্, একত্র-বাসী সবর্ণঃ, বেতনগৃহীতসজাতীয়াশ্চেতি অষ্টত্রিংশৎপ্রকারাঃ ক্রমেণাধিকারিণঃ

---

(২১) বিমাতা (২২) পৌত্রবধূ, (২৩) অদত্তপৌত্রী, (২৪) বাগদত্তপৌত্রী, (২৫) দত্তপৌত্রী, (২৬) প্রপৌত্রবধূ, (২৭) অদত্তপ্রপৌত্রী, (২৮) বাগদত্ত-প্রপৌত্রী, (২৯) দত্তপ্রপৌত্রী, (৩০) পিতামহ, (৩১) পিতামহী, (৩২) পিতৃব্যাদি সপিণ্ড, (৩৩) সমানোদক, (৩৪) সগোত্র, (৩৫) মাতামহ, (৩৬) মাতুল, (৩৭) ভাগিনেয় (৩৮) মাতৃপক্ষসপিণ্ড, (৩৯) মাতৃপক্ষসমানোদক, (৪০) অসবর্ণভার্য্যা, (৪১) অবিবাহিতা স্ত্রী, (৪২) জামাতা, (৪৩) পিতা-মহীভ্রাতা, (৪৪) শিষ্য, (৪৫) ঋত্বিক্, (৪৬) আচার্য্য, (৪৭) মিত্র, (৪৮) পিতৃমিত্র, (৪৯) একত্রবাসী সজাতীয়, (৫০) পারিশ্রমিক বেতন দ্বারা সংগৃহীত সজাতীয়। স্মার্ত্ত একএক ক'রে যথাক্রমে যাহাদের নাম করিলেন, সংখ্যাদিয়া গণনা ক'রে দেখা গেল, তাহাদের সংখ্যা পঞ্চাশ হয়; অথচ স্মার্ত্ত স্পষ্ট কথায় "আটত্রিশ প্রকার অধিকারী" বলিতেছেন, যথা—"ইতি অষ্ট-ত্রিংশৎপ্রকারাঃ ক্রমেণাধিকারিণঃ" অর্থাৎ এই আটত্রিশ প্রকারের লোক ক্রমশঃ অধিকারী। ইহাতে স্পষ্টই প্রতীত হইতেছে যে, স্মার্ত্ত এই যে আটত্রিশ প্রকার অধিকারীর কথা বলিয়াছেন, ইহা সম্ভবত এক এক প্রকারের অধিকারী ধরিয়া গণনা করিয়াই বলিয়াছেন। যেমন পত্নীরূপে সাধারণত একই প্রকারের অধিকারী ধরিয়াছেন। অপুত্রপত্নী, সপুত্রপত্নীরূপ ভেদ আর ধরেন নাই। এইরূপ কন্যারূপ একই সাধারণ অধিকারীর প্রকার ধরিয়াছেন, তাহাদের ভেদ আর ধরেন নাই। বোধ হয় আমাদের আদর্শ পুস্তকের প্রকাশক বা তৎপূর্ব্ববর্ত্তী অপর কেহ যাহাদের পৃথক্ ভাবে উল্লেখ না করিলেও চলিত, অর্থাৎ যাহারা একএকটা প্রকারের মধ্যে নিবিষ্ট, তাহাদিগের পৃথগ্‌ভাবে উল্লেখ করিয়া তালিকার বৃদ্ধি

করিয়াছেন। শুধু তাহাই নহে, উক্ত তালিকায় পিণ্ডাধিকারীর মধ্যে অন্যতম বিমাতাকে ছাড়িয়া দেওয়া হইয়াছে। এই সকল কারণে আমাদের এই অনুমানই ঠিক বলিয়া বোধ হয়। কারণ, স্মার্ত্ত বলিতেছেন "ইতি অষ্টত্রিংশৎপ্রকারাঃ" এই আটত্রিশ প্রকার। প্রকারতা অনুসারে গণনা করিলে বাস্তবিকই আটত্রিশ সংখ্যাই হয় বটে, যেমন প্রথম অধিকারী পুত্র, পুত্রমাত্র বর্ত্তমান থাকিতে যখন পৌত্র অধিকারী হইবে না, তখন পুত্ররূপ একই প্রকারের উল্লেখই বোধ হয় স্মার্ত্ত প্রথমে করিয়া থাকিবেন। যেমন পৌত্র ও প্রপৌত্রের প্রকার দ্বারাই উল্লেখ করিয়াছেন। পরে স্মৃতিভূষণ মহাশয় নিজেই হউক, অথবা তাঁহার পূর্ব্ববর্ত্তী কোন অপর পণ্ডিতই হৌক্, প্রকারান্তর্গত ব্যক্তিভেদের পৃথকৃক'রে "জ্যেষ্ঠপুত্র, কনিষ্ঠ পুত্র" ইত্যাদিরূপে উল্লেখ দ্বারা তালিকার বৃদ্ধি করিয়াছেন; কিন্তু স্মার্ত্তের "আটত্রিশ প্রকার" এইরূপ মান লিখার পরিবর্ত্তন করিতে আর সাহসী হন নাই। প্রকারের গণনা করিলে যে, সংখ্যা আটত্রিশই হয়, তাহা আমরা এইস্থলেই দেখাইতেছি।—(১) পুত্র, (২) পৌত্র, (৩) প্রপৌত্র, (৪) পত্নী, (৫) দুহিতা (অদত্তা, বাগ্দত্তা, বিধবা এইরূপ এক) (৬) দৌহিত্র, (৭) সহোদর (ছোট পরে বড়), (৮) বৈমাত্রেয় ভ্রাতা (ছোট বড় ক্রমে), (৯) সহোদরপুত্র, (১০) বৈমাত্রেয়ভ্রাতার পুত্র, (১১) পিতা, (১২) মাতা, (১৩) পুত্রবধূ, (১৪) বিমাতা, (১৫) পৌত্রবধূ, (১৬) পৌত্রী, (১৭) প্রপৌত্রবধূ, (১৮) প্রপৌত্রী, (১৯) পিতামহ, (২০) পিতামহী, (২১) পিতৃব্য, (২২) অপর সপিণ্ড, (২৩) সমানোদক, (২৪) সগোত্র, (২৫) মাতামহ, (২৬) মাতুল, (২৭) ভাগিনেয়, (২৮) মাতামহসপিণ্ড, (২৯) মাতামহসমানোদক, (৩০) শ্বশুর, (৩১) জামাতা, (৩২) পিতামহী ভ্রাতা, (৩৩) শিষ্য, (৩৪) ঋত্বিক্, (৩৫) আচার্য্য, (৩৬) সুহৃৎ, (৩৭) পিতৃসুহৃৎ, (৩৮) একত্র সহবাসী সবর্ণ। 'ইহাতে দেখা যাইতেছে, প্রকারান্তর্গত ব্যক্তিভেদ না ধরিয়া কেবল প্রকার লইয়া গণনা দ্বারা সংখ্যা আটত্রিশই হয়। স্মার্ত্ত যখন পরিশেষে "এই আটত্রিশ প্রকার" এইরূপ স্পষ্ট কথার লিখিয়াছেন, তখন বোধ হয়, তিনি নিজে কেবলমাত্র প্রকারেরই উল্লেখ করিয়াছিলেন। নতুবা পঞ্চাশ প্রকারের উল্লেখ না করিয়া, স্পষ্ট কথা দ্বারা "এই আটত্রিশ প্রকার" এইরূপ লেখা স্মার্ত্তের মত নিবন্ধকারের পক্ষে সম্পূর্ণ অসঙ্গত বলিয়াই বোধ হইতেছে। আর একটি কথা, স্মার্ত্ত ইতঃপূর্ব্বে বিচার করিয়া যাহা স্থির করিয়াছেন, তাহাতে জ্যেষ্ঠ, মধ্যম, বা কনিষ্ঠ, কোন প্রকার পুত্র বর্ত্তমান থাকিতে যে, পৌত্র পিণ্ডদানে অধিকারী হইবেনা, ইহা বুঝা গিয়াছে।

ম্রিয়ন্তে—জ্যেষ্ঠপুত্রঃ, কনিষ্ঠপুত্রঃ, পৌত্রঃ, প্রপৌত্রঃ, কন্যা, বাগ্দত্তকন্যা, দত্তকন্যা, দৌহিত্রঃ, সপত্নীপুত্রঃ, পতিঃ, স্নুষা, সপিণ্ডঃ, সমানোদকঃ, সগোত্রঃ, পিতা, মাতা, ভ্রাতা, ভগিনী-

---

কিন্তু এস্থলে তালিকাটি যে ভাবে দেওয়া হইয়াছে, তাহাতে স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে, জ্যেষ্ঠপুত্রের অবর্ত্তমানে কনিষ্ঠপুত্রই অধিকারী, এবং কনিষ্ঠের অবর্ত্তমানে পৌত্র অধিকারী, মধ্যমপুত্র আর কেহই নহে। সুতরাং যে মৃতব্যক্তির জ্যেষ্ঠ এবং কনিষ্ঠপুত্রের অভাব ঘটিয়াছে, মধ্যমপুত্র এবং পৌত্র বিদ্যমান আছে, সেস্থলে মধ্যম পুত্র থাকিতেও পৌত্রের পিণ্ডদানাধিকারের আপত্তি হইয়া পড়ে; কিন্তু সেরূপ ব্যবস্থা যে শাস্ত্রসম্মত নহে, তাহা কি বলিতে হইবে? যে স্মার্ত্ত, বৈমাত্রেয় ভ্রাতা বর্ত্তমান থাকিতে ভ্রাতুষ্পুত্রের পাছে পিণ্ডদানে অধিকারের আপত্তি হয়, এই বলিয়া সহোদর শব্দের বৈমাত্রেয়ভ্রাতা-রূপ অর্থে লক্ষণা স্বীকার করিয়াছেন, তিনি যে, পুত্র বর্ত্তমান থাকিতে পৌত্রের পিণ্ডদানাধিকারের ব্যবস্থা করিবেন, তাহা কখনই হইতে পারে না। কেবল ইহাই নহে, তালিকায় প্রপৌত্রের পর যথাক্রমে অপুত্রপত্নী এবং সপুত্রপত্নীর উল্লেখ থাকায়, স্পষ্টই জানা যাইতেছে, যেস্থলে মৃত ব্যক্তির দুইটি পত্নী আছে, তাহার মধ্যে একটী পত্নী অপুত্রা, আর একটী পত্নী পুত্রবতী, পুত্রের বয়স যতই হোক না কেন, তালিকাতে তাহার কোন নির্দ্ধারণ করা নাই, সুতরাং পুত্র এবং পুত্রবতী পত্নী বিদ্যমান থাকিতেও অপুত্রা পত্নীরই যে, অগ্রে পিণ্ডদানে অধিকার হইবে, তালিকা দৃষ্টে এইরূপ ভ্রমই সহজে উদিত হইতে পারে। কিন্তু স্মার্ত্ত পূর্ব্বে এ সম্বন্ধে যেরূপ বিচার করিয়াছেন, তাহাতে বুঝিয়াছি যে, কেবল প্রপৌত্র পর্য্যন্তের অভাব হইলেই যে পুত্রাদিবিহীনা পত্নীর পিণ্ডদানে অধিকার হইবে, তাহা নহে, কিন্তু অতিশয় বালক কিম্বা বিদেশে চিরপ্রবাসী ইত্যাদি প্রকারের পুত্র বিদ্যমান থাকিতেও তাহার মাতা পিণ্ডদানে অধিকারিণী হইবে; অপুত্রা পত্নীর পর সপুত্রা পত্নীর পিণ্ডদানে অধিকার হইবে, এইরূপ ভ্রম হওয়াই যে, অনর্থের মূল, তাহা কি আর বলিতে হইবে? এইরূপ নানাকারণে, উপরিউক্ত তালিকাটি যে স্মার্ত্তকর্ত্তৃক প্রদত্ত নহে, ইহাই আমরা অনুমান করিতে বাধ্য হইলাম। মুদ্রিত শুদ্ধিতত্ত্বে স্ত্রীগণের পিণ্ডাধিকারীদিগের এইরূপ একটি তালিকা দেওয়া হইয়াছে (১) জ্যেষ্ঠপুত্র, (২) কনিষ্ঠপুত্র, (৩) পৌত্র, (৪) প্রপৌত্র, (৫) কন্যা, (৬) বাগ্দত্তকন্যা, (৭) দত্তকন্যা, (৮) দৌহিত্র,

পুত্রঃ, ভর্ত্তৃভাগিনেয়ঃ, ভ্রাতৃপুত্রঃ, জামাতা, ভর্ত্তৃমাতুলঃ, ভর্ত্তৃ-শিষ্যঃ, পিতৃবংশঃ, মাতৃবংশঃ, দ্বিজোত্তমশ্চতুর্ব্বিংশতিপ্রকারাঃ ক্রমেণাধিকারিণ ইতি ॥ ১৭০ ॥

যত্র তু কশ্চিদধিকারী কানিচিৎ শ্রাদ্ধানি কৃত্বা মৃতস্তত্রাবশিষ্টানি প্রেতশ্রাদ্ধানি তদ্বৎ তদনন্তরাধিকারিণা কার্য্যাণি, ন তু সর্ব্বাণি।

"সপিণ্ডীকরণান্তানি যানি শ্রাদ্ধানি ষোড়শ।
পৃথক্ নৈব সুতাঃ কুর্য্যুঃ পৃথক্দ্রব্যা অপি কচিৎ ॥"

গপুত্রপত্নীতি বালাসমর্থদেশান্তরিতপুত্রা পত্নীত্যর্থঃ। দ্বিজোত্তমা ইতি শূদ্রাদিস্থলে তু উত্তমঃ সবর্ণ একঃ। মৃতঃ যদি কশ্চিন্ম্রু, বচিত্তথৈব পাঠঃ ॥ ১৭০ ॥

---

(৯) সপত্নীপুত্র, (১০) পতি, (১১) [illegible]বধূ, (১২) সপিণ্ড, (১৩) সমানোদক, (১৪) সগোত্র (১৫) পিতা, (১৬) মাতা, (১৭) ভ্রাতা, (১৮) ভগিনীপুত্র, (১৯) স্বামীর ভাগিনেয়, (২০) ভ্রাতুষ্পুত্র, (২১) জামাতা, (২২) স্বামীর মাতুল, (২৩) স্বামীর শিষ্য, (২৪) পিতৃবংশ, (২৫) মাতৃবংশ, (২৬) দ্বিজোত্তম। এ স্থলেও আমরা উপরে উল্লিখিত তালিকার সংখ্যার সহিত স্পষ্ট কথায় উল্লিখিত চব্বিশ সংখ্যার ভেদ স্পষ্টই দেখিতে পাইতেছি। কিন্তু এ স্থলেও প্রকার ধ'রে গণনা করিলে, অর্থাৎ উল্লিখিত তালিকা হইতে, কনিষ্ঠ পুত্র বাদ দিলে, এবং কন্যাত্ব প্রকারে একটি মাত্র ভেদ ধরিলে, সংখ্যার পরিমাণ চতুর্ব্বিংশতি না হইয়া ত্রয়োবিংশতি হয়। এই সকল গণ্ডগোল দেখিয়াই তালিকাগুলি যে স্বয়ং রঘুনন্দন কর্ত্তৃক প্রদত্ত হয় নাই, এইরূপ অনুমানে আমরা উপনীত হইয়াছি। ২৭০।

যে স্থলে পূর্ব্বোক্ত অধিকারীর মধ্যে কোন অধিকারী আদ্যাদি ষোড়শ শ্রাদ্ধের মধ্যে কতকগুলি শ্রাদ্ধ করিয়া মৃত হইবে, সে স্থলে তৎপরবর্ত্তী অধিকারী পূর্ব্বাধিকারী কর্ত্তৃক যতগুলি শ্রাদ্ধ করা হইয়াছিল, তাহার পর হইতে বাকী শ্রাদ্ধগুলি করিবে; আবার প্রথম হইতে সমুদয় শ্রাদ্ধগুলি আর তাহার করিতে হইবে না। কারণ পূর্ব্বেই "সপিণ্ডীকরণান্ত যে ষোলটি শ্রাদ্ধ উক্ত হইয়াছে, পুত্রগণ পরস্পর পৃথগন্ন হইলেও, ঐ শ্রাদ্ধগুলিকে আর প্রত্যেকের পৃথক্ পৃথক্ ভাবে করিতে হইবে না, অর্থাৎ ঐ শ্রাদ্ধগুলি একবার

ইত্যুক্তত্বাৎ—"কৃতস্য করণাযোগাৎ পুনর্নাবর্ত্তয়েৎ ক্রিয়াঃ।" ইত্যুক্তত্বাচ্চ।

যত্তু শ্রাদ্ধচিন্তামণৌ,—

"একোদ্দিষ্টন্তু কর্ত্তব্যং পাকেনৈব সদা স্বয়ম্।
অভাবে পাকপাত্রাণাং তদহঃ সমুপোষণম্॥"

ইতি লঘুহারীতবচনাৎ পাকপাত্রাভাবঃ পাকসামগ্র্যভাবোপলক্ষণম্, তদপি ন আমশ্রাদ্ধং, কিন্তু উপোষণং শ্রাদ্ধস্থানীয়-

তথং প্রথমাধিকারিবৎ। প্রসঙ্গান্মৈথিলমতং দূষয়িতুমুপক্রমতি যত্ত্বিতি। লঘুহারীতবচনাদিত্যয়ং হেতুঃ তদাপি নামশ্রাদ্ধম্ ইত্যত্র বোধ্যঃ। শ্রাদ্ধস্থানীয়মিতি তথাচ

মাত্র অনুষ্ঠেয়।" এই বচনটি উক্ত হইয়াছে। এবং পূর্ব্বে ইহাও বলা হইয়াছে যে, "অনুষ্ঠিত কার্য্যের পুনর্ব্বার অনুষ্ঠান শাস্ত্রাভিমত নহে, সুতরাং পূর্ব্বে অনুষ্ঠিত কার্য্যের আর পুনর্ব্বার আবৃত্তি করিবে না।" এক্ষণে মৈথিলগণ যে, ব্যবস্থা করিয়াছিলেন, কোন কারণবশতঃ একোদ্দিষ্ট শ্রাদ্ধের দিনে ঐ শ্রাদ্ধের বিঘ্ন ঘটিলে, উপবাস মাত্র করিলেই চলিবে, কৃষ্ণা একাদশী প্রভৃতিতে আর সেই পতিত একোদ্দিষ্ট শ্রাদ্ধ করিতে হইবে না; এক্ষণে "যত্তু" বলিয়া সেই ব্যবস্থার উপর দোষারোপ করিতেছেন যথা—"আমরা যে শ্রাদ্ধচিন্তামণি নামক গ্রন্থে দেখিতে পা —"একোদ্দিষ্ট শ্রাদ্ধ সর্ব্বদাই কর্ত্তা নিজে পক্ব অন্ন দ্বারাই করিবে, পাক করিবার পাত্রের অভাব ঘটিলে, সেই দিন উপবাস করিয়া থাকিবে।" এই লঘুহারীতের বচনে যে পাকপাত্রের অভাব উক্ত হইয়াছে, উহা দ্বারা পাকোপকরণমাত্রেরই উপলক্ষণ করা হইয়াছে। উহার তাৎপর্য্য এই যে, পাকোপকরণের অভাব ঘটলে আমান্নদ্বারা কখনই একোদ্দিষ্ট শ্রাদ্ধের অনুষ্ঠান করিবে না, কিন্তু আমান্ন দ্বারা শ্রাদ্ধের পরিবর্ত্তে ঐ দিন উপবাস করিয়া থাকাই যে, শ্রাদ্ধের অনুকল্প ইহাই বুঝাইতেছে। এবং বচনে "স্বয়ং" এই (নিজে করিবে) এইরূপ কথিত হওয়ায়, কর্ত্তার শারীরিক অসুস্থতাদি হইলে, অন্য দ্বারা যে, শ্রাদ্ধ করাইবে না, ইহাও জ্ঞাত হওয়া যাইতেছে। এই হেতুই অর্থাৎ পাকসামগ্রীর অভাবে আমান্ন দ্বারা শ্রাদ্ধ না করিয়া, এবং অসুস্থতাদি অবস্থায় অন্য দ্বারা শ্রাদ্ধ না করিয়া, শ্রাদ্ধের দিন কর্ত্তা উপবাসী হইয়া থাকিলেই শ্রাদ্ধের ফল হইবে, এইরূপ ব্যবস্থা শাস্ত্রসিদ্ধ হইল বলিয়াই, শ্রাদ্ধের প্রতিনিধি-

মিত্যর্থঃ। "স্বয়মি"ত্যভিধানাৎ অপাটবাদিনাপ্যন্তদ্বারা ন কারয়িতব্যম্। অতএব উপবাসেনৈব শ্রাদ্ধস্থানীয়েন, তদকরণ-প্রায়শ্চিত্তেন বা কৃতকৃত্যতয়া 'শ্রাদ্ধবিঘ্নে' ইতি বচনাদপি "নৈকাদশ্যামনুষ্ঠানমি"তি, তন্ন ; ষোড়শশ্রাদ্ধাধিকারিণাং কদাচিৎ তথাত্বে,

"যস্যৈতানি ন দীয়ন্তে প্রেতশ্রাদ্ধানি ষোড়শ।
পিশাচত্বং ধ্রুবং তস্য দত্তৈঃ শ্রাদ্ধশতৈরপি॥"

ইতি যমবচনেন ষোড়শশ্রাদ্ধাভাবে প্রেতত্বপরীহারো ন স্যাদিতি। তস্মাদুপবাসো ন শ্রাদ্ধার্থঃ, কিন্তু তদ্দিনাকরণ-

---

শ্রাদ্ধং ন কর্ত্তব্যমিতি ভাবঃ। তথাত্বে ইতি পাকসামগ্র্যভাবাৎ শ্রাদ্ধানিষ্পত্ত্যা উপোষণ-

---

স্বরূপ অথবা শ্রাদ্ধ না করার প্রায়শ্চিত্তরূপ উপবাস করিলেই শ্রাদ্ধ করার সম্পূর্ণ ফল প্রাপ্তি হেতু "শ্রাদ্ধের বিঘ্ন ঘটিলে কৃষ্ণা একাদশীতে শ্রাদ্ধ করিবে" ইত্যাদি বচন প্রমাণ সত্ত্বেও ঐ দিন উপবাসকারী কর্ত্তার কৃষ্ণৈকাদশীতে আর শ্রাদ্ধ করিতে হইবে না।" এই অবধি শ্রাদ্ধচিন্তামণির কথা উদ্ধৃত করিয়া "তন্ন" বলে ইহার উপর দোষারোপ করিতেছেন।—এরূপ কথা বলিতে পার না। দেখ, আদ্যাদি ষোড়শ শ্রাদ্ধও এক একটি একোদ্দিষ্টশ্রাদ্ধস্বরূপ, অতএব ষোড়শ শ্রাদ্ধের অধিকারীদিগের মধ্যে যদি কাহারও পাকসামগ্রীর অভাব ঘটে, এবং ঐ ব্যক্তি উপবাস করিয়াই শ্রাদ্ধের কাজ সারে, তাহা হইলে "যাহার উদ্দেশে এই ষোলটি প্রেতশ্রাদ্ধ প্রদত্ত না হয়, অন্য প্রকার শত শত শ্রাদ্ধের অনুষ্ঠান করিলেও তাহার প্রেতত্ব আর কখনই ঘুচে না" এই বচনানুসারে, ষোলটি শ্রাদ্ধের যথারীতি অননুষ্ঠান নিবন্ধন ঐ ব্যক্তির প্রেতত্বের আর পরীহার হইবে না। অতএব উপবাসকে শ্রাদ্ধের প্রতিনিধি অর্থাৎ শ্রাদ্ধের সমানকার্য্যকারী বলা যাইতে পারে না, কিন্তু উহা শ্রাদ্ধের তিথিতে যে, পাকসামগ্রীর অভাবাদি নিবন্ধন শ্রাদ্ধের অননুষ্ঠান জন্য পাপ হইবে, সেই পাপের প্রায়শ্চিত্তস্বরূপ। যদি অন্নপ্রাশনাদি সংস্কারকার্য্যগুলি শাস্ত্রোক্ত স্বকীয় কালে অনুষ্ঠিত না হয়, তবে যথাকালে প্রায়শ্চিত্তের অনুষ্ঠান করিয়া কালান্তরে যেমন ঐ সংস্কারগুলি অনুষ্ঠিত হয়, সেইরূপ এস্থলেও পাকসামগ্রীর অভাবাদি

প্রায়শ্চিত্তার্থঃ। যথা স্বকালাকৃতসংস্কারে, প্রায়শ্চিত্তং কৃত্বা কালান্তরে তৎকরণং, তথাত্রাপি তদ্দিনে উপবাসং কৃত্বা একাদশ্যাং শ্রাদ্ধং কার্য্যম্। "একোদ্দিষ্টং নান্যদ্বারা কার্য্যমি"ত্যত্রাপি গোত্রজেতরত্বেন বিশেষণীয়ম্।

"ন কদাচিৎ সগোত্রায় শ্রাদ্ধং কার্য্যমগোত্রজৈঃ।" ইতি

করণে ইত্যর্থঃ। ন শ্রাদ্ধার্থঃ ন শ্রাদ্ধহানীয়ঃ। স্বকালাকৃতেতি। "সংস্কারা অতিপত্যেরন্ স্বকালাচ্চেৎ কথঞ্চন। হুত্বৈতদেব কুর্ব্বীত যে তূপনয়নাদধ" ইতি যমবচনাৎ এতদেব হুত্বা মহাব্যাহৃতিহোমাত্মকপ্রায়শ্চিত্তং কৃত্বা, তথাচ তত্র ন হোমাত্মকপ্রায়শ্চিত্তমাত্রং কিন্তু প্রায়শ্চিত্তং কৃত্বা কালান্তরে সংস্কারকরণং, তথাত্রাপি ন তদহঃসমুপোষণমাত্রং কিন্তু তদহঃসমুপোষণরূপং প্রায়শ্চিত্তং কৃত্বা কালান্তরে শ্রাদ্ধকরণমিতি ভাবঃ। গোত্রজেতরত্বেনেতি তথাচ গোত্রজেতরো যোঽন্যঃ স্বভিন্নঃ তদ্দ্বারেত্যর্থঃ। সগোত্রায়

নিবন্ধন শ্রাদ্ধের তিথিতে শ্রাদ্ধ করা না হইলে, সেইদিন উপবাসরূপ প্রায়শ্চিত্ত করিয়া কৃষ্ণা একাদশীর দিন শ্রাদ্ধ করিতে হইবে। আর ঐ যে শ্রাদ্ধচিন্তামণিতে লিখিত হইয়াছে "কর্ত্তার শরীরের অপটুত্বাদি ঘটিলে অন্যদ্বারা শ্রাদ্ধ করাইবে না", এস্থলে "কর্ত্তার গোত্রজ ভিন্ন অপর ব্যক্তি দ্বারা শ্রাদ্ধ করাইবে না" এইরূপ বিশেষ করিয়া বলাই উচিত, অর্থাৎ 'অন্য' এই পদটির 'গোত্রজভিন্ন" এইরূপ একটি বিশেষণ দেওয়া উচিত ছিল; কারণ, প্রেতশ্রাদ্ধের প্রকরণে ব্রহ্মপুরাণের এইরূপ একটি বচন আছে—"যাহারা অগোত্রজ নয়, অর্থাৎ "সগোত্র" তাহাদের দ্বারা সগোত্রের উদ্দেশে শ্রাদ্ধ করাইবে" এই বচনের "অগোত্রজ দ্বারা সগোত্রের উদ্দেশে শ্রাদ্ধ করাইবে না।" এইরূপ অর্থ নীয়, অর্থাৎ ঐ বচনে যে "ন" নিষেধবাচক পদ আছে, উহা প্রসজ্যপ্রতিষেধরূপে "কার্য্যং" এই ক্রিয়ার সহিত অন্বিত নয়, উহা দ্বারা "অগোত্রজ"দিগের শ্রাদ্ধকর্ত্তৃত্ব নিষিদ্ধ হয় নাই; যদি সেইরূপ শ্রাদ্ধকর্ত্তৃত্বের নিষেধ করা হইত, তাহলে বচনস্থিত "সগোত্রায়" এই পদটির শ্রাদ্ধাধিকারীর সহিত সম্বন্ধ না বুঝাইয়া "অগোত্রজ" দিগের সগোত্র" এইরূপ অর্থেরই বোধ হইত, অতএব ঐ নিষেধটি প্রসজ্যপ্রতিষেধ নয়, এবং "কার্য্যং" এই ক্রিয়ার সহিতও অন্বিত নয়, কিন্তু উহা পর্য্যুদাসরূপে "অগোত্রজ" এই পদের সহিতই অন্বিত, এবং উহা দ্বারা "যাহারা অগোত্রজ নয়," এইরূপ অর্থেরই প্রতীতি হওয়ায়, বচনের অর্থ প্রথমে যেমন দেখান হইয়াছে সেইরূপই দাঁড়াইল। যদি বচনের ঐরূপ অর্থই হইল, তবে শ্রাদ্ধচিন্তামণি-

প্রেতশ্রাদ্ধে ব্রহ্মপুরাণাৎ। তত্র হি নাগোত্রজস্ত সাক্ষাৎ কর্তৃত্বং নিষিধ্যতে, সগোত্রায় ইত্যসম্বন্ধাপত্তেঃ। তস্মাদগোত্রজৈর্ব্বান্ধবৈঃ সগোত্রায় শ্রাদ্ধং ন কার্য্যমিত্যস্যার্থঃ। তথা চ পর্য্যুদাসপক্ষে সগোত্রজদ্বারা কর্ত্তব্যমিতি সুব্যক্তমেব, প্রসজ্য-প্রতিষেধপক্ষে অগোত্রজবিশেষণস্বরসাদ্‌গোত্রজলাভঃ। ১৭১॥

"প্রেতশ্রাদ্ধধর্ম্মগ্রাহিত্বাৎ সাংবৎসরিকমপি তথে"তি শ্রাদ্ধ-

সগোত্রমভিপ্রেত্য। পর্য্যুদাসেতি ন কদাচিদিত্যস্য নঞঃ কার্য্যমিত্যনেনান্বয়ঃ কিন্তু অগোত্রজৈরিত্যনেনান্বয়ঃ। তথাচ নাগোত্রজৈরগোত্রজভিন্নৈঃ গোত্রজৈরিতি যাবৎ, গোত্রজৈর্ব্বান্ধবৈঃ কার্য্যমিত্যর্থঃ। প্রসজ্যেতি। নঞঃ কার্য্যমিতি ক্রিয়য়া সহান্বয়পক্ষে ইত্যর্থঃ। গোত্রজলাভ ইতি অগোত্রজৈঃ গোত্রজেতরৈঃ, তথাচ ইতরৈরিত্যনুক্ত্বা যদগোত্রজেতরৈরিত্যুক্তং তেন গোত্রজলাভ ইতি ভাবঃ॥ ১৭১॥

কার যে, "অন্যদ্বারা সগোত্রের উদ্দেশে শ্রাদ্ধ করাইবে না" বলিয়াছেন, এই "অন্য" পদটিকে "সগোত্র ভিন্ন অন্য" এইরূপ বিশেষ করিয়া বলাই উচিত ছিল। আর যদি ঐ নিষেধবাচক "ন" পদটিকে "অগোত্রজ" এই পদের সহিত সমস্ত (সমাস করা) না ভাবিয়া, উহাকে প্রসজ্যপ্রতিষেধরূপে "কার্য্যং" এই ক্রিয়ার সহিত অন্বিত বলিতেই ইচ্ছা কর, তাহ'লেও আমি যে বলিতেছি "অন্য" এই পদটিকে "সগোত্র ভিন্ন অন্য" এইরূপ বিশেষ করিয়া বলিতে হইবে, তাহার কোন ব্যাঘাত হইল না; কারণ, নিষেধের অর্থ প্রসজ্য-প্রতিষেধ করিলেও বচনে "অগোত্রজ" এই বিশেষরূপ কর্তৃপদের ব্যবহার করাতেই "সগোত্রজ" দ্বারা যে, শ্রাদ্ধ করাইবে," এইরূপ অর্থেরই প্রতীতি হইতেছে। ইহার তাৎপর্য্য এই যে, শ্রাদ্ধাধিকারীর শরীর অসুস্থ হইলে, অন্য কোন ব্যক্তি (কি সগোত্র, কি অগোত্র) দ্বারাই আর শ্রাদ্ধ করাইবে না; এইরূপই যদি শাস্ত্রসিদ্ধান্ত হইত, তাহ'লে বচনে "অগোত্রজৈঃ" এইরূপ বিশেষ পদের ব্যবহার না করিয়া, সোজাসুজি "অপরৈঃ" এইরূপ পদেরই ব্যবহার করা হইত। তাই বলি, নিষেধকে প্রসজ্যপ্রতিষেধ বলিলেও বচনে "অগোত্রজ" এইরূপ বিশেষ পদের ব্যবহার করাতেই ঐরূপ স্থলে, 'সগোত্র' দ্বারা শ্রাদ্ধ করাইবার কোন ব্যাঘাত হইবে না। ১৭১।

শ্রাদ্ধবিবেককার বলেন "যদিও ব্রহ্মপুরাণের উক্ত বচনটি প্রেতশ্রাদ্ধ-

বিবেকঃ। কল্পতরুরত্নাকরয়োস্তু “স্বগোত্রায়” ইতি পঠিতম্, স্বমাত্মীয়ং গোত্রং যস্য, স স্বগোত্রঃ, বিদ্যমানগোত্র ইত্যর্থঃ। “যস্মৈ শ্রাদ্ধং কর্ত্তব্যং, তস্য গোত্রে বিদ্যমানে, অন্যগোত্রজেন সংবাসান্তর্গতেন, রাজ্ঞা বা, শ্রাদ্ধং ন কারয়িতব্যমি”তি ব্যাখ্যাতঞ্চ। এতন্মতেঽপ্যূঢ়দুহিত্রাদীনামসগোত্রত্বেঽপি ন নিষেধঃ। বস্তুতস্তু তৎপাঠেঽপি কর্ম্মধারয়াপেক্ষয়া বহুব্রীহের্জ্জঘন্যত্বাৎ

যস্যেতি বর্ত্ততে ইতি শেষঃ। যথা সহ জুলা বর্ত্ততে সজুস্তাপস ইত্যাদৌ বর্ত্ততে ইত্যস্য বহুব্রীহৌ বোধঃ তথেহাপীত্যর্থঃ। অন্যগোত্রজেনেতি এতন্মতে শ্রাদ্ধোদ্দেশ্যস্য গোত্রে বিদ্যমানে অন্যগোত্রজস্য সাক্ষাৎকর্ত্তৃত্বং নিষিধ্যতে ইতি বোধ্যম্। অসপিণ্ডত্বেঽপি ন নিষেধপাঠঃ, সপিণ্ডসত্ত্বেঽপি ন নিষেধ ইতি কচিৎ পাঠঃ, দুহিতুরপি গোত্রজত্বাৎ সপিণ্ডাপেক্ষয়া বলবত্ত্বাচ্চেতি বোধ্যম্। নন্থ গোত্রপদেন মুনিরূপ আদিপুরুষ উচ্যতে, তমুদ্দিশ্য

প্রকরণীয়, তথাপি প্রেতশ্রাদ্ধের একোদ্দিষ্টত্বরূপ ধর্ম্ম সাম্বৎসরিক শ্রাদ্ধে বিদ্যমান থাকায়, সাম্বৎসরিক শ্রাদ্ধ সম্বন্ধেও এইরূপ ব্যবস্থা বুঝিতে হইবে। কল্পতরু এবং রত্নাকর নামক নিবন্ধে বচনস্থিত “সগোত্রায়” স্থলে, “স্বগোত্রায়” এইরূপ পাঠ করা হইয়াছে, এবং “স্বম্ আত্মীয়ং গোত্রং যস্য” (স্বকীয় গোত্র আছে যার), তাহাকে ‘স্বগোত্র’ বলা যায়, অর্থাৎ যাহার আপনার গোত্রের লোক বিদ্যমান আছে, এইরূপ ব্যক্তিই ‘স্বগোত্র’। “স্বগোত্র” শব্দটির এইরূপ ব্যুৎপত্তি দেখাইয়া ঐ উভয় নিবন্ধেই ব্রহ্মপুরাণের বচনের এইরূপ ব্যাখ্যা করা হইয়াছে, যথা—“যাহার শ্রাদ্ধ কর্ত্তব্য হইয়াছে, তাহার নিজ গোত্রীয় ব্যক্তি বিদ্যমান থাকিতে, একত্রে সহবাসী অন্যগোত্রজ দ্বারা অথবা রাজা কর্ত্তৃক কোন নিঃসম্পর্কীয় সবর্ণ দ্বারা শ্রাদ্ধ করান হইবে না।” নিজগোত্রীয় ব্যক্তি বিদ্যমান থাকিতে অন্যগোত্রজ দ্বারা শ্রাদ্ধ করাইবে না, এইরূপ ব্যাখ্যাতেও বিবাহিতা দুহিতা প্রভৃতি ভিন্নগোত্র প্রাপ্ত হইলেও সগোত্র থাকিতে, তাহাদের কিন্তু অবসরপ্রাপ্ত শ্রাদ্ধাধিকারের নিষেধ করা হয় নাই; যেহেতু তাহারা অন্য গোত্রজ নহে। পূর্ব্বোক্ত মতেও তাহাদের অধিকারে নিষেধের কথা উঠিতেই পারে না; কারণ, সেস্থলেও “গোত্রজ ভিন্ন” এই কথাই বলা হইয়াছে। বাস্তবিক কথা এই যে, যদিও ব্রহ্মপুরাণের বচনে “স্বগোত্রায়” এইরূপ পাঠই স্বীকার করা যায়, তবুও একটি কথার

"স্বমাত্মীয়শ্চ তদ্গোত্রশ্চেতি", তস্মৈ অন্যগোত্রজদ্বারা শ্রাদ্ধং ন কার্য্যমিতি। অত্র গোত্রং কুলম্ "সন্ততির্গোত্রজননকুলান্যভিজনান্বয়ৌ" ইত্যমরাৎ। অতো লঘুহারীতবচনেন "স্বয়ং" পদং স্বগোত্রপরম্, অন্যথা ব্রহ্মপুরাণে অগোত্রজপদবৈয়র্থ্যাপত্তেঃ ॥ ১৭২ ॥

চ শ্রাদ্ধং ন ক্রিয়তে, তৎ কথমেতৎ সংগচ্ছতে তত্রাহ গোত্রং কুলমিতি। তথাচাত্র গোত্রপদেন কুলমেবোচ্যতে, ন তু মুনিরিতি ভাবঃ। অত ইতি অন্যগোত্রজদ্বারা শ্রাদ্ধকরণস্য নিষিদ্ধত্বেন গোত্রজদ্বারা শ্রাদ্ধকরণপ্রাপ্তেরিত্যর্থঃ। লঘুহারীতবচনে "একোদ্দিষ্টন্তু কর্ত্তব্যং পাকেনৈব সদা স্বয়মিতি" বচনে। অন্যথেতি স্বয়ং পদস্য আত্মার্থকত্বে ইত্যর্থঃ। তথাচ সামান্যতঃ প্রতিনিধিদ্বারা শ্রাদ্ধকরণস্য প্রাপ্ত্যভাবাৎ গোত্রজপদবৈয়র্থ্যং স্যাদিতি ভাবঃ ॥ ১৭২ ॥

বিচার উচিত। পণ্ডিতগণ যখন কর্ম্মধারয় সমাস অপেক্ষা বহুব্রীহি সমাসকে হেয় বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, তখন "সগোত্র" এই পদে উক্তরূপ বহুব্রীহি সমাস না করিয়া, স্ব (আত্মীয়) গোত্র, এইরূপ কর্ম্মধারয় সমাস করাই উচিত, তাহ'লে বচনের অর্থ সেই পূর্ব্বের মতই দাঁড়াইল, যথা—"আত্মগোত্রীয় ব্যক্তির শ্রাদ্ধ অন্যগোত্রজ দ্বারা করাইবে না।" এস্থলে "গোত্র" শব্দের অর্থ—বংশপ্রবর্ত্তক মুনিরূপ আদিপুরুষ নহে, কিন্তু বংশ। কারণ; অমরকোষে বংশপর্য্যায়ক শব্দসমূহের মধ্যে গোত্র শব্দটিও পঠিত হইয়াছে, যথা—"সন্ততি, গোত্র, জনন, কুল, অভিজন, অন্বয়।" অতএব কর্ত্তার শারীরিক অপাটবের স্থলে সগোত্রজ দ্বারা শ্রাদ্ধ করান যখন শাস্ত্রসম্মত বলিয়া প্রতিপাদিত হইল, তখন পূর্ব্বোক্ত লঘুহারীতের "একোদ্দিষ্টশ্রাদ্ধপাক দ্বারাই স্বয়ং করিবে।" ইত্যাদি বচনে যে "স্বয়ং" শব্দটি আছে, তাহার অর্থ—"স্বগোত্র" অর্থাৎ যদুদ্দেশে শ্রাদ্ধ করা হইবে, তাহার নিজগোত্রজ, এইরূপই বুঝিতে হইবে। অন্যথা ব্রহ্মপুরাণে "অগোত্রজ" ব্যক্তির কর্ত্তৃত্বনিষেধই ব্যর্থ হইয়া পড়ে ইহার তাৎপর্য্য এই যে, লঘুহারীতের বচনস্থিত "স্বয়ং" এই কথাটির অর্থ যদি "কর্ত্তা নিজে" এইরূপ করা যায়, তাহ'লে কর্ত্তাভিন্ন অপরের শ্রাদ্ধ করায় আর প্রসক্তিই হয় না। কাজেই ব্রহ্মপুরাণে "গোত্রজভিন্ন অপর দ্বারা শ্রাদ্ধ করাইবে না" এইরূপ নিষেধই অনাবশ্যক হইয়া পড়ে। ১৭২।

ন চ পাকস্য অঙ্গত্বেন প্রধানতিথিকর্ত্তব্যতানিয়ম ইতি বাচ্যম্,

"ব্রতোপবাসনিয়মে ঘটিকৈকা যদা ভবেৎ ।

সা তিথিঃ সকলা জ্ঞেয়া পিত্র্যর্থে চাপরাহ্ণিকী"তি বচনেন মুহূর্ত্তমাত্রলাভেঽপি কর্ত্তব্যতোপদেশাৎ, তদানীং পাকে তদসম্ভবাৎ। এবং উদীচ্যাঙ্গশেষভোজনেঽপি ন তন্নিয়ম ইতি। পাকে সপিণ্ডাধিকারমাহ দেবলঃ,—

অঙ্গত্বেনেতি অনুক্তবিশেষস্যাঙ্গস্য প্রধানদেশকালাদ্যন্বিতনিয়মাদিতি ভাবঃ। উদীচ্যাঙ্গং

কেহ আশঙ্কা করিয়াছিল, পাক একটি শ্রাদ্ধের অঙ্গ এবং পাক সম্বন্ধে যখন কোন বিশেষরূপ বিধান করা হয় নাই, তখন প্রধান তিথিতেই ইহা অবশ্য কর্ত্তব্য। অর্থাৎ মৃততিথি ভিন্ন অপর তিথিতে পাক করা কর্ত্তব্য নহে। ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, একথাও বলিতে পার না। কারণ, একটি বচন আছে "ব্রত, উপবাস, এবং নিয়ম বিষয়ে উক্ত তিথি যদি প্রাতঃকালে একমুহূর্ত্তমাত্রব্যাপী হয়, তাহা হইলে, ঐ মুহূর্ত্তব্যাপিনী তিথিকেই সমস্ত দিনব্যাপিনী বিবেচনা করিয়া উহাতেই ঐ সকল কার্য্য করিবে। এইরূপ পিতৃকার্য্যে বিহিত তিথি" যেদিন অপরাহ্নে একমুহূর্ত্তমাত্রব্যাপিনী হইবে, সেইদিন ঐ মুহূর্ত্তব্যাপিনী তিথিতে পিতৃকার্য্য করিবে। এই বচনদ্বারা যখন অপরাহ্ণ একমুহূর্ত্তব্যাপিনী তিথিতেও শ্রাদ্ধ করার বিধি উপদিষ্ট হইয়াছে, তখন ঐ একমুহূর্ত্তের মধ্যে কিছু পাক শেষ করিয়া শ্রাদ্ধ করা যায় না ; কাজেই ঐরূপ স্থলে তৎপূর্ব্ববর্ত্তী ভিন্ন তিথিতে পাক করিয়া, অপরাহ্নে শ্রাদ্ধে বিহিত তিথি পড়িলে শ্রাদ্ধ করা ভিন্ন আর উপায় কি? তবেই প্রধান তিথির মধ্যেই যে পাক করিতে হইবে, এরূপ কোন বাঁধাবাধি নিয়ম করা যাইতে পারে না। আরও দেখ, অঙ্গ মাত্রই যে প্রধান তিথিতে কর্ত্তব্য, এমন একটা নিয়ম হইতে পারে না। দেখ, যেস্থলে অপরাহ্নের প্রথম মুহূর্ত্তমাত্র শ্রাদ্ধ বিহিত তিথির লাভ হইয়াছে, পরে ভিন্ন তিথি হইবে, সেস্থলে শ্রাদ্ধ করিতে করিতেই ত মুহূর্ত্ত অতিবাহিত হইয়া যায়, কাজেই শ্রাদ্ধের সমাপ্তির পর কর্ত্তব্য দীপাচ্ছাদন, শেষভোজন প্রভৃতি শেষ অঙ্গের অনুষ্ঠানই ভিন্ন

"তথৈবামন্ত্রিতো দাতা প্রাতঃ স্নাতঃ সহাম্বরঃ।
আরভেত নবৈঃ পাত্রৈরন্নারম্ভং সবান্ধবঃ॥ ১৭৩॥

অথ সাপিণ্ড্যাদিবিচারঃ।

মৎস্যপুরাণে,—
"লেপভাজশ্চতুর্থাদ্যাঃ পিত্রাদ্যাঃ পিণ্ডভাগিনঃ।
পিণ্ডদঃ সপ্তমস্তেষাং সাপিণ্ড্যং সাপ্তপৌরুষম্॥"

দীপাচ্ছাদনাদিকন্। ন তন্নিয়মঃ ন প্রধানতিথিকর্ত্তব্যতানিয়মঃ। সহাম্বর ইতি শ্রাদ্ধে দ্বিতীয়বস্ত্রপ্রাপ্ত্যর্থম্, অতঃ কুশবস্ত্রাদিরূপ উত্তরীয়প্রতিনিধিঃ শ্রাদ্ধে ন কর্ত্তব্য ইতি ভাবঃ। আরভেত কুর্য্যাৎ॥ ১৭৩॥

অথ সাপিণ্ড্যেতি। পিণ্ডদ ইত্যত্র পিণ্ডপদং পিণ্ডত্রেণোপলক্ষণপরম্। সাপিণ্ড্যমিতি

তিথিতে করিতে হয়। অতএব শ্রাদ্ধের পূর্ব্বকর্ত্তব্য অঙ্গ পাকরূপ কার্য্যের যেমন শ্রাদ্ধবিহিত তিথিতেই কর্ত্তব্যতার নিয়ম হইতে পারে না; শেষাঙ্গ দীপাচ্ছাদনাদি কার্য্য সকলও সেইরূপ স্থলবিশেষে ভিন্ন তিথিতেও করিতে হয়; সুতরাং অঙ্গকার্য্যগুলিকে যে প্রধান তিথির মধ্যে করিতেই হইবে, এমন নিয়ম করা যাইতে পারে না। সপিণ্ডদিগেরও যে শ্রাদ্ধীয় পাকে অধিকার আছে। সেকথা দেবল বলিয়াছেন; যথা—"শ্রাদ্ধকর্ত্তা ব্রাহ্মণগণকে নিমন্ত্রণ করিয়া প্রাতঃকালে স্নান ক'রে বস্ত্রযুগ্ম পরিধানপূর্ব্বক বান্ধবগণের সপিণ্ডদিগের সহিত মিলিত হইয়া নূতন পাত্রে পাকের আরম্ভ করিবে, এই বচনে মিলে-জুলে পাকারম্ভ করিতে বিধান করায়, সপিণ্ডপক অন্নের যে, শ্রাদ্ধে ব্যবহার করা যাইতে পারিবে, ইহাই বুঝাইতেছে। ১৭৩।

সপিণ্ডাদি বিচার।

মৎস্য পুরাণে সপিণ্ডের এইরূপে নির্ণয় করা হইয়াছে, যথা "চতুর্থ পুরুষ হইতে অর্থাৎ বৃদ্ধপ্রপিতামহকে লইয়া ঊর্দ্ধতন তিন পুরুষকে "লেপভাক্" বলা হয়, এবং পিতাকে লইয়া ঊর্দ্ধতন তিন পুরুষ "পিণ্ডভাগী" এবং পিণ্ডদাতা স্বয়ং, এই সাতপুরুষ পর্য্যন্ত সাপিণ্ড্য" হয়। 'সপিণ্ড' শব্দের অর্থ—যাহাদের পিণ্ডের সহিত সম্বন্ধ আছে। বৃদ্ধপ্রপিতামহ হইতে ঊর্দ্ধতন তিন পুরুষের যদিও সাক্ষাৎ পিণ্ডের সহিত সম্বন্ধ নাই, শ্রাদ্ধকর্ত্তা কিন্তু তাঁহাদিগকে সাক্ষাৎ সম্বন্ধে পিণ্ড

নম্বেবং "ভ্রাত্রাদিভিঃ সহ পিণ্ডতল্লেপদাতৃত্বভোক্তৃত্বাসম্ভবাৎ কথং সপিণ্ডত্বমি"তি চেৎ, উচ্যতে।—তত্রাপি পিণ্ডলেপয়োঃ সম্বন্ধোঽস্তি। তথাচ বৌধায়নঃ,—

"প্রপিতামহঃ পিতামহঃ পিতা স্বয়ং সোদর্য্যা ভ্রাতরঃ সবর্ণায়াঃ পুত্রঃ পৌত্রঃ প্রপৌত্রঃ এতান্‌ অবিভক্তদায়াদান্‌ সপিণ্ডানাচক্ষতে, বিভক্তদায়াদান্‌ সকুল্যানাচক্ষতে। সৎস্বঙ্গেষু তদ্গামী হ্যর্থো ভবতী"তি। অস্যার্থঃ।—পিত্রাদি-

---

সমান একঃ পিণ্ডো যেষাং তে সপিণ্ডাস্তত্ত্বং সাপিণ্ড্যম্‌। একঃ একোদ্দেশ্যকঃ। "সমানাঃ সৎসমৈকেষি"তি অমরঃ। পিণ্ডপদং পিণ্ডতল্লেপাস্ততরপরম্‌। ষষ্ঠ্যর্থো দাতৃত্বভোক্তৃত্বলক্ষণঃ সম্বন্ধঃ। তথাচ দাতৃত্বভোক্তৃত্বান্যতরসম্বন্ধেন সমানপিণ্ডতল্লেপান্যতরত্বং সাপিণ্ড্যমিতি ফলিতম্‌। যদ্বা সহ ভোক্তব্যঃ পিণ্ডো যেষাং তত্ত্বং সাপিণ্ড্যম্‌। অতএবোক্তং "সহ পিণ্ড-ক্রিয়াং কৃত্বা" ইতি। যদ্বা পিণ্ডেন সহ বর্ত্তমানত্বং সপিণ্ডত্বং, পিণ্ডপদঞ্চ লেপপরমিতি।

দান করে না, তথাপি পিণ্ড মাখিবার সময় এবং পিণ্ড দান করিবার সময়, হাতে যে, পিণ্ডের লেপ লাগে, বৃদ্ধপ্রপিতামহাদি তিন পুরুষ, তাহারই ভাগী। এইরূপ পরম্পরা সম্বন্ধে পিণ্ডের সহিত সম্বন্ধ থাকায়, উহারা সপিণ্ড। আর পিতা হইতে উর্দ্ধতন তিন পুরুষ ত সাক্ষাৎ পিণ্ডভাগী এবং পিণ্ডদাতার পিণ্ডের সহিত দাতৃত্বরূপ সম্বন্ধও সাক্ষাৎ বর্ত্তমান; কাজেই এই সাতপুরুষ পরস্পর সপিণ্ড হইল। এক্ষণে কেহ আশঙ্কা করিয়াছিল, যদি উক্ত হিসাবেই সপিণ্ড গণনা করা হয়, তাহ'লে ভ্রাতা প্রভৃতির সহিত পিণ্ড ও পিণ্ডলেপের দাতৃত্ব বা ভোক্তৃত্ব এই উভয়বিধ সম্বন্ধের মধ্যে কোন প্রকার সম্বন্ধই না থাকায়, তাহারা সপিণ্ড বলিয়া উক্ত হয় কিরূপে? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন "ইতি চেৎ"? এই যদি তোমার আশঙ্কা হয়, তবে "উচ্যতে" বলি শুন।—ভ্রাতা প্রভৃতিতেও পিণ্ড এবং পিণ্ডলেপের সম্বন্ধ আছে। এবিষয় বৌধায়নের বচন দেখ, "প্রপিতামহ, পিতামহ, পিতা, পিণ্ডদাতা স্বয়ং, সহোদরগণ, ভ্রাতৃগণ, (১) বিবাহিত সবর্ণা পত্নীর পুত্র, পৌত্র, এবং প্রপৌত্র, ইহারা অবিভক্ত পিণ্ডরূপ দায় ভোজন করে বলিয়া, ইহাদিগকে সপিণ্ড বলে, এবং বিভক্ত পিণ্ডভোগীদিগকে সকুল্য বলে,

(১) টীকাকার গোস্বামী বলেন, "ভ্রাতরঃ" এই বহুবচন দ্বারা ভ্রাতাদিগের পুত্র, পৌত্র, এবং নিজের পিতৃব্য প্রভৃতির গ্রহণ করা হইয়াছে।

পিণ্ডত্রয়েষু সপিণ্ডনেন ভোক্তৃত্বাৎ, পুত্রাদিভিস্ত্রিভিস্তৎপিণ্ড-দানাৎ, যশ্চ জীবন্ যস্য পিণ্ডদাতা, স মৃতঃ সন্ সপিণ্ডনেন তৎপিণ্ডভোক্তা, এবং সতি মধ্যস্থিতঃ পুরুষঃ পূর্ব্বেষাং জীবন্ পিণ্ডদাতা, মৃতস্তৎপিণ্ডভোক্তা, অপরেষাং জীবতাং পিণ্ডসম্প্রদানভূত আসীৎ, মৃতৈশ্চ তৈঃ সহ দৌহিত্রা-

---

সপিণ্ডনেন ভোক্তৃত্বাদিতি সপিণ্ডনেন হেতুনা; তথাহি স্বসপিণ্ডনে কৃতে সতি স্বপিত্রাদিভিঃ ত্রিভিঃ সহ যেন কেনাপি দত্তস্য পিণ্ডস্যাংশং স্বয়ংভুঙ্ক্তে ইতি ভোক্তৃত্বম্। পুত্রাদিভির্মধ্যস্থিতপুরুষস্য পুত্রাদিভিঃ। তৎপিণ্ডদানাৎ তস্য মধ্যস্থিতপুরুষায় পিণ্ডদানাৎ। সপিণ্ডনেন কৃতেন, অপরেষামিতি অধস্তনানাং পুত্রপৌত্রপ্রপৌত্রাণামিত্যর্থঃ। তৈঃ পুত্রপৌত্র-

পুত্রগণ বর্ত্তমান থাকিলে, তাহারাই অংশভাগী হয়।" বৌধায়নের এই সূত্রের রঘুনন্দন "অস্যার্থঃ" বলিয়া ব্যাখ্যা করিতেছেন.—বর্ত্তমান সময়ে যে ব্যক্তি পিণ্ডদাতা হইয়া আপনার ঊর্দ্ধতন তিন পুরুষের উদ্দেশে পিণ্ডদান করিতেছে, তাহার মৃত্যুর পর তাহার পুত্র, পৌত্র বা প্রপৌত্র, এই তিন জনের মধ্যে যে কেহ তাহার সপিণ্ডীকরণ করুক না কেন, ঐ পূর্ব্ব পিণ্ডদাতারই পিত্রাদি ঊর্দ্ধতন তিন পুরুষের পিণ্ডের সহিত উহার পিণ্ডের সম্মিশ্রণ করিবে, কাজেই পিণ্ডদাতা বেঁচে থাকিবার সময় যাহাকে পিণ্ড দিয়াছিল, মৃত্যুর পর তাহারই পিণ্ডের অংশ-ভোক্তা হইয়া পড়িল। এইরূপে প্রত্যেক ব্যক্তিরই নিজ নিজ পিত্রাদি ঊর্দ্ধতন তিন পুরুষের পিণ্ডে ভোক্তৃত্ব সম্বন্ধ এবং তাহার অধস্তন পুত্রাদি তিন পুরুষের সহিত উহার পিণ্ডদাতৃত্ব সম্বন্ধ থাকায়, মধ্যবর্ত্তী পিণ্ডদাতা বেঁচে থাকিবার সময় আপনার ঊর্দ্ধতন পূর্ব্ব তিন পুরুষের পিণ্ডদান করে, এবং মরিয়া তাহাদেরই পিণ্ডের অংশ ভোগ করে; অন্য দিকে নিজের মৃত্যুর প আবার যে অধস্তন পুত্রাদি জীবন্ত তিন পুরুষের পিণ্ডদানের পাত্র হইয়াছিল, তাহারা সকলে মরিয়া গেলে, তাহাদের সহিতই দৌহিত্রাদি কর্ত্তৃক প্রদত্ত উহাদেরই পিণ্ডের অংশ ভোগ করে। অতএব মধ্যবর্ত্তী পুরুষ যাহাদিগের পিণ্ডদাতা, এবং যাহারা উহার পিণ্ডদাতা, তাহারা সকলেই একই অবিভক্ত পিণ্ডের ভোগ করে বলিয়া, তাহারা পরস্পর সপিণ্ড একণে দেখ, যদি একই পিণ্ডে পরস্পরের ভোক্তৃত্ব সম্বন্ধ লইয়া সপিণ্ডের গণনা করাই শাস্ত্রসিদ্ধ হইল, তাহলে ভ্রাতৃব্যাদিও সপিণ্ড হইল। কারণ আমি যেমন আমার প্রপিতামহাদি তিন

দিদেয়পিণ্ডভোক্তা, অতো যেষামমুং পিণ্ডদাতা, যে চাস্য পিণ্ডরূপং দায়মশ্নন্তীতি অবিভক্তদায়াদাঃ সপিণ্ডা ইতি। ইদঞ্চ সপিণ্ডত্বং, সকুল্যত্বঞ্চ দায়গ্রহণার্থম্। অশৌচাদ্যর্থন্তু পিণ্ডলেপভুজামপি লেপভাজ ইতি প্রাগুক্তমৎস্যপুরাণাৎ, বক্ষ্যমাণকৌর্ম্মশঙ্খলিখিতবচনাচ্চ, যথা পিণ্ডে পরস্পরভোক্তৃত্বং, তথা লেপে তুল্যন্যায়াৎ॥ ১৭৪॥

প্রপৌত্রৈঃ। প্রতিপ্রপৌত্রাদীনাং মধ্যস্থিতপুরুষায় পিণ্ডদানসম্ভবাৎ দৌহিত্রাদীত্যুক্তং, মধ্যস্থিতপুরুষস্য দৌহিত্রাদীতার্থঃ। দৌহিত্রাদিদেয়পিণ্ডভোক্তা অর্থাৎ মধ্যস্থিতঃ পুরুষঃ। অশ্নন্তীতি অদ ভক্ষণে ইত্যস্যার্থকথনম্। দায়গ্রহণার্থমিতি অতএব সূত্রে উপসংহৃতং সংযন্নস্ত্রেষু তদ্‌গামী হ্যর্থো ভবতীতি। পিণ্ডলেপভুজামপীতি সপিণ্ডত্বমিতি পূর্ব্বেণান্বয়ঃ। পরস্পরমিতি যথা পুত্রদত্তপিণ্ডে পিতুঃ ভোক্তৃত্বং তথা দৌহিত্রাদিদত্তপিতৃপিণ্ডেহপি পুত্রস্য ভোক্তৃত্বমিতি। তুল্যন্যায়াৎ তুল্যযুক্তেঃ, তথাহি লেপসহিতপিণ্ডেহপি

পুরুষের সহিত একপিণ্ডভোগী হইয়া পরে নিজের অধস্তন তিন পুরুষের সহিতও একপিণ্ড ভোগ করি; আমার ভ্রাতা ও ঠিক সেইরূপ, এবং পিতৃব্য ও তৎপুত্রাদিও ঠিক সেইরূপ আমরাই ঊর্দ্ধতন পুরুষদিগের সহিত একপিণ্ডভাগী হইয়া নিজ নিজ অধস্তন তিন পুরুষের সহিত পরে আবার একই পিণ্ড ভোগ করে। সুতরাং এক-পিণ্ড-ভোগরূপ সম্বন্ধ বর্ত্তমান নিবন্ধন ইহারা সকলেই সপিণ্ড। বৌধায়ন নিজ সূত্রে সপিণ্ড এবং সকুল্যের যে পরিভাষা করিয়াছেন, ইহা কেবল ধনাধিকারের জন্যই বুঝিতে হইবে। কারণ, বৌধায়নকৃত সপিণ্ডের পরিভাষায় প্রত্যেক ব্যক্তির প্রপিতামহের উপরে এবং প্রপৌত্রের নীচে বর্ত্তমান পুরুষে আর সপিণ্ডলক্ষণ যায় না; সুতরাং সপিণ্ডত্ব সাতপুরুষব্যাপী না হইয়া, চারিপুরুষ মাত্র ব্যাপী হইয়া পড়ে। এই জন্য বলিতেছেন, বৌধায়ন যে সপিণ্ডের লক্ষণ করিয়াছেন ইহা ধনাধিকারের জন্য মাত্র অশৌচাদি গ্রহণ বিষয়ে পিণ্ড এবং লেপ, এই উভয়-ভোজীদিগকেই পরস্পর সপিণ্ড বলা হইবে। পূর্ব্বে উক্ত "লেপভাজশ্চতুর্থাদ্যাঃ" ইত্যাদি মৎস্যপুরাণের বচনে সেই কথাই বলা হইয়াছে, এবং পরেও কূর্ম্মপুরাণ এবং শঙ্খ ও লিখিতের বচনের দ্বারা ঐ কথারই সমর্থন করা হইয়াছে। অর্থাৎ একপিণ্ডভোক্তৃত্ব নিবন্ধন ঊর্দ্ধতন প্রপিতামহ পর্য্যন্ত এবং অধস্তন প্রপৌত্র পর্য্যন্ত যেমন সপিণ্ড, সেইরূপ একলেপভোক্তৃত্ব নিবন্ধন বৃদ্ধ

হারলতায়াং কৌর্ম্মে—

"সপিণ্ডতা তু পুরুষে সপ্তমে বিনিবর্ত্ততে।

সমানোদকভাবস্তু জন্মনাম্নোরবেদনে॥

পিতা পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ।

লেপভাজশ্চতুর্থাদ্যাঃ সাপিণ্ড্যং সাপ্তপৌরুষম্॥"

লেপভাগিভ্যস্তূর্দ্ধং যাবজ্জন্মনাম্নোরবেদনং, যাবদমুকনাম্নো-হস্মাৎপুরুষাদস্মৎকুলজাতোঽয়ং জাত ইতি বিশেষতোহয়মস্মৎ-

---

তর্হি প্রাণজসপিণ্ডমেব যথা পিত্রাদিপিণ্ডভোক্তৃত্বং বৃদ্ধপ্রপিতামহাদিলেপভোক্তৃত্বমিতি ভাবঃ, এবং প্রতিপ্রপৌত্রাদিত্রয়দত্তলেপভোক্তৃত্বাৎ তেষ্বপি সাপিণ্ড্যং বোধ্যম্॥ ১৭৪॥

বিনিবর্ত্ততে সমাপ্তা ভবতি, স্বয়ং বিহায় সপ্তমং প্রাপ্য নিবৃত্তা ভবতীত্যর্থঃ।

প্রপিতামহ হইতে ঊর্দ্ধতন তিন পুরুষ এবং বৃদ্ধপ্রপৌত্র হইতে অধস্তন তিন পুরুষ পর্য্যন্তও সপিণ্ড। একপিণ্ডভোক্তৃত্ব যে যুক্তি অনুসারে সপিণ্ডতার কারণ হইয়াছে, এক পিণ্ডের লেপভোক্তৃত্বকেও সেই যুক্তি অনুসারেই সপিণ্ডতার কারণ বলিতে হইবে। ১৭৪।

হারলতায় কূর্ম্মপুরাণের এই বচনটি উদ্ধৃত হইয়াছে—"সপ্তম পুরুষ পর্য্যন্ত স্থায়ী হইয়া সপিণ্ডতার নিবৃত্তি হয়, এবং যে পর্য্যন্ত জন্ম এবং নামের জ্ঞান থাকে, অর্থাৎ অমুক আমার সহিত একবংশে জাত, এত পুরুষ তফাৎ অমুকের পুত্র এইরূপ একটা জ্ঞান থাকে, সেই পর্য্যন্ত সমানোদকতা স্থায়ী হয়; কোন একগোত্রজাত পুরুষে সেইরূপ জ্ঞানের অভাব হইলে, তাহার সহিত সমানোদকতারও নিবৃত্তি হয়। পিতা, পিতামহ এবং প্রপিতামহ এই পিণ্ডভাগী তিন পুরুষ, এবং প্রপিতামহের পর হইতে ঊর্দ্ধতন লেপভাগী তিন পুরুষ, এই ছয় পুরুষ এবং পিণ্ডদাতা, এই সাত পুরুষ ব্যাপিয়া সপিণ্ডতা বিদ্যমান হয়।" হারলতা কূর্ম্মপুরাণীয় সমানোদকবিষয়ক বাক্যের এইরূপ ব্যাখ্যা করিয়াছেন যথা—"লেপভাগীদিগের উপরিতন পুরুষ হইতে যে পর্য্যন্ত উপরে যাইয়া জন্ম এবং নামের অজ্ঞান হয়, অর্থাৎ যে পর্য্যন্ত, আমাদের বংশজাত ঊর্দ্ধতন এতপুরুষ অমুকের বংশের অমুক হইতে অমুক জন্মিয়াছে, এইরূপ বিশেষরূপে, অথবা অমুক আমাদের বংশেই এত ঊর্দ্ধতন পুরুষের ধারায় জন্মিয়াছে, এইরূপ সামান্যভাবেও জ্ঞান থাকে, সেই পর্য্যন্তই

কুলে জাত ইতি সামান্যতো বা স্মর্য্যতে, তাবৎ সমানোদকত্বমিতি হারলতা। অত্র পরবচনেনৈব সাপিণ্ড্যসিদ্ধৌ পূর্ব্ববচনপূর্ব্বার্দ্ধং জীবৎপিতৃকত্বাদিনা অধিকপুরুষেঽপি পিণ্ডলেপসম্বন্ধেঽপি সপিণ্ডতানিবৃত্তিজ্ঞাপনায়, সর্ব্বদেশীয়াচারোঽপি

অবেদনেঽজ্ঞানে। পরবচনেনৈব পিতা পিতামহশ্চৈবেত্যাদিবচনেনৈব। পূর্ব্ববচনপূর্ব্বার্দ্ধং সপিণ্ডতা তু ইত্যংশম্। সপিণ্ডতানিবৃত্তিজ্ঞাপনায়েতি শব্দাধিক্যাদর্থাধিক্যমিতি ন্যায়াদিতি ভাবঃ। লেপভাজশ্চতুর্থাদ্যা ইত্যাদিবচনাৎ "সপিণ্ডতা তু সর্ব্বেষাং গোত্রতঃ সাপ্তপৌরুষী"তি বচনাচ্চ গোত্রৈক্যে সতি দাতৃত্বভোক্তৃত্বান্যতরসম্বন্ধেন লেপপিণ্ডান্যতরবত্ত্বং সপিণ্ডত্বমিতি যৌগিকং লক্ষণং, তত্র জীবৎপিতৃকত্বাদিনা অধিকপুরুষেষু পিণ্ডলেপসম্বন্ধাৎ অতিব্যাপ্তিঃ, তদ্বারণায় "সপিণ্ডতা তু পুরুষে সপ্তমে বিনিবর্ত্ততে" ইতি বচনাৎ তাবদন্ত-

সমানোদকতা স্থায়ী হয়।" উপরে কূর্ম্মপুরাণের যে দুইটি বচন উদ্ধৃত হইয়াছে, তাহার মধ্যে কেবল দ্বিতীয় বচনটি দ্বারাই সাপিণ্ড্য সম্যক্ প্রকারে নির্ণীত হইলেও প্রথম বচনের পূর্ব্বার্দ্ধে যে, "সাত পুরুষের পরই সপিণ্ডতার নিবৃত্তি হয়" এইরূপ স্পষ্ট করিয়া বলা হইয়াছে, তাহার দ্বারা ইহাই জ্ঞাপন করা হইয়াছে যে,—পিতা জীবিত থাকিতে মৃতব্যক্তির সপিণ্ডনাদি শ্রাদ্ধ প্রপিতামহের উর্দ্ধতন এক পুরুষের সহিত, এবং পিতা, পিতামহ, উভয়ে জীবিত থাকিতে মৃতব্যক্তির সপিণ্ডনাদি শ্রাদ্ধ প্রপিতামহের উর্দ্ধতন দুই পুরুষের সহিত করিবার বিধান থাকায়, যদিও ঐ ব্যক্তির পিণ্ড ও পিণ্ডলেপ সম্বন্ধ নিজ হইতে সপ্তম পুরুষের উর্দ্ধতন পুরুষের সহিতই ঘটিয়া উঠে, কিন্তু তাই বলিয়া তাহাদের সহিত ঐ ব্যক্তির আর সপিণ্ডতা হইবে না। সর্ব্ব দেশে এইরূপ আচারই প্রচলিত। সপিণ্ডতা বিষয়ক একই প্রকারে কথাগুলি দুইটি বচনে দুইবার করিয়া উক্ত হওয়ায়, অর্থাৎ একপ্রকার কথার পুনরুক্তি হওয়ায় এইরূপ একটি বিশেষ অর্থের জ্ঞান হইতেছে যে, কেবল পিণ্ডের বা পিণ্ডলেপের ভোক্তৃত্ব এবং পিণ্ডদাতৃত্ব সম্বন্ধ লইয়াই যে—সাপিণ্ড্য হয়, তাহা নহে, কিন্তু সাত-পুরুষের মধ্যেই যদি ঐরূপ সম্বন্ধ বর্ত্তমান হয়, তবেই উহা তাহাদের মধ্যে পরস্পরের সপিণ্ডতার কারণ হইয়া থাকে; ঘটনাক্রমে সপ্তম পুরুষের উর্দ্ধতন পুরুষের সহিত পিণ্ড বা পিণ্ডলেপঘটিত সম্বন্ধ সংঘটিত হইলেও কিন্তু কখনই তাহাদের পরস্পর সপিণ্ডতা হইবে না। একই প্রকার বাক্যের পুনরুক্তি দ্বারা যে একটি অতিরিক্ত

তথা।" যথা শ্রাদ্ধবিবেকে "পার্ব্বণশ্রাদ্ধানন্তরং নিত্যশ্রাদ্ধে বিকল্প উক্তঃ, মার্কণ্ডেয়পুরাণে,—

"নিত্যক্রিয়াং পিতৃণান্তু কেচিদিচ্ছন্তি সত্তমাঃ।
ন পিতৃণাং তথৈবান্যে শেষং পূর্ব্ববদাচরেৎ॥"

অত্র পূর্ব্বার্দ্ধাৎ পিতৃণাং প্রাপ্তৌ, "ন পিতৃণামি"ত্যত্র পুনঃ "পিতৃণাং" গ্রহণং সনকাদীনামন্নোৎসর্গাভ্যনুজ্ঞানার্থম্," ইতি কল্পান্তরমুক্তং, হরিশর্ম্মণাপি "অন্যার্থং পুনর্ব্বচনমি"তি লিখিতম্॥ ৭৫॥

তদযমেব সপিণ্ডত্বমিতি রূঢ়িলক্ষণমভিপ্রেতং, তচ্চ সপিণ্ডতানিবৃত্তিমাপন্নোয় ইত্যনেন সূচিতম্। তথাচ যথা শৈবলাদৌ পঙ্কজনিকর্তৃত্বরূপযোগার্থস্য সত্ত্বেঽপি পদ্মত্বরূপরূঢ্যর্থা-ভাবাৎ ন পঙ্কজপদবাচ্যত্বং, তথেহাপি বোধ্যম্। শব্দাধিক্যাদর্থাধিক্যমিত্যত্র প্রাচাং সংবাদমাহ যথা শ্রাদ্ধবিবেকেৎপীত্যাদিনা। নিত্যশ্রাদ্ধেঽহরহঃ ক্রিয়মাণে শ্রাদ্ধে; তথাহি পিতৃপক্ষঘটিতং সনকাদিশ্রাদ্ধং, তত্র ন পিতৃণামিত্যনেন পিতৃপক্ষং নিরস্য সনকাদিশ্রাদ্ধাদ্যাত্মকশেষমনুজ্ঞাতম্। তদেব স্পষ্টীকৃত্যাহ শেষমিতি। শেষং পিতৃ-

অর্থবিশেষেরই অবগতি হয়, তৎসম্বন্ধে আর একটি উদাহরণ দিতেছেন—যেমন শ্রাদ্ধবিবেকে বলা হইয়াছে, "কেহ কেহ নিত্যই পার্ব্বণশ্রাদ্ধ করিবার নিয়ম করিয়াছেন, যাঁহারা এইরূপ নিত্যশ্রাদ্ধ করিবার নিয়ম করিয়াছেন, তাঁহাদের জন্য, মার্কণ্ডেয় পুরাণে নৈমিত্তিক পার্ব্বণশ্রাদ্ধের অনুষ্ঠান করিবার পর নিত্য পার্ব্বণশ্রাদ্ধের অনুষ্ঠান বিষয়ে বিকল্প উক্ত হইয়াছে। যথা—"নৈমিত্তিক পার্ব্বণ-শ্রাদ্ধের পর কেহ কেহ পিতৃগণের উদ্দেশে নিত্য পার্ব্বণ শ্রাদ্ধ করাও অভীপ্সিত বলিয়া মনে করেন। অন্যদিকে অপর পণ্ডিতগণ, কেবল পিতৃগণের নিত্য শ্রাদ্ধ করিতে হইবে না, তদ্ভিন্ন নিত্য শ্রাদ্ধের অপর অঙ্গগুলি পূর্ব্বের মতই করিবে, এই কথা বলেন।" এক্ষণে দেখ, এই বচনের পূর্ব্বার্দ্ধে যখন "পিতৃগণের" উল্লেখ করিয়া শ্রাদ্ধ বিহিত হইয়াছে, তখন দ্বিতীয়ার্দ্ধে কেবলমাত্র কেহ তাহা ইচ্ছা করেন না," এইটুকু বলিলেই চলিত, "পিতৃণাং" এই পদের পুনরুক্তির কোন আবশ্যকতাই ছিল না, এইরূপ পুনরুক্তিদ্বারা এই প্রকার বিশেষ অর্থের জ্ঞাপন করা হইয়াছে যে,—পার্ব্বণশ্রাদ্ধের দিন কোন কোন ঋষি কেবলমাত্র পিতৃগণের নিত্য ক্রিয়া করিতে ইচ্ছা করেন না বটে, কিন্তু

"অথ যস্তু খলু পিণ্ডদানমকৃত্বৈব মৃতঃ, পরস্তস্যাপ্রাপ্তপিতৃভাবঃ, স কথং সপিণ্ডঃ, একপিণ্ডদাতৃত্বভোক্তৃত্বলক্ষণসম্বন্ধাভাবাদি"তি চেৎ? তদ্‌যোগ্যতয়েতি ব্রূমঃ। যোগ্যতাপ্রযোজকঞ্চ সামান্যশাস্ত্রবিষয়ত্বম্। এবং ভ্রাত্রাদীনামপি। ততশ্চ অত্যতিবৃদ্ধ-

ক্রিয়াতিরিক্তং সনকশ্রাদ্ধাদিকং, পূর্ব্ববৎ পার্ব্বণশূন্যদিনকং। ফলান্তরম্ অর্থাধিক্যাৎ। হরিশর্ম্মণাপি শব্দাধিক্যাদর্থাধিক্যং ভঙ্গ্যা লিখিতং, তদাহ অন্যার্থমিতি,—অন্যকার্য্যার্থমিত্যর্থঃ। ১৭৫।

তদ্‌যোগ্যতয়েতি। তাবদনন্তমান্তর্গতত্বমেবাত্র যোগ্যত্বং বোধ্যম্। সামান্যশাস্ত্রবিষয়ত্বং তৎপিণ্ডলেপান্যতরদাতৃত্বেন শাস্ত্রগম্যত্বং, শাস্ত্রবিষয়ত্বমিত্যত্র ব্যাপারানুবন্ধিনী বিষয়তা,

---

নিত্য শ্রাদ্ধে পিতৃকৃত্য ছাড়া সনকাদির শ্রাদ্ধ যেমন করা হইয়া থাকে, তাহা সেইরূপই করিতে ইচ্ছা করেন।" হরিশর্ম্মাও লিখিয়াছেন, "কোন একটি বিশেষ অর্থের বোধ করাইবার জন্যই একই কথার পুনরুক্তি করা হয়।" ১৭৫।

এক্ষণে যদি জিজ্ঞাসা কর, যদি কোন ব্যক্তি উপরিতন পুরুষকে পিণ্ডদান না করিয়াই অর্থাৎ পিণ্ডদানে অধিকার হইবার পূর্ব্বেই মৃত হইয়াছে, পিতৃগণের পিণ্ডের দাতাও হয় নাই, এবং পরে তাহার সপিণ্ডীকরণ না করা হেতু পিতৃত্ব প্রাপ্ত না হওয়ায়, পিতৃগণের সহিত পিণ্ডের ভোক্তাও হয় নাই, এইরূপ ব্যক্তিকে সপিণ্ড বলিয়া গণনা করা হয় কিরূপে? কারণ, তুমি সপিণ্ডের যে লক্ষণ করিয়াছ, তদনুসারে যাহারা পরস্পর পিণ্ডদাতৃত্ব বা পিণ্ডভোক্তৃত্বের মধ্যে অন্যতর সম্বন্ধবিশিষ্ট, তাহারাই পরস্পর সপিণ্ড হয়। উপরি উল্লিখিত ব্যক্তিতে পিণ্ডদাতৃত্ব বা পিণ্ডভোক্তৃত্ব এই উভয়বিধ ধর্ম্মের মধ্যে একটিরও সত্তা দৃষ্ট হইতেছে না, তবে, তাহাতে বিদ্যমান থাকিবে কিরূপে? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন "ইতি চেৎ?" ইহাই যদি তোমার জিজ্ঞাস্য হয়, তবে আমি বলিব,—ঐ ব্যক্তিতে সাক্ষাৎ সম্বন্ধে পিণ্ডদাতৃত্ব বা পিণ্ডভোক্তৃত্বরূপ ধর্ম্ম বিদ্যমান না হইলেও, পিণ্ডদানের বা পিণ্ডভোজনের স্বরূপযোগ্যতা যে, তাহাতে বর্ত্তমান হইয়াছিল, সে বিষয়ে কোন সংশয় নাই; সেই স্বরূপযোগ্যতা নিবন্ধনই তাহাকে 'সপিণ্ড' বলা হয়। ঐরূপ ব্যক্তিতে যে, তথাবিধ যোগ্যতা হইয়াছিল, সপিণ্ডতাবিধায়ক সাধারণ শাস্ত্র হইতেই তাহা অবগত হওয়া যাইতেছে। এইরূপ ভ্রাতা প্রভৃতির স্থলেও বুঝিতে হইবে। অতএব স্থির হইল যে, অত্যতিবৃদ্ধপ্রপিতামহ হইতে অধস্তন ছপুরুষের প্রত্যেক

প্রপিতামহাবধিকাধস্তনানাং যন্নাং পুংসাং প্রত্যেকাপেক্ষয়া সপ্তানামেকগোত্রাণাং, স্বাবধিপরতনানাং সপ্তানাঞ্চ সাপিণ্ড্যং পিণ্ডলেপয়োর্দ্দাতৃত্বভোক্তৃত্বসম্বন্ধাদিতি। প্রত্তানাং স্ত্রীণান্তু ভর্ত্তৃসাপিণ্ড্যেন সাপিণ্ড্যম্; "প্রত্তানাং ভর্ত্তৃসাপিণ্ড্যমি"তি বচনাৎ। নন্বেবং "কন্যায়াঃ কথং সাপিণ্ড্যমি"তিচেৎ? আদিপুরাণাৎ ত্রৈপুরুষং সাপিণ্ড্যম্। যথা—

"সপিণ্ডতা তু কন্যানাং সবর্ণানাং ত্রিপৌরুষী।" অত্র কন্যা অনূঢ়া। "অপ্রত্তানাং ত্রিপৌরুষমি"তি বশিষ্ঠবচনাৎ। তেনাত্মপঞ্চমে বৃদ্ধপ্রপিতামহে সাপিণ্ড্যং নিবর্ত্ততে ইতি প্রতি-

---


স্বাবধিপরতনানাং স্বাবধ্যধস্তনানাং, সপ্তানামেব সাপিণ্ড্যং, ন তু স্বাবধ্যধস্তনানাং প্রত্যেকাপেক্ষয়া সপ্তানামিতি বোধ্যম্। স্ত্রীণান্তু দত্তস্ত্রীণাম্। আদিপুরাণবচনাদিতি তথাচ কন্যায়া লেপপিণ্ডসম্বন্ধাভাবেঽপি বাচনিকং সাপিণ্ড্যমিতি। আত্মপঞ্চমে, কন্যায়াঃ পঞ্চমে,

ব্যক্তি হইতে একগোত্রসম্ভূত সপ্তম পুরুষ পর্য্যন্ত এবং আপনা হইতে অধস্তন সাত পুরুষ পর্য্যন্ত সপিণ্ডতা বর্ত্তমান হইবে; কারণ, ইহাদের পরস্পরের মধ্যে পিণ্ডের এবং পিণ্ডলেপের দাতৃত্ব বা ভোক্তৃত্বরূপ সম্বন্ধ বিদ্যমান দৃষ্ট হয়। প্রদত্তা (বিবাহিতা) স্ত্রীদিগের স্বামীর সাপিণ্ড্য অনুসারেই সপিণ্ডতা হইবে। কারণ, "বিবাহিতা স্ত্রীদিগের স্বামীর সাপিণ্ড্য অনুসারেই সপিণ্ডতা হয়," এইরূপ একটি ঋষি-বচন দৃষ্ট হয়; অর্থাৎ ইহাদের সহিত পিণ্ডের বা লেপের দাতৃত্ব বা ভোক্তৃত্বরূপ সম্বন্ধ বর্ত্তমান না থাকিলেও বাচনিক সাপিণ্ড্য স্থির করিতে হইবে। যদি বল, উঁহাদের যেন বাচনিক ভর্ত্তার সপিণ্ডের সহিত সাপিণ্ড্য স্বীকৃত হইল, কিন্তু অবিবাহিতা কন্যাদিগকে যে, সপিণ্ড মধ্যে ধরা হইয়াছে, তাহার মূল কি? ইহার উত্তর এই যে, আদিপুরাণের বচনানুসারেই, তাহাদিগের তিনপুরুষব্যাপিনী সপিণ্ডতা ধরা হয়, অর্থাৎ ঐ বচনই তাহার মূল। সেই বচনটি যথা—"সবর্ণা ভার্য্যার গর্ভসম্ভূত কন্যাদিগের তিনপুরুষব্যাপিনী সপিণ্ডতা হইয়া থাকে।" কন্যা শব্দ দ্বারা অবিবাহিতা দুহিতারই গ্রহণ করিতে হইবে; কারণ, বশিষ্ঠের একটি বচনে "অপ্রদত্তা কন্যাদিগের তিনপুরুষ পর্য্যন্ত সাপিণ্ড্য" একথা স্পষ্ট করিয়াই বলা হইয়াছে। অবিবাহিতা কন্যাদিগের পিতা, পিতামহ এবং প্রপিতামহ পর্য্যন্তই

পাদিত্বম্। অতএব কন্যায়াঃ প্রপিতামহভ্রাত্রা, তৎসন্ততিভিঃ

সাপিণ্ড্য, অতএব কন্যা হইতে পঞ্চমপুরুষ, কন্যার বৃদ্ধপ্রপিতামহ বা তাহার সন্ততির সহিত কন্যার যে সাপিণ্ড্য থাকে না, ইহা পূর্ব্বেই সিদ্ধ করা হইয়াছে। (১) সুতরাং প্রপিতামহের ভ্রাতা এবং তদীয় সন্ততিবর্গের সহিত

(১) নিম্নে সাপিণ্ড্যের একটি চিত্র অর্পিত হইল



আপনার অধস্তন প্রত্যেক ব্যক্তি হইতে আর অধস্তন ৭ সাত পুরুষ পর্য্যন্ত সপিণ্ড চলিবে না।

সহ সাপিণ্ড্যাভাবাৎ কন্যামরণজননয়োস্তেষাং সাপিণ্ড্যাশৌচং নাস্তি, কিন্তু সমানোদকনিমিত্তমেবাশৌচম্। এবং "তেষামপি জননমরণয়োঃ কন্যানামি"তি শূলপাণিঃ ॥ ১৭৬ ॥

যত্ত কূর্ম্মপুরাণম্,—


"অপ্রত্তানাং তথা স্ত্রীণাং সাপিণ্ড্যং সাপ্তপৌরুষম্।
প্রত্তানাং ভর্ত্তৃসাপিণ্ড্যং প্রাহ দেবঃ পিতামহঃ ॥"

মরণজননয়োঃ কন্যায়া মরণজননয়োঃ। তেষামপি কন্যায়াঃ প্রপিতামহভ্রাতৃতৎসন্তানানামপি ॥ ১৭৬ ॥

কন্যার সপিণ্ডতা না থাকায়, কন্যার জন্ম বা মরণে তাহাদিগের সাপিণ্ড্যাশৌচ হয় না, কিন্তু কেবলমাত্র সমানোদকতা নিমিত্ত অশৌচই হয়। এবং "প্রপিতামহের ভ্রাতা বা তদীয় সন্ততিবর্গের জন্ম বা মৃত্যুতে কন্যারও ঐরূপ অশৌচ হয়," শূলপাণি এই কথা বলিয়াছেন। ১৭৬।

তবে যে আমরা রত্নাকর নামক গ্রন্থে উদ্ধৃত কূর্ম্মপুরাণের এইরূপ একটি বচন দেখিতে পাই, "অদত্তা দুহিতাদিগের সাপ্তপুরুষব্যাপী সাপিণ্ড্য, এবং দত্তাদিগের

কন্যার সাপিণ্ড্য। (১)



---

(১) এখানে কেবল কন্যার অশৌচ বিষয়ে সাপিণ্ড্য দেখান হইল। বিবাহ বিষয়ে [illegible] স্থানান্তরে দেখান হইয়াছে।

ইতি রত্নাকরধৃতং, তৎ বিবাহে পিতৃপক্ষবিষয়মিতি। যথা বিষ্ণুপুরাণম্,—

"সপ্তমীং পিতৃপক্ষাচ্চ মাতৃপক্ষাচ্চ পঞ্চমীম্।
উদ্বহেত দ্বিজো ভার্য্যাং ন্যায়েন বিধিনা নৃপ॥"

"সপ্তমীং" "পঞ্চমীং" পরিহৃত্যেতি শেষঃ। 'ভর্ত্তৃসাপিণ্ড্য'-মিত্যত্রাপি "সাপ্তপৌরুষমিত্যনুষজ্যতে, তেন ভর্ত্তৃসমানসাপিণ্ড্য-মিত্যর্থঃ। শঙ্খলিখিতৌ,—

"সপিণ্ডতা তু সর্ব্বেষাং গোত্রতঃ সাপ্তপৌরুষী।
পিণ্ডশ্চোদকদানঞ্চ শৌচাশৌচং তদানুগম্॥"

গোত্রতঃ গোত্রৈক্যে, তেন মাতামহকুলে কদাচিৎ ষট্পুরুষ-

অত্র বিষয়ে যথরনে ইত্যাদিশ্লোকঃ পূর্ব্বমেব দর্শিতঃ। মাতামহাদিত্রয়াস্তমস্ত

স্বামীর সপিণ্ডের সহিত সাপিণ্ড্য, এই কথা পিতামহদেব বলিয়াছেন।" এই সাতপুরুষব্যাপী সাপিণ্ড্যকে একমাত্র বিবাহস্থলেই পিতৃপক্ষবিষয়ক সাপিণ্ড্য বলিয়াই ধরিতে হইবে, অশৌচাদি সম্বন্ধে নহে। বিবাহস্থলে পিতৃপক্ষীয় সপ্তমী কন্যা পর্য্যন্ত যে সপিণ্ডরূপে পরিগণিত হয়, একথা বিষ্ণুপুরাণে উল্লিখিত হইয়াছে, যথা—"হে রাজন্! দ্বিজগণ পিতৃপক্ষ হইতে সপ্তমী কন্যাকে এবং মাতৃপক্ষ হইতে পঞ্চমী কন্যাকে পরিত্যাগ করিয়া ধর্ম্মশাস্ত্রীয় বিধি অনুসারে ভার্য্যা গ্রহণ করিবে।" উক্ত কূর্ম্মপুরাণের বচনে বিবাহিতা স্ত্রীদিগের যে, স্বামীর সপিণ্ডের সহিত সাপিণ্ড্য বলা হইয়াছে, সে স্থলেও সপ্তপুরুষব্যাপী সাপিণ্ড্যেরই অনুবৃত্তি করা হইয়াছে। অতএব তাহাদের সাপিণ্ড্যকে ও স্বামীর সহিত তুল্যরূপই বুঝিতে হইবে। সপিণ্ডতা যে, সাধারণতঃ সাতপুরুষব্যাপীই হইয়া থাকে, তদ্বিষয়ে শঙ্খ এবং লিখিতের একটি বচন, যথা—"একগোত্রসম্ভূত সকল ব্যক্তিরই সাতপুরুষ পর্য্যন্ত সাপিণ্ড্য হয়; পিণ্ড, উদকদান এবং শৌচাশৌচ তদনুগামীই হইয়া থাকে। মূলবচনে স্থিত "গোত্রতঃ" এই পদের অর্থ—এক গোত্রে অর্থাৎ একগোত্র বিশিষ্ট ব্যক্তিদিগেরই সাতপুরুষ পর্য্যন্ত পরস্পর সাপিণ্ড্য. এই জন্য ঘটনাক্রমে মাতামহকুলে মাতামহাদি তিনজনের মধ্যে কোন এক জনের অথবা সকলের বেঁচে থাকা হেতু ছয় পুরুষ পর্য্যন্ত (অতিবৃদ্ধ

পর্য্যন্তং পিণ্ডসম্বন্ধেহপি ন সপিণ্ডতা। তান্ সপ্তমপুরুষান্ আ-সমন্তাৎকারেণ পিণ্ডাদিকমনুগচ্ছতীতি তদানুগম্ ॥ ১৭৭ ॥

এতেন "সপিণ্ডতা একশরীরাবয়বান্বয়েন ভবতি, তথাহি পিতুঃ শরীরাবয়বান্বয়েন পিত্রা সহ, এবং পিতামহাদিভিরপি পিতৃদ্বারেণ তৎশরীরাবয়বান্বয়াৎ, এবং মাতৃশরীরাবয়বান্বয়েন মাত্রা, মাতামহাদিভিরপি, এবং পত্যা সহ পত্ন্যা একশরীরারম্ভকতয়া সাপিণ্ড্যম্। তথাচ গর্ভোপনিষদি,—

জীবনদশায়াম্ অতিবৃদ্ধপ্রমাতামহাদিত্রয়াস্তরস্য পিণ্ডসম্বন্ধাৎ ষট্পুরুষপর্য্যন্তং সম্বন্ধ ইত্যেতংসূচনায়োক্তং কদাচিদিতি ॥ ১৭৭ ॥

এতেন বক্ষ্যমাণদোষেণ, ইত্যস্য অশাস্ত্রমিত্যনেনান্বয়ঃ। একশরীরেতি এতন্মতে পিণ্ডপদেন শরীরমুচ্যতে, সমানপদেন চ একমুচ্যতে ; তথাচ সাক্ষাৎ পরম্পরাসাধারণমেকশরীরাবয়বসম্বন্ধিত্বমেব সপিণ্ডত্বম্। সম্বন্ধশ্চ কচিত্তাদাত্ম্যং, কচিদ্বিলক্ষণকারণত্বং, কচিদ্বিলক্ষণজন্যত্বং, কচিৎ পরম্পরয়া বিলক্ষণকারণত্বং, কচিৎ পরম্পরয়া বিলক্ষণজন্যত্বং, কচিৎ সাক্ষাৎ পরম্পরয়া চ স্বজনকাজন্যত্বং, কচিচ্চ স্বজন্যজনকত্বং ; তস্য চাষ্টবাদিপুরুষেষ্বতি-

প্রমাতামহ হইতে ঊর্দ্ধতন আরও তিন পুরুষ পর্য্যন্ত) পিণ্ডসম্বন্ধ ঘটিলেও, তাহাদের সহিত সপিণ্ডতা হইবে না। মূলবচনস্থিত 'তদনুগ' কথাটির স্মার্ত্ত এইরূপ ব্যুৎপত্তি করিয়াছেন,—পিণ্ডাদি "সেই সাতপুরুষের আ সম্যক্ প্রকারে অনুগমন করে।" ১৭৭।

সপিণ্ডতা বিষয়ে যে নির্ণয় করা হইল, অর্থাৎ পিণ্ডঘটিত সম্বন্ধনিবন্ধনই সপিণ্ডতা হয় বলিয়া যে সিদ্ধান্ত করা হইল, তাহাতে মিতাক্ষরা এবং রত্নাকর প্রভৃতি গ্রন্থে পিণ্ড শব্দের শরীর, এবং স (সমান) শব্দের অর্থ এক, এইরূপ করিয়া, 'একই শরীরের অবয়বঘটিত সম্বন্ধ নিবন্ধনই সপিণ্ডতা হয়' বলিয়া যে, সাপিণ্ড্য শব্দের অর্থান্তর প্রদর্শিত হইয়াছিল, তাহাও নিরাকৃত হইল। তাহাদের মতটি এই,—'সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে একই শরীরাবয়বের সম্বন্ধই সাপিণ্ড্যের হেতু। দেখ, পিতার শরীরাবয়বের সহিত পুত্রের সাক্ষাৎ সম্বন্ধ থাকায় পিতা এবং পুত্র পরস্পর সপিণ্ড, এবং পিতাদ্বারা পরম্পরা সম্বন্ধে পিতামহাদির শরীরাবয়বের সহিত সম্বন্ধ থাকায় পৌত্রাদির সহিত তাহাদের সপিণ্ডতা হয়। এইরূপ মাতার শরীরের সম্বন্ধ থাকায়, মাতা এবং মাতামহাদির সহিত সাপিণ্ড্য হয়। পত্নীর সহিত পতির সম্মিলন অপত্য-

"এতৎ ষাট্‌কৌষিকং শরীরং, ত্রীণি পিতৃতস্ত্রীণি মাতৃতঃ, অস্থিস্নায়ুমজ্জানঃ পিতৃতঃ, ত্বঙ্‌মাংসরুধিরাণি মাতৃতশ্চে"তি তত্র তত্রাবয়বান্বয়প্রতিপাদনাৎ। নির্ব্বাপ্যপিণ্ডান্বয়েন তু সাপিণ্ড্যে, ভ্রাতৃপিতৃব্যাদিসাপিণ্ড্যং ন স্যাদিতি।

ব্যাপ্তিঃ, সপ্তমান্তত্বস্য প্রয়োগোপাধিত্বং স্বীকৃত্য বারণীয়া; প্রয়োগোপাধিত্বঞ্চ বিষয়তা-সম্বন্ধেন তত্তৎপদজন্যবোধং প্রতি অভাবসম্বন্ধেন প্রতিবন্ধকত্বম্। এষা চ রীতির্যোগ-রূঢ়িস্থলে বোধ্যা। তথাচোক্তং "রূঢ়ের্যোগাপহারিণী"তি। তথাহি বিষয়তাসম্বন্ধেন পঙ্কজাদিপদজন্যবোধং প্রতি অভাবসম্বন্ধেন পদ্মত্বাদেঃ প্রতিবন্ধকত্বম্, অতো ন পঙ্কজাদিপদাৎ শৈবালাদের্বোধঃ, মীমাংসকৈরন্যথাখ্যাতে স্বীকারাৎ ন ভ্রমমাদায় দোষঃ। ষাট্‌কৌষিকম্, অস্থিস্নায়ুমজ্জত্বঙ্‌মাংসরুধিররূপৈঃ ষড়ভিঃ কোষৈর্ঘটিতম্।

সম্বন্ধীয় একশরীরের আরম্ভ করে বলিয়া পত্নীর সহিতও পতির সাপিণ্ড্য। পতি এবং পত্নী, এই উভয়ের শরীরই যে, একশরীরের আরম্ভক, সে কথা গর্ভোপনিষদে বলা হইয়াছে। যথা "এই মনুষ্যশরীর ষাট্‌কৌষিক অর্থাৎ ছয়টি কোষের সম্মিলনে সমুৎপন্ন, তন্মধ্যে তিনটি কোষ পিতৃশরীর হইতে উৎপন্ন, এবং তিনটি মাতৃশরীর হইতে উৎপন্ন, অস্থি (হাড়), স্নায়ু (শিরা) এবং মজ্জা, এই তিন পিতৃশরীর হইতে উৎপন্ন হয়, এবং ত্বক্, মাংস, রুধির, এই তিনটি মাতৃশরীর হইতে উৎপন্ন হয়।" এইরূপ যে যে পুরুষে সপিণ্ডতা স্বীকৃত হইয়াছে, সেই সেই পুরুষের সহিত সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে একশরীরসম্বন্ধই প্রতিপাদিত করা হইয়াছে, অন্যদিকে দেয় পিণ্ডের (পিণ্ডির) সহিত সম্বন্ধানুসারে সপিণ্ডতা স্বীকার করিলে, ভ্রাতা এবং পিতৃব্যাদির সহিত আর সপিণ্ডতা হইতে পারেনা, কিন্তু ভ্রাতা এবং পিতৃব্যাদির সহিত সপিণ্ডতা সর্ব্ববাদিসম্মত, সুতরাং ভ্রাতা এবং পিতৃব্যাদিও সপিণ্ডতার লক্ষণের অন্যতম লক্ষ্যস্থল। এক্ষণে দেখ, "দেয়পিণ্ডের সহিত সম্বন্ধানুসারেই সপিণ্ডতা হয়। সাপিণ্ড্যের এইরূপ লক্ষণ করিলে, উক্ত লক্ষ্যস্থলে লক্ষণের অগমন হেতু 'অব্যাপ্তি' নামক দোষ হয়। যদি বল, ভাল, আমার লক্ষণে যেমন তুমি 'অব্যাপ্তি' দোষ দেখাইতেছ, তোমার কৃত সপিণ্ডতার লক্ষণের লক্ষ্যাতিরিক্ত স্থলে গমন হেতু উহাতেও অতিব্যাপ্তি নামক দোষ আসিয়া উপস্থিত হইয়েছে; কেননা, তুমি বলিতেছ,

অতিপ্রসঙ্গস্তু সপ্তাম্যত্তমত্বেন প্রয়োগোপাধিনা নিরসনীয়ঃ। যদ্যেবং মাতামহাদীনামপি মরণে সপিণ্ডত্বেন দশাহাশৌচং প্রাপ্নোতি, স্যাদেতদ্‌যদি “মাতামহানাং মরণে ত্রিরাত্রং স্যাদশৌচকম্।” ইত্যাদি বিশেষবচনং ন স্যাৎ। “যত্র তু বিশেষবচনং নাস্তি তত্র দশাহমি”তি মিতাক্ষরারত্নাকরা-

নির্ব্ব্যাপ্যপিণ্ডান্বয়েন দেয়পিণ্ডান্বয়েন। অতিপ্রসঙ্গশ্চ অষ্টমনবমাদিপুরুষেষ্বতিপ্রসঙ্গশ্চ। তত্র দশাহমিতি তথাচ এতন্মতে প্রমাতামহাদিমরণে সম্পূর্ণাশৌচং বিশেষবচনাভাবাৎ, তচ্চ ন যুক্তিসহং, মাতামহমরণে ত্রিরাত্র, প্রমাতামহাদিমরণে সম্পূর্ণাশৌচমিতি বিষমশিষ্টত্বাপত্তেরিতি ধ্যেয়ম্। নন্বু লেপভাজাং পিণ্ডভোক্তৃত্বাভাবাৎ ভবন্মতে কথং

“সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে একশরীরের সহিত সম্বন্ধই সপিণ্ডতার কারণ” সপিণ্ডতার এইরূপ লক্ষণ করিলে, সপ্তম পুরুষের অতিরিক্ত অষ্টম নবমাদি পুরুষেও সপিণ্ডতা থাকিবার কোন ব্যাঘাতই দৃষ্ট হয়না, কিন্তু অষ্টম নবমাদি পুরুষে সপিণ্ডতা কেহই স্বীকার করেনা, উহারা সপিণ্ডতা লক্ষণের অতিরিক্ত স্থল; এই লক্ষ্যাতিরিক্ত স্থলে লক্ষণের গমন হেতু অতিব্যাপ্তি দোষ অনিবার্য্য হইয়া পড়ে। ইহার উত্তরে আমি বলিব, সপিণ্ড কথাটীর ব্যুৎপত্তিলভ্য অর্থ ঐরূপ হইলেও কেবল ঐ যৌগিক অর্থানুসারেই উহার প্রয়োগ হয়না, উহার সহিত এইরূপ একটি বিশেষ অর্থেরও যোগ করিতে হইবে, যথা—“সপ্তম পুরুষের মধ্যে যাহাদের সহিত উক্তরূপ একশরীরের সম্বন্ধ বর্ত্তমান হইবে, তাহারাই পরস্পর সপিণ্ড” এইরূপ যোগরূঢ় অর্থেই উহার প্রয়োগ হইয়া থাকে; সুতরাং তুমি যে অতিপ্রসঙ্গ বা অতিব্যাপ্তি দোষের আশঙ্কা করিয়াছিলে, তাহা আর হইতে পারিল না। যদি বল, সাপিণ্ড্যের লক্ষণ তুল্যরূপেই বর্ত্তমান থাকায়, মাতামহাদির মরণেও দশাহাশৌচ না হয় কেন? ইহার উত্তরে আমি বলিব, “মাতামহের মরণে ত্রিরাত্র অশৌচ হইবে।” এইরূপ বিশেষ বচন থাকাতেই মাতামহের মরণে ত্রিরাত্রাশৌচ হইয়া থাকে, এই বিশেষ বচনটি না থাকিলে, মাতামহের মরণেও সপিণ্ডতা হিসাবে দশরাত্রাশৌচ নিশ্চয়ই হইত। “যে স্থলে এরূপ বিশেষ বচন দৃষ্ট হয় না, সে স্থলেও দশরাত্রাশৌচই হইয়া থাকে।” পূর্ব্বে যেরূপ ভাবে সাপিণ্ড্য বিষয়ক নির্ণয় করা হইয়াছে, তাহা দ্বারা মিতাক্ষরা এবং রত্নাকরের এই মতও খণ্ডিত হইল।

ত্রিমত্তরূপাত্তম্। "লেপভাজ" ইত্যাদিবাচনিকেঽর্থে সাপিণ্ড্যে একশরীরাবয়বান্বয়রূপস্বকপোলরচিতার্থানবকাশাৎ। নির্ব্বাপ্য-পিণ্ডসম্বন্ধেন ভ্রাত্রাদীনাং সাপিণ্ড্যস্ত মৎস্যপুরাণবৌধায়নাভ্যাং পূর্ব্বমুক্তত্বাৎ। কামধেনুহারলতাকল্পতরুপারিজাতকারাদিভি-স্তথৈব ব্যাখ্যাতত্বাচ্চ॥ ১৭৮॥

সাপিণ্ড্যং তত্রাহ বাচনিকে ইতি। তথাচাত্র পিণ্ডপদেন পিণ্ডো লেপশ্চ বচনবলা-দুচ্যতে ইতি ভাবঃ। নমু ভ্রাত্রাদীনাং পিণ্ডলেপয়োঃ সম্বন্ধাভাবাৎ কথং সাপিণ্ড্যং তত্রাহ নির্ব্বাপ্যেতি, যেয়েত্যর্থঃ। মৎস্যপুরাণেতি "লেপভাজশ্চতুর্থাদ্যা"ইত্যাদি-মৎস্যপুরাণবচনেনেত্যর্থঃ। পিণ্ডলেপয়োঃ সম্বন্ধাৎ সাপিণ্ড্যং মাৎস্যে উক্তং, তয়োঃ সম্বন্ধো ভ্রাত্রাদিষু যথাস্তি, তথা তত্রৈব ব্যাখ্যাতম্। বৌধায়নসূত্রং প্রপিতামহ-পিতামহা ইত্যাদি। নমু অনয়া রীত্যা সাপিণ্ড্যমুক্তং তথা কেনাপি ন ব্যাখ্যাতং তত্রাহ কামেতি॥ ১৭৮॥

কেননা, এক পিণ্ডের সহিত সম্বন্ধ না থাকিলেও কেবল বচনপ্রভাবে "লেপভোগী"-দিগকে যে, সপিণ্ড মধ্যে পরিগণিত করা হইয়াছে, তাহাতে তোমার স্বকপোল-কল্পিত একশরীরাবয়বের সম্বন্ধমূলক সাপিণ্ড্যবিষয়ে প্রদর্শিত যুক্তির প্রবেশ হইতেই পারে না; বাচনিক অর্থে আর যুক্তি খাটে না। দেখ, তোমার কল্পিত যুক্তিমূলক সাপিণ্ড্যের লক্ষণই যদি শাস্ত্রকার ঋষিদিগের সম্মত হইত, তবে তাঁহারা লেপভোগীদিগের সপিণ্ড্য প্রতিপাদনার্থ কখনই আর বিশেষ বচনের অবতারণা করিতেন না; যেহেতু "একশরীর সম্বন্ধনিবন্ধন সপিণ্ডতা"ও তাহাদের আপনা হইতেই সিদ্ধ হইয়াছিল। যদি বল আচ্ছা, লেপভোগীদিগের যেন বচনবলেই সাপিণ্ড্য হইল, কিন্তু ভ্রাতা প্রভৃতির সহিত পিণ্ড বা লেপ, ইহার কোনটিরই সম্বন্ধ না থাকায়, তাহারা তোমার মতে সপিণ্ড হয় কিরূপে? ইহার উত্তরে আমি বলিব, "দেয় পিণ্ড বা তল্লেপভাগিত্বরূপ সম্বন্ধ নিবন্ধনই যে, ভ্রাতা প্রভৃতির সহিতও সাপিণ্ড্য ঘটে, ইহা পূর্ব্বেই পূর্ব্বোল্লিখিত "লেপভাজশ্চতুর্থাদ্যাঃ" ইত্যাদি মৎস্যপুরাণীয় বচনের এবং "প্রপিতামহ-পিতামহা" ইত্যাদি বৌধায়নসূত্রের ব্যাখ্যা দ্বারা বিশদরূপেই বুঝান হইয়াছে। কেবল আমিই যে, ঐরূপ ব্যাখ্যা করিয়াছি, তাহা নহে, কামধেনু, হারলতা এবং কল্পতরু প্রভৃতি নিবন্ধে এবং পারিজাতকার প্রভৃতি নিবন্ধকারগণও ঐরূপ ব্যাখ্যা করিয়াছেন। ১৭৮।

রেতঃশোণিতপরিণামরূপত্বাদপত্যশরীরস্য ভবতু বা তথা। পত্যা সহ পত্ন্যা একশরীরারম্ভকতায়াঃ প্রত্যক্ষবাধিতত্বাৎ কথং সাপিণ্ড্যম্? প্রমাতামহাদীনাং বিশেষবচনাভাবাৎ সপিণ্ডত্বেন দশাহাদ্যশৌচপ্রসঙ্গাচ্চ, মাতামহাদৌ সাপিণ্ড্যস্য লোকবেদবিরুদ্ধত্বাচ্চ। ভবতু বা পত্যা সহ পত্ন্যা এক-

---

ভবতু তথা, ভবতু একশরীরাবয়বান্বয়ঃ; তথা হি একস্যাপত্যশরীরস্য অবয়বঃ অস্থ্যাদিত্রয়ং ত্বগাদিত্রয়ঞ্চ, তত্রাস্থ্যাদিত্রয়ং রেতসা জন্যতে ত্বগাদিত্রয়ঞ্চ শোণিতেন; অতস্তদন্বয়ো ভবতু ইত্যর্থঃ। একশরীরারম্ভকতায়াঃ একশরীরসমবায়িকারণতায়াঃ। যদ্যেকশরীরারম্ভকত্বং যথা কথঞ্চিদ্রূপেণ একশরীরনিমিত্তত্বং বাচ্যম্, অতো দোষান্তরমাহ প্রমাতামহাদীনামিতি। ননু প্রমাতামহাদীনাং দশাহাদ্যশৌচে ইষ্টাপত্তিঃ কর্ত্তব্যা অতো দোষান্তরমাহ মাতামহাদাবিতি। তত্র সাপিণ্ড্যব্যবহারাভাবাৎ লোকবিরুদ্ধত্বং মাতামহমরণে ত্র্যহাশৌচস্য বেদেন প্রতিপাদনাৎ প্রমাতামহা-

---

আর একটি কথা, তুমি যে, বলিয়াছ, পতি-পত্নীর সন্মিলন একশরীরের আরম্ভক বলিয়া, উঁহারা পরস্পর সপিণ্ড, একথারই বা ভাব কি? হাঁ তুমি যে, গর্ভোপনিষদের প্রমাণ দেখাইয়াছ, তাহাতে "অপত্য সকল রেতঃ এবং শোণিতের পরিণামরূপ বলিয়া, পতি এবং পত্নীর সন্মিলন, তাহাদের শরীরের আরম্ভক হইলেও কিন্তু পতি ও পত্নীর সন্মিলনে যে, ঐ উভয়ের এক (অভিন্ন ভাব) শরীর হইতে থাকে, এই ব্যাপারও, কেহ কখন প্রত্যক্ষ করে নাই; তবে, তাহারা পরস্পর সপিণ্ড হয় কিরূপে? আরও বলি, তুমি যে, বলিলে, মাতামহ সম্বন্ধে সপিণ্ড বলিয়া দশরাত্রাশৌচ প্রাপ্ত হইয়াছিল বটে, কিন্তু বিশেষ বচনাধীন তাহার ত্রিরাত্রাশৌচই বিহিত হইয়াছে, ঐরূপ বিশেষ বচন না থাকিলে, সকল সপিণ্ডের পরস্পর দশরাত্রাশৌচই হইবে, এইবা কি কথা হইল? এবং প্রমাতামহাদির সম্বন্ধে ঐরূপ বিশেষ বচন নাথাকায় তাহাদের মৃত্যুতে দশরাত্রাশৌচই বা না হইবে কেন? আরও দেখ, মাতামহাদিতে 'সাপিণ্ড্য' শব্দের কেহই ব্যবহার করে না, কিন্তু তোমার মতে উঁহাদিগকে সপিণ্ড বলিবার কোন বাধাই থাকে না, সুতরাং তোমার মতানুসারে মাতামহাদিতে সাপিণ্ড্য ব্যবহার লোকবিরুদ্ধ হইতেছে, এবং মাতামহমরণে বেদে ত্রিরাত্রাশৌচের বিধান করায় উঁহারা যে, 'সপিণ্ড' নয়, ইহাই বেদের অভিপ্রেত, কিন্তু তোমার মতানুসারে উঁহাদিগকে 'সপিণ্ড' বলিয়া নির্দ্দেশ করা বেদবিরুদ্ধও হইয়া

শরীরদ্বারা সাপিণ্ড্যং, তথাপি মনুবচনাৎ যথা সপ্তমান্তর্গতত্বং তদ্বৎ, তথা "গোত্রতঃ সাপ্তপৌরুষী"তি বচনাৎ গোত্রৈক্যমপি। প্রাগুক্তবচনাৎ কন্যায়াস্ত্রিপৌরুষম্, ঊঢ়ায়াশ্চ ভর্ত্তৃসপিণ্ডেন সাপিণ্ড্যমিতি চেৎ, তদৈতস্মাত্তেহপি ব্যবস্থায়াং ন ক্ষতিরিতি। অতএব সুমন্তুনাভিহিতং "যদ্দশম-পুরুষপর্য্যন্তমশৌচং, তৎ সপ্তমপুরুষাভ্যন্তরাশৌচায়নং

দীনাং দশাহাশৌচস্য বিষমশিষ্টত্বাপত্তেঃ বেদবিরুদ্ধত্বমিতি ভাবঃ। ইদানীং মিতাক্ষরাদিমতং ত্ব্যঙ্গীকারেণ স্বীকৃত্য পরিষ্কুরুতে ভবতু বেত্যাদিনা ন ক্ষতিরিত্যন্তেন। বচনাৎ "সপিণ্ডতা তু পুরুষে সপ্তমে বিনিবর্ত্ততে" ইতি বচনাৎ। গোত্রৈক্যমপীতি তদ্বন্মিতি পূর্ব্বেণান্বিতম্। প্রাগুক্তবচনাৎ "অপ্রত্তানাং ত্রিপৌরুষমি"তি বচনাৎ "প্রত্তানাং ভর্ত্তৃসাপিণ্ড্যমি"তি বচনাচ্চ; তথাচ একশরীরাবয়বান্বয়স্য তুল্যত্বেহপি বচনবলাৎ

পড়ে। আচ্ছা, যদিও বৈবাহিক মন্ত্রদ্বারা পতির সহিত পত্নীর একশরীর হয় বলিয়া উঁহাদিগের মধ্যে সপিণ্ডতা স্বীকার করা যায়, তাহ'লেও "সপ্তম পুরুষে সপিণ্ডতার নিবৃত্তি হয়" এই মনুবচনানুসারে, একশরীরসম্বন্ধ নিবন্ধন সপিণ্ডতা হইলেও সপ্তম পুরুষের মধ্যেই সপিণ্ডতা বর্ত্তমান হইবে, এইরূপ যেমন নিয়ম করিতে হইবে, সেইরূপ "একগোত্রসম্ভূত সাত পুরুষের মধ্যেই সপিণ্ডতা থাকিবে" এই বচনানুসারে, যে সাত পুরুষের মধ্যে সপিণ্ডতা থাকিবে, তাহারা পরস্পর যে, একগোত্রসম্ভূত হওয়া চাই, এইরূপ নিয়মও করিতে হইবে। এইরূপ সিদ্ধান্ত দ্বারা অবিবাহিতা কন্যাদিগের পিতার সহিত একগোত্রতা নিবন্ধন সাত পুরুষ পর্য্যন্ত সপিণ্ডতার প্রসক্তি হইলেও "অপ্রদত্তকন্যাদিগের পিতৃকুলে তিন পুরুষ পর্য্যন্ত সাপিণ্ড্য হয়" এই বচন অনুসারে তিন পুরুষ পর্য্যন্তই সাপিণ্ড্য হইবে, এবং "প্রদত্তকন্যাদিগের স্বামীর সপিণ্ডদিগের সহিতই সপিণ্ডতা হইবে," এই বচনানুসারে বিবাহিতা কন্যাদিগের ভর্তার সপিণ্ডদিগের সহিতই সপিণ্ডতা হইবে; একশরীরসম্বন্ধ নিবন্ধন সপিণ্ডতা স্বীকার করায় তুমি যে সকল দোষের উত্থাপন করিয়াছিলে, এক্ষণে কিন্তু যেরূপ ব্যবস্থা করা হইল, অর্থাৎ একশরীরসম্বন্ধই সপিণ্ডতার মূল কারণ হইলেও বচনবলে ভিন্ন ভিন্ন ব্যক্তিতে ভিন্ন ভিন্ন রূপ সাপিণ্ড্য হয়, ইহাতে আর ঐ সকল দোষের অবকাশ রহিল না। ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন "ইতি চেৎ"

ত্রিরাত্রং, যথা ব্রাহ্মণানামেকপিণ্ডস্বধানামা দশমাৎ ধর্ম্ম-বিচ্ছিত্তির্ভবতি, আ সপ্তমাৎ ঋক্থবিচ্ছিত্তির্ভবতি, আ তৃতীয়াৎ স্বধাবিচ্ছিত্তির্ভবতি, অন্যথা পিণ্ডাশৌচক্রিয়াদ্যুচ্ছেদাদ্ ব্রহ্মহত্যুল্যো ভবতী”তি। অস্যার্থঃ,—একস্মিন্ সমানে পিণ্ডে স্বধা যেষাং তে তথা। যথা—

“একোদ্দিষ্টস্য পিণ্ডে তু অনুশব্দো ন যুজ্যতে।”

ইত্যত্র “অনু”শব্দেন অনুপদযুক্তমন্ত্রো লক্ষ্যতে।

সাপিণ্ড্যং ভিন্নমিতি ভাবঃ। অতএব সাপিণ্ড্যে সপ্তমান্তর্গতত্বস্য তত্ত্বত্বাদেব। আ দশমাদ্ধর্ম্মবিচ্ছিত্তির্ভবতি দশমপুরুষপর্য্যন্তং ত্রিরাত্রাশৌচং মাতামহসগোত্রায়াঃ কন্যায়াঃ সমানোদকতায়া অবিভাজ্যত্বঞ্চ ভবতীত্যর্থঃ। ত্রিরাত্রাশৌচাদিরূপধর্ম্মস্য বিচ্ছিত্তিঃ সমাপ্তিঃ; আঙোঽভিবিধিরর্থঃ; এবং পরত্র বোধ্যম্। আ সপ্তমাদৃক্থবিচ্ছিত্তির্ভবতি সপ্তমপুরুষপর্য্যন্তং সন্নিহিতত্বাভাবেঽপুত্রধনাধিকারো ভবতীত্যর্থঃ। আ তৃতীয়াৎ স্বধাবিচ্ছিত্তির্ভবতি ইতি তৃতীয়পুরুষপর্য্যন্তং শ্রাদ্ধাধিকারো ভবতীত্যর্থঃ; স্বধা বৈ পিত পা-

---

বচনানুসারে সপিণ্ডতার ব্যবস্থা করাই যদি তোমার শেষ সিদ্ধান্ত হয়, তাহ’লে তোমার এরূপ ব্যবস্থায় আমার মতেরও কোন ক্ষতি হইতেছে না। এই হেতুই অর্থাৎ সপ্তম পুরুষের মধ্যেই একপিণ্ডঘটিত সম্বন্ধ নিবন্ধন সপিণ্ডতা নিয়মিত হওয়াতেই সুমন্তও “পিণ্ডসম্বন্ধ সত্ত্বেই সপ্তম পুরুষের মধ্যে সাপিণ্ড্য” এই কথাই বলিয়াছেন,—যথা “দশমপুরুষ পর্য্যন্ত যে অশৌচ হয়, উহা সপ্তমপুরুষান্তর্গত ব্যক্তিদিগের অপেক্ষা ন্যূন অর্থাৎ ত্রিরাত্রাশৌচ।” এ বিষয়ে প্রমাণ যথা—‘একপিণ্ডস্বধাযুক্ত ব্রাহ্মণদিগের দশম পুরুষ অতীত হইবার পর ত্রিরাত্রাশৌচাদিরূপ ধর্ম্মের বিচ্ছেদ হয়, এবং সপ্তম পুরুষ অতিক্রম হইবার পর, ধনের বিচ্ছেদ হয়, তৃতীয় পুরুষ শেষ হইবার পর স্বধার বিচ্ছেদ হয়। যদি কেহ এই নিয়মের অন্যথাচরণ করে, অর্থাৎ এই নিয়ম অনুসারে কার্য্য না করে, পিণ্ড এবং অশৌচাদিক্রিয়ার উচ্ছেদ করা হেতু, সে ব্যক্তি ব্রহ্মহত্যাকারীর তুল্য পাপভাগী হয়।” স্মার্ত্ত ইহার অর্থ এইরূপ করিয়াছেন—“যাঁহাদের এক অর্থাৎ সমানসংখ্যক পিণ্ডে স্বধাশব্দের প্রয়োগ হয়, তাহাদিগকে একপিণ্ডস্বধাযুক্ত বলা যায়, যেমন “একোদ্দিষ্টের পিণ্ডে অনু শব্দের প্রয়োগ করা হয় না” এই বচনে

অনুপদযুক্তমন্ত্রস্ত “যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধে”তি, তথা “পিণ্ডস্বধা” শব্দেন পিণ্ডসম্বন্ধি স্বধাশব্দযুক্তমন্ত্র-করণকদেয়জলং লক্ষিতম্। তথাচ

“ঊর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং স্বধা স্থ তর্পয়ত মে পিতৃন্” ইত্যনেন পিণ্ডান্ সিঞ্চেৎ ইত্যুক্তম্। ততশ্চ “একপিণ্ডস্বধানাং” সমানোদকানামিত্যর্থঃ। অতএব মনুঃ,—

“জন্মন্যেকোদকানান্তু ত্রিরাত্রাচ্ছুদ্ধিরিষ্যতে।” বিষ্ণু-পুরাণঞ্চ,—

“মাতৃপক্ষস্য পিণ্ডেন সম্বদ্ধা যে জলেন বা।” “মাতৃপক্ষস্য” মাতামহপক্ষস্য, পিণ্ডেন সম্বদ্ধাঃ সপিণ্ডাঃ, জলেন সম্বদ্ধাঃ সমানোদকা” ইতি শ্রাদ্ধবিবেকে ব্যাখ্যানম্।

মন্ত্রমিতি শ্রুতেঃ। পিণ্ডসম্বন্ধীতি ঊর্জ্জং বহন্তীরমৃতম্ ইত্যেতল্লক্ষণস্বধাশব্দযুক্তমন্ত্রকরণ-কপিণ্ডসেককরণীভূতং জলমিত্যর্থঃ। সমানোদকানাং সপ্তমোর্দ্ধদশমপর্য্যন্তানামিত্যর্থঃ।

স্থিত “অনু” শব্দ দ্বারা ‘অনু’ পদযুক্ত মন্ত্রের লক্ষণা করা হইয়াছে। ‘অনু’পদযুক্ত মন্ত্র যথা, “যে চাত্র, ত্বামনু যাংশ্চ, ত্বমনু তস্মৈ তে স্বধা’ এই মন্ত্রটি; সেইরূপ এ স্থলেও “পিণ্ডস্বধা” শব্দ দ্বারা, স্বধা-শব্দযুক্ত মন্ত্র উচ্চারণপূর্ব্বক অর্থাৎ “ঊর্জ্জং বহন্তীঃ” ইত্যাদি মন্ত্র উচ্চারণপূর্ব্বক পিণ্ডের উপর যে জলসেক করা হয়, সেই জলকেই লক্ষণা শক্তি দ্বারা বোধ করান হইয়াছে। তা হ’লেই “একপিণ্ড-স্বধাযুক্ত” এই পদের “সমানোদক” এইরূপ অর্থই হইল। এইজন্যই অর্থাৎ দশম পুরুষ অতীত হইবার পর ত্রিরাত্রাশৌচাদিরূপ ধর্ম্মের বিচ্ছেদ হয় বলিয়াই মনু বলিয়াছেন, “সমানোদকদিগের ত্রিরাত্রে শুদ্ধি হয়।” বিষ্ণুপুরাণেও পিণ্ড (পিণ্ডি) সম্বন্ধই যে, সাপিণ্ড্যের মূল এই কথাই বলা হইয়াছে। যথা “মাতৃ-পক্ষের সহিত যাহারা পিণ্ড অথবা জলদ্বারা সম্বন্ধ।” শ্রাদ্ধবিবেকে এই বচনের ব্যাখ্যা এইরূপ করা হইয়াছে,—“যাহারা, মাতৃপক্ষ অর্থাৎ মাতামহ পক্ষের সহিত পিণ্ডদ্বারা সম্বদ্ধ, তাহারা মাতামহসপিণ্ড, এবং যাহারা উঁহাদের সহিত

"অসম্বন্ধা ভবেদ্‌যা তু পিণ্ডৈনৈবোদকেন বা।" ইতি বিবাহেহপ্যুক্তম্। অত্র পুত্রিকায়াঃ পার্ব্বণে পিণ্ডোদকয়োঃ সম্বন্ধাৎ, কন্যামাত্রেহপি তদ্‌যোগ্যতাসত্ত্বাৎ কন্যাপি পিণ্ডোদকসম্বন্ধোচ্যতে। এতদনুসারাদপি তস্যাঃ সপিণ্ডতা বোধ্যা। তস্মা'দেকপিণ্ডস্বধানামি'ত্যনেন সমানোদকভাবঃ সমাখ্যাতঃ, ন

অতএব আ দশমাৎ ত্রিরাত্রাশৌচাদিরূপধর্ম্মবিচ্ছিত্তেরেব। পুত্রিকায়া ইতি পুত্রিকায়াঃ পুত্রস্থানাভিষিক্তত্বাদিতি ভাবঃ। তদ্‌যোগ্যতাসত্ত্বাৎ পুত্রিকাযোগ্যতাসত্ত্বাৎ। কন্যা কন্যামাত্রম্। প্রাগুক্তযুক্তেঃ পরবচনেনৈব সপিণ্ড্যসিদ্ধাবিত্যাদিপ্রাগুক্তযুক্তেঃ। অন্যথা ইতি একপিণ্ডস্বধানামা দশমাদূর্দ্ধবিচ্ছিত্তিরিত্যস্য দশমপুরুষপর্য্যন্তং পিত্রাদিজীবনাদিনা পিণ্ড-

---

জলদ্বারা সম্বন্ধ থাহারা মাতামহসমানোদক"। বিবাহস্থলীয় সাপিণ্ড্যনির্ণয়ের সময়ও পিণ্ড (পিণ্ডি) সম্বন্ধই যে সাপিণ্ড্যের মূল, এই কথা বলা হইয়াছে। যথা—"যে কন্যা পিণ্ডের (পিণ্ডির) অথবা উদকের সম্বন্ধ শূন্য" এস্থলে ইহাও বক্তব্য যে, সাধারণতঃ কন্যাদিগের স্বকীয় পূর্ব্বপুরুষের সহিত পিণ্ড বা উদকের সম্বন্ধ নাই বটে, কিন্তু পুত্রিকারূপে পরিগৃহীত কন্যার পার্ব্বণশ্রাদ্ধে অধিকার নিবন্ধন পূর্ব্বপুরুষগণের সহিত পিণ্ড এবং উদকের সম্বন্ধ ঘটে; যেহেতু সাধারণতঃ কন্যামাত্রেরই পুত্রিকারূপে পরিগৃহীত হইবার স্বরূপযোগ্যতা অবশ্যই স্বীকার্য্য হইতেছে; এই জন্যই সেই স্বরূপযোগ্যতা নিবন্ধনই কন্যামাত্রে পিণ্ড এবং উদকের সম্বন্ধ আরোপিত করা হয় বলিয়া কন্যামাত্রকেই 'পিণ্ডোদক সম্বন্ধা' বলা হইয়াছে। সুতরাং দেহসম্বন্ধ না ধরিয়াও পিণ্ডসম্বন্ধমূলকই যে কন্যার সপিণ্ডতা, ইহাই বুঝিতে হইবে। অতএব সুমন্তুর বচনস্থিত "একপিণ্ডস্বধাযুক্ত" পদদ্বারা সমানোদকত্ব ধর্ম্মই সূচিত করা হইয়াছে; উহা দ্বারা এরূপ তাৎপর্য্য ব্যক্ত করা হয় নাই যে, পিত্রাদির জীবদ্দশা নিবন্ধন যদি কাহারও দশম পুরুষ পর্য্যন্ত পিণ্ড এবং উদকের সম্বন্ধ ঘটে, তবে তাহার ঐ দশম পুরুষ পর্য্যন্তই সাপিণ্ড্য হইবে। পিণ্ড সম্বন্ধ ঘটিলেও যে, সাত পুরুষের উপর আর সাপিণ্ড্য হইবে না, এতদ্বিষয়ে পূর্ব্বোল্লিখিত কূর্ম্মপুরাণীয় বচনের ব্যাখ্যার সময় যুক্তি প্রদর্শিত হইয়াছে। আর একটি কথা, যদি পিণ্ডসম্বন্ধ ঘটার দরুণ দশম পুরুষ পর্য্যন্ত সাপিণ্ড্য বিধান করাই সুমন্তুর অভিপ্রেত হইত, তাহ'লে তাহার বচনে "একপিণ্ডস্বধানাং" এরূপ পদের প্রয়োগ না করিয়া "একপিণ্ডানাং"

তু দশমপুরুষপর্য্যন্তং পিত্রাদিজীবনাদিনা পিণ্ডসম্বন্ধেঽপি সাপিণ্ড্যং বিহিতম্ ; প্রাগুক্তযুক্তেঃ, স্বধেত্যস্য তদনুপযুক্তত্বেন বৈয়র্থ্যাপত্তেশ্চ। অপুত্রধনাধিকারস্তু সন্নিহিতবান্ধবাভাবে সপ্তমপুরুষপর্য্যন্তম্। মৃতপিতৃকস্য স্বধোপলক্ষিতশ্রাদ্ধাধিকারঃ পুরুষত্রয়পর্য্যন্তমিতি। অত্র 'স্বধা' শব্দো মন্ত্রপরঃ প্রসিদ্ধ এব, পিতৃভক্ষ্যপরোঽপি। তথাচ গুণবিষ্ণুধৃতা শ্রুতিঃ,—"স্বধা বৈ পিতৃণামন্ন"মিতি। দশমপুরুষানন্তরং সমানোদকত্বেঽপি ন ত্রিরাত্রং, কিন্তু পক্ষিণ্যাদি। তথাহি উদকক্রিয়ামধিকৃত্য

সম্বন্ধাৎ সাপিণ্ড্যমতঃ সাপিণ্ড্যরূপধর্ম্মবিচ্ছিত্তিরিত্যেতৎপরত্বে ইত্যর্থঃ। বৈয়র্থ্যাপত্তেরিতি একপিণ্ডান্বয়িত্বস্যৈব ক্রমাদিতি ভাবঃ। স্বধোপলক্ষিতেতি স্বধাশব্দেন মন্ত্রঃ পিতৃভক্ষণঞ্চোচ্যতে, অত্র তু লক্ষণয়া শ্রাদ্ধাধিকার উচ্যতে ইত্যর্থঃ। সমানোদকত্বেঽপীতি বক্ষ্যমাণপারস্করবচনাৎ সমানোদকত্বেঽপীত্যর্থঃ। নিষ্পাদয়ন্তীতি উদকদানমিতি

এইরূপ পদের মাত্র প্রয়োগ করিলেই চলিত, কারণ, উল্লিখিত রূপে ব্যাখ্যাত 'স্বধা' শব্দটীর সাপিণ্ড্যজ্ঞাপনের প্রতি কোন প্রকার উপযোগিতা না থাকায়, ঐ স্থলে উহার প্রয়োগ সম্পূর্ণরূপে ব্যর্থ হইয়াই পড়িত। যদি বল, 'অপুত্র ব্যক্তির ধনাধিকার, নিকট সম্বন্ধীয় বান্ধবের অভাবে সাত পুরুষ পর্য্যন্ত গমন করে, এবং মৃতপিতৃক ব্যক্তিদিগের পিত্রাদি তিন পুরুষ পর্য্যন্তই স্বধাঘটিত শ্রাদ্ধ করিবার অধিকার হয়।' এ স্থলে "স্বধা" শব্দের আর তোমার উল্লিখিত 'জল' রূপ অর্থ ঘটিতেছে না। আমি বলিব, হাঁ এ স্থলে "স্বধা" শব্দের লাক্ষণিক অর্থ গৃহীত হয় নাই, কিন্তু এস্থলে "স্বধা" শব্দটীর মন্ত্রবাচক-রূপ প্রসিদ্ধ অর্থেরই গ্রহণ করা হইয়াছে ; তদ্ভিন্ন "স্বধা" শব্দের পিতৃগণের ভক্ষ্যদ্রব্যরূপ অর্থেরও সূচনা করা হইয়াছে। "স্বধা" শব্দটির যে, ভক্ষ্য দ্রব্যরূপ অর্থও হইতে পারে, তদ্বিষয়ে গুণবিষ্ণু একটি শ্রুতির উদ্ধার করিয়াছেন। যথা—"স্বধা শব্দটি পিতৃগণের অন্নের বাচক।" দশম পুরুষের ঊর্দ্ধতন পুরুষদিগের সহিত "সমানোদকত্ব" সম্বন্ধ থাকিলেও ত্রিরাত্রাশৌচ না হইয়া যে, পক্ষিণ্যাদি অশৌচ হইবে, ইহা জ্ঞাপন করাইবার জন্যই সূত্রস্থ বিশেষ করিয়া 'দশম পুরুষ পর্য্যন্তই সমানোদকতা'র কথা বলিয়াছেন। দশম পুরুষের উপরেও যে, উদকসম্বন্ধ বর্ত্তমান হয়, সে সম্বন্ধে উদকক্রিয়ার প্রক-

পারস্করঃ,—"সর্ব্বে জ্ঞাতয়ো ভাবয়ন্তি আ সপ্তমাদ্দশমাদ্বা সমানগ্রামবাসে যাবৎ সম্বন্ধমনুস্মরেয়ুর্ব্বে"তি। ভাবয়ন্তি নিষ্পাদয়ন্তি, উদকমিতি শেষঃ। অত্র "যাবৎ সম্বন্ধমনুস্মরেয়ু"-রেক কুলজাতা বয়মিতি স্মরণং তাবতীত্যনেনৈব সর্ব্বেষামুদক-দানে প্রাপ্তে, যদা সপ্তমাদ্দশমাদ্বেত্যুক্তং, তৎ সন্নিকর্ষ-তারতম্যেন অশৌচভেদেঽপ্যুদককর্ম্মণি সমানার্থমিতি। অশৌচ-ভেদস্তু সপ্তমপুরুষপর্য্যন্তং সপিণ্ডত্বাদ্দশাহঃ। ততো দশমপুরুষ-পর্য্যন্তং ত্র্যহঃ। তথাচ বৃহস্পতিঃ,—

"দশাহেন সপিণ্ডাস্তু শুধ্যন্তি প্রেতসূতকে।

শেষঃ। নমু দশমপুরুষানন্তরমপি সমানোদকত্বে সত্ত্বে কথং পৃথক্‌ পৃথগুক্তং তত্রাহ অত্র চেতি। সমানার্থমিত্যান্তি তথাহি প্রেতোদ্দেশ্যকে উদককর্ম্মণি যথা সপ্তমপুরুষপর্য্যন্ত-স্যাধিকারঃ তথা দশমপুরুষপর্য্যন্তস্য তদনন্তরমপি এককুলজাতা বয়মিতি স্মরণবতস্তাধিকার ইত্যর্থঃ। নমু সমানোদকত্বস্য তুল্যত্বাৎ কথমশৌচভেদস্তত্রাহ অশৌচভেদস্ত্বিতি।

রূপে পারস্করের বচন যথা—"সপ্তম পুরুষ পর্য্যন্ত হোক্‌ অথবা দশম পুরুষ পর্য্যন্ত হোক্‌, কিম্বা একগ্রামে বাস হইলে, যত পুরুষ পর্য্যন্ত ঐ মৃত ব্যক্তির সহিত একবংশজাতত্বরূপ সম্বন্ধের স্মৃতি থাকিবে, তাবৎ পুরুষ পর্য্যন্ত সমুদয় জ্ঞাতিগণ মৃত ব্যক্তির উদ্দেশে উদক ক্রিয়া সম্পাদন (তর্পণ) করিবে।" এস্থলে ইহাও বক্তব্য যে, যদিও "যত পুরুষ পর্য্যন্ত ঐ মৃত ব্যক্তির সহিত এক-পুরুষজাতত্বরূপ সম্বন্ধের স্মৃতি থাকে, অর্থাৎ অমুকের সহিত আমরা একবংশে জন্মিয়াছি, এইরূপ স্মরণ থাকে," এই কথা দ্বারা সমুদয় জ্ঞাতিবর্গের উদক-দানের প্রাপ্তি হইলেও আবার যে, "সপ্তম পুরুষ পর্য্যন্তই হোক্‌ অথবা দশম পুরুষ পর্য্যন্তই হোক" এইরূপ বিশেষ করিয়া বলা হইয়াছে, উহা দ্বারা এইরূপ অভিপ্রায় ব্যক্ত করা হইয়াছে যে,—পুরুষঘটিত সম্বন্ধনৈকট্যের তারতম্য অনু-সারে অশৌচের তারতম্য হইলেও, জলদান ক্রিয়ায় কিন্তু যাবতীয় জ্ঞাতি সমান ভাবেই অধিকারী। অশৌচের তারতম্য যথা,—'সপ্তম পুরুষপর্য্যন্ত সপিণ্ডতা নিবন্ধন দশাহ, তাহার পর হইতে দশম পুরুষ পর্য্যন্ত 'ত্রিরাত্র।' এ সম্বন্ধে বৃহস্পতির একটী বচন যথা—"জনন এবং মরণাশৌচ স্থলে সপিণ্ডই দশ

ত্রিরাত্রেণ সকুল্যাস্তু স্নাত্বা শুধ্যন্তি গোত্রজাঃ ॥"

এবঞ্চ সকুল্যপদং সমানকুলভবত্বসমাখ্যায়াপি ত্রিরাত্রাশৌচভাগিত্বেন দশমাবধিপুরুষপরং প্রতীয়তে। ততশ্চতুর্দ্দশপুরুষপর্য্যন্তং পক্ষিণী। ততশ্চ জন্মনামস্মৃতিপর্য্যন্তমেকাহঃ। তথাচ মিতাক্ষরাবিবাদচিন্তামণ্যোর্ব্বৃহন্মনুঃ,—

"সপিণ্ডতা তু পুরুষে সপ্তমে বিনিবর্ত্ততে।
সমানোদকভাবস্তু নিবর্ত্তেতা চতুর্দ্দশাৎ।
জন্মনাম্নঃ স্মৃতেরেকে তৎপরং গোত্রমুচ্যতে ॥"

অত্র সমানোদকদ্বৈবিধ্যে পূর্ব্বত্র গোতমঃ,—"পক্ষিণীমসপিণ্ডে" ইতি। পরত্র হারীতঃ,—

অত্র বৃহন্মনুবচনে। সমানোদকদ্বৈবিধ্যে ইতি আ চতুর্দ্দশাদিত্যেকঃ, জন্মনামস্মৃতেরিতি

রাত্রের পর শুদ্ধি লাভ করে, সকুল্যগণ ত্রিরাত্রে শুদ্ধিলাভ করে, এবং নৈকট্যসম্বন্ধ ভিন্ন সাধারণতঃ একগোত্রজ মাত্রেই স্নান করিয়া শুদ্ধ হয়।" এস্থলে ইহাও বক্তব্য যে, যদিও 'সকুল্য' এই কথাটী এককুলে (বংশে বা গোত্রে) যাহাদের জন্ম হইয়াছে, এইরূপ ব্যুৎপত্তিলভ্য অর্থ অনুসারে এক-গোত্রজ ব্যক্তি মাত্রেরই বাচক, তথাপি উক্ত বচনে "ত্রিরাত্রাশৌচভাগী হয়," এইরূপে সকুল্যদিগের নির্দ্দেশ করায়, এস্থলে 'সকুল্য' কথাটীকে 'দশম পুরুষ' পর্য্যন্তের বোধকই বলিতে হইবে। দশম পুরুষের পর হইতে চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত পক্ষিণী অশৌচ, তাহার পর যে পর্য্যন্ত জন্ম ও নামমাত্রের স্মৃতি থাকিবে, সে পর্য্যন্ত একাহ অশৌচ। এ সম্বন্ধে মিতাক্ষরা এবং বিবাদচিন্তামণি নামক গ্রন্থে বৃহন্মনুর একটি বচন উদ্ধৃত হইয়াছে, যথা—"সপ্তম পুরুষেই সপিণ্ডতার পর্য্যবসান হয়, চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত সমানোদকত্ব বর্ত্তমান হয়, কেহ কেহ বলেন, জন্ম এবং নামের স্মৃতি যত পুরুষ পর্য্যন্ত চলিয়া আসে, তত পুরুষ পর্য্যন্ত 'সমানোদক,' তাহার পর গোত্র হয়, অর্থাৎ সাধারণ গোত্র এই আখ্যা প্রাপ্ত হয়।" বৃহন্মনুর বচনে সমানোদকত্বের দুইটি পক্ষ দৃষ্ট হইতেছে, একপক্ষের মতে চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত সমানোদকত্ব চলিবে, দ্বিতীয় পক্ষের মতে জন্ম ও নামস্মৃতি পর্য্যন্ত। এই দুই পক্ষের মধ্যে পূর্ব্বপক্ষবাদী অর্থাৎ চতুর্দ্দশ

"মাতামহে ত্রিরাত্রং স্যাদেকাহন্ত্বসপিণ্ডকে" ইতি। অতএব "গোত্রজানামহঃ স্মৃতমি"তি জাবালবচনম্। ততঃ পরং সর্ব্বথা সমানোদকতানিবৃত্তিঃ।

"স্নানমাত্রং প্রকুর্ব্বীত স্নাত্বা শুধ্যন্তি গোত্রজা" ইতি বৃহস্পত্যুক্তত্বাদিতি ॥ ১৭৯ ॥

অথ সংক্ষেপঃ।—

জননাশৌচমধ্যে জননাশৌচান্তরপাতে পূর্ব্বাশৌচকালেন শুদ্ধিঃ। পূর্ণাশৌচান্তদিনে পূর্ণাশৌচান্তরপাতে অন্তিমদিনোত্তরদিনদ্বয়েন শুদ্ধিঃ। অন্তিমদিবসীয়োত্তরপ্রভাতে,

চৈকঃ, অতো দ্বৈবিধ্যমিতি। পূর্ব্বত্র আ চতুর্দ্দশাদিত্যত্র। পরত্র জন্মনামস্মৃতেরিত্যত্র। অতএব জন্মনামস্মৃতেরিত্যত্রৈব। সর্ব্বথেতি আ দশমাৎ আ চতুর্দ্দশাৎ ইত্যাদিনানারূপেণ সমানোদকতায়া নিবৃত্তেরিত্যর্থঃ ॥ ১৭৯ ॥

পুরুষ পর্য্যন্ত সমানোদকত্ববাদীদিগের জন্যই গৌতম "অসপিণ্ডে পক্ষিণী" এই বচন দ্বারা পক্ষিণী অশৌচের বিধান করিয়াছেন; আর যাজ্ঞী যে, "মাতামহে ত্রিরাত্র এবং অসপিণ্ডে একাহ" অশৌচের বিধান করিয়াছেন, তাহা জন্ম-নামস্মৃতি পর্য্যন্ত সমানোদকত্ববাদীদিগের জন্যই বলিতে হইবে। জাবালের যে, "গোত্রজদিগের একাহ অশৌচ কথিত হইয়াছে," এইরূপ একটী বচন দৃষ্ট হয়, উহাও জন্মনামস্মৃতিপর্য্যন্ত সমানোদকত্ববাদীদিগের সম্বন্ধেই বুঝিতে হইবে। তাহার পর সর্ব্ব মতানুসারেই সমানোদকত্বের নিবৃত্তি হয়। তাহার পর সাধারণ গোত্রজদিগের জন্য "সাধারণ গোত্রজগণ কেবল মাত্র স্নান করিবে, স্নানেই তাহাদের শুদ্ধি হয়" বৃহস্পতি কর্তৃক এইরূপ একটি বচন উক্ত হইয়াছে। ১৭৯ ॥

পূর্ব্বে অশৌচ সম্বন্ধে যে সকল বিচার করা হইয়াছে, এক্ষণে সংক্ষেপ করিয়া তাহা প্রদর্শিত হইতেছে—

(১) যদি একটি জননাশৌচের মধ্যে আর একটি জননাশৌচ সঙ্ঘটিত হয়, তাহা হইলে পূর্ব্বজাত অশৌচের কাল পর্য্যন্তই উহা স্থায়ী হইবে, পূর্ব্বজাত অশৌচের কাল শেষ হইলেই উভয়াশৌচেরই নিবৃত্তি হইবে।

(২) যদি একটি পূর্ণাশৌচের শেষদিনে আর একটি পূর্ণাশৌচ সঙ্ঘটিত

সূর্য্যোদয়াৎ পূর্ব্বং তৎপাতে, সূর্য্যোদয়াবধিদিনত্রয়েণ শুদ্ধিঃ। এবং মরণাশৌচেঽপি। বর্দ্ধিতদিনদ্বয়ত্রয়াভ্যন্তরে অশৌচান্তরপাতে, পূর্ব্বেণ শুদ্ধিঃ। অশৌচদ্বিতয়ান্ত্যদিনকৃত্যমেকদৈব, তদ্দ্বিতীয়দিনকৃত্যং তৎপরদিনে। অত্র চ দশমদিনতৎপ্রভাতয়োঃ স্বপুত্রজননে, পিতৃমাতৃভর্তৃমরণে চ, ন দিনদ্বয়ত্রয়বৃদ্ধিঃ, কিন্তু স্বাবধ্যেব সম্পূর্ণাশৌচমিতি। জ্ঞাতিজননাশৌচ-

অশৌচ সঙ্কেরঃ। তত্রাশৌচসঙ্করঃ। স্বপুত্রয়োর্জননে এতাবতা স্বপুত্রজননাশৌচস্য

হয়, তাহা হইলে ঐ পূর্ণাশৌচের শেষ দিনের আরও দুই দিন পরে শুদ্ধ হইবে, অর্থাৎ আরও দুইদিন অশৌচ বাড়িবে।

(৩) পূর্ণাশৌচের অন্তিম দিনের পরবর্ত্তী প্রভাতে অর্থাৎ যে প্রভাত হওয়াতে ঐ অন্তিম দিনের অবসান হয় সেই প্রভাতে সূর্য্যোদয়ের পূর্ব্বে আর একটি পূর্ণাশৌচ সজ্বটিত হইলে, আরও তিন দিনের পর শুদ্ধি হইবে, অর্থাৎ তাহার পর আরও তিন দিন অশৌচ বাড়িবে।

(৪) উপরে জননাশৌচ সম্বন্ধে যে বক্তব্য করা হইল, মরণাশৌচ স্থলে ঐরূপই বুঝিতে হইবে।

(৫) পূর্ব্বোক্তরূপে বর্দ্ধিত দিনত্রয়ের মধ্যে যদি আর একটি পূর্ণাশৌচ সজ্বটিত হয়, তাহা হইলে, পূর্ব্ববর্দ্ধিত অশৌচের সহিতই উহার নিবৃত্তি হইবে। কাজেই তিন অশৌচের শেষ দিনের কর্ত্তব্য কার্য্য সকলের (ক্ষৌর দির) সেই একদিনেই অর্থাৎ ত্রয়োদশ দিনের দিনই অনুষ্ঠান করিবে। এবং তিন অশৌচান্তের দ্বিতীয়দিনকর্ত্তব্য কার্য্য সকলের (শ্রাদ্ধাদির) তাহার পর দিনে অর্থাৎ চতুর্দ্দশ দিনের দিন অনুষ্ঠান করিবে।

(৬) এস্থলে ইহাও বক্তব্য যে, পূর্ব্বোক্ত অশৌচের দশম দিনে (শেষ দিনের দিন) অথবা তৎপরবর্ত্তী প্রভাতকালে যদি কোন সপিণ্ডের নিজের ছেলে হয়, অথবা পিতা, মাতা কিম্বা (স্ত্রীলোকের) স্বামীর মৃত্যু হয়, তাহলে সেই মহাগুরুনিপাত অশৌচের উক্তরূপ দিনদ্বয় বা দিনত্রয় মাত্র যে বৃদ্ধি হইবে, তাহা নহে, কিন্তু যেদিন অর্থাৎ দশ দিনের দিন, অথবা তৎপরবর্ত্তী প্রভাতে, ঐরূপ অশৌচ সজ্বটিত হইবে, সেই দিন হইতেই সম্পূর্ণাশৌচ হইবে।

(৭) যদি পূর্ব্ব হইতে জ্ঞাতিমরণজন্য একটি পূর্ণাশৌচ চলিয়া আসে

মধ্যে স্বপুত্রজননে পূর্ব্বার্দ্ধে পূর্ব্বেণ, পরার্দ্ধে পরেণ শুদ্ধিঃ এবং জ্ঞাতিমরণমধ্যে পিতৃমাতৃভর্তৃমরণে তু পূর্ব্বার্দ্ধে পূর্ব্বাশৌচকালেন, পরার্দ্ধে পরাশৌচকালেন শুদ্ধিঃ। স্বপুত্রজননাশৌচান্তিমদিনতৎপ্রভাতয়োর্জ্ঞাতিজননেঽপি, পিতৃমাতৃভর্তৃমরণাশৌচান্তিমদিনতৎপ্রভাতয়োর্জ্ঞাতিমরণেঽপি, ন দিনদ্বয়ত্রয়বৃদ্ধিঃ কিন্তু পূর্ব্বেণ শুদ্ধিঃ। এবং বর্দ্ধিতপূর্ব্বাশৌচদ্বাদশত্রয়োদশদিনতৎপ্রভাতয়োর্মাতৃপিতৃভর্তৃমরণেঽপি ন দিন-

---

উপান্তদিনপর্য্যন্তং স্বপুত্রজননে পূর্ব্বেণৈব শুদ্ধিঃ। এবমুপান্তদিনপর্য্যন্তং পরম্পরং মাতা-

---

এবং তাহার মধ্যে কোন জ্ঞাতির নিজের ছেলে হয়, এবং ঐরূপ পুত্রজন্ম, যদি পূর্ব্বাশৌচের পূর্ব্বার্দ্ধে অর্থাৎ প্রথম পাঁচ দিনের মধ্যে হয়, তবে পূর্ব্বজাত অশৌচের সঙ্গেই উহার নিবৃত্তি হইবে, আর যদি ঐরূপ পুত্রজন্ম পূর্ব্বজাত অশৌচের পরার্দ্ধে অর্থাৎ শেষ পাঁচ দিনের মধ্যে হয়, তবে যাহার পুত্র জন্মাবে কেবল তাহারই পরজাত পুত্রজন্ম জন্য অশৌচ ঐ পুত্রের জন্মদিন হইতে আবার সম্পূর্ণরূপই হইবে।

(৮) যদি পূর্ব্ব হইতে জ্ঞাতিমরণ জন্য একটি পূর্ণাশৌচ চলিয়া আসে, এবং তাহার মধ্যে কোন জ্ঞাতির পিতা বা মাতার অথবা (কোন স্ত্রীলোকের) ভর্ত্তার মৃত্যু ঘটে এবং ঐরূপ মৃত্যু যদি পূর্ব্বজাত অশৌচের পূর্ব্বার্দ্ধ মধ্যে ঘটে, তবে পূর্ব্বাশৌচের সহিতই পরজাত অশৌচের নিবৃত্ত হইবে; আর যদি ঐরূপ মৃত্যু পূর্ব্বজাত অশৌচের পরার্দ্ধে সঙ্ঘটিত হয়, তবে, যাহার পিতা, মাতা বা ভর্ত্তার মৃত্যু হইবে, কেবল তাহারই ঐ মৃত্যুদিন হইতে আবার সম্পূর্ণরূপই অশৌচ হইবে।

(৯) নিজের পুত্র জন্য অশৌচের অন্তিম দিনে অথবা তৎপরবর্ত্তী প্রভাতে যদি একজন সপিণ্ড জ্ঞাতির জন্ম হয়, কিম্বা পিতা, মাতা, অথবা (স্ত্রীলোকের) ভর্ত্তার মৃত্যুজন্য অশৌচের অন্তিম দিনে অথবা তৎপরবর্ত্তী প্রভাতে কোন সপিণ্ড জ্ঞাতির মৃত্যু হয়, তাহলে পূর্ব্বোক্তরূপ দিনদ্বয় বা দিনত্রয় ধরিয়া আর পূর্ব্ব অশৌচের বৃদ্ধি হইবে না, কিন্তু পূর্ব্বজাত অশৌচের সঙ্গেই নূতন অশৌচের নিবৃত্তি হইবে।

(১০) এবং পূর্ব্বোক্ত নিয়মে পূর্ব্বজাত অশৌচ বারদিন অথবা তের

দ্বয়ত্রয়বৃদ্ধিঃ। স্বপুত্রয়োস্তু তথা জননে, মাতাপিত্রোস্তু পরম্পরং তথা মরণে চ দিনদ্বয়ত্রয়বৃদ্ধিঃ। জননাশৌচয়োস্তু সন্নিপাতে পূর্ব্বজাতো যদাশৌচাভ্যন্তরে মৃতস্তদা সপিণ্ডানাং সদ্যঃশৌচেন পূর্ব্বাশৌচনাশঃ, তন্নাশাদেব পরার্দ্ধজাতপিতৃমাতৃ-ব্যতিরিক্তানাং তেষাং পরজননাশৌচস্য নিবৃত্তিঃ। পূর্ব্ব-

---

দিন বৃদ্ধি পাইবার পর ঐ বার দিনের দিন কিম্বা তৎপরবর্ত্তী প্রভাতে, অথবা ঐ তের দিনের দিন, কিম্বা তৎপরবর্ত্তী প্রভাতে যদি কাহারও পিতা, মাতা অথবা (স্ত্রীলোকের) ভর্ত্তার মৃত্যু হয় তাহলে অশৌচের বৃদ্ধি হইবে না। পূর্ব্ববর্দ্ধিত অশৌচের সহিতই পরোক্তরূপ মহাগুরুনিপাত জন্য অশৌচেরও শেষ হইবে।

(১১) যদি কোন ব্যক্তির প্রথমে এক স্ত্রীর গর্ভে একটি পুত্র জন্মায়, ঐ পুত্রজন্মজন্য অশৌচের দশদিনের দিন অথবা তৎপরবর্ত্তী প্রভাতে, (অবশ্য অপর স্ত্রীর গর্ভেই বলিতে হইবে) আর একটি পুত্র জন্মায়, তাহলেও পূর্ব্বা-শৌচেরই যথাক্রমে দুই দিন অথবা তিন দিন বৃদ্ধি হইবে। এইরূপ মাতার মৃত্যু জন্য অশৌচের দশদিনের দিন অথবা তৎপরবর্ত্তী প্রভাতে যদি পিতার মৃত্যু হয়, কিম্বা পিতার মৃত্যু জন্য অশৌচের দশদিনের দিন অথবা তৎপরবর্ত্তী প্রভাতে যদি মাতার মৃত্যু হয়, এই উভয় স্থলে পূর্ব্বাশৌচেরই যথাক্রমে দুই দিন অথবা তিন দিন বৃদ্ধি পাইবে। (খ) টীকাকার কাশীরাম বলেন, এই যে নিজের পুত্রজন্মজন্য অশৌচের শেষ দিনে আর একটি সপুত্র জন্মিলে দুই দিন এবং তৎপরবর্ত্তী প্রভাতে দ্বিতীয় পুত্র জন্মিলে তিন দিন অশৌচবৃদ্ধির কথা বলা হইল, ইহাদ্বারা সূচনা করা হইয়াছে যে, প্রথম পুত্রজন্য জন্মাশৌচের অষ্টম দিনের আগের দিন পর্য্যন্ত দ্বিতীয় পুত্রের জন্ম হইলে, আর অশৌচের বৃদ্ধি হইবেনা। পিতা ও মাতার মৃত্যু সম্বন্ধেও এইরূপ বুঝিতে হইবে।

(১২) দুইটি জননাশৌচের এককালে সম্মিলন হইলে, যে দুইটি বালকের জন্ম হেতু ঐ দুইটি অশৌচ ঘটিয়াছে, তাহাদের মধ্যে প্রথমজাত বালকটি যদি অশৌচের মধ্যেই মৃত হয়, তাহাহইলে তন্মৃত্যুজন্য সপিণ্ডদিগের সদ্যঃ

(অ) আমরা যে এস্থলে পাঁচদিন বলিলাম, তাহা কেবল বুঝাইবার জন্য, ইহাদ্বারা যে বর্ণের যতদিন অবধি পূর্ণাশৌচ, তাহার অর্দ্ধেক দিনই বুঝিতে হইবে।

জাতপিত্রোরস্পৃশ্যত্বযুক্তং স্বস্বকালে জননাশৌচম্। পরজাত-মরণে তু ন তথা, তস্য পূর্ব্বজননাশৌচাবধি স্থায়িত্বাদিতি গুরু-চরণাঃ। এবং দ্বিতীয়জাতপিত্রোস্তু পূর্ব্বার্দ্ধজাত-মরণে পূর্ব্বা-শৌচকালাবধি অস্পৃশ্যত্বযুক্তমশৌচম্, পরার্দ্ধজাতমরণে তু স্বাবধি জননাশৌচম্ অস্পৃশ্যত্বযুক্তমিতি। ঔৎসর্গিকসম-সংখ্যদিবসীয়-জননমরণাশৌচয়োঃ সন্নিপাতে মরণাশৌচকালেন

পিত্রোর্ম্মরণে পূর্ব্বেণৈব শুদ্ধিরিতি সূচিতম্। গুরুচরণা ইতি পূর্ব্বার্দ্ধপাতিত্ব-পরার্দ্ধপাতি-ত্বাভ্যাং ন ব্যবস্থাভেদ ইতি প্রামাণ্যার্থমুক্তম্। এবঞ্চ তস্য পূর্ব্বজননাশৌচাবধি স্থায়িত্বে চ। পূর্ব্বার্দ্ধজাতমরণে পূর্ব্বার্দ্ধজাতদ্বিতীয়মরণে। ঔৎসর্গিকেতি স্বরূপকথনমাত্রম্। দ্বাদশা-

শৌচ হওয়ায়, উহাদ্বারা পূর্ব্বজাত বালকের জন্মজনিত অশৌচেরও নাশ হইবে, ঐ পূর্ব্বজাত বালকের জননাশৌচের নাশের সহিতই পরজাত বালকের জন্ম-জন্য অশৌচেরও নিবৃত্তি হইবে। আর যদি পরজাত বালক, পূর্ব্বজাত বালক-জন্মজন্য অশৌচের পরার্দ্ধে জন্ম গ্রহণ করে, তাহ লে ঐ পরজাত বালকের মাতা-পিতারই কেবল স্বপুত্রের জন্মদিন হইতে সম্পূর্ণ জননাশৌচ হইবে। পূর্ব্বজাত বালকের মৃত্যুতে তাহার পিতা-মাতার ঐ মৃত্যুকাল হইতেই পুত্রজন্য জননাশৌচই অস্পৃশ্যত্ব রূপ ধর্ম্মযুক্ত হইবে, সুতরাং পুত্রের মৃত্যুতে তাহাদের পূর্ব্ব অশৌচের আর নিবৃত্তি হইবেনা। পরে উৎপন্ন বালকের মৃত্যুতে কিন্তু সেরূপ পূর্ব্বাশৌচের নিবৃত্তি হইবেনা; কারণ, তাহার মৃত্যুজন্য অশৌচ পূর্ব্বোৎপন্ন জননাশৌচের নির্দ্দিষ্ট সীমা অবধিই স্থায়ী হয়, এইরূপ ব্যবস্থা স্মার্ত্তের গুরুর সম্মত পরোৎপন্ন বালক, যদি পূর্ব্বজননাশৌচের প্রথমার্দ্ধের মধ্যে জন্ম গ্রহণ করে, এবং ঐ পূর্ব্বাশৌচের মধ্যেই মৃত হয়, তাহ'লে ঐ পরোৎপন্ন বালকের মৃত্যুতে উহার পিতা-মাতারও পূর্ব্বাশৌচের নির্দ্দিষ্ট সীমা অবধিই অস্পৃশ্যত্বযুক্ত অশৌচ হইবে। পরোৎপন্ন বালক যদি পূর্ব্বাশৌচের পরার্দ্ধে জন্ম গ্রহণ করে, এবং পূর্ব্বাশৌচের মধ্যেই মৃত হয়, তাহা হইলে, বালকের মৃত্যুতে উহার জন্মদিন হইতে জাত জননাশৌচই আপনার নির্দ্দিষ্ট সীমা অবধি [illegible] তার পক্ষে অস্পৃশ্যত্বরূপ গুরুধর্ম্মযুক্ত হইবে।

(১৩) স্বরূপতঃ তুল্যদিনব্যাপী জননাশৌচ, এবং মরণাশৌচের এককালে সম্মিলন হইলে, মরণাশৌচের সহিতই জননাশৌচের নিবৃত্তি হইবে। কিন্তু

শুদ্ধিঃ। তদন্যকালয়োস্তু দীর্ঘাশৌচকালেন শুদ্ধিঃ। ততশ্চ পুত্রবত্যা বিংশতিরাত্রাশৌচান্তদিনে পত্যুর্ম্মরণে বহুকালীনাশৌচকালেন শুদ্ধিঃ। তথা সপিণ্ডদ্বয়জননজাত-দ্বাদশাহান্ত ত্রয়োদশাহান্তদিনে পিতৃ-মাতৃ-ভর্ত্তৃমরণেঽপি বহুকালীনাশৌচকালেন শুদ্ধিঃ। একাহে মরণদ্বয়ে যাবদশৌচং সর্ব্বগোত্রাস্পৃশ্যত্বম্। এবং সমানোদকমরণে অস্পৃশ্যত্বমেকরাত্রম্। বিদ্যুদাদিমরণেঽপি তথা। তেনৈতৎ ত্রিরাত্রং গুরু, বিদেশ-

---

এককালে সম্মিলিত জননাশৌচ এবং মরণাশৌচ যদি তুল্যদিনব্যাপী না হয়, অর্থাৎ উহাদের মধ্যে একটি বহুদিন এবং অপরটি অল্পদিন ব্যাপী হয়, তবে অধিকদিনব্যাপী অশৌচের সহিতই অল্পদিনব্যাপী অশৌচের নিবৃত্তি হইবে।

(১৪) বহুদিনব্যাপী অশৌচের সহিত অল্পদিনব্যাপী অশৌচের নিবৃত্তি হয় বলিয়াই পুত্রপ্রসবিনীর পুত্রজন্ম জন্য বিংশতিদিনব্যাপী অশৌচের শেষ দিনেও যদি পতির মৃত্যু হয়, তবে ঐ বহুদিনব্যাপী পুত্রজন্ম-জন্য অশৌচের সহিতই পতির মৃত্যুজন্য অশৌচের নিবৃত্তি হইবে।

বহুদিনব্যাপী অশৌচের সহিত অল্পদিনব্যাপী অশৌচের নিবৃত্তি হয় বলিয়াই প্রথমে একটি সপিণ্ডের জন্মহেতু যে দশদিন অশৌচ হইয়াছিল, তাহার অন্তদিনে অথবা তৎপরবর্ত্তী প্রভাতে আর একটি সপিণ্ডের জন্মহেতু যথাক্রমে দিনদ্বয় বা দিনত্রয় পূর্ব্বাশৌচের বৃদ্ধিনিবন্ধন দ্বাদশাহ অথবা ত্রয়োদশাহব্যাপী জননাশৌচের অন্তদিনে পিতা বা মাতার মৃত্যুজন্য অশৌচও ঐ বহুকালব্যাপী জননাশৌচের সহিতই নিবৃত্ত হইবে।

(১৫) একদিনে সপিণ্ডদ্বয়ের মৃত্যুতে যাবৎকাল অশৌচ তাবৎকাল পর্য্যন্ত অঙ্গাস্পৃশ্যত্ব হয়, সুতরাং উহা একটি গুরু অশৌচ। পূর্ব্বে একটি সপিণ্ডের মৃত্যুজন্য মরণাশৌচ ঘটিয়াছে, ঐ অশৌচের মধ্যেই একদিনে যদি আর দুইটি সপিণ্ডের মৃত্যু হয়, তাহা হইলে প্রথমজাত অশৌচ অপেক্ষা দ্বিতীয় অশৌচের গুরুত্বহেতু পূর্ব্বাশৌচের সহিত উহার নিবৃত্তি হইবে না, কিন্তু উহার যেদিন হইতে আরম্ভ হইয়াছে, সেইদিন হইতেই আপনার নির্দ্দিষ্ট পূর্ণকাল অবধি স্থায়ী হইবে। সমানোদকদিগের মৃত্যুতে একদিন মাত্র অঙ্গাস্পৃশ্যত্ব হয়। বিদ্যুৎ আদি দ্বারা মৃত্যুতেও ঐ একদিন জ্ঞাতিগণের অঙ্গাস্পৃশ্যত্ব হইয়া থাকে।

মরণত্রিরাত্রং লঘু, স্নানেনৈব অস্পৃশ্যত্বনিবৃত্তেঃ। এতয়ো-রুভয়োঃ সন্নিপাতে গুরুণৈব শুদ্ধিঃ। এবং বিদেশমৃতজ্ঞাতি-ত্রিরাত্রাৎ বিদেশমৃতপিতৃমাতৃভর্তৃত্রিরাত্রং গুরু, সম্পূর্ণাশৌচে তু অশক্তানামপি যাবদশৌচম্ অক্ষারলবণাশিত্বদর্শনাৎ। অত্রাপি তাবৎকালং তথাসিদ্ধত্বাৎ তত্রাপি গুরুণৈব শুদ্ধিঃ; তুল্যত্রিরাত্রয়োস্তু সন্নিপাতে পূর্ব্বেণৈব শুদ্ধিঃ। তথা কন্যা-পুত্রযমজোৎপত্তৌ মাতুর্মাসেন শুদ্ধিঃ। তয়োরশৌচমধ্যে তু একতরমরণে শূদ্রাভিন্নমাতুঃ কন্যামরণাৎ শুদ্ধিঃ, ন তু পুত্র-

হান্তদিনে ইত্যুপলক্ষণম্, একাদশদিনেঽপি বোধ্যম্। বিদেশমৃতপিতৃমাতৃভর্তৃত্রিরাত্রস্য গুরুত্বে হেতুমাহ সম্পূর্ণেতি। তাবৎকালমিতি ত্রিরাত্রাদিমরণেঽশৌচানন্তরমপি

সুতরাং বিদ্যুৎ আদি দ্বারা মৃত্যু জন্য ত্রিরাত্রাশৌচ গুরু, এবং বিদেশমৃত্যু শ্রবণজন্য ত্রিরাত্রাশৌচ লঘু; কারণ,বিদেশমৃত্যু শ্রবণজন্য অশৌচে যে অস্পৃশ্যত্ব জন্মে তাহার স্নান দ্বারাই নিবৃত্তি হয়। বিদ্যুৎ আদি দ্বারা মৃত্যুজন্য ত্রিরাত্রাশৌচ এবং বিদেশমৃত্যুশ্রবণজন্য ত্রিরাত্রাশৌচ, এই উভয় অশৌচ এককালে সম্মিলিত হইলে গুরু অশৌচের সহিতই লঘু অশৌচের নিবৃত্তি হইবে।

(১৬) অস্পৃশ্যত্বের তারতম্যই অশৌচের গুরুত্ব বা লঘুত্বের মূল হওয়াতেই বিদেশমৃত-জ্ঞাতির ত্রিরাত্রাশৌচ অপেক্ষা, বিদেশমৃত পিতা, মাতা বা (স্ত্রী-লোকের) ভর্ত্তার ত্রিরাত্রাশৌচকে গুরু বলিতে হইবে; কারণ পিতা, মাতা বা ভর্ত্তার মৃত্যুর সম্পূর্ণ অশৌচস্থলে অশক্ত পুত্র প্রভৃতির পক্ষেও অশৌচের নিবৃত্তি না হওয়া পর্য্যন্ত অক্ষারলবণ ভোজন বিহিত হওয়ায়, ঐ সকল মহাপুরুষের মৃত্যু জন্য ত্রিরাত্রাশৌচস্থলেও অশৌচকাল পর্য্যন্ত অক্ষারলবণ ভোজন করিতে হইবে; তাহা আপনা হইতে সিদ্ধ হইতেছে, সুতরাং বিদেশমৃত জ্ঞাতির ত্রিরাত্রাশৌচ এবং বিদেশমৃত পিত্রাদির ত্রিরাত্রাশৌচ এককালে সম্মিলিত হইলে, গুরু অশৌচের সহিতই লঘু অশৌচের নিবৃত্তি হইবে। তুল্যরূপ ত্রিরাত্রাশৌচের এককালে সম্মিলন হইলে কিন্তু পূর্ব্বাশৌচের সহিতই পরাশৌচের নিবৃত্তি হইবে।

(১৭) যদি কন্যা এবং পুত্র যমজভাবে উৎপন্ন হয়, তাহা হইলে, মাতার মাসান্তে অশৌচের নিবৃত্তি হইবে। এবং অশৌচের মধ্যে যদি ঐ যমজ কন্যা

মরণাৎ। অত্রাঙ্গাস্পৃশ্যত্বযুক্তকন্যাজননাশৌচান্তং তদশৌচম্। অন্যেষান্তু প্রথমজাতমরণাচ্ছুদ্ধিঃ, ন পরজাতমরণাৎ। এবমন্যদ্‌ভাব্যং সুধীভিঃ। ইত্যশৌচসঙ্করঃ॥ ১৭০॥

অথ বিদেশস্থাশৌচম্।

অশৌচাভ্যন্তরে বিদেশস্থাশৌচশ্রবণে শেষাহোভিঃ শুদ্ধিঃ। অশৌচকালোত্তরশ্রবণে তু জ্ঞাতিজননে অশৌচং নাস্তি, পুত্রজননে তু সচেলস্নানাচ্ছুদ্ধিঃ। মরণাশৌচে তু বর্ষাভ্যন্তরে শ্রুতে ত্র্যহেণ শুদ্ধিঃ, সচেলস্নানাদস্পৃশ্যত্বনিবৃত্তিঃ; বর্ষোত্তর-

---

দিনত্রয়মক্ষারলবণান্নাশিত্বমতো বিদেশস্থপিত্রাদিমরণে পঞ্চরাত্রমক্ষারলবণান্নাশিত্বমিতি নিষ্কর্ষো বোধ্যঃ॥ ১৮০॥

ও পুত্রের মধ্যে একের মৃত্যু হয়, তাহ'লে শূদ্রজাতীয় ভিন্ন অপরজাতীয় মাতা মাত্রেরই কন্যার মরণে অশৌচের নিবৃত্তি হইবে, পুত্রমরণে অশৌচের নিবৃত্তি হইবে না; কারণ, পুত্রমৃত্যুজন্য অশৌচ, অঙ্গাস্পৃশ্যত্বযুক্ত কন্যাজননাশৌচের নির্দ্দিষ্ট সীমা পর্য্যন্ত স্থায়ী হইবে। মাতা ভিন্ন অপর ব্যক্তিদিগের পক্ষে ঐ যমজের মধ্যে প্রথম উৎপন্নের মৃত্যুতেই অশৌচের নিবৃত্তি হইবে, পরোৎপন্নের মৃত্যুতে নহে। সুধীগণ এইরূপ অন্যান্য অশৌচসঙ্কর স্থলে আপনারাই বিচার করিয়া স্থির করিবেন। অশৌচসঙ্করের বিচার সমাপ্ত হইল। ১৭০॥

বিদেশস্থ অশৌচের কথা।

(১) বিদেশে মৃত জ্ঞাতির অশৌচের মধ্যে যদি ঐ অশৌচের শ্রবণ হয়, তাহা হইলে, সেই অশৌচের যতদিন অবশিষ্ট থাকিবে, সেই কয়দিন মাত্র অশৌচ থাকিবে।

(২) বিদেশস্থ জ্ঞাতিজনন জন্য অশৌচ অতীত হইবার পর যদি উহার শ্রবণ করা হয়, তবে সাধারণ জ্ঞাতিজননস্থলে আর অশৌচ হইবে না, নিজ পুত্রজননস্থলেও কেবল সবস্ত্র স্নান করিলেই শুদ্ধি হইবে।

(৩) বিদেশস্থ জ্ঞাতিমরণ জন্য অশৌচের অশৌচের দিন অতীত হইবার পর এক বৎসরের মধ্যে শ্রবণ ঘটিলে, তিন দিন মাত্র অশৌচ হইবে

শ্রবণে স্নানেন শুদ্ধিঃ সপিণ্ডানাম্। মাতৃপিতৃভর্তৃ-মরণে তু বর্ষোত্তরমেকাহেন শুদ্ধিঃ, দ্বিবর্ষোত্তরশ্রবণে স্নান-মাত্রম্। পূর্ণাশৌচাতিক্রমে ত্র্যহাশৌচম্, ন তু বালাদ্যশৌচাতিক্রমে, সর্পদংশাদিমৃতে ত্রিরাত্রাদি বিদেশস্থাশৌচম্ ॥১৭১॥

অথ গর্ভস্রাবাশৌচম্।

গর্ভস্রাবে তু স্ত্রীণামেব ষণ্মাসাভ্যন্তরেঽশৌচম্, তচ্চ লৌকিকে কর্ম্মণি মাসসমসংখ্যদিনব্যাপকম্; দ্বিতীয়মাসাবধি মাসসমসংখ্যদিনাধিক্যাৎ একদিনাৎ পরং ব্রাহ্মণ্যা বৈদিককর্ম্মাধিকারঃ। দ্বিতীয়ে ত্রিভিঃ, তৃতীয়ে চতুর্ভিরেবং ক্রমেণ, ক্ষত্রি-

অথ বিদেশস্থাশৌচম্। ন বালাদ্যশৌচাতিক্রমে ন খণ্ডাশৌচাতিক্রমে; তদুক্তং প্রামাণিকৈঃ—"ন খণ্ডে খণ্ডমিষ্যতে" ইতি। খণ্ডাশৌচাতিক্রমেঽপি যত্র মরণমাত্রং শ্রুতং, দিনমাসাদিকন্তু বিশিষ্য ন জ্ঞাতং, তত্র শ্রবণদিনাবধি স্বস্বজাত্যুক্তাশৌচমিত্যোড়দেশীয়াঃ ॥ ১৮১ ॥

অথ গর্ভস্রাবাশৌচম্। মাসসমসংখ্যদিনাধিকাদিতি ব্রাহ্মণীক্ষত্রিয়াবৈশ্যাশূদ্রাণাং

এবং সবস্ত্র স্নানদ্বারা অস্পৃশ্যত্বের নিবৃত্তি হইবে। এক বৎসরের পর শ্রবণ ঘটিলে সাধারণ সপিণ্ডদিগের স্নানেই শুদ্ধ হইবে। নিজের মাতা ও পিতার মৃত্যু জন্য অশৌচ যদি এক বৎসরের পর শুনা যায়, তবে একদিনমাত্র অশৌচ হইবে, দুই বৎসরের পর শ্রবণ করিলে কেবল স্নানেই অশৌচের নিবৃত্তি হইবে।

(৪) পূর্ণাশৌচের দিন অতীত হইয়া গেলে, অশৌচ শ্রবণে ত্রিরাত্রাশৌচ হইবে। বালাদির মৃত্যুজন্য খণ্ডাশৌচের দিন কাটিয়া যাইবার পর উহার শ্রবণে আর অশৌচ হইবে না। সর্পদংশনাদিতে মৃতব্যক্তির তিন রাত্রি মাত্র অশৌচ হইবে ॥ ১৭১ ॥

গর্ভস্রাবাশৌচ।

(১) ছয়মাসের মধ্যে গর্ভস্রাব হইলে, স্ত্রীদিগেরই লৌকিক (ঘরকন্নার) ব্যবহারে মাত্র যতমাসের গর্ভ, ততদিন অশৌচ হইবে, এবং দুইমাসের গর্ভ হইতে মাসের সমসংখ্যক দিন অপেক্ষা ব্রাহ্মণ আদি জাতিভেদে একদিন করিয়া অধিক

য়ায়া দিনদ্বয়াৎ, বৈশ্যায়া দিনত্রয়াৎ, শূদ্রায়াস্তু ষষ্ঠদিনাদিতি হারলতাপ্রভৃতয়ঃ। সপ্তমাষ্টমমাসয়োঃ গর্ভপতনে স্ত্রীণাং সম্পূর্ণাশৌচম্। নির্গুণসপিণ্ডানাং পিত্রাদীনাম্ অহোরাত্রম্, যথেষ্টাচরণ-সপিণ্ডানাং ত্রিরাত্রম্; তচ্চ জাতস্য তদ্দিন এব মরণে জ্ঞেয়ং, দ্বিতীয়দিনাদৌ তু নবমাদিমাসজাতবালক-মরণবৎ ॥ ১৫২ ॥

যথাক্রমং মাসসমসংখ্যদিনাতিরিক্তম্ একরাত্রং, দ্বিরাত্রং, ত্রিরাত্রং, ষড়্‌রাত্রঞ্চ দৈবপৈত্র-কর্ম্মানধিকারো বোধ্যঃ। নির্গুণসপিণ্ডানামিতি পিত্রাদীনামিত্যর্থঃ ॥ ১৭২ ॥

